"শ্রীধাম"
টেলিগ্রাফ—
নবদ্বীপ

Reg No C.1544

দৈনিক নদীয়া-প্রকাশ

বর্ত্তমান-বার্ত্তাবহ

আদর্শের পক্ষপাত্র মঙ্গল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

সাধারণ ৩ার অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাষিক ৫৲
ত্রৈমাসিক ২৷৷০
মাসিক ১৲
নগদ প্রতি সংখ্যা ৵১

৬ষ্ঠ খণ্ড] সম্পাদক—শ্রীঅতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [১ম সংখ্যা

শ্রীচৈতন্যাব্দ শ্রীধাম মায়াপুর— ২০শে ফাল্গুন মুঙ্গলবার ১৩৩৭, ৪ঠা মার্চ্চ, ১৯৩১

বাঙ্গালার প্রতি গান্ধীর বাণী

বড়লাটের সহিত গান্ধীজীর ৩৷৷০ ঘণ্টা আলোচনা

গান্ধী আরউইন শান্তি বৈঠক

দস্যু কর্ত্তৃক নিদ্রিত ম্যানেজার নৃশংস-ভাবে

রাষ্ট্রীয়পরিষদের অধি

হাওড়া মিউনিসিপ্যালিটি

বেঙ্গল অর্ডিনান্সে গ্রেপ্তার

বিক্রমপুরে গ্রামে গ্রামে সভা

বোম্বাইয়ে লবণআইন ভঙ্গ

কাপড়ের দোকানে পিকেটিং—

মাদ্রাজে ৬ জন গ্রেপ্তার

...র কথা

...টের সহিত মহাত্মা-
৩৷৷০ ঘণ্টা আলোচনা
... মার্চ্চের সংবাদ প্রকাশ,
... গান্ধী, অপরাহ্ণ সাড়ে চারিটার
...লাটের ভবনে আগমন করেন
... ৬টায় ফাইনাল ব্যাপ
...
...লোচনা অনেকক্ষণ চলে।
... সকলেই এই মনে
...ন যে, পূর্ব্বদিবস মহাত্মা
... নিকট যে সরকারী চিঠি
... হইয়াছিল, তাহার উত্তর সম্বন্ধে
... ওয়ার্কিং কমিটীর পক্ষ
... আর একটী নূতন প্রস্তাব
...ত্র নিকট উপস্থাপন করিলে
...ন উহাদের মধ্যে পুঙ্খানুপুঙ্খ
...না হয়। প্রকাশ, ১লা
... আলোচনার পর গান্ধীজী
...ই ওয়ার্কিং কমিটীর নিকট
... হইয়াছিল। পুনরায় আলো-
...রম্ভ করিবার জন্য তাঁহার
...ই তাঁহারা বড়লাটের ভবনে
...বার কথা হয়।
...লোচনা বীতরাগ, গান্ধী
...লে অবস্থানই মীমাংসার
... পুনরুজ্জীবিত হইয়াছে।
...পি সকলের মধ্যেই উদ্বেগ
... সঙ্কিত কর্ম্মধারা

ব্যবস্থার চরম সীমায় উপনীত হওয়ার পূর্ব্বে পাঠক যেন সবই যাহাতে অমীমাংসিত না থাকে তজ্জন্য সকলেই যত্নবান হউন।

বাঙ্গলার প্রতি গান্ধীজীর বাণী

আপীল

শ্রীযুক্ত বজবলাল নাগ গান্ধীজীর নিকট বাঙ্গলার জন্য আশার বাণী প্রার্থনা করিয়া চিঠি দিয়াছিলেন। মহাত্মা বলিয়াছেন—

"বাঙ্গলার কাছে, আমি সব সময় অনেক আশা করিয়াছি, নিরাশ হইবার কোন কারণ আমার নাই। তবে আমি জানি যে, বাঙ্গলার তরুণরা যদি অহিংসাকে কেবল নীতি বলিয়া না মানিয়া উহাতে বিশ্বাসও করে তাহা হইলে তাহারা আরও অনেক কিছু করিতে পারিবে। বাঙ্গলার অহিংসা বিরোধী বহুদের হুমকী সত্ত্বেও আমি নিরাশ হই নাই।"

গান্ধী-আরউইন শান্তি

লৈটক

...লোসিপ অব রিকনসিলিয়েসন"
...ন্তর্জ্জাতিক মৈত্রী প্রতিষ্ঠা...
...কারী সমিতির নিমন্ত্রণ শ্রীযুক্ত
রবীন্দ্রনাথ এক তার করিয়া জানা...
ইয়াছিলেন, ভারতে এক অপূর্ব্ব
পরিবর্ত্তন আসিয়াছে, ভারত ও
বৃটেনের মধ্যে নূতন সম্পর্কে প্রতি...
ষ্ঠার সম্ভাবনা দেখা দিয়াছে এবং
আশাজনক আবহাওয়া সৃষ্টি হই...
য়াছে। এ সময়ে গান্ধী-আরউইন
শান্তি বৈঠকের সাফল্য কামনা করা
সকলেরই কর্ত্তব্য।

এক তার পাইয়া উপরি উক্ত
সমিতির কর্ত্তৃপক্ষ বিশিষ্ট ধর্ম্মযাজক
নেলসন অর্ডে, উইলিয়াম মাক্‌কাম্যাক
ফেডারিক নরউড, হার্বার্ট ওয়ার্কম্যান
প্রমুখ এ, এইচ, গ্রে প্রভৃতির নিকট
সমস্ত বিষয় জ্ঞাপন করেন। তদনু-
সারে ইহারা সমগ্র উপনিবেশের
খৃষ্টানগণের নিকট এক সংবাদ
প্রচার করিয়া জানাইয়াছেন, গান্ধী-
আরউইন আলোচনার সাফল্যের
জন্য ১লা মার্চ্চ রবিবার এবং পরবর্ত্তী
সপ্তাহের রবিবার দিবস প্রার্থনার
প্রার্থনার আয়োজন করা
উচিত।

পারিব না? আমাদের অন্নবস্ত্রসমস্যা আমরাই সমাধান করিব।"—এইরূপ ভোগ-ধারণার বশবর্ত্তী হইয়া জীবগণ বর্ত্তমানে যে ত্যাগ-স্বীকার দেখাইতেছেন, তাহা ভগবদিচ্ছারই বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করা হইতেছে মাত্র, উহাতে জীবের আত্মম্ভরিতা বা নাস্তিকতাই বৃদ্ধি পাইতেছে। ভগবদুপাসনাই জীবের একমাত্র কৃত্য, তাহাতে ভগবদিচ্ছার উপর নির্ভরতা ব্যতীত জগৎকে ভোগ বা ত্যাগ করার কর্তৃত্ব বরণ করা রূপ ঔদ্ধত্যই —যাহা সকল প্রকার অনর্থের মূলীভূত কারণ, তাহা দূর হইয়া ভগবৎসেবাকে মুখ্য উদ্দেশ্য করিয়া তদনুকূলে যে-সকল কর্ম্ম কৃত হয়, তাহাতে বর্ত্তমান জগতের অন্নবস্ত্রাদির সকল সমস্যা অনায়াসে সম্পাদিত হয়। ভগবৎকৈঙ্কর্য্যের নাম 'কুড়েমি' নহে বা 'রাসবিহারীকে শূদ্রত্বের আরোপ নহে। সর্ব্বশক্তিকে ভগবদ্ভক্তির সেবায় সর্ব্বতোভাবে পালন করাকে আলস্যের প্রশ্রয় দেওয়া বলে না। একদেহে যে অনিত্য রক্তমাংসাদিকে প্রভু বলিয়া স্বীকার করিয়া প্রভু-ভৃত্য সম্বন্ধ স্থাপিত হয়, তাহার সহিত পরজগতের নিত্যপ্রভুর নিত্যভৃত্যের এক নহে। এজগতে যাহা ভোগ্য—অন্যজগতে, পর জগতে—গোলোক-বৈকুণ্ঠে তাহাই পরম উপাদেয় বলিয়া স্বীকৃত। এ জগতের মায়াভোক্তৃগণ যে পঞ্চাত্মক বস্তুর কল্পনা করেন, তাহা অল্পায়াসেই নিষ্কাশিত হইয়া পড়ে, তাহা একটী আত্মপরবঞ্চনার কৌশল মাত্র; কিন্তু পরজগতের আত্মভোক্তৃগণ যে সাপ্তাত্মিক যজ্ঞ করেন, তাহা অক্ষয় অব্যয় নিত্যানন্দদায়ক কৃষ্ণপ্রেম লাভ করে। স্বয়ং ভগবান্ ব্রজেন্দ্রনন্দন গৌরহরি অবতীর্ণ হইয়া সেই কৃষ্ণকীর্ত্তন-মহাযজ্ঞের প্রবর্ত্তন করিয়াছেন; তাহাতে চেতোদর্পণ-মার্জ্জন, ভবমহাদাবাগ্নি-নির্ব্বাপণ, শ্রেয়ঃ কৈরবচন্দ্রিকা-বিতরণ, বিদ্যাবধূ-জীবন, আনন্দাম্বুধিবর্দ্ধন, প্রতিপদে পূর্ণামৃতাস্বাদন এবং সর্ব্বাত্মস্নপন—এই সপ্তায় প্রাপ্তির হইয়া জীবের সপ্তপ্রকার ফল প্রদান করেন। সংকীর্ত্তন-যজ্ঞ-প্রবর্ত্তক শ্রীচৈতন্য-নিত্যানন্দের আবির্ভাব-তিথি হইলেও—ইহাদের মহাবদান্যতা অনুশীলন করিবার বিচারণার হইলেও জগতের সর্ব্বশ্রেষ্ঠ এককালে অতি অল্প উপায়ে সমাধান হইবে।'

বেতুয়াস্থিত 'শ্রীনদীয়া-প্রকাশ' শ্রীভগবান্ গৌরসুন্দরের এই পরম কল্যাণময় ভক্তিসিদ্ধান্তবাণী প্রচার করিতে যাইয়া জগতের কি মহদুপকার সাধন করিয়াছেন, তাহা সাক্ষাতী সজ্জন-মাত্রেরই উপলব্ধির বিষয় হইয়াছে। কৃষ্ণবাঞ্ছা, কৃষ্ণার্থ ও কৃষ্ণকামনাবান্ জনগণ জগতে শ্রীহরি, শ্রীগুরু ও শ্রীগৌর নামের সকল ভক্তগণ উপস্থিত করিয়া শুষ্কতর্কিগণকে কণ্টকাকীর্ণ করিবার প্রয়াস করিতেছে, তাহাদের ছলিগণ্ডি জগতে প্রচার করা নদীয়া-প্রকাশের একটী কার্য্য নহে। "সাধুজনের আর প্রেম-প্রচারণ। ইহ কারো অধীন করেন প্রেম" সাধুজনা বলন না করিয়া প্রেমের সমস্ত প্রচার হইতে পারে না। তার মুখ-মুখে তাঁহার কার্য্য যেমন প্রেম-প্রচার, বাক্যের মুখে তেমন পাণ্ডিত্যপূর্ণ তাঁর অক্ষয় কার্য্য। বাক্যের প্রচারক নিজ জ্ঞান-বিচারে প্রচারের সাময়িকী চৌদিয়া বা চতুরা বাক্য ব্যবহার করে না। নিরপেক্ষ না হইলে বস্তুর সম্বন্ধে প্রচার কখনই সম্ভব হয় না। "স্বং স্বং নিষ্কাম-কর্ম্ম"—এই নৈতিক শিক্ষা ও তত্ত্ব সম্বন্ধে প্রচার-কার্য্য নহে। সাধারণ ইন্দ্রিয়-তৃপ্তির জীব ধর্ম্মাধীন হোমের বিচার-প্রণালী সম্বন্ধে হইতে পারেন না বলিয়া সে-সব প্রচার বন্ধ হইতে পারে না। বরং সেবোন্মুখ জীবের প্রাথমিক ঔৎসুক্যের কর্ণকুহরে যাহাতে হইতে পারে, সে-সম্বন্ধে বিশেষ লক্ষ্য রাখিয়া প্রচারের ভেরী বাজিয়া উঠিবে। নদীয়া-প্রকাশের সেই প্রচার

তখন সম্মুখে সেই সেবার স্থাপনা করিবেন। তাই নদীয়া-প্রকাশ ঘটী বা সংস্থিতিবদ্ধ সঙ্ঘের প্রতিষ্ঠা নহে, বাস্তবসত্যের প্রচারে প্রতিষ্ঠা নাই। তিনি একপূর্ণ নিরপেক্ষভাবে নিত্যকৃষ্ণের নিত্যসেবকের বাস্তবসত্য-প্রচারক। জগতের ইহাকে সহযোগিতা করিতে পারিলে আর কৃষ্ণবহির্ম্মুখ প্রাকৃতসাহিত্যের প্রতি শ্রদ্ধাবান্ হইবেন না।

আর বর্ষারম্ভে আমরা নদীয়া-প্রকাশের সেবার যে যেখানে যেরূপে আছেন, তাঁহাদিগকে আমাদের আন্তরিক অভিনন্দন জানাইতেছি এবং নদীয়া-প্রকাশের উদ্দেশ্যসিদ্ধি জগতের সেবক যাহাতে আমাদের সেবা-সাহায্যে নিযুক্ত করিতে পারি, তজ্জন্য শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-রাধাকৃষ্ণের নিকট প্রার্থনা জানাইতেছি। নদীয়া বা নবদ্বীপ শ্রীভগবানের গুপ্তলীলা-বিলাস-স্থান। অন্যান্য অনুবাদের ন্যায় আমরা, আমাদের হৃদয়ে সেই নদীয়া-ধাম প্রকাশিত না হইলে আমরা কখনও উদয় হইতে পারিব না, উহার না হইতে পারিলে আমাদের সেবাপ্রবৃত্তিও বার্থ হইয়া যাইবে না, চিরজীবন সহস্র-সহস্র পত্রিকা সম্পাদনেও সমর্থ হইয়া পড়িব। সেই নদীয়াকে যিনি আমাদের হৃদয়ে প্রকাশ করাইয়া মহাবদান্যতা শ্রীগৌরসুন্দরত্ব উদয় করাইতে পারেন, আজ গৌরাবির্ভাব-দিবসে সেই নদীয়া-প্রকাশক, শ্রীচৈতন্যবাণীর সাক্ষাৎ মূর্ত্ত-বিগ্রহ অভিন্নবিগ্রহ-নিত্য শ্রীভক্তিসুন্দর গোস্বামী মহারাজের শ্রীপাদপদ্মে আমরা পুনঃপুনঃ প্রণতি জ্ঞাপন করিয়া নদীয়া-প্রকাশের নিষ্কপট সেবা প্রার্থনা করিতেছি। নদীয়া-প্রকাশ আমাদের প্রতি প্রসন্ন হইয়া আমাদের হৃদয়ে সেবা প্রেরণা করুন, সম্পাদন উদ্যমকে আমাদের প্রতি প্রসন্ন হইয়া নদীয়া-প্রকাশের সেবায় বলবান্ করুন, বৈষ্ণবগণ কৃপা করিয়া শ্রীগুরুগৌরাঙ্গের সেবায় যোগ্যতা প্রদান করুন, বর্ষারম্ভে ইহাই আমাদের নিবেদন।

শ্রীশ্রীগৌরজন্ম-বন্দনা

(শ্রীনারায়ণদাস ভক্তিশাস্ত্রী ভক্তিসুধাকর)

শ্রীভক্ত-ভগবান্ বাঞ্ছা আমি পুরঃ পুরঃ,
সাধনাদি ধারার সুখের।
যাঁহার শ্রীমুখ-বাণী চৈতন্য-স্বরূপ মানি,
পূর্ণি মাঝে নাশয়ে অজ্ঞান॥
হৃদয়ের কর্ণ মোর কভু নহে কোলাহল,
সেই বাণী সেবনে অলস।
নহে অঙ্ক কৃপাময় কেমনে নহে উদাস,
কবে আর হবে কৃপালেশ?
চৈতন্যের কৃপা বিনা কোমারে না যায় জানা
শ্রীগৌরাঙ্গ করুণাসাগর।
ভাদ্রশুক্লা পূর্ণি-তিথি সেবি নহে শুদ্ধমতি,
শুকাকা সঙ্কোচেরাতর॥
চাঁদপাড়া আছে পাশ, বন্ধে যাহে সজ্জনগণ,
সেই বর্ষ বর্ষ-মধ্যে বড়।
ভাদ্রশুক্লা পূর্ণিমা সন্ধ্যা ঃ ঘ মধ্যে সন্ধ্যারতি,
হয় অবতীর্ণ শ্রীগৌরাঙ্গ॥
সেই ক্ষণ আসি পুনঃ নদীয়া মাঝে অবতীর্ণ,
মায়াপুর প্রকট করিয়া।
শচীর অঙ্গন-মাঝে বাসন্তী পূর্ণিমা-সাঁঝে
গৌরচন্দ্র জন্ম প্রকাশিলা॥
অকলঙ্ক নিত্যসুখ নেহারিয়া পাবে দুখ
সজ্জনের জন্মরাত্রি শুভে।
অন্ধের বর্ণন যেন্তে সব অনুভব তাহে,
শুদ্ধ-লীলা নহে গোচরি করে॥
মায়াপুর-সুমঙ্গল বেদি সবে অনুভব
সুখে আর গৌরজন্ম-লীলা
শচীর অঙ্গনে পুনঃ উঠে মঙ্গলধ্বনি,
দেব-দেবী নিশানাদি হেলা॥
দেবেশার গন্ধর্ব্বাদি শুনে সব সুকৃতি,
সে আনন্দ না যায় বর্ণন।
দেখে নিষ্কলঙ্কমুখে শচী-জগন্নাথ-কোলে
হরি যিনি নিত্য অনুক্ষণ॥
গৌরজন্ম নিরখিয়া আনন্দে উথলে হিয়া
হরি বোল সর্ব্বনারীগণে।

শ্রী-মায়াপুর
ভাড়দালোক

কৃষ্ণৈকরসের কৃপাপ্রাপ্ত জনগণ
কৃষ্ণকোষা কাক্ষ করে দর্শন করে
প্রত্যেক বস্তুকে কৃষ্ণসেবার নিমিত্ত
আনন্দ প্রাপ্ত হন। সেবোন্মুখ
কৃষ্ণপ্রীতির অধীনতা-বন্ধন জগতে
ভোগাকাঙ্ক্ষা দর্শন করিতে গিয়া
বস্তুকের স্বাভোগ-সংস্কারে প্রত্যে
তাহারা যৌক্তিক অভিজ্ঞতাকে
নিজ মস্তিষ্ক-প্রসূত বলিয়া ভাবনা
নিজান্তে ভগবৎসেবোন্মুখতা
কোন প্রকারেও স্বীকার করেন না
ভগবদ্বহির্ম্মুখ জগতে অধিকাংশ
সমস্ত বস্তুরই মূলীভূত-কারণকে
জানিয়া তদনুসন্ধান পরিত্যাগে
ভগবানকে স্বীকার করিয়া
শ্রীভগবানের জীবের বুদ্ধিবৃত্তি
চিদচিদ্ভগতের সর্ব্বাধ্যক্ষ উহাই
তাহার উপর নির্ভর করে। অ
উহাই এবং অন্যান্য অন্যান্য
বাদের মঙ্গলময়ী ইচ্ছাদিকে
ভগবানের পরিবর্ত্তে মতন নিজ নিজ
স্বল্পকারণ-জ্ঞানে অধি বা নিম্ন
প্রভু করিয়া জগতে কখনও
স্বীকার বা ত্যাগ করিবার বু
করেছে, তাহাকে তাহার
প্রদানিত করেছে মাত্র। ভগ
মনুষ্যের একটা বুদ্ধিবৃত্তির সম্ব
প্রত্যেক বস্তুর প্রাকট্য যে
সম্ভূত এবং যাহাতে যে
কৃষ্ণের ও উন্মুখ আছে, তাহা
জন্য ভোগী বা ত্যাগীর
ত্যাগ করিবার সমস্ত বস্তুকে

...য়ায় নিযুক্ত করিয়া শঙ্খধ্বনি দিবে ...ং যং কিঞ্চ জগত্যাং জগৎ। যেন ...ন ভুঞ্জীথা মা গৃধঃ কস্যস্বিদ্ধনম্।" ...এই ঈশোপনিষদ্বাক্যের তাৎপর্য্য ...স্ফুট করেন।

...পরমকারুণিক শ্রীগৌর সনীচরণ তার ...ভিন্ন মতৈশ্বর্য্য জগৎবিস্তার আবিষ্কৃত ...ন্ন বিজ্ঞানকে মহত্ত্ব জাতির ভোগা ...ধর্মের পরিবর্ত্তে জগৎসেবো- ...ন্ন জ্ঞান শ্রীভগবৎপ্রীতিকামনায় ...য় সাধারণে জগৎ-জাগরণ-সেবায় ...ক করিয়া উহার আধিক্য ভক্তায় ...ক্তিতা সম্পাদন করিতেছেন। গঙ্গ ...ন্ন ভাস্কর ভূমির গোবিন্দ-আরতী- ...ন্ন সন্ধ্যায় শ্রীচৈতন্যমঠে সর্ব্বসাধারণে ...শ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা গিরিধারীর ...ন্ন ও নাট্যমন্দির-প্রাঙ্গণে কীর্ত্তনা- ...ক করান হইয়াছে। শ্রীমন্দিরে ...ন্ন ভক্তিলোক কল্পনিক হইল, ...ন্ন অগণন সন্মিলিত ভক্ত সমবেত ...র্ত্তা শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরি- ...ীর ও পারমার্থিক কার্য্যাবলির প্রিয়তোষক ...কিঞ্চিৎ প্রকৃত জগৎ করিতে ...য়িলেন।

...জগৎ-চক্ষুস্বরূপ ভগবান্ চৈতন্য- ...ন্ন যখন জীবের অনর্থ-দর্শনে ...ন্ন পূর্ণরূপ জগতের যাবতীয় ভক্ত- ...কিঞ্চিৎ সম্বন্ধাভাসময় মুগ্ধ করিয়া বদ্ধ- ...ন্ন প্রকাশ করেন অর্থাৎ শ্রীগৌর- ...ন্ন জনের কৃপায় যখন জীবের নিত্য- ...ন্ন স্বরূপ-ধর্ম্ম সেবা-প্রবৃত্তি উদ্বোধিত ...তখন তিনি জগৎ ভোগ বা ত্যাগের দ্বন্দ্ব ...তে ...ন্ন হইয়া সকল দ্বারা কৃষ্ণেন্দ্রিয়- ...বণে নিযুক্ত করেন। জীবের তখন নিজের ...ন্ন জগতের উপর আধিপত্য বিস্তারে ...তে, তখন ভগবান্ তাহার সেবার ভূত্য ...ন্ন হন। বলি যান কাড়ে বামনরূপে ...নিয়া শ্রীভগবান্ ত্রি-বামনরূপে তাঁহার ...ন্ন আসন পূর্ণরূপে অধিকার করিয়া ...ন্ন করেন। বলি ত্রি-বামনকে ...ন্ন দেবী করিয়া চাহিতে অনুরোধ ...তেও বামনদেব একাকিত্ব চাহি- ...ন্ন। বলি যখন তাহাই দান করিতে ...ন্ন হইলেন, তখন বামনদেব তাঁহার ছদ্ম ...ন্ন দ্বারা সমস্ত বিশ্বব্রহ্মাণ্ড আক্রমণ করিয়া ...ন্ন পদের স্থানের অভাব বলির নিকট ...ন্ন জানাইলেন। বলি ভগবানের কৃপায় ...ন্ন ভগবান্ লাভ করিয়া শ্রীভগবৎপার্ষদত্বে ...ন্ন আত্মনিবেদন করিলেই ভগবান্ তুষ্ট হইলেন। ...ন্ন বলে শ্রীভগবান্ বলিকে উপলক্ষ্য করিয়া ...ন্ন শিক্ষা প্রদান করিলেন যে, মানুষকে ...ন্ন ভগবান্ যে একটী স্বাধীনতা বন্ধ দান ...করিয়াছেন, তাহারই সদ্ব্যবহার-মুখে শ্রীভগবৎপার্ষদত্ব আত্মনিবেদনটীকেই শ্রীভগবান্ জীবের নিকট হইতে শ্রেষ্ঠ অবদানরূপে গ্রহণ করিতে স্বীকৃত হন। তাহা না দেওয়া পর্য্যন্ত কেহই কার্পণ্যদোষ হইতে মুক্তিলাভ করিতে পারিবেন না। নিজস্বার্থ-পরিপূর্ণ ভগবান্ দরিদ্রাভিমানী জীবের পরমপুরুষার্থের গ্রহণ করেন না আবার ভক্তী অভিমানীর বৈষ্ণবোচিতের পূজাও গ্রহণ করিতে তিনি লালায়িত নহেন। ভক্তিবশ ভগবান্, ভক্তি-ধন যাচিত তাঁহার সহিত আমার প্রয়াসের আর কোন বস্তু নাই। যাহার বস্তু, তিনিই তাঁহার ইচ্ছামত তাহা ভোগ করিতে পারেন, তাহাতে আর দাতার দুঃখিত হইবার কি? যতক্ষণ না আমরা ভগবান্ কে নিখিল বস্তুর ভোক্তৃরূপে দেখিতে পাই, ততক্ষণই আমাদের ভগবান্‌কে 'ইহা দিয়েছি, উহা দিয়েছি' এইরূপ একটী অভিমান থাকে; শ্রীভগবৎপ্রাপ্ত সাধুগুরু কৃপায় জীবের এই অভিমানটী বিদূরিত হইলে তিনি যখন তাঁহাকেই ভগবানের বলিয়া বুঝিতে পারেন, তখন তিনি কি দিয়া যে ভগবানকে সেবা করিবেন, তাহা বুঝিয়া উঠিতে পারেন না, সকল দিয়া সেবা করিয়াও তৃপ্তিলাভ করিতে পারেন না। ভগবান্ ভক্তের এইরূপ অতৃপ্তি—সেবা করিবার প্রবল আগ্রহ—সা-কৃপাকেই সদয় সম্বন্ধ হন। অতৃপ্ত ভক্তগণ ভগবান্‌কে তাঁহাদের অনুগ্রহ-প্রার্থীরূপে কিছু দিয়া কৃতার্থ করিতে চাহেন, তাঁহাদের কোন বস্তুই ভগবান্ গ্রহণ করেন না।

আজ ভক্তিবিজয় প্রভু ত্রিদণ্ডিস্বামিপাদ-বর্য্য ভক্তদেবের "শ্রীশ্রীগান্ধর্ব্বিকা-গিরিধারীর ভোগের ভার গ্রহণ করুন" —এই আশীর্ব্বাদ প্রাপ্ত হইয়া শ্রীশ্রীগৌর-নিত্যানন্দের সাধনসম্বন্ধ তাঁহার হৃদয়ে সঞ্চার করিতে পারিয়াছেন, তাই মনের সঙ্কল্পকল্প বিতর্কের কুজ্ঝটিকা কৃষ্ণ-সেবোন্মুখতারূপে প্রকটিত হইতে পারিয়া তাহা কৃষ্ণসেবায় নিযুক্ত না দেখা পর্য্যন্ত তাঁহার স্বস্তি নাই। তাই আজ কৃষ্ণ-সেবোন্মুখতারূপে আত্মসাৎ করিয়া তাঁহাদের আত্মীয়ের ভোগ করিবার—তাহা ভক্ত কিছুতেই বন্ধ করিতে পারেন না। তাই তিনি ভগবান্‌কে কৃষ্ণ-সেবায় নিযুক্ত করিয়া অনন্তদেবের মহিমা বিধান করিয়া যাইবেন।

আমরা নিজেদের ইন্দ্রিয় তর্পণে ব্যবহৃত দেখাইয়া কৃষ্ণে প্রেমতৃষ্ণা-ব্যাপারে যে কার্পণ্য দেখাইতে চাই, তাহা ভক্তের বাঞ্ছনীয় নহে। কৃষ্ণকে সর্ব্বস্ব তাঁহার সেবায়, তাই জগতে যত কিছু তাঁর জিনিষ এবাবৎ আবিষ্কৃত হইয়াছে, তাহার সমস্তটিকে নিজ ইন্দ্রিয় তর্পণে নিযুক্ত করা হইয়াছে। ইহাতে তাঁহার প্রেম-ভোগ নাই, কৃষ্ণভোগকে একটা মৃণ্য কাজ বলিয়া জ্ঞান নাই। আমাদের কৃষ্ণবিমুখ সংসারের কার্য্যকেও যেমন আমরা মৃণ্য বলিয়া বিচার করি, কৃষ্ণভক্ত কৃষ্ণার্থ কর্ম্ম সংসারকার্য্যকেও তেমন মৃণ্য বলিয়া মনে করেন। কৃষ্ণে তাঁহাদের স্বাভাবিকী প্রীতি বর্ত্তমান।

শ্রীবাধব পরিচয়ের সেবায় আমরা দেখিতে পাই, শ্রীবাধব অধিক মূল্য দিয়া দুধ্যান হইতে ঘাস আনিয়া তাঁহার প্রাণ-প্রভুকে নিবেদন করিতেন, তাহাতে তাঁহার ব্যয়-বাহুল্য বা শ্রম-ভোগ ছিল না। প্রীতির স্বভাবই এই। তখনও তাঁহার নিজের বহির্ব্যাপারের জন্য কৃপণে আলো 'খরচ' বলিয়া মনে করেন না। শ্রীল মাধবেন্দ্রপুরীপাদ বেদুয়ার আনিয়া গোপী-নাথের ক্ষীরভোগ দিতে পর, তাহা আস্বাদন করিয়া অন্যজনে ভোগ হইবে গোপীনাথকে নাগাইবেন এই ইচ্ছা করিয়াছিলেন। ইতঃপূর্ব্বে বলা হইয়াছে, নিজের যাহা যখন কোন স্থানে কোন জিনিষটি দেখিতে পাইতেন তাঁহার শ্রীকৃষ্ণপূজায় নিযুক্ত করিবার ইচ্ছা হইত এবং সাধ্যমত যাহাতে তাহা সংগ্রহ করিতেন, কারণ,সেইরূপ কৃষ্ণকর্ত্তৃক অন্যান্য ভক্তের জন্য নিজেদের তাঁহার কৃষ্ণ সেবার উপকরণরূপে সংগ্রহ করিবার চেষ্টা করেন। অনেক সময় নিজ কৃষ্ণ সেবার ইচ্ছা করিলে কৃষ্ণ আমাদের তাঁহার ভক্তের সে ইচ্ছা পূরণ করিয়া থাকেন। অন্যান্য ভক্তগণের সহিত ঠাকুর হরিদাস সাক্ষাৎকরণে বর্ত্তমান। সংখ্যাতীত উপকরণ-দ্বারা সংকীর্ত্তনযজ্ঞের ভোগের ইচ্ছা হইয়াছিল—"ঠাকুরের নামাভাসে মুক্তি সর্ব্বলোক পায়। হেন নাম-প্রচারক নাহি আর কায়" ভক্তগণ-মধ্যে কাহার মনে হইবে না—"আমাদের ঠাকুর নামাভাসে মুক্তি দিয়া থাকেন, সেই নামাভাসে মুক্তি আমরা কি দিব?" মুক্তি যে অতি তুচ্ছ বস্তু ভক্তের নিকট তাহাতে সে মুক্তি পাইয়া যাহা চাহিবার তিনি তাহা সেই মুক্তিকেও বাঞ্ছিত করিয়া দেন। সংকীর্ত্তন যজ্ঞের ভোগ যাহাতে না হইতে পারে, তাহার বিঘ্নরূপে নামাভাস মুক্তি তিনি দেন।

ভক্তিবিজয় প্রভুর আনন্দ দিবার ইচ্ছা হইয়াছিল, গৌরভক্তগণ শ্রীনাম-মাহাত্ম্যে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের সংকীর্ত্তনযজ্ঞের ভোগের ভার গ্রহণ করিয়া, তাই ভগবান্‌ও আজ তাঁহার সে ইচ্ছা পূর্ণ করিলেন। এতদুদ্দেশ্যে তিনি শ্রীল মাধবেন্দ্রের সাধনের একটী সুন্দর সুযোগের বিপুল ভোগ নিবেদন করিয়া দিয়েছেন। তাঁহার কার্য্যও আজ সমাপ্ত হইল। গৌরভোৎসবের সময়ই তাহা ঘাস-ভোগ হইবে। শ্রীধাম নবদ্বীপে শ্রীগৌরকৃষ্ণের চতুষ্পার্শ্ব বাসগৃহ স্থানে স্থানে ঘাট নির্ম্মাণেরও সঙ্কল্প তিনি করিয়াছেন। শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ তাঁহাকে নিত্য নূতন নূতন সেবার যুক্তি তাঁহার হৃদয়ে স্ফূর্ত্তি করাইয়া দিবেন। মধুর সেবা-বিগ্রহের মধুর প্রেরণা তাঁহার সে সেবা চেষ্টার ক্রিয়াকাণ্ডের বর্ণনে সমর্থ নহে।

"গোরার সঙ্গতে" দেখিয়া আজ গৌরনিজজনগণের আনন্দের আর সীমা নাই। কিন্তু ঈর্ষ্যপরায়ণা কৃষ্ণমায়া, কৃষ্ণমায়া ও কৃষ্ণমায়া-বিমোহিগণ তাহা কিছুতেই সহ্য করিতে পারিতেছে না। "কি সুখে আসিল তাঁর গোরাচাঁদের নাচা।" দেখিয়া শুনিয়া পাষণ্ডীর বুক ফাটে হায়!

গৌরকারুণ্য লক্ষগণ গৌরজন শ্রীধাম মায়াপুরে আসিয়া ধামের বাস্তব কীর্ত্তনে-ছেন; চতুর্দ্দশভুবন পূরক মহাসংকীর্ত্তন আবার গৌরেন্দ্রের প্রকটিত দেখিবার সৌভাগ্য করে—তজ্জন্য এই আশা পোষণ করিতেছেন। কতকগুলি লোকানা ও কৃষ্ণবহির্মুখ লোক-লোকান্তর সহ তজ্জন্য গৌরজনগণের কাজই নিয়ত নহে, সাধু সঙ্কীর্ত্তনবিরোধী গৌরনিন্দাকারীদের প্রাণিক শুদ্ধ কৃষ্ণকীর্ত্তন-কোলাহলে মহাবিঘ্ন মুহূর্ত্তের জন্য—কৃষ্ণের সেবা কোলাহল থামিয়া যাউক, তাহাই গৌরভক্তগণের প্রবল আকাঙ্ক্ষা।

মাদ্রাজ হইতে প্রেস টেলিগ্রাম

...ন্ন মাদ্রাজ

...ন্ন

...ন্ন

...ন্ন

বিশ্ববৈষ্ণব রাজসভার শুদ্ধভক্তিমঠসমূহ

শ্রীচৈতন্য মঠ

আকর মঠরাজ

প্রাচীন মঠবাস, ডাকঘর শ্রীধাম মায়াপুর, নদীয়া

শ্রীচৈতন্যদেবের ৪৫০ বর্ষ পূর্বে উত্তর-দ্বারে শ্রীজগন্নাথদেবের আটচালার শ্রীচরণসেবা-সমক্ষে শ্রীশ্রীচৈতন্য মঠ বিরাজমান।

এই মঠ সারস্বত-পীঠ, সর্ববিদ্যা পীঠ বা সারস্বত-জন্মস্থলী। এই মহাতীর্থে শ্রীচৈতন্যদেবের ভাবপ্রচার-লীলাস্থলে, শ্রীমন্মহাপ্রভুর অন্তর্ধান কাল, লীলা, অলঙ্কার, তথা গ্রন্থ-বিদ্যা-বিষয়ক-বিচার-প্রণালীর চতুর্বিধ অঙ্গ ও অনুশীলন এবং তথায় শ্রীচৈতন্যদেবের গৃহ অন্তর্ধানাদির ও সাক্ষাৎ সম্বন্ধে আচার্য-চতুষ্টয় তাঁহাদের উপাস্য বিগ্রহের সহিত নিত্য বিরাজমান রহিয়াছেন। এই মঠাধারে পারমার্থিক বৈষ্ণবগণের সাক্ষাৎ সম্বন্ধে অনুশীলন ও অনুষ্ঠানের প্রথমাবধি প্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' নামক পত্র প্রকাশিত হইয়াছিল। শ্রীমদ্ভাগবত ও শ্রীমদ্ভগবদ্গীতা-ভাষ্যকার শ্রীমদ্ বলদেব বিদ্যাভূষণ প্রভুপাদ তাঁহাদের উপাস্য বিগ্রহের সহিত নিত্য বিরাজমান রহিয়াছেন। এই মঠাধারে পারমার্থিক বৈষ্ণবগণের সাক্ষাৎ সম্বন্ধে অনুশীলন ও অনুষ্ঠানের প্রথমাবধি প্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' নামক পত্র প্রকাশিত হইয়াছিল। শ্রীমদ্ভাগবত ও শ্রীমদ্ভগবদ্গীতা-ভাষ্যকার শ্রীমদ্ বলদেব বিদ্যাভূষণ প্রভুপাদ তাঁহাদের উপাস্য বিগ্রহের সহিত নিত্য বিরাজমান রহিয়াছেন। এই মঠাধারে পারমার্থিক বৈষ্ণবগণের সাক্ষাৎ সম্বন্ধে অনুশীলন ও অনুষ্ঠানের প্রথমাবধি প্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' নামক পত্র প্রকাশিত হইয়াছিল। শ্রীমদ্ভাগবত ও শ্রীমদ্ভগবদ্গীতা-ভাষ্যকার শ্রীমদ্ বলদেব বিদ্যাভূষণ প্রভুপাদ তাঁহাদের উপাস্য বিগ্রহের সহিত নিত্য বিরাজমান রহিয়াছেন।

(৩) যোগপীঠ শ্রীমন্দির

এই স্থান শ্রীজগন্নাথদেবের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি যোগপীঠ। এখানে শ্রীগুরুপীঠ ও শ্রীবিষ্ণু-প্রকাশ শ্রীগৌরাঙ্গবাসে এবং শ্রীচৈতন্য ও শ্রীনিতাইচন্দ্রের নিত্য সেবা তথা শ্রীগুরু-বৈষ্ণবসেবা বর্তমান। রক্ষক—লোকনাথ ব্রহ্মচারী, ভক্তিবিনোদ প্রভু শ্রীবিনোদ। সম্প্রতি শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী, শ্রীবাসাঙ্গনে ব্রহ্মচারী। শ্রীবাসাঙ্গনে অধিকারী, সেবক: শ্রীহরিকৃষ্ণ।

(৪) শ্রীবাস-অঙ্গন

শ্রীমন্মহাপ্রভুর কীর্তন-বিলাস বা গৌরলীলার স্থানস্থলী। এখানে শ্রীশ্রীগৌর-নিত্যানন্দ ও পঞ্চতত্ত্বের সেবা বর্তমান। রক্ষক—শ্রীবাসাঙ্গনে ব্রহ্মচারী, শ্রীঅদ্বৈত-কৃষ্ণ, শ্রীযোগেন্দ্রনাথ গোস্বামী।

(৫) অদ্বৈত-ভবন

এই স্থানে শ্রীঅদ্বৈত প্রভুর ভবন এবং সেবা বর্তমান।

(৬) কাজীর সমাধি পীঠ

— প্রাচীন মায়াপুর, বামনপুকুর (নদীয়া)

গৌরকৃপাপাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীবিনোদবিহারী।

(৭) আনন্দ সুখদ কুঞ্জ

(গোয়েড়ন, বকুলতলা : নদীয়া)

এখানে ঠাকুরমহাশয় শ্রীল ভক্তিবিনোদঠাকুরের সমাধি এবং শ্রীগৌরাঙ্গবাসের এবং শ্রীশ্রীগৌরাঙ্গের সেবা বর্তমান।

রক্ষক—সচ্চিদানন্দ ভাক্তার ব্রহ্মচারী ভক্তিরঞ্জন এম, এস, এফ।

(৮) শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

মায়াপুর।

রক্ষক—শ্রীবরদ ভক্তিশাস্ত্রী এম, এ, বি, এল, সরকারী—শ্রীউদ্ধবদাস ভক্তিশাস্ত্রী, শ্রীউরুক্রম ব্রহ্মচারী প্রভৃতি।

(৯) শ্রীগৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, মায়াপুর, নদীয়া

শ্রীল ঠাকুর-মহাশয়ের প্রকটিত গৌরাঙ্গসেবা-সেবা। রক্ষক—শ্রীকিশোরীমোহন আচার্য।

(১০) শ্রীরূপগৌড়ীয়-মঠ

মায়াপুর, ফরাস ইউ, পি

রক্ষক—শ্রীবিশোষ ব্রহ্মচারী, শ্রীকুলশেখর ব্রহ্মচারী।

(১১) শ্রীমোহনমন্দির—

মাটিয়ারি, মায়াপুর, নদীয়া।

শ্রীগদাধরদাস ঠাকুর মুকুন্দের স্থান।

রক্ষক—শ্রীবিশ্ব বিহারী ব্রহ্মচারী।

(১২) ভাগবত আশ্রম

শ্রীমায়াপুর প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।

ভাগবত-শিক্ষার প্রধানতঃ প্রচার-কেন্দ্র।

রক্ষক—শ্রীমহানন্দ ব্রহ্মচারী।

(১৩) শ্রীএকায়ন মঠ

চেলাডাঙ্গা, গোয়াড়ী, কৃষ্ণনগর, নদীয়া।

রক্ষক—শ্রীমকুন্দানন্দ ব্রহ্মচারী।

(১৪) শ্রীমাধব-গৌড়ীয় মঠ

১০নং নবাবপুর রোড, ঢাকা।

পুরুষোত্তম প্রচার-কেন্দ্র, এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-রাধাকৃষ্ণ-বিগ্রহের সেবা বর্তমান।

রক্ষক—শ্রীরাধাবল্লভ ব্রহ্মচারী।

(১৫) শ্রীযোগাদ্যা মঠ

কমলাপুর, ঢাকা।

যোগাদ্যার শ্রীবিগ্রহের প্রাচীন সেবা

রক্ষক—শ্রীপ্রাণগোর ব্রহ্মচারী।

(২) শ্রীগৌড়ীয় মঠ

১৩ নং কানিহাসাদ গুরুদত্ত ষ্ট্রীট, পোঃ গড়পাড়, কলিকাতা।

টেলিফোন বি, বি, ৪১১৫

শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত শুদ্ধভক্তি-প্রচারোদ্দেশে গৌড়দেশের সর্বপ্রধান নগরী কলিকাতায় শ্রীকৃষ্ণচৈতন্যদেবের আবির্ভাবস্থলীর প্রতিষ্ঠিত আছেন। এই শুভ-সম্বাদে ঐ শুভ-গৌরাঙ্গ-শ্রীবিগ্রহগণের নিত্য প্রসাদান্ন নিত্য সেবিত হন। গৌড়ীয় আচার্যবর্গের বাণীর প্রচারণীয় গুপ্তপ্রায়োদ্দেশে, ইহাতে সমস্ত একটী গুরুৎ মন্দির-মন্দিরাদি সংস্থাপিত হইয়াছেন। পৃথিবীর সমস্ত শ্রীগৌরাঙ্গ প্রচারার্থ এই মন্দির হইতে 'গৌড়ীয়' সাপ্তাহিক পত্রিকা-পত্রিকাদিও মাসিক পত্রিকা ত্রৈমাসী কাহার নিয়মিতভাবে প্রকাশিত হইতেছেন। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্তন, সপ্রসাদ-ভক্তদের-সেবাদি, শ্রীমন্ত্রাগবত, শ্রীচৈতন্য-চরিতামৃতাদি-লীলা ও তত্ত্বগ্রন্থের সদা আলোচনা হইয়া থাকে। মঠরক্ষক—আচার্যাশ্রিত শ্রীপাদ কৃষ্ণকান্তী বিদ্যাভূষণ। সরকারী—পণ্ডিত শ্রীপাদ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ বি-এ, শ্রীপাদ প্রজ্ঞানানন্দ পরবিদ্যাবিনোদ বি-এ, শ্রীপাদ হাসাবিকারী ব্রহ্মচারীর শ্রীপাদ জগদ্ভাবন ধর্মাধিকারী বিদ্যা, শ্রীপাদ কৃষ্ণগোপাল ধর্মাধিকারী, ব্রহ্মচারী শ্রীকীর্তনানন্দ, ব্রহ্মচারী শ্রীগোবিন্দমোহন, ব্রহ্মচারী শ্রীকৃষ্ণানন্দ অধিকারী, ব্রহ্মচারী শ্রীবিশ্বকীর্তন, পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ পরবিদ্যালঙ্কার কবিভারতীপ্রভৃতি।

(১৬) শ্রীগৌরাই-গৌরাঙ্গ মঠ

কবিরাজ-কলোনী সড়ক, আরামবাগ, হুগলী

শ্রীগৌরাঙ্গ-গৌরাঙ্গের নিত্য সেবা

রক্ষক—শ্রীপূর্ণপ্রজ্ঞ ব্রহ্মচারী।

(১৭) শ্রীভাগবতজনানন্দ মঠ

কিরণিনা, গড়বেতপুর, মেদিনীপুর।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-রাধাকৃষ্ণ-বিগ্রহগণের নিত্যসেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীভগবানদাসজী। ব্রহ্মচারী সন্তানন্দ।

(১৮) আমলাযোড়া প্রপন্নাশ্রম

রাজবাটী পোঃ বরাকর।

শ্রীগুরুগৌরাঙ্গ শ্রীরাধাকৃষ্ণ বিগ্রহগণের নিত্যসেবা। রক্ষক—ব্রহ্মচারী শ্রীহরিকিশোর।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

স্বর্গদ্বার, পুরী, উড়িষ্যা।

এখানে শ্রীগৌর-বিনোদবিহারীর নিত্যসেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমানন্দ বিদ্যারত্ন, ব্রহ্মচারী শ্রীনরহরিদাস।

(২০) শ্রীব্রজ-গৌড়ীয় মঠ

আলবরুনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী।

জগন্নাথদেবের অনবসর সময়ে শ্রীবিগ্রহ: প্রকট অবস্থান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীনরহরিদাস প্রণালী। সরকারী—ব্রহ্মচারী শ্রীবিশ্বনিবাসজী।

(২১) শ্রীসচ্চিদানন্দ মঠ

উড়িয়াবাজার, কটক।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-বিনোদরাধাকৃষ্ণজীর নিত্যসেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীবিশ্বাধর।

(২২) শ্রীসনাতন-গৌড়ীয় মঠ

বনা জগন্নাথবল্লভপুর, কাঁথি।

গৌর-গদাধরপুর সনাতন-শিক্ষাশ্রম এখানে গৌরসেবা বর্তমান। রক্ষক—শ্রীজানকীনাথজী।

(২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

শ্রীধু সাহানা কুঞ্জ, শ্রীধাম বৃন্দাবন।

ঠ, শ্রীরাধা-রমণ-গোস্বামীর সেবা।

রক্ষক—শ্রীগদাধরদাস ব্রহ্মচারী

(২৪) শ্রীপরমহংস মঠ

নৈনিবাগান, মায়াপুর

এখানে শ্রীরাধাগত গান্ধর্বিকা শ্রীগৌর-বিনোদ বিগ্রহগণের সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীনৃসংহানন্দ ও ব্রহ্মচারী শ্রীনন্দদুলাল।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয়-মঠ

চৈতন্যগঞ্জ, চাঁদপুর, ঢাকা, ইঃ বেঃ শ্রীচৈতন্য-মঠের শাখা। রক্ষক—শ্রীবিশ্বনাথ ব্রহ্মচারী, শ্রীনরেন্দ্রানন্দ ব্রহ্মচারী। শ্রীনরেন্দ্রানন্দ ব্রহ্মচারী সেবাধিকার।

(২৬) শ্রীব্যাসগৌড়ীয় মঠ

কুকড়েল, বালেশ্বর, ওড়িষ্যা। এখানে শ্রীগৌরবিনোদ-রাধের সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীনরহরিদাসজী।

(২৭) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রম-মঠ

ব্রাহ্মণপাড়া, পোঃ মাধু, বর্ধমান

এখানে স্বয়ংভূমূর্তি শ্রীগোবিন্দজীর সেবা বর্তমান। রক্ষক—একবাসী শ্রীপ্রাণকৃষ্ণ দাস, শ্রীনারায়ণ ব্রহ্মচারী।

(২৮) দিল্লী গৌড়ীয় মঠ—কার্যালয়

১৮বেণু রোড, নিউ দিল্লী।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীনারায়ণ ব্রহ্মচারী শ্রীনারায়ণচরণদাস।

(২৯) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

রক্ষক—ব্রহ্মচারী শ্রীনারায়ণ

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত

ভক্তি গ্রন্থাবলী

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ

সমগ্র বাঁধাই—২৲ দুই টাকা

অবাঁধা—১৸০ পৌণে দুই টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা সাধারণ মানবের নিত্য কর্ত্তব্য ও আনন্দ লাভের উপায় নির্দ্ধারিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার যত কিছু দুঃখ, সমাজ, নীতি, ধর্ম্ম কিছু কথাই বিষয় আলোচনা করিয়া সুন্দরভাবে যুক্তিসহকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পাতা হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত পাঠ না করিয়া নিস্তার পাওয়া যায় না।

সাধনপথঃ

দ্বিতীয় সংস্করণ ৵০ আনা

শ্রীল গোস্বামী প্রভু শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুর শ্রীমুখে যে সকল কথা শুনিয়াছিলেন, তাহা এই গ্রন্থে শ্রীরূপের অনুগত ও শ্রীকৃষ্ণ চৈতন্য মতি সুন্দরভাবে লিখিত হইয়াছে। ইহা ছাড়া শ্রীমদ্ভাগবতের উদ্ধব ও উপাখ্যান বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

৪৫৪ গৌরাব্দের

সচিত্র

শ্রীনবদ্বীপ পঞ্জিকা

পারমার্থিক ব্যক্তিমাত্রেরই একান্ত প্রয়োজনীয়

বিষ্ণুব্রত ও উপবাসাদির তালিকা সম্বলিত

বাংলার ঘরে ঘরে বিরাজিত হউক

ভিক্ষা ৵০ আনা মাত্র

৵১০ ডাক টিকিট পাঠাইলে ডাকে পাঠান হয়।

মহাকবি

শ্রীল লোচনদাস ঠাকুরকৃত

শ্রীচৈতন্যমঙ্গল

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি প্রসঙ্গের ও খণ্ডের কথা সার, শব্দসূচী, স্থানসূচী, পাত্রসূচী, প্রমাণগ্রন্থ, তালিকা, পদসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত বোল্ড্ অক্ষরে উদল ক্রাউন, আটপেজী আকারে উচ্চ গড়ের কাগজে ছাপা ভিক্ষা—২৷৷০ টাকা

শ্রীহরিনামচিন্তামণি

নামাচার্য্য ঠাকুর হরিদাসের মুখে শ্রীনামতত্ত্ব শ্রীনাম মহত্ত্ব, নামাপরাধ, নামাভাস প্রভৃতি বিষয়ের, চমৎকার বিচার শুনিতে পাইবেন, এই বিষয়গুলি অতি সরল ভাষায় লিখিত আবশ্যক পুস্তকটিকে হইবে। শ্রীল ভক্তিবিনোদঠাকুরকৃত। ইহা গ্রন্থকার ভিক্ষা ৸০ বার আনা মাত্র

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি

(১ম খণ্ড একত্রে)

বিষয়—১। বৈষ্ণবদের বাবহার সম্বন্ধীয় অর্থ ২। শ্রীবিগ্রহ হইতে বৈষ্ণবাপরাধ পর্য্যন্ত, ৩। বিষ্ণুবৈষ্ণবাপরাধ শ্রীমন্দির ও শ্রীধামের বিষয় ৪। বৈষ্ণবাপরাধ ৫ পরমতত্ত্বের তারতম্য বিষয়ক। বিগ্রহবিদ্বেষের লৌকিক ও পারমার্থিক আক্রমণের ফলের কথা। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ম খণ্ড ৸০, ২য় খণ্ড ৸০ ৩য় খণ্ড ৸০, ৪র্থ খণ্ড ৸০, চারিখণ্ড একত্রে ৩৲ টাকা (৪র্থ খণ্ড বাহির)

শ্রীভক্তিসন্দর্ভ

১ম খণ্ড ১৲ এক টাকা ৭৸ খণ্ড ১৲ টাকা—শ্রীমদ্ভাগবতের ও গৌড়ীয়ের গ্রাহকগণ ১৷৷০ টাকায় দুইখণ্ড পাইবেন. বৈষ্ণবাচার্য্য শ্রীজীব গোস্বামীপাদের অতি গ্রন্থ। ইহার ষট্‌সন্দর্ভের অতি প্রয়োজনীয় অংশ। প্রতি খণ্ড ক্রাউন ৮ ফর্ম্মা ২৩ সুন্দর আকারে মুদ্রিত হইতেছে।

শ্রীমদাচার্য্য সঙ্কলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা ৵০ আনা মাত্র

বিজ্ঞাপন

সাবধান! . . . সাবধান!!

কে, বি, দত্তের চৌকা শিশি লালরঙ্গ তৈল আদি ও অকৃত্রিম এবং উপকারিতায় সর্ব্বজন পরিচিত ও সর্ব্ব প্রশংসিত।

আমরা, সর্ব্বসাধারণকে জানাইতেছি, আমাদের তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে উপরোক্ত অক্ষরে ক, বি, দত্ত এণ্ড কোম্পানী নাম দেখিয়া খরিদ করিবেন। অন্যথা জুয়াচোরগণ কমলদহের কৃত্রিম তৈল দিয়া প্রতারণা করিবে।

নিবেদক—কে, বি, দত্ত

কেরার্স কুইনিন

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম

ইহাতে উপযুক্ত মাত্রায় আছেন, বাহাদুরাক্রান্ত কুইনিন আপেক্ষিক এবং হইয়াছে আছে।

এই কেরার্স কুইনিন দ্বারা রোগমুক্ত করিলে একটী বা দুইটী রোগের ভোগ সকলকারে করিলে মাত্রা ও বন্ধ করে হয় ও হইতে ১৯টী রোগের ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করে দেয়।

৮ গ্রেণপূর্ণ প্রতি বাক্স—মূল্য ২৲ টাকা, ডাঃ ৷৷০ টাকা

বাহাদুর কেমিক্যাল এণ্ড ড্রাগিষ্টকাল ল্যাবরেটরীজ

৭৯, মা ভবানীপুর লেন, কলিকাতা।

গৌড়ীয় বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ !!

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের ঈষ্টি-গ্রন্থাবলী :—

শ্রীশ্রীশিক্ষাষ্টক

পকেট সাইজ

অষ্টম সংস্করণ

ভিক্ষা ৵০ আনা।

দেহ ও মনের ক্লেশ আনন্দময় হইয়া—যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র সম্বল শ্রীভগবানের প্রতি তাঁহার কোন আকার আবেদনময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবান সন্তুষ্টাকরণে নিকটে কি প্রকারে সম্বন্ধের হয়ে হয়, ইহাদি বিষয়ক প্রার্থনাময়ী প্রার্থনা ও ভাব-সমন্বিত গান। উহার সংস্করণ প্রকাশিত হইয়াছে

ভিক্ষা প্রতি খণ্ড ৵০ এক আনা

প্রেমভক্তিচন্দ্রিকা— ৵০, নবদ্বীপশতক— ৵০

কল্যাণকল্পতরু

পকেট সাইজ

পঞ্চম সংস্করণ

ভিক্ষা ৵১০

আমরা শ্রীগুরু কৃপায় ও কামনায় বলিতে [illegible] যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং [illegible] কল্যাণ করি, তিনি যে নিজে বা যাহার কল্যাণ [illegible] আমাদের নিকট কল্যাণময় [illegible] আমরা সেই [illegible] যখন ইহা, এই সকল কথা [illegible] বাস্তবিক কল্যাণের [illegible] যদি [illegible] সমর্থ।

বিস্তৃত ক্যাটালগের জন্য নিম্নলিখিত ঠিকানায় পত্র লিখুন—

ম্যানেজার—গ্রন্থবিভাগ, শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, (নদীয়া)

৫০ বৎসরের পরীক্ষিত কয়েকটী মহৌষধ—

ব্যবহারকারীরা গুণ মুগ্ধ হইয়া যে সমস্ত প্রশংসা পত্র দান করিয়াছেন, তাহা প্রকাশ করিলে বড় বড় পুস্তক হইয়া পড়ে। আপনিও ব্যবহার করিয়া দেখুন।

১। চন্দ্রপ্রভা বটীকা—ইহার নামটীও যেমন কাজও সেই রকম। ইহা নূতন ও পুরাতন জ্বর, মূত্রকৃচ্ছ, অগ্নি প্রকৃতি এবং স্ত্রীলোকদিগের যাবতীয় বেত এবং রক্তপ্রদর প্রভৃতি রোগে আশু ফলপ্রদ।

২। সুষুপ্তিসহায় বটিকা—মাদকদ্রব্যসেবীর অনুপকল্প নিদ্রাকারক ঔষধ। যে কোন দৈহিক ও মানসিক পীড়াবশতঃ অনিদ্রারোগে এই ঔষধ ব্যবহারে গাঢ় নিদ্রা হইবে।

৩। মধুর বটিকা—ইহা সেবনে প্লীহা ও যকৃৎসম্বন্ধীয় দোষ ও শরীর পাণ্ডুর হইয়া যাওয়া ইত্যাদি বিদূরিত হইয়া রক্ত পরিষ্কার ও বৃদ্ধি প্রাপ্ত হয়।

উক্ত তিন প্রকারের প্রত্যেক ঔষধের মূল্য প্রতি কৌটা ১৲ টাকা।

প্রাপ্তিস্থান:- আশুধন্বন্তরি ঔষধালয়

২১৮নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য প্রমাণ খণ্ড ভিক্ষা ৵০

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিবাহ ও শীলাভূমি নয়টী দ্বীপ-সমন্বিত। এক নয় দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে ঠাকুরের লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মায়াপুর কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে মানচিত্র সহ বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৫০ পৃষ্ঠা।

নবদ্বীপ ভাবতরঙ্গ ভিক্ষা ।০

উজ্জ্বল রোজ-এ কালীতে উত্তম কাগজে ছাপা—শ্রীল নিমাই চরণে কাতর হৃদয়ের কি প্রকার ভাবের উচ্ছ্বাস হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার।

সাধককণ্ঠমণি—

ইহাতে ব্রহ্মসঙ্গীত, শ্রীগৌরাঙ্গ, শ্রীকৃষ্ণের আগমনী ও বিজয়া শ্রীমতী ও শ্রীল নরোত্তম ঠাকুরের গুরুশিষ্যের প্রতি উপদেশ প্রার্থনা, প্রেমভক্তি চন্দ্রিকা প্রভৃতির সুললিত গীতাবলী সুন্দর রূপে পকেট সাইজে মুদ্রিত। ২৫০ পৃষ্ঠার বাধাই মূল্য মাত্র।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

কেশোদ্ভব গুটিকা

সর্ব্ববিধ কেশরোগ অব্যর্থ মহৌষধ।

মস্তকের যে কোন স্থানে ৬ মাস পর্য্যন্ত অনাবৃত অবস্থায় ছোটবড় সমস্ত টাক ঔষধ ব্যবহারে পরিষ্কার হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ।০ আনা, পাঁচটী ৸০ আনা, ডজন ১৵০ আনা।

অফিস—১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

মদন মঞ্জরী

বটিকায় যকৃৎ ও পাকস্থলীর, বৈজ্ঞানিক প্রথায় প্রস্তুত, বলকর, মাদকতাহীন, সুরভি সম্পন্ন, অধিক পরিমাণে আরোগ্য হয়। মূল্য, যকৃৎ, বেদনা দূর করিতে অদ্বিতীয় ঔষধ। মূল্য ১০ বটী ১, ৫০ টাকা।

হাইড্রোসিল বা কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস, এন্, ঘোষ বিনা অস্ত্রে, বা-জীবনের গ্যারাণ্টি দিয়া বৈজ্ঞানিক কারখানায় কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—
১৮ নং ওল্ড ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

১। শূলামৃত

শিরঃশূলের অব্যর্থ মহৌষধ। ১ মাত্রায় উপশম, সপ্তাহে আরোগ্য। মূল্য ৸০ বার আনা, ডাঃ ১।০ আনা। মাশুল পৃথক্।

২। শুক্রাচার্য্য সঞ্জীবনী পোষ্টাই

প্রমেহ ও রক্তদোষের একমাত্র মহৌষধ। মূল্য ১ ডিবা ১।০ আনা। মাঃ পৃথক্।

৩। সন্ন্যাসী-প্রদত্ত অর্শরোগের অব্যর্থ আংটী

আরোগ্য না হইলে মূল্য ফেরৎ। মূল্য ১।০ আনা। মাশুল পৃথক্।

৪। কোষ্ঠ-বান্ধব পীল

অজীর্ণ, পেটফাঁপা, পেটবেদনার মহৌষধ। ডিবা ৸০ আনা। মাশুল পৃথক্

৫। বাতলীন

বাতরোগের মহোপকারী ও সদ্যঃ আরোগ্য। প্রতি শিশি ।০ আ মাশুল পৃথক্।

রবার-ষ্ট্যাম্প প্রস্তুতকারক। সত্বর ক্যাটালগের জন্য পত্র লি

প্রাপ্তিস্থান—মনোমোহন লেবরেটরী

পোঃ উয়ারী, কমলাপুর, ঢাকা

মনোমোহন প্রেস

পূর্ব্ব-বাঙ্গালায় সুলভে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত

বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে

বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

১০নং শাঁখারীপুর, ঢাকা।

মরা মানুষ বাঁচাইবার উপায়



ইলেক্ট্রিক সলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারে ডাক্তার পত্র সহ প্রমাণ প্রাপ্ত হইয়াছে পাইবেন। যাঁহারা অদ্যই এই ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করি দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ও ডাকমাশুল সহ ১০০ টাকা মাত্র।

সোল এজেন্ট—

ডাঃ ডি, ডি, হাজরা।

ডুমেরপুর, খাড়ি-ভিক্ট পোষ্ট, কলিকাতা

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন

কৃষ্ণনগর মায়াপুর নদীয়া প্রিন্টিং ওয়ার্কস হইতে—ডাঃ কৃষ্ণকান্ত ব্রহ্মচারী ভক্তিকুসুম এল্, এম্, এস্, কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

"শ্রীধাম"
"পত্রাঙ্ক-
নবদ্বীপ

Reg No C.1544

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৯৲
অর্দ্ধ কলম ৫৲
সিকি কলম ২৲
চুক্তির হার
স্বতন্ত্র।

দৈনিক দীপ্তি-প্রকাশ

বর্ত্তমান-বার্ত্তাবহ

ভারতের সর্ব্বত্র মঙ্গল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

সাধারণের হার
অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৷৷০
মাসিক ১৲
নমুনা
প্রতি সংখ্যা ৵

৬ষ্ঠ খণ্ড] সম্পাদক—শ্রীঅতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [২য় সংখ্যা

শ্রীচৈতন্যাব্দ শ্রীধাম মায়াপুর - ২২শে ফাল্গুন শুক্রবার ১৩৩৭, ৬ই মার্চ্চ, ১৯৩১

নেতৃবৃন্দের দিল্লী ত্যাগ

গান্ধী-আরউইন সন্ধি সাফল্য মণ্ডিত

সান্ধপত্রে স্বাক্ষর

ওয়ার্কিং কমিটীর সমর্থন—সন্ধির সর্ত্ত প্রকাশ

আশার মধ্যে নিরাশা

প্যালেষ্টাইনে স্বদেশী আন্দোলন

ব্যাঙ্ক হইতে টাকা উধাও

কুষ্টিয়া রেলওয়ে হাঙ্গামার মামলা

বর্ম্মা বিপ্লব নিবারণ বিল

লা কথা

গান্ধী আরউইন সন্ধি

সাফল্য মণ্ডিত

বুধবার বেলা ২-৩০ টার সময় দিল্লী হইতে ডাঃ বিধানচন্দ্র রায় টেলিফোন যোগে খবর দান যে, গান্ধী-আরউইন আলোচনা সাফল্যমণ্ডিত হইয়াছে। উভয় পক্ষই সন্ধিতে সম্মত হইয়াছেন।

ওয়ার্কিং কমিটীর সমর্থন

সন্ধির সর্ত্ত প্রকাশ

গত ৪ঠা মার্চ্চ ওয়ার্কিং কমিটীর বৈঠকে গান্ধী-আরউইন সন্ধি প্রস্তাব আলোচিত হইয়াছে এবং তাহা সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হইয়াছে। তাহার পর মহাত্মা গান্ধী বড়লাটের বাড়ীতে গমন করেন ও সন্ধিতে সর্ত্ত সমর্থিত হয়। ঐ বিষয় নাকি খুব দীর্ঘ হইবে।

বড়লাটের গৃহাভিমুখে মহাত্মা

৪ঠা মার্চ্চ সকাল পৌনে ১২টার সময় মহাত্মা গান্ধী বড়লাটের বাড়ী অভিমুখে যাত্রা করেন—একদিন যাবৎ যে সন্ধি আলোচনা চলিতেছে, তাহা শেষ করাই মহাত্মাজীর গমনের উদ্দেশ্য।

প্রকাশ, সার তেজ বাহাদুর সুপ্রুর ও জয়াকর বড়লাটের সহিত সাক্ষাৎ করেন এবং সন্ধির একখানি খসড়া সঙ্গে করিয়া ডাক্তার আন্সারীর বাড়ীতে দিয়া আসেন। ঐ সন্ধি সম্পর্কে মহাত্মা গান্ধী ও লর্ড আরউইন এক মত হইয়াছেন। অতঃপর ওয়ার্কিং কমিটির সভায় উপস্থিত করা হয় এবং ৩ ঘণ্টাকাল আলোচনার পর ওয়ার্কিং কমিটির সদস্যগণ ইহাতে সম্মত হন।

নেতৃবৃন্দের দিল্লী ত্যাগ

৪ঠা মার্চ্চের সংবাদে প্রকাশ ওয়ার্কিং কমিটির সদস্য মিঃ যেরাওয়ালা এবং শ্রীযুত শ্রীপ্রকাশ যুক্তপ্রদেশে রওনা হইয়াছেন। শ্রীযুত বল্লভভাই প্যাটেল বোম্বাইয়ে এবং পণ্ডিত জবাহরলাল নেহেরু এলাহাবাদ যাত্রা করিবেন।

ডাঃ এম. এ. আন্সারী, মিঃ কে, এম, সেনগুপ্ত এবং শ্রীমতী নাইডু আরও দুই একদিন সেখানে থাকিবেন।

সন্ধীপত্রে মহাত্মা ও

বড়লাটের স্বাক্ষর

বুধবারের সংবাদে প্রকাশ মহাত্মাজী পত্র লইয়া বড়লাটের বাটীতে গিয়াছেন—তথায় বড়লাট ও মহাত্মাজী উভয়ে ঐ সন্ধিপত্রে স্বাক্ষর করিবেন। [illegible] উহা প্রকাশের পূর্ব্বে ওয়ার্কিং কমিটির নিকট হইতে উহা সমর্থন করাইয়া লওয়া হইবে।

প্রকাশ, প্রাদেশিক গবর্ণমেণ্ট-সমূহের নিকট হইতে রাজনৈতিক বন্দীদের তালিকা চাওয়া হইয়াছে। রাজবন্দীদের মুক্তি প্রদান, মামলা ও অর্ডিন্যান্স প্রত্যাহার প্রভৃতি কার্য্যের জন্য প্রাদেশিক সরকার-সমূহকে প্রস্তুত থাকিতে বলা হইয়াছে।

আশার মধ্যে নিরাশা

বিশ্বস্তসূত্রে প্রকাশ স্বরাষ্ট্র বিভাগের সেক্রেটারীর সহিত সাতদিন ব্যাপী আলোচনার পর মহাত্মা গান্ধী প্রত্যাবর্ত্তন করিলে আলোচনার ফলাফল কংগ্রেস মহলে উদ্বেগ প্রদান করে। গান্ধীজীর সাম্প্রতিক তারিখের দুইটি বিষয় লইয়া আলোচনা হয়। তাহাতে কমিটির একজন সদস্য প্রকাশ [illegible] তবে বিশেষ [illegible] হইয়াছে, [illegible] হইয়া গিয়াছে, তবে [illegible] কোন কথাবার্ত্তা [illegible] মহাত্মা গান্ধী সার তেজ [illegible] শ্রীযুত জয়াকর [illegible] সহিত সাক্ষাৎ [illegible]। তিনি বিষয়ের [illegible]

বিবিধ সংবাদ

কুষ্টিয়া রেলওয়ে হাঙ্গামার মামলা

নিখিল ভারত কংগ্রেস কমিটির সদস্য মৌলবী সামছুদ্দোজা আমেদের অধ্যক্ষতায় কুষ্টিয়া রেলওয়ে হেলমেন ও ষ্টেশন মাষ্টারদের ধর্ম্মঘটের সময় এবং তৎপর সাম্প্রদায়িক অশান্তি সম্পর্কে তদন্ত করা হইতেছে। গত রবি বার হইতে মহকুমা হাকিমের এজলাসে ইহাদের সাক্ষ্য গ্রহণ করা হইতেছে।

শ্রীযুক্ত পুলিন বিহারী ধর কারামুক্ত

ঢাকা জেলা কংগ্রেস কমিটির ভূতপূর্ব্ব সভাপতি শ্রীযুক্ত পুলিন বিহারী ধর গত ৭ই মার্চ্চ এক বৎসর কারাদণ্ড ভোগ করিয়া মুক্তিলাভ করিয়াছেন। ঐ দিন তাঁহার মুক্তি উপলক্ষে ঢাকা জেলা কংগ্রেস কমিটির পক্ষ হইতে শ্রীযুক্ত জ্ঞানাঞ্জন নিয়োগী প্রমুখ কয়েক জন নেতা জেলের দ্বারে উপস্থিত থাকিয়া তাঁহাকে অভ্যর্থনা করিয়া আনিয়াছেন।

মাদ্রাজে মহিলাদের জয়

গত ৩রা মার্চ্চ যে সকল মহিলা সিলেক্টরের কার্য্যভার গ্রহণ করিয়াছেন তাঁহাদিগকে গত শনিবার মাদ্রাজের এক্সপ্রেস যে গেম্ খেলার লইয়া যাওয়া হইয়াছে, সেণ্ট্রাল ষ্টেশনে অবস্থান লোক সমবেত হইয়াছিল, তন্মধ্যে বহু মহিলাও ছিলেন কিন্তু মহিলা মাদ্রাজ গভর্ণমেণ্ট বেতিন ষ্টেশনে দেখা যাইত না, সেখান হইতে তাঁহাদিগকে ট্রেণে উঠান হয়। কর্তৃপক্ষের এই ব্যবস্থার পূর্ব্ব হইতে বুঝিতে পারিয়া বহু লোক উক্ত ষ্টেশনেও সমবেত হইয়াছিল। সেখানে পুলিসেরও খুব আঁটাআঁটি ছিল। "খাকীকোকি জয়" ধ্বনির মধ্যে মহিলাগণ ট্রেণে আরোহণ করেন।

প্যালেষ্টাইনে স্বদেশী আন্দোলন

বৃটিশ প্রধান মন্ত্রী মিঃ ম্যাকডোনাল্ড সম্প্রতি তাঁহার নিকট যে পত্র লিখিয়াছেন তাহার বিষয় আলোচনা করিবার জন্য আরব সমিতির এক সভা হইয়াছিল। বহুক্ষণ ব্যাপী বিতর্কের পর স্থির হয় যে, প্যালেষ্টাইনে স্বদেশী আন্দোলন চালাইতে হইবে।

আরও সিদ্ধান্ত করা হয় যে, ইহুদীদিগের সহিত আপোষ মীমাংসার কোন আলোচনা করা হইবে না ইহুদীগণ ইতিমধ্যে আবার বহুত আন্দোলন আরম্ভ করিবেন।

ইহুদীগণ পণ্য বর্জ্জন করিয়া আরবগণ বস্তুতঃ গত ১৯২১ খৃঃ হইতে প্রতিনিয়ত তাহার জন্য বিশেষ চেষ্টা করিতেছিল।

ইহুদীদিগের বাসস্থানের জন্য এখনও প্যালেষ্টাইনে জমি ক্রয় করা হইতেছে। এই কারণে জমি ক্রয় বন্ধ করিবার জন্য গবর্ণমেণ্টের নিকট আবেদন করা হইবে।

বরিশালে বিস্ফোরক দ্রব্যের ছের

মিঃ লিস্টনহেম বাঙ্কটে এলুমিনিয়াম পাত্রে বিস্ফোরক দ্রব্য রাখা সম্পর্কে কোতোয়ালী থানার ভারপ্রাপ্ত কর্ম্মচারীর নিকট রিপোর্ট প্রদান করিবার জন্য সহরের কয়েকজন মুদ্রকের উপর সমন জারি হইয়াছে। কয়েকজন মুদ্রক থানায় উপস্থিত হইয়া রিপোর্ট প্রদান করিয়াছে। তেজুরী বাজার মোসাম্মৎ আমেনা কুরির আর্টিষ্টের ছই ভ্রাতা মেসর্স কুমার আর্টিষ্ট এবং বিপুল চন্দ্র আর্টিষ্ট ও থানায় উপস্থিত হইয়া বর্ণনা প্রদান করিয়াছেন।

কংগ্রেসের প্রতিশ্রুতি পত্রে স্বাক্ষর

নিখিল ভারত কংগ্রেস কমিটীর সম্পাদক জানাইয়াছেন যে, নিম্নলিখিত বিধানমূহ কংগ্রেসের প্রতিশ্রুতিপত্রে স্বাক্ষর করায় তাহাদের বিরুদ্ধে বঙ্গীয় আইন প্রয়োগ করা হইয়াছে, তাহাদের সিটি কলেজ কউন্সিল ও কালকাতা করপোরেশন কউন্সিল ঢাকার ঢাকেশ্বরী কউন্সিল মিল এবং আমার একটী কাপড়ের কল।

মাদারীপুরের মেসার্স সি আহাদ এণ্ড সন্সের নিকট হইতে সম্প্রতি এক চিঠী আসিয়াছে। তাহাতে মেসার্স সি আহাদ এণ্ড সন্স কংগ্রেসের প্রতিশ্রুতিপত্রে স্বাক্ষর করিতে সম্মতি জ্ঞাপন করিয়াছেন। ঐ সম্বন্ধে কথাবার্ত্তা চলিতেছে। স্বাক্ষরিত প্রতিশ্রুতিপত্র পাওয়া গেলেই নিষেধাজ্ঞা প্রত্যাহৃত হইবে ঐ ফার্ম্মের একজন অংশীদার আজন আন্দোলন সম্পর্কে এখানে কারাগারে রহিয়াছেন, সেই হেতু ফার্ম্ম সংক্রান্ত বিষয়ের অভাব জন্য ফার্ম্মের নাম বয়কট তালিকাভুক্ত করা হইয়াছে।

ব্যাঙ্ক হইতে টাকা উধাও

এজন্য সংবাদ পাওয়া গিয়াছে যে ইম্পিরিয়াল ব্যাঙ্কের স্থানীয় শাখা হইতে ১২০০ টাকা উধাও হইয়াছে। আরও প্রকাশ যে, ঐ টাকা ৭ ভোটের তাড়াতাড়ি চট্টগ্রাম কাপেটারী কাপেটের বিলের ছিল এই সংবাদ পাইবামাত্র পুলিশ কর্ম্মচারিগণ তদন্তকার্য্য করিয়া কাহারা বিলের নিয়া গিয়াছে তাহা উপস্থিত করিতে।

ধর্ম্মঘট বিল্লব নিবারণ বিল

গত ৩রা মার্চ্চ বঙ্গীয় ব্যবস্থাপক সভায় ৭ ভোটের আধিক্যে সংশোধিত ফৌজদারী আইন বিল নামঞ্জুর হইয়াছে। বর্ত্তমান বিপ্লব নিবারণ অভিনান্সটিকে সাধারণ আইনে পরিবর্ত্তিত করিবার জন্য সরাই সাহেব এই বিল উত্থাপন করিয়াছিলেন।

"বাঙ্গলার বিপ্লববাদীদল" সরকারী সদস্যের বর্ণনা

গত ৩রা মার্চ্চ বঙ্গীয় ব্যবস্থাপক সভায় "বঙ্গীয় ফৌজদারী আইন সংশোধন বিল" সম্বন্ধে মুলতুবী আলোচনা আরম্ভ হয়। মিঃ হকি এক আবশ্যকীয় কাজ উপলক্ষে বলেন,—সেজন্য এই বিল সম্বন্ধে আলোচনা করিতে পারিবেন না, এই বিলে উল্লিখিত একটী মামলা এখন বিচারাধীন, সেজন্যই এই আপত্তি জানাইতেছেন।

কর্ণেল ক্রেসেনোর্থ বলেন, তিনি ১৯২২ খ্রীষ্টাব্দ হইতে বঙ্গীয় বিপ্লববাদীদলের ক্রমোন্নতি লক্ষ করিতেছেন। ১৯২৩ খ্রীষ্টাব্দে কয়েকজন বিপ্লবী নেতা বঙ্গীয় আইন সভা এবং ইন্দ্রপুরে ইহাদের গ্রুপ নিয়ে স্থাপন করেন। ১৯২৮ সালে ফোর্ট উইলিয়াম কাণ্ড ঘটে। বিপ্লবীদল স্থির করে যে, সন্ত্রাসবাদের বিভীষিকা মূলক কার্য্য অনুষ্ঠিত করিবার সময় উপস্থিত হইয়াছে। বক্তৃতার মধ্যে ইহা আলোচনা হোলস্ বয়।

মিঃ এস, আই, খাঁ বিলের প্রতিবাদ করিয়া বলেন, কথাকথিত বিপ্লবী-দলের কার্য্যাবলীতে কি গবর্ণমেণ্ট, আর কি জনসাধারণ—কেহই বিপন্ন হইয়া পড়ে নাই। মিঃ সি, এন, রায় বলেন, তাঁহার মনে হয়, গবর্ণমেণ্ট মিঃ এডওয়ার্ড টমসনের প্রায় উদ্ভট কল্পনা হোলে দুঃ গড়েছেন।

সার অস্কার তুষমান মিলের বিলটির সমর্থন করেন। সভাস্থলে মিঃ আর, কে, ঘোষ; ইউ, বাসেল; ইউ, মিঃ মং গাং এবং ইউ, বা, সেন বিলের প্রতিবাদ করেন।

বিলটি সম্বন্ধে আলোচনা আরম্ভ হইয়—এই প্রস্তাব ভোটে দেওয়া হইলে ৩৯—৪৬ ভোটে উহা অগ্রাহ্য হয়।

ব্রহ্ম বিচ্ছেদের প্রতিবাদ

বিশ্ব উন্নয় কাউন্সিল হইতে ব্রহ্মদেশকে বিচ্ছিন্ন করিবার প্রস্তাবের তীব্র প্রতিবাদ করিয়াছেন তিনি বলেন যে, উহা আমার দেশ হইতে স্বতন্ত্র ভিন্নাইয়া রাখার সামিল হইবে ব্রহ্মদেশ ভারতবর্ষ হইতেই আয় ধন ও সভ্যতা প্রাপ্ত হইয়াছে। যদি একবার উহা ভারতবর্ষ হইতে বিচ্ছিন্ন হয় তাহা হইলে ঐ দেশ একটী ব্রিটিশ উপনিবেশে পরিণত হইবে এবং ইংরাজগণ অবাধে উহার ধনসম্পদ আহরণ করিতে পারিবে।


ধর্ম্মঘট সংক্রান্ত আইনের পাণ্ডুলিপি প্রত্যাহৃত

শ্রমিক ও ধনিকের বিরোধ সংক্রান্ত আইন পরিবর্ত্তন করিয়া সাধারণ ধর্ম্মঘট করা বে-আইনী করিবে না, এই বিধান করিবার জন্য ম্যাকডোনাল্ড গবর্ণমেণ্ট কমন্স সভায় এক আইনের পাণ্ডুলিপি উপস্থিত করিয়াছিলেন। কমন্স সভার ষ্ট্যাণ্ডিং কমিটিতে আলোচনা করার সময় এই বিধান সম্বন্ধে সরকার পক্ষ পরাজিত হন। গবর্ণমেণ্টের শেষ সিদ্ধান্ত জানিবার জন্য তখন কমিটির অধিবেশন মুলতুবী রাখা হয়। অতঃপর সংবাদ পাওয়া গেল যে, শ্রমিক গবর্ণমেণ্ট আপাততঃ উক্ত আইনের পাণ্ডুলিপি প্রত্যাহার করিয়াছেন।

বৈঠকে কংগ্রেসের যোগদান ইচ্ছামত প্রস্তাব উঠাইবার অধিকার

নূতন গোলটেবিল বৈঠকে কিরূপ পদ্ধতিতে কাজ আরম্ভ করিবে তাহা নির্ণয় করিবার জন্য কংগ্রেস নেতৃবৃন্দ এখনো বিশেষ ভাবে ব্যাপৃত আছেন।

কংগ্রেস মহলের অভিমত এই যে তাঁহারা গোলটেবিল বৈঠকে যোগদান করিবেন। মাঝের সর্ত্তগুলি প্রত্যাখ্যান হইলে এই সমস্ত সর্ত্ত অনুসারে বৈঠকে আলোচনার বিষয় পূর্ব্বাপেক্ষা ব্যাপক হইবে এবং সম্ভবতঃ তাই, গবর্ণমেণ্ট পরিষ্কার ভাবেই কারাবন্দীর মুক্তির, এবং আইন সম্বন্ধে বিশেষ সংরক্ষণ ব্যবস্থা উঠাইবার বিষয়ে আলোচনা হইবে। প্রকাশ, এই সম্মেলনে কংগ্রেস নেতৃবৃন্দ বৈঠকে যাইবার সম্পর্কে যে কোন নূতন প্রস্তাব উঠাইতে পারিবেন।



শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠবার্ত্তাবহ

শ্রীগৌরাব্দ আত্মারাম্পুত্র - ২২শে ফাল্গুন, শুক্রবার—১৩৩৭

পরিক্রমা-প্রসঙ্গ

পাঠকগণ অবগত আছেন যে, গত ১৫ই ফাল্গুন শুক্রবার দিবস ঔর্দ্ধিকপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের নিয়ামকত্বে সঙ্কীর্ত্তন পৌরাণী কোলদ্বীপ পরিক্রমা করিয়া অপরাহ্ণ ৩॥ ঘটিকার সময় চম্পহট্ট শ্রীগৌরাঙ্গমন্দির মঠে উপস্থিত হন। বেলপথে গমন করা হওয়া সত্ত্বেও যাত্রিগণের তাহাতে কোন ক্লেশের লক্ষণ পরিলক্ষিত হয় নাই। প্রথমে কিয়ৎকাল বিশ্রাম করিয়া নামাদি সমাপন পূর্ব্বক শ্রীগৌরাঙ্গমন্দিরের প্রাঙ্গণে কীর্ত্তন করিতে করিতে সকলেই মহাপ্রসাদ সম্মান করিলেন।

শ্রীগৌরাঙ্গমন্দিরের সম্মুখস্থ প্রাঙ্গণের পশ্চিমের সম্মুখস্থ প্রাঙ্গণের পশ্চিমে একটী বিরাট সভা হইয়াছিল। ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিবেক ভারতী মহারাজ সেই সভার মধ্যে অধিষ্ঠিত হইয়াছিলেন। শ্রীগৌরসুন্দরের প্রীতির জন্য যাহাতে ঐকান্তিকের পুণ্য নবদ্বীপের ঐতিহাসিক অবস্থা, চম্পহট্ট আকর মল্লিকী পুরীধাম প্রভৃতি সম্বন্ধে সমস্ত লোকের সম্যক্ উপলব্ধি হয়, এই উদ্দেশ্যে করিয়া শ্রীগৌরাঙ্গ-সেবাশ্রম সঙ্ঘের সম্পাদিকা শ্রীযুক্তা সরযূ দাসিকা, বি-এ মহোদয়া কোলে শিশু ভ্রাতাকে রক্ষা করিবার জন্য তাঁহার মাতৃদেবীর মনুরোধে তাঁহার শ্রীকণ্ঠস্থ মধুর সঙ্গীতে [illegible] শ্রীগৌরাঙ্গমন্দির নিকট [illegible] ত্রিদণ্ডিস্বামী ও সন্ন্যাস প্রভৃতি শ্রীমদ্ভক্তিপ্রপন্ন অধিকার আলোকিক ইতিহাসের কথা [illegible] প্রদর্শন পূর্ব্বক বিস্তারে ব্যাখ্যা করিয়া সকলকে বুঝাইয়া দেন। উপস্থিত জনমণ্ডলী তাহাতে বিশেষ প্রীতি লাভ করিয়াছিলেন। তদনন্তর মহাপ্রসাদ সম্মান করিয়া সন্ধিলেই সেই রাত্রি তথায় বিশ্রাম লাভ করেন।

১৬ই ফাল্গুন শনিবার দিবস প্রাতঃকালে গৌরপার্ষদের মঙ্গলারাত্রিকের পর বহুক্ষণ প্রাতঃস্বরে পদাবলী কীর্ত্তন হয়। সেই দিবস আকাশ মেঘাচ্ছন্ন হইয়া অল্প অল্প বৃষ্টি পতিত হইতেছিল। যাত্রিগণ মহাপ্রসাদ সম্মান-পূর্ব্বক কিয়ৎক্ষণ বিশ্রাম করেন। অপরাহ্ণ ৩ ঘটিকার সময় আকাশ পরিষ্কার হইলে পরিক্রমার শোভাত্রা চম্পহট্ট শ্রীগৌরমন্দিরের মন্দির হইতে বহির্গত হইয়া জলপথে পরিক্রমা করিতে করিতে সমুদ্রগড় স্থানে উপস্থিত হন। সেই একটী বৃক্ষতলে যাত্রিগণ সকলেই উপবেশন করিলে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তি-সর্ব্বস্ব গিরিমহারাজ কীর্ত্তনমুখে প্রায় এক ঘণ্টাকাল শ্রীমদ্বিশ্বম্ভর-প্রসঙ্গে কৃষ্ণভক্ত শ্রীমদ্ভক্ত সেন রাজার বিবরণ পাঠ করেন। প্রসঙ্গক্রমে 'সমুদ্রগড়' ও 'চম্পহট্ট' নামের কারণ এবং মাহাত্ম্যও সকলেই উপলব্ধি করিয়াছিলেন। শ্রীমন্মহাপ্রভু তথায় অন্তরঙ্গ পার্ষদ স্বরূপ-রামানন্দের সহিত রাত্রিদিন যে ইষ্টগোষ্ঠীসুখের রস আস্বাদন করিতেন, সেই 'ইষ্টগোষ্ঠী-প্রসঙ্গ' মহাকবি শ্রীকৃষ্ণদাস কবিরাজ চম্পহট্ট বাসকালে লিখিয়াছিলেন। শ্রীভক্তগণ ও শ্রীমন্মহাপ্রভুর মনোভীষ্ট আস্বাদী, পণ্ডিত কস্তুরী, মাস, মঞ্জিষ্ঠা, কাচ, মণি প্রভৃতি বাহ্যদৃষ্টিতে সম, পরীক্ষায় ঐক্যজ্ঞানে, গোরাঙ্গ পদাদি সঙ্কীর্ত্তন [illegible] বর্ণন করিতে লাগিলেন।

অনন্তর ত্রিদণ্ডিস্বামী শ্রীভক্তি প্রকাশ অরণ্য মহারাজ ১৭ই রাত্রিবারের মহাপ্রসাদ সম্মান করিয়া 'ঐকৃষ্ণচৈতন্য-পরিক্রমা-প্রসঙ্গ' সম্বন্ধে যে আলোচনা করিয়াছিলেন তাহা পরিক্রমার সঙ্গীগণ শোভাযাত্রা পুনরায় গৌরপার্ষদমঠে উপস্থিত হন।

যাত্রিগণ চম্পহট্ট শ্রীগৌরমন্দিরমঠে পৌঁছিলে মন্দির প্রাঙ্গণে মহাজন-পদাবলী কীর্ত্তনারম্ভ হয়। প্রথমে শ্রীগৌরাঙ্গমন্দিরের সন্ধ্যারাত্রিক সম্পন্ন করিয়া ভক্তগণ পাঠ-কীর্ত্তনের আয়োজন করিতে লাগিলেন। কিন্তু তখন আকাশ মেঘাচ্ছন্ন হইয়া অল্প অল্প বৃষ্টি পড়িতে আরম্ভ হইল। ক্রমে বৃষ্টি ঘন হওয়ায় সেই রাত্রিতে পাঠ-কীর্ত্তন বন্ধ থাকিল। স্থানাভাবে ও অত্যধিক বৃষ্টি হওয়ার দরুণ পরিক্রমার যাত্রিগণের বিশেষ অসুবিধা হওয়ায় কারণ পরিলক্ষিত হইলে চম্পহট্ট গ্রামের অধিবাসিগণ যাত্রিগণকে সুবিধাজনক বাসস্থান প্রদান করিলেন। এত কষ্ট স্বীকার করিয়াও যাত্রিগণ শ্রীগৌরধাম পরিক্রমার যেরূপ উৎসাহ ও আনন্দ প্রকাশ করিয়াছেন, তাহাতে তাঁহাদের শ্রীগৌরনিষ্ঠা ও শ্রীহরি গুরু-বৈষ্ণবের প্রতি একান্ত সুধার জাজ্বল্যমান নিদর্শন পাওয়া গিয়াছে। আমরা তজ্জন্য যাত্রিগণকে অশেষ ধন্যবাদ প্রদান না করিয়া থাকিতে পারিতেছি না।

১৭ই ফাল্গুন রবিবার পূর্ব্বাহ্ণ প্রায় ৯ ঘটিকার সময় পরিক্রমার সঙ্কীর্ত্তন-শোভাযাত্রা চম্পহট্ট শ্রীগৌরাঙ্গমন্দির হইতে বহির্গত হইয়া বিদ্যানগরাভিমুখে অগ্রসর হন। সম্মুখে শিখাবেষ্টিত মৃদঙ্গধারী ও শ্রীহরিকীর্ত্তনকারিগণ, তৎপশ্চাতে ধ্বজাদণ্ড হস্তে, 'শ্রীগৌরাঙ্গমহাপ্রভুর পরিক্রমা' নামাঙ্কিত পতাকা, শ্রীগৌরাঙ্গ ও শ্রীমন্মহাপ্রভুর মনোভীষ্ট আস্বাদী, পণ্ডিত কস্তুরী, মাস, মঞ্জিষ্ঠা, কাচ, মণি প্রভৃতি বাহ্যদৃষ্টিতে সম, পরীক্ষায় ঐক্যজ্ঞানে, গোরাঙ্গ পদাদি সঙ্কীর্ত্তন [illegible] বর্ণন করিতে লাগিলেন।

ক্রমে পরিক্রমার যাত্রিগণ শ্রীগৌরাঙ্গমন্দিরের সম্মুখস্থিতে উপস্থিত হইলেন। এইস্থানে শ্রীমন্মহাপ্রভুর সমবয়স্ক ও সহপাঠী নিত্যসঙ্গী সার্ব্বভৌম ভট্টাচার্য্য মহাশয়ের বিদ্যালয় স্থাপন করি। [illegible] ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিলাস তীর্থমহারাজ মহাশয় যাত্রিগণের মনঃসন্তোষ সম্পাদনের জন্য প্রায় দেড় ঘণ্টাকাল চম্পহট্ট নামের ও শ্রীমন্মহাপ্রভু ও শ্রীনিত্যানন্দ সার্ব্বভৌম ভট্টাচার্য্য প্রসঙ্গ কীর্ত্তন করিয়া বিদ্যানগরের মাহাত্ম্য প্রকাশ করেন। তদনুসারে সমবেত যাত্রিগণ বিশেষ প্রীতি লাভ করিয়াছিলেন।

সঙ্কীর্ত্তন শোভাযাত্রা তথা হইতে শ্রীনিত্যানন্দপাটবিমুখে অগ্রসর করিয়া পরিক্রমা ঔদ্ধত্যপাদ পরিক্রমা ও যথা বিহিত পাঠ-কীর্ত্তন করিয়া বেলা প্রায় দুই ঘটিকার সময় মামগাছি গ্রামে উপস্থিত হইলেন। সেই দিবস শ্রীহরিবাসর ছিল। যাত্রিগণ শুদ্ধভক্তসঙ্গে হরি-গুরু বৈষ্ণবের নাম-গুণ-লীলাদি কীর্ত্তন করিতে করিতে হরিদাসের পাদপদ্ম করি লাভিলেন।

শ্রীশ্রীগৌরজন্ম-মহোৎসব

(লেখিকা শ্রীমতী সুষমা দেবী)

(১)

দিগ্বিদিক্ পূর্ণ করিয়া
উঠিতেছে জয়রোল।
সর্ব্বজীবের বেদনার শেষ
আজি। অনন্তর্ধ্বনি
করি কারিগণ চরিল চৌদিকে।
ধীরের মানসপুর।
দীপিত জাহ্নবী সলিলে জ্বলে,
ওগোন গৌরচন্দ্র।
ভকতি তখন থাকিতে নেত্র
করিয়া সবধানে।
গোলোকের নিধি নিজজনসনে
বিলাস ইহার তরে।
মানবের ঘোর আঁধার নাশিতে
আসে [illegible]
জ্ঞান গোপীনাথ [illegible] শাসনে
দুরাচার নিষ্কলঙ্ক।
[illegible] অবতারে ধরা ধন্য হয়ে
আনন্দিত ত্রিভুবন।
কলঙ্কীকুলে হাসায়ে, আমরা
হারাই যে শচীমায়।
বঞ্চিতজন, বঞ্চিতজনে নিয়ে
চলিল অমৃত ধাম,
ভক্তবৃন্দ নিয়ে সুখে এপারে
বাজে সে আনন্দে।
দেবের দুর্লভ [illegible] পরিতে গৌরহরি।
পাতকীর আজি নাহি [illegible] নিজ সঙ্কীর্তন।
উঠে ভরি ধরণীর ভক্তকণ্ঠে,
[illegible] করতাল।
[illegible] মৃদঙ্গ মন্দে
মধু [illegible]
শত ইন্দুজন মুখ করি ম্লান
সমুদিত গৌর শশী।
প্রভু গুরুবাণি প্রকাশ-পুলকে
বিকল গৌরহরি।

(২)

ভকত-মানস-ভকোর আজিকে
নব সুধাপানে মত্ত।
"দাসটী পূরিয়া" ধন্য হইল
লভিয়া অতুল [illegible]
(গোরার) [illegible] "
সুখে ভরপুর হয়।
শতবীচিচয় নাচিয়া নাচিয়া
প্রভুগুণগাথা গায়।

আজি কি বিপুল পুলক-প্রবাহ,
এ কি আনন্দ-রোল।
মধু-মাধবের জনম মধিয়া
একি কল-কল্লোল !!
শিহরিল গাত্র উল্লাস-প্রীতি
তুলিয়া পঞ্চম তান।
চূতমঞ্জরীর পেলব-সুরভি
অবধ করিছে দান॥
অযুত কুসুম উঠেছে বিকশি'
ভরিয়া সুবাস ধন।
অমল প্রাণের পূত উপচারে
পূজিবারে শ্রীচরণ॥
মধুস্বরে মাধবের বীণকার
সুললিত গান গায়।
গৌরচাঁদের বাজন করিয়া
মলয় অনিল বয়॥
পশিয়া রবিরে সুধার সুধারা
নব উল্লাসময়।
রাজ-রাজেশের বৈতালিক সে যে !
মধুর বন্দনায়॥
আজি উতরোল মাধবী রজনী
লভিয়া গৌরাঙ্গশশী।
চাঁদিমার আলো কোটী গুণ করি'
গৌরের অমিয়-হাসি॥
যত কিছু শোভা আছে ধরণীতে
মধুর মধুতর।
সকল মাধুরী সার্থক তার
সেবিয়া প্রাণেশ্বর॥
মহা যোগপীঠ শচীর অঙ্গনে
অযুত বিজলী ছিরা।
বেদেও গাহিছে প্রভু-গুণ-গাথা
এক চিত্তের সুরা নিয়া॥
সে তরল রসে পূর্ণ অবনী
আকুল গো চরাচর॥
যে যথায় ছিল পামর অধম
আসে কৃপা-বৃষ্টিভর॥
মহাপ্রসাদ পাই' ধামবেণু সেবি'
মানব জীবন ধন্য।
পূর্ণ হইল রিক্ত প্রাণের
আধার সকল শূন্য॥

কোটি বৈষ্ণব বুঝে গোরা ভজে
অন্তরে বিষম ভিন্ন।
সরল বিশ্বাসী অন্তরে উল্লাস,
ঘটায়ে ভাইল ভেদ॥
ছিন্ন করিয়া শাঠ্যের কুটক
বাঁধিতে আরোহ জন।
নিত্যানন্দের অভিন্ন স্বরূপ
[illegible] মহাজন॥
ভাগ্যবন্ত তারে বলে তাঁহারো
শ্রীবিগ্রহ সেবারে পেট।
[illegible] প্রধানে' গুরুদেব সাজি'
[illegible] অর্থে ভরে না পেট।

শ্রীধাম-বিরোধী ধর্ম্মধ্বজী দল
মিথ্যা নিশান বহি'।
শ্রীগৌর বিদ্বেষ ঘোষিছে ধরায়
অসত্য বাণী কহি'॥

(এবে)

সাধুর মুখোস পড়েছে খসিয়া
স্বরূপ উদ্ঘাটিত !
বঞ্চক বাণী শোনে না জগৎ
শ্রীনামে শরণাগত॥

(আজ)

নিতাই কৃপার সুকৃত মানব
পাইয়া অমূল্য ধন।
শ্রীগৌরহরির রাতুল চরণে
করে আত্ম-নিবেদন॥
জয় 'শ্রীসিদ্ধান্ত সরস্বতী' জয়
পতিতপাবন তুমি।
তব কৃপাবলে প্রতিটি পৃথিবী
পতিতের তুমি স্বামী॥

শ্রীল অদ্বৈত প্রভুর বন্দন

অদ্বৈতাচার্য্য বন্দি শান্তিপুর-নাথ।
যাঁহার সেবনে জানি অদ্বৈত-তত্ত্ব॥
যাঁহার হুঙ্কারে হৈ হরির অবতার।
উপাদান-কারণ অদ্বৈত-তত্ত্ব সার॥
তটিস্থত্ব-প্রকাশে সে জ্ঞানের স্বভাব।
ভক্তি বিনা জানী নাহি হয় কভু সম্ভব॥
অন্তরজ্ঞানে কৃষ্ণ হন সম্বন্ধ স্বরূপ।
সেবাবিগ্রহ তিনি সচ্চিদানন্দরূপ॥
চিন্ময় বৈভব কৃষ্ণটৈতন্য-স্বরূপ।
আদ্যব্রহ্মাত্ম—কৃষ্ণের বপুরিন্দ্রিয়-রূপ॥
মূলে কৃষ্ণ—ব্রহ্ম শেষ উপাদান-কারণ।
কারণ-উপাদান হৈতে তথাপি বিভিন্ন॥
জগৎ নহে বিষ্ণু, বিষ্ণু হৈতে ভিন্ন নহে।
কৃষ্ণসেবার উপকরণ, বেদে ইহা কহে॥
ত্রিবিধ চিন্ময় উপাদানের সঞ্চার।
অদ্বৈত-চিচ্ছায় কহ,—এই তত্ত্ব-সার॥
কাজের উদ্যমে হয় কৃষ্ণের অবতার।
বদ্ধজীবের নহে কৃষ্ণসেবায় অধিকার॥
কৃষ্ণসেবা প্রদানের কৃষ্ণ—অধিকারী।
গুরুরূপে অবতীর্ণ কৃষ্ণ গৌরহরি॥
অদ্বৈতের কৃপা ইহা জানি সুনিশ্চয়।
বদ্ধজীব-উদ্ধারের অদ্বৈত উপায়॥
অদ্বৈত মোহরে জীবে, অদ্বৈত উদ্ধরে'।
—এই গূঢ় তত্ত্ব কেবা বুঝিবারে পারে ?
জীবের জ্ঞান-অজ্ঞানের কারণ—অদ্বৈত।
তথাপি অজ্ঞ নী নাহি জানে তাঁর তত্ত্ব॥
অদ্বৈতের তত্ত্ব-তত্ত্ব কৃষ্ণবহির্ম্মুখ।
অদ্বৈতে না মানি' সবে পায় মহা-দুঃখ॥
এই দুঃখে অদ্বৈত আপনে অবতরি'।
প্রকাশেন নিজতত্ত্ব আপনি আচরি'॥
অদ্বৈত-তত্ত্ব মানে', বিষ্ণু নাহি পূজে'।
সেই অধম অদ্বৈত-তত্ত্ব কভু নাহি বুঝে'॥
মহা-বিষ্ণু অদ্বৈত— সর্ব্বজীব-পূজ্য।
জীবে ঈশ্বরে নহে সম্বন্ধ-সাযুজ্য॥
যদ্যপি শিব হ'ন মায়া-শক্তিধর।
তথাপি জীব নহে সমকক্ষ তাঁর॥
মায়ার অধীন সদাশিব কভু নহে।
মায়া-বশ্য জীবে অহঙ্কারে মাত্র মোহে'॥
বিষ্ণু-তত্ত্বের আভাস অচিন্ত্যশক্তি-ক্রমে।
মায়ার সহিত যবে বিহরয়ে রঙ্গে॥
তবে শিব-শক্তি-তত্ত্বের হয় ত' উদয়।
শিব-শক্তি অহঙ্কারের মূলীভূত হয়॥
জড়-অহঙ্কার-তত্ত্ব ছোড়ে অভিমানে।
আপনারে মায়ার কর্ত্তা করি' জানে'॥
বস্তুতঃ সদাশিব বিষ্ণু-তত্ত্ব হন।
কৃষ্ণের ইচ্ছায় মায়ার সহিত রমণ॥
মায়া-সঙ্গে শিবের হয় ত' মিলন।
অধিকারী বিষ্ণুদাস হন অগ্রগণ্য॥
বৈষ্ণবপ্রধান শম্ভু সেবা নাহি মানে'।
মঙ্গল শঙ্করত্ব কভু নাহি জানে॥
সদাশিব হন, ভাই, মহা-বিষ্ণু-অংশ।
বিষ্ণুর ইচ্ছায় জীবের বিকাশের উৎস॥
মায়ার সহিত শিবের বিলাসের মর্ম্ম।
ইহা নাহি জানি' জীব আচরে' অধর্ম্ম॥
আপনারে শিব-জ্ঞানে মায়া-ভোগ যাহে'।
ইন্দ্রিয়ের সুখ সাধি' নরকেতে মজে॥
মায়ার সহিত জীবের অপূর্ণ মিলন।
কৃষ্ণের ইচ্ছায় হয় মঙ্গল-কারণ॥
নীলকণ্ঠ বিষপানে হন অধিকারী।
মায়া-সঙ্গে রহি' জীব হয় অনাচারী॥
জীব শিব কভু ভাই, নহে একতত্ত্ব।
অদ্বৈত-কৃপায় জানি শিবের মহত্ত্ব॥
অদ্বৈত-কৃপায় জানি, শিব জগদ্গুরু।
পরম বৈষ্ণব শম্ভু—নাহি তত্ত্ব ভেদ॥
অদ্বৈত-কৃপায় মাত্র বিষ্ণু-শক্তি হয়।
মহা-বিষ্ণু ছাড়লে কৃষ্ণ তত্ত্বের সংশয়॥
জীব-শিব 'এক' নহে, ভেদাভেদ-তত্ত্ব।
গুরু শিষ্য 'এক' নহে, গুরুতত্ত্ব নিত্য॥
গুরুতত্ত্ব সদাশিব নিত্য পূজ্য ভাই।
শিবে পূজ্যবুদ্ধি যাঁর কৃষ্ণভক্ত সেই॥
শিব-বিষ্ণু পরস্পরে জন ভিন্নাভিন্ন।
মায়িক ব্রহ্মাণ্ডে অধিকারী শম্ভু॥
শিবের অধিকার জীবে কভু না সম্ভব।
শিবে পূজ্যবুদ্ধি ভেদে হয় অসম্ভব॥
শিব-সঙ্গ আপনার সমবুদ্ধি যায়।
সে অধম কভু নাহি যায় মায়া-পার॥
শুদ্ধাদ্বৈত-তত্ত্ব মানি' ছাড়ি' মায়াবাদ।
কুসিদ্ধান্ত ছাড়ি' লভ' শিবের প্রসাদ॥
অদ্বৈত-কৃপায় অদ্বৈত-তত্ত্ব জানি।
অদ্বৈত-পূজনে তার বিষ্ণুভক্তি মানি॥
জগদ্গুরু অদ্বৈত—মহা-বিষ্ণু অবতার।
অদ্বৈতের চরণে সঁপে' এ অধম ছার॥

শ্রীনদীয়া-প্রকাশ-মহিমা

(মহর্ষাষ্টকম্)

প্রভো নদীয়া-প্রকাশ !
নদীয়া-আকাশে তোমার প্রকাশে
চিত্তকমো (বৈশ) নাশ॥
করুণা করিয়া প্রকাশি' নদীয়া
প্রকাশ নিজ-মহিমা।
পাতকী যবনে জগত-জীবেরে
দেখা'লে কৃপার সীমা॥
তোমার উদয়ে জীব সমুদয়ে
উত্তরিল ভব-সিন্ধু।
নাহি কোন ভয় জীব সব তায়
দেখে' পাপী-তাপী-বন্ধু॥
পত্রিকা-আকারে আমাদেরি ঘরে
প্রভাত উদিত হও।
বৈকুণ্ঠ-বারতা শ্রীচৈতন্য-কথা
নিত্য নবভাবে কও॥
তোমার অক্ষর নহে কভু ক্ষয়,
অক্ষরে 'অক্ষয়' দেবে।
(তব) অক্ষরে 'অক্ষর' বৃদ্ধি যার কভু
সেইত অভাগা ভবে॥
নিজ নিজ লাগি' যেবা মনোযোগী
সেজন তোমায় চায়।
তুমি ও তাঁহার সেই ও তোমার
(তাঁহার) তোমাতেই নিত্য ভাব॥
কর্ম্মের ভাড়না যোগের ছলনা
জ্ঞানের যন্ত্রণা যারা।
ভাগবত ধর্ম্ম ভকতি বৈভব
সকলে তাদেরে তারা॥
ডিঃ তোরাপনাথ ঘোষ চৌধুরী বিং সাং ৺কৃষ্ণপুর

বেঃ জুড়ান সেখ সাং পাইকুলা পোঃ মাহাবীপাড়া

থানা শাকাদীপাড়ার সামিল পাইকুলা গ্রামে ডিক্রীদার সেরেস্তায় ১২২ খতিয়ানের ১২-৩৬ শতক জমি ২৫।৵১০ জমা মূল্য ১০০৲

(১৯০)

২৯৮ খাজাঞ্চি ৩১ হাবি ২২/০

ডিঃ গৌরীশঙ্কর চক্রবর্তী বিং সাং গোয়াড়ী

বেঃ করিমবক্স সাং ফুলতলা পোঃ কৃষ্ণনগর

থানা চাপড়ার সামিল ফুলতলা গ্রামে ডিক্রীদার সরকারে ১৩৯ খতিয়ানের ১৮ শতক জমি ৩৶৭৯ জমা মূল্য আঃ ১০৲

(১৯১)

২৯৭ খাজাঞ্চি ৩১ হাবি ৩২৫৩

ডিঃ ঐ

বেঃ জমির মণ্ডল সাং ফুলতলা পোঃ বাজারদি

থানা চাপড়ার সামিল ফুলতলা গ্রামে ডিক্রীদার সরকারে ১২৬ খতিয়ানের ৩২৬ শতক জমি ৪৲ জমা মূল্য আঃ ১৫৲

(১৯২)

৮৪৪ খাজাঞ্চি ৩১ হাবি ৩৯৮/৩

১৩৯।৩১

ডিঃ বিমলকুমার মুখোপাধ্যায় বিং সাং শিবনিবাস

বেঃ ইমতী রাণী বিং সাং কৃষ্ণপুর পোঃ কৃষ্ণনগর

থানা কৃষ্ণনগরের সামিল কৃষ্ণপুর গ্রামে ডিক্রীদার সরকারে ১৮২ খতিয়ানের ২ ৩৫ শতক জমি ৪৶১০৫ জমা

(১৯৩)

৮৯১ খাজাঞ্চি ৩১ হাবি ১৩৭।৯

২১৯৭।৩০

ডিঃ বঙ্গবী নারায়ণ চৌধুরানী আং গোয়াড়ী

বেঃ নবুর মণ্ডল বিং সাং শিবচন্দ্রপুর পোঃ ইলামবাগী

থানা রাণাঘাটের সামিল মৌজাঘাট শিবচন্দ্রপুর ও চৌকুকনগর গ্রামে ডিক্রীদার সরকারে মৌঘাট মৌজার ২৫৬—২৬১, শিবচন্দ্রপুরের ১০৩—১২১ ও চৌকুকনগরের ৩০৭।৩০৪ ও ৫২৭ খতিয়ানে মোট ৫২-৭১ শতক জমি ৭৫৶ জমা বেঃ মোল আনা অংশ মূল্য ৩০০৲

(১৯৪)

২৪৭ খাজাঞ্চি ৩১ হাবি ৮১৶৬

২১৯৪।৩০

ডিঃ ৺গঙ্গা ধানী সাং মাধবপুর

বেঃ অধিকাশ্ব পত্নী ধিং মোঃ গোয়াড়ী পোঃ কৃষ্ণনগর

থানা চাপড়ার সামিল মাধবপুর মৌজায় ডিক্রীদার বিং অংশে ২২৯ খতিয়ানের ৪-৫৭ নিকর ব্রহ্মোত্তর জমি মূল্য আঃ ৫৲

(১৯৫)

২৪৮ খাজাঞ্চি ৩১ হাবি ১৯৮৬

২১৯৫।৩০

ডিঃ ঐ

বেঃ ঐ

থানা চাপড়াস্থ সামিল মাধবপুর মৌজায় গগন চন্দ্র বিশ্বাস ও ডিক্রীদার অংশে ২২৯ খতিয়ানে ৪-৫১ নিকর ব্রহ্মোত্তর জমি মূল্য আঃ ৫৲

(১৯৬)

২৪৯ খাজাঞ্চি ৩১ হাবি ১৯৬

২১৯৬।৩০

ডিঃ ঐ

বেঃ ঐ

থানা চাপড়াস্থ সামিল মাধবপুর মৌজায় গগন চন্দ্র বিশ্বাস বিং ও ডিক্রীদার অংশে ৩০ খতিয়ানের৮৭ শতক জমি ৫/৩ জমা বেঃ মোঃ আনা অংশ মূল্য ৫৲

(১৯৭)

৮৯৫ খাজাঞ্চি ৩১ হাবি ১৩৬৬৩

১৮৮।৩১

ডিঃ আশুতোষ বানরাঃ বিং সাং ওলিসা

বেঃ ইন্দ্রকুমার চৌধুরী বিং সাং ইটাপুর পোঃ রাজারহাট

থানা চাপড়ার সামিল ইটাপুর গ্রামে ডিক্রীদারগণের ৬ খতিয়ানের অংশে ২৬২৮ খতিয়ানের ১৪-২২ শতক জমি ২৮৶৩ বাদী মোকররী জমা মূল্য ২৫৲

(১৯৮)

৮৯৩ খাজাঞ্চি ৩১ হাবি ৫৯৬/০

১৮৯।৩১

ডিঃ ঐ

বেঃ কামিনী কান্ত পক্ষী সাং মাধবপুর পোঃ রুইপুর

থানা চাপড়ার অন্তর্গত ইটাপুর গ্রামে ডিক্রীদার অংশে ৯৮২৯—২০৫ খতিয়ানের ৬ ৬২ শতক জমি ৮/৩ মধ্যস্থ তিনকড়ী মোকররী জমা মূল্য আঃ ২৫৲

(১৯৯)

৮৯২ খাজাঞ্চি ৩১ হাবি ৩৪০৫০

১৮৯।৩১

ডিঃ ঐ

বেঃ ঐ

থানা চাপড়ার সামিল ইটাপুর গ্রামে ডিক্রীদারগণের ৬ খতিয়ানের অংশে ৯০৭ ২২৮ খতিয়ানের ৩৫-৮৫ শতক জমি ৪৯/৬ মধ্যস্থ তিনকড়ী মোকররী জমা মূল্য আঃ ১০০৲

(২০০)

৮৯১ খাজাঞ্চি ৩১ হাবি ৭৩৬/৩

১৮২।৩১

ডিঃ ঐ

দেঃ বিলাসমণি বিশ্বাস বিং সাং বাঁশবেড়িয়া পোঃ গাঙ্গালক্তি

থানা চাপড়াঘাট সামিল ইচাপুর গ্রামে ডিক্রীদারের ৬ খতিয়ানের অধিনে ১৪১—১৪৫ ও ২৮ খতিয়ানের ১১-২০ শতক জমি ১৩৯/৬ বাহুলী মোকরলী জমা দেঃ বোল আনা রকম মুনা আঃ ২৫৲

(১৩৯)

২৩৬ খাজনাদি ৩১ হাবি ৩৯৫৲

ডিঃ অহরুণী স্বামী সাং গোয়ালমারি

দেঃ হাজেমালি সেখ বিং সাং হাজিবপুর পোঃ গাঙ্গালক্তি

থানা চাপড়ার সামীল হাকীবপুর জমা ডিক্রীদার ও সরেজমিনে সিরু বিং অধিনে ৩০ খতিয়ানের ১-২৯ শতক জমী উটবন্দী জোত মুনা আঃ ৮৲

(১৭২)

১৮৬৬ মেংজারি ৩০ হাবি ৯৭৩৬/৫

ডিঃ সত্যবিকাশ বন্দ্যোপাধ্যায় সাং গোয়াড়ী

দেঃ রণজিত চেংলাঙ্গিয়া বিং মোঃ গোয়াড়ী পোঃ কৃষ্ণনগর

থানা কৃষ্ণনগর সামীল কৃষ্ণনগর গ্রামে ৪০/ বিঘা জমী ২০৲ মৌরসী জমা নবীয়া মকারাজ সেরেস্তার হিসে বন্দ। মুনা আঃ ২০০৲

(১৩৩)

৮০ মেংজারি ৩১ হাবি ৮২৬৫/৫

ডিঃ কালীপদ চাকী সাং গোয়াড়ী চাষাপাড়া

দেঃ গৌরীপদ্ম দে বিং সাং ঐ পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালীর সামীল মৌজে গোয়াড়ী গোবিন্দচক চাষাপাড়া মধ্যে /৪ জমী ১৯১০ মোকরী জমা নবীয়া মকারাজ সেরেস্তার হিসে বন্দ। মায় ঘরদুয়ার ১ খানা চালাঘর ১ খান, কুয়া, পাইখানা বাঙ্গরাজাম ইজাদি সব মুনা ৪০০৲

(১৩৪)

৩০১ মেংজারী ৩১ হাবি ১১৭৫।০

ডিঃ গোপাল চন্দ্র বিশ্বাস সাং গোয়াড়ী

দেঃ পাঁচু বাসী সাং ঐ পোঃ কৃষ্ণনগর

থানা কৃষ্ণনগরের অধীন গোয়াড়ী মৌজে ১৩১৮ খতিয়ানের /৩ জমী ১৫/০ আরেজী মৌরসী জমা উক্ত জমা মকারাজ নবীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুরের সরকারে ৪/০ ও জিতনাথ গোস্বামী ৪০ ঐ পালনীকার সরকারে ৪০ মোট ৮৫/০ হিসে বন্দ। মায় ঘরদুয়ারিস্থিত দক্ষিণদারী ২ কুটারী ঘর একখানা, পশ্চিমদারী ঘর একখানা, চারাঘর ইত্যাদি সাবেকমত মুনা ১০০০৲

(১৩৫)

১১৫০ মেংজারি ৩১ হাবি ১১৩৬/৬ ২১২৮।৩০

ডিঃ আহমেদ বাংগ্রার সাং কলিয়া

দেঃ আহেরুদ্দি মণ্ডল সাং ইচাপুর পোঃ মহৎপুর

থানা চাপড়াঘাট সামীল ইচাপুর গ্রামে ডিক্রীদার বিং অধীনে ৬ খতিয়ান ও অধীনস্থ ১৯২০ খতিয়ানে ১৩১। কাঠা জমী ২/৯ জমা দেঃ বোল আনা অংশ মুনা আঃ ৫০৲

(১৩৬)

১১৫১ মেংজারি ৩১ হাবি ৩৪৯১০

ডিঃ হমরীমোহন দত্ত সাং কাশিয়াডাঙ্গা

দেঃ বাবুখান সেখ সাং ঐ পোঃ নাকাশীপাড়া

থানা নাকাশীপাড়ার সামীল নাকাশীপাড়া গ্রামে ১৮ খতিয়ানের ৩০ শতক জমী ৯।/০ জমা দেঃ ১০ আনা অংশ মুনা আঃ ১০৲

(১৩৭)

১১৫৩ মেংজারি ৩১ হাবি ৫১০৪/১৫ ৫৯।৭৯

ডিঃ মোক্তেকুমার কর সাং কাশিপুর

দেঃ শ্রীঃ হুচি দাসী সাং গোয়াড়ী পোঃ কৃষ্ণনগর

থানা নাকাশীপাড়ার সামীল আটলোকা গ্রামে বাসলদাস তরফদার সরকারে ২৭৭ খতিয়ানে ৪৩ শতক জমী ৯৫ জমা দেঃ বোল আনা অংশ মুনা ৫৲

২। ঐ থানা ঐ গ্রামে ঐ মালেক অধীন ২৭৮ খতিয়ানের ১ ০৭ শতক জমি ০৫/২ জমা দেঃ বোল আনা অংশ মুনা ১৫

৩। ঐ থানা ঐ গ্রামে নিলামি মেকাম অধীনে ৫৪১ খতিয়ানে ৮-২১ শঃ জমী ৫/০ জমা দেঃ বোল আনা অংশ মুনা আঃ ৩০৲

(১৩৮)

১১৫২ মেংজারি ৩১ হাবি ৭৫৫৶১ ১২।৭১

ডিঃ সখিচ মণ্ডল সাং সরপাড়া

দেঃ আহেদ মণ্ডল বিং সাং বুড়িহরা পোঃ গাঙ্গালক্তি

থানা চাপড়ার সামীল বুড়িহরা গ্রামে কানাইলাল সিংহ রায় বিং মেরেস্তার ইঃ'ওয়ার্ড ৫২২ ও লক্ষ্মীসাগর ৭৮৬ ও তালুকহরা মৌজার ২০৮ ও অধীনস্থ ২০১ খতিয়ানের মোট ৪৯-৭২ শতক জমী ৩৯।৯ তাহাকি থিতিবান্ জমা মায় আওর আওলাদ মুনা আঃ ৫০০৲

(১৩৯)

১১৫৩ মেংজারি ৩১ হাবি ৫০১, ডিঃ হরপদি মল্লিক সাং মহুলহাট

দেঃ লোকমান বিবি বিং সাং শিবচন্দ্রপুর পোঃ হাসখালি

থানা হাসখালির অধিন শিবচন্দ্রপুর গ্রামে শিবকুমারী দেবী বিং মেরেস্তার আন্দাজ ০২।০ কাঠা জমির জাত ৫০৲ কায়েমী মৌরসী মোকরলী জমা বোল আনা হকরে মুনা আঃ ১০০৲

(১৪০)

২০৪৫ মণিজারি ৩০ হাবি ১৪০৬/০

ডিঃ নীরদি.ালবার সাং খোলসা

দেঃ আমান মণ্ডল বিং সাং খোলসা পোঃ গাঙ্গালক্তি

থানা চাপড়ার সামিল খোলসা মৌজার জাহির মকীম অধীন ৪৫৫ খতিয়ানের ৬-৯ শঃ বস্তুত জমি ২, জমা মায় আম, কাঁঠাল, বাঁশ ইত্যাদি মুনা আঃ ২৫৲

(১৪১)

২৩৫৬ মণিজারি ৩০ হাবি ৫২,৫ ১ আনা অংশ

দেঃ রামলাল বৈরাগী বিং সাং ও পোঃ নবদ্বীপ

থানা নবদ্বীপ নিজ নবদ্বীপ গ্রামে ডিক্রীদার মেরেস্তার ১০১৯ খতিয়ানের ।০ কাঠা জমি ৫৲ জমা মায় খরপাড়ী ইত্যাদি মুনা আঃ ২৫৲

(১৪২)

২৩৫৫ মণিজারি ৩০ হাবি ৩৯৬/০ ঐ

দেঃ ৺রসময়ীদাস বৈরাগী বিং সাং ও পোঃ নবদ্বীপ

থানা নবদ্বীপ নিজ নবদ্বীপ গ্রামে ডিক্রীদার অধীনে ২৬২২ খতিয়ানের /৩ কাঠা জমি ৫৲ জমা মায় খরপাড়ী ইত্যাদি মুনা আঃ ২৫৲

(১৪৩)

১৮৬৩ মণিজারি ৩০ হাবি ২৭৬/৯ ১২৫৪।৩০

ডিঃ সন্তোষ কুমার চট্টোপাধ্যায় সাং বিষ্ণুপুর

দেঃ গিরিন্দ্রনাথ রায় বিং সাং ঐ পোঃ কৃষ্ণনগর

থানা কৃষ্ণনগর অধীন বিষ্ণুপুর গ্রামে ইন্দুভূষণ রায় অধীনে ১২৯ খতিয়ানের ১-৪৯ শঃ জমি পত্তনির ২ অংশ ১, জমা ৪০ আনা অংশের মুনা আঃ ১০৲

(১৪৪)

১০৮২ মণিজা রি ৩১ হাবি ৫০৬/৬ ১২৫৩।৩০

ডিঃ ঐ

দেঃ ঐ

থানা কৃষ্ণনগরের অধীন বিষ্ণুপুর গ্রামে শ্রীপচন্দ্র রায় বিং সরকারে ১২৯ খং ২-৩৮ শঃ জমি ১/২ রায়তীথিতিবান জমা দেঃ আধিক অংশ মুনা আঃ ২৫৲

(১৪৫)

২২৯২ মণিজারি ৩০ হাবি ১৬৫৮০

ডিঃ দুর্গাদাসী দেবী সাং কৃষ্ণনগর

দেঃ বিন্দুবাসিনী দেবী সাং ঐ পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালীর সামিল কৃষ্ণনগর মৌজার জমল রায়ের অধীনস্থ ৪৩৬৮ খং ৩৭ শঃ ব্রহ্মত্তর মকরমা ডিক্রীদারী জমি দেঃ ।৵০ আনা অংশে ০৪ শতক জমি মায় ২টা বস্ত পাকা ঘর সাবেকমতন ইজাদি সহ মুনা আঃ ১০০৲

(১৪৬)

১০৮৭ মণিজারি ৩১ হাবি ১০৮১৬/০

ডিঃ মিহিজা তন্তুজী দেবী সাং মধুসূদনপুর

দেঃ মকবুল খাবক সাং চরিণ্ডেজী পোঃ হালদারি

থানা চাপড় লিস্ত সামিল ভাকরা গ্রামে মসকরাদী ব্রহ্মী সরকারে ২৪০ খতিয়ানের ৫-২৬ শতক জমি ১১৬৬ বাহুলী থিতিবান জমা দেঃ ৬০ আনা অংশ মুনা আঃ ৫৲

(১৪৭)

২০৯১ মণিজারী ৩০ হাবি ৬১৬০

ডিঃ অষ্টচরণ মণ্ডল সাং জমা

দেঃ আবদার গোপদার সাং ঐ পোঃ কৃষ্ণনগর

১। থানা হাঁসখালির সামিল চাকলা গ্রামে ভাষাচরণ ভট্টাচার্য্য অধিনে ৩০ খতিয়ানের ৩-৫৮ শতক জমি ১৩।৩০ বাহুলী থিতিবান জমা ৫৫ ঃ ৪০ আনা অংশ মুনা আঃ ২০৲

২। থানা কৃষ্ণনগর সামিল জমা মৌজার নিলমনি চট্টোপাধ্যায় সেরেস্তার ২৭১ খতিয়ানের ৬১ শতক জমি ১৬/০ বাহুলী থিতিবান জমা মুনা আঃ ৫৲

(১৪৮)

২০৪৬ মণিজারি ৩০ হাবি ১৪৯৩/০

ডিঃ বেণারসু মণ্ডল বিং সাং ডোমপুকুরিয়া

দেঃ বজলী কাজি খুরান সাং আন্দুল সরিসা পোঃ গাঙ্গালক্তি

থানা কৃষ্ণনগর সামিল আন্দুল সরিসা গ্রামে অরহুর্গা স্বামী ও সরোজ চন্দ্র সিংহ বিং ২ খতিয়ানের অধীন ১৯৬ খতিয়ানের ৩-০১ শঃ জমি ১৫০৲০ বাহুলী থিতিবান জমা দেঃ ৪০ আনা অংশ মুনা আঃ ২৫৲

(১৪৯)

১১১৪ মণিজারি ৩০ হাবি ৩৫৭৬

ডিঃ গোবিন্দ চন্দ্র শুক্ল সাং নবদ্বীপ

দেঃ জোতি প্রসাদ মল্লিক সাং অগ্রদ্বীপ পোঃ পূর্ব্বস্থলি বর্দ্ধমান

১২ থানা কালিয়াগঞ্জ সামিল কাঞ্চনপুর গ্রামের দেঃ ৬/০ আনা অংশ খাজিল হাজরা ৮৭৮ নবীয়া আলেক্টরীতে হিসে বন্দ। মায় ঘরদুয়ার সমূহ মুনা আঃ ৫০৲

(অবশিষ্ট ১২

Reg No C.1544

দৈনিক নদীয়া-প্রকাশ

সাধারণের স্বার্থে অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাষিক ৫৲
ত্রৈমাসিক ২৸৹
মাসিক ১৲
নমুনা
প্রতি সংখ্যা ৵৫

ভারতের সর্ব্বত্র মঙ্গল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

খণ্ড] সম্পাদক—শ্রীঅতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [২০শ সংখ্যা

শ্রীচৈতন্যাব্দ শ্রীধাম মায়াপুর—১৩ই চৈত্র শুক্লবার ১৩৩৭, ২৭শে মার্চ্চ, ১৯৩১

বিজ্ঞাপনের হার

প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩৷৹
সিকি কলম ২৲
চুক্তির হার স্বতন্ত্র।

নানা

অষ্টিকা সংবাদ

ভগৎসিং প্রমুখ উপনকে গত ২৩শে মার্চ্চ সন্ধিলিত উদ্যোগে একটী সিদ্ধান্ত ধার্য্য হয়। সভায় শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ চক্রবর্ত্তীর সভাপতিত্বে একটী সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয় যে, মৃত্যুদণ্ড রহিত না হইলে দেশের যুবকদের পক্ষে গান্ধী-আরউইন চুক্তি নামায় সম্মতি দেওয়া অসম্ভব হইবে।

ভারুইডাঙ্গার ভীষণ অগ্নিকাণ্ড

গত ২৫শে মার্চ্চ বুধবার সন্ধ্যা ৭ টিকার সময় শ্রীধাম-মায়াপুরের সন্নিকট ভারুইডাঙ্গা গ্রামে সহসা আগুন লাগিয়া সেখানকার অনেকগুলী বাড়ী পুড়িয়া একেবারে ভস্মসাৎ হইয়া গিয়াছে। প্রথমটি কিসের হইতে হয় তাহা জানা যায় নাই। নিকটস্থ গ্রামবাসিগণ আসিয়া অগ্নি নির্ব্বাপিত করে।

কৃষ্ণনগরে কারামুক্ত কর্ম্মীর অভিনন্দন

১৪৪ ধারা অমান্যে দণ্ডিত অধ্যাপক শ্রীযুক্ত বীরেশ্বর বসু, শ্রীযুক্ত বিমলানন্দ মুখোপাধ্যায় (নদীয়া জেলা কংগ্রেসের সভাপতি) ও তাঁহার ভ্রাতা কাঁথিতে লবণ আইন অমান্যকারী শ্রীযুক্ত মিহিরলাল মুখোপাধ্যায়ের কারামুক্তিতে গত শনিবার সন্ধ্যায় ১০ই মার্চ্চ একটী জনসভায় তাঁহাদিগকে অভিনন্দিত করেন শ্রীযুক্ত বৈদ্যনাথ মজুমদার সভা সভাপতির আসন গ্রহণ করেন। এই সভায় বিনা বিচারে বন্দীদের মুক্তির দাবী করা হয়।

সেবকের মকদ্দমা মামলার দণ্ডিত শান্তিপুরের শ্রীযুক্ত বিনোদলাল সাহানের কারামুক্তিতে নদীয়ার কর্ম্মীবৃন্দ গত ১১ই মার্চ্চ টাউন হলে একটী সভায় তাঁহাকে অভিনন্দিত করেন, শ্রীযুক্ত হেমন্তকুমার চক্রবর্ত্তী সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন।

ষ্ঠিয়া সংবাদ

ভগৎসিং প্রভৃতির ফাঁসীতে দেশবাসীর শোকপ্রকাশ

ভারুইডাঙ্গায় অগ্নিকাণ্ড

বাঙ্গালার প্রতিনিধিগণের করাচী যাত্রা

কলিকাতায় হরতাল ও সভা

কৃষ্ণনগরে কারামুক্ত-কর্ম্মিগণের অভিনন্দন

শতদ্রুতীরে মৃতদেহভস্মীভূত

ভারতে ল্যাঙ্কাশায়ারের বস্ত্রকল প্রতিষ্ঠা

হাওড়া ষ্টেশনে রেলদুর্ঘটনা

অষ্ট্রিয়া ও জার্ম্মাণীর মধ্যে বাণিজ্য সন্ধি

ভগৎসিং প্রভৃতির ফাঁসিতে দেশবাসীর শোকপ্রকাশ

সাধারণ ধর্ম্মঘট কমিটী কংগ্রেসের ডি, এ, ভি, কলেজ, ধর্ম্মরাজ কলেজ ও এফ, সি, কলেজ সমূহ ভারতীয় বিপ্লবীসমূহের মৃত্যুর প্রতি শোক প্রকাশের জন্য বন্ধ ছিল।

কংগ্রেস ও নওজোয়ান সভার ঘোষণা অনুযায়ী মৃত যুবকত্রয়ের আত্মার শান্তির জন্য প্রার্থনা করিতে লোকসকল অতি প্রত্যূষ হইতেই বিডন পার্কে সমবেত হইতে আরম্ভ করে। ভগৎ সিং ও তাঁহার সঙ্গীদের প্রতি শ্রদ্ধাঞ্জলি প্রদানের জন্য পঞ্চাশ হাজারেরও অধিক লোক সমবেত হইয়াছিল; তন্মধ্যে অনেক মহিলাও ছিলেন।

মৌলানা আজাদ আলি জনসভাকে সম্বোধন করিয়া বলেন, ২৩শে মার্চ্চ যখন শ্রীভগৎ সিং ও তাঁহার সহিসঙ্গীদের ফাঁসি হয় এবং তাঁহাদের দেহ পরস্পর তীরে ভস্মীভূত হয়, তখন ভারতবর্ষ নিজের যেরূপ অসহায় অনুভব করিয়াছিল সেরূপ আর কোন দেশ তাহার ইতিহাসে কখনও অনুভব করে নাই।

অপরাহ্ণ দুই ঘটিকার সময় নীরব পায়ুষ হইতে এক নীরব মিছিল বাহির হয় এবং সন্ধ্যা প্রায় ছয় ঘটিকার সময় মৌলিমেটর বাহিরে আসিয়া শেষ হয়।

নগর কংগ্রেস কমিটি ও নওজোয়ান সভার সেবকগণ তাঁহাদের সহায়তা অতি অধ্যবসায় করিয়াছিল।

ভারতের ফাঁসি সম্পর্কে পার্লামেন্টে বিতর্ক স্থানে বিভিন্ন, হরতাল ও সভা হইয়াছে।

দেশবন্ধু পল্লীসংস্কার সমিতি কর্ম্মিগণের কারামুক্তি

দেশবন্ধু পল্লীসংস্কারের সাধারণ কর্ম্মীদের শ্রীব্রজেন্দ্রনাথ দত্ত ও শ্রীবিনোদলাল বন্দ্যোপাধ্যায় গাটনা স্পেশাল কোর্ট হইতে মুক্তিলাভ করিয়া কলিকাতায় প্রত্যাবর্ত্তন করিয়াছেন। তাঁহারা উভয়ে ১৩৮ ধারানুযায়ী এক বৎসরের সশ্রম কারাদণ্ডে দণ্ডিত হইয়াছিলেন।

কলিকাতার ইরতাস, মিছিল ও সভা

সন্ধ্যার তখন মি. হাবতুল্ল ক শুক্লদেবের ফাঁসীতে কলিকাতার অধিবাসীগণ বিমর্ষ হইয়াছেন। গান্ধী-আরউইন সন্ধির ফলে ইংরাজের মুকুলুকের পরিবর্তে অপর কোন হুকুম জারী করিবে, এরূপ একটা আশা অনেকেই মনে করিয়াছিল। তখন মি. হাবতুল্লার ফাঁসীর সংবাদ পাইয়া সকলেই দুঃখিত হন। সমগ্র সহরের বুকে একটা বিষাদের ভাব লেখা দেয়। দোকান পাট বন্ধ হইয়া যায় এবং সমগ্র কলিকাতায় কয়েকদিন প্রতিপালিত হয়।

বড়বাজারে কোন কাজ কর্ম হয় নাই, সমস্ত দোকান পাট বন্ধ হইয়াছিল। রাস্তার মোড়ে মোড়ে পুলিশ মোতায়েন করা হইয়াছিল। কোন কোন স্থানে সশস্ত্র পুলিশ এবং সাঁজোয়া গাড়ী টহল দিয়া ফিরিতেছিল। উত্তর দক্ষিণ এবং মধ্য কলিকাতায় শান্তিপূর্ণ হরতাল প্রতিপালিত হইয়াছে।

সকাল বেলায় কুড় সভাকা করে অনেকগুলি বিভিন্ন বাহির হইয়া সহরের বড় বড় রাস্তায় পরিভ্রমণ করিয়াছিল।

বিকাল বেলায় ছাটি সভা হইয়াছিল। কুড় সভাকা হইয়া বহু সংখ্যক মহিলা এই সভায় যোগদান করিয়াছিলেন। সভায় যথেষ্ট জন-সমাগম হইয়াছিল। গবর্ণমেণ্টের কার্য্যের তীব্র নিন্দা করিয়া বক্তার পর বক্তা এই সমস্ত সভায় বক্তৃতা করেন। অহংপর মি. হাবতুল্ল প্রভৃতির স্মরণে প্রেমের প্রশংসা করিয়া এবং সরকারী কার্য্যের নিন্দা করিয়া প্রস্তাব গৃহীত হয়।

সভায় কয়াজী কংগ্রেসে যোগদান করা উচিত নয় এবং মহাত্মা গান্ধীর বিরুদ্ধাচরণ করা উচিত এরূপ কথা লিখিত ইস্তাহার বিলি হইয়া ছিল।

হাওড়ায় দোকান পাট বন্ধ হইয়াছিল। মিউনিসিপালিটীর কর্তৃপক্ষ তাহাদের আফিস বন্ধ রাখিয়াছিলেন।

অষ্ট্রীয়া ও জার্ম্মাণির মধ্যে বাণিজ্য সন্ধি

জার্মাণ সরকারী সূত্রে ২৩শে মার্চ্চ বুটেন, ফ্রান্স এবং ইটালীর রাজদূত স্বাক্ষর করিয়া লইয়া গিয়াছিলেন, তাহার নিকট হইতে বলেন যে অষ্ট্রীয়ার সহিত জার্মাণীর যে সন্ধি হইয়াছে তাহাতে আন্তর্জ্জাতিক আইন লঙ্ঘন করা হয় নাই।

জার্মাণীর সংবাদপত্র গুলি গবর্ণমেণ্টের অভিমত সমর্থন করিয়া প্রবন্ধ লিখিয়াছেন।

কাশপুরে শান্তিপূর্ণ পিকেটিং

যে সকল দোকানে বিলেতী বস্ত্র বিক্রয় আরম্ভ হইয়াছে, সেই সকল দোকানে শান্তিপূর্ণ পিকেটিং চলিয়াছে।

হাওড়া ষ্টেশনে দুর্ঘটনা

গত মঙ্গলবার প্রাতে প্রায় সাড়ে ছয় ঘটিকার সময় হাওড়া ষ্টেশনে এক দুর্ঘটনা হইয়া গিয়াছে। ১৭ নং ডাউন মাদুরা এক্সপ্রেস যখন ৭নং প্ল্যাটফরমের "ষ্টপ্ ব্যাকারের" নিকট আসিয়া থামিবার চেষ্টা করিতেছিল, তখন ইঞ্জিন ও তাহার পশ্চাতে দুইখানি কামরা কাহার দ্বারা ধাক্কা খাইয়া ভাঙ্গিয়া যায়। ইহার ফলে ১০।১২ জন আরোহী আহত হন; ইহাদের একজন ডাক্তার ভিন্ন গবর্ণমেণ্ট রেলওয়ে পুলিশ আফিসারের মধ্যে পাঁচজনকে হাসপাতালে স্থানান্তরিত করা হয়। রেলওয়ে কর্ত্তৃপক্ষ দুইটী এক্সপার্ট কমিটী গঠন করিবেন। হাওড়ার জনসাধারণের কাউন্সিল আলি এই দুর্ঘটনার তদন্ত করিতেছেন।

শতদ্রু তীরে মৃতদেহ ভস্মীভূত

লাহোর হইতে সরকারী ইস্তাহারে প্রকাশিত হয় যে, কাল রবিবার সন্ধ্যা সাতটার সময় ফিরোজপুরের পর শতদ্রু তীরে ভগৎ সিং, শুকদেব ও রাজগুরুর শবদেহ হিন্দু শাস্ত্র অনুযায়ী দাহ করা হয়। কমিশনার উক্ত নদীতে নিক্ষিপ্ত হয়।

চিতাভস্ম লইয়া মিছিল

রবিবার সন্ধ্যায় ভগৎ সিং, রাজগুরু ও শুকদেবের চিতাভস্ম লাহোরে আনীত হয়। এবং বিভিন্ন করিয়া রাবি নদীতে লইয়া যাওয়া হয়। তথায় শেষ ক্রিয়া সম্পন্ন হয়।

বাঙ্গালার প্রতিনিধিগণের করাচী যাত্রা

হাওড়া ষ্টেশনে সম্বর্দ্ধনা

শ্রীযুক্ত সত্যেন্দ্রকুমার বসুমল্লিক, শ্রীযুক্তা হেমপ্রভা বসুমল্লিক, আশুতোষ চৌধুরী, কামাখ্যা মিত্রোগী, শ্রীযুক্ত পূর্ণচন্দ্র দাস, হেমেন্দ্র ঘোষ, নিখিল চন্দ্র সাহানা, যোগীন্দ্রনাথ সেনগুপ্ত, হরেন্দ্রনাথ বোস, বিমলকুমার হাজরা, শুকদেব প্রসাদ, কার্ত্তিকচন্দ্র বসু, অরুণ মজুমদার, নিরুপমা প্রতিভা দেবী, ডাঃ চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায় কুমারী শান্তি দাস, সোহরাব মিত্র প্রভৃতি নেতৃবৃন্দ গত মঙ্গলবার অপরাহ্ণে কুমার মেলে করাচী যাত্রা করিয়াছেন। উক্ত মেলে বিভিন্ন জিলার আরও প্রায় ১৫০ জন প্রতিনিধি গিয়াছেন। তাঁহাদিগকে ষ্টেশনের আত্মীয়স্বজন ও বন্ধুবান্ধব হাওড়া ষ্টেশনে বিপুল সম্বর্দ্ধনা জ্ঞাপন করেন।

ভারতে ন্যাঙ্কাশায়ারের বস্ত্রকল প্রতিষ্ঠা

বিলাতের "ডেলী টেলিগ্রাফ" নামক পত্রিকায় প্রকাশ যে, ল্যাঙ্কাশায়ারের কয়েকজন প্রধানতমা ভদ্রলোক, যাহাদের ভারতীয় বস্ত্র কলের সহিত ঘনিষ্ঠ সম্পর্ক রহিয়াছে তাঁহারা ভারতে অনেকগুলি বৃহৎ প্রকার একটি কাপড় ও সূতা প্রস্তুতের কল স্থাপন করিতে উদ্যোগী হইয়াছেন। এই উদ্দেশ্য সাধনার্থে কয়েক জন বিশেষজ্ঞ শীঘ্রই ভারতের দিকে রওয়ানা হইবেন এবং কোন্ স্থানে কল স্থাপনের সর্ব্বাধিক সুবিধা পাওয়া যাইবে তাহার তদন্ত করিয়া রিপোর্ট দিবেন। তাহার পর স্থাপনের ব্যবস্থা হইবে।

ভারতবর্ষ দিন দিন নূতন নূতন কাপড় ও সূতার কল এবং বিলাতী বস্ত্রের উপর শুল্ক বৃদ্ধি হওয়ায় বিলাতী বস্ত্রের আমদানী দিন দিন হ্রাস হইবার ফলই এই নূতন পন্থা অবলম্বনের একমাত্র কারণ।

ভবানন্দের মস্তিষ্ক বিকৃতি

শিবপুর বোমার মামলার আসামী ভবানন্দ বন্দ্যোপাধ্যায় বেঙ্গল ল্যাম্পে কিছু দিন ইন্টারভেল রোগে ভুগিতেছিলেন। ইহাতে তাহার মস্তিষ্ক একটু বিকৃত হয়। এই অবস্থায় তিনি তাঁহার এক আত্মীয়ার মৃত্যু সংবাদ শুনিতে পান তাঁহার দুর্বল মস্তিষ্ক এই শোকাবহ সংবাদ সহ্য করিতে পারে নাই। শুনিতে পাওয়া যায় তিনি মাঝে মাঝে পাগল হইয়া যাইতেছেন।

পৃথিবী ভ্রমণকারিণী এ পর্য্যন্ত ৬০,০০০ হাজার মাইল

ইংলণ্ড হইতে মিস এ, ওয়াকার বিভিন্ন দেশের প্রধান প্রধান নগর সমূহ দর্শন করিবার জন্য পরিভ্রমণে বাহির হইয়াছিলেন। কলম্বো হইতে তিনি মাদ্রাজে আগমন করিয়াছেন।

প্রায় ২॥০ বৎসর পূর্ব্বে তিনি ভ্রমণে বাহির হইয়া এপর্য্যন্ত তিনি ৬০,০০০ হাজার মাইল ভ্রমণ করিয়াছেন এবং অধিকাংশ পথই পদব্রজে অতিক্রম করিয়াছেন। ভারতবর্ষ হইতে তিনি সরাসরি ইংলিশ অভিমুখে যাত্রা করিবেন এবং আগত ছই বৎসর মধ্যেই তিনি তাঁহার ভ্রমণ শেষ করিতে পারিবেন বলিয়া আশা করেন।

সর্ব্বাপেক্ষা দ্রুতগামী ট্রেণ

সম্প্রতি "ব্রডল ষ্টার" নামক এক্সপ্রেস ট্রেণ দুর্ঘটনা হইয়া গিয়াছে। পৃথিবীর মধ্যে ইহাই সর্ব্বাপেক্ষা দ্রুতগামী ট্রেণ। ১৯২৮ সালে ইহা ঘণ্টায় গড় বেগে ৪০০ মাইল অতিক্রম করিয়া এই ট্রেণ বিশেষ প্রসিদ্ধি লাভ করিয়াছিল। এই ট্রেণ ঘণ্টায় ৯০ মাইল পর্য্যন্ত চলে।

দুর্ঘটনার সময় "ব্রডল ষ্টার" ঘণ্টায় ৭০ মাইল বেগে অগ্রসর হইতেছিল এমন সময় অকস্মাৎ দুর্ঘটনা ঘটে। আরোহীরা কাইন্ড্রাক্ট কামরায় মধ্যে আবদ্ধ হইয়া চীৎকার আরম্ভ করেন।

উদ্ধার কার্য্যের জন্য তাড়াতাড়ি বন্দোবস্ত করা হয়।

স্পেনে গণতান্ত্রিক নেতাদের বিচার

১২ জনের কারাদণ্ড

বিগত ডিসেম্বর মাসে স্পেন দেশে বিপ্লব ঘটাইবার জন্য যে ইস্তাহার প্রচারিত হইয়াছিল তাহাতে স্বাক্ষর করিয়াছিলেন বলিয়া ১২ জন বিশিষ্ট গণতান্ত্রিক নেতা অভিযুক্ত হইয়াছিলেন। সামরিক আদালতে ইহাদের বিচার হইয়া গিয়াছে প্রত্যেক আসামীর প্রতি ৬ মাস করিয়া কারাদণ্ডের আদেশ হইয়াছে।

ভারতের লোক সংখ্যা

সরকারী ইস্তাহারে প্রকাশ—১৯৩১ খৃষ্টাব্দে ২৬শে ফেব্রুয়ারীর লোক গণনায় ভারতের লোক সংখ্যা (বৃটীশ ভারত ও সামন্ত রাজ্য সমূহ) প্রায় ৩৫ কোটি ১৫ লক্ষ দাঁড়াইয়াছে। গত ১৯২১ খ্রীষ্টাব্দের গণনায় উহা ৩১ কোটি ৯১ লক্ষ পরিমিত হইয়াছিল।

সকল প্রদেশেই লোক সংখ্যা বর্দ্ধিত হইয়াছে সর্ব্বাপেক্ষা কম বাড়িয়াছে বেলুচিস্থানে আর সর্ব্বাপেক্ষা বেশী বাড়িয়াছে দিল্লী প্রদেশে। স্বাধীনরাজ্য সমূহেরও সকলেই লোক সংখ্যা বর্দ্ধিত হইয়াছে।

১৯৩১ খ্রীষ্টাব্দের লোক সংখ্যা ছুই সমগ্র ভারতে গড়ে শতকরা ১০৭ জন লোক বাড়িয়াছে।

শ্রীধাম-প্রচারিণী সভা

সপ্তত্রিংশৎ বার্ষিক অধিবেশন

বর্ত্তমান ষষ্ঠ বর্ষের নদীয়া-প্রকাশের ৯ সংখ্যায় ৪৪৫ গৌরাব্দের বর্ষারম্ভ বিষয় [illegible] ১লা বিষ্ণু তারিখে শ্রীশ্রীগৌরাবির্ভাব-স্থান শ্রীধাম মায়াপুর যোগপীঠের বৃহৎ নাট্যমন্দিরে অদ্ভুত অপরাহ্ণ ৫ টিকা হইতে ১০ ঘটিকা পর্য্যন্ত পাঁচ ঘণ্টা-ব্যাপী শ্রীশ্রীনবদ্বীপ-ধাম-প্রচারিণী সভার সপ্তত্রিংশৎ বার্ষিক অধিবেশনের বিস্তৃত বিবরণ প্রকাশিত হইয়াছে। ভবিষ্যৎ পাঠকগণের কৌতূহল নিবৃত্তির নিমিত্ত আমরা উক্ত সভার বিস্তৃত বিবরণ ক্রমশঃ প্রকাশ করিতেছি।

সভাপতি নির্ব্বাচন

পণ্ডিতবর কবিরাজ শ্রীযুক্ত শশীভূষণ স্মৃতিতীর্থ ভক্তিবেদান্তশাস্ত্রী কাব্য-ব্যাকরণ-ন্যায়-বেদান্ত-ষড়্দর্শন-তীর্থ মহাশয় প্রস্তাব করেন যে, পরম ভক্তিস্তাজন পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ অদ্যকার সভার সভাপতির আসন সমলঙ্কৃত করিয়া আমাদিগের জনের অভিলাষ পূর্ণ করুন। বাবুসাহেব নামধন্য পরমভাগবত রায় সাহেব শ্রীযুক্ত অক্ষয়কুমার গুপ্ত মহাশয় পণ্ডিত দর্শনবাচস্পতি মহাশয়ের এই প্রস্তাব সমর্থনার্থ সভায় দণ্ডায়মান হইয়া বলেন,—আমি পণ্ডিত মহাশয়ের প্রস্তাব সমর্থন করিবার পূর্ব্বে একটুকু সময় গ্রহণ করিতে চাই। আমি আমার জীবনের একটী ঘটনা উল্লেখ করিয়া প্রস্তাব-সমর্থনকারী হিসাবে আমার পরিচয় শ্রোতৃমণ্ডলীর নিকট জ্ঞাপন করিতেছি। আমি অতি অল্প বয়সে কোন চাকরীতে প্রবেশ করি, সেই চাকরী-সূত্রে কোন কার্য্যোপলক্ষে নৌকা করিয়া একস্থানে যাই। জনৈক বাঙ্গালী মহিলা স্নেহপরবশ হইয়া আমার প্রতি নিজ পুত্রাপেক্ষাও অধিক স্নেহ প্রদর্শন করিতে করিতে আলাপ করিতে থাকেন, এমন সময় একটী লোক আসিয়া আমাকে 'কায়েথো বাবু, সেলাম'—এই কথাটী বলিবামাত্র 'বাবা গো!' চীৎকার করিয়া শ্রীলোকটী প্রাণভয়ে উচ্চস্বরে কাঁদাইয়া উঠেন। এইরূপ প্রকৃতির কার্য্যে সর্ব্বদা অভিনিবিষ্ট ব্যক্তি, বিশেষতঃ চরিত্র-দর্শনে সুবিজ্ঞসুচতুরশ্রেষ্ঠ ব্যক্তিরও যিনি অকৃত্রিমভাবে অর্থাৎ কোন প্রকার ছল-চাতুরী বা অবাস্তব কোন ঢেউ না খেলাইয়া হৃদয় আকর্ষণ করিতে পারেন, সেইরূপ মহাগুণান্বিত অন্য কোন যোগ্যতম ব্যক্তি এইরূপ বিষৎসভায় সভাপতি হইবার উপযুক্ত আছেন কি না, সে বিষয়ে আমার সন্দেহ। আমি তাঁহার দীক্ষিত শিষ্য মাত্র, আমি নিরপেক্ষ বিচারে শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভু অপেক্ষা অন্য কোন যোগ্যতম পুরুষ না দেখিয়া শ্রীধামপ্রচারিণী সভার এই অধিবেশনে তাঁহার সভাপতির আসন সমলঙ্কৃত করিবার প্রস্তাব সকাতরে সমর্থন করি।

সভাপতির আসন গ্রহণ মুখে শ্রীল প্রভুপাদের দৈন্যোক্তি

সভাপতির পদ গ্রহণ করিবার মুখে ওঁবিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিবিলাস তীর্থ গোস্বামী প্রভুপাদ বলেন,—শ্রীধাম প্রচারিণী সভার বার্ষিক অধিবেশনে সভাপতি হওয়ার যোগ্যতা আমার নাই। বিশেষতঃ ধামপ্রচারকার্য্যে আমি কোন যোগাই ক'রে উঠ্‌তে পারি নাই, অতএব কোন প্রকার যোগ্যতাও আমার নাই। তথাপি শ্রীধামপ্রচারিণী সভার সভাপতি উপস্থিত না থাকায় অন্য কোন ব্যক্তিকে নির্ব্বাচন কর্‌তে হবে—এই বিচারে যদি 'ছাই ফেলতে ভাঙ্গা কুলো' ব'লে আমাকে নির্ব্বাচিত করা হয়, তা' হ'লে 'আজ্ঞা শুরুপাদ করিবারণীরা' মনে ক'রে আপনাদের এরূপ পদ গ্রহণ কর্‌তে বাধ্য হলাম।

উদ্বোধন-সঙ্গীত

সভাপতি নির্ব্বাচনের পর সভাপতি-প্রবর শ্রীল প্রভুপাদের নির্দ্দেশানুসারে পণ্ডিতপ্রবর শ্রীপাদ অনন্তবাসুদেব পদ বিদ্যাভূষণ বি, এ, মহোদয় 'ক'বে ক'বে বল সে-দিন আমার'—এই উদ্বোধন সঙ্গীতটী কীর্ত্তন করেন।

রাজর্ষির তত্ত্বিদুদার্ত্তা

তৎপরে সভাপতি প্রভুপাদ বলেন,—কোন বিশেষ কার্য্যানুরোধে শ্রীধাম-প্রচারিণীসভার সাধারণ সভার সম্পাদক রাজর্ষি রাজকাচের কুমার শ্রীযুক্ত শশবিন্দু নারায়ণ রায় বেদান্তভূষণ এম, এ, প্রাজ্ঞ মহোদয় অদ্যকার সভায় উপস্থিত হইতে না পারায় একটী তড়িদ্বার্ত্তা প্রেরণ করিয়াছেন-

Triveni 5-3-31
11-10 A.M.

Shrila Bhakti Siddhanta Saraswati Gosvami Maharaj
Mayapur Navadwip

Extremely regret inability to attend meeting tender apologies and pronams to Your Holiness.

Saradindu

ঐ অনুবাদ

ত্রিবেণী, ৫ই মার্চ্চ ১৯৩১,
বেলা ১১টা ১০ মিঃ

শ্রীলভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামিমহারাজ
শ্রীমায়াপুর, নবদ্বীপ

সভায় উপস্থিত হইতে না পারায় অত্যন্ত দুঃখ প্রকাশ এবং দৈন্য করিতেছি। পাদপদ্মের প্রভুপাদ, আমার প্রণাম গ্রহণ করিবেন।

সরদিন্দু

গত বৎসরের বার্ষিক বিবরণীপাঠ

প্রভুপাদ বলেন,—শ্রীধামপ্রচারিণী সভার সম্পাদক মহাশয় উপস্থিত না থাকায় 'গৌড়ীয়ে'র সম্পাদক শ্রীমান্ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বিগত বৎসরের অধিবেশন বিবরণী পাঠ করুন। প্রভুপাদের আজ্ঞানুসারে শ্রীমান্ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ গত বৎসরের বার্ষিক বিবরণী পাঠ করেন। (ক্রমশঃ)

ভাগবত ধর্ম্ম

(শ্রীপাদ অতীন্দ্রিয় ভক্তিপ্রভাকর)

সমগ্র অপৌরুষেয় বেদের সারাংশ-গুলিকে চয়ন করিয়া ভগবানের শক্ত্যাবেশাবতার শ্রীল ব্যাসদেব সূত্রাকারে বেদান্ত দর্শন নামক নিজ রচিত গ্রন্থে লিপিবদ্ধ করিয়াছেন। বেদান্তদর্শনে লিখিত সূত্রগুলির বিদ্বদ্রুচি-বর্দ্ধনার্থ অর্থকে পরিস্ফুট করিবার জন্য শ্রীল ব্যাসদেব পুনরায় শ্রীমদ্ভাগবত নামক পুরাণার্ক প্রকাশ করেন। এই শ্রীমদ্ভাগবতে যে প্রকার শুদ্ধভক্তির কথা সুষ্ঠুভাবে বর্ণিত আছে, তাহা শ্রীল ব্যাসদেব রচিত অন্যান্য পুরাণগুলিতে সুষ্ঠুভাবে নিরূপিত হয় নাই। সুতরাং সমগ্র অপৌরুষেয় বেদ-প্রতিপাদ্য বিদ্বদ্রুচিবর্দ্ধনা শুদ্ধভক্তিরহস্যের কথা অতি সুস্পষ্টভাবে একমাত্র শ্রীমদ্ভাগবত নামক অমল পুরাণেই ব্যক্ত হইয়াছে বলিয়া বুঝিতে হইবে।

শ্রীল ব্যাসদেব কলিযুগের প্রারম্ভে ভারতভূমিতে প্রকট ছিলেন। কলিযুগের উৎপত্তি পাঁচ হাজার বৎসরের কিছু পূর্ব্বে ঘটিয়াছে। সুতরাং ঠিক বা সন্দেহ-নিবৃত্তি শ্রীমদ্ভাগবত নামক গ্রন্থরাজ প্রায় পাঁচ হাজার বৎসর পূর্ব্বে প্রকট লাভ করিয়াছেন বলিয়া বুঝিতে হইবে। বৌদ্ধযুগ প্রায় দুই হাজার বর্ষ পূর্ব্বে জন্ম গ্রহণ করিয়াছিলেন। সেইজন্য মধ্বাচার্য্য সাহেব বৌদ্ধযুগের প্রায় সমসাময়িক লোক বলিয়া থাকেন। এই দুইজন ঠিক ব্যাসদেবের অনেক পরে জন্ম গ্রহণ করেন, সুতরাং তাঁহাদিগের প্রচারিত মতকে 'নবীন মত' বলিলে দোষ স্পর্শ করে না। শ্রীব্যাসদেব-বর্ণিত শুদ্ধভক্তি-তত্ত্বের সহিত বুদ্ধ ও মধ্বের কর্ত্তৃক প্রচারিত মতের যে যে স্থানে অনৈক্য দৃষ্ট হয়, তৎসমুদায় নিবারণকে শুদ্ধভক্তি-তত্ত্বের যাথার্থ্য পরিষ্কার করা নিতান্ত প্রয়োজন বলিয়া তদ্বিষয়ে শুদ্ধভক্তি হানি হইবে।

সূতবংশের প্রবর্ত্তক শ্রীশৌনকাদি বৈষ্ণবগণের কিছু পূর্ব্বে ব্রহ্মমধ্বগৌড় সম্প্রদায়ের প্রবর্ত্তক শ্রীব্রহ্মমধ্বাচার্য্য বিষ্ণুস্বামীর প্রায় ৮০০ বৎসর পূর্ব্বে জন্ম গ্রহণ করেন। সুতরাং এই দুইজনের দ্বারা প্রচারিত শ্রীমদ্ভাগবত নবীন এবং শুদ্ধভক্তি-তত্ত্বের যথার্থ নিকারক বলিয়া যুক্তিমান্ ব্যক্তি কর্ত্তৃক অনুভূত হইবার অযোগ্য।

ভক্তকুলচূড়ামণি শ্রীল নরোত্তম ঠাকুর বলিয়াছেন,—"মধ্বাচার্য্যের যেই পথ, তাহা এবে অনুচিত, পুরাণাদি করিয়া বিচার। অতএব বুঝা যাইতেছে যে, মহাজনের পথই গ্রহণযোগ্য। শ্রীমদ্ভাগবতোক্ত শুদ্ধভক্তি-তত্ত্বের কথাই অতি প্রাচীন অর্থাৎ সনাতন ও প্রামাণিক বলিয়া তাহাকে মহাজন অনুমোদিত পথ বলিয়া বুঝা যাইতেছে। এইজন্যই বহুপ্রাচীন তাপস শ্রীল শুকদেব গোস্বামী, পরম সাধু শ্রীল পরীক্ষিৎ, মহাত্মা নারদ, শ্রীল ব্যাসদেব প্রভৃতি ঈশ্বর অবতারগণ কর্ত্তৃক রচিত শ্রীমদ্ভাগবত উপপুরাণ জ্ঞানে বর্জ্জন করা যেরূপ

পথের একান্ত কর্ত্তব্য। যাঁহারা তাহা না করিবেন, তাঁহারা চরমকল্পান্ত পাকে বঞ্চিত হইয়া বারংবার উচ্চ নীচ যোনিতে জন্মগ্রহণ করিতে ও পুনঃ পুনঃ নিধনের আলায় দগ্ধ হইতে থাকিবেন।

শ্রীগুরু-স্তোত্র

(শ্রীমদ্ভাগবত-ভজন দাস ব্রহ্মচারী)

পতিত-পাবন গুরুদেব নিত্যানন্দ।
তব আগমনে প্রভো সকল আনন্দ॥
গৌরভক্ত যত আছে তব তত গায়।
গৌরাঙ্গভক্ত যত মত সতত নিন্দায়॥
কৃষ্ণাভিন্ন বেশ তুমি গৌর প্রিয়তম॥
তব দরশনে ঘরে অজ্ঞানান্ধ তমঃ।
কেমনে জানিবে তাঁরা তোমার স্বরূপ।
মায়ার প্রকৃতি ভুলে মাগিল স্বরূপ॥
জীবের মঙ্গল হেতু এসেছ ধরায়।
পাপাধম ভক্তদেহে আনো মায়ায়॥
পৃথিবী মাঝারে আছে যুগধর্ম যত;
তব আগমনে সব হৈল প্রকাশিত॥
কৃষ্ণপ্রেম বিতে তুমি দয়া-অবতার।
অমেতারণ প্রেমে, করুণা সাগর॥
ভক্তি-যোগ-হীন দেখি তব সংসার।
পুরীতে প্রকট হৈলে ধরে রূপ নর॥
শ্রীনামকীর্ত্তনে গুরু রত পালিতে।
কলির কলুষ নাশি' নিতেছ অন্তরে॥
কৃপাবিন্দু তুমি যারে দেও একবার।
ঘুচে যায় সে জনের অজ্ঞানান্ধকার॥
তুমি কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে।
শুদ্ধভাবে কৃষ্ণকৃপা করেন ভক্তগণে।
সেই কালে ভক্তিসূর্য্য হইলে উদয়।
মায়াদেবী লজ্জাভরে পলাইবে যায়॥
গৌর অবতারে প্রভু তুমি গৌরহরি।
কহিলা করিলে তবে প্রভুকার্য্য যত॥
বাহ্যাবাহ্য নাহি কিছু আর কি বদন।
সাক্ষাৎ নিত্যানন্দ তুমি বেদের আখ্যান॥
হরিনাম-প্রচারে তিলা নাহি অন্য কাজ।
তোমার চরণে যেবা অপরাধ করে।
নরকে সে পড়ে, কভু রাখিতে না পারে॥
কৃষ্ণস্থানে ক্ষমা যে আছয়ে গুরুর।
বৈষ্ণবাপরাধ হৈলে নাহি পরিত্রাণ॥
গোবিন্দ রতি হয় ভক্তের চরণ।
গুরুদেব তব চিত্ত তাঁর কারণ॥
গৌর-নিত্যানন্দ যেবা ভাবেতে নিন্দিয়া,
দুহে দুর্জন হয় তারা দোষে পড়িয়া॥
বৈষ্ণব দেবীর কভু নাহিক নিস্তার।
আপনি শ্রীমুখে কহে পরম উদার॥
গুরু নিন্দা যদি হয় তাহার সংসার।
তুষানলে পরে তার (নাহিক সংশয়)
কীট হয় সেই জন, পায় বহু ছার।
তুলসীর তরু হয়ে পায় পাদপীঠের সুখ॥
গৌর নিতাই বিনা, নাহি তব বড়।
অজ্ঞান অধম আমি পতিত দুর্বিষয়॥
বৈষ্ণব চিনিতে নারে দেবের শকতি।
কেমনে চিনিব আমি অতি দুষ্টমতি॥
তব-নদী পার করিতে তুমি কাণ্ডারী।
অন্ত তোমার তত্ত্ব করিতে না পারি॥
প্রকাশ করহ চিত্তে বৈষ্ণব গুরুতত্ত্বে।
নিদর্শ ছাড়িয়া তত্ত্বই যে' স্বরূপের
কৃষ্ণ, গুরুবর, কৃষ্ণ, অবতার, ভক্তাবতার।
শক্তি এই ত্রয়রূপে করেন বিলাস॥
অতএব তত্ত্ব হৈতে অভিন্ন যে তুমি
তব গুণগণ [illegible] আমি?
যা বলাও, তাই বলি নহি কিছু আর।
চিরদিন থাকি যেন তব পদে বাধা
নিজ গুণে কর মাথা হইবে উদার।
সকলের প্রতি হোক তোমার॥

প্রচার-প্রসঙ্গ

[illegible] শ্রীমদ্ভাগবতের নামযজ্ঞ, [illegible] কামদেব কাটোয়া [illegible] কীর্ত্তনের অন্ত কেহও ছুটা নাই। কিন্তু বর্ত্তমানে বহিরঙ্গদের মধ্যে ভগবানে [illegible] হইল, তিনের স্ব কথা এবং পর গুরুদের পুরি হয় মনিবের [illegible] আত্মবোধে [illegible] সুখে প্রমত্ত।

কখন এই ঘোরা দুঃখনে কেহ— [illegible] শ্রীবাস অঙ্গনে কীর্ত্তন করিয়াছিল, তাহা [illegible] অনিত্য সম্ভব মোহে নিত্য। এই দুর্গ [illegible] কথা ভিন্ন করিলে পরের নিকটে [illegible] দুঃখদায়ক নিত্য হইতে হয়।

ভগবান প্রভুর সেবায় উন্মুখ হইলেও নিত্য প্রভু [illegible] তাহাদিগকে কৃপা করিলে বুঝিতে হয়। তিনি অনুক্ষণ আপনা হইতে তাহাদিগের চরণাশ্রিতকে আকর্ষণ করিবার উদ্যম। এই কৃপা-লীলা-প্রসঙ্গ কখন বাধার প্রভু কখনও বা নিজে আসিয়া, কখনও বা আপন পার্ষদকে [illegible] অমর আত্মা এবং অমর প্রভুর সন্ধান প্রদান করেন।

এই [illegible] সম্বন্ধাভিধেয় শ্রীগুরুদেব। তখন [illegible] শ্রীগুরুদেবের কার্য্য—জগদ্গুরুকে নিত্যসেবা প্রতিষ্ঠিত করা। অনেকে গুরুত্বকার এই কার্য্যে ভ্রান্তি দেখাইয়াছেন। [illegible]

যত প্রবন্ধ করিতেছেন তাহা কে পরম [illegible] বুদ্ধিমান্ জনগণের সর্ব্বথাই করণীয়।

শ্রীচৈতন্যভাগবতের [illegible] বিনোদন শ্রীল বৃন্দাবনদাস ঠাকুরের অবতারগণের চরিত্রচিত্র আমাদিগকে প্রবন্ধকের হাত হইতে রক্ষা করিতেছে।

প্রাচীন নবদ্বীপ শ্রীধামমায়াপুর শ্রীচৈতন্যমঠের স্থাপয়িতা আজ বিশ্বের সর্ব্বত্র শ্রীচৈতন্যদেবের আচরিত ও প্রচারিত চৈতন্যধর্ম্মের প্রচার করিয়া এই বিরহমান-[illegible] মহাচিৎসমাধানের অংশকে নিত্য-[illegible] তদনুগত এক গৌড়ীয়াদলে সেই চৈতন্যবাণী ঘরে ঘরে বিতরণ করিয়া গুরুর আদেশপালনে ব্রতী।

গত শনিবারীয়াম পরিক্রমার [illegible] মহোদয়ের অবতারিত [illegible] শ্রীচৈতন্যদেবের [illegible] করিয়া পরেরদিন [illegible] বক্তৃতায় [illegible] বক্তৃতা করিয়াছেন। পরিব্রাজকাচার্য্য [illegible] শ্রীমদ্ভক্তিবিবেক [illegible] মহারাজ মেরিনীর [illegible] গ্রামে গ্রামে [illegible] চৈতন্য [illegible] সম্বন্ধে বক্তৃতা [illegible] করিয়াছেন। [illegible] অনেকের [illegible] মধ্যে [illegible] আকর্ষণ করিয়াছেন। প্রচারকার্য্যে [illegible] পুলিনবিহারী [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

আলো কি কেন ?

[illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত

ভক্তি গ্রন্থাবলী

চৈতন্যধর্ম্ম

শ্রীচৈতন্যধর্ম্ম—শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের লিখিত—ইহাতে গৌরের পরিচয়, তত্ত্বের সহিত সম্বন্ধ, শিক্ষা ও নৈমিত্তিক ধর্ম্ম, শ্রীমন্মহাপ্রভুর অন্তর্দ্ধানের ক্রম, শ্রীমন্মহাপ্রভুর অন্তরঙ্গ ভক্তগণের প্রকাশ, বৈষ্ণব বর্ণাশ্রমধর্ম্ম, বৈষ্ণবধর্ম্মের স্বরূপ, সজোপাসনার সহিত পার্থক্য, ব্রহ্মবাদ, বৈষ্ণবভক্তি ও কর্ম্মকাণ্ডের ক্রম, ঈশ্বরমহত্ত্ব, অবৈতবাদী পঞ্চ ভক্তির তারতম্য, জীবের বন্ধাবস্থা ও মুক্তি, বৈষ্ণবধর্ম্মের অধিকার, ভক্তির অবিকারী-বিচার, কর্ম্ম ও জ্ঞানাঙ্গের সার্থকতা, সাধনসঙ্গ ও বৈষ্ণবসঙ্গ, বেদে কৃষ্ণলীলা, ভগবদ্ভক্ত বা আচার্য্যের প্রয়োজিত-ক্রম, ঔপনিষদপুরুষ ও গৌড়ীয়ভাষ্যের প্রভেদ, সম্বন্ধজ্ঞানের সহিত অভিধেয়ের কার্য্য, সম্প্রদায় কৃত গৌড়ীয়ত্ব, শ্রদ্ধিবিচার, দীক্ষা, বৈধী ও রাগানুগা ভক্তি, সম্বন্ধজ্ঞান, ব্রহ্মবন্ধের অধিকারী, সাধকীবস্থা, সদ্গুরু ও শিক্ষাগ্রহণের প্রকৃত সময়ের সম্বন্ধবন্ধের অন্যান্য বিশুদ্ধ বক্তব্যাবলী অতি সরলভাষার অযোপকথনচ্ছলে প্রকাশিত হইয়াছে। এই একখানা গ্রন্থ পড়িলে শ্রীমন্মহাপ্রভুর বাক্যের বিন্দুবিসর্গ বুঝিতে আর বাকী থাকে না। সমস্ত মুদ্রণ ত্রুটিরহিত করিবার জন্য এবং প্রকাশের বিলম্ব হইয়াছে। শ্রীযুক্ত সতীশচন্দ্র রায়-মহাশয় বহু পরিশ্রম করিয়া এই গ্রন্থের প্রুফ সংশোধন করিয়াছেন। অবশেষে শুদ্ধিপত্র, কথাসার ইত্যাদি যোগ করিয়া বিশেষ সমৃদ্ধ করা হইয়াছে। বিলাতি, রয়েল, সোনার জলে নাম লেখা উৎকৃষ্ট বাঁধাই—উৎকৃষ্ট সাদা কাগজ—১৲ মাত্র।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ

সমগ্র বাঁধাই—২৲ দুই টাকা

আধাবাঁধা—১৸০ পৌণে দুই টাকা

মুদ্রিতপূর্ব শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্ত্তব্য ও অনিত্য সাময়িক কর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে। প্রত্যেক প্রাতঃ উঠিয়া সমস্ত শাস্ত্রবাক্য দ্বারা সমস্ত দিনের প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার সত্য কি? স্বর্গ, সমাজ, নীতি, ধর্ম্ম কি? ইহাদিগে বিষয় সমস্তভাবে এমন সুন্দরভাবে যুক্তিসহকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পাঠ করিতে আরম্ভ করিলে শেষ না করিয়া নিরস্ত হওয়া যায় না।

শ্রীশিক্ষাষ্টক

দ্বিতীয় সংস্করণ ৸০ আনা

শ্রীল গোস্বামী প্রভু শ্রীলরঘুনাথ গোস্বামী প্রভুকে উপদেশচ্ছলে যে সকল কথা বলিয়াছেন, তাহা জীব প্রাত্র মঙ্গলের অনুকূল ও প্রতিকূল বিচার আর সুন্দরভাবে লিপিবদ্ধ হইয়াছে। ইহা ছাড়া শ্রীমন্মহাপ্রভুর উপদেশ শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ করিয়াছে।

৪৪৩ গৌরাব্দের

সচিত্র

শ্রীনবদ্বীপ পঞ্জিকা

পারমার্থিক ব্যক্তিমাত্রেরই একান্ত প্রয়োজনীয়

বিষ্ণুব্রত ও উপবাসাদির তালিকা সম্বলিত

বাংলার ঘরে ঘরে বিরাজিত হউক

ভিক্ষা ৵০ আনা মাত্র

৵১০ ডাক টিকিট পাঠাইলে ডাকে পাঠান হয়

মহাকবি

শ্রীল লোচনদাস ঠাকুরকৃত

শ্রীচৈতন্যমঙ্গল

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি প্রকরণের ও খণ্ডের কথাসার, শব্দসূচী, স্থানসূচী, পাদটীকা, প্রমাণগ্রন্থ তালিকা, পত্রসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত বোর্ড, অক্ষরে ডবল ক্রাউন, আটপেজী আকারে ষ্টিফ বোর্ডের কাগজে ছাপা। ভিক্ষা—২৷৷০ টাকা।

শ্রীহরিনামচিন্তামণি

নামাভাস। শ্রীল হরিদাস ঠাকুর যবন হরে শ্রীনামমাহাত্ম্য, নামাভাস, নামাপরাধ প্রভৃতি বিষয় যাবতীয় বিষয় প্রশ্ন করিয়াছেন, এই বিষয়গুলি অতি সরল ভাষায় সন্নিবিষ্ট আলোচনাসহ পাদটীকায় মুদ্রিত। শ্রীল ভক্তিবিনোদঠাকুর-রচিত। বহু পাষণ্ডের ভিক্ষা ৸০ আনা মাত্র

বৈষ্ণবমঞ্জুষা সমাজ্ঞপ্তি

(সাময়িকী পত্রিকা)

বিষয়—১। ভবিষ্যতের কর্ত্তব্য সম্বন্ধীয় আদেশ। ২। সম্প্রদায়ের বৈষ্ণবগণের পরিচয়, ৩ শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের বিবরণ ও বিভাগের বিবরণ। ৪। বিভিন্নদেশের গৌড়ীয় ও গৌড়ীয় আচার্য্যগণের ব্যাখ্যান সমূহ। ৫। সম্পাদকীয় মন্তব্য। ৬। বিবিধ। ৭। সংবাদ। ৮। সমালোচনা। ৯। বিজ্ঞাপন।

বার্ষিক মূল্য ৩৷৷০, ষাণ্মাসিক ১৷৷৵০ ডাক মাশুল ৵০, ১ খণ্ড ৵০ মাত্র।

শ্রীভক্তিসন্দর্ভ

১ম খণ্ড ১৲ এক টাকা ২য় খণ্ড ১৲ টাকা—শ্রীমদ্ভাগবতের ও গৌড়ীয়ের গ্রাহকগণ ৷৷০ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণব সাহিত্যে শ্রীল জীবগোস্বামীপাদের অতি অপূর্ব্ব গ্রন্থ। ইহার মূল্য ৩৷৷০ টাকা। গ্রাহকগণ উপর ডাকমাশুল ৵০ মাত্র লইয়া থাকেন। ইহার মূল্য বৃদ্ধি হইয়াছে।

শ্রীমদ্ভক্তিবেদান্ত সারস্বতগোস্বামী

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা ৵০ আনা মাত্র

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!!

কে, সি, দত্তের চৌকা শিশি আদলান তৈল আধি ও অক্টাইন এবং উপাদেয়তায় সর্ব্বজন পরিচিত ও বহু প্রশংসিত।

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, যাহা তৈল খাইয়া করিয়া সস্তা শিশির গায়ে ইংরাজী অক্ষরে কে, সি, দত্ত এণ্ড কোম্পানী নাম খোদিয়া রাখিয়াছি করিবেন। নতুবা জুয়াচোরের কলঙ্কের কৃত্রিম তৈল দিয়া প্রতারণা করিবে।

ফেরার্স কুইনিন্

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম ঞ্জ

ইহাতে ঈষদুষ্ণ মাত্রায় ২ বিন্দু, বাইশহাজারে কুইনিন আপেক্ষিক এত হইবেন আছে।

এই ফেরার্স কুইনিন্ যাহা ব্যবহার করিলে এক মাত্রা ইহার সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর করে এবং ৬ হইতে ১২টী ইঞ্জেকসনে ম্যালেরিয়ার ন ইঞ্জেকসন ২ ৫ ৫ ৫

বিশ্ববৈষ্ণব রাজসভার শুদ্ধভক্তিমঠসমূহ

শ্রীচৈতন্য মঠ

আকর মঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ভাঙ্গাঘর শ্রীরাম গয়াপুর, নদীয়া

শ্রীমহাপ্রভুর ৪৭তম ও পঞ্চম উত্তর-পুরুষ শ্রীভক্তিবেদান্ত আচার্যদেব শ্রীচৈতন্য-কল্পনে শ্রীশ্রীচৈতন্য মঠ নির্মাণমান।

এই স্থান সাকল্য-দীর্ঘ, পরমার্থ-পীঠ বা সাধক জন্মস্থলী। এই মহাপীঠে শ্রীগৌরাঙ্গের আবির্ভাবাদি-লীলাসমূহ, পরিক্রমার অন্তর্গত কোলা, সীমন্ত, অন্তরীপ, সমাজ-উপনি-বন-স্বীকা-সুরভি-চন্দন-চতুষ্টয়ের অধিষ্ঠান ও আবির্ভাব এবং তথায় শ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্বিকা-গিরিধর ও সাধক সম্প্রদায়ক-আদি-চতুষ্টয় তাঁহাদের উপাস্য বিগ্রহের সহিত লীলা সেবিত হইতেছেন। এই মহাপীঠে পারমার্থিক বৈশিষ্ট্যসহ সাধক সম্প্রদায়ের অলৌকিক ও পুরাতন প্রাচীনতম শ্রীমায়াপুর-চন্দ্রোদয় মন্দিরের ভক্তিরত্ন সমাধিস্থ শ্রীমায়াপুর-পরিক্রমাদি ও অন্যান্য ভক্তিগ্রন্থ শ্রীনাম-সংকীর্তন প্রচারমুখে মহামহোৎসবাদি তথায় অনুষ্ঠিত হইয়া থাকে। বর্তমান সেবাইতবৃন্দ: সভাপতি—শ্রীযুক্ত বিনোদবিহারী গঙ্গোপাধ্যায়, সম্পাদক শ্রীযুক্ত গোবিন্দ অধিকারী আইনজীবী, শ্রীযুক্ত নীলচন্দ্র ব্রহ্মচারী, সাধক গোবিন্দানন্দ ব্রহ্মচারী, শ্রীযুক্ত মনীন্দ্রলাল বন্দ্যোপাধ্যায়, শ্রীহরেকৃষ্ণ দাস প্রভৃতি সদস্যগণ।

(১) শ্রীগৌড়ীয় মঠ

১৬ নং আনিবাগান লেনস্থ ষ্ট্রীট, পোঃ গড়পাড়, কলিকাতা।

টেলিফোন নং, বি, ৪১১৫

শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত শুদ্ধভক্তি-প্রচারোদ্দেশে গৌড়দেশের সর্বপ্রধান নগরী কলিকাতায় শ্রীকিশোরীমোহন আসন শ্রীমঠ প্রতিষ্ঠিত আছেন। এই উদ্দেশ্যে শ্রীভক্তি-গৌরাঙ্গ গিরিমোহনের জীবৎ সমাধিস্থ নিম্ন সেবিত হন। গৌড়ীয় আচার্যবর্গের বাণীর প্রচারাদর্শে গৌরবে যাবতীয় একটী সুন্দর মুদ্রা-যন্ত্রালয় সংস্থাপিত হইয়াছে। পৃথিবীর সকল শ্রীগৌরাঙ্গ প্রচারার্থ এই যন্ত্রালয় হইতে 'গৌড়ীয়' সাপ্তাহিক পত্র, যে ভক্তমণ্ডলীর মাসিক পত্রিকা ইহারই আশ্রয়ে নিয়মিতভাবে প্রকাশিত হইতেছে। শ্রীমঠে পত্র, সাধারণ, সম্প্রদান-চতুষ্টয়-বোধক, শ্রী-ভাগবত, প্রাচীনক-চরিত্রমুক্তাবলী ও ভক্তগণের সমাক আলোচনা হইয়া থাকে। মঠরক্ষক—আচার্যদেব শ্রীপাদ কৃষ্ণকিশোরী বিদ্যাভূষণ। সভাপতি—পণ্ডিত শ্রীপাদ অনন্তবাসুদেব সার্বভৌমভূষণ বি-এ, শ্রীপাদ সুন্দরানন্দ সর্বজ্ঞাধিনোদ বি-এ, শ্রীপাদ বনবিহারী ব্রহ্মচারী, শ্রীপাদ ভক্তিকমল ভাগবতিকানিধি বি-এ, শ্রীপাদ ভক্তিবিলাস ভাগবতিকানী, ব্রহ্মচারী শ্রীকীর্তনানন্দ, ব্রহ্মচারী শ্রীগোপীমোহন, ব্রহ্মচারী শ্রীনন্দনন্দ ভক্তিরত্নী, ব্রহ্মচারী শ্রীবেণুকীর্তন, পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ সর্বাস্তঃকরণে কার্যকারী প্রচারক।

(৩) যোগপীঠ শ্রীমন্দির

এই স্থানে শ্রীজগন্নাথমিশ্রের ভবনে শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ। এখানে শ্রীলক্ষ্মীপ্রিয়া ও শ্রীবিষ্ণুপ্রিয়ার শ্রীবিগ্রহদ্বয়ের নিত্য সেবা হয়। শ্রীমন্দিরের সেবা বর্তমান। রক্ষক—গোকুলানন্দ গোস্বামী ভট্টাচার্য। প্রভু শ্রীজগন্নাথ। সভাপতি শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী, শ্রীরাধাবাগ ব্রহ্মচারী। শ্রীহরিদাস আদি-বাবাজী, শ্রীযুক্ত দেবকীনন্দন ব্রহ্মচারী।

(৪) শ্রীবাস-অঙ্গন

শ্রীমন্মহাপ্রভুর কীর্তন-বিলাস বা নৃত্যলীলার স্থান স্থলী। এখানে শ্রীশ্রীগৌর-নিত্যানন্দ ও পঞ্চতত্ত্বের সেবা বর্তমান। রক্ষক—শ্রীরাধাকৃষ্ণ ব্রহ্মচারী, শ্রীমন্মথ-রক্ষক, শ্রীগোকুলদাস বাবাজী।

(৫) অদ্বৈত-ভবন

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্তমান।

(৬) কাজীর সমাধি পীঠ

প্রাচীন মায়াপুর, মাজিদপুকুর (নদীয়া) শ্রীগৌরকৃপাপাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীবিনোদবিহারী।

(৭) আনন্দ সুরধুনী কুঞ্জ

শ্রীযোগাদ্য, মায়াপুর। নদীয়া।

এখানে শ্রীবিষ্ণুপ্রিয়া দেবী ভক্তিবিনোদঠাকুরের প্রতিষ্ঠিত শ্রীগৌরাঙ্গবিগ্রহ এবং শ্রীশ্রীরাধা-মাধবের সেবা বর্তমান

রক্ষক—ভক্তিকুসুম হালদার ব্রহ্মচারী

মুক্তাবিলী দাস, এম, এস, সি।

(৮) শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

২৪ম নিং।

রক্ষক—শ্রীহরিপদ কাঞ্চনপল্লী বি, এ, বি, এল, সভাপতি—শ্রীউমাপদ ভক্তি-পাখী, শ্রীসকল অধিকারী প্রভৃতি।

(৯) শ্রীগৌর-গদাধর মঠ

টাপাটা ষ্ট্রী, মধুকুণ্ড, (বর্ধমান)

শ্রীল ব্যাস-পূজা মহোৎসব শ্রীনামহট্টসেবা। রক্ষক—শ্রীকবিরঞ্জন আচার্য।

(১০) শ্রীরূপ-গৌড়ীয়-মঠ

মহাবোধি, সমাজ ষ্ট্রী, পো

রক্ষক—শ্রীবিনোদ ব্রহ্মচারী, শ্রীকৃষ্ণপ্রেমর রক্ষ ষ্ট্রী।

(১১) শ্রীমোদদ্রুমভদ্র—

ঘাটোয়াড়ি, জাহানপুর, বর্ধমান।

শ্রী গোপীনাথ ঠাকুর বৃন্দাবনের স্থান।

রক্ষক—শ্রী-ভ বর্ধনী ব্রহ্মচারী।

(১২) ভাগবত আসন

শ্রীনাগরক প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।

ভাগবত-গ্রন্থের গবেষণা প্রচার-কেন্দ্র।

রক্ষক—শ্রীমহানন্দ ব্রহ্মচারী।

(১৩) শ্রীপ্রকাশন মঠ

টেলিপাড়া, গোয়াড়ী, কৃষ্ণনগর, নদীয়া

রক্ষক—শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী।

(১৪) শ্রীমাধব গৌড়ীয় মঠ

৯৯নং কাশারিপুকুর লেন, ঢাকা।

পূর্ববঙ্গের প্রধান কেন্দ্র, এখানে শ্রীভক্তি-গৌরাঙ্গ গান্ধর্বিকা-গিরিধরের সেবা বর্তমান।

রক্ষক- শ্রীগোবিন্দের ব্রহ্মচারী।

(১৫) শ্রীগোপালজী মঠ

কমলাপুর, ঢাকা।

গোপালজীর শ্রীবিগ্রহের প্রাচীন সেবা

রক্ষক—শ্রীপ্রাণগোর ব্রহ্মচারী।

(১৬) শ্রীগদাই-গৌরাঙ্গ মঠ

কবিরাজ-কলাপাড়ী সরা, বাসিন্দাটী, ঢাকা।

শ্রীগদাধর-গৌরাঙ্গের নিত্য সেবা।

রক্ষক—শ্রীপূর্ণ ব্রহ্ম ব্রহ্মচারী।

(১৭) শ্রীভাগবতজনানন্দ মঠ

চক্রশিলা, বাদুরেকপুর, মেদিনীপুর।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্বিকা-গিরিধারীর নিত্যসেবা বর্তমান। রক্ষক ব্রহ্মচারী শ্রীনারায়ণচন্দ্রী। ব্রহ্মচারী পরানন্দ

১৮. আমলাযোড়া প্রপন্নাশ্রম

বাকুই ষ পোঃ বর্দ্ধমান।

শ্রীগুরুগৌরাঙ্গ শ্রীযুগলিকা গান্ধর্বিকা-গিরিধারীর নিত্যসেবা। রক্ষক—প্রবাসী শ্রীগৌর-কিশোর।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

পুরীধাম, পুরী, উড়িষ্যা।

এখানে শ্রীগান্ধর্বিকাগিরিধারীর নিত্য-সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমেশ্বানন্দ বিদ্যার্ণব, ব্রহ্মচারী শ্রীনন্দীশানন্দ।

(২০) শ্রীব্রহ্ম-গৌড়ীয় মঠ

আলবরনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী।

জগন্নাথদেবের অনবসর সময়ে শ্রীবিগ্রহ প্রকট করণ। রক্ষক—ব্রহ্মচারী বিশ্বম্ভরপুরী প্রভৃতি। সভাপতি—ব্রহ্মচারী শ্রীবনিবিহারী।

(২১) শ্রীসচ্চিদানন্দ মঠ

উড়িষ্যাবাজার, কটক।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্বিকা-গিরিধারীর নিত্যসেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীবিহারী।

(২২) শ্রীসনাতন-গৌড়ীয় মঠ

৪৮নং জগন্নাথবল্লভপুর, কাশী।

শ্রীগৌর-গান্ধর্বিকা-গিরিধারীর নিত্য সেবা। রক্ষক—শ্রীনারায়ণচন্দ্রী।

(২৩) শ্রী কৃষ্ণচৈতন্য মঠ

শ্রীবৃন্দাবনধাম কৃষ্ণ, প্রাচীন বৃন্দাবন।

শ্রীশ্রীরাধা-ব্রজ-রজ-সেবার সেবা।

রক্ষক—শ্রীগুণ বিনোদ ব্রহ্মচারী

(২৪) শ্রীপরমহংস মঠ

চৈতন্যবাগান, মায়াপুর

এখানে শ্রীগুরুগৌরাঙ্গ গান্ধর্বিকা-গিরিধারীর নিত্যসেবা বর্তমান।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীগুণানন্দ ও ব্রহ্মচারী শ্রীনন্দদুলাল।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ

চুপড়কুড়া, চিরুড়ক, মানভূম। শ্রীচৈতন্য-চরিতামৃতের পাঠ। রক্ষক—শ্রীবিশ্বনাথ রায়, শ্রীকৃষ্ণানন্দ ব্রহ্মচারী। শ্রীগৌর-লীলা-স্থলীসমূহ।

(২৬) শ্রীব্যাসগৌড়ীয় মঠ

কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল। এখানে শ্রীগৌরাঙ্গনেবা-ধামের সেবা বর্তমান।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীজগদীশজী।

(২৭) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রম-ব্রাহ্মণপাড়া, পোঃ বাড়ু, জাবড়া

এখানে শ্রীকৃষ্ণমূর্তি শ্রীগৌরাঙ্গের সেবা বর্তমান। রক্ষক—প্রবাসী শ্রীপ্রাণকৃষ্ণ দাস, শ্রীগিরিধর ব্রহ্মচারী।

(২৮) শিল্পী গৌড়ীয় মঠ—কার্যালয়

১৮ নেপ রোড, নিউ দিল্লী।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীবাসিকারঞ্জন ব্রহ্মচারী শ্রীগোপালকৃষ্ণগোস্বামী।

(২৯) গোকুলপাড়া প্রপন্নাশ্রম

রক্ষক—ব্রহ্মচারী শ্রীবাসবেন্দ্র

চৈতন্যমঠের শুদ্ধভক্তি গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র	৫০৲
ঐ (১ম—৯ম স্কন্ধ)	২১৷৵০
ঐ (দশম স্কন্ধ)	১২৲
ভাগবত-সার শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (৪র্থ সংস্করণ)	৫৲
শ্রীচৈতন্যভাগবত (বিরাট্, দ্বিতীয় সংস্করণ)	৫৲
গীতা (শ্রীবলদেব-টীকা-সহ)	২৲
গীতা (শ্রীচক্রবর্ত্তি টীকা-সহ)	২৲
বৈষ্ণবধর্ম্ম	২৲
মুক্তিমাতৃকা স্তবসৌরভঃ সাহুবাদ (মাঘ)	২৲
গোড়ীয়-কণ্ঠহার	২৲
শ্রীচৈতন্য শিক্ষামৃত (বাঁধা)	২৲
ভিন্নে নবদ্বীপ	১৷৵০
শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপ শতকম্ (বাঁধা)	
শ্রীমদ্ভাগবত দশম (বাঁধা)	৸৲
ঐ (আধাঁধা)	৸০
বৈষ্ণবস্মৃতয়ঃ-সমাগমঃ (প্রথম চারিখণ্ড)	১৲
শ্রীহরিনামচিন্তামণি	৸০
নবদ্বীপধাম-প্রদক্ষিণা	৸০
গোড়ীয়গীতাবলী	৸০
প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ)	৸০
ভক্ত-ধ্রুব	৷৵০
গীতার কেবল মাধুর্য্য-ভাগ	৷৵০
গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা)	৷৵০
সাধনকল্পলতিকা (বাঁধা)	৷৵০
শ্রীগুরুবৈষ্ণবতত্ত্বচন্দ্রিকা সাহুবাদ	৷৵০
বেদান্তসূত্রের সাহুবাদ (শ্রীরামানুজীয়)	৷৵০
প্রেমাঞ্জন	৷৵০
গৌড়ীয়-গৌরব	৷৵০
গৌড়ীয়-গায়কা	৷৵০
সজ্জনতোষণী (৩য় সংস্করণ)	৷৵০
মণিমঞ্জরী সাহুবাদ	৷
অষ্টকালীয় লীলাস্মরণমঙ্গলস্তবঃ।	
উপদেশামৃতম্ (শ্রীরূপ ও শ্রীনাথ ভাষ্য এবং বিস্তৃতি ও অনুবাদ সহ)।	
শ্রীনবদ্বীপভাবতরঙ্গ	
শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা ম্যাপ	
শ্রীবৃন্দাবন ঐ প্রমাণখণ্ড	৵
নবদ্বীপধাম-মাহাত্ম্য	৷

প্রাপ্তিস্থান :- পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

(ক) প্রথম খণ্ড	
(খ) দ্বিতীয় খণ্ড	
(গ) দুই খণ্ড একত্রে	১৷৵০
নবদ্বীপ পারিক্রমা (৪৪৪ পৃষ্ঠায়)	৵০
সিদ্ধান্তদর্পণ	৵০
বীজ-নির্ণয়দর্পণ	৵০
ভক্তিরত্নাকর (নবদ্বীপ পারিক্রমা)	৵০
গীতমালা	৵১০
কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ)	৵১০
নবদ্বীপশতক	৵
সদাচারস্মৃতিঃ	৵০
প্রেমধন	৵০
প্রেমভক্তিচন্দ্রিকা	৵০
শরণাগতি	৵০
গীতাবলী	৵০
গৌড়ীয়রা কি করেন ?	৵০
নামাপরাধ	৵০
অবসরত	৵০

শ্রীমদ্ভাগবতাদি

ভজনরহস্য	৵০

দেবনাগরাক্ষরে প্রকাশিত

শিক্ষাষ্টকসহিতশ্রীচৈতন্যমতম্	৵০
মাঘীস্নান মহাত্মা	৵০
ভক্ত-ধ্রুব	৵০
সাধ্যসাধন	৵০
সাধুসঙ্গ সাধনক্রম	৵০
গৌড়ীয় মঠের পরিচয়	৵০

ইংরেজী ভাষায় প্রকাশিত

নামভজন	৷০
লাইফ্ এ্যাণ্ড প্রিচিংস্ অব্ শ্রীচৈতন্য মহাপ্রভু	৷০
বেদান্তসূত্র	৷০
দি ভগবান্	৷০
ইন্ট্রোডাক্শন্ টু শ্রীমদ্ভাগবত আনোটেড্ বিহাইণ্ড	
গোড়ীয় গৌড়ীয়দের ধর্ম্ম-দুঃখ	৵০

উড়িষ্যা অক্ষরে প্রকাশিত

শ্রীহরিনাম চিন্তামণি	৷০
কল্যাণ কল্পতরু	৷০
সাধন পথ	৷০
গীতাবলী	
শরণাগতি	

সুবর্ণসুযোগ। সুবর্ণ সুযোগ।। সুবর্ণ সুযোগ।।

গ্রন্থাকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের সেই অবিদ্যা-বিনাশিনী চিদানন্দরূপোদ্ভাসিনী কৃষ্ণ-কার্ত্তনানন্দদায়িনী জীবন্মুক্তাবীর মুক্ত-বিরোধি—বৈষ্ণবসিদ্ধান্ত-রত্নমালার কৌস্তুভমণি—সেবাকুণ্ঠনখণ্ডনের কৃষ্ণ কর্ণ-বিভূষণ কদম্বকুণ্ডল—সম্প্রদায় বৈভব-বিজ্ঞানাগারের মৌলিক ভূমা—সদ্ধর্ম্মরাজ ও ভাগবতের সমন্বয়গুরু—মহাজন-চরিত-শিক্ষক—ইতিহাস-চিন্মাত্রাভিন্নাত্র-বিচারক—ঐশ্বর্য্য ও মাধুর্য্যরসের মৌলিক গবেষণাগার—সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন তত্ত্বের সিদ্ধান্ত-মূল।

১। প্রথমাখণ্ড—বৈষ্ণবদর্শন, শ্রীগুরুতত্ত্ব, কালধর্ম্ম, শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব, শ্রীনামভজনী, পাঞ্চরাত্রিকী দীক্ষা ও বর্ণ-বিচার, আত্মধর্ম্ম ও মনোধর্ম্ম, শ্রীচৈতন্যদেব ও তাঁহার শিক্ষা, অপ্রাকৃত সাধুসঙ্গ ও প্রাকৃত সহজিয়া ধর্ম্ম, শ্রীপাদ ঈশ্বরপুরী, শ্রীল রসিকানন্দ-প্রসঙ্গ, পুষ্টিমার্গ প্রভৃতি বিংশতি সংখ্যক তত্ত্বে সুশোভিত। ভিক্ষা মাত্র ৸০ বার আনা।

২। দ্বিতীয়াখণ্ড—শুদ্ধা ও মিশ্রা ভক্তি,মধুপের শ্রেষ্ঠতা কোথায়, আত্মার নিত্যবৃত্তি, ঐশ্বর্য স্বামিপাদ ও মায়াবাদ, শ্রীগৌর নিত্যানন্দ-প্রসঙ্গ, জিহ্বার ধর্ম্ম ও কৃষ্ণকীর্ত্তন, শ্রীবাসাঙ্গনায় শ্রীমহাপ্রভুর কীর্ত্তন, শ্রীগৌরধামের মহিমা, মহাপ্রসাদ, শ্রীগোবিন্দ, শ্রীরূপানুগভজন-পথ, শ্রীমতী তুলসী দেবী, শ্রীচৈতন্যের দয়া, গৌরকরুণা ও কৃষ্ণসঙ্কীর্ত্তন—চতুর্দ্দশ অপূর্ব্ব-বস্তুবিন্যাস-পূর্ণ গ্রন্থ-বিভূষিত। ভিক্ষা ১৲ এক টাকা মাত্র।

প্রথম ও দ্বিতীয়—দুই খণ্ড একত্রে লইলে ভিক্ষা ১৷৵০ দেড় টাকা, ডাক খরচ স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান :—গ্রন্থবিভাগ—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

আগামী ৩রা এপ্রিল (১৯৩১) তারিখ হইতে

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইতেছে

বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে। প্রত্যেক ছাত্রের খোরাকী বাবদ মাত্র ছয় টাকা মাসিক ব্যয় হইবে।

স্থান অতীব স্বাস্থ্যকর। ছাত্রগণ অভিভাবকের পত্রসহ সত্বর নিম্নলিখিত ঠিকানায় আবেদন করুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

৫০ বৎসরের পরীক্ষিত কয়েকটী মহৌষধ-

ব্যবহারকারীরা শতমুখে হইয়া যে সমস্ত প্রশংসা পত্র দান করিয়াছেন, তাহা একত্রে বহু বড় পুস্তক হইয়া পড়ে। আংশিক ব্যবহার করিয়া বশ হউন।

১। চন্দ্রপ্রভা বটিকা—ইহার নামটীও যেমন কাজও তেমনি। ইহা মুখ ও পরাক্রম মেহ, মূত্রকৃচ্ছ, অর্শ প্রভৃতি এবং স্ত্রীলোকদিগের সূতিকা ব্যারাম, শ্বেত এবং রক্তপ্রদর প্রভৃতি রোগে আশু ফলপ্রদ।

২। সুষুপ্তিসহায় বটিকা—মাদকদ্রব্যবিহীন অথচ নিদ্রাবিধায়ক ঔষধ। যে কোন দৈহিক ও মানসিক পীড়াবশতঃ অনেকানেকে এই ঔষধ ব্যবহারে গাঢ় নিদ্রা হইবে।

৩। মধুর বটিকা—ইহা সেবনে স্ত্রীলোক ও তদনুসঙ্গিক দেহ ও মনের পাণ্ডুর ছইয়া যাওয়া চেহারাদি পুনরুদ্ধিত হইয়া রক্ত সঞ্চালন ও বৃদ্ধি প্রাপ্ত হয়।

উক্ত তিন প্রকারের প্রত্যেক ঔষধের মূল্য প্রতি কৌটা ১৲ টাকা।

প্রাপ্তিস্থান :—আতঙ্কনিগ্রহ ঔষধালয়
২১৯নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য প্রমাণ সহ কিমা ৵০

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাস্থান নবদ্বীপ ধাম-সম্বন্ধে। এই নব দ্বীপের প্রাচীন বিবরণ—সত্যের দ্বীপে ঈশানাকৃতি পীঠ—ত্রেতার দ্বীপের পরিচয়, দ্বাপরে নবদ্বীপ—কলিযুগের কিঞ্চিৎ চরিত্র বিশেষভাবে মূলগ্রন্থ হইতে বর্ণিত। পড়িলে সাধক প্রাণ হবে পুলকিত।


নবদ্বীপ ভাবতরঙ্গ কিমা ।০

উজ্জ্বল রোজনে কালিতে উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধামে ভজন কারক ভজনকারীর কি প্রকার ভাবের উদ্গম হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। আছে চমৎকার।

সাধককণ্ঠমণি—

শ্রীবৈষ্ণবধর্ম্ম, শ্রীগুরুতত্ত্ব, শ্রীকৃষ্ণের অষ্টোত্তর শতনাম ও শ্রীল নরোত্তম ঠাকুরের ভক্তিনিষ্ঠের অবশ্যজ্ঞাতব্য প্রার্থনা, প্রেমভক্তি-চন্দ্রিকা প্রভৃতির অনুবাদ শ্রীগুরুবলী মূলসহ পকেট সাইজে মুদ্রিত। বহু সাধকের ভিক্ষা ।০ চারি আনা মাত্র।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের



মহাযজ্ঞের শুভ বর্ষের জন্য ৬ মাস শিশিতে দীর্ঘস্থায়ী অবস্থায় ক্লোরোফরমের সমপরিমাণ ঔষধ ভাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ।০ আনা, পাঁইট ।৵০ আনা, বোতল ১৵০ আনা।

অফিস—১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

মদন মঞ্জ

ইহার বল ও বাজীকরণ, ধাতুদৌর্ব্বল্য, ইন্দ্রিয়শক্তির হ্রাস, প্রমেহ-রোগ, স্বপ্নদোষ, মাথাঘোরা, বুক ধড়ফড়ানি, অল্পেতে প্রস্রাবে সমস্ত বন্ধ হওয়া নিবারণ করে। মূল্য, বড় কৌটা ১৲ টাকা, ছোট কৌটা ১৲ এক টাকা।

হাইড্রোসিল বা কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস, এন, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের জন্য নিশ্চিন্ত বৈজ্ঞানিক কলাকৌশলে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—
৯৮ নং আহীর ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

মরা মানুষ বাঁচাইবার উপায়



যদিও অদ্যাপি কবিরাজ বা ডাক্তার বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কার করিতে পারে নাই সত্য, তথাপি বিজ্ঞানের অনিবার্য্য উপায় অবলম্বিত করিয়া আমেরিকা ও ইউরোপের বহু বহু ডাক্তারেরা মৃত, মৃতপ্রায় পাণ্ডু বাধক, স্নায়বিক দুর্ব্বলতা, বহুমূত্র, হাঁপানি, পাকস্থলীর পীড়া, অর্শ এবং স্ত্রীলোকদিগের মধ্যে যাহা যাহার, বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটার্স সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক মলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত শত প্রমাণ প্রাপ্ত হওয়া গিয়াছে যাহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ১৲ টাকা মাত্র।

জেনারেল এজেন্ট—
ডাঃ ডি, ডি, হাজরা।
৬৩নং পার্কষ্ট্রীট, কলিকাতা
ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।

৬৯নং মাণিকতলা নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস হইতে—ডাঃ মুক্তকান্ত মুখোপাধ্যায় ভক্তিভূষণ এল, এম, এফ, কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

Reg No C.1544

দৈনিক নদীয়া-প্রকাশ

সাধারণের মুখপত্র
অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸৹
মাসিক ১৲
নমুনা
প্রতি সংখ্যা ৵৫

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৯৲
অর্দ্ধ কলম ৫৷৹
সিকি কলম ২৲
চুক্তির হার
স্বতন্ত্র।

ভারতের সর্ব্বশ্রেষ্ঠ সকল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

খণ্ড] সম্পাদক—শ্রীঅতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তশাস্ত্রী চম্পাতি [২১শ সংখ্যা

শ্রীচৈতন্যাব্দ শ্রীরাম আবাপুর- ১৮ই চৈত্র শনিবার ১৩৫৩, ১৮ই মার্চ্চ, ১৯৪৭

নানা কথা

কৃষ্ণনগরে খানাতল্লাস

গত ২৫শে মার্চ্চ পুনরায় বিস্ফোরক আইনের ৪ (৩) ধারায় নিম্নলিখিত ব্যক্তিদের গৃহে খানাতল্লাসী হইয়াছে। গোপীনাথ মজুমদার, মনমোহন বন্দ্যোপাধ্যায়, অন্নদাপ্রসাদ অধিকারী, সতীকুমার মুখোপাধ্যায়।

কাশপুরে ১৪৪ ধারা জারী
জনতার উপর সৈনিকের গুলী

অমৃতসর এবং তাহার সন্নিকটবর্ত্তী স্থানীয় সংবাদে কাশপুর সহরে চাঞ্চল্য প্রকাশ পায়।

এই শোচনীয় ব্যাপারের প্রতিবাদ কল্পে হিন্দু-মুসলমানের সব দোকান বন্ধ হইয়া গেল। এইস্থানের ৩৩ ঘর মোহাজ্ঞ পরিবার ছাড়ার ছাড়ার সকলকে দোকান পাট বন্ধ করিতে অনুরোধ করিয়া ফিরিতেছিল।

বিক্ষুব্ধ জনতার দিকে সরকারী অফিস সকল গোলাগুলির সংবাদ পাওয়া গেল প্রথমে, তখন তাহা উত্তেজিত হইয়া কাছেরী অফিসের সম্মুখে সমবেত হয় এবং পাকিস্থান জিন্দাবাদ" তখন সে সম্বন্ধে ইস্তাহার বাহির করিয়া চীৎকার করিতেছিল।

অমৃতসরেই এই অঞ্চলে পুলিশ গুরুদ্বারসমূহের সব ভার [illegible] করিয়া পাইয়া একদল বিশাল ট্রাক ঐখানে উপস্থিত হয়। এর পরই গোলমাল বাধে। জনতার মধ্য হইতে ইটপাটকেল নিক্ষিপ্ত হইলে সৈনিকগণ গুলী চালাইতে সুরু করে, ফলে ২৩ জন নিহত এবং ৬০ জন গুরুতরভাবে আহত হয়।

সহরে ১৪৪ ধারা জারী হয়।

কংগ্রেস শিবিরে নেতৃসম্মেলন

মহাত্মা গান্ধী প্রমুখ কয়েকজন নেতা সহসা মতি কাশীতে পৌঁছিয়াছেন। তাঁহারা বলাকা কাশী হইতে না আসিয়া সহর হইতে ১৩ মাইল দূরে মাঝের নামক [illegible] হইতে আসিয়াছেন।

কৃষ্ণনগরে খানাতল্লাস

কাশপুরে ১৪৪ ধারা জনতার উপর সৈনিকের গুলী

কংগ্রেস শিবিরে নেতৃবর্গ

লাহোরের ছয়শত প্রতিনিধির করাচী যাত্রা

সহরে লুণ্ঠন ও অগ্নিসংযোগ

বঙ্গীয় ব্যবস্থাপক সভার অধিবেশন

করাচীতে শ্রীযুত সেনগুপ্ত

মহাত্মাজীর অবস্থা সম্পর্কে আলোচনা

উদার নৈতিকদলের সিদ্ধান্ত

বোম্বাইয়ে পূর্ণহরতাল—মিছিলের উপর লাঠিচালনা

লাহোরে ছয়শত প্রতিনিধির করাচী যাত্রা

সুভাষচন্দ্রের জাহাজে ত্যাগ

লাহোর এবং নীলাম্বর কংগ্রেসের [illegible] প্রতিনিধি এবং মজুরা [illegible] সঙ্গে [illegible] গত ১৩৩০ মিনিটের সময় লাহোর হইতে যাত্রা করে। আট্টারি ষ্টেশনে সময় সকলে বন্দেমাতরম ধ্বনিতে [illegible] দিগন্তরে" ধ্বনি করিয়া উঠেন। [illegible] ৬ বাক্সের প্ল্যাটফর্ম পূর্ণ হয় [illegible]। [illegible] হিন্দু, শিখ [illegible] ও [illegible] [illegible] [illegible] [illegible]।

[illegible] সকলে [illegible] [illegible] [illegible]

সহরে লুণ্ঠন ও অগ্নিসংযোগ

২৪শে মার্চ সন্ধ্যাকালে কাণপুরের অবস্থা আরও গুরুতর হইয়া উঠে। সৈন্য সমাবেশ এবং প্রোক্লামেশন জারী করা হইয়াছে।

সহরে ১৪৪ ধারা জারী হইয়াছে এবং পুলিশ ও সৈন্য সকল পুরিয়া বেড়াইতেছে।

কাণপুরের বিবরণীতে জানা যায় অনেক অধিক আহত হইয়াছে এবং অনির্দিষ্ট সংখ্যক অবস্থায় ও কয়েকজন হাসপাতালে পড়িয়া আছে। সমিতি এবং পুলিশ হাসপাতালে পাঠাইয়া দেওয়ার চেষ্টা করিতেছে।

প্রকাশ, সমস্যা সমাধান নিমিত্ত মাজিষ্ট্রেট নেতাগণকে সমবেত হইতে আহ্বান করিয়াছেন।

সমস্ত সহর পরিত্যক্ত। ষ্টেশনে নূতন আগত যাত্রীর ভারিবার উপায় নাই। দোকান অঙ্গন এবং বাজার সকল সম্পূর্ণ বন্ধ রহিয়াছে।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার অধিবেশন

বিগত মঙ্গলবার দিন বঙ্গীয় ব্যবস্থাপক সভার অধিবেশনে মিঃ পি, এম, বক্স প্রশ্ন করেন যে, মফঃস্বলে সাড়ে চারি আনা হারে লবণ শুল্ক বৃদ্ধির জন্য ভারত গবর্ণমেণ্ট যে বিল উপস্থিত করিয়াছেন তাহাতে বঙ্গদেশের দরিদ্র অধিবাসীদের প্রতি অবিচার করা হইবে কিনা এবং এই বিষয়ে বঙ্গীয় গবর্ণমেণ্টকে অনুরোধ করিতেছেন যে, কর্ত্তৃপক্ষ যেন অবিলম্বে ভারত গবর্ণমেণ্টকে এই লবণ শুল্ক বৃদ্ধির প্রস্তাব পরিত্যাগ করিতে অনুরোধ করেন।

আলোচনার পর এই প্রস্তাবটী গৃহীত হইয়াছে। গবর্ণমেণ্ট সদস্যগণ উপস্থিত ছিলেন, তাঁহারা কোন পক্ষে ভোট দেন নাই।

সহকারী সচিব মিঃ মার বলেন যে, এই প্রস্তাবের বিবরণ তিনি ভারত গবর্ণমেণ্ট বরাবর নিকট প্রেরণ করিবেন।

পুলিশের বরাদ্দ

মিঃ মোটা প্রস্তাব করেন যে, পুলিশের জন্য ১,২২,৮৮,০০০ টাকার যে বরাদ্দ করা হইয়াছে তাহা মঞ্জুর করা হউক।

এই বরাদ্দ মঞ্জুর করিবার জন্য যে ছয়টি প্রস্তাব করিবার জন্য নোটিশ দেওয়া হইয়াছিল তাহার আলোচনা শেষ না হইলেই সভার অধিবেশন স্থগিত থাকে।

জেলের বরাদ্দ হ্রাস

মিঃ হাচন্স প্রস্তাব করেন যে জেলের এবং বন্দী উপনিবেশের বরাদ্দ ৯১,৯০,০০০ টাকা হইতে এক লক্ষ টাকা কমাইয়া দেওয়া হউক। আলোচনায় এই প্রস্তাবটী গৃহীত হয়। অতঃপর এই বিষয়ে ৩৮,৯০,০০০ টাকা বরাদ্দ মঞ্জুরীর প্রস্তাব পাশ হয়।

ব্যাঙ্ক তদন্ত কমিটির সভা স্থগিত

মহাবিল্লীতে কেন্দ্রীয় ব্যাঙ্ক তদন্ত কমিটীর অধিবেশন হইতেছে। ভগৎ সিং কর্ত্তৃক প্রাণদণ্ডের প্রতিবাদ কল্পে ২৪শে মার্চ কমিটির কার্য্যের সদস্যগণ উপস্থিত হন নাই। ফলে কমিটীর কার্য্য মুলতুবী রাখা হইয়াছে।

উদারনৈতিক দলের সিদ্ধান্ত

বর্ত্তমান শ্রমিক গবর্ণমেণ্টের সহিত চুক্তিবদ্ধ হওয়া উদারনৈতিক দলের করণীয় কিনা, এই বিষয়ে মীমাংসা করিবার জন্য উদারনৈতিক দলের এক সভা হইয়াছিল। সাড়ে পাঁচ ঘণ্টা ধরিয়া এই সভায় তর্ক বিতর্ক চলে। অতঃপর স্থির হয় যে, শ্রমিক গবর্ণমেণ্টের সহিত কোন চুক্তি হইবে না, তবে কয়েকটি সর্ত্তে উদারনৈতিক দল বর্ত্তমান শ্রমিক গবর্ণমেণ্টকে সমর্থন করিবেন।

এই সর্ত্তগুলি এখনও গোপন রাখা হইয়াছে। শুনিতে পাওয়া যায় উদার নৈতিক মন্ত্রিবাদীদের আর এক সভায় তাহা প্রকাশ করিবেন।

করাচী কংগ্রেসের সভাপতি

প্রকাশ করাচী কংগ্রেসের সভাপতি সর্দ্দার বল্লভভাই প্যাটেল স্থলে সারফজী মার অ.আবদুল্লা, মার কোরেশ প্রভৃতি কতিপয় মুসলিম নেতাকে করাচী কংগ্রেসে যোগদান করিবার জন্য নিমন্ত্রণ করিয়াছেন।

বোম্বাইয়ে পূর্ণ হরতাল
মিছিলের উপর লাঠি চালনা

ভগৎসিং ও তাঁহার সঙ্গীগণের প্রতি সম্মান প্রদর্শনার্থ ২৪শে মার্চ সহরে পূর্ণ হরতাল পালিত হয়। বিষাদপূর্ণ সকলের সকল স্থান হইতে "ভগৎসিং", ইনকুলাব জিন্দাবাদ শব্দ প্রতিধ্বনিত হইতে থাকে। ক্ষুদ্র ক্ষুদ্র পুলিশ দলকে রাস্তার পাহারা দিতে দেখা যায় এবং তদ্ভিন্ন পুলিশ বাহিনী গাড়ী লেকে বোম্বাইয়ের নিকট কলবাদেবীতে মোতায়েন রাখা হয়। সমস্ত দুপ বন্ধ ছিল। প্রাতে শ্রমিক অঞ্চলে এক মিছিল বাহির হইয়াছিল। উক্ত মিছিল শেষে এক সভায় পরিণত হয়।

পুলিশ এক ব্যক্তিকে গ্রেপ্তার করে এবং লাঠি চালনার সময় অনেক আহত এক ব্যক্তিকে হাসপাতালে স্থানান্তরিত করা হয়।

সহরে আরও কয়েকটি মিছিল বাহির হইয়াছিল পিকেটিংএর মিছিলের উপর লাঠি চলে। ফলে দুইজন আহত হয় তাহাদিগকে কংগ্রেস হাসপাতালে ভর্ত্তি করা হইয়াছে।

সন্ধ্যার কয়েকটি মিছিল ও জনসভার ব্যবস্থা হয়।

মহাত্মাজীর অবস্থা সম্পর্কে অভিমত

করাচী কংগ্রেস মহলে সাধারণ অভিমত এই যে, ভগৎ সিং প্রভৃতির ফাঁসির ফলে মহাত্মাজীর পক্ষের মুক্তি শক্তি নিষ্ক্রিয়তেজ হইয়া পড়িয়াছে।

ভক্ত বালকের প্রয়াণ

ইণ্ডিয়ান-ডুকাসনস্থ নিজস্ব সংবাদদাতা টেলেফোনযোগে বৃন্দাবনের ৺কালাচাঁদ ডাক্তার শ্রীযুক্ত বনবিহারী ঘোষ মহাশয়ের স্নেহের পুত্র শ্রীমান্ প্রেমানন্দ ঘোষ বেরিবেরি রোগাক্রান্ত হইয়া গত ৮ই চৈত্র সোমবার রাত্রি ৮-৩০ মিনিটের সময় মহাপ্রভু শ্রীকৃষ্ণচৈতন্যের নাম উচ্চারণ করিতে করিতে শ্রীধাম-বৃন্দাবনে দেহ রক্ষা করিয়াছেন। প্রেমানন্দ বালকের প্রথম আরম্ভ হইতেই অন্যান্য বালকদের ন্যায় ক্রীড়া কৌতুকে সময় অতিবাহিত না করিয়া শ্রীশ্রীরাধামাধবের সেবায় নিযুক্ত থাকিতেন। তাই পরম করুণাময় শ্রীশ্রীগৌরসুন্দর শ্রীমান্ প্রেমানন্দকে স্বীয় পাদপদ্মে আকর্ষণ করিয়াছেন। আমরা আশা করি বনবিহারী বাবু ও তাঁহার পরিবারবর্গ তাঁহাদের এই দুর্যোগ সময়ের নির্দ্দারণে শোক-প্রকাশের পরিবর্ত্তে পুত্রকে ভগবদ্ধামে তাহার কৃতকার্য্যের জন্য বরণ করিয়া চিত্তস্থির করিবেন। শ্রীশ্রীগৌরসুন্দরের পাদপদ্মে আমাদের প্রার্থনা, তিনি বনবিহারী বাবু এবং আত্মীয়স্বজন সকলের মনে ধৈর্য্যবৃত্তি উদয় করাইয়া চিত্তে শান্তি প্রদান করুন।

সহর বৃন্দাবনে বেরি বেরি

সহর বৃন্দাবনে আজ কাল বেরিবেরির আক্রমণের সংবাদ পাওয়া যাইতেছে এবং তথায় খুব গরম পরিয়াছে বলিয়া প্রকাশ।

ষ্টেশনে ষ্টেশনে বিপুল সম্বর্দ্ধনা

মহাত্মাজীর দিল্লী হইতে করাচী যাত্রা কালে পথে যাবতীয় ষ্টেশনে, সন্ধ্যা, কোন কোন ষ্টেশনে রাত্রি ভাটিয়া প্রভৃতি ষ্টেশনে তাঁহার শুভাগমন প্রতীক্ষা করা হয়। কোন কোন ষ্টেশনে সহস্রাধিক লোক উপস্থিত ছিলেন। সকল ষ্টেশনেই ভগৎ সিং ও তাঁহার সঙ্গীদের প্রাণদণ্ডের সংবাদ উপস্থিত ব্যক্তিদিগকে অত্যন্ত মর্ম্মাহত করিয়া তুলিয়াছিল। দিল্লী মহকুমার সভার সহকারী সভাপতি শ্রীযুক্ত চমনলাল প্রত্যেক ষ্টেশনেই জনতাকে শোকযাত্রা গঠন করিতে এবং শান্তিপূর্ণ হরতাল পালন করিতে অনুরোধ করিয়া বক্তৃতা দেন। সকলেই তাঁহার কথা প্রসন্নচিত্তে গ্রহণ করিয়াছিল।

ভাটিণ্ডা ষ্টেশনে, ষ্টেশনে মহাত্মাজী আগমনকালীন উপস্থিত অন্যূন ... শত লোক তাঁহাকে যোগদান করে।

মহাত্মা গান্ধী প্রভৃতির করাচী যাত্রা

গান্ধীজী, পণ্ডিত মতিলাল, পণ্ডিত মালব্য, ডাঃ আন্সারী এবং অন্যান্য যাঁহারা গত ২৩শে মার্চ্চ রাত্রে করাচী যাত্রা করেন, তাঁহারা দেল ষ্টেশনে ভগৎসিং প্রভৃতির প্রাণদণ্ডের কথা শ্রবণ করেন। সকলেই নিশ্চেষ্ট হইয়া পড়েন বলিয়া স্পষ্ট বুঝা যায়। মহাত্মাজী এই ঘটনা প্রকাশ করেন যে, সকল মিছিল প্রভৃতিই যেন নীরবে সম্পন্ন হয় এবং সভার কোন বক্তৃতা না দিয়া একটী মাত্র প্রস্তাব গৃহীত হয়।

লক্ষ্ণৌয়ে

ভগৎসিং ও তাঁহার সঙ্গীদের প্রাণদণ্ডের সংবাদ ২৩শে মার্চ্চ প্রত্যূষে এখানে জানা যায় এবং সহরের সর্ব্বত্রই চাঞ্চল্য প্রকাশ পায় এবং সকল লোকই এই সংবাদ শোকাকুল হইয়া পড়ে। সহরে পূর্ণ হরতাল অনুষ্ঠিত হইয়াছে।

বাবু মোহনলাল সাক্সেনা এবং অন্যান্য কংগ্রেস নেতাদের করাচী রওনা হওয়ার কথা ছিল তাঁহারা শোক মূলক মিছিল ও শোক সভায় যোগদান করার জন্য যাত্রা স্থগিত রাখিয়াছেন।

কানপুর

ভগৎসিং প্রভৃতির প্রাণদণ্ড [illegible] কার্য্যে পরিণত করার জন্য সংবাদের বিরুদ্ধে [illegible] সহরে পূর্ণ হরতাল অনুষ্ঠিত হইয়াছিল। গাড়ী ঘোড়া, [illegible] ট্রামগাড়ী পর্য্যন্ত এক প্রকার বন্ধ ছিল। শিয়াড়ি অঞ্চলে একটী মিছিল বাহির হয়। [illegible] সভায় এই মর্ম্মে [illegible] গৃহীত হয় যে, [illegible] সর্ব্বত্র প্রতিফলিত [illegible]

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠবার্ত্তাবহ

বেদাদি সমস্ত সাত্বত-শাস্ত্রের অকৃত্রিম ব্যাখ্যাতা

সমগ্র ভারতে একমাত্র সুলভ

দৈনিক পারমার্থিক পত্র

শ্রীধাম মায়াপুর—১৭ই চৈত্র, শনিবার—১৩৩৭

শ্রীকৃষ্ণের পরতত্ত্ব

শ্রীকৃষ্ণই সর্ব্ববেদ-উপনিষৎ-স্মৃতি-পুরাণাদির প্রতিপাদ্য পরতত্ত্ব। তাঁহা হইতে শ্রেষ্ঠ অথবা তাঁহার সমান কেহই নাই। কিন্তু অনাদি বহির্ম্মুখ জীবগণ মায়িক জ্ঞানবশে মনোধর্ম্ম বিচারে তাঁহার সম্বন্ধে নানা প্রকার বাগ্‌বিতণ্ডা, মতামত, সুমালোচনা ও অনধিকার-চর্চ্চা করিবার প্রয়াস পাইয়া থাকেন। দেবতাগণ পর্য্যন্ত শ্রীকৃষ্ণের চরিত্রে মোহ-প্রাপ্ত হইয়া থাকেন; তজ্জন্য শ্রীমদ্ভাগবত সঙ্কল্পেমনে "মুহ্যন্তি যৎ সূরয়ঃ" বলিয়া তাঁহার বন্দন করিয়াছেন। শ্রুতিতে—"একো বশী সর্ব্বগঃ কৃষ্ণ ঈড্যঃ", "একো বৈ পরমং দৈবতম্", "যস্মাৎ পরং নাপরমস্তি কিঞ্চিৎ যস্মান্নাণীয়ো ন জ্যায়োঽস্তি কিঞ্চিৎ" প্রভৃতি, বেদান্তে—"তত্ত্বাত্তু প্রতিষেধাৎ", বিষ্ণুপুরাণে—"যস্যাবতীর্ণ-কৃষ্ণাখ্যঃ পরাত্মেশ নরাকৃতিঃ।", শ্রীমদ্ভগবদ্গীতায়—"মত্তঃ পরতরং নান্যৎ কিঞ্চিদস্তি ধনঞ্জয়", "ত্রিভির্গুণময়ৈর্ভাবৈরেভিঃ সর্ব্বমিদং জগৎ মোহিতং নাভিজানাতি মামেভ্যঃ পরমব্যয়ম্॥" প্রভৃতি শ্লোকে, শ্রীমদ্ভাগবতের প্রতি শ্লোকে এবং আরও বহু বহু গ্রন্থে শ্রীকৃষ্ণের পরতত্ত্বের উল্লেখ দেখিতে পাওয়া যায়। তথাপি কৃষ্ণবহির্ম্মুখ জীবগণ তদ্বিষয়ে যে মোহপ্রাপ্ত হন, তদ্বিষয়ে অনাদি-অজ্ঞানই তাহার কারণ।

আমরা যে বস্তু সচরাচর দেখিতে পাই, তাহার বিষয়ে কতকটা বিচার করিতে আমাদের যোগ্যতা আছে, কিন্তু যে বিষয়ের কোন অনুভূতিই আমাদের নাই, তদ্বিষয়ে আলোচনা, মতামত প্রকাশ বা বাগ্‌বিতণ্ডা করিতে যাওয়া হইয়া বা অনধিকার-চর্চ্চা ব্যতীত আর কিছুই নহে। শ্রীকৃষ্ণ—ইন্দ্রিয়জজ্ঞানগম্য নহেন বলিয়াই তাঁহার নাম 'অধোক্ষজ'। শ্রীকৃষ্ণের স্থির বিতর্ক করা ত দূরের কথা—যাঁহার অংশের অংশ, তাঁহার অংশ, তাঁহার অংশ মহাবিষ্ণু অনন্তকোটী ব্রহ্মাণ্ড নিজ লোমকূপে রক্ষা করেন, তাঁহার একটী লোমকূপে অবস্থিত একটী ব্রহ্মাণ্ডের মধ্যে যে কত বিভূতি আছে, তাহার ধারণা করিতে গেলে বিরাট্ বিশ্বব্রহ্মাণ্ডের অসীম আকাশতলে অবস্থিত ক্ষুদ্রাতিক্ষুদ্র জীবের মস্তিষ্ক বিকৃত হইয়া পড়িবে।

মায়িক ব্রহ্মাণ্ড—চতুষ্পাদবিভূতিমান্ শ্রীকৃষ্ণের একপাদ বিভূতির অন্তর্গত মায়িক জগতের যে সমস্ত বিভূতি রহিয়াছে, তাহার ধারণা করিতে না পারিয়া—সারা জীবন জ্ঞানালোচনা করিয়াও কোন কূলকিনারা না পাইয়া কোনও পাশ্চাত্য পণ্ডিত বলিয়া গিয়াছেন,—আমি জ্ঞান-সমুদ্রের কূলে কতকটা উপলখণ্ড সংগ্রহ করিতেছি মাত্র।

এতাদৃশ কৃষ্ণতত্ত্ব আলোচনা করিতে আমাদের যোগ্যতা নাই বলিয়াই পরম দয়ার শ্রীভগবান্ নিজতত্ত্ব স্বয়ং বর্ণন করিয়া গিয়াছেন। বেদ, বেদান্ত, শ্রুতি, স্মৃতি, পুরাণাদির কর্ত্তা অপর কেহই নহেন, একমাত্র স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণ। তিনি স্বয়ং তাঁহার বিষয় না জানাইলে আমরা তাঁহাকে কোনক্রমেই জানিতে পারি না। তজ্জন্যই শ্রীচৈতন্যচরিতামৃত গ্রন্থে তিনি স্বয়ং শিক্ষকচৈতন্যরূপে অবতীর্ণ হইয়া জানাইলেন—

মায়াবদ্ধ জীবের নাই কৃষ্ণস্মৃতি জ্ঞান।
জীবেরে কৃপায় কৈল কৃষ্ণ বেদ পুরাণ॥

স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণের রচিত শ্রুতি স্মৃতি পুরাণাদিতে আমাদের মোহ হইবে বলিয়া— বিদ্যমান বিচারবুদ্ধির সাহায্যে কৃষ্ণ জীবের চিদ্বিলাসময়ী লীলাকে জড়-বস্তুর ভোগলাভার্থ তিনি স্বীয় ভক্তগণের শরণাগতি হইবার কথা উপদেশ করিয়াছেন।

শ্রীকৃষ্ণের পরমতত্ত্ব-বিষয়ে অজ্ঞান জীবের যে মোহ হইবে, তাহাও ঐশ্বিক তিনি দ্বাপর যুগে অর্জ্জুন সমীপে গীতা উপদেশচ্ছলে প্রদান করিয়াছেন। যথা—

"ত্রিভির্গুণময়ৈর্ভাবৈরেভিঃ
সর্ব্বমিদং জগৎ
মোহিতং নাভিজানাতি
মামেভ্যঃ পরমব্যয়ম্॥"
"মূঢ়োঽয়ং নাভিজানাতি লোকো
মামজমব্যয়ম্॥"

কৃষ্ণ—স্বারাজ্য-সিংহাসনের একচ্ছত্র সম্রাট্, আর মনোধর্ম্মা জীব বিশ্বতাড়িত হইয়া মায়িক কারাগারের কয়েদী মাত্র। যেমনধারার কয়েদী যেমন সম্রাটের অন্তঃপুরের সন্ধান পায় না, তদ্রূপ ব্রহ্মাণ্ড-কারাগারে আবদ্ধ মাত্রার পদাঘাতে লাঞ্ছিত জীবও শ্রীকৃষ্ণধামের—শ্রীকৃষ্ণলোকের—শ্রীকৃষ্ণচরিত্রের সন্ধান পাইতে পারে না। যতদিন না সাধুপদাশ্রয়ে শ্রীকৃষ্ণতত্ত্ব অবগত হয়, ততদিন ইন্দ্রিয়ে সম্পূর্ণ অন্ধ থাকিতে হয়।

এখন আমরা কাহার কথা প্রামাণিক বলিয়া গ্রহণ করিব? স্বয়ং শ্রীভগবানের শ্রীমুখনিঃসৃত বাণী, না কৃষ্ণমোহগ্রস্ত জীবের কথা, তদ্বিষয় সুধীগণের বিচার্য্য।

শ্রীধাম-প্রচারিণী সভা

সপ্তত্রিংশদ্ বার্ষিক অধিবেশন

(২)

বর্ত্তমান সভায় নির্ব্বাচিত নব্য সভ্যগণ

অতঃপর নিম্নলিখিত শ্রীযুক্ত ভদ্রমহোদয়গণ সভার নিয়মানুযায়ী সভার কার্য্যকরী সমিতির সভ্যপদে মনোনীত করিলে তাঁহারা সাদরে গ্রহণ করিলে তাঁহারা নিম্নোক্ত প্রস্তাবকারী ও সমর্থনকারী শ্রীযুক্ত বিনোদ মহাশয়গণ কর্ত্তৃক নিম্নলিখিত ভদ্রমহোদয়গণ সভ্যপদে নির্ব্বাচিত হন,

(১) শ্রীযুক্ত অদ্বৈত প্রসাদ দে এম-এ, বি-এল, অবসরপ্রাপ্ত মুন্সেফ; (২) শ্রীযুক্ত এলোকাবাসী প্রসাদ শ্রীবাস্তব বি অবসরপ্রাপ্ত ডেপুটী অধীক্ষক; (৩) শ্রীযুক্ত কালীপদ মজুমদার বি, এল, উকিল; (৪) শ্রীযুক্ত ত্রিলোকনাথ অধিকারী বি, এল, উকিল; (৫) শ্রীযুক্ত আনন্দ-মোহন কর এম-এ, বি-এল, অধ্যাপক; (৬) শ্রীযুক্ত কালীকান্ত সাহা ভক্তিবিনোদ; (৭) শ্রীযুক্ত কালীকান্ত নিয়োগী ব্যবসায়ী শ্রীযুক্ত নিবারণ চন্দ্র দত্ত।

নিগ্রহ প্রকাশ

সভাপতি প্রভুপাদের নির্দ্দেশানুসারে নিম্নলিখিত গৌরপ্রিয়সেবাপরাধগুলির অপ্রকট ও বিয়োগে বিগ্রহ প্রকাশ করা হয়,—

(১) শ্রেষ্ঠাদি ভক্তবন্ধু ভক্তি রঞ্জন, (২) ব্রাহ্মণ কবিরত্ন বেদান্তভূষণ (৩) ব্রহ্মচারী ভক্তিলোকনাথ, (৪ ব্রহ্মচারী শ্রীরাধাকান্ত, (৫) ডাক্তার শ্রীযুক্ত হরচরণ ভক্তিক, (৬) মুক্তকবি বাবাজী।

ভক্তিরঞ্জন শ্রীল জগবন্ধু

বৈকুণ্ঠগত শ্রেষ্ঠাদি শ্রীল জগবন্ধু ভদ্র মহাশয়ের সম্বন্ধে বলিতে গিয়া পণ্ডিতবর শ্রীযুক্ত তত্ত্বানন্দ পরিব্রাজ বিনোদ প্রভৃতি বলেন,—"শোক-প্রকাশ প্রভৃতি যাহা আমাদের পাশ্চাত্যের অনুকরণে সম্পাদিত করিয়া থাকি, মায়ুকগণে মাঝে মাঝে তাহা দেখিতে পাই, বৈষ্ণবের সম্বন্ধে বিরহানুভূতি লোকে বড়ই মর্ম্মে প্রোথিত নাগকগণের প্রতি শোকপ্রকাশ বিরহানুভূতি হয় না, ইহাতে সম্ভোগ মূলতঃ প্রবল থাকে, কখনও কখনও রহ-প্রকাশের চেষ্টা দেখাইয়া আনন্দ সম্ভোগ-স্থান ও সম্ভোগ-সুযোগ হইতে অধি কথা প্রায় হইয়া থাকে। কিন্তু শ্রেষ্ঠাদি শ্রীল জগবন্ধু ভক্তিরঞ্জন মহোদয় যে আজ হইয়া গিয়াছেন, সেরূপ আদর্শে আমাদের চিত্তমধ্যে, সেদিন হইতে উদয় হয় কবিরত্ন বিদ্যা বিনোদের পরিচয় শ্রীকবিরাজগণ এবং বিপ্রগণ মুখে শ্রবণেন্দ্রিয়গোচর হয়। শ্রীল জগবন্ধু ভক্তিরঞ্জন মহোদয়ের কথা তাঁহার সাক্ষাৎ সম্বন্ধে যে একটা অভিনব হইয়াছিল, [illegible] কেমনধারা একটা মানুষ ছিলেন [illegible] ভক্তিলোকের [illegible] ছিল, কথা অভিনয়ের, মন কি [illegible] কোথায় [illegible] নাই, [illegible] মনে সন্দেহের [illegible] হয় নাই, তাহাতে অনবরতের অ [illegible] তাহাদের, তেমনি করে [illegible] মনের মধ্যে কেমনধারা একটা [illegible] শ্রীগৌড়ীয়মনোহরপুরবৈকুণ্ঠ [illegible] ভক্তিরঞ্জন মহোদয় শ্রবণে, স্মরণে, বিচারে, দর্শনে, আলাপে, সম্ভাষণে, শ্রীগৌড়ীয়জনের মনে নিরন্তর উদ্দীপনে প্রাণ করিয়াছিলেন। অনেকে পরিচয়ের [illegible] বিদ্যান হইলে পূর্ণ গৌরব ও [illegible] পাকপাটী; কিন্তু শ্রেষ্ঠাদি শ্রীল জগবন্ধু ভক্তিরঞ্জন মহাশয়ের [illegible] শ্রীগৌরমনোহীভীষ্ট [illegible]

[illegible] ছিলেন; তাই [illegible] পূজা করিল [illegible] ছত্র ধারণের [illegible] প্রকাশ করিয়াছেন। [illegible] বহু বিচারে জড়বিষয়নিপুণ [illegible]

প্রচারের ভার লে ঢপড়া বা ভাবাবিষ্কার না করিলেও প্রকৃত ভগবদ্বিজ্ঞান শুরুসেবা বিজ্ঞান তিনিই সাঙ্গ করিয়াছেন। আধুনিক সম্প্রদায়ের কেহ কেহ মনে করেন যে, তিনি নানা উপায়ে বসাদাদি দ্বারা অর্থ সঞ্চয় করিয়া জীবনের শেষ মুহূর্ত পুরীতে ভগবদ্বিগ্রহের নিম্নাবাদি-তেই অর্থ ব্যয় করিয়া গেলেন, তাঁহার কে সঞ্চয় সঙ্গে যাইবে? অতিরঞ্জিত ভাষার মাত্র। সম্ভোগবাদী আধুনিক প্রচারের যুগে এরূপ ভগবৎসেবাবিমুখিনী ভক্তি শোভা পাইলেও আমরা সার্বদেশিক বিচারে অন্যরূপ দেখিতে পাই। সূক্ষ্ম তত্ত্বৈজ্ঞানিক চেতন দূরবীক্ষণ ও সূক্ষ্মবীক্ষণ-যন্ত্রে যাঁহারা বাস্তব দর্শন করিতে রেন, তাঁহারা ঐরূপ একদেশী বিচার রেন না। পতঞ্জল্য শ্রীল প্রভুপাদের বৈজ্ঞানিক বিচার মধ্যে আমরা শুনিতে ইয়াছি যে, আমাদের কোন বৃত্তিই নীয় নহে; কিন্তু বৃত্তির পরাক্ ও ত্যক্ উন্মুখতাই বিচার্য্য। ৫ বৃত্তি াক্ উন্মুখতায় নিন্দনীয়, তাহাই আবার ত্যক্ উন্মুখতায় পরম বরণীয়। যে বিচার ক মুহূর্ত্তে পৃথিবীর সমস্ত শোভা-সৌন্দর্য্য ঃ শ্রেষ্ঠ অবদানসমূহকে ভস্মীভূত করিয়া তে পারে, সেই বিচারই আবার জগ-ব মঙ্গলোপকার সাধন করিতে পারে; তরাং শ্রেয়োমূর্ত্তি শ্রীল ভগবন্ত ভক্তিরঞ্জন াগরের পার্থিব জীবন সম্বন্ধে যে প্রবৃত্তি কিত হইয়াছিল, সেই প্রবৃত্তি প্রত্যক্ পথিতে পূর্ণপ্রগ্রহবৃত্তি লাভ করায় াহার সমগ্র জীবনের যাবতীয় পরিশ্রম, যত্ন—সকলই সেই মূল সেবাকেন্দ্রে সমু-স্থিত হইয়াছে—সেবা-উদ্দেশ্যকে প্রাপ্ত ইয়াছে। তাঁহার সারাজীবনের অর্থ ষ্টা, নীতি, অনীতি—সকলই পরমার্থ-ষ্টা বা ভক্তিনীতিতে পর্য্যবসিত হই-ছে। শ্রেয়োমূর্ত্তি শ্রীল ভগবন্ত ভক্তিরঞ্জন াগরের নিষ্কপট বিরক্তাকৃতি তখনই টো—যখন আমরা তাঁহার সেই আদর্শের নুসরণ করিয়া আমাদের যাবতীয় চেষ্টাকে রম সেবাকেন্দ্রে প্রতিষ্ঠিত করিতে ারিব। শ্রেয়োমূর্ত্তি শ্রীল ভগবন্ত ভক্তিরঞ্জন ট, পাটকেল বা মারকেল পাথরের মূর্ত্তি ত্র করেন নাই, তিনি যাঁহাকে শ্রীচৈতন্য াহার চেতনময় সঙ্কীর্ত্তন মহামন্ত্রের নিম্নাব রিয়া একাকারে অর্চনের আদর্শ এবং র্চন-ফলে সঙ্কীর্ত্তনের আবির্ভাব প্রণালী প্রদর্শন করিয়া গিয়াছেন। তিনি গুরুসেবা ংতে কিরূপে সম্পূর্ণ অনাসক্ত থাকিয়া হসেবার মহা সমাধি লাভ করিয়াছিলেন, াহা আমরা তাঁহার প্রয়াণের পূর্ব্বে শ্রীগুরুপাদপদ্ম এবং গুরুপাদপদ্মের শ্রেষ্ঠ-নের পাদপদ্ম দর্শনের জন্য অত্যন্ত আকুতির মধ্যে লক্ষ্য করিতে পারি। তাঁহার নির্য্যাণের অব্যবহিত পূর্ব্বেও তিনি দৈহিক পরিজনাদির দর্শনের কোন প্রকার আকাঙ্ক্ষা প্রকাশ না করিয়া সপার্ষদ গুরুপাদপদ্মকে দর্শন করিবার জন্য অত্যন্ত ব্যাকুল হইয়াছিলেন। তিনি তাঁহার অসমাপ্ত সেবা কার্য্য যাহাতে পরিসমাপ্ত হয়, তজ্জন্য বিশেষ বন্দোবস্ত করিয়া গিয়াছেন এবং তাঁহার সহ ধর্ম্মিণী, পরিবারবর্গ ও লৌকিক আত্মীয়স্বজন যাহাতে মঙ্গলের পথে চলিতে পারেন, সেরূপ হরিসেবাময় জীবনীমন্ত্র নিজের জীবনে সাধন করিয়া তাঁহার যেরূপদেশ মূলমন্ত্ররূপে রাখিয়া গিয়াছেন। তিনি ভগবৎসেবায় একান্তর আত্মদান করিয়া-ছিলেন যে, তাঁহার নির্য্যাণের পর তাঁহার বিরহাদ্ভুতি শ্রীগুরুপাদপদ্মকে পর্য্যন্ত আকৃষ্ট করিয়াছিল। গুরুপাদপদ্মের সেবক সন্ন্যাসী, ব্রহ্মচারী, বানপ্রস্থ এবং ভগবদ্-ভক্ত গৃহস্থগণ তাঁহার দেহ স্কন্ধে বহন করিয়া সঙ্কীর্ত্তনমুখে তাঁহার ভগবৎসেবাময় দেহের অনুগমন-পূর্ব্বক 'হরিবোল' দিতে দিতে গ্রাম প্রান্ত বহুক্ষণ ধরিয়া—এরূপ আত্মানুভূতিতে ভোর হইয়া ছিলেন! তুলসী দেবী ভগবদ্ভক্তের বিরহবেদন প্রকাশ করিবার ভাষা আর খুঁজিয়া পাইবে না। আত্মদেহে বিপ্রলম্ভাভিব্যক্তি ভৌতিক-কুসুম গুলি সেই বিরহের আবেগের কথঞ্চিৎ দিগ্‌দর্শন করিতে পারে। শ্রেয়োমূর্ত্তি ভক্তি-রঞ্জন শ্রীল ভগবন্ত সপার্ষদ শ্রীগুরুপাদ-পদ্মকে পূর্ণভাবে প্রতিষ্ঠিত ও প্রকাশ করিতে চাহিয়াছিলেন—প্রতিষ্ঠাকে নিত্যানন্দ প্রভুর পাদপদ্ম স্বরূপরায় লাভ করাইয়া প্রতিষ্ঠার প্রকৃত পবিত্রতা সংরক্ষণ করিতে চাহিয়াছিলেন বলিয়াই বিশ্বগুরু ভগবন্তুর জন্য প্রতিষ্ঠার পঞ্চক রচনা করিয়াছিলেন,—

প্রতিষ্ঠার স্বভাব এই জগতে বিদিত।
যে না বাঞ্ছে, তাঁর হয় বিধাতানিশ্চিত॥

সম্ভোগবাদী—পৌরোহিত্য জড়প্রতিষ্ঠার কিঙ্কর আর নিজোগবাদী পৌরোহিত্য বিহার প্রতি অত্যন্ত আসক্তিবশতঃ কোন প্রদর্শন করিয়াও সম্ভোগাসক্তির পরিচয়প্রদান-কারী; কিন্তু বিপ্রলম্ভমূর্ত্তির সেবকগণ কৃষ্ণ-প্রতিষ্ঠার অনুপকরণী। আমাদিগের প্রকৃত বিরহ, বৈরাগ্য, 'তৃণাদপি সুনীচতা' হরিকীর্ত্তন সেই দিনই হইবে—যেদিন আমরা কাঞ্চনকীর্ত্তিত কীর্ত্তনকারী হইয়া জগতে বিতরণ করিতে পারিব।

গত বর্ষে নির্য্যাণ-প্রাপ্ত ভক্তগণ

অতঃপর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিবেক ভারতী মহারাজ পরলোকগত কলিবৈরী বেদান্তকুসুম মহোদয়ের নামোল্লেখ করিয়া বলেন যে, ইনি 'গৌড়ীয়-কণ্ঠহার' সঙ্কলন-কালে অনেক সেবা করিয়াছিলেন। শ্রীমদ্ভাগবত, 'দৈনিক নদীয়াপ্রকাশ' প্রভৃতির সঙ্কলন ও সম্পাদকীয়তায় অনেক সেবা করিয়াছেন। ব্রহ্মচারী শ্রীত্রৈলোক্য-নাথের প্রয়াণের কথা উল্লেখ করিয়া শ্রীপাদ ভারতী মহারাজ অত্যন্ত ব্যাকুলিত হইয়া পড়েন এবং নীরব অশ্রু অভিষেকের মধ্যে অনেক কথা ব্যক্ত করেন। ব্রহ্মচারী ভৌতাগবতাচার্য্যপাদপীঠ শ্রীশ্রীগৌরগদাধর-মন্দিরের বিশেষ সেবা করিয়া ব্রহ্মচারীর আদর্শ প্রদর্শন পূর্ব্বক শ্রীধামনবদ্বীপ লাভ করিয়াছেন। শ্রীপাদ অতিবর্ণাশ্রমচরণারবিন্দ ধর্ম্মপরিষদ শ্রীধাম বৃন্দাবনের শ্রীকৃষ্ণ চৈতন্যমঠের সেবা করিতে করিতে ইহাধাম প্রাপ্ত হইয়াছেন। স্বামপ্রাপ্ত কৃষ্ণকান্তি বাবাজী গোপীনাথ স্বানন্দ সুখদ-দুকের রক্ষক ছিলেন। তিনিও বিগত বর্ষে ইহলোক পরিত্যাগ করিয়াছেন।

প্রচার-প্রসঙ্গ

ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিবেক ভারতী মহারাজ কয়েকজন ব্রহ্মচারী সহ মেদিনী-পুর জেলার বিভিন্ন স্থানে প্রচার করিতেছেন। গত ৩রা চৈত্র মঙ্গল-বার তিনি খড়্গপুর 'ভক্তিকুঞ্জ' হইতে এক হৃদয়গ্রাহিণী বক্তৃতা প্রদান করিয়াছেন। প্রথমতঃ তিনি ভক্তির স্বরূপ বর্ণনা করিয়া ভক্তিকে যে আত্মার সহজ ধর্ম্ম তাহা শাস্ত্রযুক্তিসমূহে স্থাপন করেন। পরে ভক্তি-কল্পদ্রুম সাধু বা গুরুর লক্ষণের কথা অতিপ্রাঞ্জল ভাষায় এমন সুযুক্তিদ্বারা বুঝাইয়াছিলেন যে, উপস্থিত আবালবৃদ্ধ-বনিতা সকলেই সাধুগুরু-নামধারী সাধু গুরুক্রবগণের এবং লোকপ্রতারক গুরু-ব্যবসায়িগণের প্রতারণা ও কপটতা সহজেই উপলব্ধি করিয়াছিলেন।

মায়াবদ্ধ জীব সহজেই ভোগোন্মত্ত। তাহাদিগকে ভোগের বিরুদ্ধে কোন কথা বলিতে গেলেই তাহারা সে কথা শ্রবণে অনিচ্ছুক। এমন কি তথাকথিত ভোগিকুলের পরিণামত্যাগে হৃদ্য-ভোগের ভঙ্গুরতার কথা বুঝাইয়া দিলেও তাহারা সন্তুষ্ট নহে। সুতরাং ধর্ম্মের নামে যথেচ্ছ ভোগের অনুমতিপ্রদাতা কপট ভোগী গুরু বা আপাততঃ ত্যাগের আবরণে প্রচ্ছন্ন ভোগের প্রচারক ত্যাগি গুরুর উপদেশ তাহাদিগের বড়ই আদরণীয় বিষয়। কিন্তু ভোগ-ত্যাগে পরম উদাসীন সহজ বৈরাগ্যবান্ আচার্য্য-শিরোমণিই নিত্য কৃষ্ণদাস জীবগণের একমাত্র উদ্ধারকর্ত্তা। তিনি লোক-বঞ্চক নহেন, পরন্তু লোকরঞ্জক লোক-নাথ। তিনি ক্ষুদ্র ভড়ীয় স্বার্থপর নহেন, কিন্তু নিঃস্বার্থপরকুলের শ্রেষ্ঠ পরার্থ-পরবর এবং একমাত্র স্বার্থগতি শ্রীবিষ্ণু সেবায় মূর্ত্ত বিগ্রহ।

শ্রীগুরুদেব কোন একটী বিশিষ্ট মূর্ত্তে আবদ্ধ নহেন। তিনি কুল-বংশে আবদ্ধ বুদ্ধি দেহে আত্মাভিমানিগণের জড়াভি-মান হ্রাসকারক এবং চিদনুভূতি প্রদায়ক। তিনি কামক্রোধপরায়ণ লম্পট কুলকে অপ্রাকৃত কামদেবের সেবা নিকে করিয়া তাঁহার নিজ স্বরূপ গুরুত্বে উপলব্ধিপ্রদাতা। শ্রীভগবানই আচার্য্য-রূপে ভাগ্যবান্ জনসমূহের নিকট স্বীয় স্বরূপ প্রকাশ করেন। জীব নিষ্কপট শরণাগতির দ্বারাই সেই গুরুকৃপা লাভ করিতে সমর্থ হন।

বর্ত্তমান সময়ের সমস্যাসঙ্কুল যুগে সমস্যারূপে মহামায়ার পতিত বিশ্বমান যদি প্রতিমীমাংসিত সমস্যানাশক পথিকা লোকান কস্মৈচিৎ ব্রাহ্মণে নিবেদয়ামাসুরাদৃতঃ হন। অবিজ্ঞানাশ সুগমেদাভিধানের নিম্নোপাধিঃ প্রোজ্ঝি প্রতিমেশ মন্ত্রণা কণ্ঠে ধারণ করিয়ে পারেন তাহা হইলে সেই কণ্ঠে শ্রীচৈতন্য বাণী অধিষ্ঠিত হইয়া তাঁহাকে কৃষ্ণনা মহামন্ত্রের সঙ্কীর্ত্তনীয়া করিয়া চতুরুপ পুরুষার্থী প্রেমের অধিকারী করেন।

এতদ্ব্যতীত শ্রীযুক্ত ঈশ্বরচন্দ্র মণ্ড এবং তাঁহার আত্মীয়বর্গ যত্ন ও চেষ্টা করিয়া সকলের ধন্যবাদার্হ হইয়াছেন।

নিমন্ত্রণ-পত্র

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীভাগবতজনানন্দ মঠ,
ঢিকলিয়া, মেদিনীপুর

আগামী ২০শে চৈত্র ৩রা এপ্রিল শুক্রবার হইতে ২২শে চৈত্র ৫ই এপ্রিল রবিবার পর্য্যন্ত দিবসত্রয়কাল ঢিকলিয়া শ্রীভাগবত-জনানন্দ মঠে শ্রীভাগবতজনানন্দ প্রভুর পঞ্চম বার্ষিক বিরহ-মহোৎসব অনুষ্ঠিত হইবে। ২২শে চৈত্র ৫ই এপ্রিল রবিবার দিবস সাধারণ মহামহোৎসব হইবে।

শ্রীচৈতন্যমঠের অন্যতম প্রচার ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিস্বরূপ পর্ব্বত শ্রীমদ্ ভক্তিপ্রকাশ অরণ্য মহারাজ উৎসব উপলক্ষে শ্রীভাগবতজনানন্দ মঠে শুভাগমন পূর্ব্বক বক্তৃতাদি করিবেন। সকলের উপস্থিতি প্রার্থনীয়।

শ্রীহরিজনকিঙ্কর
ত্রিদণ্ডিভিক্ষু শ্রীভক্তিস্বরূপ পর্ব্বত
শ্রীভক্তিপ্রকাশ অরণ্য

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত

ভক্তি গ্রন্থাবলী

ধর্ম্মতত্ত্ব

শ্রীবৈষ্ণবধর্ম্ম—শ্রীভক্তিবিনোদ ঠাকুরের বিশুদ্ধ-ধর্ম্মে জীবের পরিচয়, কৃষ্ণের সহিত সম্বন্ধ, নিত্য ও বিস্তৃত তত্ত্ব, শ্রীঅদ্বৈত-নিত্যানন্দ ও অবতারাদির ভেদ, শ্রুতিতে মধ্বাচার্য্যকৃত ভগবত্তার প্রমাণ, বৈষ্ণব বর্ণাশ্রমধর্ম্ম, বৈষ্ণবধর্ম্মের স্বরূপ, সঙ্কোপাসনার সহিত পার্থক্য, মায়াবাদ, বৈষ্ণবী দীক্ষা ও শুদ্ধভক্তের ভেদ, ইসলামধর্ম্ম, অদ্বৈতবাদী শুষ্ক ভক্তির তারতম্য, জীবের বদ্ধাবস্থা ও মুক্তি, বৈষ্ণবধর্ম্মের বিকাশ, ভক্তির অধিকারী-বিচার, কর্ম্ম ও অন্যাভিলাষের খণ্ডতা, সাধনের স্বরূপ ও বৈষ্ণবধর্ম্ম, বেদে কৃষ্ণলীলা, ভগবান ও আত্মার প্রকৃতি-ভেদ, জীবিতাবস্থার ও মৌখিক ভক্তের প্রভেদ, শঙ্করমতের সাধন অসিদ্ধির কারণ, সম্প্রদায়ক্রমের প্রয়োজন, সদাচার, দীক্ষা, বৈষ্ণবী ও রাগানুগা ভক্তি, সম্বন্ধজ্ঞান, ভগবদ্ভক্তের অধিকারী, সাধুলক্ষণ, সদ্গুরু, নীলাপ্রবেশ প্রভৃতি সনাতন সত্যসম্প্রদায়ের সাধন গুহ্য সংস্কারাবলী অতি সরলভাষায় অথোপকথনচ্ছলে প্রকটিত হইয়াছে। এই একমাত্র গ্রন্থপাঠের জ্ঞান লাভ করিলে মৌখিক বাক্যের বিচারেই অজ্ঞান ও সংশয় থাকিবে না। এমন সুন্দর হৃদয়গ্রাহক ভাষায় সরল ও অকাট্যযুক্তি গ্রন্থ এপর্য্যন্ত প্রকাশিত হয় নাই। নিখিলবেদান্তবিদ্-শাস্ত্রমর্ম্মবিদ্-বৈষ্ণবকুলে এই গ্রন্থখানি উচিত হইয়াছে। আমাদের পুস্তিকা-সূচী, কথাসার ইত্যাদি দ্বারা বিশেষ সমুদয় কথা জানিতে পারিবে। গ্রন্থ, অঙ্গ, সোনার জলে নাম লেখা উৎকৃষ্ট বাঁধাই—দুই সংস্করণ ২৲ মাত্র।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ

সমগ্র বাঁধাই—২৲ দুই টাকা

আবাধা—১৸০ পৌণে দুই টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্ত্তব্য ও অন্যান্য সামাজিক কর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে। ধর্ম্মের প্রাণ উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও যোগিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম্ম কি? ধর্ম্ম, সমাজ, নীতি, ধর্ম্ম কি? ইত্যাদি বিষয় সাধারণের মন সুন্দরভাবে যুক্তিসহকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পাঠ হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত পাঠ না করিয়া নিস্তার করা যায় না।

সাধনসূত্র

দ্বিতীয় সংস্করণ ৸০ আনা

শ্রীরূপ গোস্বামী প্রভু শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুকে সাধনচ্ছলে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে ক্রমশের অনুকূল ও প্রাঞ্জল বিচার অতি সুন্দরভাবে বর্ণিত হইয়াছে। ইহা ছাড়া শ্রীচৈতন্যমঠ প্রভুর উপদেশ ও উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

৪৪৫ গৌরাব্দের

সচিত্র

শ্রীনবদ্বীপ পঞ্জিকা

পারমার্থিক ব্যক্তিমাত্রেরই একান্ত প্রয়োজনীয়
বিষ্ণুব্রত ও উপবাসাদির তালিকা সম্বলিত
বাংলার ঘরে ঘরে বিরাজিত হউক

ভিক্ষা ৵০ আনা মাত্র

৵১০ ডাক টিকিট পাঠাইলে ডাকে পাঠান হয়।

মহাকবি

শ্রীল লোচনদাস ঠাকুরকৃত

শ্রীচৈতন্যমঙ্গল

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি প্রসঙ্গের ও খণ্ডের কথা সার, শব্দসূচী, স্থানসূচী, পাত্রসূচী, প্রমাণগ্রন্থ, তালিকা, পত্রসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত লোহু অক্ষরে উজ্জ্বল ক্রাউন, আটপেজী আকারে ভিন্ন ভিন্ন গড়নের কাগজে ছাপা। ভিক্ষা—২৷৷০ টাকা

শ্রীহরিনামচিন্তামণি

নামাভাস, শ্রীল হরিদাসঠাকুরের মুখে শ্রীমন্মহাপ্রভু শ্রীনাম মাহাত্ম্য, নামাপরাধ, নামাপরাধ সম্বন্ধে বিশেষ বিচার প্রদত্ত হইয়াছে, এই বিষয়গুলি অতি সরল পদ্যের সহিত আলোচনা করিয়াছেন। শ্রীল ভক্তিবিনোদঠাকুর-রচিত। ৪র্থ সংস্করণ ভিক্ষা ৸০ বার আনা মাত্র

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি

(সম্পাদকীয়কোষগ্রন্থ)

বিষয়:—১। অকিঞ্চনভক্তের ব্যবহৃত সম্প্রদায়ীয় অর্থ। ২। গৌড়ীয়সম্প্রদায়ের বৈষ্ণবাচার্য্যের চরিত, ৩। বিষ্ণুবৈষ্ণবসম্পর্কিত শ্রীমূর্ত্তির ও শ্রীবিগ্রহের বিবরণ, ৪। বৈষ্ণবাচার্য্য ও সাধক-সম্বন্ধের তাৎপর্য্যপূর্ণ বিবরণ। বিশেষবিশেষের শ্লোকের ও পদ্যের আকর-মূলের যথাযথ তথ্য। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ম খণ্ড ৸০, ২য় খণ্ড ৸০, ৩য় খণ্ড ৸০, ৪র্থ খণ্ড ৸০, চারিখণ্ড একত্রে ৩৲ টাকা (৫ম খণ্ড যন্ত্রস্থ)

শ্রীভক্তিসন্দর্ভ

১ম খণ্ড ১৲ এক টাকা ৷৷ খণ্ড ১৲ টাকা—শ্রীমদ্ভাগবতের ও গৌড়ীয়ের গ্রাহকগণ ৷৷০ টাকায় দুইখণ্ড পাইবেন বৈষ্ণবাচার্য্য শ্রীজীব গোস্বামীপাদের রচিত গ্রন্থ। ইহাই ষট্‌সন্দর্ভ। অতি প্রয়োজনীয় অংশ। প্রায় ৩৷৷০ ক্রাউন ৮ পেজী ৮০ পৃষ্ঠা আকারে মুদ্রিত হইতেছে।

শ্রীমদাচার্য্য সঙ্কলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা ৵০ আনা মাত্র

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!!

কে, বি, দত্তের চৌকা শিশি ব্যবহার করে
আদি ও অকৃত্রিম এবং উপকারিতায় সর্ব্বজন
পরিচিত ও বহু প্রশংসিত।

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাজার হইতে তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী অক্ষরে কে, বি, দত্ত এণ্ড কোম্পানী নাম খোদিয়া খরিদ করিবেন। নতুবা জুয়াচোরেরা কমলের কৃত্রিম তৈল দিয়া প্রতারণা করিবে।

ফেরার্স কুইনিন্

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম

ইহাকে উপযুক্ত মাত্রায় খাইলে, ব্লাডহাইড্রোক্লোরেট কুইনিন্ খাওয়ানোর এবং ইঞ্জেক্‌শনের আছে।

এই ফেরার্স কুইনিন্ দ্বারা ইঞ্জেক্‌শন করিলে এক বা দুটী ইঞ্জেক্‌শনের সকল প্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর করে এবং ৩ হইতে ১২টী ইঞ্জেক্‌শনে ম্যালেরিয়ার সহিত উপসর্গ নষ্ট করিয়া ফেলে।

৩ ওষুধপূর্ণ প্রতি বাক্স—মূল্য ২৲ টাকা, ডাঃ ৩৲ টাকা

ব্লাড কেমিক্যাল এণ্ড ফার্মাসিউটিক্যাল ল্যাবরেটরীজে
২৯।১ নং বহুবাজার লেন, কলিকাতা।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ !!

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী

গীতাভ

পকেট সাইজ
অষ্টম সংস্করণ
ভিক্ষা ৵০ আনা

[illegible] মনের এ মলের [illegible] আনিতাবস্তু সমস্যা—[illegible] যখন [illegible] বুঝিতে পারে, তখন একমাত্র অনিত্যবস্তু শ্রীভগবানের [illegible] তাহার কোন জাতীয় আবেগময়ী প্রার্থনা হয় [illegible] ভক্তগণের সমাজাকারে নিজস্বরে কি প্রকারে সরলা [illegible] করে, একাকি নিজের প্রাণস্পর্শী প্রার্থনা, ও আ [illegible] পূর্ণভাবে পায়। ইহাতে প্রার্থনা ও প্রকাশিত হইয়াছে

ভিক্ষা প্রতি খণ্ড ৵০ এক আনা

[illegible]—৵০, নবদ্বীপশতক—

পকেট সাইজ
পঞ্চম সংস্করণ
ভিক্ষা ৵১০

[illegible] আমরা [illegible] করিবার [illegible] করিয়া [illegible] করিতে [illegible] করিয়া [illegible] করিয়া [illegible] করিয়া

বিশ্ববৈষ্ণব রাজসভার শুদ্ধভক্তিমঠসমূহ

শ্রীচৈতন্য মঠ

আকর্ষণ মহীরুহ

প্রাচীন নবদ্বীপ, ভাকঘর শ্রীধাম মায়াপুর, নদীয়া

শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-স্থান শ্রীযোগপীঠে শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ কর্তৃক শ্রীচৈতন্য মঠ প্রতিষ্ঠিত হয়। এই স্থান নাম-হট্ট, সদাশিব-পল্লী বা সাহড় ডাঙ্গা নামেও পরিচিত। এই মঠ হইতে শ্রীচৈতন্য-সারস্বত গৌড়ীয় বেদান্তাচার্য, পরিব্রাজকাচার্য ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিপ্রজ্ঞান কেশব মহারাজ কর্তৃক ত্রিদণ্ডিভিক্ষু, পরিব্রাজকাচার্য ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবল্লভ তীর্থ মহারাজ, ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিচার যাযাবর মহারাজ, ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিবেক ভারতী মহারাজ, ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ, ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিচার জনার্দন মহারাজ, ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিজ্ঞান ভাগবত মহারাজ, ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিজ্ঞান গোবিন্দ মহারাজ, ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিজ্ঞান বাসুদেব মহারাজ, ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিজ্ঞান নারায়ণ মহারাজ, ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিজ্ঞান বামন মহারাজ, ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিজ্ঞান ত্রিবিক্রম মহারাজ, ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিজ্ঞান শ্রীধর মহারাজ, ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিজ্ঞান হৃষীকেশ মহারাজ, ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিজ্ঞান পদ্মনাভ মহারাজ, ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিজ্ঞান দামোদর মহারাজ, ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিজ্ঞান কৃষ্ণকেশব মহারাজ, ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিজ্ঞান সঙ্কর্ষণ মহারাজ, ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিজ্ঞান বিষ্ণু মহারাজ, ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিজ্ঞান মধুসূদন মহারাজ, ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিজ্ঞান ত্রিবিক্রম মহারাজ, ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিজ্ঞান বামন

ভক্তিমঠের শুদ্ধভক্তি গ্রন্থমালা

অক্ষরাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
ঐ (১ম—৯ম স্কন্ধ) ২১৷৵০
ঐ (দশম স্কন্ধ) ১৮৲
২। ভাস্কর-নব শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (৪র্থ সংস্করণ) ৫৲
৩। শ্রীচৈতন্যভাগবত (বিরাট্ দ্বিতীয় সংস্করণ) ৫৲
৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
৫। গীতা (শ্রীচক্রবর্ত্তি-টীকা-সহ) ২৲
৬। বৈষ্ণবধর্ম্ম
৭। বৃক্ষমল্লিকা ওপসৌরভ্য সাহুবাদ (মাদ্ধ) ৷৵০
৮। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
৯। শ্রীচৈতন্য শিক্ষামৃত (বাঁধা) ২৲
১০। চিত্রে নবদ্বীপ ১৷০
১১। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপ শতকম্ (বাঁধা) ১৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
ঐ (আবীয়া) ৷৵০
১৩। বৈষ্ণবমহত্ত্ব-সমাপ্তি (প্রথম চারিখণ্ড)
১৪। শ্রীহরিনামচিন্তামণি ৷৵০
১৫। নবদ্বীপধাম-প্রদক্ষিণ ৷৵০
১৬। গৌরকৃষ্ণোদয় ৷৵০
১৭। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) ৷৵০
১৮। ভজনরহস্য ৷০
১৯। গীতায় কেবল মাদ্ধ-বাদ ৷০
২০। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷৵০
২১। সাধককণ্ঠমালা (বাঁধা) ৷০
২২। শ্রীহরিভক্তিবসামৃতসিন্ধুর সাহুবাদ ৷০
২৩। বেদান্তদর্শনের সাহুবাদ (রামানুজীয়) ৷০
২৪। প্রশ্নমালিকা ৷০
২৫। গৌড়ীয়-গৌরব ৷৵০
২৬। গৌড়ীয়-সাহিত্য ৷৵০
২৭। সাধনপথ (৩য় সংস্করণ) ৷৵০
২৮। রসিকমঙ্গল সাহুবাদ ৷০
২৯। ভক্তিরত্নাবলী বা সারাবাদস্তবাবলী ৷০
৩০। ঈশোপনিষৎ (বলদেব ও মাদ্ধ ভাষ্য এবং বিবৃতি ও অনুবাদ সহ) ৷০
৩১ শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩২ শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা-দর্পণ ৷০
৩৩ শ্রীকৃষ্ণসংহিতা ৵০
৩৪ ঐ প্রমাণখণ্ড ৵০
নবদ্বীপধাম-মাহাত্ম্য ৵০

প্রাপ্তিস্থান :—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

(ক) প্রথম খণ্ড ৸০
(খ) দ্বিতীয় খণ্ড ১৲
(গ) দুই খণ্ড একত্রে ১৷৵০
৩৬। নবদ্বীপ পত্রিকা (৪৪৪ গৌরাব্দ) ৵০
৩৭। সিদ্ধান্তদর্পণ ৵০
৩৮। বীণ-বিনোদন ৵০
৩৯। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৵০
৪০। গীতমালা ৵১০
৪১। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵১০
৪২। নবদ্বীপশতক ৵০
৪৩। সদাচারগীতা ৵০
৪৪। সাধনকল্প ৵০
৪৫। প্রেমভক্তিচন্দ্রিকা ৵০
৪৬। পরমাগতি ৵০
৪৭। গীতাবলী
৪৮। গৌড়ীয়মঠ কি করেন? ৵
৪৯। সাধ্যসাধন ৵০
৫০। অমৃতকণ ৵০
শ্রীভক্তিসিদ্ধান্তবাণী ৵০
৫১। অঞ্জনকল্প ৷০

দেবনাগরাক্ষরে প্রকাশিত

৫২। সিদ্ধ-সরস্বতী-বিজিয়ঃ ৷০
৫৩। সটীক শিক্ষাষ্টকম্ ৷০
৫৪। তত্ত্ব-সূত্রম্ ৷০
৫৫। সারার্থদর্শনম্ ৵০
৫৬। সাধুবাদ শিক্ষাষ্টকম্ ৵০
৫৭। গৌড়ীয় মঠের পরিচয় ৵০

ইংরেজী ভাষায় প্রকাশিত

৫৮। নামভজন ৷০
৫৯। লাইফ্ য়্যাণ্ড প্রিচেপ্টস্ অব্ শ্রীচৈতন্য মহাপ্রভু ৷০
৬০। বেদান্তীজম্ ৷০
৬১। দি ভাগবত ৷০
৬২। ইম্পোর্টেন্ট প্রিন্সিপল্স য়্যাণ্ড আসপেক্টস্ অব্ ডিভোসন
৬৩। কোয়াট্ গৌড়ীয়মঠ ইজ্ ডুইং ৵০

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৬৪। শ্রীহরিনাম চিন্তামণি ৷০
৬৫। কল্যাণ কল্পতরু ৷০
৬৬। সাধন পথ ৷০
৬৭। গীতাবলী ৷০
৬৮। পরমাগতি ৵০

সুবর্ণসুযোগ। সুবর্ণসুযোগ।। সুবর্ণসুযোগ।।।

গ্রন্থাকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীল প্রভুপাদ রবক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের সেই অবিদ্যা-বিধ্বংসিনী জীবাত্মস্বরূপবোধিনী কৃষ্ণকাম্যানন্দ-দায়িনী জীবন্ত-বাণীর মুদ্রিত গ্রন্থ—বৈষ্ণবসিদ্ধান্ত-রত্নমালার কৌস্তুভমণি—সেবাকুসুমস্তবকের কৃষ্ণ কর্ণ-বিভূষণ কদম্বকুসুম—সম্প্রদায় বৈভব-বিজ্ঞানাগারের মৌলিক তথ্য—পঞ্চরাত্র ও ভাগবতের সমন্বয়গুরু—মহাজন-জীবন চরিত্র-শিক্ষক—চিদ্বিলাস-চিন্মাত্রাচিন্মাত্র-বিচারক—ঐশ্বর্য্য ও মাধুর্য্যরসের মৌলিক গবেষণাগার—সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন-তত্ত্বের সিদ্ধান্ত-সমুদ্র।

১। প্রথমখণ্ড—বৈষ্ণবদর্শন, শ্রীগুরুতত্ত্ব, স্বরূপধর্ম্ম, শ্রীমন্নিত্যানন্দ, শ্রীগঙ্গাজাহ্নবী, পাঞ্চরাত্রিকী দীক্ষা ও বর্ণ-বিচার, আত্মধর্ম্ম ও মনোধর্ম্ম, শ্রীচৈতন্যদেব ও তাঁহার শিক্ষা, অপ্রাকৃত সহজধর্ম্ম ও প্রাকৃত সহজ-ধর্ম্ম, শ্রীপাদ ঈশ্বরপুরী, শ্রীল রসিকানন্দ-প্রসঙ্গ, পুষ্টিমার্গ প্রভৃতি বিংশতি সংখ্যক রত্নে সুশোভিত। ভিক্ষা মাত্র ৸০ বার আনা।

২। দ্বিতীয় খণ্ড—শুদ্ধা ও বিদ্ধা ভক্তি, মনুষ্যের শ্রেষ্ঠতা কোথায়, আত্মার নিত্যবৃত্তি, শ্রীধর স্বামিপাদ ও মায়াবাদ, শ্রীগৌর নিত্যানন্দ-প্রসঙ্গ, ত্রিযুগের ধর্ম্ম ও কৃষ্ণকীর্ত্তন, শ্রীব্যাসপূজায় শ্রীমদ্ভাগবতের কীর্ত্তন, শ্রীগৌরধামের মহিমা, মঠপ্রসাদ, শ্রীগোবিন্দ, শ্রীরূপানুগভজন-পদ্ধ, শ্রীমতী বৃষভানুনন্দিনী, শ্রীচৈতন্যের দয়া, গৌরকরুণা ও কৃষ্ণসঙ্কীর্ত্তন—চতুর্দ্দশ অপূর্ব্ব-মধুরিমাপূর্ণ-বক্তৃতা-বিভূষিত। ভিক্ষা ১৲ এক টাকা মাত্র।

প্রথম ও দ্বিতীয়—দুই খণ্ড একত্রে লইলে ভিক্ষা ১৷৵০ দেড় টাকা, ডাক খরচ স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান :—গ্রন্থবিভাগ—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

আগামী ৩রা এপ্রিল (১৯৩১) তারিখ হইতে

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্" নামে

৬ষ্ঠ ইংরেজী বিদ্যালয়

খোলা হইতেছে

বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে। প্রত্যেক ছাত্রের খোরাকী বাবদ মাত্র ছয় টাকা মাসিক ব্যয় হইবে।

স্থান অতীব স্বাস্থ্যকর। ছাত্রগণ অভিভাবকের পত্রসহ সত্বর নিম্নলিখিত ঠিকানায় আবেদন করুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

৫০ বৎসরের পরীক্ষিত কয়েকটী মহৌষধ—

ব্যবহারকারীরা স্বতঃ মুগ্ধ হইয়া যে সমস্ত প্রশংসা পত্র দান করিতেছেন, তাহা একত্রে করিলে বড় বড় পুস্তক হইয়া পড়ে। আমাদের ঔষধ ব্যবহার করিয়া দেখুন।

১। চন্দ্রপ্রভা বটিকা—ইহার ঔষধীয় গুণ কাহার সেই বলিতে হইবে না। ইহা নূতন ও পুরাতন মেহ, মূত্রকৃচ্ছ, অর্শ প্রভৃতি এবং স্ত্রীলোকদিগের সূতিকা রোগে, ও এবং শুক্রস্রাব প্রভৃতি রোগে আশু ফলপ্রদ।

২। সুষুপ্তিসহায় বটিকা—মাদকদ্রব্যবিহীন অত্যুৎকৃষ্ট নিদ্রাবিষয়ক ঔষধ। কোন দৈহিক ও মানসিক পীড়াবশতঃ অনিদ্রারোগে এই ঔষধ ব্যবহারে গাঢ় নিদ্রা হইবে।

৩। মধুর বটিকা—ইহা সেবনে প্লীহা ও অন্ত্রগত্তিক দোষ ও পচীর পাণ্ডুরোগ যাবতীয় উদরাদি বিদূরিত হইয়া রক্ত পরিষ্কার ও বৃদ্ধি প্রাপ্ত হয়।

উক্ত তিন প্রকারের প্রত্যেক ঔষধের মূল্য প্রতি কৌটা ১৲ টাকা।

প্রাপ্তিস্থান :—আতঙ্কনিগ্রহ ঔষধালয়

২১৯নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য প্রমাণ বহু ভিক্ষা ৵০


শ্রীচৈতন্য মহাপ্রভুর বিবাহ ও লীলাভূমি নয়টী দ্বীপ-সমন্বিত। এই নয় দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম মায়াপুর—বামাপুকুর কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে মনোহর ভাষে বর্ণিত। সকলের পাঠক প্রায় ১৮০ পৃষ্ঠা।

শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ ৷৵০

উজ্জ্বল রোজ-টু কাগজে উত্তম কালিতে ছাপা—শ্রীনব দ্বীপধাম দর্শনে ভাবুক হৃদয়ে কিরূপ ভাবের উদ্ভাস হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। আট চমৎকার।

সাধককণ্ঠমণি—শ্রীবৈষ্ণববন্দনা, শ্রীনামমহিমা, শ্রীকৃষ্ণের অষ্টোত্তর শতনাম ও শ্রীল নরোত্তম ঠাকুরের স্বকণ্ঠনিঃসৃত প্রাণস্পর্শী প্রার্থনা, প্রেমভক্তি-চন্দ্রিকা প্রভৃতি সুললিত শ্রীভাবনী সুলভাকারে পকেট সাইজে মুদ্রিত। ২য় সংস্করণ ভিক্ষা ৷৵০ চারি আনা মাত্র।


কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের





সর্ব্ববিধ [illegible]

মফঃস্বলের গ্রাহকদের জন্য ঔষধ ভাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ৷৵০ আনা, পাইট ৷৵০ আনা, সোরল ১৵০ আনা।

অফিস—১১৯নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা







হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস্, এস্, ঘোষ এণ্ড কোং, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈজ্ঞানিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

৬৮ নং কটন ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

১। [illegible]

শিরঃশূলের অব্যর্থ মহৌষধ। ১ ঘণ্টার উপশম, সপ্তাহে আরোগ্য। প্রতি ৯০ বার আনা, বড় ১৷০ আনা। মাশুল, পৃথক্।

২। শুক্রাচার্য্য সঞ্জীবনী পোষ্টাই

শ্রমের ও অত্যধিকের একমাত্র মহৌষধ। মূল্য ১ ডিব্বা ১৷০ আনা। মাশুল পৃথক্।

৩। সন্ন্যাসী-প্রদত্ত অর্শরোগের অব্যর্থ আংটী

আরোগ্য না হইলে মূল্য ফেরৎ। মূল্য ১৷০ আনা। মাশুল পৃথক্।

৪। কোষ্ঠ-বান্ধব পীল

অজীর্ণ, পেটকাঁপা, পেটবেদনার মহৌষধ। ডিব্বা ৷০ আনা। মাশুল পৃথক্।

৫। বাতলীন

বায়ুরোগের মহৌষধী ও সদ্যঃ আরোগ্য। প্রতি শিশি ৷০ আনা। মাশুল পৃথক্।

রবার-ষ্ট্যাম্প প্রস্তুতকারক। সত্বর ক্যাটলগের জন্য পত্র লিখুন।

প্রাপ্তিস্থান—মনোমোহন লেবরেটরী

পোঃ ইস্লামী, কমলাপুর, ঢাকা,

মনোমোহন প্রেস

পূর্ব্ববাঙ্গালায় স্থাপিত সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত বৈদ্যুতিক মোশনে দিবারাত্র কাজ চলিতেছে বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

২০৭।২, কমলাপুর, ঢাকা।

মরা মানুষ বাঁচাইবার উপায়



যদিও অদ্যাপি এমন মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি ডাক্তারী শাস্ত্রের অভিজ্ঞতা উপায় আবিষ্কার করিয়া অনেক মরা মানুষ বাঁচাইতেছেন এবং নানা প্রকার মেহ, প্রমেহ পাতু পীড়া, আনুষঙ্গিক চুলকানী, বহুমূত্র, ঢাকুয়া, পাকস্থলীর পীড়া, অর্শ এবং স্ত্রীলোকদিগের যাবতীয় বাধক, বন্ধ্যা, মূতবৎসা, সূতিকা, শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিতেছেন। জীবনে নিরাশ হইবেন না, তাঁহাদের আশ্বাসের সুপ্রসিদ্ধ ডাক্তার [illegible] সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক সলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত সহস্র প্রমাণ প্রতি বৎসরেই পাওয়া যাইতেছে। যাঁহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের বাতরোগোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ১৷০ টাকা মাত্র।

সোল এজেন্ট—

ডাঃ ডি, ডি, হাজরা।

ফরেষ্ট, পার্কসার্কাস পোষ্ট, কলিকাতা

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন

ঢাকা মায়াপুর নবপ্রকাশ প্রেস হইতে—ডাঃ কৃষ্ণকান্ত ব্রহ্মচারী ভক্তি কুসুম এম্, এস্, এফ, দত্তক মুদ্রিত ও প্রকাশিত

Reg No C.1544

টেলি— নবপ্রকাশ

দৈনিক নদীয়া-প্রকাশ

আবেদন সম্বন্ধে বাজে-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৬ষ্ঠ খণ্ড] সম্পাদক—শ্রীঅতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [২২শ সংখ্যা

শ্রীচৈতন্যমঠে শ্রীগ্রাম মায়াপুর- ১৭ই চৈত্র সোমবার ১৩৪৭, ২৯শে মার্চ্চ, ১৯৪১

বিজ্ঞাপনের হার

প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩৲
সিকি কলম ২৲
চুক্তির হার
স্বতন্ত্র।

সাধারণের হার
অগ্রিম দেয়।
ষাণ্মাসিক ৯৲
ত্রৈমাসিক ৫৲
মাসিক ২৲
নগদ
প্রতি সংখ্যা ৫

নানা কথা

ভারতীয় ব্যবস্থা পরিষদ্

২৮শে মার্চ্চ ভারতীয় ব্যবস্থা পরিষদে প্রেসিডেন্ট ঘোষণা করেন যে, তিনি জানাইয়াছেন,—ভারতের আর্থিক অবস্থায় এক কোটি টাকা ব্যয় করা যায় না, কাজেই প্রস্তাবিত বিলটী সভায় গৃহীত হইলে তিনি ক্ষুণ্ণ হইবেন।

অতঃপর ডাঃ মুহীদ এক সংশোধন প্রস্তাব করেন যে, দুই আনার স্থলে পাঁচ হাজার পর্য্যন্ত ৬ পাই এবং তদূর্দ্ধ হইতে দশ হাজার পর্য্যন্ত ৯ পাই এবং তদূর্দ্ধ হইলে দশ হাজার পর্য্যন্ত এক আনা হারে ট্যাক্স ধার্য্য করা হউক এবং সময় বাজেটের পর হইতে বিলের মতে ট্যাক্স বসান হউক। ডাঃ মুহীদ ঐরূপ সংশোধনের ব্যাখ্যা করিতে উঠিতে মিঃ টি, ষ্টকম্যানিথাম আপত্তি করেন যে, এই গুরুতর বিষয় সম্বন্ধে আলোচনা করার জন্য ৪ দিন সময় দেওয়া হউক।

প্রেসিডেন্ট বলেন যে, এতদ্ গুরুতর বিষয়ের সংশোধনের প্রস্তাব সভার হঠাৎ-পূর্ব্বে সময় না দিলে আলোচিত হইয়াছে। তিনি বলেন যে, ডাঃ মুহীদের প্রস্তাব সভায় আলোচিত হউক, তবে উহা গ্রহণ করা না করা সভার ইচ্ছা।

অতঃপর সংশোধিত প্রস্তাবটীর আলোচনা চলে। এ সম্বন্ধে উভয়পক্ষের বক্তৃতা হয়। অতঃপর প্রেসিডেন্ট বিষয়টীর গুরুত্ব অনুভব করিয়া দুই দিন আলোচনা স্থগিত রাখিয়াছেন।

ভারতীয় ব্যবস্থাপরিষদ

কাণপুরে ১১৫ জন নিহত ও ৫০০ শত জন আহত

কাণপুরের ব্যাপারে গান্ধীজী

জাল ছাওনোটের দায়ে কাবুলীর বিপদ

দুইজন গান্ধীর সমাবেশ

ফেডারেশন কমিটিতে মহিলা পার্লামেন্ট প্রশ্ন

পুলিশ জমাদারের পদত্যাগ

দিনাজপুর ডাকচুরি—পোষ্টাল রাণার আক্রান্ত

চট্টগ্রামে ভীষণ ডাকাতি

কংগ্রেস ওয়ার্কিং কমিটীর প্রস্তাব

কানপুরে ১১৫ জন নিহত ও ৫০০ শত আহত

কানপুর হইতে এই মর্ম্মে খবর আসিয়াছে যে, হঠাৎ অকস্মাৎ আক্রমণ জোর চলিয়াছে, তবে এখনও কোন সরকারী খবর পাওয়া যায় নাই। ২৭শে মার্চ্চ সকালবেলা পর্য্যন্ত মোট নিহতের সংখ্যা ১১৫ ও আহতের সংখ্যা পাঁচ শতের উর্দ্ধে হইয়াছে বলিয়া বিশ্বস্ত সূত্রে জানা গিয়াছে।

কাণপুরের অবস্থা শান্তি-প্রচেষ্টা

বিগত ২৯শে মার্চ্চ হইতে কাণপুরে যে দাঙ্গা আরম্ভ হইয়াছে, সে সম্বন্ধে প্রত্যহই শোচনীয় সংবাদ পাওয়া যাইতেছে। কোনদিনে, কোন্ সময়ে প্রত্যুষে সংবাদে প্রত্যেকের মনেই একটা ভীতির সঞ্চার হইতেছে। উভয় সম্প্রদায়ের নেতাগণ এই দাঙ্গা শান্ত করিবার জন্য আপ্রাণ চেষ্টা করিতেছেন। মহাত্মা গান্ধীর মহাত্মাজীর আগমন সংবাদে উভয় সম্প্রদায়ের নেতাগণই সমবেত হইয়াছিলেন। গুরুতর উপর নির্ভর করিয়া, জনসাধারণ যে যাহাতে প্রকৃত শান্ত হন—এই মর্ম্মে তাঁহারা এক আবেদন প্রচার করিয়াছেন।

জাল ছাওনোটের দায়ে কাবুলীর বিপদ

রাজসাহী মহকুমার অধীনে গোদাগাড়ী থানার এক দরিদ্র কোয়েরী কাজ করে। রহমান খাঁ নামক একজন কাবুলী মহাজনের নিকট ৩৫০৲ টাকার ছাওনোটের একটী মকদ্দমা আনয়ন করে। ঐ মামলায় ছাওনোটখানি জাল বলিয়া প্রমাণিত হয়। ঝাড়গ্রামের মুন্সেফ (বাংলার নিকট মাননীয় বিচার করিতেন) খাঁ রহমান খাঁর বিরুদ্ধে নালিশ করিলে তাহাকে মাগুরার দায়রায় সোপর্দ্দ করা হইয়াছে।

কংগ্রেস ওয়ার্কিং কমিটীর প্রস্তাব

প্রকাশ যে, কংগ্রেস ওয়ার্কিং কমিটী বিষয় নির্ব্বাচনী সমিতিকে আলোচনার জন্য ৩৭৫ মিঃ প্রস্তাবিত ফেডারেশন পরিকল্পনা সম্বন্ধে একটী প্রস্তাবের খসড়া তৈয়ার করিতে বলিয়াছেন। প্রস্তাবটীতে ভারত সচিব তাঁহার সাম্প্রতিক বক্তৃতায় যে সকল সংশোধন করিতে সম্মত হইয়াছেন, তাহাদের স্বীকৃতি চাওয়া হইবে। ওয়ার্কিং কমিটীর সভ্যগণ ফেডারেশন সম্বন্ধে তাঁহাদের মতামত ব্যক্ত করিবেন। কমিটী আশা করেন যে, ২৭শে মার্চ্চ তারিখে তাঁহাদের প্রস্তাব প্রেরণ করিতে পারিবেন। উহার পর নির্ব্বাচনী সমিতি ও ওয়ার্কিং কমিটীর অধিবেশন হইবে। ফেডারেশন সম্বন্ধে ব্রিটিশ গভর্ণমেণ্টের নীতির নিন্দা করা হইয়াছে।

দুইজন গান্ধীর সমাবেশ
কংগ্রেস শিবিরে চাঞ্চল্য

কলাচী কংগ্রেস শিবিরে এখন দুইজন গান্ধীর সমাবেশ হইয়াছেন। একজন ক্ষুদ্রকায়; কিন্তু অপর ব্যক্তি দীর্ঘকায়, বলিষ্ঠ এবং সৈনিকের মত বলিষ্ঠ। এই শেষোক্ত গান্ধীর নাম—সীমান্ত গান্ধীর গান্ধী। উহার প্রকৃত নাম আব্দুল গফুর খাঁ।

উহার সঙ্গে লালকুর্তা পরিহিত পেশোয়ারী স্বেচ্ছাসেবক আসিয়াছে। অকস্মাৎ উহারা কংগ্রেস প্রদর্শনী প্রবেশ দ্বারে উপস্থিত হওয়ায় কেহ কেহ মনে করেন যে, লালকুর্তার দল কংগ্রেস শিবির আক্রমণ করিতে আসিয়াছে। ইহাতে একটা আতঙ্কের ভাব দেখা দেয় কংগ্রেসের স্বেচ্ছাসেবকেরা বাঁশী বাজাইয়া সকলকে সতর্ক করে।

অতঃপর জানা যায় যে ইহারা লালকুর্তা পরিহিত হইলেও প্রকৃতপক্ষে সীমান্ত গান্ধীর বিরোধী নহে, সীমান্ত প্রদেশ হইতে আগত স্বেচ্ছাসেবক মাত্র ইহাদের নাম—"খোদাই খেদমতগার।"

পরিচয় পাওয়ার পর আব্দুল গফুর খাঁর সঙ্গে ইহাদিগকে কংগ্রেস শিবিরে প্রবেশ করিতে দেওয়া হয়।

কলাচীতে আসিয়া আব্দুল গফুর খাঁ, ডিক্রা আব্দুল সাত্তার এবং আব্দুল সামাদ খাঁ এক বিবৃতি প্রচার করিয়াছেন। তাহাতে বলা হইয়াছে,—"লালকুর্তা পরিহিত সীমান্তবাসী স্বেচ্ছাসেবকেরা মহাত্মা গান্ধীকে আক্রমণ করিয়াছিল, এই সংবাদ সম্পূর্ণ অমূলক। আমরাই এই স্বেচ্ছাসেবক দল গঠন করিয়াছি। কাজের আসল নাম খোদাই খেদমতগার। ইহারা প্রকৃতপক্ষে লালকুর্তার দলের লোক নহে। নও-জোয়ান ভারত সভার প্রতিনিধি সমস্ত মহাত্মা গান্ধীকে কালো ফুলের মালা দিয়া কিরূপ অভ্যর্থনা করিয়াছে,—ইহার সহিত খোদাই খেদমতগারদলের কোন সম্পর্ক নাই। মহাত্মা কংগ্রেসের নীতির সমর্থন এবং মহাত্মা গান্ধীর অনুবর্তী।"

কালীঘাটের মন্দিরে চোর

কল্য অপরাহ্ণে কালীঘাটের মন্দিরের প্রাঙ্গণে এক বৃদ্ধার নাতনীর হাত হইতে কলাছড়ি সোনার মালা ছিনাইয়া লইয়াছিল; কিন্তু বৃদ্ধার চীৎকারে ফলে তাহাকে ধরিয়া ফেলে। আনীতের পুলিশ আফিসে, কলের প্রতি মাস সশ্রম কারাবাসের আদেশ দিয়াছেন।

মোরাখালীর মুসলমানগণের জাতীয়তার কার্য্যে যোগদান

সম্প্রতি রবিবারে থানার অধীন খানারহাটে হাজি ডোয়ার বন্ধুর উদ্যোগে এক সভা হইয়াছিল। ৫ হাজারের অধিক লোক এই সভাতে যোগদান করিয়াছিল এবং ইহার অধিকাংশই মুসলমান। মৌলানা মনোহর আলী সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন। মৌলানা সাহেব, ফেনী জমাইয়েৎ-উল-উলেমার সভাপতি মৌলবী ইব্রাহিম, কংগ্রেস কর্ম্মী মৌলবী আবদুল রহমান, কীর্ত্তিশচন্দ্র রায় চৌধুরী, জিতেন্দ্র মজুমদার প্রভৃতি কয়েকজন মৌলবী সভায় বক্তৃতা দিয়াছিলেন। মৌলানাগণ বক্তৃতায় বলেন যে, মুসলমান দিগের উচিত সংগ্রামের কার্য্যে যোগদান করা। একটি স্থানীয় কংগ্রেস কমিটী গঠিত হইয়াছে ও গঠনমূলক কার্য্য পদ্ধতি স্থির হইয়াছে।

দিনাজপুরে ডাক চুরি
পোষ্টাল রাণার আক্রান্ত

দিনাজপুর হেড্ পোষ্টাফিস হইতে যে রাণার দিনাজপুর হাকবাটী পোষ্টাফিসে ডাক লইয়া যায়, বেলা প্রায় ১টার সময় সংরের বড়বন্দর অঞ্চলে গুণীপাড়া পুলের নিকট ছদ্মবেশী ২ জন অজ্ঞাত লোক তাহাকে আক্রমণ করে। তন্মধ্যে ১ জন রাণারকে ছোরা লইয়া আক্রমণ করিলে অপর ব্যক্তি মেল ব্যাগ লইয়া যায় পরে উভয়েই নিকটবর্ত্তী জঙ্গলের মধ্যে পলায়ন করে। রাণার তাহাদের নিকট হইতে ছোরা খানা কাড়িয়া লয় তাহাতে তাহার দেহে কিঞ্চিৎ ক্ষত হয়। অতঃপর সেই ব্যাগ জঙ্গলের ভিতর পাওয়া যায়। কিন্তু নগদ ২ শত টাকা ও কতকগুলি রেজেষ্টারী চিঠি পাওয়া যায় নাই। তাহারা একটি কলসিতর করা পার্শ্বেলও ফেলিয়া যায়। তুলসীরা এখনও পলাতক।

চট্টগ্রামে ভীষণ ডাকাতি
গৃহবাসী লুণ্ঠিত ও প্রহৃত

বৈরিনা গ্রামের বিখ্যাত মহাজন পরলোকগত শরৎচন্দ্র শর্ম্মার গৃহে একটা ভীষণ ডাকাতি হইয়া গিয়াছে। রাত্রি দ্বিপ্রহরে বন্দুক ও অন্যান্য অস্ত্রে সজ্জিত সশস্ত্র ডাকাত উক্ত গৃহ লুণ্ঠন করিতে থাকে এবং রাত্রি ৩টা পর্য্যন্ত ঐ কার্য্য করে। তাহার সিন্দুকের চাবির জন্য গৃহস্থের সাতটি এবং যেখানে টাকা লুকান আছে সেই স্থান দেখাইতে বাধ্য করে। ডাকাতদের মধ্যে একজন গ্রামবাসীদের ভয় দেখাইয়া হটাইয়া দিবার জন্য রাস্তায় পাহারায় নিযুক্ত থাকে। তাহারা নগদ ৪ হাজার টাকা ও সেই পরিমাণ টাকার অলঙ্কারাদি লইয়া পলায়ন করে।

অনেকগুলি মিলিটারি পুলিশ ঘটনাস্থলে রওনা হইয়াছে।

বালিকা হরণের মামলা

কালীপ্রসাদ সাঁ'র স্ত্রী বনেশ্বর নাম্নী চতুর্দ্দশ বর্ষীয়া বালিকাকে তাহার স্বামীর ইক্টালীস্থিত বাড়ী হইতে গভর্ণমেণ্ট ফুসলাইয়া বাহির করিয়া লইয়া যাওয়ার অভিযোগে ২ জন স্ত্রীলোক শিয়ালদহ পুলিশ আদালতে অভিযুক্ত হইয়াছে। মামলা মুলতুবী আছে।

ফেডারেশন কমিটিতে মহিলা
পার্লামেণ্ট প্রশ্ন

রয়টারের সংবাদে প্রকাশ কমন্স সভার মিস লেথ বোমাস জিজ্ঞাসা করেন যে, আগামী গোলটেবিল বৈঠকে ভারতীয় মহিলাদের পক্ষ হইতে কোন প্রতিনিধি ডাকা হইবে কিনা উত্তরে ভারত সচিব বলেন যে, ভবিষ্যতে ভারত হইতে কাহাকে প্রতিনিধি করা হইবে, তদ্বিষয়ে তিনি বড়লাটের সঙ্গে পরামর্শ করিবেন।

মিঃ বেন আরও জানান যে, ভারত সরকার বাল্যবিবাহ নিরোধ আইন বাতিল করিতে মনস্থ করিয়াছেন, এরূপ কোন সংবাদ তিনি জানেন না।

১৭ বার ছুরিত

সেখ কোরবান নামক একজন পুরাতন পাপী শিয়ালদহ ষ্টেশনে জনৈক যাত্রীর মানিব্যাগ চুরি করার অভিযোগে ২ বৎসর সশ্রম কারাদণ্ড এবং ৭৫৲ টাকা জরিমানা অনুর্দ্ধায় ৬ মাস কারাদণ্ডে শিয়ালদহের পুলিশ ম্যাজিষ্ট্রেট কর্ত্তৃক দণ্ডিত হইয়াছে।

কানপুরের ব্যাপারে মহাত্মাজী

কানপুরের অবস্থার কথা মহাত্মা গান্ধীকে জানাইলে মহাত্মা অতিমাত্রায় ব্যথিত হন এবং বলেন,—

"এই সঙ্কটের যথোচিত নিদানার করিবার ভাষা খুঁজিয়া পাইতেছি না, কংগ্রেস ওয়ার্কিং কমিটি অবশ্যই এই ব্যাপার কারণ সম্বন্ধে তদন্ত করিবেন, বিভিন্ন সূত্র হইতে যে খবর পাওয়া যাইতেছে তাহাতে বোঝা যায় কিরূপ সামান্য কারণেই মানুষ বৈর্য্যচ্যুত হইয়া পড়ে। আমি আশা করি এই বিষয়কে লোকের মনের মধ্যে বেশী সময় থাকিতে দেওয়া হইবে না,—জনসাধারণ শান্তভাব ধারণ করিবে এবং সৌহার্দ্য বন্ধন ছিন্ন হইতে দিবে না। যাঁহারা দেশের স্বাধীনতার গতি রুদ্ধতর করিতে চাহেন, তাহাদের মনে রাখিতে হইবে যে, এই ধরণের সঙ্ঘর্ষের ফলে চরম লক্ষ্যের পথে অগ্রসর হওয়া কষ্টসাধ্য হইয়া উঠে।"

কাইমাক্স মেম্বরের বিবৃতি

যুক্তপ্রদেশ ব্যবস্থাপক সভার কাইমাক্স মেম্বর কানপুর দাঙ্গা সম্বন্ধে নিম্নোক্ত মর্ম্মে এক বিবৃতি দান করেন। তিনি বলেন,—গত রবিবার সোমবার সমস্ত দিন ধরিয়া দাঙ্গা চলিয়াছে, লাঠী হইতে ইট ইষ্টকসাহায্যে বাহিনীর ছইটী দল স্থানীয় সেনাবাহিনীর শক্তি বৃদ্ধিপ্রাপ্ত পাঠাইয়া দেওয়া হইয়াছে। সহরের কেন্দ্রস্থলে বর্ত্তমানে কোন গোলযোগ নাই, কিন্তু বাহিরের মফঃস্বলগুলিতে এখনও গোলযোগ চলিতেছে। গোল সহরের কেন্দ্রস্থলে পরিদর্শন করিয়াছি ও ইই ইষ্টকসাহায্য বাহিনী নিয়োগ করা হয়। বৈকাল বেলা পর্য্যন্ত মৃতের সংখ্যা ৪৯ ও আহতের সংখ্যা ২১৫ ছিল শেষ খবর সরকার পাই নাই এলাহাবাদ বিভাগের কমিশনার, ডেপুটী পুলিশ ইন্‌স্পেক্টর জেনারেল প্রভৃতি কানপুর চলিয়া গিয়াছেন। অবস্থা এখন অনেকটা শান্ত।

সভা স্থগিতের প্রস্তাব

লেম মেম্বরের বিবৃতির পরই লাক্ষি মেম্বারেৎ হুসেন এই মর্ম্মে সভা স্থগিতের জন্য এক প্রস্তাব উত্থাপন করিতে চান যে, সরকার কানপুরে শান্তি শৃঙ্খলা বজায় রাখিতে পারেন নাই।

কাইমাক্স মেম্বর প্রস্তাবটির তীব্র প্রতিবাদ করিয়া বলেন যে, কানপুরে প্রবল বহ্নি প্রজ্বলিত হইয়াছে। মুহূর্ত্তে সত্বর উহা নিয়ন্ত্রিত করিবার উদ্যোগ যথাসাধ্য চেষ্টা করিয়াছেন প্রত্যেক সরকারী কর্ম্মচারী শান্তির পুণ্য প্রতিষ্ঠার জন্য প্রাণপণ পরিশ্রম করিয়াছেন অধিকাংশ সদস্যের মতে প্রস্তাবটি গৃহীত হওয়ায় প্রেসিডেণ্ট সভা স্থগিতের প্রস্তাবটী গ্রহণ করেন ও এইরূপ পর এবিষয়ে আলোচনা হইবে এরূপ নির্দ্দেশ দেন। সকলেই বলাবলি করিতেছিলেন যে, কানপুরের পুলিশের ব্যবস্থা যথোচিত জনক হয় নাই।

পুলিশ জমাদারের পদত্যাগ

ভগৎ সিং প্রভৃতির ফাঁসির প্রতিবাদ মাত্রাধে অবস্থিত মালাবার স্পেশাল পুলিশ বাহিনীর জমাদার কুমারনেয়ার পদত্যাগ করিয়াছেন।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠবার্ত্তাবহ

বেদাদি সমস্ত সাত্বত-শাস্ত্রের অকৃত্রিম ব্যাখ্যাতা

সমগ্র ভারতে একমাত্র সুলভ

দৈনিক পারমার্থিক পত্র

ঈশোদ্যান মায়াপুর ১৬ই চৈত্র, সোমবার—১৩৩৭

হংসক্ষেত্র

পাঠকগণ অবগত আছেন, গত ২০ ফাল্গুন শনিবার তারিখে ও বিষ্ণুপাদ মহর্ষি পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তর-শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ভজনপ্রার্থী জনগণের ভজনোপ-যোগী জন্য একটী অতিশয় মনোরম ও সুবিধাজনক ভজন-স্থান প্রকট করিয়া-ছেন। সেই স্থানটীর নাম—হংসক্ষেত্র মায়াপুর, প্রাকৃত লোকে চলিত ভাষায় ইহাকে হাঁসখালি বলিয়া থাকেন।

স্থানটীর প্রাকৃতিক শোভা

প্রায় ছাপ্পান্ন বিঘা জমির মধ্যে একটী বৃহৎ অট্টালিকা অবস্থিত। তাহার চতুর্দ্দিকে শত সহস্র বৃক্ষ ও বৃহৎ নানাপ্রকার দিব্য পত্র, পুষ্প ও ফল-বিশিষ্ট বৃক্ষ, লতা, তৃণরাজি অপূর্ব্বশোভা বিস্তার করিয়াছেন, আবার ইতস্তত-বিচরণের সংস্পর্শে তাহারা যেন কি এক আনন্দে মত্ত হইয়া নাচিয়া উঠিতেছে। এই বৃক্ষাদির শাখা-প্রশাখা এবং বৃক্ষ-লতায় মিলিত হইয়া যে অপূর্ব্ব কুঞ্জ রচিত হইয়াছে, তাহাতে বিহঙ্গকুল আশ্রয় গ্রহণ করিয়া কোন এক সমোদ্ভূপুরুষের জয় গান করিতেছে। তাহার দক্ষিণদিকে অতিশয় কলনিলা চুর্ণীনদী ধীর মন্থর গতিতে বহিতেছে। কি এক মহান্ উদ্দেশ্যে যে নদীটী প্রবাহিতা, তাহা মানুষের ক্ষুদ্র বুদ্ধির অগম্য।

এই শোভাসিন্ধুর ভজনস্থানটীর প্রায় চতুর্দ্দিকে এবং উচ্চভূমির উপরে নানা, খোবৎসমূহ বিচরণ করায় এবং অতিউচ্চ ভটভূমি দ্বারা বেষ্টিত থাকায় ভক্তগণের বিশেষতঃ ভজনানন্দিগণের যে প্রাকৃতভাবের উদ্দীপনা হয়, তাহা মাদৃশ অযোগ্য ব্যক্তি বর্ণন করিতে অক্ষম।

অহঙ্কারে মত্ত ব্যক্তি উক্ত স্থানের স্বরূপ দর্শন করিতে পারেন না।

মানুষ ব্যক্তিগণ সর্ব্বদাই জন্ম, ঐশ্বর্য্য, পদ, শ্রী প্রভৃতি অহঙ্কারে প্রমত্ত হইয়া মূঢ়। কখনও মনে করে,—আমি ব্রাহ্মণ, আমি ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র ইত্যাদি। কখনও ভাবে, আমি ব্রহ্মচারী, গৃহস্থ, বানপ্রস্থ, সন্ন্যাসী, কখনও নিজেকে ধনী বা দরিদ্র অভিমান করিয়া সুখ বা দুঃখ প্রকাশ করে; আবার কোন কোন সময় আমি দ্বিতীয় পণ্ডিত ভাবিয়া অন্যকে সরার মধ্যে দেখি বা পণ্ডিত হইতে না পারায় নিজেকে অজ্ঞ মনে করি; আমাদের মধ্যে কেহ কেহ এই শৃগাল কুক্কুরের অনিত্যরূপখৌয়নে প্রমত্ত হই। তাই আমরা অশোক-অভয়ামৃত কোটিচন্দ্রশীতল নিত্যানন্দের পাদপদ্মে আশ্রয় গ্রহণ করিয়া নিত্যধামের স্বরূপ দর্শন করি না, চিন্তামণি কল্পতরুরস-বিগ্রহ পূর্ণ শুদ্ধ নিত্যমুক্ত নামী হইতে অভিন্ন শ্রীনামের নিত্য কীর্ত্তন করি না, বর্ণাশ্রমানিমূলক ও ভাবনাশ্রিত ভজনস্থান শ্রীগুরুদেবের মুখচন্দ্র নিঃসৃতকালে দর্শন করি না এবং শ্রীগুরুদেবের গুণ ও লীলার স্ফূর্তি হয় না, শ্রীনামসেবা, শ্রীনামসেবা ও কৃষ্ণ কামসেবাই যে আমাদের অহঙ্কার নিত্য বৃত্তি, তাহা আমরা জড় অহঙ্কারে মত্ত হইয়া বুঝিতে পারি না।

অহঙ্কারোন্মত্ত ব্যক্তির জড় অভিমান চূর্ণ বিচূর্ণ করিবার জন্য চূর্ণীনদী প্রবাহিতা।

আমরা যতক্ষণ এই ব্রহ্মাণ্ডরূপ খেলাঘরের আবদ্ধ থাকি, ততক্ষণ অহঙ্কারে ভ্রমণ থাকি, তত এই চূর্ণী নদীর স্বরূপ দর্শন করিতে পারিব না। কৈতব মাহাত্ম্য উপলব্ধি করিতে পারি না; তাই মনে করি, এই নদীটী আমাদের ভোগের বস্তু—ভোগের ইন্ধন যোগাইবার জন্য প্রবাহিতা; প্রাকৃত বুদ্ধিতে পাপনাশিনী নদী বিচারে ইহাতে স্নান করিয়া স্নান করা হইল মনে করি—ইহাতে অবগাহন করিয়া জড়দেহের তৃপ্তি বিধানই চরমফল মনে করি, এই প্রকারে আমরা চূর্ণী নদীতে স্নানের অভিনয় করিয়াও মুক্তি ফল লাভে বঞ্চিত হই। আমাদের এই দুর্ভাগ্য দূর করিবার জন্য শ্রীগুরুদেব ও তদনুগ বৈষ্ণবগণ এই চূর্ণী নদীর মাহাত্ম্য কীর্ত্তন করিয়াছেন। তাঁহারা বলেন—নিত্যধাম এক অংশ চূর্ণীনদীরূপে হংস-ক্ষেত্রের নিকট নিত্য প্রবাহিতা। সুতরাং ইহা অভিন্ন বিরজারূপে ব্রহ্মলোকের অপরপারে অবস্থিত এবং এখানে প্রাকৃতের মত দিন নয়, রাত্র ও তম—এই ত্রিগুণের অবস্থান নাই—ত্রিগুণের সাম্যাবস্থায় এই অপ্রাকৃত সলিলা প্রবাহিতা; তাই ভাগ্য-বান্ ব্যক্তিগণ যখন সাধুর মুখে এই চূর্ণী নদীর মাহাত্ম্য শ্রবণ করিয়া অপ্রাকৃত বুদ্ধিতে সুফল লাভের আশায় সাধুর আনুগত্যে ইহাতে স্নান করেন, তখন তাঁহাদের সকলপ্রকার জড় অভিমান চূর্ণী নদীর অপ্রাকৃত স্রোতে চূর্ণ বিচূর্ণ বা সম্যকরূপে ধৌত হইয়া যায়, তখন তাঁহারা সাধুগুরুর কৃপায় চূর্ণী বা বিরজা পার হইয়া হংসক্ষেত্রে স্থিত শ্রীনবদ্বীপ মধ্যে শ্রীশ্রীগুরুপাদপদ্মে অবস্থান পূর্ব্বক ভজনানন্দে নিমগ্ন হন।

হংসক্ষেত্রে স্থিত মঠের নাম শ্রীঅশ্বত্থমঠ হইল কেন?

সাধকগণ কুটীচক ও বহূদক সাধনের শরীর অবস্থা অতিক্রম করিয়া পরম হংসের রাগানুগবৈকাহিকস্তরে প্রবেশ করিলে তখন আশ্রয় পূর্ব্বক পরমহংসাবস্থা লাভ করেন, তখনই তাঁহাদের বাসস্থান নির্ণয় করিবার নাম হংসক্ষেত্র এবং হংসের ন্যায় একান্তশুদ্ধ আশ্রয় করেন বলিয়া এই স্থানের নাম শ্রীঅশ্বত্থমঠ। পরম হংস স্থানটী বৈষ্ণবপরমহংসদের ভজনপীঠের সম্যক্ মূর্ত্তিমান ও বিগ্রহস্বরূপ। এই স্থানের উচ্চভূমি দর্শনে ভক্তমাত্রেরই বৃন্দাবন স্মৃতি হয় বা যে কেহ ইহাকে বৃন্দাবনরূপে দর্শন করেন, এই চূর্ণীনদীকে তাঁহারা যমুনারূপে দর্শন করেন এবং পার্শ্ববর্ত্তী উচ্চ ভূমিকে গোবর্দ্ধন দর্শন করেন। তাই বলি হে বিশ্বমায়া আত্মসুখ, আসুন! আসুন!! আসুন!!! আমরা সকলে মিলিয়া শ্রীগুরুদেবের আনুগত্যে এই চূর্ণী নদীতে স্নান করিয়া বিরজা সত্ত্বে অবস্থিত হই এবং অপ্রাকৃত নয়নে এই স্থানের অপ্রাকৃত শোভা দর্শন করিয়া জীবন সার্থক করি।

শ্রীধাম-প্রচারিণী সভা

আচার্য্যাধিক প্রভু

অতঃপর নিম্নলিখিত গৌরাভিন্নবিগ্রহ-ভাগ্যবান্ মহাত্মগণকে তাঁহাদের বিভিন্ন সেবার বিশেষ উল্লেখ পূর্ব্বক শ্রীধামপ্রচারিণী সভার পক্ষ হইতে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সভাপতি প্রভুপাদের আদেশানুসারে শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভু আচার্য্যাধিক শ্রীযুক্ত কৃষ্ণবিহারী বিদ্যাভূষণ প্রভুর সেবাচেষ্টা সামান্য দিগ্দর্শন করিয়া বলেন যে, বিগত বর্ষে শ্রীযোগপীঠমন্দিরে যে শ্রীমূর্ত্তির নির্ম্মাণ ও সঙ্কীর্ত্তন-শোভাযাত্রাদি-মুখে মহা-প্রকাশ শ্রীযোগপীঠমঠে অনুষ্ঠিত পারমার্থিক প্রদর্শনী এবং বিশ্ববৈষ্ণব পারমার্থিক সম্মেলন হইয়াছিল, তদ্মূলে আচার্য্যাধিক শ্রীপাদ কৃষ্ণবিহারী বিদ্যাভূষণ ভক্তিশাস্ত্রী ভাগবতরত্ন প্রভুর শুদ্ধভৈষ্ণবপ্রাণের কেন্দ্ররূপে নিহিত রহিয়াছে। তাঁহার অমায়িক সেবাধর্ম্ম, অনিন্দ্য শুদ্ধপাদ-পদ্ম সেবা নিষ্ঠা এবং গুরুমনোভীষ্টপ্রচারে অখিল চেষ্টাবলে দিগন্ত ব্যাপী শ্রীযোগপীঠ মঠের সঙ্কীর্ত্তন বিজয় বৈজয়ন্তী সুষ্ঠুরূপে ভাবে বিশেষ মহাপ্রভুপ্রতিষ্ঠিতস্থানগুলির পুনঃ আকর্ষণ এবং বাহিরেকভাবে তৎপ্রতি কৃপাতরণকারিগণের মনোহরণ, মঠে শ্রীযোগপীঠমঠের প্রচার-সাফল্য ও পরি-পুষ্টি প্রমাণিত করিয়াছে। কি শ্লোঘ্য ভগবদ্ভক্তিবিরহিত মহাশয়ের কলিকাতা যোগপীঠমন্দিরে শ্রীমন্দিরাদি-নির্ম্মাণ, কি গৌরাঙ্গ-মাতার শ্রীবৈষ্ণবমঠে ভক্তিবিজ্ঞান শ্রীকৃষ্ণমন্দির প্রায় মনোরমের 'ভক্তি বিনোদকুঞ্জ' নির্ম্মাণ এবং বৈষ্ণবস্মৃতি আলোকমালা সমারোহাদি কার্য্য, কি অন্যান্য ভক্তিমঠকে শুভসেবায় নিয়ো-জনাদি ব্যাপারে—সর্ব্বত্রই আচার্য্যাধিক প্রভুর প্রযোজক কর্ত্তৃত্ব নিহিত রহিয়াছে। সুতরাং আমরা যেন নিষ্কপট, নিশ্চয়ই করিয়া সেই ভগবদ্যোগিতাবে প্রভু সহায় অবতারের অর্চ্চনা করিতে পারি।

শ্রীমদ্ভক্তিসুন্দর নরসিংহাচার্য্য

অতঃপর শ্রীশ্রীগৌরবৈষ্ণবরাজসভা অধ্যক্ষ মহাশয়—শ্রীযোগপীঠ মন্দিরাদি নির্ম্মাণের সম্পর্কিত শ্রীযুক্ত অনুকূলচন্দ্র বসু মহাশয় ভক্তিবিনোদ গৌরাঙ্গ শ্রীবিগ্রহিতাদের শ্রীমন্দিরাদির এবং মহাপ্রভু বিগত বর্ষে বিভিন্ন দেশীয় অভিজ্ঞ মহোদয় ও রাজপ্রতিনিধি-দের মধ্যে শ্রীবৈষ্ণবধর্ম্মের প্রচারের কথা উল্লেখ করিয়া বলেন যে, এই বৈষ্ণবধর্ম্মের প্রচারের ফলে [illegible] এই শ্রীনবদ্বীপ-ধামে [illegible] একজন অধ্যক্ষ [illegible] করিয়াছেন [illegible] মাননীয় শ্রীযুক্ত His Excellency Lieutenant Colonel the Rig[illegible]

...nourable Sir George Fredric ...only G. C. I. E. M. C. G. ...াদদের দরবারে উচ্চ লাট সাহেব ...ভবের সমীপে শ্রীচৈতন্যদেবের গৌর-ধর্ম্মের প্রচারের সম্বন্ধে কতক কথা ...লিয়াছিলেন। সাহেবের পার্শ্বে বসিয়া ...স্বামিজী মহারাজের স্থানে আমার ...জন্মদেবের একটি গানের আনন্দময় প্রেম-...চার প্রণালীর কথা শুনে করিয়া বিশেষ ...রূপে হইয়াছেন এবং সভাকার পাঠান্তে ...রূপ ইংরাজ মিশনারীদের ধর্ম্মপ্রচারে ...োগ প্রদান করেন, তেমনি সকল ইংরেজ ...ৌড়ীয়মঠের সেবকগণকেও প্রদান ...রিবেন, ইহা স্থানের করিয়াছেন। ...াচিন, মহিশূর ও বিলাতের প্রচারের ...ধ্যে যাইতে মহাপ্রভুর কথা প্রসঙ্গিক ...ে, তাহাদেরকে ভক্তিবাদের ভাবের ...ের নিকট সরলভাবে বুঝাইয়া দিতে ...ন্তের বিষয় বিশ্লেষণ করিয়াছেন।

HIS HOLINESS SREEMAD BHAKTI VIVEK Bharati Maharaj, a learned disciple of His Divine Grace Paramahansa Sreemad Bhakti Siddhanta Saraswati Goswami Maharaj of Gaudiya math, Calcutta, delivered a very interesting lecture on Sanatan Dharma at the local N. N. H. P. Hall on the 19th instant, when a large number of gentlemen attended. The lecture was patiently and followed by melodious Sankirtan. The Swami has been explaining the injunctions of the scriptures in the Bengal Boarding and will deliver a series of lectures on the Universal Religion of Divine Love in different places of the district.

অনুবাদ—কলিকাতা গৌড়ীয়মঠের ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের সুশিক্ষিত শিষ্য ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিবেক ভারতী মহারাজ গত ১৯শে এপ্রিল স্থানীয় (দার্জ্জিলিঙের) এন্, এন্, এইচ্, পি হলে বহু শিক্ষিত লোকের নিকট সনাতন ধর্ম্ম সম্বন্ধে একটী অতীব চিত্তাকর্ষিণী বক্তৃতা প্রদান করিয়াছিলেন। বক্তৃতার পূর্ব্বে ও পরে সুমধুর সঙ্কীর্ত্তন হইয়াছিল। স্বামীজী বেঙ্গল বোর্ডিঙের শাস্ত্রের উপদেশাবলী ব্যাখ্যা করিতেছেন। তিনি ঐই (দার্জ্জিলিঙ) জিলার বিভিন্নস্থানে ভগবৎপ্রেমের সার্ব্বজনীন ধর্ম্ম সম্বন্ধে বক্তৃতা করিবেন।

'জনমত ও পরমার্থ'

[কলিকাতা শ্রীগৌড়ীয়মঠের সারস্বত নাটমন্দিরে গৌড়ীয়-সম্পাদক শ্রীযুক্ত সুন্দরানন্দ পরিব্রাজা-বিনোদ প্রভুর বক্তৃতার চুম্বক]

[২]

এই দেবীধামবাসী আমরা সকলেই রোগী—কৃষ্ণকে ভুলে যাওয়ায় অনাদিবহির্ম্মুখতারোগে আমরা সকলেই আক্রান্ত। এমতাবস্থায় ভগবদ্ভক্তিপ্রদ সদ্গুরু বা সাধুবৈদ্যের অধীনে থেকে চিকিৎসিত হওয়া ব্যতীত আমাদের এই দুরারোগ্য ভবব্যাধির উপশম সম্পূর্ণ অসম্ভব। রোগী কখনও নিজে নিজে চিকিৎসিত হ'তে পারে না। ডাক্তার রোগীর পরামর্শ নিয়ে কখনও তাঁর ঔষধ পথ্যাদির ব্যবস্থা করে না। তবে যে রোগীকে ডাক্তার কখনও কখনও জিজ্ঞাসা করেন, 'তুমি কি খেতে চাও, তোমার কি ভাল লাগে?' এ প্রশ্নকর্ত্তার উদ্দেশ্য থাকে ঠিক পথ্য দিয়া রোগীকে ভাল করবেন। এই দেবীধামের কর্ত্রী ভগবতী আমাদের কি অনুরোধ আমাদিগকে যে ধন, যশ, স্ত্রী, পুত্র প্রভৃতি প্রদান করে থাকেন, তাঁরও উদ্দেশ্য—এই সমস্ত অনিত্য বস্তুর পথ যে আমাদের উৎকট ভবব্যাধির পক্ষে কুপথ্য স্বরূপ, তা' আমাদিগকে বিশেষরূপে উপলব্ধি করিয়া পরিণামে সংশোধিত করান।

আমরা ভবরোগিগণ মিলে যদি আমাদের রোগ দূর করবার ঔষধ বা পথ্যের ব্যবস্থা করি, তা'হলে আমাদের রোগ কখনও সারতে পারে না অর্থাৎ অনাদিকাল থেকে যে ইন্দ্রিয়তর্পণতা-স্বভাব আমাদের অন্তর্যজ্ঞাগত হ'য়ে রয়েছে, এই বিপ্রলিপ্সা স্বভাবকে কৃষ্ণসেবোন্মুখ স্বভাবে পরিণত করতে হ'লে বিমুখস্বভাববিশিষ্ট জীব আমাদের ব্যবস্থা দ্বারা কখনও সম্ভবপর হ'বে না; বৈকুণ্ঠস্থ সাধুগুরু বৈষ্ণবের ব্যবস্থাবলম্বনকারী ঔষধ পথ্যাদি ব্যবহার করলেই আমাদের আরোগ্য হ'বে—আমরা পরম শ্রেয়োলাভের অধিকারী হ'ব।

এই ভবরোগিগণের মধ্যে কেহ যদি সদ্গুরু বৈষ্ণবের আশ্রয় হ'তে দূরে—একমাত্র আত্মসুখ লাভের জন্য নিজের আকাঙ্ক্ষা ক'রে থাকেন, তা' হ'লে তিনি আত্মসুখ বিষয়ে সম্পূর্ণ অভিজ্ঞ—সর্ব্বজ্ঞ, তাঁর নিকট হ'তে ব্যবস্থা নিয়ে সাধন ভজন করতে হ'বে, অজ্ঞের নিকট হ'তে নয়। এজন্য শ্রীমদ্ভাগবত ৯।৯।১৯ বলছেন,—

ধর্ম্মং ত্বাক্ষাদ্ভগবৎপ্রণীতং
ন বৈ বিদুর্ঋষয়ো নাপি দেবাঃ।
ন সিদ্ধমুখ্যা অসুরা মনুষ্যাঃ
কুতো নু বিদ্যাধরচারণাদয়ঃ।

অর্থাৎ সনাতন আত্মধর্ম্ম বা সত্তা-ধর্ম্মটী সাক্ষাৎ ভগবান্ প্রণীত, ঋষি প্রভৃতি সত্ত্বগুণ প্রধান ব্যক্তিগণও উহা নিজে নিজে জানেন না, দেবতাগণও জানেন না, প্রধান প্রধান সিদ্ধগণ, অসুরগণ ও মনুষ্যগণ তো দূরের কথা; বিদ্যাধর ও চারণপ্রভৃতির কথা আর কি বলিব? কাজেই তাঁরা নিজে নিজে এই ভগবদ্ধর্ম্মের উপদেশ প্রাপ্ত হবার যোগ্য হ'তে পারে?—কাজেই এ বিষয়ে সম্পূর্ণ অভিজ্ঞ—এই ধর্ম্মের বিষয় শ্রোতা ও বক্তা উভয়ের কি লাভ হ'বে, তদ্বিষয়ের—শুধু মীমাংসা জন্য পুরাণ শ্রীমদ্ভাগবতে লিখিত হ'য়েছে,—

স্বয়ম্ভূর্নারদঃ শম্ভুঃ কুমারঃ কপিলো মনুঃ।
প্রহ্লাদো জনকো ভীষ্মো বলির্বৈয়াসকির্বয়ম্ ॥
দ্বাদশৈতে বিজানীমো ধর্ম্মং ভাগবতং ভটাঃ।
গুহ্যং বিশুদ্ধং দুর্ব্বোধং যং জ্ঞাত্বামৃতমশ্নুতে ॥

যমরাজ তাঁর দূতগণকে বল্‌ছেন,—হে দূতগণ স্বয়ম্ভু, নারদ, শম্ভু, কুমার (সনক সনাতন সনৎকুমার), দেবহূতি-নন্দন কপিল, স্বায়ম্ভুব মনু, প্রহ্লাদ, জনক, ভীষ্ম, বলি, শুকদেব এবং আমি (যম),—আমরা এই দ্বাদশজন মাত্র ভাগবতধর্ম্মতত্ত্ব বিদিত আছি। এই ধর্ম্ম অতিশয় নির্ম্মল, গুহ্য ও দুর্ব্বোধ ; ইহা জ্ঞাত হ'লে জীবের ভগবানের পরম-প্রাপ্তিরূপ মুক্তি লাভ হ'য়ে থাকে। এই কয়েকজন ভগবানের চিহ্নিত ; এঁরাই 'মহাজন' নামে পরিচিত ; এঁদের অনুগত যাঁরা, তাঁরাও মহাজন—তাঁরাও ভাগবতধর্ম্মতত্ত্বজ্ঞ। উপরি উক্ত দ্বাদশ জন মহাজন এবং তাঁদের অনুগত জনগণই সনাতনধর্ম্মবক্তা—এঁরাই ভগবানের নিকট হ'তে চাপরাস্ প্রাপ্ত হ'য়েছেন। এই দ্বাদশজন মহাজন এবং তাঁদের অনুগত জনগণ ব্যতীত অপরাপর ভক্তিগণ জগতে 'মহাজন' নামে প্রচারিত থাক্‌লেও প্রকৃতপক্ষে তাঁ'রা মহাজন ন'ন, অচিন্ত্য ভগবদ্ বিগ্রহ ভাগবত তাঁদের সম্বন্ধে কি ব'ল্‌ছেন, শুনুন,—

প্রায়েণ বেদ তদিদং ন মহাজনোঽয়ং
দেবাবিমোহিতমতির্বত মায়য়ালম্।
ত্রয্যাং জড়ীকৃতমতির্মধুপুষ্পিতায়াং
বৈতানিকে মহতি কর্ম্মণি যুজ্যমানঃ ॥

(আত্মধর্ম্ম বা নামসঙ্কীর্ত্তনাদিদ্বারাই যদি মুক্তি সুলভ হয়, তবে বিদ্বদ্‌গণ কর্ম্মযোগাদির উপদেশ করেন কেন? তদুত্তরে বল্‌ছেন,—) ভাগবতধর্ম্মবক্তা পূর্ব্বোক্ত দ্বাদশ মহাজন ব্যতীত বাদরায়ণ, জৈমিনী প্রভৃতি অন্যান্য ধর্ম্মশাস্ত্র-প্রণেতৃগণের মতি প্রায়ই দৈবী-মায়ার অতিশয় বিমোহিত হওয়ায় তাঁরা এই নামসঙ্কীর্ত্তনরূপ পরমভাগবতধর্ম্ম জানতে পারেন নাই। তাঁদের চিত্ত ঋক্, যজুঃ ও সাম—এই ত্রয়ীর বিষয়বিশেষদ্বারা মনোহরবাক্যেই জড়ীভূত ছিল ; তাই তাঁ'রা দ্রব্য, অনুষ্ঠান ও মন্ত্রাদি দ্বারা বিস্তৃত, বহু কষ্টসাধ্য, পৌর্ণমাসী প্রভৃতি তুচ্ছ অনিত্যফলপ্রদ কর্ম্মগুলিই প্রচার করেছেন এবং সুখসাধ্য অথচ চতুর্ব্বর্গবিধায়ী পরমার্থফলপ্রদ হরিকীর্ত্তনাদিতে রত হ'ন নাই।

অনেকে বলেন,—এই ধর্ম্ম ত' সাড়েচারিশত বা পাঁচশত বৎসর যাবৎ প্রচলিত হ'য়েছে, সুতরাং উহাকে আত্মধর্ম্ম বা নিত্যধর্ম্ম বলা যায় কিরূপে? কিন্তু আপনারা নিরপেক্ষভাবে সুস্থচিত্তে বিচার ক'রে দেখুন,—ধর্ম্ম অর্থ কি? যা বস্তুকে ধারণ রাখে, তা'ই ধর্ম্ম ; যেমন জল একটী বস্তু, ইহাকে তরলতা ধর্ম্ম ধরে রেখেছে। এ'স্থলে আপনারা বল্‌তে পারেন, জল ত কঠিন হয়। কিন্তু জলের এই কাঠিন্য কতক্ষণ থাকে, কোন্ যোগ হয় আপনারা লক্ষ্য করেছেন। আমরা দেখ্‌তে পাই, কিছুক্ষণ পরেই শিলা বা বরফ গলে গিয়ে তরল হয়ে যাচ্ছে ; কারণ তরল হ'য়ে থাকা তা'র ধর্ম্ম। জলের কাঠিন্য ধর্ম্মটা অনিত্য নৈমিত্তিক ; অত্যধিক শীত লাগলে জল জমে কঠিন হয়ে পড়ে, সুতরাং জলের কাঠিন্য ধর্ম্মটা জন্মাবার নিমিত্ত, হেতু বা কারণ—অত্যধিক শীত। এই অত্যধিক শীতটা অপসারিত হ'লেই উহা আবার স্বরূপপ্রাপ্ত হয় অর্থাৎ উহার নিত্য স্বভাব তরলতা ধারণ করে। আবার অত্যধিক উত্তাপ পেলে জল বাষ্প হ'য়ে পড়ে, এই বাষ্পাকার হওয়া ধর্ম্মটাও জলের অনিত্য—নৈমিত্তিকধর্ম্ম ; অত্যধিক উত্তাপই বাষ্পের নিমিত্ত বা হেতু। এই বাষ্পে একটুখানি ঠাণ্ডা বাতাস লাগলেই পুনরায় উহা নিত্যধর্ম্ম তারল্য প্রাপ্ত হয়।

এ'রূপ যে ধর্ম্ম আমাদিগকে নিত্যকাল ধরে রাখে, তা'র নাম পরমার্থ—আত্মার নিত্যবৃত্তি। এই ধর্ম্মের কথা বল্‌তে গিয়ে শ্রীমদ্ভাগবত বল্‌ছেন,—

স বৈ পুংসাং পরো ধর্ম্মো যতো ভক্তিরধোক্ষজে।
অহৈতুক্যপ্রতিহতা যয়াত্মা সম্প্রসীদতি ॥

অর্থাৎ তাঁকে বলা যায় পরমধর্ম্ম—যেটী সরল, জীবের স্বাভাবিক ধর্ম্ম, যা' অপ্রতিহতা, অহৈতুকী, তা'তে হেতু কিছু নাই। আমি অমুক, মুক্তি পাবার জন্য ধর্ম্ম কর্‌ছি—এ'টা মুক্তিরূপ হেতুমূলক। আমি পিতৃপুরুষের পূজা কর্‌ছি তাঁদের তৃপ্তির জন্য, এ'টীতে তৃপ্তিরূপ হেতু রয়েছে। পরমাত্মার প্রতি যে আমাদের আকর্ষণ—এ'টা স্বাভাবিক। বড় বস্তুর প্রতি ছোট বস্তুর আকর্ষণ স্বভাবিক। পরম পুরুষ কৃষ্ণে আকৃষ্ট থাকবার নাম—ভক্তি ; কাজেই উহা সার্ব্বকালিক। "চারি হাজার বৎসর পূর্ব্বে ভক্তিপ্রচার হ'য়েছিল—এ'টা কলি-প্রহ্লাদাদির সময়ের ধর্ম্ম হ'তে পারে এখন সে'টা চল্‌বে না, এখন গায়ের জোর চাই।" বর্ত্তমানে আমরা অনেকেই এরূপ ব'লে থাকি, আমরা বিচার ক'রে দেখি না যে, এই গায়ের জোরের আবশ্যকতা সব সময় থাকবে না। কিন্তু ভক্তি চারিহাজার বৎসর পূর্ব্বে কেন, উহা সৃষ্টির সমন হ'তে আরম্ভ ক'রে আজ পর্য্যন্ত আছে এবং অনন্ত ভবিষ্যৎকালেও থাক্‌বে, কারণ উহা যে জীবের নিত্য স্বভাব। এই নিত্যসত্যটীর কথা পূর্ব্বোক্ত দ্বাদশ মহাজন জানেন, আর যাঁরা জগতে ভক্তির কথা প্রচার করেন,তাঁরা এই দ্বাদশ জন মহাজনের অনুগত হ'য়ে তাঁ'দেরই কথা কীর্ত্তন করে থাকেন।

দেহসুখ

(পণ্ডিত শ্রীযুক্ত বঙ্কিমচন্দ্র দাসাধিকারী ভক্তিশাস্ত্রী)

এই সংসারে সকলেই সুখ-প্রাপ্তির চেষ্টা করে, কেহই দুঃখ চাহে না। কিন্তু দুঃখ না চাহিলেও পূর্ব্ব কর্ম্মফলে সুখ বা দুঃখ স্বয়ং আসিয়া উপস্থিত হয়। অভাব মোচনের জন্য বা সুখের উপকরণ সংগ্রহের জন্য যে নানাবিধ চেষ্টা করা হয়, তাহাতেও সকলে দুঃখ ভোগ করিতে হয়। পরে সুখ ভোগ করিব—এই আশায় ধন সংগ্রহের চেষ্টা ; রৌদ্র, বৃষ্টি, হিম হইতে নিরাপদে থাকিবার জন্য গৃহ আবশ্যক, সংসার করিতে বিবাহ করা আবশ্যক। অসহায় অবস্থায় উপার্জ্জন করিয়া পালন করিবে অথবা পরকালে পিণ্ড দিয়া উদ্ধার করিবে, এই জন্য পুত্র আবশ্যক ; পত্র পুষ্প ফল-শস্যাদির জন্য ভূমির আবশ্যক ; ঐশ্বর্য্য সংরক্ষণের নিমিত্ত ধনাগার আবশ্যক, আবার চোর দস্যু হইতে রক্ষা করিবার জন্য উপযুক্ত প্রহরী আবশ্যক ; কিন্তু ঐ সমস্ত বস্তুই ক্ষণভঙ্গুর, সঙ্গে সঙ্গে নষ্ট হইবার সম্ভাবনা। ঐ সকল লইয়া সর্ব্বদা উদ্বেগ পাইতে হয়। আরও অধিক লাভের কামনা উত্তেজিত করে, অপ্রাপ্তিতে ক্রোধ জন্মায়। লব্ধ বস্তু মোহে জড়িত করে। এই প্রকারে সুখলাভের পরিবর্ত্তে উত্তরোত্তর দুঃখই বৃদ্ধি পায়।

"সর্ব্বেঽর্থকামাঃ ক্ষণভঙ্গুরায়ুষঃ
কুর্ব্বন্তি মর্ত্যস্য কিয়ৎ প্রিয়ং চলাঃ।
(ভা ৭।৭।৩৭)

সুতরাং ঐ সকল ক্ষণস্থায়ী বস্তু মানবের আয়ুষ্কাল ভিন্ন কি প্রিয়-কার্য্য করিতে পারে?

লৌকিক ও বৈদিক ধর্ম্মের অনুষ্ঠান করিয়া যে যজ্ঞাদি কার্য্য তাহার ফল স্বরূপ যে স্বর্গাদি লাভ তাহাও অস্থায়ী। দেহের জন্য লোক ভোগকামনা করে সেই বহুবিধ যুক্ত দেহ যখন ক্ষণভঙ্গুর পরনিগ্রহ-যোগ্য জন্য ব্যাধির বসতি কুক্কুর-শৃগালের ভক্ষ্য তখন এই নশ্বর দেহ লইয়া কি সুখ ভোগের আশা করা যাইতে পারে? যে দেহের এই অবস্থা তখন সেই দেহ হইতে ভিন্ন পুত্র, ভার্য্যা, গৃহ, ধন, জন, রাজ্য কোষ, হস্তী, অমাত্য, ভৃত্য ও আর্ত্ত প্রভৃতি মমতাস্পদ যে গুলিও নশ্বর বস্তুতঃ অনর্থ। সুতরাং অনর্থ হইলেও আপাতঃ দৃষ্টিতে বিশেষ প্রয়োজনীয় বলিয়া বোধ হয়। ঐসকল বিষয়ের দ্বারা নিত্যানন্দ রস-সমুদ্র আত্মার কি প্রয়োজন সাধিত হইবে?

ধর্ম্ম অর্থ কাম সকলই সেই ভগবান্ শ্রীহরির পাদপদ্ম অপাশ্রিত। তাঁহার ভক্তগণের পরাভক্তিরূপে কোন প্রকার কামনা না করিয়া সেই নিষ্কলঙ্ক ঈশ্বর শ্রীহরির আরাধনা করিলে কিছুই অপ্রাপ্য থাকে না। যথা—

তস্মাদর্থাশ্চ কামাশ্চ ধর্ম্মাশ্চ যদপাশ্রয়াঃ।
ভজতানীহয়াত্মানমনীহং হরিমীশ্বরম্ ॥ (ভাঃ ৭।৭।৫৩)
অতএব মায়ামোহ ছাড়ি' বুদ্ধিমান্।
নিতান্তর কৃষ্ণভক্তি করুন সন্ধান।
ভক্তি বিনা কোন সাধন দিতে নারে ফল।
সব ফল দেয় ভক্তি স্বতন্ত্র প্রবল ॥
অভাগা যে যায় ছাড়ি' অমৃত সাধন।
অতএব হরি ভজে বুদ্ধিমান্ জন ॥

[গুরু-বন্দনা]

(শ্রীযুক্তা সরোজবাসিনী দেবী)

(৬)

হব ভক্ত যত কে বর্ণিবে কত
ভক্তধারী ভাসী নারী।
সর্ব্ব করি নাশ জিব ও সন্ন্যাস
দিয়াছ গো প্রভো তুমি।
পুনঃ পুনঃ বধি আমি ॥
কত বা গৃহস্থ আর বানপ্রস্থ
সকলের তুমি স্বামী।
মায়া করি ত্যাগ সব মহাভাগ
করিয়াছ প্রভু তুমি ॥
(সেই) ভাগবতগণ করয় কীর্ত্তন
তুমি ভ্রমিয়া ভারত।
জাগ জীবগণ হও সচেতন
ভজহ আপন স্বামী ॥
জয় জয় প্রভু তুমি ॥
জীব দ্বারে দ্বারে সুভক্তি প্রচারে
তোমার আদেশে আমি।
শ্রীনাম কীর্ত্তন সাধন প্রধান
চরমে মিলয় নামী ॥
জয় জয় প্রভু তুমি ॥
শ্রীগৌরমণ্ডল অতি সুমঙ্গল
হয় চিন্তামণি ভূমি।
সেই ব্রজ ভূমি ভক্ত সঙ্গ ভূমি
পরিক্রমা কৈলে তুমি।
নবদ্বিপে নবি নবি ॥

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীবেদব্যাস-প্রণীত মূল, শ্রীমদ্ আচার্য্য-কৃতা তাৎপর্য্য-নির্ণয়টীকা; শ্রীমদ্ বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-কৃত সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, সংস্কৃত অন্বয় ও টিপ্পনী, তথ্য ও বিবৃত্যাদিযুক্ত। প্রতি স্কন্ধের আদিতে সেই স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ অধ্যায়ের সারসহ সুবিস্তৃত তাৎপর্য্যাদি বিবৃত। শ্লোকসূচী অধ্যায়বিবরণ, পাত্র ও স্থানসূচীসহ উত্তম কাগজে উত্তম অক্ষরে মুদ্রিত। প্রথম হইতে ১০ম স্কন্ধ ছাপা সম্পূর্ণরূপে শেষ হইয়াছে। ভিক্ষা প্রথম হইতে ৯ম স্কন্ধ পর্য্যন্ত ২১।৵০; দশম স্কন্ধ ১২৲; একত্র ৪০৲।

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদঠাকুর রচিত 'অমৃতপ্রবাহভাষ্য' শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লিখিত অনুভাষ্য শ্রুতি-স্মৃত্যাদি বহু শাস্ত্রপ্রমাণ-সম্বলিত হইয়া প্রকাশিত হইয়াছেন। শ্লোকের সান্বয়ব্যাখ্যা, বঙ্গানুবাদও প্রত্যেক পয়ারের পূর্ব্বে সংক্ষিপ্ত অভিধেয় সংযোজিত। প্রত্যেক অধ্যায়-প্রারম্ভে কথাসার দেওয়া আছে। শ্লোক, পয়ার, শব্দ, স্থান, পাত্র প্রভৃতির সুবৃহৎ সূচী ও গ্রন্থকারের সংক্ষিপ্ত জীবনী সম্বলিত এইরূপ অনুপমপূর্ণ সংস্করণ ইতঃপূর্ব্বে আর প্রকাশিত হয় নাই। উত্তম কাগজে পারিপাট্যের সহিত স্থূল অক্ষরে মুদ্রিত হইয়াছে। গ্রন্থ প্রায় ৭০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা বর্ত্তমানে ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত গৌড়ীয় ভাষ্য, শব্দসূচী, পয়ারসূচী, বিষয়-স্থান-পাত্রাদি-সূচী, প্রভৃতি বিবিধ বিষয় সম্বলিত বিরাট দ্বিতীয় সংস্করণ রয়েল ক্রাউন ৮ পেজী আকার। আদিলীলা ও মধ্য লীলার কিয়দংশ প্রকাশিত হইয়াছেন। ক্রমে ক্রমে প্রকাশিত হইতেছেন। অগ্রিম ভিক্ষা ৫৲ টাকা, আদি লীলার ভিক্ষা ৩৲।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের এরূপ অভিনব সুন্দর সংস্করণ আর কুত্রাপি প্রকাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকাংশের অন্বয়, বঙ্গানুবাদ, ব্যাখ্যা, কথাসার, তথ্য প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইয়াছেন। মূল মোটা অক্ষরে ডবল ক্রাউন আটপেজী আকারে ছাপা হইয়াছে। মূল্য ২৷০ টাকা। নদীয়া প্রকাশ ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১৷০ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

—শ্রীগৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তীঠাকুর গোস্বামিকৃতা সারার্থবর্ষিণী টীকাসম্বেতা ও শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'রসিক-রঞ্জন' নামক ভাষ্যানুযায়িনী। অধ্যায়সূচী, মাতৃকাক্রমে শ্লোক-সূচী, বিষয়-সূচী, গ্রন্থকারের জীবনী ও অবতরণিকাদি-জ্ঞাতব্যবিষয়-সহ উৎকৃষ্ট বাঁধাই তৃতীয় সংস্করণ—এই রাজ সংস্করণের ভিক্ষা ২৲ টাকা মাত্র, সাধারণ সংস্করণ—১৷০ টাকা মাত্র।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের সেই অবিদ্যা-বিধ্বংসিনী ভীবান্ধকারপোষোধিনী কৃষ্ণ-কার্ত্তনিনন্দকারিনী জীবন্ত-বাণীর মূর্ত্ত-বিগ্রহ—বৈষ্ণবসিদ্ধান্ত-রত্নমালার কৌস্তুভমণি—সম্প্রদায় বৈভববিজ্ঞানাগারের মৌলিক তথ্য—পঞ্চরাত্র ও ভাগবতের সময়য়গুরু—মহামেন-জীবনচরিত-শিক্ষক—চিদ্বিলাসচিন্তাঅচিন্ত্যাণ্ড-বিচারক—ঐশ্বর্য্য ও মাধুর্য্যরসের মৌলিক গবেষণার —সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন-তত্ত্বের সিদ্ধান্ত সমুদ্র।

১। **প্রথম খণ্ড**—বৈষ্ণবদর্শন, শ্রীগুরুতত্ত্ব, কাল-ধর্ম্ম, শ্রীমন্মহাবির্ভাব, শ্রীবার্ষভানবী, পাঞ্চরাত্রিকী দীক্ষা ও বর্ণ-বিচার, আত্মধর্ম্ম ও মনোধর্ম্ম, শ্রীচৈতন্যদেব ও তাঁহার শিক্ষা, অপ্রাকৃত সহজধর্ম্ম ও প্রাকৃত সহজধর্ম্ম, প্রভৃতি বিংশতি সংখ্যক রত্নে সুশোভিত। ভিক্ষা মাত্র ৸০ বার আনা।

২। **দ্বিতীয় খণ্ড**—শ্রদ্ধা ও বিদ্বা ভক্তি, মনুষ্যের শ্রেষ্ঠতা কোথায়, আত্মার নিত্যবৃত্তি, শ্রীগুরু স্বামিপাদ ও মায়াবাদ, শ্রীগৌর-নিত্যানন্দপ্রসঙ্গ, ত্রিপুরের ধর্ম্ম ও কৃষ্ণ-কীর্ত্তন, শ্রীব্যাসপূজায় শ্রীমহাপ্রভুর কীর্ত্তন, শ্রীগৌর-ধামের মহিমা, মহাপ্রসাদ, শ্রীগোবিন্দ, শ্রীরূপানুগভজন-পথ, শ্রীমতী বৃষভানুনন্দিনী, শ্রীচৈতন্যের দয়া, গৌরকরুণা ও রূপসঙ্কীর্ত্তন—চতুর্দ্দশ অপূর্ব্ব মধুরিমাপূর্ণ-বক্তৃতা-বিভূষিত। ভিক্ষা ১৲ এক টাকা মাত্র।

প্রথম ও দ্বিতীয়—দুই খণ্ড একত্রে লইলে ভিক্ষা ১৷০ দেড় টাকা, ডাক খরচ স্বতন্ত্র।

শ্রীমদ্ভগবদ্গীতা

গৌড়ীয়-বৈষ্ণবসার্ব্বভৌম-শেখর শ্রীশ্রীমদ্বলদেব বিদ্যাভূষণকৃত ভাষ্য ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের প্রাঞ্জল বঙ্গভাষায় বিবৃত 'বিদ্বদ্রঞ্জন' নামক ভাষ্যানুগ। অধ্যায়-সূচী, বিষয়সূচী, ও প্রতি শ্লোকের প্রথম ও তৃতীয় পাদ সূচী, ভাষ্যকারের জীবনী প্রভৃতি সম্বলিত উৎকৃষ্ট বাঁধাই, রাজসংস্করণ (তৃতীয় সংস্করণ) গ্রন্থের

প্রমেয়রত্নাবলী

শ্রীবলদেব বিদ্যাভূষণ-প্রণীত বৈষ্ণবদর্শন, সজ্জন ও গোবিন্দ-ভাষ্যাদি পড়িবার প্রথম গ্রন্থ। উৎকৃষ্ট কালিতে ছাপা। সুবিস্তৃত টীকা ও প্রাঞ্জলবঙ্গানুবাদ-সাহায্যে অতি সহজে বালকেরও বোধগম্য হইয়া থাকে। ভিক্ষা ।৵০ আনা মাত্র।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

(প্রমাণখণ্ড) সানুবাদ। শ্রুতি-স্মৃত্যাদি গ্রন্থে শ্রীনবদ্বীপের যে মহিমা কীর্ত্তিত আছে, তাহার মূল সংস্কৃত ও অনুবাদ। ভিক্ষা ৶০ আনা।

শ্রীশ্রীনবদ্বীপ

শ্রীঠাকুর ভক্তিবিনোদ লিখিত। সুললিত গীতাকারে পরিক্রমার দ্রষ্টব্যাদি-বিষয়ক। ভিক্ষা ।০ আনা।

ভক্তিরত্নাকর ও নবদ্বীপ পরিক্রমা

শ্রীল নরহরি চক্রবর্ত্তি-ঠাকুর রচিত। ভক্তিরত্নাকর হইতে পরিক্রমাংশ মাত্র গৃহীত; শ্রীজীব গোস্বামী কি প্রকারে শ্রীনবদ্বীপধামের পরিক্রমা করিয়াছিলেন, তাহাই পদ্যে বিবৃত। ভিক্ষা ।৵০ আনা

শ্রীচৈতন্যবাণী অমৃত

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রণীত। ইহাতে শ্রীচৈতন্যদেবের শিক্ষাপ্রণালী—কৃষ্ণ, কৃষ্ণশক্তি ও রস—বদ্ধ ও মুক্ত জীব—অচিন্ত্য-ভেদাভেদ তত্ত্ব—সাধন-নির্ণয়—প্রয়োজন-তত্ত্ব, বর্ণাশ্রম-ধর্ম্ম, আশ্রমাদির বিচার—বৈধী ভক্তি, ভাবভক্তি ও প্রেমভক্তিসহ নামভজন-প্রণালী ও অকালীয় শ্রীবিগ্রহাদি পরিচর্য্যাদি প্রথম শিক্ষার্থীর উপযোগী করিয়া সরল ভাষায় সমুদয় যুক্তিপ্রমাণসহ লিখিত আছে। চতুর্থ সংস্করণ মূল্য ২৲ টাকা, আবাধা ১৷০ টাকা। মাত্র।

গৌড়ীয়কণ্ঠহার

শ্রীগৌড়ীয়-বৈষ্ণবগণের অনুক্ষণ কণ্ঠে ধারণযোগ্য শ্রুতি স্মৃতি পুরাণ-পঞ্চরাত্রাদি সাত্বত-শাস্ত্রসমূহের প্রমাণাবলী বিষয়বিভাগক্রমে সান্নিবেশিত হইয়াছে। এইরূপ বৈষ্ণব সিদ্ধান্তের সারসমন্বয় অন্য কুত্রাপি প্রকাশিত হয় নাই। ইহাতে গুরুতত্ত্ব—ভগবত্তত্ত্ব—বৈষ্ণব—গৌর—নিত্যানন্দ—অদ্বৈত—কৃষ্ণ—শক্তি—ভগবত্তত্ত্ব—জীব—অচিন্ত্যভেদাভেদ—অভিধেয়—সাধনভক্তি—বর্ণধর্ম্ম—আশ্রমধর্ম্ম—শুদ্ধভক্তি—শ্রীনাম—প্রয়োজন ও প্রমাণ-তত্ত্বগুলি পৃথক্ অধ্যায়ে সুবৃহৎ শ্লোকাদি সূচীসহ উৎকৃষ্ট এন্টিক কাগজে গোল্ড কালিতে মুদ্রিত, উৎকৃষ্ট বাঁধা সোনার জলে নাম লেখা। গ্রন্থ প্রায় ৪০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা ২৲ টাকা মাত্র।

শ্রীনবদ্বীপধাম-প্রদক্ষিণাবলী

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত 'ধামমাহাত্ম্য—ধাম মাহাত্ম্যের সানুবাদ প্রমাণ খণ্ড—শ্রীল নরহরি চক্রবর্ত্তি-ঠাকুরের ধাম পরিক্রমাংশ—শ্রীধাম নবদ্বীপ পরিক্রমা—ভক্তি-রত্নাকর পদ্ধতি—শ্রীমৎ প্রবোধানন্দকৃত নবদ্বীপশতক—শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ প্রভৃতি গ্রন্থ একত্র ভিক্ষা ১৷০ আনা মাত্র।

শ্রীহরিনামামৃত ব্যাকরণ

শ্রীজীব গোস্বামী প্রভুপাদ-বিরচিত সূত্র ও বৃত্তি তৎসঙ্গে ওঁবিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের বিস্তৃত ভূমিকা ও সূচী প্রভৃতি সহ অপ্রত্যাশিতভাবে সুলভ। ভিক্ষা ২৲ টাকা, ছাত্রগণের পক্ষে ১৷০ টাকা মাত্র।

বেদান্ততত্ত্বসার

শ্রীমদ্রামানুজাচার্য্য-রচিত। বেদান্তের বিশিষ্টাদ্বৈতবাদ প্রচারক শ্রীলাচার্য্য প্রবর বেদান্তদর্শন পাঠের উপযোগী করিয়া এই উত্তম করিয়াছেন। ইহার বঙ্গানুবাদ ও সূচীপত্রাদি সংযোজিত করা হইয়াছে। নাম মাত্র ভিক্ষা ।০ আনা।

শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও নবদ্বীপশতক

গৌরপার্ষদ শ্রীমদ্ প্রবোধানন্দ সরস্বতী-প্রণীত মূল, প্রভুপাদ শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ সম্পাদিত অন্বয়মুখে ব্যাখ্যা ও বঙ্গানুবাদ সম্বলিত। নবদ্বীপশতকের শ্রীভক্তিবিনোদ ঠাকুরের পদ্যানুবাদ ও তৎসহ শ্রীমন্মহাপ্রভুর একটী ত্রিবর্ণরঞ্জিত অলৌকিক চিত্র প্রদত্ত হইয়াছে। মুদ্রণ ও কাগজ উৎকৃষ্ট (২ খানা একত্রে) ভিক্ষা ৸০ আনা, অতি সুরম্য বাঁধাই রাজসংস্করণ ১৲ টাকা মাত্র।

শ্রীবলি

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। এই একমাত্র গ্রন্থের জ্ঞান লাভ করিলে পারমার্থিক রাজ্যে কিছুরই জ্ঞান বা অভাব থাকিবে না। পঞ্চম পুরুষার্থবিষয়ক এইপ্রকার গুরুত্বপূর্ণ গ্রন্থ এপর্য্যন্ত প্রকাশিত হয় নাই। শ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুর মহাশয়ের মতানুসারে এই গ্রন্থটি লিখিত হইয়াছেন। আবশ্যকীয় সূচী, কথাসার প্রভৃতি দ্বারা বিশেষ সুন্দর করা হইয়াছে। বিরাট গ্রন্থ, স্থানাভাবে নাম লেখা হইল। উৎকৃষ্ট বাঁধাই—চতুর্থ সংস্করণ মূল্য ২৲ টাকা মাত্র।

প্রেমবিবর্ত্ত

শ্রীমন্মহাপ্রভুর অন্যতম পার্ষদ শ্রীল জগদানন্দ প্রভু রচিত। এই পুস্তকে অতি সুবোধ্য ভাষায় মহাপ্রভুর ভক্তিপর শিক্ষাদান বৈষ্ণবাচার, একাদশী ও মাধবতোষণী প্রভৃতি অনেক বৈষ্ণবগ্রন্থের সারমর্ম্ম দেখিতে পাইবেন। পাণ্ডিত্যপূর্ণ তর্ক স্থলের বিশদার্থ ও গ্রন্থকর্ত্তার পরিচয়াদি-সম্বলিত চতুর্থ সংস্করণ মূল্য ৷৶০ ছয় আনা মাত্র।

ভজনরহস্য

ভজনকারীর নিত্যসঙ্গী ; ঠাকুর ভক্তিবিনোদের অমূল্য দান ; মিথিলা পাণ্ডের নিখুঁত। গ্রন্থখানি না লেখা পর্য্যন্ত কেহ বুঝিতে পারিবেন না। তৃতীয় সংস্করণ মূল্য ৷৹ ।

হরিনামচিন্তামণি

নামাচার্য্য শ্রীল হরিদাস ঠাকুরের মুখে শ্রীমন্মহাপ্রভু শ্রীনাম-মাহাত্ম্য, নামাভাস, নামাপরাধ প্রভৃতি বিষয়ের যাবতীয় বিচার শ্রবণ করিয়াছিলেন। এই বিষয়গুলি অতি সরল পয়ারে যথাসম্ভব আলঙ্কারিক পরিপাটিসহকারে লিখিত হইয়াছে। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। পঞ্চম সংস্করণ মূল্য ৷৹ ।

কল্যাণকল্পতরু

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত। প্রত্যেক ভগবদ্বিশ্বাসী ও জ্ঞানগণের পথিবের একান্ত প্রয়োজনীয় উপদেশাবলীপূর্ণ গ্রন্থ। সামান্য লেখা-পড়া-জানা লোকেও এই ভজনরাজ্যের ইঙ্গিতসূত্রের দ্বারা অনর্থনিবৃত্তি ও ভগবৎসেবা লাভ করিবার সুবিধা পাইবেন। ষষ্ঠ সংস্করণ, মূল্য ৷৵০ আনা মাত্র।

শরণাগতি

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত। ভগবানে আত্মসমর্পণ, বিজ্ঞপ্তি, ভগবন্নামাভাস, ষড়্‌বিধা শরণাগতি ও সিদ্ধি লালসা-বিষয়ক গ্রন্থিপূর্ণ, মূল্য ৷৹ আনা মাত্র।

গীতাবলী

শ্রীঠাকুর ভক্তিবিনোদ-প্রণীত। নিত্য ভজন, আরাত্রিক ও প্রণাম-দেবনাদি-বিষয়ক মধুর উক্তিসমূহ একত্রে গ্রথিত। মূল্য ৷৹ আনা মাত্র।

শ্রীসঙ্কল্পকল্পদ্রুম

রসিকেন্দ্রমুকুটমৌলি শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-বিরচিত রসগ্রন্থ। শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের অনুবাদ-সহ। মূল্য ।৹ আনা মাত্র।

শ্রীশিক্ষামৃত

শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ও শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর প্রতি শ্রীরূপ গোস্বামীর উপদেশবাণী, ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিষয়ে সুবিচারিত সমাধান ভাষা, বিস্তৃত বিবৃতি, চরিতামৃতের প্রমাণ, সাধন ব্যাখ্যা ও মহাজন-প্রদর্শিত অনুভবযোগ্য শ্লোকসমূহ প্রত্যেক শ্লোকের সহিত সন্নিবেশিত হইয়াছে। ৩য় সংস্করণ মূল্য ৷৶০ আনা।

সাধন-কণ

শ্রীরঘুনাথ দাস গোস্বামীর মনঃশিক্ষা, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-চরিত পদ্যানুবাদসহ। মূল্য ৵০ আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা

শ্রীল ঠাকুর নরোত্তমের সুপ্রসিদ্ধ প্রেমভক্তিবিষয়ক গানের পুস্তক। মূল্য ৵০ আনা মাত্র।

নবদ্বীপশতক

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপাদের সংস্কৃত নবদ্বীপশতকের সুললিত পদ্যানুবাদ। মূল্য ৵০ আনা মাত্র।

অর্থপঞ্চক

শ্রীল গোকুলানন্দ রচিত। বৈষ্ণবতা-জ্ঞানের আকর পুস্তক। মূল্য ৵০ আনা মাত্র।

সদাচারস্মৃতি

শ্রীল মনোহরদাস-প্রণীত। বৈষ্ণবের নিত্যকর্ত্তব্য সদাচার সমূহ, সুন্দররূপে লিখিত। মূল্য ৵০ আনা মাত্র।

মণিমঞ্জরী

কবিকুলকেশরী শ্রীমন্নারায়ণাচার্য্য রচিত। শ্রীমদ্ভাগবতের সংক্ষিপ্ত ও সরলানুবাদ ও মূল বৈষ্ণবসঙ্গীত। সাধু ও মূল্য ।০ আনা মাত্র।

গৌরকৃষ্ণোদয়

প্রাচীন কবি শ্রীগোবিন্দ দেব প্রণীত শ্রীগৌরাবতারের একমাত্র প্রামাণিক কবিতা সংগ্রহ গ্রন্থ। মূল্য ৷৹ আনা।

যুক্তিমল্লিকা (গুণসৌরভ)

শ্রীমদ্ভাগবতাচার্য্যপাদ শ্রীমদ্ভাগবতের স্বাধিকৃত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম এই গ্রন্থের প্রকাশে পারমার্থিক সাহিত্য-জগতে এক নবযুগ। শ্রীমদ্ভাগবতাচার্য্য কর্ত্তৃক গোড়শাবতন দ্বিতীয় ভক্তাচার্য্য নামে খ্যাত শ্রীপাদিরাজস্বামীর এই গ্রন্থে যাবতীয় যুক্তি ও লৌকিক ন্যায়ানুসারে কিরূপ সুন্দরভাবে ভক্তিবিরোধি-মতবাদ সমূহ খণ্ডন করিয়াছে, তাহা পাঠ করিতে করিতে আনন্দাপ্লুত হইতে হয়। ইহাতে যুক্তির দ্বারা চার্ব্বাক, বৈশেষিক, বৌদ্ধ, মীমাংসক ও মায়াবাদিমত-সমূহের সুন্দর খণ্ডন রহিয়াছে। মূল্য ৵০ টাকা মাত্র।

গোস্বামী শ্রীল রঘুনাথ দাস

(ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত ভূমিকা সহ) গৌরপ্রেষ্ঠ স্বরূপ-রূপের একমাত্র প্রিয়তম শ্রীল দাস গোস্বামী প্রভুর অপূর্ব্ব চরিতামৃত ও শিক্ষা অতীব প্রাঞ্জল ও সরল ভাষায় সন্নিবিষ্ট এবং পরিশিষ্টে দাসগোস্বামী প্রভুর বিরচিত কতকটী সংস্কৃত মধুরতম স্তব ও মনঃশিক্ষা-সম্বলিত। মূল্য বাঁধাই ৷৹ আনা, আলাবাই ৷৵০ আনা মাত্র।

চিত্রে নবদ্বীপ

প্রাচীন নবদ্বীপের অবস্থিতি, তথা, ঐতিহ্য, স্রোত ও ঐতিহাসিক প্রমাণসম্বলিত নদীয়া লীলার সচিত্র বিবরণ-গ্রন্থ। রাজর্ষি রাজাসাহেব কুমার শ্রীযুক্ত শরদিন্দু নারায়ণ রায় এম, এ, প্রাচ্য (লাহোর), বেদান্তকুসুম মহোদয় কর্ত্তৃক সঙ্কলিত এবং ৪৭ খানি বিভিন্ন বর্ণের অপূর্ব্ব চিত্র ও মানচিত্র-সমন্বিত ; প্রাচ্যবিদ্যামহার্ণব রায় সাহেব শ্রীযুক্ত নগেন্দ্র নাথ বসু বিশ্বকোষসম্পাদক মহাশয়ের বিস্তৃত ভূমিকা সহ। উৎকৃষ্ট (ইং) মলাটে বাঁধাই মূল্য ১৷৹, ভিঃ পিঃ তে ২৲ টাকা মাত্র।

সাধন-কণ্ঠমালা

গুরুবন্দনা, বৈষ্ণব-বন্দনা, বৈষ্ণবস্মরণ, বাঙ্গালার গীত, শ্রীনামকীর্ত্তন, শ্রীনামসঙ্কীর্ত্তন, প্রেমধ্বনি, বাউলসঙ্গীত, নবদ্বীপ-মহিমা, শ্রীমায়াপুর মহিমা, শ্রীনরোত্তম-প্রভুর অষ্টক অদ্বৈতাচার্য্য-বন্দনা, ষড়্‌গোস্বামীর অষ্টক, প্রেমভক্তিচন্দ্রিকা, উপদেশমালা, নামভজন-প্রণালী, মহাপ্রভু ও রায় রামানন্দ সংবাদ, মনঃশিক্ষা, শ্রীগুরু-প্রণতি, শ্রীগুরু-পরম্পরা, মহাপ্রভুর বন্দনা প্রভৃতি সাধক ও সিদ্ধজীবনের নিত্যপাঠ্য, বৈষ্ণবগণের কণ্ঠাশ্রিত তুলসীমালার ন্যায় অনুক্ষণ কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ। মূল্য ৷৵০, বাঁধাই ৷৹ মাত্র।

গৌড়ীয়-গৌরব

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয় সম্পাদক শ্রীপাদ সুন্দরানন্দ পরিব্রাজকবিনোদ-প্রদত্ত বক্তৃতার বিষয় গ্রন্থকারে প্রকাশিত। ইহাতে গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ের ইতিহাস সুন্দরাকারে গ্রথিত হইয়াছে। মূল্য ৵০ মাত্র।

গৌড়ীয় সাহিত্য

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয়-সম্পাদক শ্রীপাদ সুন্দরানন্দ পরিব্রাজকবিনোদপ্রভু প্রদত্ত বক্তৃতার বিষয় গ্রন্থাকারে প্রকাশিত। ইহাতে সাহিত্য-শব্দের অর্থ এবং গৌড়ীয়-সাহিত্যের বিষয় সুন্দরাকারে বর্ণিত হইয়াছে। মূল্য ৵০ আনা মাত্র।

শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা-দর্পণ

শ্রীগৌড়দেশের যে সকল স্থানে সপরিকর শ্রীমন্মহাপ্রভু এবং তদনুগ পরবর্ত্তী মহাজনগণ লীলা করিয়া গিয়াছেন, সেই সব আধুনিক ভৌগোলিক পরিচয় ও রেলবিভাগাদির পরিচয় ও যাতায়াতের সুবিধা নির্দ্দেশ ইত্যাদি বিষয়গুলি সন্নিবেশিত আছে। মূল্য ৹ আনা।

THE HARMOKIST

OR SHREE SAJJANATOSHANI

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রতিষ্ঠিত একে-শ্রীল ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত পারমার্থিক মাসিক পত্র। একণে ইংরাজী ভাষায় অষ্টাত্রিংশ বর্ষে ডবলক্রাউন ৮ পেজী ৪ ফর্ম্মা আকারে প্রতি মাসে হরি-নামের বিজয়-বৈজয়ন্তী লইয়া উপস্থিত হইতেছেন। কাগজ, মুদ্রণ-পারিপাট্য ও চিত্রাদি অতীব চিত্তাকর্ষক। এই প্রকার উৎকৃষ্ট প্রবন্ধ আর কোন মাসিক পত্রিকায় দেখিতে পাইবেন না। বার্ষিক ভিক্ষা ডাকমাশুলসহ ৩৲ টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর নদীয়া

ভূকম্পগ্রস্তদের সাহায্যদান

প্রকাশ, রাজবন্দী অপরাধে মজুমদারের মৃত শিষ্য শ্রীযুক্ত শ্রীনাথ মজুমদার গত দুইমাসের অধিকাংশ সময়প্রবাস ও প্রতিনিধিত্বে কাটাইতেছেন। তাঁহার পত্নের বিনা বিচারে আবদ্ধ থাকার পর হইতে যুদ্ধের আর্থিক অবস্থা আরও খারাপ হইতেছে বলিয়া প্রকাশ, যুদ্ধ অবশ্য হইলে পড়ায় মুক্তির আরও বাড়িয়া গিয়াছে। মহাত্মা কংগ্রেসের সাথে যুদ্ধ কোন মানিক মুক্তি পাওয়া নাই। মাসিক ভাতার জন্য তিনি পুনরায় চীফ সেক্রেটারীর নিকট দরখাস্ত করিয়াছেন বলিয়া প্রকাশ।

মুক্তির পর পুনরায় অর্ডিন্যান্সের কবলে

মেছুয়াবাজার বোমা মামলার আসামী শ্রীযুক্ত রবি বসু, পূর্ণ দাসগুপ্ত এবং সুধাংশু মজুমদার আলিপুর সেন্ট্রাল জেলে ছিলেন। মামলার অভিযোগ হইতে মুক্তি পাইলেও তাহাদের রক্ষা নাই। তাহাদিগকে বেঙ্গল অর্ডিন্যান্সে গ্রেপ্তার করিয়া বন্দী করা হইয়াছে।

কলিকাতায় জাতীয় পতাকা উৎসব

গত রবিবার কলিকাতা ও হাওড়ার 'জাতীয় পতাকা উৎসব' উৎসব মহা-সমারোহে অনুষ্ঠিত হইয়াছে। প্রায় কলিকাতার অধিকাংশ পার্কে জাতীয় পতাকা উড়িতে দেখা গিয়াছিল। জাতীয় পতাকার মূল্য আজ জাতির কাছে জাগরিত হইয়াছে। তাই জাতীয় পতাকা অভিবাদনের জন্য আবাল-বৃদ্ধ-বনিতা প্রত্যেক পার্কেই সমবেত হইয়া সামরিক কায়দায় অভিবাদন করিয়াছে।

পাঞ্জাবে পরীক্ষার প্রশ্ন প্রকাশ

পাঞ্জাব বিশ্ববিদ্যালয়ের আই-এ পরীক্ষার প্রশ্ন প্রকাশিত হইয়া পড়ার সিনেট পুনরায় পরীক্ষা-কৃত্য স্থির করিয়াছেন। প্রশ্ন কয়েক এখানে ছাত্রদের মধ্যে বৈ বৈ লাগিয়া গিয়াছে এবং বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষগণ এ'ব্যাপারের জোর তদন্ত করিতেছেন। প্রকাশ, এ'ব্যাপারে পূর্ব হইতেই ষড়যন্ত্র চলিয়াছিল; পুলিশ কুরেশী নামক এক ব্যক্তিকে এসম্পর্কে গ্রেপ্তার করিয়াছে। পুলিশ আসামীকে মুক্ত আছেন।

সর্দ্দার প্যাটেলের সফর

বারদৌলী এবং অন্যান্য তালুকের ৪টী গ্রামে শ্রীযুক্ত বল্লভভাই প্যাটেলের বিপক্ষী তদন্তহন। তিনি প্রত্যহই এক এক স্থানে বক্তৃতা করিবেন।

মিঃ পেডী হত্যার চেষ্টা

গত ২৬-এ এপ্রিল মেদিনীপুরের ভায়রা জজের কোর্টে বিবেকানন্দ বসুর নাম হইতে একটী আবেদন দরখাস্তখানি করা হয়। বিবেকানন্দ মিঃ জেম্‌স পেডীর হত্যা সম্পর্কে যুক্ত এবং বাজতে আবদ্ধ রহিয়াছে।

তাহার পক্ষ হইতে বলা হয় যে, সে স্থানীয় একজন উকীলের পুত্র এবং কলেজের ছাত্র। গুলী মারার সময় সে বাটীতে তাহার গৃহ-শিক্ষকের নিকট ছিল। তিনি কলেজের একজন ডিমনষ্ট্রেটর। ঘটনার অল্পক্ষণ পরেই তাহাকে গ্রেপ্তার করা হয়। পুলিশ তাহার জবা-বন্দীর সত্যাসত্য পরীক্ষা করিয়া দেখিয়াছে।

মহকুমা ম্যাজিষ্ট্রেট সকল পক্ষ ব্যক্তির জামীনের মঞ্জুর না-মঞ্জুর করিয়াছেন।

তাহারা জজের নিকট বলা হয় যে, বিবেকানন্দ একজন যুবক। তাহার বিরুদ্ধে কোন প্রমাণ নাই তথাপি তাহাকে ১৫ দিন যা ২ মাসের রাখা হইয়াছে।

নিম্ন কৃষ্ণ অধিকারীর পক্ষ হইতেও অনুরূপ দরখাস্ত করা হইয়াছে। সেও একজন ছাত্র এবং অনৈক স্থানীয় উকীলের পুত্র। তাহার পক্ষে বলা হয় যে, ঘটনার সময় সে মেদিনীপুরে ছিল না।

দুইটী জজ দরখাস্তখানি গ্রহণ করেন। তিনি মামলার তদিরাত্ত ও ম্যাজিষ্ট্রেটের কৈফিয়ৎ চাহিয়া পাঠাইয়াছেন। ইহা ছাড়া পাবলিক প্রসিকিউটরের উপরও এক পেটীশন জারী করিয়াছেন।

প্রকাশ, অনুসন্ধানে জানা গিয়াছে যে, বিমলকুমার বসুগুপ্ত—পুলিশ এই হত্যা-সম্পর্কে যাহার খোঁজ করিতেছিল—কোন সময়েই মেদিনীপুর কলেজিয়েট স্কুলের ছাত্র ছিল না।

মিঃ পেডীর হত্যাকারীকে ধরিয়া দিবার জন্য জেলাম্যাজিষ্ট্রেট ৫০০৲ টাকা পুরস্কার ঘোষণা করিয়াছেন।

এক লক্ষ পাউণ্ড বেআইনী মাদক দ্রব্য

প্রায় এক লক্ষ পাউণ্ড মূল্যের মরফিন নামক মাদকদ্রব্য ধরা পড়িয়াছে। প্রকাশ, ৩৩৩খানি প্যাকেট ঐ মধ্যে এই সমস্ত মাদক দ্রব্য পূর্ণ ছিল ছিল এবং তাহার আবরণের উপর বস্ত্র বালায় মার্কা দেওয়া ছিল। এই অবস্থায় প্যাকেটগুলি একখানি জার্মাণ জাহাজ হইতে আবিষ্কৃত হইয়াছে।

শুদ্ধভক্তি গ্রন্থমালা

স্বকাশকের প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
ঐ (১ম—৯ম স্কন্ধ) ২১।৵০
ঐ (দশম স্কন্ধ) ১৫৲
২। ভাগবত-সং শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (৪র্থ সংস্করণ) ৫৲
৩। শ্রীচৈতন্যভাগবত (বিরাট্ দ্বিতীয় সংস্করণ) ৫৲
৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
৫। গীতা (শ্রীচক্রবর্ত্তী-টীকা-সহ) ২৲
৬। জৈবধর্ম্ম ২৲
৭। মুক্তিমাল্লিকা ওপলৌরস্কঃ সাধুবাদ (মাল্য) ২৲
৮। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
৯। শ্রীচৈতন্য শিক্ষামৃত (বাঁধা) ২৲
১০। চিত্রে নবদ্বীপ ১৷০
১১। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও নবদ্বীপ শতকম্ (বাঁধা) ১৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা ১৲
ঐ (আবাধা)
১৩। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (প্রথম চারিখণ্ড)
১৪। শ্রীহরিনামচিন্তামণি
১৫। নবদ্বীপধাম-প্রদক্ষিণা ৸০
১৬। গৌরকুঙ্কারঃ ৵০
১৭। প্রেমাবতার (তৃতীয় সংস্করণ) ৸
১৮। ভজনরহস্য ১০
১৯। ঈশোপনিষদ্ কেবল মাধ্বভাষ্য ১০
২০। স্বামী রঘুনাথ দাস (বাঁধা) ১০
২১। সাধনকল্পলতা (বাঁধা) ১০
২২। শ্রীচৈতন্যশিক্ষাস্তোত্রমালা সাধুবাদ ১০
২৩। বেদান্তসূত্রাণাং সাধুবাদ (ভাষ্যানুগ) ১০
২৪। প্রেমসংহিতা ১০
২৫। গৌড়ীয়-গৌরব ৸৵০
২৬। গৌড়ীয়-নাটিকা ৸৵০
২৭। সাধনপথ (৩য় সংস্করণ) ৵০
২৮। মাধবস্তবী সাধুবাদ ১০
২৯। ভক্তমুক্তাবলী বা সাধারণসংস্কৃতী ১০
৩০। ঈশোপনিষদ্ (বলদেব ও মাধ্ব ভাষ্য এবং বিবৃতি ও অনুবাদ সহ) ১০
৩১। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ১০
৩২। শ্রীগোড়মণ্ডলপরিক্রমা-দর্পণ ১০
৩৩। শ্রীবৃন্দাবনস্থ ৵০
৩৪। ঐ প্রমাণপত্র ৵০
৩৫। নবদ্বীপধাম-মাহাত্ম্য ৵০
৩৬। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
(ক) প্রথম খণ্ড ৸০
(খ) দ্বিতীয় খণ্ড ১৲
(গ) দুই খণ্ড একত্রে ১৷৵০
৩৭। নবদ্বীপ পরিক্রমা (৪৪৪ গোরাঙ্গ) ৵০
৩৮। সিদ্ধান্তদর্পণ ৵০
৩৯। বীজ-ভাষ্য দর্পণ ৵০
৪০। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৵০
৪১। গীতমালা ৵১০
৪২। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵১০
৪৩। নবদ্বীপশতক ৵০
৪৪। সদাচারস্তোত্রঃ ৵০
৪৫। সাধনকল্প ৵০
৪৬। প্রেমভক্তিচন্দ্রিকা ৵০
৪৭। শরণাগতি ৵০
৪৮। গীতাবলী ৵০
৪৯। গৌড়ীয়মঠ কি করেন? ৵০
৫০। সাধ্যসাধন ৵০
৫১। অবসরক ৵০
৫২। শ্রীভক্তিবিনোদবাণী ৵০
৫৩। অঙ্কনক ৵০

দেবনাগরাক্ষরে প্রকাশিত

৫৪। শিক্ষা-সংস্কৃতী-বিবিধরত্নঃ ৪০
৫৫। সটীক শিক্ষাধ্বনুসম্ ১০
৫৬। ভক্ত-সূত্রম্ ১০
৫৭। সাধ্যসাধনবর্ণনম্ ৵০
৫৮। সাধুবাদ শিক্ষাষ্টকম্ ৵০
৫৯। গৌড়ীয় মঠস্য পরিচয়ঃ ৵০

ইংরেজী ভাষায় প্রকাশিত

৬০। নামতত্ত্বম ১০
৬১। লাইফ্, হ্যাণ্ড প্রিসেপ্টস্ অব্, শ্রীচৈতন্য মহাপ্রভু ১০
৬২। বৈষ্ণবীজম্ ১০
৬৩। দি ভাগবত ১০
৬৪। ইরোটিক্ প্রিন্সিপ্‌ল্‌স্ হ্যাণ্ড আসেলফেস্, ডিভোসন
৬৫। হোয়াট্ গৌড়ীয়মঠ উজ্ জুইং ৵০

উড়িষ্যা অক্ষরে প্রকাশিত

৬৬। শ্রীহরিনাম চিন্তামণি ৪০
৬৭। কল্যাণ কল্পতরু ৪০
৬৮। সাধন পথ ১০
৬৯। গীতাবলী ৵১০
৭০। শরণাগতি ৵০

বিস্তৃত তালিকার জন্য নিম্নলিখিত ঠিকানায় পত্র লিখুন—

ম্যানেজার—গ্রন্থবিভাগ
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও আদর্শচরিত্র শিক্ষকগণ ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

সবিস্তার সংবাদের জন্য নিম্নলিখিত ঠিকানা পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

---

৫০ বৎসরের পরীক্ষিত কয়েকটী মহৌষধ—

ব্যবহারকারীরা গুণে মুগ্ধ হইয়া যে সমস্ত প্রশংসা পত্র দান করিয়াছেন, তাহা পাঠ করিলে বড় বড় পুস্তক হইয়া পড়ে। আপনিও ব্যবহার করিয়া যশ ঘোষণা করুন।

১। **চন্দ্রপ্রভা বটিকা**—ইহার নামটীও যেমন কাজও সেই রকম। ইহা সূতন ও পুরাতন মেহ, মূত্রকৃচ্ছ, অর্শ প্রভৃতি এবং স্ত্রীলোকদিগের সূতিকা ব্যারাম, শ্বেত এবং রক্তপ্রদর প্রভৃতি রোগে আশু ফলপ্রদ।

২। **সুষুপ্তিসহায় বটিকা**—মাদকদ্রব্যসেবিনীন অভ্যাসই নিদ্রাবিধায়ক ঔষধ। যে কোন দৈহিক ও মানসিক পীড়াবশতঃ অনিদ্রারোগে এই ঔষধ ব্যবহারে গাঢ় নিদ্রা হইবে।

৩। **মধুর বটিকা**—ইহা সেবনে প্লীহা ও তদনুসঙ্গিক নেবা ও যকৃৎ পাতুর হইয়া যাওয়া ইত্যাদি বিদূরিত হইয়া রক্ত পরিষ্কার ও বৃদ্ধি প্রাপ্ত হয়।

উক্ত তিন প্রকারের প্রত্যেক ঔষধের মূল্য প্রতি কৌটা ১৲ টাকা।

প্রাপ্তিস্থান :—আতঙ্কনিগ্রহ ঔষধালয়

২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বহ্নিতারা ট্যাবলেট

সর্ব্বপ্রকার স্নায়বিক অব্যর্থ মহৌষধ।

মফঃস্বলের সুবিধার জন্য ৬ আঃ শিশিতে ঘনীভূত অবস্থায় কোটোবোতলের সমপরিমাণ ঔষধ ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ১০ আনা, পাঁচটি ৩৵০ আনা, ডোজন ১৵০ আনা।

অফিস—১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

মদন মঞ্জরী

উপায় যন্ত্র ও বাদুবিকার, ইন্দ্রিয়শক্তির হ্রাস, প্রমেহে শুক্রপাত, স্বপ্নদোষ, ধাতুদৌর্ব্বল্য, মুখ শুষ্কতা, অনিদ্রা প্রভৃতি সকল সময় বিশেষ আরোগ্য হয়। বল, বীর্য্য বৃদ্ধি করিতে অদ্বিতীয় ঔষধ। মূল্য ৩০ বটী ১৲ এক টাকা।

"মহাপুরুষ লক্ষ্মীনারায়ণ ঘৃত"

ঠিকমরাদি রোগে বাতব্যাধির দ্বারা আরোগ্য করিয়া থাকিলেও করে। মূল্য ৫ তোলা ১৲ টাকা।

"মহামরুতবিলাসিনী অষ্টিকা"

বীর্য্যস্তম্ভন করত সন্তোষপত্নি স্থায়ী ও বৃদ্ধি করিতে বলবান্তম। মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

মহাবৈদ্য লক্ষ্মীনারায়ণজী, হেকিমবাজী

৩৬ ১৭৭নং হ্যারিসন রোড, কলিকাতা।

হাইড্রোসিল বা কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস্, এন্, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈদ্যুতিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

৮৮ নং কটন ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

১। **খুলায়ুত**

শিশুদের অব্যর্থ মহৌষধ। ১ মাত্রায় উপশম, সপ্তাহে আরোগ্য। ছোট ৸০ বার আনা, বড় ১।০ আনা। ডাকমাশুল পৃথক্।

২। **শুক্রাচার্য্য সঞ্জীবনী পোষ্টাই**

প্রমেহ ও অকালবৃদ্ধের একমাত্র মহৌষধ। মূল্য ১ ডিবা ১।০ আনা। ডাকমাশুল পৃথক্।

৩। **সন্ন্যাসী-প্রদত্ত অর্শরোগের অব্যর্থ আংটী**

আরোগ্য না হইলে মূল্য ফেরৎ। মূল্য ১।০ আনা। ডাকমাশুল পৃথক্।

৪। **কোষ্ঠ-বান্ধব পীল**

অজীর্ণ, পেটকাঁপা, পেটবেদনার মহৌষধ। ডিবা ৸০ আনা। ডাকমাশুল পৃথক্।

৫। **বাতলীন**

বাতরোগের মহোপকারী ও নিশ্চিত আরোগ্য। প্রতি শিশি ১০ আনা। ডাকমাশুল পৃথক্।

রবার-ষ্ট্যাম্প প্রস্তুতকারক। সত্বর ক্যাটালগের জন্য পত্র লিখুন।

প্রাপ্তিস্থান—মনোমোহন লেবরেটরী

পোঃ উয়ারী, কমলাপুর, ঢাকা,

মনোমোহন প্রেস

পূর্ব্ব-বাঙ্গালায় সর্ব্বপ্রথমে সকলপ্রকার ছাপার জন্য বিদ্যুতীয় বৈদ্যুতিক মেশিনে নিলাভাত্র কাজ চলিতেছে।

বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

৯০নং নলাবপুর, ঢাকা।

মরা মানুষ বাঁচাইবার উপায়



বর্ত্তমান অন্যান্য প্রকার মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাঁহারা মানবীয় অনিয়মিত উপায়ে অপরিমিত শক্তি নষ্ট করিয়া অকালে মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার যেমন, প্রমেহ ধাতুদৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, বহুমূত্র, ধ্বজভঙ্গ, শুক্রতারল্য, সাক্রান্ত পীড়া, অশ্ব এবং স্ত্রীলোকদিগের অন্যান্য রোগ, বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন; তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক সলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত শত প্রমাণ প্রতি বৎসরেই পাওয়া যাইতেছে। যাঁহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ১৲ টাকা মাত্র।

সোল এজেণ্ট—

ডাঃ ডি, ডি, হাজরা।

কলেজপুর, পার্কে-ষ্ট্রিট পোষ্ট, কলিকাতা

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন

Reg No C.1544

দৈনিক নদীয়া-প্রকাশ

[illegible]

[illegible]

[illegible]

শ্রীযুত পূর্ণচন্দ্র দাস অজ্ঞাত স্থানে নীত

...লা ছাত্র সম্মেলনের নির্ব্বাচিত ...পতি শ্রীযুক্ত পূর্ণচন্দ্র দাস নেত্রকোণা ...িবার সময় পথিমধ্যে মাইমী নামক ...স্থলে কয়েকজন যুবক কর্ত্তৃক নীত হইয়াছেন।

...এক সমস্ত যুবক বিপক্ষ দলের ব'লয়া ...ন হয়।

প্রকাশ, ট্রেণখানি মাইমী ষ্টেশনে ...ছিলে কয়েকজন যুবক দণ্ডায়মান হইয়া ...নীয় ধ্বনি করিতে থাকিলে শ্রীযুক্ত ...স কামরার চারিদিকে সমবেত হয়, ...তাহারা তাঁহাকে অভ্যর্থনা করিতে ...ছিলেন। তাহার পর কয়েকজন ...ক থাকায় কামরার দরজাগুলি উহারা ...য় যুবক সমিতির পক্ষ হইতে প্রকৃত ...কজন পত্র প্রদান করিবার জন্য ...াকে ট্রেণ হইতে নামিতে সময় ...।

শ্রীযুক্ত দাস ট্রেণ হইতে নামিবামাত্র ...সংখ্যক যুবক তাঁহাকে ঘিরিয়া ফেলে ...াদের মধ্যে অনেকের নিকট লাঠি এবং ...ছিল। শ্রীযুক্ত দাস ব্যাপার কি ভাল ...বুঝিতে না বুঝিতে তাঁহাকে প্লাট-...ম হইতে বলপূর্ব্বক তুলিয়া লইয়া গিয়া ...ট পাল্কীতে চড়াইয়া এক অজ্ঞাত-...কে চলিয়া যাওয়া হয়।

শ্রীযুক্ত পূর্ণচন্দ্র দাস ছাত্র সম্মেলনে ...পতির আসন গ্রহণ করিবার জন্য ...ডিবিসিয়নের গত ২৭শে এপ্রিল নেত্র ...যাত্রা করিয়াছিলেন।

ময়মনসিংহে শ্রীযুক্ত পূর্ণচন্দ্র দাস

...লা ছাত্র সম্মেলনের নির্ব্বাচিত সভা ...শ্রীযুক্ত পূর্ণচন্দ্র দাস গত ২৮শে এপ্রিল ...তে বৈষ্ণবনিবাসে পৌঁছিয়া নিম্নলিখিত ...ত এক বিবৃতি প্রদান করিয়াছেন,—

"অদ্য নেত্রকোণায় বৈষ্ণবনিবাসে জেলা ...ত্র সম্মেলনে সভাপতিত্ব করিবার জন্য ...য় কলিকাতা হইতে যাত্রা করিয়াছি। বৈষ্ণবনিবাস হইতে ৪০ মাইল ...র মাইমী নামক ষ্টেশনে পৌঁছিলে, ...ত লোক সকলকে "পূর্ণ দাস কি জয়" ...ধ্বনিতে আকাশ পূর্ণ করিতে শুনি। তাহাদের আহ্বানে প্রবেশ করে এবং ...তারা তাহাদের আহ্বানে প্রবেশ ...করিবার জন্য জোরজুলুম আমাকে প্লাট-...মে নামিতে অনুরোধ করে। আমি ...ন বিশ্ব সে ট্রেণ হইতে অবতরণ করিলে ...মাকে প্রায় বিশ জন যুবক ঘিরিয়া ...লে। আমি নামিবামাত্রই ট্রেণ ছাড়িয়া ...য় সেই যুবকদের যাহা প্রধানের ফলে ...মি আর ট্রেণে উঠিতে পারি না। তাহারা আমাকে বলিল যে, যাহাতে আমি নেত্রকোণা সম্মেলনে যোগদান করিতে না পারি, সেই জন্যই তাহারা এইরূপ করিয়াছে।

চট্টগ্রামের বর্ত্তমান অবস্থা

পুলিনের ভয়, প্রমোদ বিশ্বাস, পরিমল সেন, সুরেন্দ্র চৌধুরী, সুধাংশু ঘোষ, সুধীর চ্যাটার্জ্জী, নিখেন্দ্র নন্দী, শম্ভু দত্ত, বনশির ভট্টাচার্য্য, হরিপ চৌধুরী, নিকুঞ্জ বণ, হটকী মহাদয়ার ও অন্যান্য ব্যক্তির সংশোধিত ফৌজদারি আইন অনুসারে গ্রেপ্তার হইয়াছেন। তাহাদিগকে গত ২৬শে এপ্রিল প্রেসিডেন্সী জেলে প্রেরণ করা হইয়াছে।

চট্টগ্রামের অবস্থা অনেকটা সহজ হইয়াছে, কারণ কমিশনারের বারোয়ার অনুষ্ঠিত বৈঠকে যে সকল প্রস্তাব হইয়াছিল তন্মধ্যে তাহা গ্রহণ করিয়াছেন, এবং জনসাধারণকে আলো দেওয়া রাত্রি ১০টার পর বাহির হইতে অনুমতি দেওয়া হইয়াছে ও ষ্ট্রাইকারীদের পুলিশ কর্ম্মচারী-গণ এক্ষণে মিলিটারী সিকেটের সহিত থাকিবেন।

হাস্যকর লোকসকলকে এখনও থানা-তল্লাস করা হইতেছে। রাস্তা এখনও কাঁটার তক্তা দিয়া ঘেরা রহিয়াছে এবং এণ্টোকালী সাহাড়ের উপরস্থিত বিল্ডিং সমূহ ও পটেঙ্গা বৃদ্ধিস্ট ব্রাদারের বিল্ডিংয়ের ছাদের উপর ও অন্যান্য স্থানে এখনও ভীষণদর্শন কলের কামান সমূহ দেখা যাইতেছে। ট্রাইবুন্যালের কমিশনারগণ হাকিমে বিশ্রাম লা পাড়েন, তজ্জন্য তাঁহাদের মোটরের অগ্রভাগে ও পশ্চাতে সাজোয়া গাড়ী যাইতেছে। বিচারকদের পিছনে ছয়জন সশস্ত্র প্রহরী থাকা হইতেছে।

ষ্ট্রাইক রেল রাত্রি সাড়ে ৯টার ছাড়িত এক্ষণে উহার সময় পরিবর্ত্তিত করিয়া সন্ধ্যা ৭টা করিয়াছে। রেলওয়ে লাইনের ধারে সশস্ত্র পুলিশ মোতায়েন রাখা হইয়াছে।

ক্যাটালোনীয়ার স্বাধী

মাদ্রিদের ২৬শে এপ্রিলের সংবাদে প্রকাশ, কর্ণেল মেসিয়া এখন স্পেনের সমৃদ্ধিশালী প্রদেশ ক্যাটালোনিয়ার মুখ্য শাসনকর্ত্তা নিযুক্ত হইয়াছেন। বার্সিলোনায় সম্প্রতি এক বিরাট জনসভা হইয়াছিল। এই সভায় কর্ণেল মেসিয়া সাকি বক্তৃতায় বলিয়াছেন, "স্পেনের যুবকের স্বার্থে বাধিয়ে আমাদের ক্যাটালোনিয়ার পক্ষ হইতে আমরা সম্পূর্ণ আত্ম-কর্ত্তৃত্ব অধিকার কিছিৎ খর্ব করিয়াছি। তথাপি এখন মনে রাখিতে হইবে, সর্ব্বসাধারণের ভোট দ্বারা ক্যাটালোনীয়ার সম্পূর্ণ স্বাধীনতা লাভের অভিপ্রায় প্রকাশিত হইয়াছে। স্পেনীয় গবর্ণমেণ্টের নিকট যথারীতি এই অভিপ্রায় জ্ঞাপন করা হইবে। তখন যদি আমার অনুরোধ প্রত্যাখ্যাত হয় তাহা হইলে আমরা আমাদের আদর্শের সম্মান রক্ষার জন্য জীবনের শেষ দিন পর্য্যন্ত সংগ্রাম করিব।"

ভূতপূর্ব্ব প্রধান মন্ত্রীর আত্মসমর্পণ

স্পেনের ভূতপূর্ব্ব প্রধান মন্ত্রী জেনারেল বেরেঙ্গার নূতন গবর্ণমেণ্টের নিকট আত্ম-সমর্পণ করিয়াছিলেন, এই সংবাদ পূর্ব্বেই প্রকাশিত হইয়াছে। সম্প্রতি তিনি এক প্রতিজ্ঞাপত্র স্বাক্ষর করিয়া জানাইয়াছেন, অতঃপর তিনি সর্ব্বপ্রকারে নূতন গণতন্ত্র গবর্ণমেণ্টের সমর্থন করিবেন।

মিশরে সাধারণ নির্ব্বাচন

মিশরের বর্ত্তমান প্রধান মন্ত্রী মিঃ নাহাস পাশা যেভাবে শাসনতন্ত্র পরিচালনা করিতেছেন, তাহাতে মিশরের অধিবাসীরা সুখী হইতে পারেন নাই। ফলে তাঁহার বিরুদ্ধে প্রবল জনমত পরিষ্ফুট হইতেছে। তিনি সাধারণ নির্ব্বাচনের আয়োজন করিয়াছেন, এই নির্ব্বাচন ফেস্ট করিবার জন্য মিশরের জাতীয় দল এবং উদার-নৈতিক দল এক চুক্তিতে আবদ্ধ হইয়াছেন।

নিম্ন এই চুক্তির প্রধান প্রধান সর্ত্তগুলির কথা উল্লিখিত হইল :—

(১) ইঙ্গ-মিশর সমস্যার একটা সন্তোষজনক সমাধান করা হওয়ার এ সম্বন্ধে উভয় দলই একমত।

(২) ফিরুজী পাশা ব্রেটব্রুটেনের সঙ্গে কোনরূপ সন্ধিসর্ত্তে আবদ্ধ হইলে তাহা উভয় দল কর্ত্তৃক অগ্রাহ্য হইবে।

(৩) ১৯২০ খ্রীঃ যে মিশরে যে শাসন তন্ত্র প্রতিষ্ঠিত হইয়াছিল, তাহার পুনঃ-প্রবর্ত্তনে উভয় দলই সম্পূর্ণরূপে সহায়তা করিবেন।

(৪) ফিরুজী পাশা যে শাসনতন্ত্র মিশরের ঘাড়ে চাপাইতে চাহিতেছেন, উভয় দলই সম্মিলিতভাবে তাহার বিরুদ্ধতা করিবে।

(৫) ফিরুজী পাশার অন্তর্ধানের পার্লামেণ্টের ও প্রাদেশিক ব্যবস্থাপক সভার যে নির্ব্বাচন আসন্ন-প্রায় উভয় দলই তাহা একযোগে বয়কট করিবে, প্রত্যেক মিশরবাসীরই তাহা বর্জ্জন করা উচিত।

(৬) ১৯২০ খৃষ্টাব্দের শাসন-তন্ত্র মিশরে প্রতিষ্ঠিত হওয়ার পর উভয় দলই ১৯২৮ সালের ত্রিটিশ আইন সম্মিলিত ভাবে সংশোধন করিবেন।

(৭) একটী জাতীয় কংগ্রেস আহ্বান করিয়া তাহার দ্বারা এই চুক্তি গ্রহণ করাইয়া লইতে হইবে এবং বিপক্ষের সর্ব্বত্র ইহা প্রচারের জন্য আবশ্যক ব্যবস্থা অবলম্বন করিতে হইবে।

মেডিকেলস্কুলের ছাত্র বেঙ্গল অভিন্যান্স কবলে

গত ২৬শে এপ্রিল সকাল বেলা বেঙ্গল অভিন্যান্স অনুযায়ী মেডিকেল স্কুলের ছাত্র কল্পাকোহন হাজরে গ্রেপ্তার করা হইয়াছে। তিনি নেত্রকোণা ছাত্র সম্মেলনের অভ্যর্থনা সমিতির ভাইস চেয়ারম্যান নির্ব্বাচিত হইয়াছিলেন।

মিঃ ইয়াকুব হোসেনের বিবৃতি

নিখিল ভারত জাতীয়তাবাদী মুসলিম সম্মেলনের কাজ সমাপ্ত করিয়া মৌলবী ইয়াকুব হোসেন এম-এল-সি লক্ষ্ণৌ হইতে যাত্রার প্রত্যাবর্ত্তন করিয়াছেন। সম্মেলনের সাফল্য সম্বন্ধে তিনি এক বিবৃতিতে এইরূপ প্রকাশ করিয়াছেন :—

"এই সম্মেলনে আমার চক্ষু খুলিয়াছে। যদিও আমি বরাবর বিশ্বাস করিয়া আসিয়াছি যে, সমস্ত প্রদেশেই পূর্ণ বয়স্ক কয়েকজন জাতীয়তাবাদী মুসলমান আছেন; কিন্তু তাঁহাদের সংখ্যা এত বেশী তাহা আমি কখনই আশা করি নাই। জাতীয়তাবাদী মুসলমানদের মস্তিষ্ক যে কিরূপ পরিষ্কার তাহার প্রচুর প্রমাণ সম্মিলনীতে পাওয়া গিয়াছে। তাপরন্তু ও অন্যান্য স্থানের প্রতিনিধিগণ, কাজেও তাঁহাদের মত বিশ্বাস একটুকুও বিচলিত হয় নাই। জাতীয়তাবাদী মুসলমানদের বুদ্ধিতে পারিয়াছেন যে, এই সমস্ত ষোড়-শীয় ঘটনা বন্ধ করিবার একমাত্র পন্থা হইল হিন্দু ও মুসলমান জনসাধারণের মধ্যে জাতীয়তার ভাব বৃদ্ধি করা এবং যে সমস্ত কারণে এই দুই সম্প্রদায় রাজনীতি-ক্ষেত্রে পৃথক্ হইয়া থাকে সেই সব কারণ দূর করা।

"আমি নিশ্চিত বিশ্বাস করি যে, লক্ষ্ণৌ সম্মিলনীতে যে সমস্ত প্রস্তাব গৃহীত হইয়াছে তাহাতে লোকটবিল বৈঠকের বিভিন্ন প্রতিনিধিমণ্ডলী বিশেষতঃ হিন্দু প্রতিনিধিগণ প্রত্যাবর্ত্তিত হইবেন না এবং বিগত গোলটেবিল বৈঠকের মুসলমান প্রতিনিধিদের প্রস্তাব করিয়া যাইবে। ভারতীয় কংগ্রেস গোলটেবিল বৈঠকে যোগ না দেওয়ায় জাতীয়তাবাদী মুসলমানগণ পাশা হইয়া এক দল নীরব ছিলেন। তাই পূর্ব্বোক্ত মুসলমানগণ সুবিধা [illegible]

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীনদীয়া-প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠবার্ত্তাবহ

-মায়াপুর, ২৮শে মধুসূদন ৪৪৫

সাময়িক সন্দেশ

আসক্তি মানবকে নিরয়ে নিক্ষেপ করিতে পারে, আবার আসক্তিই তাহাকে নিত্যা পার করাইয়া গোলোকবৈকুণ্ঠ ব্রহ্মচরণকল্পবৃক্ষের সুশীতল ছায়ার সন্ধান দিতে পারে; জড়বিষয়ে আসক্তি দুঃখবাহিনী, পরবিষয়ে আসক্তি পরশান্তি-প্রদা। একটী মহামায়া অপরটী যোগমায়া।

ইংরেজের বিগত ১৭৮০ খৃষ্টাব্দের একটী আইন আছে যে, রবিবার কেহ কোনও প্রকার বিষয়কর্ম আদৌ আমোদ প্রমোদ করিতে পারিবে না, ঐ দিবস 'সাবাথ' অর্থাৎ ঈশ্বরের দিন নামে অভিহিত হইবে এবং ঐ দিবস সকলকেই গির্জ্জায় গমন করিতে হইবে। কিন্তু ইংলণ্ডের প্রায় অধিবাসীই এখন জড়বিষয়ক ও আমোদ প্রমোদে প্রমাসক্ত যে, সপ্তাহে একদিন ঈশ্বরকে ডাকিয়া তাহাদের উপাসনা করিবেন—এরূপ ধৈর্য্য তাঁহারা হারাইয়া ফেলিয়াছেন। তাই তাঁহারা পার্লামেণ্টে একদ একটী আইনের পাণ্ডুলিপি পেশ করিয়াছেন যে, রবিবারও নিছক প্রকৃতি খোলা রাখিতে হইবে। পার্লামেণ্টে ঐ পাণ্ডুলিপির দ্বিতীয় বক্তা পর্য্যন্ত সমর্থিত হইয়াছে, তৃতীয় অধিবেশনে সমর্থিত হইলেই উহা আইনে পরিণত হইবে। এই ভাবাপন্নী

"অ আত্ম কামঃ কামায়মূদরোপোন শাম্যতি।
হনিষা কৃষ্ণবর্ত্মেব ভূয় এবাভিবর্দ্ধতে।"

শ্লোকের একেবারে উল্টাকথা বটে। যাঁহারা প্রেমেতে ঐ পাণ্ডুলিপির দ্বিতীয় বক্তা পর্য্যন্ত সমর্থিত হইয়াছে, তৃতীয় অধিবেশনে সমর্থিত হইলেই উহা আইনে পরিণত হইবে। এই ভাবাপন্নী

"অ আত্ম কামঃ কামায়মূদরোপোন শাম্যতি।
হনিষা কৃষ্ণবর্ত্মেব ভূয় এবাভিবর্দ্ধতে।"

শ্লোকের একেবারে উল্টাকথা বটে। যাঁহারা প্রেমেতে দেশ স্বাধীন করিয়া পশ্চাৎ জগদ্গুরুসেবা করিবার কল্পনা করিয়া থাকেন তাঁহাদের পূর্ব্বোক্ত বিষয়টী একটু চিন্তা করিবার বিষয় নহে কি?

যাহারা সর্ব্বদা বাহ্যজগতের অনুসন্ধানে ব্যস্ত থাকেন তাঁহাদের মন চঞ্চল; এই চঞ্চল মন বহির্বিষয় ভোগে ব্যস্ত। কিন্তু জগৎকথায় নিযুক্ত থেকেন্দ্রিয়, মন প্রকৃতি পরায় থাকে। শ্রৌতপথ ও গুরুবাক্য প্রায় থাকা কালে কখনও ভবিষ্যতে চিন্তাকুলতা ও ইন্দ্রিয়বিকার ঘটে না।

হরিজন বেশ ফাস-পাংস উপর নির্ভর করে না। তিনি জগদ্বন্ধনে দৃঢ়চিত্ত হইয়া শ্রীহরির অভয় পাদপদ্মে শরণ গ্রহণ করেন শ্রীহরি তাঁহার ভজনের যাবতীয় অন্তরায় দূর করিয়া থাকেন সুতরাং সাধক হৃদয়ে এমন বল পান যে, জগতের যাবতীয় কঠোরতা, নিষ্ঠুরতা অনায়াসে পদদলিত করিয়া তিনি প্রেমানন্দে শ্রীঃ আরাধ্যদেবতার উপাসনায় নিমগ্ন থাকেন। অন্ধ্র (ব্রহ্ম) হরিদাস মুসলমান রাজার রাজত্বকালে মুসলমান রূপে আবির্ভূত হইয়া এবং 'হরিনাম' করার নিমিত্ত কাজির দ্বারা নানা প্রকারে নিগৃহীত হইয়া ও

"খণ্ড খণ্ড হ'য়ে যদি যায় দেহ প্রাণ।
তথাপি বদনে না ছাড়িব হরিনাম।"

—এই দৃঢ়োক্তি কার্য্যে পরিণত করিয়া আমাদিগকে তাহা মুষ্ঠুরূপে শিক্ষা প্রদান করিয়াছেন।

দার্জ্জিলিং হইতে প্রেরিত নিজস্ব সংবাদদাতার ২৭শে তারিখের তারের সংবাদে প্রকাশ,দার্জ্জিলিংয়ের নৃপেন্দ্রনারায়ণ হিন্দু পাব্লিক হলের মন্ত্রী লেফ্‌টেনাণ্ট বিজয়প্রসাদ সিংহ রায় মহোদয়ের সভাপতিত্বে গত ২৬শে এপ্রিল একটী মহতী সভার অধিবেশন হইয়াছিল। সভাপতি মহা মহোদয় সভায় বক্তা ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবিবেক ভারতী মহারাজের পরিচয় প্রদান করিলে পর স্বামীজী সনাতন ধর্ম্ম সম্বন্ধে একটী গভীর পাণ্ডিত্যপূর্ণ বক্তৃতা প্রদান করেন। স্বামীজীর সুমধুর কলেবর, সুগভীর শাস্ত্রজ্ঞান এবং ভক্তিসাগরে চেতনময়ী বাণী সমুদ্গীরণ মুগ্ধ হইয়া শ্রোতৃমণ্ডলী পারমার্থিক আলোচনার প্রয়োজনীয়তা বিশেষরূপে উপলব্ধি করিয়াছেন। মহা মহোদয়ের হরিভক্তিপ্রচারে আগ্রহ বাস্তবিকই প্রশংসার বিষয়।

ইণ্ডিয়ান মাগনেটিক ইন্‌ষ্টিটিউসনের অন্যতম শাখা মাদ্রাজ সেণ্টার কেন্দ্রের প্রবর্ত্তক হিজিজ্ঞাধীশ শ্রীমদ্ভক্তিরঞ্জন ভক্তিসাগর মহারাজের ১৮৭৫ খৃষ্টাব্দ হইতে ১৯৩৫ খৃষ্টাব্দের গবেষণাপূর্ণ একটী সন্দর্ভ প্রকাশ, মাদ্রাজ প্রেসিডেন্সি কলেজে অধ্যাপক শ্রীযুক্ত নারায়ণ রাওকে বিশ্বকোষের সম্পাদকের নিকট প্রেরণ করার জন্য শ্রীযুক্ত সত্যেন্দ্র নাথ বসু মহাশয়ের নিকট পত্র লিখিয়াছেন। ঐ পত্রে তিনি লিখিয়াছেন যে, তিনি ভারতের বিভিন্নপ্রান্তে ইন্দ্রিয়াতীত বহু মহাপুরুষের সহিত সাক্ষাৎ করিয়াছেন। তাঁহাদের মধ্যে কেহ কেহ ভক্তিসাগর মহারাজের সহিত সাক্ষাৎ করিয়া তাঁহার অলৌকিক ক্ষমতার পরিচয় পাইয়াছেন। তিনি ভক্তির অবলম্বনে মানুষকে ঈশ্বরের দিকে আকর্ষণ করিতে পারেন। তিনি ভক্তির আলোকে বিশ্বরহস্যের সমাধান

উহা জল, রস, গন্ধাদির জ্ঞান বা আত্মজ্ঞান জন্মায়, ইহা হইতেই সচ্চিদেরও স্বয়ং প্রকাশতা সমর্থিত হয়

অতঃপর আমাদের আর ও জিজ্ঞাস্য এই যে, সচ্চিৎ প্রমাণ সাধ্য কি না? যদি প্রমাণ-সাধ্য হয় তা' হইলে উহা নিশ্চিতই ধর্মবিশিষ্ট। আর যদি প্রমাণ সাধ্য না হয়, তাহা হইলে উহাকে খ-পুষ্পাদিবৎ তুচ্ছ বলিতে হয়। আর যদি বলা হয়, সচ্চিৎ নিজেই প্রমাণ (স্বতঃসিদ্ধ), তাহাতে আমাদের বক্তব্য এই যে, উহা (ঐ প্রমাণ) কাহার এবং কোন্ বিষয় সম্বন্ধীয়, যদি উহা কাহারো প্রমাণ না হয়, এবং কোন বিষয় সম্বন্ধীয় না হয় তাহা হইলে উহাকে প্রমাণই বলা যাইবে না, কারণ সিদ্ধি বা প্রমাণ বলাটাই পিতা পুত্র-সম্বন্ধ ন্যায় অর্থাৎ পুত্র বলিলেই যেমন কাহারো পুত্র এবং কাহারও সম্বন্ধে পুত্র অবশ্যই স্বীকার করিয়া লইতে হয়, সিদ্ধি বা প্রমাণ সম্বন্ধেও তদ্রূপ সাপেক্ষত্বের প্রয়োজন।

যদি সচ্চিৎকে আত্মার প্রমাণ বলা হয়, তাহাতেও আমাদের জিজ্ঞাস্য এই যে, এই আত্মা কে? যদি বল, সচ্চিৎ অর্থাৎ জ্ঞানই আত্মা, সুতরাং তাহার সচ্চিৎ ও সিদ্ধি (প্রমাণ), এই উক্তিতে তের নিরূপক সচ্চিৎ আত্মার শক্তি রূপেই লক্ষিত হয়, উহাকে আত্মার স্বরূপ বলা যায় না। তাহা হইলেই জ্ঞানমাত্র স্বরূপেও স্বতঃসিদ্ধ আত্মাই—নিত্যত্বাদি ধর্মবত্ত্ব আসিয়া পড়ে। বেদান্তদর্শনের "পরাভিধ্যানাৎ" [৩।২।৫] সূত্রের শঙ্কর ভাষ্যেরও জ্ঞান মাত্র স্বরূপ জীবেরও শক্তিমত্তা অর্থাৎ হইতেছে। জ্ঞানের স্বয়ং প্রকাশতা যখন সপ্রমাণ হইল, তখন তৎস্বরূপ জীবাত্মা কেবল জ্ঞান মাত্র নহেন, পরন্তু জ্ঞাতৃত্বাদি গুণ ও ধর্ম বিশিষ্ট। সুতরাং সচ্চিৎ কখনই আত্মার স্বরূপ নহে, পরন্তু আত্মার গুণ। অচেতন জড়বস্তুর জড়ত্ব ও নিত্যত্বাদি ধর্ম সিদ্ধ হওয়ায় বিশুদ্ধচেতন পরমাত্মারও যে জ্ঞাতৃত্বাদি ধর্মবিশিষ্ট তাহা বলাই বাহুল্য। মায়াবাদি সম্প্রদায় আত্মাকে জ্ঞান মাত্র বলিয়া নির্বিশেষবাদ স্থাপনের যে ভ্রান্তির কৌশল করিয়াছিলেন, আশা করি অতঃপর ভাগবত সম্প্রদায়ের প্রৌঢ়ি-বিচারপূর্ণ চেতনবাদি প্রবরে উহাদের সেই ভ্রান্তিপূর্ণ তন্ত্রা ভঙ্গ হইবে।

বঞ্চিত কেন?

(পণ্ডিত শ্রীপাদ সুদর্শনসনাতনসখে, ভক্তিশাস্ত্রী)

আজ আমি বঞ্চিত। নিজেই নিজেকে বঞ্চিত করিয়াছি। তাই স্বার্থান্ধ-সলিলে ডুবিতে বসিয়াছি। যাহা যখন যখন করিতেছিলাম তখন জানিতে পারি নাই—বুঝিতে পারি নাই—আমার মরণের পথ পরিষ্কার করিতেছি। বুঝিয়াছি অবশেষে সান্ধ্যজীবনে, দুঃখসাগরের কণ্টক-কঠিন-স্পর্শে। স্বয়ম্ভরন্ধিত অশান-চিতা প্রজ্বলিত। অসহ্য জ্বলনে জ্বলিতেছি—পরিত্রাহি ডাক ছাড়িতেছি কিন্তু পরিত্রাণের উপায় ত' দেখি না!

অমৃতের সন্তান আমি! অমৃতময় আমার গতিস্থিতি। সেব্যের প্রতি সেবকের অনুরক্তি—সেবাপ্রীতিই সেই অমৃতের অভিব্যক্তি। আমার দুর্মতি ঘটিল—অমৃতে অরুচি জন্মিল—সেব্যের স্বর্ণ-সিংহাসনে প্রভুত্ব করিলাম। প্রভুত্বের অভিমানে আত্মহারা আমি ভোগের পথে ছুটিলাম। সেবক আজ প্রভু সাজিলাম। তাই আমি সাধ্যাতীত বিপত্তির—অমৃতধাম হইতে প্রত্যাখ্যাত—ভগবানের করুণাপ্রবাহ হইতে বঞ্চিত। স্বকীয় স্বতন্ত্রতার অপব্যবহারের বিষময় ফল, আমার নরক-নিয়তি—এই মায়াবদ্ধ জীবন গতি।

সত্তা আমার চেতনময়—সত্তা। কিন্তু সেই সত্তা আজ প্রাকৃত বিক্রমে বিপর্যস্ত, অচেতনের অন্ধকারসমাবৃত, জীবন আমার ত্রিতাপবিষে জর্জরিত। তাই আকাঙ্ক্ষা হয় অমৃতের আস্বাদনে—মুক্তির সন্ধানে; সাধ হয় সেই সচ্চিদানন্দময় সেবাবন্ধুর আশ্রয় গ্রহণে। কিন্তু বর্তমান বদ্ধজীবনের বিশ্লিষ্ট প্রজ্ঞাণে আমার নিরপেক্ষ স্বতন্ত্রতার অভাব। প্রাকৃত বিদ্যাপ্রাচুর্য ও বুদ্ধি প্রাখর্য প্রকৃতির সীমাতীত অপ্রাকৃত তত্ত্ব সন্ধানে অনিপুণ। তাই নিজশক্তি-বলে সেই মহাকরুণাকল্পতরুর শ্রীপাদপদ্মের সন্ধান লাভে আজ আমি অযোগ্য ও অসমর্থ।

ভগবান্ করুণানিধান—জীবের দুঃখে বিগলিতপ্রাণ তাঁহার কারুণ্য-প্রবাহ প্রবাহিত হয়, বিশ্ব জগৎ প্রেম-স্রোতে প্লাবিত হইয়া উঠে, ভগবান্ স্বীয় সচ্চিদানন্দ-রশ্মির বিকাশ করেন, আত্মস্বরূপে প্রকটিত হ'ন প্রপঞ্চে। শাস্ত্রসমূহ মহর্ষিদের অভিপ্রায়—ভগবানকে স্বীয় সন্ধান প্রদান—অনুশক্তি বরজীবের অন্তরিন্দ্রা সেই একান্তপর পাদের প্রদান। মায়াবদ্ধ জীবগণকে মুক্তির সন্ধান দেওয়া, দুঃখকে দূরে ফেলিয়া দেওয়া। স্বভাবতঃ মানবের স্বরূপে স্বরূপে, স্বরূপে পুনঃস্থাপন—সেবককে সেব্যের সেবাধিকার প্রদান। ইহাই নিত্যসত্যরূপ প্রাপ্তব্যীয়।

দুঃখহরা অবতীর্ণ হইলেন। মরজগতে আজ করুণা অমৃত সঞ্জীবনী প্রবাহ—পরাজ্ঞোপবিবেধায়ে প্রবাহিত সমগ্র বিশ্ব সচ্চিৎ। ভক্তাধর্মস্থিতি-জনন-সমর্থে প্রকটিত হইলেন নিত্য সত্য সনাতনের দ্বারপ্রান্তে—নবদ্বীপধামের অভিনব লীলা মহোৎসব। ভক্ত হৃদয়ে আজ প্রেমানন্দের বিপুল সমারোহ। আবার ভাগবত কৃপাকণসিঞ্চিত নিত্য সুমধুর সমারোহপূর্ণে সংসারদাবানল সন্তপ্ত মহাজনসন্দিগ্ধের প্রাণের আকাঙ্ক্ষা জাগিয়া উঠিল।

হেয় মায়িকোপাধিভক্তের অপারকরুণার পরিচয় পরিস্ফুট হইল অকপট শরণাগতের জন্য কুটীরে। আচার্য গাহিলেন "উত্তিষ্ঠত, জাগ্রত, প্রাপ্য বরান্ নিবোধত। ক্ষুরস্য ধারা নিশিতা দুরত্যয়া। দুর্গ, পথস্তৎ কবয়ো বদন্তি সন্তাপহরসর্বজনের জীবনস্থরী ব্যক্তিরা উঠিল। সংসার আলোকে জন্য উদ্বেলিত হইল। ভক্তির অবনত আজ অহঙ্কারোন্মত্ত, দর্পদম্ভোদ্ধত শির—পরশাগত আত্মনিবেদন করিল শ্রীগুরুদেবের পাদপদ্মে।

আর বঞ্চিত হইলাম আমি ও আমার মত হতভাগ্য যাহারা প্রাকৃত বিদ্যাবুদ্ধিগর্বে—অনিত্য জাতিকুল-গরিমা-গর্বিত ও সর্বচিন্তক। নিরপেক্ষ সত্যানুসন্ধান-প্রচেষ্টা আমার নাই। তাই দেখিলাম আচার্যদেব আমারই মত জড়দেহধারী—জড়বুদ্ধিসম্পন্ন প্রাকৃত পণ্ডিতা ও প্রতিভা-বিশিষ্ট মানববিশেষ মাত্র। জগৎ আমার কপটতাময়—তাই সংসারের অন্ধকারে সমাচ্ছন্ন। রুদ্ধ প্রকোষ্ঠের অভ্যন্তরে আলোক বিস্তার হইল না। ভাগবত করুণা প্রবাহ নিখিল বিশ্ব ভাসাইল—আমিই বঞ্চিত রহিলাম। পুঞ্জীভূত কপটতার আবর্জনা স্তূপের মাঝে পড়িয়া রহিলাম। শ্রীগুরু-তত্ত্বে অবজ্ঞা দর্শন করিয়া, স্বয়ং গুরু সাজিয়া আত্ম-প্রবঞ্চিত হইলাম।

অনন্যভক্তি

ভক্তের অভিলাষ এবং জ্ঞান-কর্ম-চেষ্টা পরিত্যাগপূর্বক যে ভজন-চেষ্টা, তাহাকে 'অনন্যভক্তি' বলে। এখনে অনেকে বিতর্ক করেন যে, বৈষ্ণবদের সবটাই গোঁড়ামি। কর্ম না করিয়া কি মানুষ এক মুহূর্তও থাকিতে পারে? আর জ্ঞান না হইলে কোন্ কার্য সম্পাদিত হইতে পারে?

এই বিতর্কের সদুত্তর শ্রীমদ্ ভাগবত (১১।২০৫-৩৬ শ্লোকদ্বয়ে) প্রদান করিতেছেন,—

যদত্র ক্রিয়তে কর্ম ভগবৎপরিতোষণম্।
জ্ঞানং যত্তদধীনং হি ভক্তিযোগসমন্বিতম্॥
কুর্বাণা যত্র কর্মাণি ভগবচ্ছিক্ষয়াসকৃৎ।
গৃণন্তি গুণনামানি রুদন্ত্যনুস্মরন্তি চ॥

শ্রীভগবানের সন্তোষের নিমিত্ত যে যে কর্ম এই সংসারে অনুষ্ঠিত হয় এবং শ্রবণ কীর্তনাদিরূপ ভক্তিযুক্ত যে ভাগবত জ্ঞান, সেই জ্ঞান নিশ্চয়ই ভগবৎসন্তোষজনক কর্মের অনুষ্ঠিকারী ফল। যে কালে জীবগণ ভগবৎশিক্ষানুসারে কর্মসমূহ করিতে উদ্যত হ'ন, সেই কালে তাঁহারা পুনঃ পুনঃ হরির গুণনামাদি কীর্তন ও চিন্তা করেন।

তাৎপর্য এই যে, কর্ম যে ত্যাগ করিবার কথা হইতেছে, এবং ভগবৎকর্ম এতদুভয়ের পার্থক্য বিশেষভাবে বুঝিয়া লওয়া আবশ্যক। যে কর্ম আত্মেন্দ্রিয়তোষণার্থ কৃত হয় তাহাই ত্যাজ্য; কিন্তু যাহা ভগবৎপরিতোষণার্থ অনুষ্ঠিত হয়, তাহাই বরণীয়। যেমন, গাছাদি বীজ মৃত্তিকাতে বপন করিলে তাহাতে অঙ্কুর জন্মিয়া ক্রমে বৃক্ষে পরিণত হয়, কিন্তু যে বীজ ভর্জিত অথবা সিদ্ধ করিয়া মৃত্তিকায় বপন করা যায়, তাহাতে আর অঙ্কুরোদ্গম-শক্তি থাকে না, কিম্বা—যে যে দ্রব্য ভোজন করিলে প্রাণিগণের রোগ জন্মে, সেই সেই শোথোৎপাদক দ্রব্য সেবন করিলে কখনও রোগের উৎপত্তি হইতে পারে না, কিন্তু যদি সেই সেই দ্রব্যই অন্যদ্রব্য বা বৈদ্যের সহিত রসায়ন যোগে সেবিত হয়, তাহা হইলে তৎসেবনফলেই সেই রোগ নিবৃত্ত হয়, তদ্রূপ যে কর্ম অনুষ্ঠানে জীবের সংসার-জনক হইয়া থাকে তাহা যদি রসায়ন রূপ অর্থাৎ রসবস্তু শ্রীকৃষ্ণকে (অয়ন অর্থাৎ) আশ্রয় করে, অর্থাৎ শ্রীকৃষ্ণার্থে অনুষ্ঠিত হয়, তাহা হইলে তদ্দ্বারাই সংসার বিনাশ ঘটিয়া থাকে। নারদ পঞ্চরাত্রেও দৃষ্ট হয়,—

লৌকিকী বৈদিকী বাপি যা ক্রিয়া ক্রিয়তে নৃভিঃ।
হরিসেবানুকূলৈব সা কার্যা ভক্তিমিচ্ছতা॥

মানবগণ লৌকিক ও বৈদিক যে সকল ক্রিয়ার অনুষ্ঠান করে, ভক্তাভিলাষী ব্যক্তিগণ সেই সমস্ত ক্রিয়া যাহাতে হরিসেবার অনুকূলা হয়, তদ্রূপ করিবেন। তাহা হইলে উহা আর কর্ম বলিয়া আখ্যাত হইবে না, তাহাই তখন ভক্তি।

জ্ঞানদ্বারা অজ্ঞানজন্য কর্ম নাশ হয় এবং সেই জ্ঞান ভক্তিযোগ হইতে উৎপন্ন হয়, তাহা হইলে কর্মদ্বারা কিরূপে কর্মনাশ হয়? তদুত্তরে বক্তব্য এই যে, ভগবৎপরিতোষণ ক্রিয়াদি কর্ম নহে, উহা ভক্তি। (—স্বামিটীকা)

এক্ষণে ভগবৎশিক্ষানুসারে নীতোক্ত "যৎ করোষি যদশ্নাসি" শ্লোকানুযায়ী) ভক্তিমিশ্র কর্মদ্বারা যে জ্ঞানের উদয় করাইবে তাহাই ভাগবতজ্ঞান, শুষ্কজ্ঞান নহে। সেই জ্ঞান ভক্তিরই অনুকূল এবং তাহাও পরিত্যাজ্য নহে।

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীমদ্ঋষি, কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস-প্রণীত মূল, শ্রীমদ্ মধ্বাচার্য্য-কৃত তাৎপর্য্য-নির্ণয়টীকা; শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-কৃত সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, সংস্কৃত অন্বয় ও প্রতিশব্দ, তথ্য ও বিবৃত্যাদিযুক্ত। প্রতি স্কন্ধের আদিতে সেই স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ অধ্যায়ের সারমর্ম্ম সুবিস্তৃত তাৎপর্য্যাদি বিবৃত। শ্লোকসূচী বিষয়সূচী, অধ্যায়বিবরণ, পাত্র ও স্থানসূচীসহ উত্তম কাগজে উত্তম অক্ষরে মুদ্রিত। প্রথম হইতে ১০ম স্কন্ধ পর্য্যন্ত ছাপা সম্পূর্ণরূপে শেষ হইয়াছে। ভিক্ষা প্রথম হইতে ৯ম স্কন্ধ পর্য্যন্ত ২১।৵০; দশম স্কন্ধ ১২৲; মূল্য ৪০৲।

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদঠাকুর রচিত 'অমৃতপ্রবাহভাষ্য' ও শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লিখিত অনুভাষ্য প্রতি-পৃষ্ঠাদি বহু শাস্ত্রপ্রমাণ-সম্বলিত হইয়া প্রকাশিত হইয়াছেন। শ্লোকের সারমর্ম্মব্যাখ্যা, বঙ্গানুবাদও প্রত্যেক পয়ারের পূর্ব্বে সংক্ষিপ্ত অভিধেয় সংযোজিত। প্রত্যেক অধ্যায়-প্রান্তে কথাসার দেওয়া আছে। শ্লোক, রাগ, পদ, স্থান, পাত্র প্রভৃতির তত্ত্বাহ সূচী ও গ্রন্থকারের বিস্তৃত জীবনী সম্বলিত এইরূপ অভূতপূর্ব্ব সংস্করণ ইতঃপূর্ব্বে আদৌ প্রকাশিত হয় নাই। উত্তম কাগজে পাতিপাটোর ত্রিস্তম্ভ মূল অক্ষরে মুদ্রাঙ্কণ মুদ্রিত হইয়াছে। গ্রন্থ প্রায় ৫০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা বর্ত্তমানে ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত গৌড়ীয় ভাষ্য, শব্দসূচী, পয়ারসূচী, বিষয়-স্থান-পাত্রাদি-সূচী, প্রভৃতি বিবিধ বিষয় সম্বলিত বিরাট দ্বিতীয় সংস্করণ রয়েল ক্রাউন ৮ পেজী আকার। আদিলীলা ও মধ্য ১৫শ অধ্যায় প্রকাশিত হইয়াছেন। ক্রমে ক্রমে প্রকাশিত হইতেছেন। অগ্রিম ভিক্ষা ৫৲ টাকা, আদি লীলার ভিক্ষা ৩৲।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের এরূপ অভিনব সুন্দর সংস্করণ আর কখনো প্রকাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকাংশের অন্বয়, বঙ্গানুবাদ, টীকা, কথাসার, তথ্য প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। মূল মোটা অক্ষরে তরল ক্রাউন আটপেজী বহরাকারে ছাপা হইয়াছে। মূল্য ১৪০ টাকা। নদীয়া প্রকাশ ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১২০ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

—শ্রীগৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তীঠাকুর গোস্বামিকৃতা সারার্থবর্ষিণী ভাষ্যেতরা ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'রসিক-রঞ্জন' নামক ভাষ্যভাষ্যসহিতা। অধ্যায়সূচী, যাবতীয় শ্লোক-সূচী, বিষয়-সূচী, গ্রন্থকারের জীবনী ও অবতরণিকাদি (আলোচ্যবিষয়-সহ উৎকৃষ্ট বাঁধাই তৃতীয় সংস্করণ—এই গ্রন্থ সংস্করণের ভিক্ষা ৪৲ টাকা মাত্র, সাধারণ সংস্করণ—১৪০ টাকা মাত্র।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের সেই অমিয়া বিদ্যাবিনী ভীষাস্বরূপোদ্যোদিনী কৃষ্ণ-সাক্ষাৎকারিনন্দবাহিনী ভীমদ্ভ-বাণীর মূর্ত্ত-বিগ্রহ—বৈষ্ণবসিদ্ধান্ত-রত্নমালার কৌস্তুভমণি—সম্প্রদায় বৈভববিমানাগারের মৌলিক স্তম্ভ—পঞ্চরাত্র ও আগমতের সমন্বয়কর্ত্তা—মহাজন জীবনচরিত-লিখক—চিন্তিলাসচিন্তামণি-অচিন্ত্যার-বিচারক—ঐশ্বর্য্য ও মাধুর্য্যরসের মৌলিক গবেষণার—সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন তত্ত্বের নিদ্ধান্ত সমূহ।

১। প্রথম গ্রন্থ—বৈষ্ণবদর্শন, শ্রীগুরুতত্ত্ব, কাল-তত্ত্ব, শ্রীমন্মহাপ্রভুর, শ্রীবার্ষভানবী, পাঞ্চরাত্রিকী দীক্ষা ও বর্ণ-বিচার, আশ্রমধর্ম্ম ও মনোধর্ম্ম, শ্রীচৈতন্যদেব ও তাঁহার শিক্ষা, অপ্রাকৃত সহজধর্ম্ম ও প্রাকৃত সহজধর্ম্ম, প্রভৃতি বিংশতি সংখ্যক তত্ত্বে সুশোভিত। মূল্য মাত্র ৸০ বার আনা।

২। দ্বিতীয় গ্রন্থ—শ্রদ্ধা ও বিশ্বাসভক্তি, মতের শ্রেষ্ঠতা কোথায়, আত্মার নিত্যস্থিতি, ঈশ্বর স্বামিপাল ও মায়াধার, ইন্দ্রিয়ের-নিত্যত্ব-প্রসঙ্গ, বিশেষের দম্ভ ও কৃষ্ণ-কীর্ত্তন, শ্রীবার্ষভানবীদেবীর কীর্ত্তন, ব্রজের-ভাবের মহিমা, মহাপ্রেমে, শ্রীগোবিন্দ, শ্রীকৃষ্ণচৈতন্য-পথ, শ্রীমদ্ভ ভক্তিবিনোদী, শ্রীচৈতন্যের কথা, গৌরকথা ও কৃষ্ণকথা—এতদ্ভিন্ন অপূর্ব্ব মধুবিমাখা-বক্তৃতা-বিবৃতি ভিক্ষা ১৲ এক টাকা মাত্র।

প্রথম ও দ্বিতীয়—দুই খণ্ড একত্রে ২০ ১৫০ পেজী টাকা, ডাক খরচ স্বতন্ত্র।

শ্রীমদ্ভগবদ্গীতা

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি-শেখর শ্রীশ্রীমদ্ভক্তিবেদান্ত ঠাকুরের সংস্কৃত ভাষ্য ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের প্রাকৃত ভাষ্য ও বিস্তৃত 'বিশদরঞ্জন' নামক ভাষ্যানুগ। অন্বয় ও টীকা, বিষয়সূচী, ও প্রতি শ্লোকের প্রথম ও পদে সূচী, ভাগবতের তুলনী প্রভৃতি সম্বলিত। উৎকৃষ্ট বাঁধাই, রাজসংস্করণ (তৃতীয় সংস্করণ) গ্রন্থের ভিক্ষা ২৲ টাকা।

প্রমেয়রত্নাবলী

শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ-প্রণীত বৈষ্ণবদর্শন, সম্বন্ধ ও গোবিন্দ-ভাষ্যাদি পড়িবার প্রথম গ্রন্থ। উৎকৃষ্ট কাগজে ছাপা। সুবিস্তৃত টীকা ও প্রাঞ্জলবঙ্গানুবাদ-সাহায্যে অতি সহজে বালকেরও বোধগম্য হইয়া থাকে। ভিক্ষা ৵০ আনা মাত্র।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

(প্রমাণখণ্ড) সানুবাদ। স্মৃতি-পুরাণাদি গ্রন্থে শ্রীনবদ্বীপের যে মহিমা কীর্ত্তিত আছে, তাহার মূল সংস্কৃত ও অনুবাদ। ভিক্ষা ৵০ আনা।

শ্রীশ্রীনবদ্বীপভাবতরঙ্গ

শ্রীঠাকুর ভক্তিবিনোদ লিখিত। সুললিত গীতাকারে পরিক্রমার দ্রষ্টব্যাদি-বিষয়ক। ভিক্ষা ।০ আনা।

ভক্তিরত্নাকর ও নবদ্বীপ পরিক্রমা

শ্রীল নরহরি চক্রবর্ত্তি-ঠাকুর রচিত। ভক্তিরত্নাকর হইতে পরিক্রমাংশ মাত্র গৃহীত; শ্রীল গোস্বামী কি প্রকারে শ্রীনবদ্বীপধামের পরিক্রমা করিয়াছিলেন, তাহাই পদ্যে বিবৃত। ভিক্ষা ৵০ আনা

শ্রীচৈতন্যশিক্ষামৃত

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রণীত। ইহাতে শ্রীচৈতন্য শিক্ষাপ্রণালী—কৃষ্ণ, কৃষ্ণশক্তি ও রস—বদ্ধ ও মুক্ত জীব অচিন্ত্য ভেদাভেদ তত্ত্ব—সাধন-নির্দ্দেশ—প্রয়োজন-তত্ত্ব, কাম, আত্মাদির বিচার—বৈধী ভক্তি, রাগভক্তি প্রেমভক্তিলক্ষণ নামভজন-প্রণালী ও অষ্টকালীয় লীলা পরিচয়াদি প্রশ্নোত্তরীর উপযোগি করিয়া সরল ভাষায় সরল যুক্তিপ্রমাণ সহ লিখিত আছে। চতুর্থ সংস্করণ মূল্য ২৲ টাকা, আধাধা ১৸০ টাকা মাত্র।

গৌড়ীয়কণ্ঠহার

শ্রীগৌড়ীয়-বৈষ্ণবগণের অনুপম কণ্ঠে ধারণযোগ্য রুচি-সুচিত্রণ-পঞ্চরাত্রাদি শাস্ত্র-শাসনমূলের প্রমাণাদি বিষয়বিন্যাসক্রমে সানুবাদ এইরূপ বৈষ্ণব সিদ্ধান্তের সারসময় গ্রন্থ কুত্রাপি প্রকাশিত হয় নাই। ইহাতে গুরুতত্ত্ব—আগমের—বৈষ্ণব—গৌড়ীয়—নিত্যানন্দ-অদ্বৈত—তত্ত্ব—শক্তি—ভগবত্তত্ত্ব—জীব—অচিন্ত্যভেদাভেদ-তত্ত্ব—অভিধেয়—সাধনভক্তি—বর্ণ ধর্ম্ম—আশ্রম-ধর্ম্ম—ভক্তির—রূপ—প্রয়োজন ও প্রমাণতত্ত্বাদি পৃথক্ পৃথক্ অধ্যায়ে সুচারুরূপে সূচীবদ্ধ উৎকৃষ্ট এন্টিক কাগজে ছাপা, ভাগবতী কাগজে মুদ্রিত, ভাগবতী বাঁধা সোনার কলে নাম লেখা গ্রন্থ প্রায় ৪০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা ২৲ টাকা মাত্র।

শ্রীনবদ্বীপধাম-প্রদক্ষিণী

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত 'নামহট্টাখ্যা—পরমার্থের সারতত্ত্বে প্রমাণ খণ্ড—শ্রীল নরহরিচক্রবর্ত্তি-ঠাকুরের ধাম পরিক্রমণ—শ্রীধাম-নবদ্বীপপরিক্রমা—ইহার পদ্ধতি—শ্রীমদ্ভ ভক্তিবিনোদ-প্রণীত নবদ্বীপশতকম্—শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ প্রভৃতি গ্রন্থ একত্র ভিক্ষা ৸০ আনা মাত্র।

শ্রীকবিরাজামৃত ব্যাকরণ

শ্রীগৌড় গোস্বামী প্রভুপাদ-বিরচিত সূত্র ও বৃত্তি সহযোগে ওঁবিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের বিস্তৃত ভূমিকা ও সূচী প্রভৃতি সহ অপ্রত্যাশিতভাবে মুদ্রিত। ভিক্ষা ২৲ টাকা, ডাকমাশুলে পক্ষে ১৲০ টাকা মাত্র।

বেদান্ততত্ত্বসার

শ্রীমদ্রামানুজাচার্য্য-রচিত। বেদান্তের বিশিষ্টাদ্বৈতবাদ প্রচারক শ্রীমদ্ভ ভাষ্যেতর আচার্য্যপ্রবর বেদান্তদর্শন পাঠে উপযোগি করণার্থ এই উত্তম করিয়াছেন। ইহাতে সরলানুবাদ ও সূচীপত্রাদি সংযোজিত করা হইয়াছে। নাম মাত্র ভিক্ষা ।০ আনা।

শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও নবদ্বীপশতক

গৌরপার্ষদ ত্রিদণ্ডী শ্রীমৎ প্রবোধানন্দ সরস্বতী-প্রণীত মূল, প্রাঞ্জলপাদ শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ-সম্পাদিত অন্বয়মুখে ব্যাখ্যা ও বঙ্গানুবাদ সম্বলিত নবদ্বীপশতকের শ্রীভক্তিবিনোদ ঠাকুরের পদ্যানুবাদ ও তৎসহ শ্রীমন্মহাপ্রভুর একটী ত্রিবর্ণরঞ্জিত অলৌকিক চিত্র প্রদত্ত হইয়াছে। মূল ও কাগজ উৎকৃষ্ট (২ খানি একত্রে) ভিক্ষা ৸০ আনা, অতি সুরম্য বাঁধাই রাজসংস্করণ ১৲ টাকা মাত্র।

[illegible] পুঁথি

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। এই একমাত্র গ্রন্থের স্থান লাভ করিলে পারমার্থিক রাজ্যে কিছুতেই [illegible] বা মতের পার্থক্য হইবে না। পরম গুহ্য বিষয়ক এই-[illegible] ও অন্যান্য গ্রন্থ এ পর্য্যন্ত প্রকাশিত হয় নাই। [illegible] ভক্তি-মহোদয় মহাশয় এই গ্রন্থটি [illegible] করিয়াছেন। আশ্রয় বিচার, কনিষ্ঠ, কনিষ্ঠাদি [illegible] বিশদ ভাবে বুঝাইয়াছেন। বিরাট গ্রন্থ, [illegible] মূল্য ধার্য্য হইয়াছে ৩ টাকা মাত্র।

প্রেমবিবর্ত্ত

শ্রীমন্মহাপ্রভুর অন্যতম পার্ষদ শ্রী [illegible] রচিত। এই [illegible] [illegible] করিয়াছেন। [illegible] [illegible] [illegible]

বিশ্ববৈষ্ণব রাজসভার শুদ্ধভক্তিমঠসমূহ

শ্রীচৈতন্য মঠ

আচার্য্য অষ্টোত্তর

প্রাচীন নবদ্বীপ, ভাঙ্গার শ্রীবাস মায়াপুর, নদীয়া

শ্রীমায়াপুরস্থ ইষ্টেশন হইতে প্রায় ৩০০ গজ উত্তর-পূর্ব্বে শ্রীজগন্নাথের আচার্যবর শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীশ্রীচৈতন্য-মঠ বিরাজমান।

এই স্থান সাংঘত-পীঠ, পরবিদ্যাপীঠ বা সাধক ভজনস্থলী। এই মহাতীর্থে শ্রীকবি-রাজগোস্বামি-বেদান্তসূত্র, পরবিদ্যার অন্তর্গত কাব্য, নাটক, অলঙ্কার, তথা প্রমাণ-উপনিষদ্-গীতা-ভাগবত-প্রমাণ-চতুষ্টয়ের অধ্যয়ন ও অধ্যাপনা এবং তথায় শ্রীগুরু-গৌরাঙ্গগান্ধর্ব্বিকা-সিরিধর ও সাধক সাম্প্রদায়িক-আচার্য্য-চতুষ্টয় তাঁহাদের উপাস্য বিগ্রহের নিত্য সেবা করিতেছেন। এই মঠহইতে পারমার্থিক দৈনিকপত্র সাধুসঙ্গের অপ্রকাশিত ও প্রাচীন গ্রন্থরাজি প্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় প্রতিষ্ঠিত হইয়াছেন। প্রতিবৎসর শ্রীগুরু-পঞ্চরাত্রানুষ্ঠান ও অগণিত ভক্তগোষ্ঠীর কীর্ত্তন প্রচারমুখে মহামহোৎসবাদি ভক্তগণ অনুষ্ঠিত হইয়া থাকে। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপাদ নবদ্বীপী। সরকারী—শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী, পণ্ডিত শ্রীপাদ গৌরদাস ব্রহ্মচারী ভাগবতশৌর্য, শ্রীপাদ গৌরচন্দ্র ব্রহ্মচারী, পণ্ডিত শ্রীরাধারমণ ব্রহ্মচারী, শ্রীযুক্ত অনীশোপাল বন্দ্যোপাধ্যায়, শ্রীহরেকৃষ্ণ দাস ব্রহ্মচারী প্রমুখ সজ্জনগণ।

দ্বিতিথাধী শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ এখানে হরিকথা কীর্ত্তন করিতেছেন।

(২) শ্রীগৌড়ীয় মঠ

১৬ নং আনিলদাস চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

টেলিফোন বি, বি, ৪১১৫

শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত শুদ্ধভক্তি-প্রচারোদ্দেশে গৌড়মণ্ডলের সর্ব্বপ্রধান নগরী কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত আছেন। এই অনুসন্ধানে শ্রীগুরু-গৌরাঙ্গ-শ্রীবিনোদানন্দ ভীষ্ট সম্পাদনে নিত্য সেবিত হন। গৌড়ীয় আচার্য্যবর্য্যের বাণীর প্রচারোদ্দেশে শ্রীমঠে সংঘ একটী সুবৃহৎ মুদ্রণ-যন্ত্রালয় সংস্থাপিত হইয়াছেন। পৃথিবীর সকল শ্রীগৌরনাম-প্রচারার্থ এই যন্ত্রালয় হইতে 'গৌড়ীয়' সাপ্তাহিক পত্র, ত্রি ভক্তিমিশ্রিত মাসিক পত্রিকা ইংরাজী ভাষায় নিয়মিতভাবে প্রকাশিত হইতেছেন। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, সপ্রদান-চতুষ্টয়-বেদান্ত, শ্রীমদ্ভাগবত, শ্রীচৈতন্য-চরিতামৃতাদি-লীলা ও তত্ত্বসূত্রের সম্যক্ আলোচনা হইয়া থাকে। মঠরক্ষক—আচার্য্যাভিমানী শ্রীপাদ কৃষ্ণবিহারী বিদ্যাভূষণ। সরকারী—পণ্ডিত শ্রীপাদ অনন্তগোপালের পরবিদ্যাভূষণ বি-এ, শ্রীপাদ ত্রিগুণাতীত পরবিদ্যাবিনোদ বি-এ, শ্রীপাদ হাসবিহারী ব্রহ্মচারী, শ্রীপাদ জগদ্বন্ধুদাস ভাগবতিকাবী বিদ্ধ, শ্রীপাদ ভক্তগোপাল ভাগবতিকাবী, ব্রহ্মচারী শ্রীকীর্ত্তনানন্দ, ব্রহ্মচারী শ্রীপাদাধীমোহন, ব্রহ্মচারী শ্রীকৃষ্ণানন্দ ভক্তিপাত্রী, ব্রহ্মচারী শ্রীদেবকীনন্দন, পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ পরবিদ্যানিধার ভক্তিশাস্ত্র প্রভৃতি।

(৩) যোগপীঠ শ্রীমন্দির

এই স্থান শ্রীজগন্নাথমিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগ-পীঠ। এখানে শ্রীলক্ষ্মীপ্রিয়া ও শ্রীবিষ্ণুপ্রিয়াদেবী শ্রীগৌরনারায়ণ এবং শ্রীচৈতন্য ও শ্রীনিত্যানন্দের নিত্য সেবা তথা শ্রীপঞ্চতত্ত্বের সেবা বর্ত্তমান। রক্ষক—লোকনাথের গোস্বামী ব্রহ্মচারী প্রভু শ্রীনিবাস। সরকারী শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী, শ্রীবলরাম ব্রহ্মচারী। শ্রীবলরাম আদি-ভাষী, দেবসেবা শ্রীরাধাকৃষ্ণ।

(৪) শ্রীবাস-অঙ্গন

শ্রীমন্মহাপ্রভুর কীর্ত্তন-বিলাস বা শ্রীগৌরলীলার স্থানস্থলী। এখানে শ্রীগৌর-নিত্যানন্দ ও পঞ্চতত্ত্বের সেবা বর্ত্তমান।

রক্ষক—শ্রীরাধাকান্ত ব্রহ্মচারী, শ্রীমদ্ভক্ত কৃষ্ণ, শ্রীগোকুলদাস বাবাজী।

(৫) অদ্বৈত-ভবন

এই স্থানে শ্রীঅদ্বৈত প্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান।

(৬) কাজীর সমাধি পীঠ

প্রাচীন মায়াপুর, বামনপুকুর (নদীয়া)

শ্রীগৌরকৃপাপাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীবিনোদবিহারী।

(৭) শ্রীনন্দ সুন্দর-কুঞ্জ

শ্রীগোদ্রুম, মায়াপুর (নদীয়া)

এখানে শ্রীবিষ্ণুপাদ শ্রীল ভক্তিবিনোদঠাকুরের সমাধি এবং শ্রীগৌরাঙ্গের এবং শ্রীশ্রীরাধা-মাধবের সেবা বর্ত্তমান।

রক্ষক—তুলিকৃষ্ণ ব্রহ্মচারী, ব্রহ্মচারী কৃষ্ণবল্লভী দাস, বন, বন।

(৮) শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

মায়াপুর।

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ ভক্তিপাত্রী এম, এ, বি, এল, সরকারী—শ্রীউদ্ধারণ ভক্তি-পাত্রী, শ্রীউদ্ধারণ অধিকারী প্রভৃতি।

(৯) শ্রীগৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, মহকুমা, (বর্দ্ধমান)

শ্রীল গদাধরের প্রতিষ্ঠিত গৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীচক্রবিজ্ঞান আশ্রম।

(১০) শ্রীরূপগৌড়ীয়-মঠ

বাগবাজার, প্রায় ৪নং, সি

রক্ষক—শ্রীকৃষ্ণদাস ব্রহ্মচারী, শ্রীকুলশেখর ব্রহ্মচারী।

(১১) শ্রীমোহনমন্দির—

মাটিয়ারি, ভাঙ্গার, বর্দ্ধমান।

শ্রীগদাধরদাস ঠাকুর কৃষ্ণবলরামের স্থান।

রক্ষক—শ্রীগদাধরী ব্রহ্মচারী।

(১২) ভাগবত আসন

শ্রীভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।

ভাগবত-নিত্যাত্ত গ্রন্থাবলী প্রচার-কেন্দ্র।

রক্ষক—শ্রীমহানন্দ ব্রহ্মচারী।

(১৩) শ্রীএকায়ন মঠ

টোলপাড়ী, খোয়াড়ী, কৃষ্ণনগর, নদীয়া।

রক্ষক—শ্রীঅচ্যুতানন্দ ব্রহ্মচারী।

(১৪) শ্রীমাধ্ব গৌড়ীয় মঠ

১০নং নবাবপুর রোড, ঢাকা।

পূর্ণপ্রজ্ঞের প্রচার-কেন্দ্র, এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ রাধাকৃষ্ণ-বিগ্রহদ্বয়ের সেবা বর্ত্তমান।

রক্ষক—শ্রীরাধারমণ ব্রহ্মচারী।

(১৫) শ্রীযোগাদ্যা মঠ

কমলাপুর, ঢাকা।

যোগাদ্যাদেবী শ্রীবিগ্রহের প্রাচীন সেবা

রক্ষক—শ্রীপাদরেণু ব্রহ্মচারী।

(১৬) শ্রীগদাই-গৌরাঙ্গ মঠ

হরিকীর্ত্তনপ্রচারিণী সভা, বালিয়াটী ঢাকা

শ্রীগদাই-গৌরাঙ্গের নিত্য সেবা

রক্ষক—শ্রীপূর্ণচন্দ্র ব্রহ্মচারী।

(১৭) শ্রীভাগবতজনানন্দ মঠ

চিকনিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীর নিত্যসেবা বর্ত্তমান। রক্ষক-ব্রহ্মচারী শ্রীভগবান্দাসজী। ব্রহ্মচারী পরমানন্দ

(১৮) আমলাযোড়া শ্রীপদ্মাশ্রম

রাজবাঁধ পোঃ বর্দ্ধমান।

শ্রীগুরুগৌরাঙ্গ-শ্রীরাধিকা গিরিধারীর নিত্যসেবা। রক্ষক—ব্রহ্মচারী শ্রীহরি-কিশোর।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

পঞ্চধার, পুরী, উড়িষ্যা।

এখানে শ্রীগৌর-বিনোদমাধবজীর নিত্য-সেবা বর্ত্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমানন্দ বিদ্যারত্ন, ব্রহ্মচারী শ্রীনবীনানন্দ।

(২০) শ্রীব্রহ্ম-গৌড়ীয় মঠ

আলবরনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী।

জগন্নাথদেবের অনবসর সময়ে শ্রীমন্মহা-প্রভুর অবস্থান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীনরহরিজী প্রভাবলী। সরকারী—ব্রহ্মচারী শ্রীবৈদিকবিহারী।

(২১) শ্রীসচ্চিদানন্দ মঠ

উড়িয়াবাজার, কটক।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-বিনোদরাধা-মাধবজীর নিত্যসেবা বর্ত্তমান। রক্ষক—

(২২) শ্রীসনাতন-গৌড়ীয় মঠ

১নং জগন্নাথপুরা, কানী।

গৌড়-পরাজপুত্র সনাতন-শিক্ষাস্থল। এখানে গৌরসেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীজানকীনাথজী।

(২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

শ্রীনৃসিংহবাগ কুঞ্জ, শ্রীধাম বৃন্দাবন।

শ্রীশ্রীরাধা-ব্রজ-মোহনজীর সেবা।

রক্ষক—শ্রীগণপতিনাথ ব্রহ্মচারী

(২৪) শ্রীপরমহংস মঠ

নৈমিষারণ্য, সীতাপুর

এখানে শ্রীভাগবত পাঠশালা ও শ্রীগৌর বিনোদ বিলাসজীর সেবা বর্ত্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীনৃসিংহানন্দ ও ব্রহ্মচারী শ্রীনন্দদুলাল।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ

কুসুমডুঙ্গা, চিরডুঙ্গা, মানভূম। ইহা শ্রীচৈতন্য-মঠের শাখা। রক্ষক—শ্রীরমা-নাথ রায়, শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী। শ্রীধাম তীর্থ সেবাশ্রিত।

(২৬) ব্যাসগৌড়ীয় মঠ

কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল। এখানে শ্রীগৌরবিনোদ-গ্রন্থের সেবা বর্ত্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীসুন্দরানন্দজী।

(২৭) ব্রাহ্মণপাড়া শ্রীপদ্মাশ্রম-মঠ

ব্রাহ্মণপাড়া, পোঃ মাহু, বরড়া

এখানে বড় কুলমূর্ত্তি শ্রীগৌরাঙ্গের সেবা বর্ত্তমান। রক্ষক—ব্রহ্মবাসী শ্রীপ্রাণকৃষ্ণ দাস, শ্রীগোবারমণ ব্রহ্মচারী।

(২৮) বিদ্যা গৌড়ীয় মঠ—কাব্যালয়

১৮৫ম ছোয়ার, নিউ দিল্লী।

রক্ষক—ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তি সর্ব্বস্ব গিরি মহারাজ, শ্রীরাধারমণচরণদাস।

(২৯) গোয়ালপাড়াশ্রীপদ্মাশ্রম

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও আদর্শচরিত্র শিক্ষকগণ ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

সবিস্তার সংবাদের জন্য নিম্নলিখিত ঠিকানায় পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

---

৫০ বৎসরের পরীক্ষিত কয়েকটী মহৌষধ

ব্যবহারকারীরা তাহা মুগ্ধ হইয়া যে সমস্ত প্রশংসা পত্র দান করিয়াছেন, তাহা সংগ্রহ করিলে বড় বড় পুস্তক হইয়া পড়ে। আপনিও ব্যবহার করিয়া দেখুন।

১। চন্দ্রপ্রভা বটিকা—ইহার নামটীর মতন কার্য্যও সেই রকম। ইহা নূতন ও পুরাতন মেহ, মূত্রকৃচ্ছ, অশ্ম প্রভৃতি এবং স্ত্রীলোকদিগের প্রদরিকা ব্যারাম, শ্বেত এবং রক্তপ্রদর প্রভৃতি রোগে আশু ফলপ্রদ।

২। সুষুপ্তিসহায় বটিকা—মাদকদ্রব্যবিনীত অনুপম নিদ্রাবিধায়ক ঔষধ। যে কোন দৈহিক ও মানসিক পীড়াবশতঃ অনিদ্রারোগে এই ঔষধ ব্যবহারে গাঢ় নিদ্রা হইবে।

৩। মধুর বটিকা—ইহা সেবনে স্ত্রীলোক ও তদনুসঙ্গিক নেত্র ও শরীর পাণ্ডুর হইয়া যাওয়া ইত্যাদি বিদূরিত হইয়া রক্ত পরিষ্কার ও বৃদ্ধি প্রাপ্ত হয়।

উক্ত তিন প্রকারের প্রত্যেক ঔষধের মূল্য প্রতি কৌটা ১৲ টাকা।

প্রাপ্তিস্থান :—আয়ুর্বেদ সংগ্রহ ঔষধালয়

২১৪নং মসজিদবাড়ী ষ্ট্রীট, কলিকাতা।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেঙ্গলেরিয়া পীচন

সর্ব্বপ্রকার জ্বরের অব্যর্থ মহৌষধ।

মফঃস্বলের সুবিধার জন্য ৩ আঃ শিশিতে ঘনীভূত অবস্থায় ছোটবোতলের সমপরিমাণ ঔষধ ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ৸০ আনা, পাঁইট ১৷৵০ আনা, বোতল ১৷৵০ আনা।

অফিস—১১৯নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

নন্দন মঞ্জরী

[illegible] ব্যথা ও পাণ্ডুবিকার, ঔরিত্রস্রাব প্রভৃতি [illegible] প্রদরে অব্যর্থ, বন্ধ্যত্বে, মাসোহারে, মুখ বন্ধ হইয়া, অধিকা প্রভৃতি নানা নষ্ট বিশেষ আরোগ্য হয়। বন্ধ, বীর্য্য, মেধা বৃদ্ধি করিয়া অধিকতর টনিক। মূল্য ৩০ বটী ১৲ এক টাকা।

"শ্রীগুরু সন্ন্যাসাদি ঘৃত"

পুরুষত্বহানি রোগে বাজীকরণের দ্বারা আরোগ্য করিয়া পরিচালনা করে। মূল্য ৫ তোলা ১৲ টাকা

"স্ত্রীস্বাস্থ্যবিলাসিনী আষ্টিকা"

স্ত্রীলোকের যাবতীয় রক্তদোষাদি দ্বারা ও বৃদ্ধি করিয়া থাকে। মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

প্রাপ্তিস্থান—আয়ুর্বেদ সংগ্রহালয়, ফেলুবক্সী

৫ নং বনমালী মিত্রের রোড, কলিকাতা।

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস, এন, সেন বিনা অস্ত্রে যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈদ্যুতিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

৬৮ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

মরা মানুষ বাঁচাইবার উপায়



বর্ত্তমান অস্থায়ি প্রকৃতির মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কার হয় নাই সত্য, তথাপি যাহারা মানবিক অনিবার্য্য উপায়ে অকালে পাকা নষ্ট করিয়া ভাবিতে মরা ভাবিয়া থাকেন এবং নানা প্রকার রোগ, যেমন পাতু দৌর্ব্বল্য, স্নায়বিক চঞ্চলতা, বহুমূত্র, ডায়বেটিস, পাকস্থলীর পীড়া, অম্ল এবং স্ত্রীলোকদিগের অন্যান্য ব্যারাম, বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার এলেন সেভারেন্স আবিষ্কৃত ইলেক্ট্রিক সলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত শত প্রমাণ প্রাপ্ত বৎসরের পাওয়া যাইতেছে, যাহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যর্থ হইয়া আরোগ্য হইতে পারেন নাই, তাহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ১৷৵০ টাকা মাত্র।

সোল এজেণ্ট—

ডাঃ ডি, ডি, হাজরা।

কলেজপুর, গার্ডেন-রিচ পোষ্ট, কলিকাতা

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন

গ্রাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রেস হইতে—ডাঃ কৃষ্ণকান্ত কুণ্ডুরায় অভিভূষণ এল, এম, এস, কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

Reg No C.1544

দৈনিক নদীয়া-প্রকাশ

ভাগীরথীর সলিলে রচিত প্রাচীন নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৬ষ্ঠ বর্ষ] সম্পাদক—শ্রীঅতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [৫০শ সংখ্যা

শ্রীচৈতন্যাব্দ শ্রীধাম মায়াপুর ১৮ই বৈশাখ শুক্রবার ; ৭৮, ১লা মে ১৯৫১

নানা কথা

কৃষ্ণনগর ছাত্র সমিতি

গত ২৭শে এপ্রিল কৃষ্ণনগর ছাত্র সমিতির [illegible] সভায় শ্রীযুত বিমলেন্দু মুখোপাধ্যায় ও শ্রীযুক্ত সংকার বর্ত্তমান বৎসরের জন্য যথাক্রমে সভাপতি ও সম্পাদক নির্ব্বাচিত হইয়াছেন।

নদীয়া সিপাহী জলমগ্ন

নদীয়া পুলিস লাইনের সিপাহী [illegible] ঘাটে জলে ডুবিয়া মারা গিয়াছে বলিয়া প্রকাশ।

শ্রীযুক্ত সুভাষচন্দ্রের কল অঞ্চলে পরিভ্রমণ

গত ২৫শে এপ্রিল অপরাহ্ণে টিটাগড় অঞ্চলে [illegible] উপস্থিত হইয়াছে, এই সংবাদ পাইয়া শ্রীযুক্ত সুভাষচন্দ্র বসু পর দিবস প্রত্যুষে অপরাহ্ণে তথায় [illegible] করিয়াছিলেন। তিনি সংবাদ [illegible] ঐ দিন অপরাহ্ণে, কাঁকিনাড়া ও নৈহাটীতে দুইটি সভায় অধিবেশন হইয়াছিল। ঐ সকল সভায় হিন্দু ও মুসলমান শ্রমিকদের মধ্যে [illegible] সম্প্রীতি স্থাপন আবশ্যকতা সম্বন্ধে আলোচনা হয়।

ব্যবস্থাপক সভার সদস্য মৌলবী [illegible] ফেডারেশনের সভাপতি শ্রীযুক্ত বসু কল [illegible] পরিভ্রমণ করেন, স্থানীয় নেতৃবৃন্দের সহিত সাক্ষাৎ করেন এবং উভয় সম্প্রদায়ের সভাস্থলের সকলের সহিত সাক্ষাৎ করেন এবং উভয় সম্প্রদায়ের সভাস্থলের সকলের সহিত সাক্ষাৎ করেন।

কৃষ্ণনগর ছাত্র সমিতি

শ্রীযুত সুভাষচন্দ্রের কল অঞ্চলে পরিভ্রমণ

নদীয়া সিপাহী জলমগ্ন

কংগ্রেস কর্ম্মীদিগের সভা

সীমান্ত প্রদেশ সমস্যা

মেহুয়া বাজার বোমার মামলা, ৫ জন আসামীর মুক্তিলাভ

কলিকাতার মৃত্যুহার

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ভাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার—গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কংগ্রেস কর্ম্মীদিগের সভা

গত ২৩শে এপ্রিল অপরাহ্ণে নদীয়া প্রাদেশিক কংগ্রেস কমিটীর সভাপতি শ্রীযুত সুভাষচন্দ্র বসু কলিকাতায় নদীয়া প্রাদেশিক কংগ্রেস কমিটী অফিস ভবনে সমবেত কিছু কংগ্রেস কমিটীর সম্পাদকগণ ও বিশিষ্ট সভ্যগণের সহিত সাক্ষাৎ করেন। স্থানীয় অভাব অভিযোগগুলি সম্বন্ধে কংগ্রেসের অবলম্বিত সংগঠন কার্য্যপদ্ধতি ও অন্যান্য আনুষঙ্গিক বিষয়গুলি আলোচিত হয়। স্থির হইয়াছে, মধ্যে মধ্যে এইরূপ সভার অধিবেশন হইবে।

জাল মুদ্রা প্রস্তুত করা

ছদ্মবেশী তিব্বতী গ্রেপ্তার

[illegible] পশ্চিম দেশীয় লোক [illegible] ও পরাণে লইয়া [illegible] সময়ে আসিয়া বাস করিতেছে। [illegible] করিয়া বেড়াইত। [illegible] পুলিস সংবাদ পাইয়া এক ব্যক্তি [illegible] করিয়া প্রায় ১৮০ [illegible] দিকি পাইয়াছে। মুদ্রা প্রস্তুত করিবার যন্ত্রপাতিও পাওয়া গিয়াছে।

সীমান্ত প্রদেশ-সমস্যা

[illegible], গোলটেবিল বৈঠকের উদ্দেশ্য পশ্চিম পাঠান সম্বন্ধে কমিটীর নির্দ্দেশক [illegible] সরকার এক তদন্ত কমিটী গঠন করিয়াছেন। মিঃ জে, সি, গেল [illegible] কমিটীর সভাপতিপদে নিযুক্ত করিয়াছেন।

সীমান্ত প্রদেশের জনসাধারণ মধ্যে শ্রেণী বিভাগ নির্ণয় করাই তদন্ত কমিটীর মুখ্য উদ্দেশ্য। প্রাদেশিক সভা ও কেন্দ্রীয় সভার জন্য এই শ্রেণীবিভাগ আবশ্যক হইয়াছে। শ্রেণীবিভাগ কার্য্য পরিচালনের পর তদনুযায়ী প্রাদেশিক ও কেন্দ্রীয় সরকারের যাহাতে আবশ্যক হইবে।

কমিটীর সদস্যগণের নাম—[illegible] সি, স্যাটারথ্ওয়েট, জি, কোলস্; সার আর্থার [illegible] এবং ইসমাইল খানের [illegible] খাঁ সাহেব ইসমাইল খানের [illegible] সেক্রেটারী হইয়াছেন; কাজি মহম্মদ আসলম [illegible] প্রদেশের বাসিন্দা হাসমাখী মুসলিম [illegible]

এই কমিটীর সকল সেক্রেটারী [illegible] সোমবার হইতে। আগামী মে মাসের প্রথম [illegible] আরম্ভ করিবে এবং এক মাসের মধ্যেই এই কার্য্য শেষ হইবার সম্ভাবনা।

মেছুয়াবাজার বোমার মামলা
৩ জন আসামীর মুক্তিলাভ

বহুল আলোড়ন সৃষ্টিকারী মেছুয়াবাজার বোমার মামলার ৩ জন আসামীকে মুক্তি দেওয়া হইয়াছে।

মিঃ সেন্সার হত্যার জের

মিঃ সেন্সী হত্যা সম্পর্কে মৃত কর্নেল রায়ের ভৃত্যকে পুনরায় গ্রেপ্তার করা হইয়াছে। গত ১৩শে এপ্রিল তাহাকে পুনরায় কোর্ট অব এনকোয়ারীতে হাজির করা হয়। পরিমলকুমার রায় বর্তমানে থানার হাজতে আছে।

কলিকাতার মৃত্যুহার

গত ১৯শে এপ্রিল যে সপ্তাহ শেষ হইয়াছে সেই সপ্তাহে কলিকাতা ও তাহার উপকণ্ঠে অন্ন আনের মৃত্যু হইয়াছে। আলোচ্য সপ্তাহে গড়ে প্রতিদিন ৬৯ জন করিয়া মৃত্যু হইয়াছিল। পূর্ববর্তী ৫ম সপ্তাহে দৈনিক ৬৯ জন হিসাবে মৃত্যু হইয়াছিল।

বাবী সেতুর শেষ স্প্যান প্রস্তুত

বাবী সেতুর শেষ অর্থাৎ সপ্তম স্প্যানটি ২৯শে এপ্রিল তারিখে স্থাপন শেষ হইয়াছে। এই স্প্যানটির ওজন ১৭০ টন।

আশা করা যাইতেছে, আগামী ডিসেম্বর মাসে কলিকাতা হইতে দিল্লী পর্যন্ত ট্রেন চলাচল আরম্ভ হইবে।

মেয়র পদে ২৬ বার নির্বাচিত

ডাবলিনের কুইনসবুরি প্রধান বক্তা মিঃ ডেভিটের মৃত্যুর পর তাঁহার স্থানে অন্যতম মেয়র নির্বাচিত হইয়া আসিতেছেন ৮৫ বৎসরের বৃদ্ধ ডাবলিনের ডি ভ্যালেরা। তিনি ২৬-২৯ বেলটে জয়লাভ করিয়াছেন। তন্মধ্যে ইহা নিয়া ১৫টি স্থির করিয়াছেন যে, তিনি কখনও মেয়রের কার্য আর গ্রহণ করিবেন না। কারণ সমাজতন্ত্রবাদীর দল খুব বেশী সংখ্যায় নির্বাচিত হইয়াছেন। তাহারা মন্ত্রিসভা গঠন করিতে বেশী সংখ্যায় না পাইলে সমর্থন করিতে পারেন। তাহা হইলে তিনি মেয়র পদ গ্রহণ করিবেন এই অবস্থায় আবার নির্বাচনের আয়োজন হইতেছে।

---

১৪৭ বৎসরের বৃদ্ধ

চেকোস্লোভাকিয়ার বিখ্যাত আশা আমার বয়স ১৪৭ বৎসর। তিনি বর্তমানে পৃথিবীর সর্বাপেক্ষা বৃদ্ধ ব্যক্তি। কিছুদিন পূর্বে তাঁহার আশা অস্ত্রোপচার দিয়াছিলেন। ইহাতে তিনি সকলে আসিয়াছিলেন। কয়েক সপ্তাহ পরে বিশ্রাম করিয়া তিনি কনস্টান্টিনোপলে গমন করিবেন। তথায় তিনি স্বাস্থ্যলাভে যত্নবান হইবেন।

মেম সাহেবকে ছুরিকাঘাত
জনৈকের হাজতবাস

কলিকাতা নিবাসী এক ব্যক্তি গত শুক্রবার রাত্রে বাসাবাড়ীতে বিদেশ নিবাসী মেমসাহেবকে ছুরিকাঘাত করিবার অভিযোগে অভিযুক্ত হইয়াছে। প্রকাশ, দুই জন স্ত্রীলোককে ঐ সম্পর্কে গ্রেপ্তার করিয়া থানাতে হাজির টাকার জামীনে ছাড়িয়া দেওয়া হইয়াছে।

অভিযুক্ত জেল হাজতে যাইবার পূর্ব মুহূর্তে বলিয়াছিল। প্রধান প্রেসিডেন্সী ম্যাজিস্ট্রেট তাহা না মঞ্জুর করিয়াছেন।

চাল হিসাব তৈয়ারীর জন্য
সেন্সাসের তিন বৎসর জেল

এক সময় মাইটি ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার একজন হাই একাউন্টেন্ট ছিল। তাহার বিরুদ্ধে অভিযোগ—সে হিসাবের মধ্যে চাল করিয়াছে। তাহার বিরুদ্ধে তিনটি চার্জ গঠিত হয় প্রধান প্রেসিডেন্সী ম্যাজিস্ট্রেট তাহার তিন বৎসর সশ্রম কারাদণ্ড দিয়াছেন।

প্রবঞ্চনার অভিযোগে
ভূতপূর্ব কনষ্টেবল অভিযুক্ত

রায় ভবন সিং নেপাল পুলিসের একজন কনষ্টেবল ছিল। অভিযোগ—সে নিজেকে পুলিস কর্মচারী বলিয়া পরিচয় দিয়া একটী কার হইতে মাত্র ২০০৲ টাকা মূল্যে একখানি সাইকেল ক্রয় করে। কয়েকদিন পর তাহার গ্রেপ্তার করা হয়। তখন দেখা যায়, সে এই ভাবে আরও ৫টি কার্যকে প্রতারিত করিয়াছে। সব মালগুলি হইতেই একখানি করিয়া সাইকেল লইয়াছে।

আসামী জেল হাজতে থাকিবার সময় এক দরখাস্ত করিলে প্রধান প্রেসিডেন্সী ম্যাজিস্ট্রেট তাহা না-মঞ্জুর করিয়াছেন।

বালিকার গলা হইতে হার
অপহৃত

কমলা লাহা নামী ১০ বৎসরের বালিকা বেলিয়াঘাটা রোডে এক মন্দিরে দাঁড়াইয়াছিল। এমন সময় এক ব্যক্তি তাহার গলা হইতে সোনার হারছড়া লইয়া চম্পট দেয়। এতদিন আসামীর কোনই খোঁজ পাওয়া যায় নাই। পরে পুলিস [illegible] করিয়া মানিক এক ব্যক্তিকে গ্রেপ্তার করিয়া ম্যাজিস্ট্রেট নিকট পেশ করে, যে, অপরাধের কথা স্বীকার করে।

তদন্ত মুলতুবী আছে।

কর্পোরেশনের সভার সিদ্ধান্ত
প্রধান কর্ম-কর্তার ক্ষমতা হ্রাস

চীফ একজিকিউটিভ অফিসারের উপর যে সকল ক্ষমতা অর্পিত ছিল, সোমবার কলিকাতা কর্পোরেশনের বিশেষ সভায় তাহার কিছু পরিবর্তন করিয়াছে। এই সকল ক্ষমতা গত সাত বৎসর যাবৎ চীফ একজিকিউটিভ অফিসার পরিচালনা করিয়া আসিতেছিলেন।

ক্ষমতাগুলি এই প্রকার—(১) নিয়োগের ক্ষমতা (২) অসদাচরণের শাস্তি দানের ক্ষমতা (৩) লাইসেন্স টাক্স ফেরৎ দিবার বা কম করিবার ক্ষমতা (৪) স্থানীয় সংবাদপত্রে বিজ্ঞাপন দিবার ক্ষমতা এবং (৫) কর্পোরেশনের বাকী টাকা আদায়ের ক্ষমতা।

এতদিন মাসিক ৩০৲ টাকা পর্যন্ত বেতনের লোক নিয়োগ করিবার ক্ষমতা চীফ-একজিকিউটিভ অফিসারের ছিল; এখন উহা কমাইয়া ৫০ টাকা করা হইয়াছে। পূর্বে তিনি ৬ মাসের জন্য মাসিক একশত টাকা পর্যন্ত বেতনের অস্থায়ী পদ সৃষ্টি করিতে পারিতেন, এখন তিনি তিন মাসের জন্য মাসিক ৫০ টাকা পর্যন্ত বেতনের অস্থায়ী পদ সৃষ্টি করিতে পারিবেন।

লাইসেন্স দানের ক্ষমতা সম্পর্কে এখন তিনি যে কোন ব্রোকার কর্মচারী সম্পর্কে করিতে পারিবেন, পক্ষান্তরে কলিকাতা তিনি মাসিক ৩৫০ টাকা পর্যন্ত বেতনের লোকদিগকে সস্পেন্ড করিতে পারিবেন।

এক হাজার টাকা পর্যন্ত মাল ও এস্টিমেট মঞ্জুর সম্পর্কে স্থির হইয়াছে যে, তিনি এখন উহা মঞ্জুর করিতে পারিবেন বটে, কিন্তু চলতি বাজেটে তাহার বরাদ্দ থাকা চাই। সংবাদপত্রে বিজ্ঞাপন দেওয়া সম্পর্কে তাঁহাকে এখন কতকগুলি নিয়ম মানিয়া চলিতে হইবে এবং ঐ সম্পর্কে কমিটি মধ্যে মধ্যে যে সব সাধারণ নির্দেশ প্রদান করিবেন, তদনুসারে তাহাকে কাজ করিতে হইবে।

এই সকল পরিবর্তন কর্পোরেশনের কংগ্রেস ও মুসলমান দল সমর্থন করেন। ইউরোপীয় ও ইউরোপীয় দলের সদস্যগণ এই বিষয় একটি সিদ্ধান্তে উপনীত হইতে [illegible] ভোট অনুপস্থিত ছিলেন, কিন্তু তাহা ভোটের ফলাফল প্রভাবান্বিত করে নাই।

মহিষাবথুয়ার বন্য
ডিস্ট্রিক্টের
কর্মচার পরিবর্তন

উপায়ন এবং শ্রীযুক্ত নবকুমার তাহার সম্মান করিয়াছিলেন। শ্রীযুক্ত মহিষাবথুয়ার [illegible] প্রস্তাবটির পক্ষ সমর্থন করিয়া বক্তৃতা করেন।

বিভিন্ন ট্যাক্স [illegible] সম্পর্কে শুক্রবার কর্পোরেশনের বিশেষ সভা হইবে।

কাশপুরে রাজার জের
হিন্দু মহাসভার সেক্রেটারী গ্রেপ্তার

কাশপুর-রাজা সম্পর্কে বিবৃতি প্রদান করার পর গতকল্য ৫ই এপ্রিল রাত্রি ১০ টার সময় নিখিল ভারত হিন্দু মহাসভার কেন্দ্রীয়ের সেক্রেটারী শ্রীযুক্ত জগৎ নারায়ণ লালকে ফৌজবিধির ১৪৪ (৩) ধারানুযায়ী গ্রেপ্তার করা হইয়াছে।

তিনি নিম্নলিখিত মর্মটি সেখানকার নিকট প্রদান করিয়াছেন,—"বিহার সরকার আমাকে যে ভাবে আবদ্ধ করিলেন, তাহাতে আশ্চর্য হইবার কিছুই নাই।

আমি জানি তাঁহারা আমার এক অপরাধ যে, আমাকে দূরে রাখিবার জন্য তাই কোন ছল খুঁজিতেছিলেন। আর আমার কাছেই শুধু হাসি পায় যে, যাহারা আমাকে যে অপরাধের জন্য অভিযুক্ত করিতেছেন; জগতের যে কোন বিচারালয়েই তাহার উক্ত অভিযোগ তাঁহাদের বিরুদ্ধে আনয়ন করিতে পারেন।"

নওজোয়ান ভারত সভা সম্মেলন

যুক্তপ্রদেশের অন্যতম নেতা ভারত সভা সম্মেলনে সভাপতিত্ব করিবেন শ্রীযুক্ত সুভাষচন্দ্র বসু সভাপতি নির্বাচন করিয়াছেন।

সম্মেলনকে সাফল্যমণ্ডিত করিবার জন্য খুবই উদ্যোগ আয়োজন চলিতেছে। এই সঙ্গে একটী স্বেচ্ছাসেবক বাহিনী গঠন করা হইবে। প্রদর্শনীতে সমাজিক চিত্রাবলীর ব্যবস্থা করা হইয়াছে। সম্মেলনের উদ্বোধন করিবেন [illegible] এবং সভাপতি পাঠ করিবেন। উদ্বোধনের [illegible] সভাপতি [illegible] সম্মেলনে প্রায় ৫০০ প্রতিনিধি যোগদান করিবেন।

[illegible]

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীনদীয়া-প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠবার্ত্তাবহ

শ্রীধাম-মায়াপুর, ২৯শে মধুসূদন ৪৪৫

যুক্তবৈরাগ্য

ইন্দ্রিয়ের দ্বারা ইন্দ্রিয়ের ঈশ্বরের সেবার নাম ভক্তি। মনের দ্বারা স্বীয় দেহমনের অভিপ্রেত বিষয়ের অনুশীলনের নাম অ-ভক্তি, ভোগ কিংবা ইন্দ্রিয়পরায়ণতা।

ইন্দ্রিয়ের যথাযথ পরিচালনাদ্বারা প্রয়োজন লাভের চেষ্টা হয়। সুতরাং প্রথমেই লক্ষ্য স্থির করা আবশ্যক। লক্ষ্য দুইএর একটি মাত্র হওয়া সম্ভব, (১) ইন্দ্রিয়াধীশ কৃষ্ণের পারমার্থ-সেবা কিংবা (২) উপাধিক জড়দেহ ও মনের প্রীতি বিধানের চেষ্টা। এই উভয় লক্ষ্য পরস্পর-বিরোধী এবং যুগপৎ উভয়ের অনুশীলন সম্ভব নহে। জড়ের অনুশীলনকে তত্তৎ অ-ভক্তি সংজ্ঞা প্রদত্ত হইল।

জড়ের অনুশীলন অন্বয় ও ব্যতিরেক ভাবে সম্পাদিত হইতে পারে। জড়ের অন্বয় অনুশীলনের নাম ভোগ। জড়ের ব্যতিরেক অনুশীলনের নাম ত্যাগ। ত্যাগের অপর নাম হইল বৈরাগ্য। জড়ভোগ ত্যাগের দ্বারা স্বাভাবিক উপাদেয় রুচি বৈরাগ্য লাভ হয় না; যে অকিঞ্চিৎকর ক্ষণস্থায়ী, কষ্টকর, অনিষ্ট মর্কট-বৈরাগ্যের আবরণ জড়ত্যাগিগণের দ্বারা প্রদর্শিত হয়, উহা অতিরিক্ত ভোগানুশীলনেরই অন্তর্ধানী কুফল এবং আত্মবিনাশকারী বুদ্ধিদুষ্ট। ফল্গু বৈরাগ্য আত্ম অনুসন্ধিৎসুর পক্ষে সর্ব্বথা বর্জ্জনীয়।

ইন্দ্রিয়জ্ঞানের সহিত ফল্গু বৈরাগ্যের ঘনিষ্ট সম্বন্ধ আছে। জড়দেহমনের তৃপ্তিসাধনের জন্য জড় উপাদানের আবশ্যক হয়। দেহমনের সহিত জড়জগতের সম্বন্ধ নিরূপণ করিবার চেষ্টা আবহমানকাল চলিয়া আসিতেছে। ভোগোন্মুখ ব্যক্তির পক্ষে এইরূপ চেষ্টা নিতান্ত আবশ্যক, যেহেতু এতদ্দ্বারা সুষ্ঠুরূপে ভোগ সাধন সম্ভব হয়। ত্যাগোন্মুখ ব্যক্তির পক্ষেও এইরূপ চেষ্টা অনিবার্য্য, যেহেতু ভোগের হেয়ত্ব এবং নশ্বরত্ব নিরূপিত না হইলে ত্যাগের হেতু এবং উপযি সম্যক্ নির্দ্ধারিত হয় না।

যাঁহারা জড়দেহকে আত্মা বলিয়া সিদ্ধান্ত করেন যাঁহারা ইন্দ্রিয়জ অভিজ্ঞতার উপর প্রতিষ্ঠিত জড়বিজ্ঞানের সাহায্যে ভোগের সুষ্ঠুতা সম্পাদনে চেষ্টান্বিত। যাঁহারা জড়াসক্তমনকে আত্মা বলিয়া সিদ্ধান্ত করেন, তাঁহারা মনের সুখ ও তৃপ্তি-বিধানের জন্য স্থূল জড়ীয় ভোগের অনাবশ্যকীয়তা লক্ষ্য করিতে সমর্থ হ'ন। তখন তাঁহাদের স্থূলভোগত্যাগ-বাসনা প্রবলা হয় এবং লৌকিক বৈরাগ্য তাঁহাদের নিকট আবশ্যকীয় এবং মঙ্গলজনক বলিয়া বোধ হয়। এরূপ অবস্থায় তাঁহারা সম্প্রদায় মনের দ্বারা সূক্ষ্ম ভোগ-সংগ্রহের উপায় নির্দ্ধারণ করিতে ব্যস্ত হ'ন। এরূপ চেষ্টার ফলে জড়নির্বিশেষ অবস্থাকে ক্রমে চরম বলিয়া লক্ষিত হয়। এইরূপ ধারণার বশবর্ত্তী হইয়া তাঁহারা স্থূল সূক্ষ্ম উপাধিদ্বয়ের সর্ব্ববিধ চেষ্টা নিরোধপূর্ব্বক প্রকৃতি কিংবা ব্রহ্মে আত্মলয় কামনাপর হ'ন।

মূলজড়বিজ্ঞান এবং সূক্ষ্মজড় অর্থাৎ মনোবিজ্ঞানের মধ্যে পরস্পর ঘনিষ্ট সম্বন্ধ আছে। ভোগসাধন কিংবা নির্ব্বিশেষ-ব্রহ্ম-প্রকৃতিলয়-সাধন ইহাদের চরম লক্ষ্য। এই উভয় উদ্দেশ্য সিদ্ধির জন্য উভয়বিধজ্ঞানের পরস্পর সাহায্য আবশ্যক। এই উভয়বিধজ্ঞানই ইন্দ্রিয়াভিজ্ঞানসাহায্যে মনঃকল্পিত হইত। ইহারা ইন্দ্রিয়ের সংগৃহীত উপাদানের প্রতি মনের সংকল্প ও বিকল্প বৃত্তির পরিচালনা হইতে জাত। মন স্থূল এবং সূক্ষ্ম উভয়বিধ জড়ীয় উপাদানের উপর সাক্ষাৎ এবং পরোক্ষভাবে কার্য্য করিতে সমর্থ। জড়ীয় উপাদানের অভাবে মনের ক্রিয়া সম্ভব হয় না। মনঃপ্রসূত জ্ঞানকে কল্পিত বলা হয়, কারণ বাস্তব বস্তুর প্রতি স্থূল কিংবা সূক্ষ্ম উপাধির গতি সম্ভব নহে। বাস্তব বস্তুর প্রতীতি জড়বিজ্ঞান ও মনোবিজ্ঞানের সম্পূর্ণ নিত্য অগোচর ব্যাপার। যাঁহারা স্থূল এবং সূক্ষ্ম উপাধিদ্বয়ের দ্বারা স্থূল এবং সূক্ষ্ম জড়ীয় সত্তার প্রীতিসাধন করেন, তাঁহারা বাস্তব বস্তুর অনুশীলন অপ্রয়োজনীয় এবং অসম্ভব বিচার করিয়াই ঐরূপ সর্ব্বনাশসম্ভূত অনিত্য শ্রেয়ে প্রলুব্ধ হ'ন।

ভোগ কিংবা ত্যাগ পন্থায়ে যে সমুদয় মনঃকল্পিত সিদ্ধান্ত উদিত হয় তাহাদিগের সমষ্টিকে অবিদ্যা, কিংবা অপরাবিদ্যা সংজ্ঞায় অভিহিত করা হয়। তাহাদের দ্বারা কখনই বাস্তব বস্তুর অনুশীলন উদ্দিষ্ট কিংবা সম্ভব হইতে পারে না।

যাঁহারা বাস্তব বস্তুর অনুশীলন আবশ্যক বিচার করেন, তাঁহারা অবিদ্যা সংগ্রহের চেষ্টায় লক্ষ্য কিঞ্চিৎমাত্রও করেন না। তাঁহাদের তখন প্রশ্ন হয় যে, বর্ত্তমান দেহমনের দ্বারা কোন্ উপায়ে বাস্তব বস্তুর সহিত সম্বন্ধ স্থাপিত হইতে পারে কি না। যে বিদ্যা এই সম্বন্ধকে লক্ষ্য করে তাহার নাম পরাবিদ্যা।

পরাবিদ্যার প্রতিপাদ্য বিষয় এই যে, আমাদের বর্ত্তমান দেহ, মন এবং যাবতীয় জাগতিক উপাদানের দ্বারা বাস্তব বস্তুর সহিত সম্বন্ধোদ্ভিত্তি হইয়া জীবনধারণ করিতে পারা যায় কিনা এবং তাহা আমাদের পক্ষে অবশ্যম্ভাবী এবং আদৌ প্রয়োজনীয় কি না। বাস্তববস্তুর সহিত সম্বন্ধবিশিষ্ট হইয়া জীবন যাপনের নাম মোক্ষ কিংবা মুক্তি। সেবা-দ্বারা বাস্তব বস্তুর প্রীতি সাধন হয়। উহাই মুক্ত আত্মার স্বাভাবিকী বৃত্তি। উহাই একমাত্র প্রয়োজনীয়।

সেবা কিংবা ভক্তি বাস্তব-বস্তু শ্রীকৃষ্ণের সহিত জীবাত্মার সেব্য-সেবক সম্বন্ধকে লক্ষ্য করে। জীব যখন আপনাকে দেহ কিংবা মন বলিয়া ধারণা করে, তখন ভোগ কিংবা ত্যাগ তাহার কর্ত্তব্য বলিয়া মনে হয়। জীব যখন নিজেকে আত্মা বলিয়া জানিতে পারে, তখন তাহার জড়ের সহিত সম্বন্ধ স্থানে অন্য নাম্বিক এবং হেয় বলিয়া উপলব্ধি হয়। উদ্বুদ্ধ জীব জড়ভোগ কিংবা জড়ত্যাগ এই উভয়বিধ ব্যাপার হইতে স্বতঃই নিবৃত্ত হয়। জড়ানুশীলন নিবৃত্তি স্বরূপোপলব্ধির আনুষঙ্গিক ফল মাত্র। বাস্তব বস্তুর অনুশীলন মুখ্য কর্ম্ম। উদ্বুদ্ধ আত্মা বর্ত্তমান দেহ ও মনকে ইন্দ্রিয়ের ঈশ্বর বিষ্ণুবস্তুর সেবায় নিযুক্ত করিতে সমর্থ হ'ন। জড়দেহ ও মনের দ্বারা সাক্ষাৎ চিদনুশীলন হয় না। কিন্তু 'চিদনুশীলন, আত্মার প্রয়োজনীয়'—ইহা কিঞ্চিন্মাত্রও উপলব্ধ হইলে দেহ ও মনের চেষ্টা ক্রমশঃ চিদনুশীলনের অনুকূল হইয়া পড়ে। এইরূপ অনুকূল চেষ্টা ভোগ কিংবা ত্যাগ হইতে সম্পূর্ণ পৃথক্, তথাপি ইহার সহিত তাহাদের বাহ্য সাদৃশ্য থাকা অনিবার্য্য। কিন্তু এই পার্থক্যও কেবল উদ্বুদ্ধ আত্মারই উপলব্ধির বিষয় হয়। অ-বিদ্যাগ্রস্ত আত্মা দেহমনের দ্বারা শ্রীকৃষ্ণসেবার তাৎপর্য্য আদৌ বুঝিতে পারে না। অবিদ্যাগ্রস্ত জীব উদ্বুদ্ধ জীবাত্মার সেবার অনুকূল চেষ্টা ভোগ কিংবা ত্যাগের সহিত সম জ্ঞান করিয়া বিষম ভ্রমে পতিত হয় এবং নিজের অনধিকার বুঝিতে না পারিয়া স্বীয় মৎসরতা-বশবর্ত্তঃ নির্ম্মৎসর বৈষ্ণব-দাসগণের নির্ম্মল আচরণে দোষ কল্পনা করিয়া ভীষণ অপরাধ সঞ্চয় করে।

দিব্য দৃষ্টিলাভের উপায়

শুক পাখীর ন্যায় আমরা অনেকেই অনেক শ্লোক কণ্ঠস্থ করি কিন্তু শ্লোকের প্রকৃত তাৎপর্য্য অতি অল্প সংখ্যক লোকেরই জ্ঞানগম্য হইয়া থাকে। কেহ বা পঞ্চমবর্ষীয় বালকের ন্যায় বুঝিয়া 'জল অর্থ সলিল' কণ্ঠস্থ করিবার ন্যায় প্রয়োক্ত শ্লোকাংশ মুখস্থ করিয়া থাকি, কিন্তু ঐ অর্থ ঠিক ঠিক বুঝিয়া তদনুসারে যে কার্য্য করিতে হইবে তদ্বিষয়ে আদৌ লক্ষ্য করি না। ইহাতে ভজনরাজ্যে অনভিজ্ঞ জনগণের নিকট হইতে প্রতিষ্ঠা পাওয়া যাইতে পারে বটে, কিন্তু আত্ম-মঙ্গল লাভ হয় না। মায়া-পিঞ্জর হইতে মুক্তি লাভ করিয়া উন্মুক্ত অপ্রাকৃত-সেবা-গগনে বিচরণ করা হয় না, অথবা অজ্ঞান গাঢ় হইতে পরিত্রাণলাভের কোনও উপায় নাই।

"ওঁ অজ্ঞান তিমিরান্ধস্য জ্ঞানাঞ্জন-শলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥"

শ্লোক উচ্চারণপূর্ব্বক আমরা শ্রীগুরুদেবকে প্রণাম করিয়া থাকি। কিন্তু এই শ্লোকের 'অজ্ঞান' শব্দটীর প্রকৃত স্বরূপ আমরা অনেকেই অবগত নহি। 'অজ্ঞান' শব্দ (১) স্বরূপের ভ্রান্তি বা অবিদ্যা (২) জড়দেহে আত্ম বুদ্ধি বা বিপর্য্যাস (৩) অজ্ঞেয়াতিমান বা জ্ঞেয়জ্ঞান (৪) বিপ্রলিপ্সা বা ভ্রম (৫) বিপ্রলম্ভ বা শোকমোহাদ্রজ্ঞ

এই পঞ্চবিধ ক্লেশকে এবং তদ্ভব দ্বন্দ্ব-অর্থ কাম মোক্ষ বাঞ্ছাকে কৈতবকে লক্ষ্য করে। এই জড়ি অজ্ঞানের মূল স্বরূপের ভ্রান্তি বা স্বরূপ-ভ্রম; অপর চারি এটি হইতে উদিত হইয়া থাকে।

স্বরূপভ্রম ৪ প্রকার—(১) স্বস্বরূপভ্রম (২) পরস্বরূপ (৩) সাধ্যসাধনস্বরূপভ্রম, ৪) বিরোধিস্বরূপভ্রম। এ সকল কৃষ্ণবহির্ম্মুখতা জীবের দৃষ্টিকে আবৃত করিয়া রা কিন্তু নাম সূর্য্যের উদয়ে তাহারা দূরে পলায়ন করে।

অনর্থ চারি প্রকার; তন্মধ্যে স্বস্বরূপভ্রমই প্রধান অন তাহার ফলে অসদ্বাসনা, অসদাচেষ্টা এবং অপরাধ না অপর অনর্থসমূহের উৎপত্তি। এই অনর্থ সমূহের না সদ্ভাবালোচনশ্রবণে বাধা প্রদান করিয়া থাকে। সদ্ভ নিত্য সেবা-বাসনা তাহারা বিদূরিত হয়, তখন স্বরূপ নাম-রূপ জীবজগতে সুষ্ঠুরূপে প্রকাশিত হইয়া থাকেন।

'আমি কে?' এই জ্ঞানটী সুষ্ঠুরূপে না হওয়া প স্বস্বরূপভ্রম, বিষ্ণু ও বৈষ্ণব কি বস্তু তাহা না জানা প পরস্বরূপভ্রম, যাঁহাকে ভজন করিতে হইবে এবং যে প্রণালী ভজন করিতে হইবে তাহা না জানিতে পারিলে সাধ্যসা স্বরূপভ্রম এবং ভজনের প্রতিকূল বিষয় কি তাহা অ থাকিলে বিরোধিস্বরূপ-ভ্রম থাকিবেই। শ্রীগুরুদে চরণে প্রণত হইয়া পরিপ্রশ্ন ও সেবাবৃত্তি সহকারে ঐ

জানিতে পারিলে মৌখিক কোটি কোটি বার 'ওঁ অজ্ঞান-নিমীলিতম্' শ্লোক উচ্চারণ করিলেও ভজনরাজ্যে প্রবেশ সম্ভব হইবে না।

যে সকল বিষয়ের নিত্যত্ব নাই তাহারাই অসৎ। বদ্ধ-জীব সৎ-অসৎ-বিচারে ভ্রান্ত। তাই তাহারা অসৎকে 'সৎ' মনে করিয়া ধর্ম্মলাভার্থ পুত্রৈষণা, অর্থলাভার্থ বিত্তৈষণা, যশোলাভার্থ ইহলোকের সুখৈষণা এবং মোক্ষলাভার্থ অমৃতৈষণা করিয়া থাকেন। এই ধর্ম্ম-অর্থ-কাম-মোক্ষাদির বাঞ্ছা কৈতব বলিয়া অভিহিত। তন্মধ্যে মোক্ষবাঞ্ছাই প্রধান কৈতব। কৈতব-চতুষ্টয় অসরূপা হইতে জাত। জনসৌজন্য হইতে নিষ্কিঞ্চনের, কুটিনাটি, যাঁড়ামি ও লাভ-পূজা-প্রতিষ্ঠাদির উদয় হয়, ফলে বিষ্ণুবৈষ্ণবসেবা অপেক্ষা নিজের সেবায় মন প্রধাবিত হইয়া থাকে।

জড়নীতিশাস্ত্রের উপদেশ উদ্ধার করিলে পাপ হয় কিন্তু পারমার্থিক গ্রন্থ ভাগবত ও ভক্ত ভাগবতের আদেশ অমান্য করিলে অপরাধের সৃষ্টি হইয়া থাকে। অপরাধ প্রধানতঃ দশ প্রকার—(১) নামাপরাধ (২) নামীর চরণে অপরাধ, (৩) বৈষ্ণবাপরাধ ও (৪) সেবাপরাধ।

আমরা অতি সংক্ষেপে অজ্ঞানের দিগ্‌দর্শন করিলাম। গুরুদেবের চরণে সর্ব্বপ্রকারে প্রপত্তি স্বীকার করিলে তিনি শিষ্যের ঐসকল অজ্ঞান বিদূরিত করিয়া দিব্যদৃষ্টি প্রদান করেন।

ইত জগতে আমরা দেখিতে পাই, কোনও ব্যক্তির চক্ষুতে ছানি পড়িলে সে অন্ধ হয়, জগতের যাবতীয় বস্তুর অস্তিত্ব থাকা সত্ত্বেও তৎকালে সে তাহা দেখিতে পায় না, তাহার নিকট সবই অন্ধকার বলিয়া বোধ হয়। সেই যদি কোনও জ্ঞানি দূর করিবার জন্য ঠিক ঠিক ভাবে ছানি অস্ত্রোপচার ও তৎপর ঠিক ঔষধ প্রয়োগ করিতে পারে এরূপ কোন চক্ষুচিকিৎসকের নিকট যায়, তাহা হইলে তিনি তাহাকে ভাল করিতে পারেন কিন্তু হাতুরে ডাক্তারের নিকট গেলে সে হয়ত সজীব পাতার রস চক্ষুতে দিতে পারে বটে কিন্তু তাহাতে চক্ষুর ছানি কাটিবে না, অন্ধত্ব ঘুচিবে না; আর যদি সে কোন নির্ব্বোধের নিকট যায়,সে কিছুই জানে না অথচ সাহাদুরী দেখাইবার জন্য চক্ষুতে একটা একটা বিষ ঢালিয়া দেয়,যাহাতে চক্ষু ভাল হওয়া ত' দূরের কথা, রোগীর প্রাণ পর্য্যন্ত বিনষ্ট হয়, তাহা হইলে রোগীর মৃত্যু অনিবার্য্য।

জীব মায়াবদ্ধ হইবার সঙ্গে সঙ্গে তাহার হৃদয়ে অজ্ঞান ছানি পতিত হওয়ায় সে অমৃত লাভ করার সরল পরমার্থ পথের কিছুই দেখিতে পায় না। পরমার্থ জগৎ তৎকালে তাহার নিকট সম্পূর্ণ অন্ধকারময়। এরূপ অবস্থায় যদি এই জড়ীয় আউল, বাউল, কর্ত্তাভজা, নেড়া, দরবেশ, সাঁই, সহজিয়া,সখীভেকী, স্মার্ত্ত, জাতগোসাঁই, অতিবাড়ী, চূড়াধারী গৌরাঙ্গনাগরী প্রভৃতি অনেক প্রকার অপসম্প্রদায়ের নিকট গমন করে তাহা হইলে তাহার কোনও প্রকার মঙ্গল হইবে না, কারণ উহারা নিজদিগকে পরমার্থজগতের চিকিৎসক বলিয়া পরিচয় প্রদান করিলেও নিজেরাই অন্ধ সুতরাং উহাদের মনগড়া কথায় অজ্ঞান-ছানি বিদূরিত হইবে না; যদি সে নিকটে মূর্খ মায়াবাদীর নিকট গমন করে তাহা হইলে সে তাহাকে প্রকৃত অস্তিত্ব জ্ঞান করিতে চেষ্টা করিবে। কিন্তু যদি সে সৌভাগ্যক্রমে দিব্যচক্ষুদান সদ্‌গুরু-বৈষ্ণবরাজের শ্রীচরণাশ্রয় করিতে পারে, তাহা হইলে তিনি সাধন-শাস্ত্রবাণী-শলাকাদ্বারা তাহার ছানিটী কাটিয়া উহাতে অধোক্ষজসেবামৃত অঞ্জন প্রয়োগ করিবেন, ফলে তাহার ভগবৎ জ্ঞান স্ফূর্ত্তিরূপ দিব্যদৃষ্টি লাভ হইবে, তখন সে দেখিতে পাইবে,—

'সর্ব্বত্র কৃষ্ণের রূপ করে ঝলমল।'

তখন জগতের যাবতীয় জিনিষ বিষ্ণুসম্বন্ধীরূপে দর্শনের সৌভাগ্য লাভ করিবে সুতরাং সকল জিনিষদ্বারা ভগবানের সেবা করিবে।

বস্তুতঃপক্ষে সচ্চিদানন্দ-শক্তিমতত্ত্ব শ্রীনিত্যানন্দপ্রভুর শ্রীগুরুদেব আমাদিগের প্রেমানন্দস্ফূর্ত্তি ভক্তিচক্ষু উন্মোচন-পূর্ব্বক 'হ্লাদিনী' ও 'সন্ধিৎ' শক্তিদ্বারা আশ্লিষ্ট সচ্চিদানন্দ-বিগ্রহ শ্রীকৃষ্ণের সেবা-সন্ধান প্রদান করেন।

কৃষ্ণানুসন্ধান

(পণ্ডিত শ্রীপাদ সিদ্ধস্বরূপ সাঙ্খ্যতীর্থ, ভক্তিশাস্ত্রী)

জীবের স্বভাবে আনন্দ অনুসন্ধানকারিণী একটী বৃত্তি বর্ত্তমান। জীব যখন কৃষ্ণ বৈমুখ্যবশতঃ মায়িকজগতে প্রেরিত হন নিত্যই আনন্দ হ'ন,তখন তাঁহার আনন্দানুসন্ধানময়ী বৃত্তিটী কিছুতেই স্তম্ভিত বন্ধনমুক্তির আশ্রয় করিতে হয়। অনিত্য কৃষ্ণসেবাহীন আনন্দস্তম্ভিনী বৃত্তিটীকে চালাইয়া কৃষ্ণসেবা বিমুখিনী বহির্ম্মুখ বুদ্ধিরই আশ্রয় লইয়া জৈবশক্তি বারবার চিরন্তন আনন্দের অনুসন্ধানে লিপ্ত হয়। ইন্দ্রিয়জাত রূপ, রস, শব্দ, গন্ধ, স্পর্শ বিষয়াদিকে নিজ-ভোগ্য জ্ঞানে করিয়া জড়েন্দ্রিয়-বিমূঢ় বদ্ধজীবগণ পার্থিব বিষয়ের অনুসন্ধান করিয়া থাকে। জাগতিক বস্তুমাত্রই অনিত্য। অনিত্য বস্তু কখনই আনন্দ প্রদান করিতে পারে না। অনিত্য বস্তুর তিনটী অবস্থা—পূর্ব্বে ছিল না, বর্ত্তমানে আছে, ভবিষ্যতে থাকিবে না। এই প্রকার ধর্ম্মবিশিষ্ট বস্তুই অনিত্য। এই অবস্থাত্রয়ের কথা সুষ্ঠুরূপে বিচার করিলে বুঝিতে পারা যায়, বস্তুর অভাবকালে অভাবজনিত দুঃখ, বর্ত্তমানকালে বস্তু নষ্ট হইবার যোগ্য বলিয়া ভয় এবং নষ্ট হইয়া গেলে শোক প্রভৃতি লাভ হইয়া থাকে সুতরাং অনিত্য বস্তু দুঃখ, ভয় এবং শোকই প্রদান করিয়া থাকে। এই প্রকার অনিত্য বস্তুর প্রতি আসক্তিই জীবের বন্ধনের এবং নানাপ্রকার দুঃখাদি প্রাপ্তির কারণ হইয়া থাকে। ইহজগতের স্ত্রী, পুত্র, পরিজন, ধন, বিদ্যা, কুলাদি সকলই অনিত্য সুতরাং ইহারা কেহই জীবকে প্রকৃত আনন্দ প্রদান করিতে পারে না। অজ্ঞানাবৃত জীব তাহা বুঝিতে না পারিয়া জাগতিক অনিত্য বিষয় ভোগে শান্তিপ্রাপ্তির আশায় বহু প্রকার প্রয়াসযুক্ত হয়। সেই প্রকার ভোগপ্রয়াসমূলে জীব বহুপ্রকার বস্তুর অনুসন্ধান করিয়া থাকে কিন্তু জাগতিক বস্তু অনুসন্ধান করিয়া বহুকষ্টে লাভ করিলেও পুনরায় হারাইতে হয়। সেইপ্রকার অনুসন্ধানে জীবের প্রকৃত মঙ্গল বা শান্তি নাই। বদ্ধজীবগণ নানাপ্রকার অভাবে অভাগ্রস্ত। কোন একটী অভাব দূরীকরণের জন্য কোন বস্তুর অনুসন্ধান করিয়া থাকে। বহুকষ্টে সংগৃহীত সেই বস্তুটী ক্ষণিকের জন্য অভাবের নিবৃত্তি করিয়া পুনরায় তাহার বিনাশকালে অভাব আনয়ন করে। দ্বিতীয়তঃ কোন একটী বস্তুর সংগ্রহ হইলে সেই বস্তুর অভাবজনিত দুঃখ সাময়িক নিবৃত্তি হইলেও সহস্র সহস্র অন্য অভাব জীবকে আক্রমণ করে। এইরূপ জাগতিক বস্তুর অনুসন্ধান করিতে গিয়া জীব প্রকৃত সুখ বা আনন্দ পায় না। জীবের প্রকৃত মঙ্গল বা আনন্দের সন্ধান তাহারা জানেনা বলিয়া বিবিধ তাপেতে সর্ব্বদা ক্লিষ্ট হয়।

পরমকরুণ পতিতপাবন শ্রীচৈতন্যদেব শ্রীগৌরসুন্দর জগজ্জীবের প্রকৃত মঙ্গলের বার্ত্তা জানাইবার জন্য ধরা সপার্ষদে ভূলোকে অবতীর্ণ হ'ন। যতক্ষণ জীবের কর্ণকুহরে শ্রীচৈতন্যের মঙ্গলময়ী বাণী প্রবিষ্ট না হয় ততক্ষণ জীব অমঙ্গলকেই মঙ্গল বলিয়া বরণ করে। শ্রীচৈতন্য কৃপাপরায়ণ ভক্তজনগণ প্রকৃত মঙ্গলের অনুসন্ধান পাইয়া জগজ্জীবকে তাঁহার সন্ধান প্রদানের জন্য শ্রীচৈতন্যনাম কীর্ত্তন করেন। যাঁহারা ভাগ্যবান্ তাঁহারাই শ্রীচৈতন্যচরণারুজনাথের শ্রীমুখ-বিগলিত শুদ্ধ কীর্ত্তনশ্রবণে অমঙ্গলরাশিকে বিনাশ করিয়া প্রকৃত মঙ্গলের পথে চলিতে থাকেন। ভাগ্যহীন জনগণ নিজ কর্ম্মদোষে অমৃতকে বিষ বলিয়া ভ্রম করে, শ্রীচৈতন্য-বাণীতে পরিতৃপ্ত না হইয়া অচৈতন্য জগতের মায়াবিলাসে রমন্ত হয় এবং স্বীয় মস্তকে কর্ম্মফলযুক্ত পরিত্রাণ করিয়া নিজে নিজেকে বঞ্চনা করিয়া থাকে; তাহাতে আত্মবঞ্চনা না হইয়া আত্মবিনাশই ঘটে। শ্রীচৈতন্য মহাপ্রভু জীবদুঃখে দুঃখী হইয়া জীবকে প্রকৃত শান্তির রাজ্যে লইয়া যাইবার জন্য মঙ্গলের সহজ রাজপথ অধিকার করিয়াছেন। এই অভূতপূর্ব্ব-আবিষ্কার বার্ত্তা জীবের দ্বারে দ্বারে ঘোষণা করিবার জন্য শ্রীচৈতন্যদেবের শ্রীগুরুবর্গগণ সচেষ্ট হইত। শ্রীচৈতন্যের উপদেশরহস্যপূর্ণ সার কৌশল মহামন্ত্রিগণে যে উপদেশটী বর্ত্তমান সেটী আর কিছুই নহে, কেবল কৃষ্ণানুসন্ধান। কত কত আনন্দের জন্য আমরা বহু অনুসন্ধান করিয়াও শান্তির সন্ধান পাইলাম না। তাই শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু মনুষ্যজাতিকে অন্যান্য অনুসন্ধান পরিত্যাগ করিয়া কেবল কৃষ্ণের অনুসন্ধান করিবার জন্য উপদেশ প্রদান করিলেন। জীবগণ এই উপদেশের তাৎপর্য্য উপলব্ধি করিতে চেষ্টা করেন তাহা হইলে তাহারা পরমসমৃদ্ধ হইবেন।

"শ্রীচৈতন্যচরণে দয়া করহ বিচার।
বিচার করিলে চিত্তে পাবে চমৎকার॥"

শ্রীচৈতন্যদেবের অমন্দোদয় দয়ার কথা বিচার করিলে তাঁহার উপদেশের অপূর্ব্ব চমৎকারিতা উপলব্ধি করিতে পারিবেন। তিনি জীবকুলকে কৃষ্ণানুসন্ধানের উপদেশ করিয়া জীবগণের প্রতি যে কি প্রকার দয়া বিস্তার করিয়াছেন তাহা শ্রীচৈতন্যবিমুখ বাক্তিত মায়ার দাসগণ বুঝিয়া উঠিতে পারেন না।

কৃষ্ণ পরিপূর্ণ চেতনবস্তু। তাঁহার লাভে জীবের পরিপূর্ণ চিদ্বৈভব লাভ চিদ্বৈভবের বিকৃত প্রতিফলনই এই জড়বৈভব। জড়বৈভবে বিমুগ্ধ জীবের চিদ্বৈভবের পরম উপাদেয়ত্ব উপলব্ধি করিতে না পারিলেও শ্রীচৈতন্যানুগগণের কৃপায় তাহাতে অভিজ্ঞ হইয়া ক্রমে ক্রমে নশ্বর জড়বৈভবের হেয়ত্ব বুঝিতে পারেন এবং কৃষ্ণপাদপদ্মের অনন্ত চিদ্বৈভবে আকৃষ্ট হ'ন। তাঁহার এই আকৃষ্ট কৃষ্ণসেবাপ্রাপণতার পরিপূর্ণাবস্থায় ঐশ্বর্য্যপ্রিয় কৃষ্ণপ্রেমাকৃষ্টকে তুষ্টীকৃত করিয়া ব্রহ্মেন্দ্রশঙ্করীভিন্নদ্বারা নিজ রহস্য উদ্‌ঘাটন করেন। তখন জীবগণ কৃষ্ণসেবারসে পরিপ্লুত হইয়া পরমশান্তিময় কৃষ্ণলোকে কৃষ্ণসেবারসে নিমগ্ন হ'ন।

কৃষ্ণসেবায় জীবের বিমল আনন্দ। অথচ বিমলানন্দ প্রেম। সেই প্রেমাই জীবের একমাত্র পরম প্রয়োজন। জীবগণ সেই পরমার্থ ভুলিয়া অনর্থের আশ্রয়ে অনাদিকাল হইতে নানাবিধ দুঃখ ভোগ করেন। মায়ার অধীনে মায়ার রাজ্যে বাস করিয়া মায়িক বস্তুর অনুসন্ধানে প্রকৃত প্রাপ্তি জীবগণ কোন দিনই শান্তি পাইবেন না। জীবগণ যতদি

মায়াতীত পরমপুরুষ শ্রীকৃষ্ণচন্দ্রের অনুসন্ধান না করেন, কৃষ্ণসেবাকে স্বধর্ম বলিয়া বরণ না করেন, ততদিন জীবের প্রকৃত মঙ্গল নাই। শ্রীচৈতন্য যখন শ্রীচৈতন্যের উপদেশ মন্ত্রে দীক্ষিত হ'ন তখন মায়াপিশাচীর কবল হইতে উদ্ধার লাভ করিয়া প্রকৃত স্বাধীনতা এবং প্রকৃত স্বরাজ্য লাভ করিয়া সচ্চিদানন্দী হ'ন। কৃষ্ণানুসন্ধানই জীবের পূর্ণমঙ্গল প্রদানের একমাত্র সরল সহজ প্রশস্ত পথ। সেই পথ পরিত্যাগ করিয়া বিপথে গমন করিলে জীবের কোনদিনই মঙ্গল লাভ হইবে না। অতএব শ্রীচৈতন্যপ্রেষ্ঠ শ্রীরূপাদুগ শ্রীগুরুপাদপদ্মের আনুগত্যে কৃষ্ণানুসন্ধানময়ী চিবৃত্তি অবলম্বন পূর্বক কৃষ্ণেতর বিষয়ানুসন্ধান স্পৃহারূপ অনর্থ দুরীকরণের জন্য সরল প্রাণ ব্যক্তিমাত্রেরই সাধন পথ অবলম্বন করা একান্ত কর্তব্য।

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীমন্মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস-প্রণীত মূল, শ্রীমদ্-আচার্য্য-কৃতা তাৎপর্য্য-নির্ণয়টীকা; শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-কৃত সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, সংস্কৃত অন্বয় ও অভিধান, ভূমিকা ও বিস্তৃতসূচীপত্রযুক্ত। প্রতি স্কন্ধের আদিতে সেই স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ অধ্যায়ের সারসার সুবিস্তৃত তাৎপর্য্যাদি বিবৃত। শ্লোকসূচী, বিষয়সূচী, অধ্যায়বিবরণ, পাঠ ও স্থানসংশোধন উহা খণ্ডের উত্তম অক্ষরে মুদ্রিত। প্রথম স্কন্ধ হইতে ১০ম স্কন্ধ পর্য্যন্ত ছাপা সম্পূর্ণরূপে শেষ হইয়াছে। ইহার প্রথম হইতে ৯ম স্কন্ধ পর্য্যন্ত ২১৸০; দশম স্কন্ধ ১২৲; রয়েল ৪০৲।

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদঠাকুর রচিত 'অমৃতপ্রবাহভাষ্য' শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ বিরচিত সুভাষ্যে শ্রুতি-স্মৃত্যাদি বহু শাস্ত্রপ্রমাণ-সম্বলিত হইয়া প্রকাশিত হইয়াছেন। শ্লোকের সান্বয়বঙ্গানুবাদ, বঙ্গানুবাদের প্রত্যেক পয়ারের পূর্ব্বে সংক্ষিপ্ত, অভিধেয় সংযোজিত। প্রত্যেক অধ্যায়-প্রারম্ভে কথাসার দেওয়া আছে। শ্লোক, পয়ার, পদ, স্থান, পাত্র প্রভৃতির সুবৃহৎ সূচী ও গ্রন্থকারের সুবৃহৎ জীবনী সম্বলিত এইরূপ অদ্ভুতপূর্ব্ব সংস্করণ ইতঃপূর্ব্বে কোথাও প্রকাশিত হয় নাই। উত্তম কাগজে পারিপাট্যের সহিত খুব ৯অক্ষরে মুদ্রাঙ্কণ মুদ্রিত হইয়াছে। গ্রন্থ প্রায় ৯০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা বর্ত্তমানে ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত টীকা, পদসূচী, পয়ারসূচী, বিষয়-স্থান পাত্রাদি-সূচী, প্রভৃতি বিবিধ বিষয়ে সম্বলিত বিরাট দ্বিতীয় সংস্করণ রয়েল ক্রাউন ৮ পেজী আকার। আদিলীলা ও মধ্যলীলা দুইখণ্ডে প্রকাশিত হইয়াছেন। ক্রমে ক্রমে প্রকাশিত হইতেছেন। অগ্রিম ভিক্ষা ৫৲ টাকা, আদি লীলার ভিক্ষা ৫৲।

এই গ্রন্থের এরূপ অতিসুন্দর সুলভ সংস্করণ আর কুত্রাপি প্রকাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকাংশের অন্বয়, বঙ্গানুবাদ, টীকা, কথাসার, তথ্য প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। মূল মোটা অক্ষরে উৎকৃষ্ট ক্রাউন আটপেজী আকারে ছাপা হইয়াছে। মূল্য ২৷৷০ টাকা। নদীয়া প্রকাশ ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১৷৷০ টাকা।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের সেই অমিয়া নিস্রাবিণী ভাবোদ্দীপনী ভাবোন্মাদিনী ভাবস্তম্ভিনী ভাবোদ্ভাবিনী ভাবোন্মেষিণী ভাবোন্মোদিনী কৃষ্ণ-কীর্ত্তনিনদবাহিনী ভাবস্রোতির মুক্ত-বিগ্রহ—বৈষ্ণবসিদ্ধান্তের সুরমাসার কৌস্তুভমণি—সম্প্রদায় বৈভবিজ্ঞানাগারের মৌলিক তথ্য—শঙ্করাদি ৩ মাধ্ব বেদ সমন্বয়ক—মহাজন জীবন, বিরহ-বিকাশ—ত্রিদণ্ডিগোস্বামির অচিন্ত্যত্ত্ব-বিচারক—ঐশ্বর্য্য ও মাধুর্য্যতত্ত্বের মৌলিক গবেষণার —সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন তত্ত্বের নির্ণয়

১। প্রথম খণ্ড—বৈষ্ণবদর্শন, ঐক্যতত্ত্ব, কর্ম্ম-ধর্ম্ম, শ্রীমদ্দীক্ষাতত্ত্ব, ঈশ্বরতত্ত্বনীতি, পাঞ্চরাত্রিকী দীক্ষা ও বর্ণ-বিচার, আত্মধর্ম্ম ও মনোধর্ম্ম, গৌড়েশ্বরদের ও তাঁহার শিক্ষা, অপ্রাকৃত মঙ্গলপন্থা ও প্রাকৃত সহজপন্থা, প্রভৃতি বিংশতি সংখ্যক রত্নে সুশোভিত। ভিক্ষা মাত্র ৸০ বার আনা।

২। দ্বিতীয় খণ্ড—শ্রদ্ধা ও ভিক্ষা ভক্তি, মন্ত্রতত্ত্বের কোশল, আত্মার নিত্যবৃত্তি, শ্রীগুরু স্বাধিপাদ ও মায়াবাদ, শ্রীগৌড়-নিত্যানন্দপ্রসঙ্গ, হিন্দুদের রথ ও কৃষ্ণ-কীর্ত্তন, শ্রীবাসপুরুষে শ্রীমহাপ্রভুর কীর্ত্তন, শ্রীগৌর-ধামের মহিমা, মহাপ্রসাদ, শ্রীগোবিন্দ, শ্রীরূপানুগভজন-পথ, শ্রীনবদ্বীপ ধামপরিক্রমী, শ্রীচৈতন্যদেবের কথা, গৌরকৃষ্ণ ও কৃষ্ণনাম—ইত্যাদি অপূর্ব্ব মধুরিমাপূর্ণ-প্রবন্ধে বিভূষিত। ভিক্ষা ১৲ টাকা।

প্রথম ও দ্বিতীয়—২টী খণ্ড একত্রে লইলে ভিক্ষা দেড় টাকা, ডাক খরচ স্বতন্ত্র।

শ্রীমদ্ভগবদ্গীতা

গৌড়ীয়-বৈষ্ণবধর্ম্মানিক-শেখর শ্রীশ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তিপাদকৃত ভাষ্য ও শ্রীভক্তিবিনোদ ঠাকুরের প্রাঞ্জল বঙ্গভাষায় বিবৃত 'শিবাঙ্গদন' নামক ভাষ্যযুক্ত। অধ্যায়-সূচী, বিষয়সূচী, ও প্রতি শ্লোকের প্রথম ও তৃতীয় পাদ সূচী, ভাষ্যানুবাদের জীবনী প্রভৃতি সম্বলিত। উৎকৃষ্ট বাঁধাই, রাজসংস্করণ (তৃতীয় সংস্করণ) গ্রন্থের ভিক্ষা ২৲ টাকা।

প্রমেয়রত্নাবলী

শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ-প্রণীত বৈষ্ণবদর্শন, সন্দর্ভ ও গোবিন্দ-ভাষ্যাদি গবেষণার প্রথম গ্রন্থ। উৎকৃষ্ট কালিতে ছাপা। সুবিস্তৃত টীকা ও প্রাঞ্জলবঙ্গানুবাদ-সাহায্যে অতি সহজে বালকেরও বোধগম্য হইয়া থাকে। ভিক্ষা ।৵০ আনা মাত্র।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

(ব্রহ্মখণ্ড) সানুবাদ। শ্রুতি-স্মৃত্যাদি গ্রন্থে শ্রীনবদ্বীপের যে মহিমা কীর্ত্তিত আছে, তাহার মূল সংস্কৃত ও অনুবাদ। ভিক্ষা ।৵০ আনা।

শ্রীনবদ্বীপভাবতরঙ্গ

শ্রীঠাকুর ভক্তিবিনোদ বিরচিত। সুললিত গীতাকারে পরিক্রমার ইতিবৃত্তি বিবৃত। ভিক্ষা ।০ আনা।

ভক্তিরত্নাকর ও নবদ্বীপ পরিক্রমা

শ্রীল নরহরি চক্রবর্ত্তি-ঠাকুর রচিত। ভক্তিরত্নাকর হইতে পরিক্রমাংশ মাত্র গৃহীত; শ্রীমীর গোস্বামী কি প্রকারে শ্রীনবদ্বীপধামে পরিক্রমা করিয়াছিলেন, তাহাই পদ্যে বিবৃত। ভিক্ষা ৵০ আনা

শ্রীচৈতন্যমঠ হইতে

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রণীত শ্রীচৈতন্য শিক্ষা প্রণালী—কৃষ্ণ, কৃষ্ণভক্তি ও রস—বদ্ধ ও মুক্ত জীব অচিন্ত্য-ভেদাভেদ তত্ত্ব—সাধন-নির্দ্দেশ—প্রয়োজন-তত্ত্ব, কাম, নামাভাস নিবৃত্তি—হরি ভক্তি, ভাবোদ্ভব প্রেম ও বিপ্রলম্ভ মাধুর্য্য-প্রকাশ ও অপ্রাকৃত নবীন পরিচয়াদি প্রথম শিক্ষার্থীর উপযোগী করিয়া সরল ভাষায় সুন্দর যুক্তিপ্রমাণাদি লিখিত আছে। ১৩শ সংস্করণ মূল্য ২৲ টাকা, আকারে ১৮০ টাকা মাত্র।

গৌড়ীয়কণ্ঠহার

শ্রীগৌড়ীয় বৈষ্ণবগণের কণ্ঠে ধারণযোগ্য প্রতি শ্লোক পুরাণ-পঞ্চরাত্রাদি শাস্ত্র-শাসনমূলের প্রমাণাদি বিষয়বিভাগক্রমে সন্নিবেশ করিত। এরূপ বৈষ্ণব [illegible] অন্য কুত্রাপি প্রকাশিত হয় নাই। ইহাতে ৭৩ প্রকার—স্নানমন্ত্র—বৈষ্ণব—গৌর—নিত্যানন্দ-অদ্বৈত গুরু—গণ—ভগবত্তত্ত্ব—জীব—অভিন্নব্রজধাম—অভিধেয়—সাধনভক্তি—বর্ণ ধর্ম্ম—আশ্রম-ধর্ম্ম—ভক্তমাল—ঐকাদশী—প্রয়োজন ও যোগপীঠত্রয়াদি পৃথক্ অধ্যায়ে শ্লোকাদি সংযোগে উৎকৃষ্ট রঙ্গিন কাগজে রোয়েল ৪০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা ।৵ টাকা মাত্র।

শ্রীনবদ্বীপধাম-পরিক্রমাবলী

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত "মনঃশিক্ষা—ধাম-প্রার্থনার মর্ম্মসহ প্রমাণ গ্রন্থ—শ্রীল নরহরি সরকার ঠাকুরের গ্রন্থ [illegible]—উহার নবদ্বীপ পরিক্রমা—হরিনাম মহামন্ত্র—শ্রীমৎ প্রবোধানন্দকৃত নবদ্বীপশতক—শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ প্রভৃতি গ্রন্থ একত্র ভিক্ষা ।৵০ আনা মাত্র।

শ্রীহরিনামামৃত ব্যাকরণ

শ্রীকবি গোস্বামী প্রভুপাদ-বিরচিত সূত্র ও বৃত্তি সহকে ওঁবিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের বিস্তৃত ভূমিকা ও সূচী প্রভৃতি সহ অপ্রাকৃতাশিক্ষার্থে সুলভ। ভিক্ষা [illegible] টাকা, ছাত্রগণের পক্ষে ১৷৷০ টাকা মাত্র।

বেদান্ততত্ত্বসার

শ্রীমদ্রামানুজাচার্য্য-রচিত। বেদান্তের বিশিষ্টাদ্বৈতবাদ প্রচারক শ্রীভাষ্য প্রণেতা আচার্য্য প্রবর বেদান্তদর্শন পাঠের উপযোগী করণার্থ এক উত্তম করিয়াছেন। ইহাতে বঙ্গানুবাদ ও সূত্রপত্রাদি সংযোজিত করা হইয়াছে। নাম মাত্র ভিক্ষা ।৵০ আনা।

শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও নবদ্বীপশতক

গৌড়পাদ শিরোমণি শ্রীমৎ প্রবোধানন্দ সরস্বতী প্রণীত মূল, প্রভুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ সরস্বতী গোস্বামী মহারাজ সম্পাদিত অন্বয়মুখে বাঙ্গলা ও বঙ্গানুবাদ সংলিত। নবদ্বীপশতকের শ্রীভক্তিবিনোদ ঠাকুরের পদানুবাদ ও তৎসহ শ্রীমন্মহাপ্রভুর লক্ষ্মী প্রিয়াদেবীর অপ্রাকৃত চিত্র প্রদত্ত হইয়াছে। মূল ও কাগজ উৎকৃষ্ট (২ খানা একত্রে) ভিক্ষা ।৵০ আনা, অতি সুলভ। বাঁধাই রাজসংস্করণ ১৲ টাকা মাত্র

শ্রীবিষ্ণুপ্রিয়া

শ্রীমদ্ভাগবতের শিক্ষা ও শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর প্রতি শ্রীরূপ গোস্বামীর উপদেশাবলি, ভাগবতের অনুকূল ও প্রতিকূল বিষয়ে তুলনামূলক সংক্ষিপ্ত আলোচনা, বিস্তৃত বিষয়সূচি, চারিখণ্ডের প্রমাণ, সাধন ব্যাখ্যা ও মহাজন-পদাবলী শতাধিকের শ্রীমন্মুখ প্রত্যেক শ্লোকের সহিত সন্নিবেশিত হইয়াছে। এর সম্বন্ধে ভিক্ষা ৸৹ আনা।

সাধন-কণা

বৈষ্ণবনাথ কথা গোস্বামীর মন্তব্যিতা, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-চরিত পাঠানুযায়ী। ভিক্ষা ।৹ আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা

শ্রীল ঠাকুর নরোত্তম দাস ঠাকুর গোস্বামিবিরচিত প্রার্থনা-পুস্তক। ভিক্ষা ।৹ আনা মাত্র।

কল্যাণকল্পতরু

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত শ্রীল প্রবোধানন্দ সরস্বতী পাদের সংস্কৃত ও বৈষ্ণবতোষণী সুলভিত পদ্যানুবাদ। ভিক্ষা ।৹ আনা মাত্র।

অর্থপঞ্চক

শ্রীল লোকনাথ দাস [illegible] স্থানের আকর গ্রন্থ। ভিক্ষা ।৹ আনা।

সদাচারস্মৃতি

শ্রীল মহাদেবা-প্রণীত। বৈষ্ণবের [illegible] সদাচারা বলী, অনুবন্ধ [illegible]। ভিক্ষা ।৹ আনা মাত্র।

মণিমঞ্জরী

কবিকুলকেশরী [illegible] শ্রীমদ্ভাগবতের সংক্ষিপ্ত ভাবসমৃদ্ধ ও সুললিত পদ্যানুবাদ। মাশুল ।৹ আনা মাত্র।

গৌরকৃষ্ণোদয়

প্রাচীন কবি [illegible] [illegible] ।৹ আনা।

যুক্তিমল্লিকা, গুণগৌরব ;

শ্রীমদ্ভাগবতের প্রথম [illegible] স্বামিকৃত। বঙ্গাক্ষরে বাঙ্গালায় এই গ্রন্থের প্রকাশ পারমার্থিক সাহিত্য জগতে এই সর্ব্বপ্রথম। শ্রীমদ্ভাগবত হইতে গৌড়ীয়গণের বিশেষ মতবাদ যাহা শ্রীমদ্ভাগবতের টীকা স্বামী এই গ্রন্থে [illegible] ও লৌকিক ন্যায়শাস্ত্রের কিরূপ সুন্দরভাবে [illegible] সমূহ খণ্ডন করিয়াছে, তাহা পাঠ করিতে করিতে আনন্দাপ্লুত হইতে হয়। ইহাতে যুক্তির দ্বারা চার্ব্বাক, বৈদান্তিক, বৌদ্ধ, মীমাংসক ও মায়াবাদিমত-সমূহের সুন্দর খণ্ডন হইয়াছে। ভিক্ষা ২৲ টাকা মাত্র।

গোস্বামী শ্রীল রঘুনাথ দাস

শ্রীযুক্ত সেনগুপ্ত ও শ্রীযুক্ত যে, এম নরিম্যানকে বিপুল অভ্যর্থনা দেওয়া হইয়াছে। শ্রীযুক্ত নরিম্যান কেরল ছাত্র সম্মিলনে সভাপতিত্ব করিয়াছিলেন।

চীনে বৈদেশিকদিগের অধিকার

গত বর্ষা যে ইংরাজের যে সমস্ত রাষ্ট্রাধিকার আছে, তাহা পরিত্যাগের জন্য বহু দিন ধরিয়া ব্রিটেন ও চীন কর্তৃপক্ষের মধ্যে কথাবার্ত্তা চলিতেছিল কিন্তু রাজদূতের অধিকারের দাবীর লইয়া এই কথাবার্ত্তা ভাঙ্গিয়া গিয়াছে। শীঘ্রই এক কথাবার্ত্তা আরম্ভ হইবে, এমন লক্ষণ দেখা যায় না। কিন্তু আমেরিকা, ফ্রান্স ও জাপানের সহিত আপোষের সম্ভাবনা দেখা যাইতেছে। এরূপ বিশ্বাস যে, চীনা কর্তৃপক্ষ এই যে তারিখ বৈদেশিকদিগের রাষ্ট্রাধিকার অধিকারমুক্ত লুপ্ত করিবার জন্য ঘোষণা করিবেন।

দিল্লী ষড়যন্ত্রের মামলা

আদালতে বিপ্লবাত্মক ধ্বনি

গত ২রা মে মঙ্গা সেণ্ট্রাল্ট কট অট্টালিকায় দিল্লী ষড়যন্ত্র মামলার শুনানী আরম্ভ হয়। আদালতগৃহে কড়া পুলিশ পাহারা ছিল। কক্ষে প্রবেশ করিবার পূর্ব্বে মহিলাদিগকে পর্য্যন্ত তল্লাস করিয়া দেখা হইয়াছিল। আসামীদিগকে হাতে হাত কড়ি দিয়া আদালতে আনা হইয়াছিল এবং আদালতে আসিয়া আসামীগণ বিপ্লবাত্মক ধ্বনি করিয়াছিল। উক্ত দিবস সরকার পক্ষের ৩ জনের সাক্ষ্য গ্রহণ করা হইয়াছে।

Reg No C.1544

দৈনিক নদীয়া-প্রকাশ

সাহায্যের হ
আগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৷৷০
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৫

বিজ্ঞাপনের হার
প্রতিবার
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৯৲
অর্দ্ধ কলম ৫৷৷০
সিকি কলম ২৲
ইঞ্চির নীচ
৬ছত্র।

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার একমাত্র সুলভপত্র

৬ষ্ঠ খণ্ড] সম্পাদক—শ্রীযুক্ত যতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [৫৭শ সংখ্যা

শ্রীচৈতন্যাব্দ শ্রীগৌরাঙ্গ আবাসপুর ২৩শে বৈশাখ শনিবার ১৪৫৮, ৬ই মে ১৯৩১

নানা কথা

কুষ্টিয়ার বিবিধ সংবাদ

মিউনিসিপ্যালিটির নির্ব্বাচন

কুষ্টিয়ার আগামী মিউনিসিপাল নির্ব্বাচনে ৫টি ওয়ার্ডের প্রত্যেক ওয়ার্ড হইতে যাহাতে কংগ্রেস মনোনীত সভ্য নির্ব্বাচিত হইতে পারেন, এজন্য স্থানীয় কংগ্রেস সম্প্রতি তাঁহাদের মনোনীত প্রার্থীদের নাম প্রকাশ করিয়াছেন। বেশ প্রতিযোগিতা হইবার সম্ভাবনা, এখন হইতেই এসম্বন্ধে সহরে রীতিমত আলোচনা চলিতেছে।

আমোদ-প্রমোদ

কুষ্টিয়া সহরের যুবকবৃন্দ সম্প্রতি দুই-দিনে "মন্ত্রশক্তি" "পথের শেষ" ও "সবুজ পাতা" অভিনয় করিয়া শ্রোতৃবৃন্দের প্রশংসা অর্জ্জন করিয়াছেন। স্থানীয় "পরিমল সমিতি" কিছুদিন পরিত্যক্ত অবস্থায় পড়িয়াছিল; বর্ত্তমানে আবার তরুণদলের আনন্দ কলরবে মুখর হইয়া উঠিয়াছে। "যতীন্দ্র মোহন হলে" তরুণগণের সাদ্ধ্য সম্মেলনের বৈঠক বসাতে স্থায়ী হয়, তজ্জন্য যুবকদের মধ্যে সাড়া পড়িয়া গিয়াছে এবং প্রবল উদ্যোগে কার্য্য আরম্ভ হইয়াছে।

কুষ্টিয়া মিউনিসিপ্যাল একাডেমী

"কুষ্টিয়া মিউনিসিপাল একাডেমী" নামক উচ্চ ইংরাজী বিদ্যালয়ের নির্ম্মাণ কার্য্য প্রায় শেষ হইয়াছে এবং কয়েক দিন হইল ভাড়াটিয়া টিনের বাড়ী হইতে ছাত্রদিগকে নিজস্ব পাকা বাড়ীতে স্থানান্তরিত করা হইয়াছে। এই স্কুলটি সম্প্রতি সাইরাজী বিদ্যালয় হইতে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অনুমোদন অনুযায়ী উচ্চ ইংরাজী বিদ্যালয়ে পরিণত হইয়াছে।

কুষ্ঠিয়ার বিবিধ সংবাদ

কুমিল্লার পথে শ্রীযুক্ত সুভাষচন্দ্র

জেলে শ্রীযুক্ত সুরেশ দাস

ব্রাহ্ম মহিলার হত্যার জের—দুইজন আমানীর

হাজত বাস

নেত্রকোনায় ঘূর্ণীবাত্যা

মুক্তিপ্রাপ্ত রাজবন্দীর বিরুদ্ধে মামলা

ভি, জে, প্যাটেলের স্বাস্থ্য

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার-গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

আবহাওয়া ও স্বাস্থ্য

গত বৎসর বর্ষার পর হইতে এপর্য্যন্ত আর বৃষ্টি না হওয়ায় জনসাধারণের, বিশেষতঃ কৃষকগণের যে দুর্দ্দশা উপস্থিত হইয়াছে, তাহা অবর্ণনীয়। অনাবৃষ্টির জন্য শস্যের অত্যন্ত ক্ষতি হইতেছে। নিকটস্থ গ্রাম সমূহ হইতে দুই একটী কলেরা ও বসন্ত আক্রমণের সংবাদ পাওয়া যাইতেছে।

কুমিল্লার পথে শ্রীযুক্ত সুভাষচন্দ্র

কুমিল্লা রাজনৈতিক কর্ম্মী সম্মেলনের নির্ব্বাচিত সভাপতি শ্রীযুক্ত সুভাষচন্দ্র বসু, জেলা ছাত্র ছাত্রী সম্মেলনের নির্ব্বাচিত সভাপতি সাহিত্যিক সম্রাট্ শ্রীযুক্ত শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত বিপিনবিহারী গাঙ্গুলী, শ্রীযুক্ত হরিকুমার চক্রবর্ত্তী, শ্রীযুক্ত অশ্বিনীকুমার গাঙ্গুলী, ক্যাপ্টেন নরেন্দ্রনাথ বসু, শ্রীযুক্তা বিমল-প্রতিভা দেবী, বঙ্গীয় প্রাদেশিক ছা সমিতির সম্পাদিকা শ্রীযুক্তা কিরণচন্দ্র ন সম্পাদক শ্রীযুক্ত অশ্বিনাশ ভট্টাচা গত ৬ই মে চট্টগ্রাম মেলে কুমিল্লা যা করিয়াছেন।

বিভিন্ন ষ্টেশনে সম্বর্দ্ধনা

তাঁহারা পথে রাণাঘাট, তারপাশ এবং পরবর্ত্তী প্রত্যেক ষ্টেশনে বিপুলভাবে সম্বর্দ্ধি হন। ঈশ্বরদী ষ্টেশনে ইঁহার পৌঁছিব বহু পূর্ব্বেই বিশ হাজারেরও অধিক লো তাঁহাদের সম্বর্দ্ধনার্থ তথায় সমবেত হইয় ছিল। তাঁহারা টাঙ্গাইলে পৌঁছিলে বিপু জনসঙ্ঘ অভ্যর্থিত হন।

ভি, জে, প্যাটেলের স্বাস্থ্য

শ্রীযুক্ত বি, জে, প্যাটেলের চি চিকিৎসক ডাঃ সি, টি, প্যাটেল ভিয়েন হইতে সংবাদ পাঠাইয়াছেন যে, শ্রীযুক্ত বি জে, প্যাটেল লাদিস্লোস ৫সেবাসদন স্থাপন করিয়া অবসরপ্রাপ্ত একটী স্থা নিয়োগ করেন। ঐ স্থানটি ভিয়েনা হই ট্রেণে ৮ ঘণ্টার পথ। এইস্থানে তি তিন সপ্তাহ কাল অবস্থান করিবার মন করিয়াছেন। তথা হইতে প্রত্যাবর্ত্তনে পর শ্রীযুক্ত প্যাটেলের স্বাস্থ্য পুনরায় পরী করিয়া অস্ত্রোপচার আবশ্যক কি না স্থি করা হইবে।

সিরাজগঞ্জে বৃষ্টি

গত রবি বার সিরাজগঞ্জে বেশ বৃ হইয়াছে কোন কোন স্থানে খুব বৃষ্টি হ বলা হইতেছে; কোথাও কম হইয়াছে আশা করা যায় এই বৃষ্টিতে ধান এ পাটের খুব উপকার হইবে।

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও আদর্শচরিত্র শিক্ষকগণ ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য নিম্ন মূল্যে সুন্দর আসবাবের আলোবাতাসযুক্ত হোষ্টেল আছে।

বিস্তারিত জানের জন্য নিম্নলিখিত ঠিকানায় পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

---

৫০ বৎসরের পরীক্ষিত কয়েকটী মহৌষধ—

[illegible]

১। চন্দ্রপ্রভা বটী—[illegible]

২। সুষুম্নাসন্ধান বটিকা—[illegible]


৩। অমৃত বটিকা—[illegible]

উক্ত তিন প্রকারের প্রত্যেক ঔষধের মূল্য [illegible]

প্রাপ্তিস্থান—আর্য্য ঔষধালয়

[illegible]

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠতীর্থের



[illegible]

তাক্তারিখানা—১১৯নং ঊল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

মদন মঞ্জরী

[illegible]

হাইড্রোসিল বা কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস্, এন, ঘোষ বিনা অস্ত্রে, বাক্‌জীবনের গ্যারাণ্টি দিয়া বৈদ্যুতিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

৮৮ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, বহুবাজার, কলিকাতা।

১। শূলাঙ্কুর

শিরঃশূলের অব্যর্থ মহৌষধ। ১ মাত্রায় উপশম, সপ্তাহে আরোগ্য। [illegible] ৮০ বার আনা, বড় ১।০ আনা। মাশুল পৃথক্।

২। শুক্রাচার্য্য সঞ্জীবনী পোষ্টাই

কামের ও অন্তঃকের একমাত্র মহৌষধ। মূল্য ১ ডিবা ১।০ আনা। মাশুল পৃথক্

৩। সন্ন্যাসী-প্রদত্ত অর্শরোগের অব্যর্থ আংটী

আরোগ্য না হইলে মূল্য ফেরৎ। মূল্য ১।০আনা। মাশুল পৃথক্।

৪। কোষ্ঠ-বান্ধব পীল

অজীর্ণ, ঢেঁকুর, পেটফোলার মহৌষধ। ডিবা ৪০ আনা। মাশুল পৃথক্

৫। বাতলীন

বাতরোগের মহৌষধকারী ও সপ্তাহে আরোগ্য। প্রতি শিশি ১০ আনা। মাশুল পৃথক্।

রবার-ষ্ট্যাম্প প্রস্তুতকারক। সচিত্র ক্যাটালগের জন্য পত্র লিখুন।

প্রতিষ্ঠান—মনোমোহন লেবরেটরী

পোঃ উয়ারী, কমলাপুর, ঢাকা।

মনোমোহন প্রেস

পূর্ব্ববাঙ্গালায় স্থলভে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত

বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে

বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

১৩নং শাঁখারীপুকুর, ঢাকা।

মরা মানুষ বাঁচাইবার উপায়



বহিত অথাদি করুক মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি ডাক্তারী মানবিক অনিয়মিত উপায় অপরিমিত শক্তি নষ্ট করিয়া অনেকে মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার রোগ, যেমন ধাতু দৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, বহুমূত্র, হৃদয়, পাকস্থলী সংক্রান্ত পীড়া, অম্ল এবং স্ত্রীলোকদিগের মধ্যে যাহা যাহাদের বন্ধ্যা, মৃতবৎসা, স্বাতকা, শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটার্স সাহেবের আবিষ্কৃত ইলেক্‌ট্রিক ভলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন তাহার শত সহস্র প্রমাণ প্রতি বৎসরেই পাওয়া যাইতেছে যাঁহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ১৯০ টাকা মাত্র।

সোল এজেন্ট—

ডাঃ ডি, ডি, হাজরা।

কলেজপুর, গার্ডেনরিচ পোষ্ট, কলিকাতা

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন

মায়াপুর নদীয়া প্রকাশ প্রেস হইতে শ্রীযুক্ত [illegible] কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠবার্ত্তাবহ

শ্রীগৌরাব্দ ৪৪৮ পুরু—২৬শে বৈশাখ শনিবার—১৩৩৮

আশার ছলনা

(শ্রীযুক্তা প্রফুল্লকুমারী দেবী ভক্তিশাস্ত্রী)

কে আসিছে ঐ বিকট ভীষণ বেশ ব্যালান করি'
তাণ্ডবনৃত্যে কাঁপায়ে ভুবন রাজায়ে কালের কেরী ;
জীবন প্রভাতে নবীন আশার
তপন আলোকে ফুটেনি যাঁহার
নিতেছে আনিয়া ধ্বনিকাখানি সকলি সমাপ্ত করি'
উথান পতন পলকে প্রলয় দেখায় সুমুখে ধরি ॥

তবু পুনরায় আশার কুহকে
আকাশ কুসুম রচি' মনোসুখে
মনের মতন কত যে সাজাই, নাই তার কোন ঠিক।
কেন এ দুরাশা জাগাও পরাণে, মায়াবিনি তোরে ধিক্ ॥

ধসিয়ে নিতে আশার অঙ্কুর
কত যে ঘুরাবে করিয়া চঙ্কুর
একি এ ছলনা, বুঝিতে পারিনা, কেন যাই ভেসে ভেসে,
আশার কুহকে আপনা পাসরি যাইতেছি কোথা ভেসে ॥

আলেয়া দেখায়ে পথীর আঁধারে ফেল গো মোরে ফেলি,
একি গরমার, সাধের জীবনে কে দিল গরল ঢালি ?
বিকট ভীষণ শিছনে রাখি ?
চারু ছবি চোখে কেন গো আঁকিলা
মানবে মোহিনী রূপের নেশায় সকলি সুন্দর দেখি।
শেষে দেখি হায় প্রহেলিকাময় মৃগতৃষিকার বারি ॥

আশার ছলনে প্রতারিত হ'তে
এসেছে কি সবে এই অবনীতে
জীবন যাঁহার প্রভাত মুহূর্ত্তে হবে যদি অবসান।
তবে কেন নরে নিমেষের তরে করে বিধি বিশ্বে বাস ॥

দুঃসঙ্গ

দুঃসঙ্গ বর্জ্জন না করিলে কাহারও প্রকৃত মঙ্গল লাভ হয় না। অতএব দুঃসঙ্গ সম্বন্ধে বিশেষ জ্ঞান আবশ্যক।

প্রথমতঃ দেখা যাউক, 'দুঃসঙ্গ' কাহাকে বলে ? সাধারণ বিচারে দেখিতে পাওয়া যায়, যাহার যেরূপ বস্তু বা ব্যক্তিতে রুচি, তৎপ্রতিকূল বস্তু বা ব্যক্তিই তাহার বিচারে দুঃসঙ্গ।

সচ্চরিত্র ব্যক্তি দুশ্চরিত্রকে দুঃসঙ্গ জ্ঞানে বর্জ্জন করিয়া থাকেন। সাধু অসাধুকে দুঃসঙ্গ বিবেচনায় তাহার সঙ্গ ত্যাগ করেন, কিন্তু অতীব আশ্চর্য্য ও হাস্যের বিষয় এই যে, যাঁহারা প্রকৃতই দুঃসঙ্গে অবস্থিত, তাঁহারা আবার সাধুসঙ্গকে 'দুঃসঙ্গ' বলিয়া কীর্ত্তন করেন। যেমন, কাহারও পুত্র যদি বাস্তবিক কোন সাধুর সঙ্গ লাভ করিয়া সংসার-সুখে জলাঞ্জলি প্রদান পূর্ব্বক সাধুসঙ্গে সতত কাল যাপন করেন, তবে তাঁহার পিতামাতা বিচার করেন যে, তাহাদের সন্তানের দুঃসঙ্গে পড়িয়া বুদ্ধি খারাপ হইয়া গিয়াছে। নতুবা রাজার ঐশ্বর্য্য, অপ্সরাসমা ভার্য্যা ত্যাগ করিয়া কি কেহ সন্ন্যাসীর সঙ্গে কাল যাপন করে ?

কবিকুলচূড়ামণি শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু শ্রীচৈতন্যচরিতামৃতে 'দুঃসঙ্গ' শব্দের এই প্রকার অর্থ করিয়াছেন,—

'দুঃসঙ্গ' কহিয়ে কৈতব, আত্মবঞ্চনা।
কৃষ্ণ, কৃষ্ণভক্তি বিনা অন্য কামনা ॥

কৃষ্ণসেবা ব্যতীত আর যাহা কিছু কামনা করা যায়, সবই দুঃসঙ্গ। কৃষ্ণসেবার উপায়স্বরূপ কৃষ্ণভক্তি ব্যতীত যাহা কিছু অনুষ্ঠান করা যায়, সে সমস্তই দুঃসঙ্গ। অষ্টাঙ্গযোগ, কর্ম্ম, জ্ঞান, যোগ, তপস্যা, দান, ধ্যান, পুত্রৈষণা, বিত্তৈষণা, স্বর্গৈষণা প্রভৃতি সকলই দুঃসঙ্গ।

যেমন রোগীর পক্ষে চিকিৎসকের উপদেশানুসারে ঔষধ-পথ্যাদি গ্রহণ করিতে হয়, চিকিৎসকের অনুমতি ব্যতিরেকে কুপথ্যাদি গ্রহণ করিলে তাহার রোগ বিনাশ না হইয়া রোগ বৃদ্ধিপ্রাপ্ত হইয়া থাকে, তদ্রূপ সাধনরাজ্যেও পূর্ব্বোক্ত দুঃসঙ্গসকল ত্যাগ না করিলে প্রকৃত মঙ্গল লাভ করা যায় না।

সাধুসঙ্গই কৃষ্ণভক্তি জন্মাইবার মূল কারণ। কিন্তু যে সাধুসঙ্গ লাভ করিলে সর্ব্বসিদ্ধি হইয়া থাকে, দুঃসঙ্গ বর্জ্জন না করিয়া তাদৃশ সাধুসঙ্গে কোটিকল্প যাবৎ অবস্থান করিলেও কোন সুবিধা হইবে না, যাবজ্জীবন ধরিয়া শ্রীনামকীর্ত্তন করিলেও কোন মঙ্গল হইবে না।

তজ্জন্যই শ্রীমদ্ভাগবত তারস্বরে ঘোষণা করিয়াছেন—

ততো দুঃসঙ্গমুৎসৃজ্য সৎসু সজ্জেত বুদ্ধিমান্।
সন্ত এবাস্য ছিন্দন্তি মনোব্যাসঙ্গমুক্তিভিঃ ॥

এই শ্লোকটীতে তিনটী বহুমূল্য কথা আছে,—(১) দুঃসঙ্গ বর্জ্জন, (২) সৎসঙ্গ গ্রহণ ও (৩) সাধুর লক্ষণ।

কেবল দুঃসঙ্গ ত্যাগ করিলেই চলিবে না, যাহাতে তাহা হইতে অব্যাহতি লাভ করা যায়, যাহাতে ঐ দুঃসঙ্গ আসিয়া পুনরায় আক্রমণ করিতে না পারে, তজ্জন্য একটী দৃঢ় অন্তরায় আবশ্যক। তাহা আর কিছু নয়—সাধুসঙ্গ।

ভগবান্ শ্রীকৃষ্ণ তাঁহার প্রিয়তম ভক্ত উদ্ধবকে লক্ষ্য করিয়া এই শ্লোকটী শ্রীমদ্ভাগবতের ১ম স্কন্ধে ১৮ অধ্যায়ে বলিয়াছিলেন। ঐ তিনটী বস্তুই তাঁহার লক্ষীভূত ছিল।

ঐলরাজ পুরূরবা উর্ব্বশী-সঙ্গ পরিত্যাগ করিয়াছিলেন বলিয়া পরিণামে স্বীয় আত্মাতে আত্মারাম শ্রীহরির দর্শন লাভ করিতে পারিয়াছিলেন। সুতরাং বুদ্ধিমান্ ব্যক্তি বিচার পূর্ব্বক সর্ব্বপ্রযত্নে দুঃসঙ্গ বর্জ্জন করিবেন।

সাধুসঙ্গে অবস্থান ব্যতীত দুঃসঙ্গ বর্জ্জনের দ্বিতীয় পন্থা নাই। কারণ, সাধুগণের কৃত্য এই যে, তাঁহারা সর্ব্বদা নিরন্তর জীবগণের বিষয়-বাসনারূপ দুষ্পথগুলিকে (দুঃসঙ্গগুলিকে) শাস্ত্রযুক্তি রূপ [illegible] কৃপার দ্বারা ছেদন করিয়া দেন

দুর্ব্বৃত্তলিঙ্গ উদ্ধার-পথে

শ্রীল প্রভুপাদ

(শ্রীনারায়ণ দাস অধিকারী ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী এম,এ-প্রেরিত)

পাঠকগণ অবগত আছেন, গত [illegible] মে শ্রীল প্রভুপাদ কলিকাতা শ্রীগৌড়ীয় হইতে পার্ব্বিলিং মেলে শ্রীপাদ অনন্তবাসুদেব পরিব্রাজকাচার্য্য প্রমুখ ভক্তবৃন্দ দুর্ব্বৃত্তলিঙ্গ অভিমুখে যাত্রা করেন। বহু সম্ভ্রান্তলোক শিয়ালদহ ষ্টেশন পর্য্যন্ত শ্রীল প্রভুপাদের অনুগমন করিয়াছিলেন। অন্যান্য রাণাঘাট ষ্টেশন পর্য্যন্ত শ্রীল প্রভুপাদের [illegible] পাঠকগণ অবগত আছেন।

কৃষ্ণনিয়াড়ী ষ্টেশনে শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী এবং ডাঃ শ্রীযুক্ত অমরেন্দ্রচন্দ্র [illegible] মহোদয় শ্রীল প্রভুপাদের অভ্যর্থনার নিমিত্ত পূর্ব্ব হইতে অপেক্ষা করিতেছিলেন। ভদ্রলোকটি ষ্টেশনে শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর মহাশয়ের প্রিয় শিষ্য শ্রীযুক্ত কৃষ্ণকান্ত ভৌমিক ভক্তিরত্ন মহোদয়ের শ্রীযুক্ত মহেন্দ্রী ডলীটসের পুত্র (ধনকুবের শ্রীযুক্ত বিমলা মহোদয়ের জামাতা) এবং অন্যান্য স্থানীয় ভদ্রমহোদয়গণ পুষ্পমাল্য দ্বারা শ্রীল প্রভুপাদকে অভিনন্দিত করেন। শিলিগুড়ি ষ্টেশনে স্থানীয় কংগ্রেস-নেতা লব্ধপ্রতিষ্ঠ ব্যবহারাজীব শ্রীযুক্ত লক্ষ্মীনারায়ণ মল্লিক (সাহানা) মহাশয় প্রমুখ স্থানীয় সজ্জন-মণ্ডলী শ্রীল প্রভুপাদের অভ্যর্থনা করেন।

শ্রীমৎ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী মহারাজ কিছুদিন পূর্ব্ব হইতে দার্জ্জিলিং এ সর্ব্বসাধারণের নিকট শ্রীল প্রভুপাদের আবির্ভাবস্থানে বৈষ্ণবধর্ম্ম প্রচার শিক্ষা ও আচার প্রচার-কার্য্যে নিযুক্ত ছিলেন। ভক্তিসারঙ্গ গোস্বামী মহারাজ শিলিগুড়ি ষ্টেশনে শ্রীল প্রভুপাদের অভ্যর্থনার জন্য অপেক্ষা করিতেছিলেন। তথা হইতে মোটরযোগে শ্রীল প্রভুপাদ পরমানন্দ প্রভু এবং সঙ্গিগণসহ রাত্রি ১২টার সময় দার্জ্জিলিঙ্গ পৌঁছিয়াছিলেন। দার্জ্জিলিঙ্গ ষ্টেশন হইতে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবিবেক ভারতী

মুখ স্থানীয় ভক্তমণ্ডলী শ্রীল প্রভুপাদকে
ঘরে অভ্যর্থনা করিয়া লইয়া, ত্রিবেণী স্থানি-
টোরিয়াম পর্য্যন্ত অগ্রগমন করিয়াছিলেন।
মানিটোরিয়ামের সুযোগ্য সুপারিণ্টেণ্ডেণ্ট
শ্রীযুক্ত শিশিরকুমার পাণ্ডা পূর্ব্ব হইতেই
ভবনে শ্রীল প্রভুপাদের অবস্থানের
প্রার্থনা করিয়াছিলেন। শ্রীল প্রভু-
পাদ শ্রীযুক্ত শিশির বাবুর আগ্রহাতিশয়ে
তাহার আতিথ্য অঙ্গীকার করিয়া সম্প্রতি
তাহার সুরম্য ভবনে অবস্থান করিতেছেন

শ্রীমধ্ব-সিদ্ধান্ত সমাহৃতি

(১)

১। ব্রহ্মবস্তু সগুণ ও সবিশেষ।
ব অণুপরিমাণ, এবং ভগবানের দাস।
ব নিত্য ও অপৌরুষেয়। পঞ্চরাত্র-শাস্ত্র
বের আশ্রয়ীয়। প্রপঞ্চ সত্য। তত্ত্ব
পদার্থ বিবিধ—স্বতন্ত্র ও অস্বতন্ত্র।
খিল সদ্গুণযুক্ত ভগবান্ বিষ্ণু স্বতন্ত্রতত্ত্ব।
ব ও জড়জগৎ অস্বতন্ত্রতত্ত্ব। পরমেশ্বর
ভগবানের সেবা ব্যতীত জীবের অন্য
ন কর্ত্তব্য নাই।

স্বতন্ত্র ভগবানের প্রসন্নতা লাভ
রাই অস্বতন্ত্র বা সেবক জীবের পরম-
স্বার্থ শ্রীভগবানের গুণোৎকর্ষজ্ঞান
জীত ঐ পরম পুরুষার্থ লাভ হইতে
বে না।

তত্ত্বমস্যাদি প্রাদেশিক বাক্য প্রমে
স্বার্থপ্রদ ভগবজ্জ্ঞানের উদয় হয় না।
গুরুপাদপদ্মাশ্রয়ে শ্রবণ, মনন, নামকরণ ও
নের দ্বারাই সেই পুরুষার্থ লাভ হইয়া
কে। 'তত্ত্বমসি' বাক্য 'অধিজ্ঞানবাক্য'
ক্যের ন্যায় সাদৃশ্যপর। নির্ব্বাণ মুক্তি
মুপ্তির ন্যায় অসার কথার কথা মাত্র।

৩। মায়াবাদী দৃশ্যবস্তুর বাস্তবতা
কার করেন না; কারণ, দৃশ্য বস্তুসমূহ
ভগবান্ জ্ঞানই সৎ। কিন্তু বস্তুতঃ তাহা
, দৃশ্যবস্তু ও সত্তা অসৎ; ইহাদের
ব অসত্তা। জ্ঞাতা ও জ্ঞেয় ব্যতীত
ন অসিদ্ধ—'নচ জ্ঞাতৃজ্ঞেয়রহিতা জ্ঞান-
পি দৃশ্যতে।'

৪। কোন মায়াই আপেক্ষিক। জ্ঞাতা
জ্ঞেয়ের না থাকিলে জ্ঞানোদয় হইতে
রে না। জ্ঞাতা ও জ্ঞেয়ের সহিত
প্রসম্বন্ধ। জ্ঞাতা ও জ্ঞেয়ের সম্বন্ধ-
চ্যুত হইয়া জ্ঞানের অবস্থিতি নাই
থাৎ জ্ঞান কখনও নির্ব্বিকল্প নহে। জ্ঞান
ত্রই সবিকল্পক।

৫। বেদ স্বতঃপ্রমাণ এবং নিত্য।
স্বরূপ, স্বরূপ ও সত্যপরিজ্ঞানের
বেদ শব্দ। স্মৃতি প্রমাণের নিত্যতা
১৭৭নং কার্ণিস

নাই। ন্যায়শাস্ত্র অল্প মাত্র এবং ব্রহ্ম
জ্ঞানের সহকারী মাত্র। অনুমানাদি
প্রমাণ শব্দপ্রমাণের অনুগত হইলেই
স্বীকার্য্য। শব্দপ্রমাণের বিরোধী হইলে
বেদবিচারে অপর প্রমাণের স্বতন্ত্র নির্ণায়ক
সম্বিত হইতে পারে না; যেহেতু তাহারা
অপৌরুষেয় নহে

৬। প্রমাণ ব্যতীত কোন বিষয়ের
যথার্থ জ্ঞান উদিত হইতে পারে না। জ্ঞানই জ্ঞেয়
বস্তুর প্রতিপাদক, সুতরাং প্রমাণ প্রমাণ।
যখন কোন জ্ঞানের উদয় হয়, তখন যথা-
যথী যেন কোন বস্তুর প্রয়োজনীয়তা নাই,
ব্যবহারিক প্রয়োজিত বস্তুর সম্বন্ধ
শূন্য হইতে ।। প্রমাণস্বরূপ
বলা যাইতে ইন্দ্রিয়ের সাহায্যে
। বিষয় ইন্দ্রিয়গুলি কিন্তু জ্ঞানের
জনক নহে। মনোযোগের পর ইন্দ্রিয়গুলি
জ্ঞানের বোধ হইতে পারে না এবং জ্ঞানও
ইন্দ্রিয়-সাহায্যেই বস্তুর সত্তা স্বীকার
করে না। সুতরাং জ্ঞানই প্রমাণ।

৭। জগৎ কখনই অসৎ নহে, জ্ঞানের
স্বরূপে সকল জগতের সত্তারা
প্রমাণিত হইতে পারে। জ্ঞান যখন নিষ্ক্রিয়
নহে, তখন বিষয় না থাকিলে অবশ্যই সত্তা
যেন সত্তা না হইলে জ্ঞানের ক্ষতি হইতে
পারে না। কার্য্য কারণ হইলেও তাহা
সৎ, কারণের সত্তাতেই তাহার হেতু।
যাহা পরিবর্ত্তনশীল হইলেই যে তাহা
মিথ্যা বা অপ্রকৃত হইবে, ইহা কে বলিল?
বিকার থাকিলেই যে অনিত্য হইবে, এমন
কোন কথা নাই। সত্যের জ্ঞান না
থাকিলে অসত্যের বোধ জন্মে না। 'ইহা
নয়' এই প্রাথমিক জ্ঞানের উপরেই 'ইহা
নয়' এই জ্ঞান প্রতিষ্ঠিত। 'ইহা নয়'
এই জ্ঞান বলিলেই বস্তুর সত্তা প্রমাণিত
হয়। যাহা অসৎ হয়, তাহা জ্ঞানের বিষয়ী-
ভূত হইতে পারে না এবং মিথ্যা জ্ঞানেরও
বিষয়ীভূত হইতে পারে না ও কার্য্যকারণ
সম্বন্ধেও সম্বদ্ধ হইতে পারে না। যাঁহারা
জগতের মিথ্যার কল্পনা করেন, তাঁহারা
কার্য্যকারণের নিয়ম অতিক্রম ও স্বতঃসিদ্ধের
বিরোধ সাধন করেন

মায়াবাদী বলেন, জগৎ মিথ্যা; কেন না,
জগৎ দৃশ্য। যাহা দৃশ্য, তাহা মিথ্যা।
এইরূপ অঙ্গীকারে আশ্রয়সিদ্ধ দোষ হয়।
কারণ, জগতের নাম-আকার, তখন আশ্রয়
অসিদ্ধ। অনির্ব্বচনীয় অসিদ্ধ হওয়ায়
বিশেষণও অপ্রসিদ্ধ। আর যদি সদসদ-
বৈলক্ষণ্যই মিথ্যা বলা হয়, তাহাতেও সিদ্ধ-
সাধনতা-দোষ পতিত হয়। অতএব জগৎ
সত্তা।

৮। বস্তুর সহিত বস্তুভেদ নিত্য।
বস্তুর সম্বন্ধ অবশ্য স্বীকার্য্য। সম্বন্ধ
থাকিলেই পরস্পরে ভেদ থাকিবেই। মায়া-
বাদী যে ভেদের ঔপাধিক কল্পনা করেন,
তাহা মিথ্যা। ঔপাধিক বলিলেও ভেদের
মিথ্যাত্ব নিশ্চিত হয় না এবং উপাধিও
কখনও মিথ্যা নহে; সুতরাং ভেদ নিত্য ও
পারমার্থিক।

ভেদ আত্মস্বভাব। ভেদের ঔপাধিকত্ব
প্রমাণসিদ্ধ নহে। তাদাত্ম্য ভেদেরও
চেষ্টা প্রকৃতির পার্থক্য থাকায় একে অন্য
হইতে পৃথক—এই প্রতীতি অনুভবসিদ্ধ।
জীবের অসত্যত্ব, অল্পজ্ঞত্ব, অল্পশক্তিত্ব,
আর ঈশ্বরের সত্যত্ব, সর্ব্বজ্ঞত্ব প্রভৃতি
সকলেরই নিকটেই বিদিত। সাধারণ
বিভুর সর্ব্বজ্ঞত্বাদিগুণের উল্লেখ বেদে আছে,
শ্রুতিবাক্য কখনই মিথ্যা নহে।

স্মৃতি সর্ব্বত্রই জীবেশ্বরের ভেদ নির্দ্দেশ
করিয়াছেন; অতএব ভেদই পারমার্থিক।
ঔপাধিক ভেদও অযৌক্তিক ও অবৈজ্ঞানিক।

ভেদকে মানিলে সাধ্য ও সাধনাদি বলিয়া,
মায়াবাদ অনেক স্থলে বিরোধিত হয়,
কিন্তু সাধ্যবাদ স্বীকার করিলে ব্রহ্মবৈমুখ্যজাত
যাবতীয় ক্লেশ কখনই সম্ভবপরে নহে।
কারণ স্বরূপের প্রাধান্যে অদ্বৈতের ন্যায়
আত্মস্বার্থী হয়। যখন
সাধ্য, তখনকার
সেবা।" মায়াবাদে যখন তত্ত্ব
অনির্ব্বচনীয় বলিয়া, তত্ত্বে
আত্মার প্রাধান্য নিবন্ধন নিত্যসেবকত্ব
লোপ হয়। আর যখন নির্ব্বিশেষ,
তখন কোনও বিষয় থাকে নাই।
আত্মা স্বপ্রকাশ, স্বপ্রকাশের বিশেষত্ব
নাই। সুতরাং অজ্ঞান কখনই অপগত
হইতে পারে না। অজ্ঞানের অপগমে
সমস্ত মায়াবাদের বিস্মৃতি নিশ্চয় হইল। সুতরাং ভেদই সত্য। জ্ঞানের
আপেক্ষিকত্ব ও ভেদের পারমার্থিকত্বই
স্বীকার্য্য।

৯। শাস্ত্র ও বক্তা শ্রোতার প্রতি
পাদ্য সম্বন্ধ। ব্রহ্ম শাস্ত্রযোনি। ব্রহ্ম
দর্শনীয় বস্তু অতএব তিনি শব্দযোনি। নিখিল
কল্যাণগুণাকর বিষ্ণুই পরিপাল্য। জীব ও
বিষ্ণু ভিন্ন। বিষ্ণু দেশ ও কাল দ্বারা
পরিচ্ছিন্ন নহেন। তাঁহার গুণের সীমা
নির্দ্দেশ করা যায় না। এই অর্থেই তিনি
নির্গুণ। তিনি কখনই অগুণবান্ নির্গুণ
নহেন; সুতরাং অশেষ সদ্গুণাশ্রয় সবিশেষ
ব্রহ্মই বিষয়।

দুঃখনিবৃত্তি ও আনন্দপ্রাপ্তি প্রয়োজন,
ঈশ্বরের নামগ্রহণ, নামকরণ ও ভজনে তিনি
প্রীত হন। বৈকুণ্ঠপতি বিষ্ণুই জ্ঞেয়।
মুক্তপুরুষও বৈকুণ্ঠে গিয়া নারায়ণের সেবায়
পরমানন্দ লাভ করেন। এই আনন্দলাভ
প্রয়োজন।

বৈষ্ণবের ব্যবহার দুঃখ

জগতে যত মতুয়া আছেন, তাঁহা
বৈষ্ণব ও বৈষ্ণবেতর ভেদে দুই ভাগে বিভক্ত
ভক্তিবিনোদ পণ্ডিত, মনী, গুণবান্, জ্ঞানী
আত্মা, প্রজ্ঞা—সকলেই অধোক্ষজ। যাঁহা
ভক্তি আছে, তিনি গুণস্থ হউন বা নগণ্য
হউন, মনী হউন বা নিঃস্ব হউন, পণ্ডি
হউন বা মূর্খ হউন, দুর্বল হউন বা সবল
হউন, তিনিই বৈষ্ণব। পরীক্ষা করিয়া নির্ণয়
করিতে অবৈষ্ণবদিগের ন্যা
বৈষ্ণবদিগের শারীরিক ও মানসিক ভা
প্রকার ব্যবহার দুঃখ হইতে পারে। বৈষ্ণ
নিজের যে সকল ব্যবহারে দুঃখ হ
ব্যবহারিক দুঃখ নয়, কিন্তু বৈকুণ্ঠবাসীর প
দুঃখের ন্যায় অস্থায়ী এবং সুখবৎ কা
হয়। এই জন্য শ্রীল ভক্তিবিনোদ ঠাকু
লিখিয়াছেন—

হয় তেন বৈষ্ণবের ব্যবহার দুঃখ।
নিশ্চয় জানিহ সেই পরানন্দ সুখ॥
বিধাতাদি তত্ত্ব কিছু না জানে।
বিষ্ণুভক্তে সমতা বৈষ্ণব না চিনে॥

অর্থাৎ যে ব্যক্তি, অধোক্ষজনিষ্ঠ এই লক্ষ
জীবনে সম্পন্ন। বিধাতা যে কিছু ব
পান, তাহা সত্যের নিকট। এই ব
বিধাতার বশ নহে। সুতরাং তিনি
কোনও কালেও বৈষ্ণবের ভাবটী বোঝে
পারেন না। তাঁহার জীবনটী কেবল ক
পদার্থের ন্যায় অচেতনবৎ হয়। সুতরাং
নশ্বর মহাপুরুষদিগের প্রতিও তাঁহা
কেবল অনেক পার্থক্যের কথা জানেন
সুতরাং শারীরিক সুখের প্রলোভে তাঁহাদে
মানসিক সাংসারিক দুঃখ সকল অন্য
অনাদরের সহিত অতিবাহিত হয়। অতএ
যে ভাবিলেন! এই জগতে কেবল হরিজ
সকলে নিষ্কপটভাবে সাধুর নিকটে বৈষ
শ্রেণীভুক্ত হও, আর আপনাদিগকে অবৈষ্ণ
বলিয়া বুঝিও না। এই
প্লেগকে এত ভ। করিতেন, সে কে
অবজ্ঞাতা মাত্র। দেখ ভাই, প্লেগে
করিতে পারে? অতি আশ্চর্য্য ঔষ
সমাপ্ত করিয়া প্লেগ রোগের কি অ
করিতে পারে? যদি ভাল চাও, তবে
হইতে একটী শিক্ষা কর। কথা যদি ঠি
হয়ে, তাহা হইলে আর জীবন নাই। কো
এত সুখ সম্পদ্ কোথায় যাইবে, একব
ভাবিয়া দেখ। অতএব বৃথা কাল নষ্ট
করিয়া নিরন্তর নিষ্কপট ভক্তির সহিত হ
নাম কর। কোটী কোটী প্লেগ আসি
তোমার কিছুই করিতে পারিবে না।

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীমদ্ঋষি কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস-প্রণীত মূল, শ্রীমন্মধ্বাচার্য্য-কৃতা তাৎপর্য্য-নির্ণয়টীকা, শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-কৃত সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, মূলস্থ গদ্যের ও প্রতিপদ্য, তথ্য ও বিবৃত্যাদিযুক্ত। প্রতি গ্রন্থের আদিতে সেই স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ অধ্যায়ের সারসহ সুবিস্তৃত তাৎপর্য্যাদি বিবৃত। শ্লোকসূচী বিষয়সূচী, অধ্যায়বিবরণ, পাঠ ও স্থানসূচীসহ উত্তম কাগজে উত্তম অক্ষরে মুদ্রিত। প্রথম হইতে ১ম স্কন্ধ পর্য্যন্ত ছাপা সুবৃহদাকারে শেষ হইয়াছে। মূল্য প্রথম হইতে ১ম স্কন্ধ পর্য্যন্ত ২।৷৵০; দশম স্কন্ধ ১৷৷০; সমগ্র ৪৲।

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদঠাকুর কৃত 'অমৃতপ্রবাহভাষ্য' ও শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ কর্ত্তৃক অনুভাষ্য শ্রুতি-স্মৃত্যাদি বহু শাস্ত্রপ্রমাণ-সম্বলিত হইয়া প্রকাশিত হইতেছেন। শ্লোকের সারসঙ্কলন, বঙ্গানুবাদ ও প্রত্যেক পয়ারের পৃষ্ঠে সংক্ষিপ্ত অভিধেয় সংযোজিত। প্রত্যেক অধ্যায়-প্রারম্ভে কথাসার দেওয়া আছে। শ্লোক, পয়ার, শব্দ, স্থান, পাত্র প্রভৃতির সুচারু সূচী ও গ্রন্থকারের বিস্তৃত জীবনী সম্বলিত এরূপ অনুপম সংস্করণ ইতঃপূর্ব্বে কখনও প্রকাশিত হয় নাই। উৎকৃষ্ট কাগজে পাশ্চাত্যপ্রণালীতে মুদ্রিত সুন্দর অক্ষরে মুদ্রিত হইতেছে, গ্রন্থ প্রায় ৫০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। মূল্য বর্ত্তমানে ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত পাঠান্তর টীকা, শব্দসূচী, পয়ারসূচী, বিশেষ বিশেষ পারিভাষিক শব্দসূচী, প্রভৃতি বিবিধ বিষয় সম্বলিত বিরাট বিরাট বিষয় সুবৃহৎ ক্রাউন ৮ পেজী আকারে আদিখণ্ড ও মধ্যখণ্ড দুইখণ্ডে প্রকাশিত হইয়াছেন। ক্রমে ক্রমে প্রকাশিত হইতেছেন। অগ্রিম মূল্য ৫৲ টাকা, আদি খণ্ডের মূল্য ৩৲।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের একপ অভিনব সুন্দর সংস্করণ আর কখনও প্রকাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকগুলির অন্বয়, বঙ্গানুবাদ, টীকা, কথাসার, পয়ার পাঠান্তর সহ গ্রন্থে সন্নিবেশিত হইয়াছেন। মূল মোটা অক্ষরে সরল কলিকা আবরণী সুবাকারে ছাপা হইতেছে। মূল্য ২৷৷০ টাকা। নদীয়া প্রকাশ ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১৷৷০ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

—শ্রীগৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিঠাকুর গোস্বামিপাদ কৃত সারার্থদর্শিনী টীকা ও শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'গীতার্থসংগ্রহ' নামক ভাষ্যানুযায়িনী। অধ্যায়সূচী, মূলশ্লোকসূচী, বিষয়সূচী, গ্রন্থকারের জীবনী ও অপরাপর পরিশিষ্টাদি-সহ উৎকৃষ্ট বাঁধাই তৃতীয় সংস্করণ—এই রাজসংস্করণের ভিক্ষা ২৲ টাকা মাত্র, সাধারণ সংস্করণ—১৷৷০ ভিক্ষা মাত্র।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের [illegible] বিভিন্ন [illegible] বক্তৃতাবলী [illegible] ভক্তিবিনোদ [illegible] ভক্তিবিনোদ [illegible] ভক্তিবিনোদ

শ্রীবিষ্ণুসূত্র

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। এই একমাত্র গ্রন্থ [illegible] ভাল পাঠ করিলে পারমার্থিক লাভের কিছুই [illegible] বাকি থাকিবে না। পরম ধুরন্ধর এক [illegible] ও রহস্যপূর্ণ গ্রন্থ এপর্য্যন্ত প্রকাশিত [illegible] নাই। [illegible] মহোদয়ের মন্তব্য-সহ [illegible] অতি উপাদেয় করিয়াছেন। আমার [illegible] কথা, কথাগুলি [illegible] দ্বারা বিশেষ সুন্দর করা হইয়াছে। [illegible] ১৫, [illegible] স্থলে মাত্র দেওয়া, ইহাই বাঁধাই [illegible] মূল্য ২৲ টাকা মাত্র।

প্রেমবিবর্ত্ত

শ্রীমদ্ভক্তিপ্রসূন অনুবাদক পরম ভাগবত শ্রীল জগদানন্দ প্রভু [illegible]। এই পুস্তকে অতি [illegible] [illegible] মহাপ্রভুর [illegible] লীলার বৈষ্ণবতত্ত্ব, প্রেমতত্ত্ব ও নামতত্ত্ব-[illegible] প্রভৃতি অনেক [illegible] সুমিমাংসা পাইবেন। [illegible] ছত্রে ছত্রে ভাবের বিশ্লেষণ ও [illegible] পরিচ্ছেদে-পরিচ্ছেদে চমৎকার [illegible] ৩০ আনা মাত্র।

ভজনরহস্য

ভগবৎকৃপা বিতরণে ; ঠাকুর ভক্তিবিনোদের অনুপা [illegible], নিখিল পরমার্থের নিদান। গ্রন্থখানি না দেখা পর্য্যন্ত [illegible] বুঝিতে পারিবেন না। [illegible] ডিমাই ১০।

হরিনামচিন্তামণি

শ্রীমদ্ভক্তি শ্রীল হরিদাস ঠাকুরের মুখে শ্রীমন্মহাপ্রভু [illegible] মাহাত্ম্য, নামাভাস, নামাপরাধ প্রভৃতি বিষয়ের [illegible] বিশদ ভাবে করিয়াছিলেন। এই [illegible] সকল পয়ারে সংক্ষিপ্ত আকারে [illegible] ভক্তিবিনোদ ঠাকুর [illegible]। [illegible] ১০।

কল্যাণকল্পতরু

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর [illegible]। প্রত্যেক ভগবদ্ভক্তি ও জ্ঞানলাভের পক্ষের একান্ত প্রয়োজনীয় [illegible] পূর্ণ। সামান্য [illegible] কোন [illegible] এক ভজনানন্দের [illegible] ভাষা অনর্গলিত [illegible] ভাব যেমন করিয়া [illegible] পাইবেন। [illegible], ডিমাই ১০ আনা মাত্র।

শরণাগতি

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠা, [illegible]। ভগবানে আত্মসমর্পণ, [illegible], ভজনলালসা, [illegible] ও সিদ্ধি লাভের [illegible] পুস্তিকা, ডিমাই ৵০ আনা মাত্র।

গীতাবলী

শ্রীঠাকুর ভক্তিবিনোদ-[illegible] ডিমাই ৩০, আকারের প্রায় [illegible] ছাপা উৎকৃষ্ট কাগজে প্রথিত। মূল্য ৵০ আনা মাত্র।

শ্রীগুরুক্রম

[illegible] শ্রীঅম্বিকাচরণ ব্রহ্মচারী ঠাকুর-[illegible] রচিত। শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের অনুবাদ-[illegible]। ডিমাই ১০ আনা মাত্র।

শ্রীশিক্ষাসূত্র

শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ও শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর প্রতি শ্রীরূপ গোস্বামীর উপদেশবাণী, ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিষয়ে সুবিস্তারিত সংক্ষেপ আলোচনা, বিস্তৃত [illegible], চরিত্রাদর্শের প্রমাণ, সাধন আলোচনা ও [illegible] প্রভৃতি সমস্তগুলি শ্রীগুরুমুখ হইতে প্রত্যেক শ্লোকের [illegible] বিশেষরূপে [illegible]। এর সংস্করণ ডিমাই ৵০ আনা।

সাধন-কল্প

[illegible] নাথ গোস্বামীর মনঃশিক্ষা, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ চরিত পদ্যানুবাদ করে। ডিমাই ১০ আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা

শ্রীল ঠাকুর মহাশয়ের [illegible] প্রেমভক্তিবিষয়ক [illegible]।

নবদ্বীপশতক

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপাদের সংস্কৃত নবদ্বীপ শতকের সুললিত পদ্যানুবাদ। ডিমাই ১০ আনা মাত্র।

অর্থপঞ্চক

শ্রীল লোকনাথ রচিত। বৈষ্ণবগণের আদরের [illegible]। ডিমাই ১০ আনা মাত্র।

সদাচারস্মৃতি

শ্রীল সনাতন গোস্বামী প্রণীত। বৈষ্ণবের নিত্যকর্ত্তব্য সদাচার-[illegible], সুন্দররূপে সংগ্রহ। ডিমাই ১০ আনা মাত্র।

মণিমঞ্জরী

কবিকুলকেশরী শ্রীমদ্রঘুনাথদাস গোস্বামী রচিত। শ্রীমন্মহাপ্রভুর চরণের সাক্ষিগোপাল শ্রীমন্নীলাচল ও মূল বৈষ্ণবতত্ত্বসহ। সুন্দর ডিমাই ১০ আনা মাত্র।

গৌরকৃষ্ণোদয়

প্রাচীন কবি শ্রীগোবিন্দ দেব প্রণীত শ্রীগৌরসুন্দরের [illegible] পদাবলী-সম্বলিত সংস্কৃত গ্রন্থ। ডিমাই ১০ আনা।

মুক্তিমল্লিকা (শুদ্ধ গৌরভক্ত)

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-বিরচিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম এই গ্রন্থের প্রকাশ পারমার্থিক সাহিত্য-জগতে এক সর্ব্বপ্রথম। শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর গৌড়ীয়-বৈষ্ণব-সমাজে শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর নামে খ্যাত শ্রীগৌরকিশোর গোস্বামী এই গ্রন্থে [illegible] ভক্তি ও লৌকিক ভাবভক্তির কিরূপ সুন্দরভাবে ভক্তিবিরোধি মতবাদ সমূহ খণ্ডন করিয়াছেন, তাহা পাঠ করিলে বিস্মিত হইতে হয়। ইহাতে যুক্তির দ্বারা চার্ব্বাক, বৈদান্তিক, বৌদ্ধ, মীমাংসক ও মায়াবাদিমত সমূহের ছিন্নভিন্ন খণ্ডন করিয়াছেন। ডিমাই ১০ টাকা মাত্র।

গোস্বামী শ্রীল রঘুনাথ দাস

[illegible] বিষ্ণুপাদ শ্রীল ভক্তিপ্রসাদ সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত ভূমিকা সহ) গৌড়ীয় ভক্তগণ-গুরুর একমাত্র ত্রিগুরুর শ্রীল দাস গোস্বামী প্রভুর অপূর্ব্ব চরিতামৃত ও শিক্ষা অতীব প্রাঞ্জল ও সরল ভাষায় সন্নিবিষ্ট এবং পরিশিষ্টে দাসগোস্বামী প্রভুর বিরচিত কতকগুলি মধুরাতিমধুর স্তব ও মনঃশিক্ষা-সম্বলিত। ডিমাই বাঁধাই ১০ আনা, আধাবাঁধাই ৵০ আনা মাত্র।

চিত্রে নবদ্বীপ

প্রাচীন নবদ্বীপের অবস্থিতি, [illegible] চিত্রিত, গৌড় [illegible] ঐতিহাসিক প্রমাণসম্বলিত নয়টী দ্বীপের সচিত্র বিবরণ [illegible] গ্রন্থ। রায়বাহাদুর রাজমাননীয় মুন্সী শ্রীযুক্ত পরমেশ্বর নারায়ণ [illegible] রায় এম, এ, প্রাচ্য (লাহোর), মেহারকুলপতি মহোদয় কর্ত্তৃক [illegible] সঙ্কলিত এবং ৪৭ খানি বিভিন্ন বর্ণের অপূর্ব্ব চিত্র [illegible] মানচিত্র-সমন্বিত। প্রাচ্যবিদ্যামহার্ণব রায় সাহেব শ্রীযুক্ত [illegible] নগেন্দ্র নাথ বসু বিশ্বকোষসম্পাদক মহাশয়ের বি [illegible] ১০। উৎকৃষ্ট (ইং) মরক্কো বাঁধাই মূল্য ১৷৷০, ডিঃ পিঃ [illegible] ১৲ টাকা মাত্র।

সাধন-কণ্ঠমালা

গুরুবন্দনা, বৈষ্ণব-বন্দনা, বৈষ্ণবস্মরণ, দীক্ষার পর শ্রীনামাষ্টক, শ্রীমন্মহাপ্রভুর অষ্টোত্তরশত নাম, অষ্টপ্রহরী নামকীর্ত্তন, শ্রীনামসঙ্কীর্ত্তন, প্রেমধ্বনি, ষাটগোস্বামী ও নবদ্বীপ-মহিমা, শ্রীমায়াপুর মহিমা, শ্রীনরোত্তম-প্রভুর অষ্টক আচার্য্য বন্দনা, ষড়্গোস্বামীর অষ্টক, প্রেমভক্তিচন্দ্রিকা উপদেশমালা নামভজন-প্রণালী, মর্ম্মগীতি ও রায় রামানন্দ সংবাদ, মনঃশিক্ষা, শ্রীগুরুপ্রণতি, শ্রীগুরু-পরম্পরা মহাপ্রভুর বন্দনা প্রভৃতি সাধক ও সিদ্ধজীবনের নিত্যপাঠ্য বৈষ্ণবগণের কণ্ঠাশ্রিত তুলসীমালার ন্যায় অনুক্ষণ কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ। ডিমাই ৵০, বাঁধাই ৷০ মাত্র।

গৌড়ীয়-গৌরব

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয়-সম্পাদক শ্রীযুক্ত জগদানন্দ পরিব্রাজকবিনোদ প্রদত্ত বক্তৃতার বিবরণ গ্রন্থাকারে প্রকাশিত। ইহাতে গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ের [illegible] সুন্দরাকারে প্রথিত করিয়াছে। ডিমাই ৵০ মাত্র।

গৌড়ীয় সাহিত্য

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয়-সম্পাদক শ্রীযুক্ত জগদানন্দ পরিব্রাজকবিনোদ প্রদত্ত প্রদত্ত বক্তৃতার বিবরণ গ্রন্থাকারে প্রকাশিত। ইহাতে সাহিত্য-শব্দের অর্থ এবং গৌড়ীয় সাহিত্যের বিষয় সুন্দরভাবে বর্ণিত হইয়াছে। ডিমাই ৵০ আনা মাত্র।

শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা-দর্পণ

শ্রীগৌড়দেশের যে সকল স্থানে সপরিকর শ্রীমন্মহাপ্রভু এবং তদনুগ পরবর্ত্তী মহাজনগণ লীলা করিয়া গিয়াছেন সেই সব মায়াপুর গৌড়োদ্যান পরিচয় ও দেববিগ্রহাদি পরিচয় [illegible] মায়াপুরের সুবিধা নির্দ্দেশ ইত্যাদি বিষয়গুলি সন্নিবেশিত আছে। ডিমাই ১০ আনা।

THE HARMONIST
OR SHREE SAJJANATOSHANI

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রতিষ্ঠিত এবং শ্রীল ভক্তি [illegible] গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত পারমার্থিক মাসিক পত্র। একণে ইংরাজী ভাষায় অষ্টাবিংশ বর্ষে [illegible] ডবলক্রাউন ৮ পেজী ৪ ফর্ম্মা আকারে প্রতি মাসে [illegible] নামের বিষয়-বৈচিত্রী লইয়া উপস্থিত হইতেছেন। কাগজ, মুদ্রণ-পারিপাট্য ও চিত্রাদি অতীব চিত্তাকর্ষক। এই প্রকার উৎকৃষ্ট প্রবন্ধ আর কোন মাসিক পত্রাদিতে দেখিতে পাইবেন না। বার্ষিক ভিক্ষা ডাকমাশুলসহ ৩ টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ পোঃ শ্রীমায়াপুর নদীয়া

বিশ্ববৈষ্ণব রাজসভার শুদ্ধভক্তিমঠসমূহ

চৈতন্য মঠ

আকর মঠরাজ

শ্রীচৈতন্য নবদ্বীপ, শ্রীধাম মায়াপুর, নদীয়া

শ্রীমন্মহাযোগপীঠ হইতে পাঁচ শত বর্ষ উত্তর-পূর্বে শ্রীব্রজপত্তনে আচার্যবর্য শ্রীভক্তি-সেবক-ভবনে শ্রীশ্রীচৈতন্য-মঠ বিরাজমান।

এই স্থান সাধন-তীর্থ, পরবিদ্যাপীঠ বা সাধক জন্মস্থলী। এই মহাতীর্থে শ্রীভক্তি-সামান্য আকরগ্রন্থি-বেদান্তসমূহ, পরবিদ্যার অন্তর্গত কাব্য, নাটক, অলঙ্কার, তথা প্রমাণ-উপনিষদ্-বীজা-ভাষ্য-প্রজ্ঞান-চতুষ্টয়ের অধ্যয়ন ও অধ্যাপনা এবং তথায় শ্রীগুরু-গৌরাঙ্গ-রাধাকৃষ্ণা-সিদ্ধির ও সাধক সাম্প্রদায়িক-আচার্য-চতুষ্টয় ঠাকুরের উপাস্য বিগ্রহের সহিত নিত্য সেবিত হইতেছেন। এই মঠরাজে পারমার্থিক দৈনিকপত্র সাধক-সম্প্রদায়ের অত্যন্তপ্রিয় ও পুরাতন প্রচারকি প্রচারপত্রে 'নদীয়া-প্রকাশ' মহাশয় প্রতিষ্ঠিত হইয়াছেন প্রতিবৎসর শ্রীধাম-পরিক্রমাকালীন ও অপরাপর ভক্তগোষ্ঠীর কীর্তন প্রচারমুখে মহামহোৎসবাদি হইয়া অনুষ্ঠিত হইয়া থাকে। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপাদ নরহরিদাস। সহকারী—শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী, পণ্ডিত শ্রীপাদ গৌরদাস ব্রহ্মচারী ব্যাকরণতীর্থ, শ্রীপাদ বীরচন্দ্র ব্রহ্মচারী, পণ্ডিত শ্রীবলরামানন্দ ব্রহ্মচারী, শ্রীযুক্ত নবীগোপাল বন্দ্যোপাধ্যায়, শ্রীহরেরাম দাস ব্রহ্মচারী প্রমুখ সজ্জনগণ।

ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ এখানে ত্রিকথা কীর্তন করিতেছেন।

(৩) যোগপীঠ শ্রীমন্দির

এই স্থান শ্রীজগন্নাথমিশ্রের ভবন ও শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগ-পীঠ। এখানে শ্রীশচীপ্রিয়া ও শ্রীবিষ্ণু-প্রিয়াসহ শ্রীগৌরনারায়ণ এবং শ্রীল-বলাই ও শ্রীরাধাকৃষ্ণের নিত্য সেবা তথা উৎসব-সমূহের সেবা বর্তমান। রক্ষক—লোচন-মাধবের গোস্বামী ভট্টাচার্য প্রভু শ্রীরমানাথ। সহকারী শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী, শ্রীরাঘবদাস ব্রহ্মচারী। শ্রীমাধবদাস অধিকারী, সেবাপূজা শ্রীভাগবতব্রত।

(৪) শ্রীবাস-অঙ্গন

শ্রীমন্মহাপ্রভুর কীর্তন-বিলাস বা শ্রীগৌরলীলার স্থানস্থলী। এখানে শ্রীশ্রীগৌর-নিত্যানন্দ ও পঞ্চতত্ত্বের সেবা বর্তমান।

রক্ষক—শ্রীরাধারমণ ব্রহ্মচারী, শ্রীঅমৃত ভক্ত, শ্রীগোকুলদাস বাবাজী।

(৫) অদ্বৈত-ভবন

এই স্থানে শ্রীঅদ্বৈত প্রভুর ভবন এবং সেবা বর্তমান।

(৬) কাজীর সমাধি পীঠ

প্রাচীন মায়াপুর, বামনপুকুর (নদীয়া)

শ্রীগৌরপার্ষদ শ্রীচাঁদকাজীর সমাধি।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীবিনোদবিহারী।

(৭) আনন্দ সুখদ-কুঞ্জ

শ্রীগোরুয়া, বল্লালগড় (নদীয়া)

এখানে ঔবিষ্ণুপাদ শ্রীল ভক্তিবিনোদঠাকুরের সমাধি এবং শ্রীগৌরাঙ্গের এবং শ্রীশ্রীরাধা-মাধবের সেবা বর্তমান

রক্ষক—ভক্তিকুসুম ভারতী ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী এম, এ, বি, এল, সহকারী—শ্রীউদ্ধবদাস ভক্তি-পাণ্ডী, শ্রীউদ্ধব অধিকারী প্রভৃতি।

(৮) শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

মহেশগঞ্জ।

রক্ষক—শ্রীমাধব ভক্তিপাণ্ডী এম, এ, বি, এল, সহকারী—শ্রীউদ্ধবদাস ভক্তি-পাণ্ডী, শ্রীউদ্ধব অধিকারী প্রভৃতি।

(৯) শ্রীগৌর-গদাধর-মঠ

চাঁদপাটী, সাঁতরাগাছি, (বর্দ্ধমান)

শ্রীল বাণীনাথের প্রতিষ্ঠিত গৌরমন্দির সেবা। রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম।

(১০) শ্রীরূপগৌড়ীয়-মঠ

বাগবাজার, প্রায় ইউ, পি

রক্ষক—শ্রীহরিদাস ব্রহ্মচারী, ইউপলেশ্বর ব্রহ্মচারী।

(১১) শ্রীসোদরুমমন্দির—

মাটিয়ারি, কাঞ্চনপুর, বর্দ্ধমান।

শ্রীগদাধরদাস ঠাকুর বৃন্দাবনের স্থান।

রক্ষক—শ্রীবঙ্কবিহারী ব্রহ্মচারী।

(১২) ভাগবত আসন

শ্রীনাথবক প্রো:, কৃষ্ণনগর, নদীয়া।

ভাগবত-সিদ্ধান্ত প্রচারণী প্রচার-কেন্দ্র।

রক্ষক—শ্রীমধুসূদন ব্রহ্মচারী।

(১৩) শ্রীব্রজপত্তন মঠ

টোলাপাড়ী, গোয়াড়ী, কৃষ্ণনগর, নদীয়া।

রক্ষক—শ্রীমধুসূদন ব্রহ্মচারী।

(১৪) শ্রীবাস-গৌড়ীয় মঠ

ঢাকা-নারায়ণপুর রোড, ঢাকা।

পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র, এখানে শ্রীভক্তি-গৌরাঙ্গ গান্ধর্বা-গিরিধরের সেবা বর্তমান।

রক্ষক—শ্রীনারায়ণ ব্রহ্মচারী।

(১৫) শ্রীগোপালজী মঠ

কমলাপুর, ঢাকা।

গোপালজীর শ্রীবিগ্রহের প্রাচীন সেবা

রক্ষক—শ্রীরাগগোর ব্রহ্মচারী।

(২) শ্রীগৌড়ীয় মঠ

১৬ নং কালিপ্রসাদ চক্রবর্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

টেলিফোন বি, বি, ৪১১৫

শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত শুদ্ধিপূর্ণ অকিঞ্চন-প্রচারক্ষেত্রে গৌড়দেশের সর্বপ্রধান নগরী কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে ইহাই প্রতিষ্ঠিত হইয়াছেন। এই ভক্ত-সম্প্রদায়ে শ্রীগুরু-গৌরাঙ্গ-শ্রীবিনোদানন্দ ত্রীট সমাধিতে নিত্য সেবিত হন। গৌড়ীয় আচার্যবর্গের যাবতীয় প্রবর্তনীয় প্রচারোদ্দেশে ইহাই সর্বপ্রথম একটী গুরুত্ব মুদ্রা-যন্ত্রালয় সংস্থাপিত হইয়াছেন। পৃথিবীর সর্বত্র শ্রীগৌরনাম-প্রচারার্থ এই যন্ত্রালয় হইতে 'গৌড়ীয়' সাপ্তাহিক পত্র, যে অত্যন্তনিষ্ঠে প্রসিদ্ধ পত্রিকা ইংরাজী ভাষায় নিয়মিতভাবে প্রকাশিত হইতেছেন। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্তন, সপ্রমান-চতুষ্টয়-বেদান্ত, শ্রীমদ্ভাগবত, শ্রীচৈতন্য-চরিতামৃতাদি-লীলা ও ভজনাঙ্গের সমস্ত আলোচনা হয় থাকে। মঠরক্ষক—আচার্যাত্মিক শ্রীপাদ কৃষ্ণবিহারী বিদ্যাভূষণ। সহকারী—পণ্ডিত শ্রীপাদ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ বি-এ, শ্রীপাদ গুরুপ্রসাদ পরবিদ্যাবিনোদ বি-এ, শ্রীপাদ রাসবিহারী ব্রহ্মচারী, শ্রীপাদ জগন্নাথদাস রাসাধিকারী বি-এ, শ্রীপাদ কৃষ্ণগোপাল রাসাধিকারী, ব্রহ্মচারী শ্রীকীর্তনানন্দ, ব্রহ্মচারী শ্রীগোরীমোহন, ব্রহ্মচারী শ্রীকৃষ্ণদাস ভক্তিশাস্ত্রী, ব্রহ্মচারী শ্রীদেবকীনন্দন, পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ পরবিদ্যারত্নার ভক্তিশাস্ত্র প্রভৃতি।

(১৬) শ্রীগদাই-গৌ. জ মঠ

ভক্তিকিঞ্চনগোলী সভা, মালির চাকা

শ্রীগদাই-গৌরাঙ্গের নিত্য সেবা

রক্ষক—শ্রীপূর্ণানন্দ ব্রহ্মচারী।

(১৭) শ্রীভাগবতজনানন্দ মঠ

ঠিকরিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-রাধাকৃষ্ণিকা-সখিবরাণীর নিত্যসেবা বর্তমান। রক্ষক—ব্রজবাসী শ্রীজগবন্ধুদাসজী। ব্রহ্মচারী পরমানন্দ

(১৮) আমলাযোড়া প্রপন্নাশ্রম

বাজবাঁধ পোঃ বর্দ্ধমান।

শ্রীগুরুগৌরাঙ্গ-শ্রীরাধিকা সিংহাসনীর নিত্যসেবা। রক্ষক—ব্রজবাসী শ্রীহরি কিশোর।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

স্বর্গদ্বার, পুরী, উড়িষ্যা।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গবিগ্রহগণের নিত্য-সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপদ্মনাভ বিদ্যারত্ন, ব্রহ্মচারী শ্রীনবীনানন্দ।

(২০) শ্রীব্রজ-গৌড়ীয় মঠ

আলবরনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী।

জগন্নাথদেবের অনবসর সময়ে শ্রীমন্দির প্রভুর অবস্থান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমেশ্বরী প্রপন্নাশ্রমী সহকারী—ব্রহ্মচারী শ্রীবংশিবিহারী

(২১) শ্রীসচ্চিদানন্দ মঠ

উড়িষ্যাবাজার, কটক।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-বিনোদরূপ-জীর নিত্যসেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীগদাধর

(২২) শ্রীসনাতন-গৌড়ীয় মঠ

নবাবগঞ্জ, বালুচরপুরা, কাশী।

গৌড়-সম্প্রদায়ভুক্ত বৈষ্ণব-শিক্ষাকেন্দ্র। এখানে গৌরসেবা বর্তমান। রক্ষক—শ্রীজ্ঞানকীনাথজী।

(২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

শ্রীবৃন্দাবনধাম কুঞ্জ, শ্রীধাম বৃন্দাবন।

শ্রীশ্রীরাধা-কৃষ্ণ-গোবিন্দজীর সেবা।

রক্ষক—শ্রীগণেন্দ্রনাথ ব্রহ্মচারী

(২৪) শ্রীপরমহংস মঠ

নৈমিষারণ্য, সীতাপুর

এখানে শ্রীমদ্ভাগবত পাঠশালা ও শ্রীগৌর-বিনোদ বিলাসজীর সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীবৃন্দাবনানন্দ ও ব্রহ্মচারী শ্রীনন্দদুলাল।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ

চুপড়কুণ্ডা, ছিমরুকুণ্ডা, ধানবাদ। ইহা শ্রীচৈতন্য-মঠের শাখা। রক্ষক—শ্রীরমা-নাথ রায়, শ্রীকৈবল্যানন্দ ব্রহ্মচারী। শ্রীধাম তীর্থ তেজপুরিয়ার

(২৬) ব্যাসগৌড়ীয় মঠ

কৃষ্ণনগর, ঘাটপাড়া, কলাই। এখানে শ্রীগৌরবিনোদ-গীতির সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীবৃন্দাবনজী।

(২৭) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রম-মঠ

ব্রাহ্মণপাড়া, পোঃ বাবু, ২৮৮।

এখানে বহু পুরুষানুক্রমে শ্রীগোরাঙ্গের সেবা বর্তমান। রক্ষক—ব্রজবাসী শ্রীব্রাহ্মণকৃষ্ণ-দাস, শ্রীনারায়ণ ব্রহ্মচারী।

(২৮) দিল্লী গৌড়ীয় মঠ—কার্য্যালয়

১৮ নেপ ব্যারাক, নিউ দিল্লী।

রক্ষক—ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তি সর্বস্ব-গিরি মহারাজ, শ্রীনারায়ণমহারাজ

(২৯) গোয়ালপাড়াব্রজপত্তন

রক্ষক—ব্রহ্মচারী শ্রীনারায়ণদাস

জেলে শ্রীযুত সুরেশ দাস

সংবাদপত্রে প্রকাশিত হইয়াছিল যে, আর্মেনিয়ান ষ্ট্রীট ডাকাতি মামলার আসামী শ্রীযুত সুরেশচন্দ্র দাস জেলে "বি" শ্রেণীভুক্ত হইবার জন্য গবর্ণমেণ্টের নিকট তিনখানি আবেদন করিয়াছিলেন। তাহাতে তিনি উত্তর পাইয়াছেন যে, "তিনি নিম্নশ্রেণীর কায়স্থ বংশোদ্ভূত, কাজেই তাহাকে 'বি' শ্রেণীভুক্ত করা যাইতে পারে না।" এই সংবাদ সম্পূর্ণ মিথ্যা। বিচারক ম্যাজিষ্ট্রেট সুরেশ বাবুকে তৃতীয় শ্রেণীভুক্ত করিয়াছেন। কিন্তু সুরেশ বাবু উচ্চতর শ্রেণীতে যাইবার জন্য গবর্ণমেণ্টের নিকট কোন দরখাস্ত করেন নাই। তাঁহাকে যথাবিহিতভাবে গবর্ণমেণ্টের নিকট তাঁহার বিষয় জানাইতে বলা হইয়াছে।

পদ্মায় ষ্টীমার বিপন্ন

পদ্মা ও ধলেশ্বরী নদীতে ষ্টীমার চলাচল খুবই বিপজ্জনক হইয়া দাঁড়াইয়াছিল। নারায়ণগঞ্জ ও চৈতল লাইনের যাত্রীবাহী ষ্টীমারখানা ঝড়ের হাতে আশ্চর্য্য রকমে রক্ষা পাইয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। ঝড়ের বেগ এতই প্রবল হইয়াছিল যে, ষ্টীমারের মস্তুল ভাঙিয়া যায় এবং পিরলক্ষা নদীর মোহনা হইতে প্রায় এক মাইল দূরে চলিয়া যায়। একজন খালাসী ভয়ে ষ্টীমারের উপর মূর্চ্ছা যায়, ঐ সময়ে ধলেশ্বরীতে একখানা বড় দেশী নৌকাকে ঝড়ের বেগে ভাসিয়া যাইতে দেখা গিয়াছিল, ঐ নৌকাতে, কেহ ছিল কিনা তাহা নির্ণয় করিয়া জানা যায় নাই।

ঘুরণীতে ঝড় ও শিলা বহু স্থানে শস্য হানি

গত ৩রা মে সন্ধ্যায় ঘুরণীতে ভীষণ ঝড় ও শিলাবৃষ্টি হইয়া গিয়াছে। এক একটি শিলার ওজন প্রায় এক ছটাক, ঝড় দুই প্রায় আধ ঘণ্টা স্থায়ী ছিল আকাশ অত্যন্ত মেঘাচ্ছন্ন। আরও বৃষ্টি হইবে বলিয়া মনে হয়। শিলাপাতের ফলে অনেক স্থানের শস্যহানি হইয়াছে।

নেত্রকোণায় ঘূর্ণীবাত্যা বহু গৃহের ছাদ উৎক্ষিপ্ত

গত ৩রা মে সন্ধ্যায় এখানে ভীষণ ঘূর্ণীবাত্যা হইয়া গিয়াছে। বহু টিনের চাল ৭০০ হইতে ৫০০ হাত দূরে উড়িয়া গিয়াছে। অনেক গাছ উপড়িয়া গিয়াছে। প্রায় সমস্ত কাঁচাবাড়ীরই কিছু না কিছু অনিষ্ট হইয়াছে। উকীল হীরেশচন্দ্র চক্রবর্ত্তীরই সর্ব্বাপেক্ষা বেশী ক্ষতি হইয়াছে। তাঁহার বৈঠকখানা ভূমিসাৎ হইয়াছে এবং আইনের পুস্তকগুলিও অন্যান্য কাজপত্র সম্পূর্ণ বিনষ্ট হইয়াছে। কোন কোন বাড়ীর টীনের চাল দূর হইতে গাছে ঝুলিতেছে দেখা গিয়াছে।

কাহারও জীবনহানির সংবাদ এ পর্য্যন্ত পাওয়া যায় নাই।

মুক্তিপ্রাপ্ত রাজবন্দীর বিরুদ্ধে মামলা

রাজবন্দী শ্রীযুত পান্নালাল মিত্র গত ২৪শে এপ্রিল ডিগলী ক্যাম্প হইতে মুক্তি পান। মুক্তি পাওয়ার পর তাঁহার উপর হুকুম হয়, তাঁহাকে কলিকাতার ডেপুটী পুলিশ কমিশনারের নিকট নিজের সম্বন্ধে রিপোর্ট করিতে হইবে। তিনি এই হুকুম মান্য করেন নাই—এই অভিযোগে প্রধান প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট মিঃ হকসওয়ার্থের কোর্টে অভিযুক্ত হইয়াছেন।

ডেপুটী কমিশনার মল্লিক এবং আরও কয়েকজনের সাক্ষ্য দেওয়া হয়। আসামী নিজেকে নির্দ্দোষ বলেন।

১২ই মে পুনরায় শুনানী হইবে

পটুয়াটোলা হত্যাকাণ্ডের জের

পটুয়াটোলা লেনের এডভোকেট বিমান বিহারী বসুর মাতাকে হত্যাকল্পে সম্পর্কে পুলিশ সন্দেহবশতঃ বেতনভোগ দে এবং ভোলানাথ বসুকে গ্রেপ্তার করিয়া অতিরিক্ত প্রধান প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট খাঁ বাহাদুর নাসিরুদ্দিন আমেদের কোর্টে হাজির করে। তাহাদিগকে ৯ই মে পর্য্যন্ত হাজতে রাখার আদেশ দেওয়া হইয়াছে।

অপরাধ স্বীকৃত আসামী অনিলকুমার হালদারের জামিনের জন্য পুনরায় দরখাস্ত করা হইয়াছিল।

জাতুরকি কংগ্রেস কমিটির সম্পাদকের বাড়ীতে থানাতল্লাস

মির্জাপুর থানার পুলিশ জাতুরকি কংগ্রেস কমিটির সম্পাদক শ্রীযুত বৈদ্য নাথ ভৌমিকের গৃহে থানাতল্লাস করিয়াছে। বাড়ীর লোকজন তল্লাসী পরওয়ানা চাহিলে তাহা দেওয়া হয় নাই। শ্রীযুত ভৌমিক সে সময় বাড়ী ছিলেন না। প্রকাশ, আপত্তিজনক কিছুই পাওয়া যায় নাই।

ব্রাহ্ম মহিলার হত্যার জের দুইজন আসামীর হাজত বাস

ডাঃ প্রতাপ মজুমদারের বিধবা স্ত্রীকে হত্যা করা সম্পর্কে কালী পাত্র এবং রামানন্দ দাসকে অতিরিক্ত প্রধান প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেটের কোর্টে হাজির করা হইলে তাহাদিগকে ৯ই মে পর্য্যন্ত হাজতে রাখিবার হুকুম দেওয়া হয়

ই, আই, রেলওয়েতে ব্যয় সঙ্কোচ আরও ৩জন বরখাস্ত

মাত্র এক দিনের নোটিশে গত শনিবার ই, আই, রেলওয়ের আরও নয়জন টিকেট কালেক্টরকে বরখাস্ত করা হয়াছে—ইহার মধ্যে চারজন এগ্লো ইণ্ডিয়ান টিকেট ইন্‌স্পেক্টরও আছেন। মাস কয়েক যিন পূর্ব্বে আরও বহু কর্ম্মচারীকে ছাড়াইয়া দেওয়া হইয়াছে। রামাচুরের এজা কর্ম্মচারীদের অসন্তোষ ক্রমশঃ সঙ্কট চড়াইয়া পড়িতেছে এবং অবস্থা এতদূর হইয়াছে এখন আরও কর্ম্মচারীকে ছাড়াইয়া দেওয়া হয় তবে এ অঞ্চলে অরাজকতা পরিব্যাপ্ত হইয়া পড়িবে। বরখাস্ত টিকেটকালেক্টরকে ছাড়াইয়া দেওয়া হইয়াছে তাঁহারা বহুলোক পরিবারের একটী নির্দ্দিষ্ট অংশ পাঠাইয়া দিয়াছেন—এই ব্যয় সঙ্কোচের অনুরোধে পরিবারের অংশবৃদ্ধি আছে। ডিভিসনের সুপারিণ্টেণ্ডেণ্ট ডিপার্টমেণ্টের ত্রুটি দূর করিতেছেন। উপরোক্ত নয় টিকেট কালেক্টরকে নির্দ্দিষ্টভাবে ছাড়াইয়া দেওয়া হইয়াছে। বেলওয়েতে অসন্তোষ বৃদ্ধি পাইতেছে—আপনার এতদুপেক্ষা প্রার্থনীয়।

গৃহস্বামীর অনুপস্থিতিতে থানা-তল্লাস ও গৃহের তালাভঙ্গ

পুলিশ কর্ত্তৃক শ্রীযুক্ত হরিপদ বাগচী মহাশয়ের অনুপস্থিতিতে পুলিশ তালা-ভাঙিয়া তাঁহার গৃহে প্রবেশ করে এবং একটী সুটকেস্ লইয়া যায়। বিগত বেল ডাকাতি সম্পর্কে বাগচীকে গ্রেপ্তার করা হইয়াছিল। কিন্তু অন্যান্য ব্যক্তিগণের সহিত তাহাকেও পরে ছাড়িয়া দেওয়া হয়।

আচার্য্য রায়ের আবেদনের ফল

মাননীয় মিঃ বে, ডি, স্বামী আবেদনের পর এন, আর, মুখুজ্যে একজন মন্ত্রীর সহিত গ্রামে প্রচারকার্য্য করিতে যাত্রা করিয়াছেন। তাঁহারা খদ্দর, দেশী মাল এবং কংগ্রেসের সভ্য করার বিষয়ই লইয়া বাহির হইয়াছেন। যাত্রার পূর্ব্বে মাদুবেদন নাকি বন্ধুদের কাছে বলিয়াছিলেন যে, গ্রামের কাজ গ্রহণ করিবার জন্য তাঁহাদের প্রতি আচার্য্য সার পি, সি, রায়ের একান্ত অনুরোধই তাঁহাকে এই কার্য্যে প্রবৃত্ত হইতে উৎসাহিত করিয়াছে।

এপর্য্যন্ত মাদুবেদন আঠারখানি গ্রামে ঘুরিয়াছেন।

ম্যাঞ্চেষ্টার রয়াল এক্সচেঞ্জে সভা

ম্যাঞ্চেষ্টার রয়াল এক্সচেঞ্জে ৮০০০ বৃটিশ ব্যবসায়ী সমবেত হইয়া ভারতের বিদেশী পণ্য বর্জ্জনের প্রতিবাদ করিয়াছেন। রয়াল এক্সচেঞ্জের সভাপতি লার্ড আর্থার কাপ্‌বার্থ এই প্রস্তাব উপস্থিত করিয়াছিলেন। ইহাতে আমদানী শুল্ক হ্রাসের দাবীও করা হইয়াছে।

বৃটিশ ব্যবসায়ীরা এই অভিমত প্রকাশ করিয়াছেন যে, এখন আর বয়কট আন্দোলন চালানো বৃটেন ও ভারত—কাহারও পক্ষেই লাভজনক নহে। ভারতের জাতীয় দলের অধিকাংশ প্রস্তাবই বৃটেন কর্ত্তৃক অনুমোদিত হইয়াছে বলিয়া আশার সঞ্চার হইয়াছে। বৃটিশ গবর্ণমেণ্টের সহানুভূতি আকর্ষণ করাই কর্ত্তব্য পরিবেশে ব্যবসায়ীরা বৃটিশ গবর্ণমেণ্টের সহানুভূতি প্রার্থনা করিয়াছেন এবং বাহাতে বয়কট বন্ধ হয় এবং ভারতের আমদানী শুল্ক হ্রাস হয়, তাহার উপায় করিতে মন্ত্রিমণ্ডল অনুরোধ করিয়াছেন।

বিলাতের প্রধান মন্ত্রীর ভারতাগমন

আগামী শরৎকালে পার্লামেণ্টের অধিবেশন স্থগিত হইলে বিলাতের প্রধান মন্ত্রী মিঃ ম্যাকডোনাল্ড বা মন্ত্রীসভার অন্য আর একজন সদস্য ভারতভ্রমণে যাইবেন—সংবাদ এইরূপ শুনা যাইতেছে। সম্প্রতি বলের মিঃ ব্রাকেন এসম্বন্ধে পার্লামেণ্টে এক প্রশ্ন উত্থাপনের নোটীশ দিয়াছেন।

বোম্বাই পার্লামেণ্ট কর্ত্তৃক শুকদেব রাজের উল্লাস?

প্রকাশ, লাহোর সালিমারবাগে বৃদ্ধ শুকদেব রাজকে লাহোর রোডে ভগ্নী-বর্ষণ ব্যাপার সম্পর্কে বোম্বাইয়ের কর্ত্তৃপক্ষ গ্রেপ্তার করিয়াছিলেন। উপস্থিত তাহাকে বোম্বাইয়ে আনা হইবে না বলিয়া বোম্বাই কর্ত্তৃপক্ষ সিদ্ধান্ত করিয়াছেন। প্রকাশ, শুকদেবরাজ বোম্বাই হইতে লাহোরে গিয়া তদবধি তথায় বাস করিতেছিল।

"শ্রীধাম"
টেলি—
নবদ্বীপ

Reg No C.1544

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৮৲
অর্দ্ধ কলম ৫৲
সিকি কলম ২৲
ষ্টাম্পের লাগে
স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

সাধারণের হ
আড়াই বেঃ।
ষাণ্মাসিক ৩৲
ত্রৈমাসিক ২৸৹
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ।৫

আজিকের সমাজে একমাত্র প্রামাণ্য—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৬ষ্ঠ খণ্ড] সম্পাদক—শ্রীযুক্ত ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [৫৮শ সংখ্যা

শ্রীচৈতন্যাব্দ শ্রীধাম মায়াপুর ১৮ই বৈশাখ সোমবার ১৩৩৮, ১১ই মে ১৯৩১

নানা কথা

মিঃ গ্রের উত্তরে গান্ধীর বিবৃতি

বিলাতের বয় বরন সমিতির অস্থায়ী সভাপতি মিঃ গ্রের পত্রের উত্তরে মহাত্মা গান্ধী নিম্নলিখিত বিবৃতি প্রকাশ করিয়াছেন :—

"মিঃ গ্রে'র ন্যায় দায়িত্বজ্ঞান সম্পন্ন ইংরাজগণ প্রকৃত অবস্থা সম্বন্ধে কিরূপ অন্ধ তাহা ভাবিলে বিস্মিত হইতে হয়। আমি মিঃ গ্রের উপর অন্যায়ের আরোপ করিলাম। তাহার কারণ তিনি এই সন্ধির প্রকৃত সর্ত্তকে ইচ্ছাপূর্ব্বক বিকৃত করিতেছেন তাহা বুঝিতে পারিতেছেন না।

সন্ধির সর্ত্তানুযায়ী পিকেটিংয়ে ভয় প্রদর্শন, বল প্রয়োগ ইত্যাদি নিষিদ্ধ। পিকেটিং হইবে সম্পূর্ণ শান্তিপূর্ণ। আমরা এই সর্ত্ত পালনের উপরই জোর দিয়াছিলাম। অধিকাংশ ক্ষেত্রেই তাহা করা হইতেছে। যদি কোন ক্ষেত্রে যথার্থই ভয় প্রদর্শন কিম্বা বলপ্রয়োগের প্রমাণ পাওয়া যায় তবে আমি সেক্ষেত্রে পিকেটিং বন্ধ রাখিতে বলিতে ইতস্ততঃ করিব না। আমাদের দিক হইতে সন্ধির সর্ত্ত যথাসম্ভব খাঁটীভাবে পালন করা যে কিরূপ প্রয়োজনীয় তাহা আমি যেন অবগত আছি।

কালিকটে শ্রীযুক্ত সেনগুপ্তের বক্তৃতা

গত ৭ই মে সন্ধ্যায় সমুদ্রতীরে এক বিপুল জনসভায় বক্তৃতাকালে শ্রীযুক্ত সেনগুপ্ত বলেন—"কংগ্রেস পাঞ্জাবের গভর্ণরের হুমকী বরদাস্ত করিবে না।"

মিঃ গ্রের উত্তরে গান্ধীর উক্তি

কালিকটে শ্রীযুক্ত সেনগুপ্তের বক্তৃতা

ট্রেণ হইতে গার্ডের পতন

জেলের মধ্যে রিভলভার টোটা ইত্যাদি প্রোথিত

ল্যাঙ্কাসায়ারের শঙ্কায় গান্ধী

ষ্টেশন হইতে বন্দুক লইয়া চম্পট—অপরাধী ধৃত ও পুলিশের হাতে সমর্পিত

জাহাজের ভাড়া হ্রাস

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার—গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

"ডাণ্ডাগুলি" শব্দে গুলি চালনার উল্লেখ করিয়া তিনি বলেন যে ইহা দ্বারা শান্তি সঙ্ঘের প্রতিকূলতা করা হইতেছে। তিনি বলেন কংগ্রেস শান্তিভঙ্গ করিবে না। কিন্তু নেতার নিকট হইতে আদেশ পাওয়ামাত্র অপেক্ষা না করিয়া যুদ্ধে নামিবে। যুদ্ধ আরম্ভ হইলে একজন ইংরাজও এক পাই আয় করিতে পারিবে না।

"সেলফগভর্ণমেণ্ট" কথার উল্লেখ করিয়া শ্রীযুক্ত সেনগুপ্ত বলেন যে ভারতীয়দের স্বাধীনতা রক্ষার জন্যই সেল্ফগভর্ণমেণ্টের প্রয়োজনীয়তা, কংগ্রেস বৃটিশ ধনিক সম্প্রদায়ের সুবিধার জন্য কোন সেল্ফগভর্ণমেণ্ট গঠিত হইতে দিবে না।

ট্রেণ হইতে গার্ডের পতন
গুরুতর আঘাত প্রাপ্ত

কোকামো রেলওয়ে ষ্টেশনের নিকট ট্রেণ হইতে পতিত হইয়া একজন স্বাস্থ্য রেলওয়ে গার্ড আমার মৃত্যুর হাত হইতে রক্ষা পাইয়াছেন।

ঘটনার বিবরণে প্রকাশ, ই, আ রেলওয়ের জনৈক গার্ড পণ্ডিত জি, মিশ্র মোকামা রেলওয়ে ষ্টেশনের নিক হইতে ট্রেণ হইতে পড়িয়া যান। গুরু আঘাত প্রাপ্ত হইয়া অচৈতন্য অবস্থ তিনি পড়িয়া থাকেন। কিন্তু ঐ সময় এ খানা আপ্ ষ্টোর ট্রেণ সিগ্না যাইতেছি উক্ত ট্রেণের জনৈক ইউরোপীয়ান গ মিঃ লিমন পণ্ডিতকে দেখিতে পা অতঃপর সেই ট্রেণখানা থামাইয়া মিঃ মোকামা রেলওয়ে হাসপাতালে পাঠাই দেন। ইহাতে ঐ ট্রেণখানার গন্তব্য স্থানে পৌঁছিতে যথেষ্ট বিলম্ব হইয়াছি পণ্ডিত মিশ্রের পকেট হইতে ৩৫৲ টা সহ একটি বাদণ্ড রাস্তার পার্শ্বে প্রা হইয়াছিল। মিঃ লিমন মোকামা ষ্টেশ মাষ্টারের কাছে উহা গচ্ছিত রাখি ছেন।

পণ্ডিত মিশ্রের অবস্থা ক্রমশ ভালর দিকে যাইতেছে।

কাকুলামে জাতীয়পতাকা উত্তো
উৎসব দর্শনে আগতার বিভ্রাট

প্রকাশ, কাকুলামে মহাত্মা উপ জাতীয় পতাকা উত্তোলন উপলক্ষে দেখি যায় যখন পুলিশ জনতাকে লাঠী দ্বা আক্রমণ করিতেছিল। তিন জন আহ হইয়াছে বলিয়া প্রকাশ।

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের সুব্যবস্থা করা হইয়াছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

বিস্তারিত যাহাদের জন্য নিম্নলিখিত ঠিকানায় পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্

শ্রীমায়াপুর, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

সুবর্ণ সুযোগ বেশী দিন আর থাকিবে না

— কেশরঞ্জন —

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের

৪০ বাৎসরিক আনন্দোৎসব উপলক্ষে আর কিছু দিন মাত্র বাকি আছে। এই উৎসব শেষ হইলেই পুনঃ আমাদের "শক্তি-সঞ্জিবনী বটিকা" পূর্বের ন্যায় ৮৲ টাকা মূল্যেই বিক্রয় করিব। তাহার পর হইতে উহা ৮৲ টাকায় পাওয়া যাইবে। এই বটিকা এক বার খাইলে সারা জীবনে আর কোন ঔষধ খাইতে হয় না। পুনঃ পুনঃ ব্যবহারে আরও মাসিক ৮৲ টাকা পাঠাইয়া উহার এক কৌটা লইবেন। সত্বর লউন। বিলম্বে নিরাশ হইবেন।

প্রাপ্তিস্থান ঃ আতঙ্ক নিগ্রহ ঔষধালয়

১১৯নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

কেশরঞ্জিনী পাঁচন

সর্ব্ববিধ কেশরোগের অব্যর্থ মহৌষধ।

মস্তিষ্কের শুষ্কতা দূর ও অগ্নি শিখিতে স্বাভাবিক অবস্থায় ফোটরোগের সমস্তরিমাণ ঔষধ ব্যবহার করিতে হয়, ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ১০ আনা, পাঁচটি ৪৲ আনা, ডজন ১৲ আনা।

অফিস- ১১৯নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

৩।৪ দিন, এক্স, ঔষধ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের জন্য বাটি বসিয়া বৈজ্ঞানিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

১৮ নং ওয়েলিংটন ষ্ট্রীট, বহুবাজার, কলিকাতা।

১। **শূলামৃত**

শিরঃশূলের অব্যর্থ মহৌষধ। ১ মাত্রায় উপশম, সপ্তাহে আরোগ্য। ছোট ৸০ বার আনা, বড় ১।০ আনা। মাশুল পৃথক্।

২। **শুক্রাচার্য্য সঞ্জীবনী পোষ্টাই**

প্রমেহ ও অকালক্ষয়ের একমাত্র মহৌষধ। মূল্য ১ ডিবা ১।০ আনা। মাশুল পৃথক্

৩। **সন্ন্যাসী-প্রদত্ত অর্শরোগের অব্যর্থ আংটী**

আরোগ্য না হইলে মূল্য ফেরৎ। মূল্য ১০ আনা। মাশুল পৃথক্

৪। **কোষ্ঠ-বান্ধব পীল**

অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, পেটফেঁপানায় মহৌষধ। ডিবা ৷০ আনা। মাশুল পৃথক্।

৫। **বাতলীন**

বাতরোগের মহোপকারী ও সত্বরে আরোগ্য। প্রতি শিশি ১০ আনা। মাশুল পৃথক্।

রবার-ষ্ট্যাম্প প্রস্তুতকারক। সত্বর ক্যাটালগের জন্য পত্র লিখুন।

প্রাপ্তিস্থান—মনোমোহন লেবরেটরী

পোঃ উয়ারী, কমলাপুর, ঢাকা,

মনোমোহন প্রেস

পূর্ব্ব-বাঙ্গালায় সর্ব্বতে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত

বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে

বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

১০নং শরাফপুর, ঢাকা।

মরা মানুষ বাঁচাইবার উপায়



বহির অন্যান্য প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি বাঙ্গালা নানাবিধ অনিয়মিত উপায় অপরিমিত শক্তি নষ্ট করিয়া অনেকে মরা অবস্থা প্রাপ্তিয়াছেন এবং নানা প্রকার যেমন, প্রমেহ বাতু দৌর্ব্বল্য, স্নায়ুবিক দুর্ব্বলতা, বহুমূত্র, হৃৎস্পন্দন, পার্শ্বশূল, অর্শ এবং স্ত্রীলোকদিগের মধ্যে যাহা বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত ইলেক্‌ট্রিক সলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত সহস্র প্রমাণ প্রতি বৎসরেই পাওয়া যাইতেছে যাহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ১৷০ টাকা মাত্র।

সোল এজেন্ট—

ডাঃ ডি. ডি, হাজরা।

কলেজস্কুল, গার্ডেন-রিচ পোষ্ট, কলিকাতা

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠবার্ত্তাবহ

বেদাদি সমস্ত সাত্বত-শাস্ত্রের অকৃত্রিম ব্যাখ্যাতা

সমগ্র ভারতে একমাত্র সুলভ

দৈনিক পারমার্থিক পত্র

শ্রীগৌরাব্দ ৫০৭ | নবদ্বীপ—২৮শে বৈশাখ সোমবার—১৩৩৮

সাময়িক প্রসঙ্গ

কলিযুগ—বিবাদযুগ। তাই অন্ত-প্রাণীর কথা কি, প্রাণিজগতে যাঁহারা শ্রেষ্ঠ আসনের দাবী করেন তাঁহাদেরও অধিকাংশেরই ইন্দ্রিয়গণ এত বলশালী হইয়াছে যে, উহারা মনের অধিনায়কত্বে উহাদের প্রভুর অধীনতাপাশ ছিন্ন করিয়া স্বপ্রাধান্য বিস্তার করিতেছে। প্রত্যেকের মনোরাজই ভোগরাজ্যের একচ্ছত্র সম্রাট, হইবার চেষ্টা করিতেছে। তাই পুতিগন্ধময় স্ব স্ব স্বার্থজাগাড়ের অংশ লইয়া শকুনীদের ন্যায় পরস্পরের মধ্যে ভীষণ বিবাদ উপস্থিত হইতেছে।

পৃথিবীব্যাপী মহাসমর মাত্র কয়েক বৎসর ছিল—তাহাতে জগতের অর্দ্ধাংশ লোকই 'ত্রাহি ত্রাহি' রবে গগনপবন মুখরিত করিয়াছিল; কিন্তু এই যে ভীষণ সমর অসার সংসারে চিরকাল রহিয়া আছে—ইহার নিবৃত্তির চেষ্টা কয়জনের আছে? মহাসমরে সমস্ত জীবকুলের আকুল আর্ত্তনাদ—কাতর ক্রন্দনে করুণার্দ্র হইয়া শ্রীমধুসূদন উহার নিবৃত্তির ব্যবস্থা করাইলেন, আর আমরা যদি ভাগাড়বন্টনক্লেশ হইতে পরিত্রাণ পাইবার নিমিত্ত সেই অচ্যুতের অভয় চরণারবিন্দে অনন্যোপায় হইয়া শরণ গ্রহণ করি, তাহা হইলে কি তিনি আমাদিগকে রক্ষা না করিয়া থাকিতে পারেন?

অপরের প্রকৃত মঙ্গল সাধন করিতে পারে এরূপ লোকের সংখ্যা অতি বিরল। কিন্তু অন্যের অনিষ্ট সম্পাদনে সিদ্ধহস্ত লোকে জগৎ ভরপুর। জগতের এই প্রকার দুর্ভাগ্যের কারণ-নির্ণয়ে দেখিতে পাওয়া যায় যে, ঈশ্বরহীন শিক্ষাই (Godless Education) স্বীয় অশুভ মূর্ত্তি পরিগ্রহ করিয়া এই অবস্থা সংঘটন করাইতেছে। এই শিক্ষা মানবকে এমনভাবে অভীভূত করিতেছে যে, সে নিজের স্বরূপের সন্ধান লইবার কোনও প্রয়োজন বোধ করে না, ফলে প্রকৃত মঙ্গল জিনিষটা কি এবং কিসে প্রকৃত মঙ্গল সম্পাদিত হইতে পারে, তাহার কিছুই অবগত নহে। এরূপ ব্যক্তির দ্বারা যে অন্যের প্রকৃত উপকার সম্পাদিত হইতে পারে না, তাহা বুদ্ধিমান্ মাত্রেই অতি সহজে হৃদয়ঙ্গম করিতে পারেন।

ভারতের অধিবাসিগণের মধ্যে অধিকাংশই নিরক্ষর। তাহারা বিশ্ববিদ্যালয়ের উপাধিধারিগণকে পণ্ডিতজ্ঞানে অতিশয় শ্রদ্ধা করে; এমন কি, অনেক সময় তাহাদিগকে ভক্ত, কর্ত্তা, বিধাতা বলিয়াও আর কল্পনা থাকে। তাহাদের এই নিরক্ষরতার সুযোগ লইয়া ঈশ্বরহীন শিক্ষায় পুষ্ট বিজ্ঞাভিমানিগণ নিজেদের অজ্ঞতা গোপন করত উহাদের উপকারের ছলনায় অনেক সময় তাহাদের সর্ব্বনাশ সাধন করিয়া নিজেদের স্বার্থসিদ্ধি করিয়া থাকে।

নীতি ও ধর্ম্মবিজ্ঞানমূলে প্রতিষ্ঠিত ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউটের বিরুদ্ধে এতদ্দেশীয় কতিপয় শিক্ষিতাভিমানী ব্যক্তির পুনঃপুনঃ প্রকাশের সমালোচনার পরিচয় পাইয়া আমরা অতিশয় দুঃখিত। ঐসকল ব্যক্তি প্রকৃত জ্ঞানালোক লাভ করিতে পারে নাই, তাহাদের গ্রামের ছেলেরা যেই আলোকে উদ্ভাসিত হইলে তাহাদের প্রতিষ্ঠা মলিন হইবে—এই নহেট কি তাঁহারা ঐ প্রকার হীন কার্য্যে ব্রতী হইয়াছেন? যদি তাহাই হইয়া থাকে, তাহা হইলে আমরা তাঁহাদিগকে অন্তর দিয়া জানাইতেছি যে, ঐ প্রকার ভয়ের কোন কারণ নাই; কারণ ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউটের ছিন্নু ছাত্রগণ ছিন্নু শিক্ষক হইতে এবং মুসলমান ছাত্রগণ মৌলবী সাহেব হইতে বিন্দুও ন্যূন সাম্প্রদায়িক শিক্ষা পাইয়া আদর্শচরিত্র হইতেছেন—সুতরাং অন্যের প্রতিষ্ঠা মলিন করা কিংবা অন্যকে হীন প্রতিপন্ন করা তাঁহাদের উদ্দেশ্য হইবে না। পক্ষান্তরে যাহাতে ঐ শ্রেণীর লোকেরও প্রকৃত মঙ্গল হইতে পারে, তন্নিমিত্তই তাঁহারা প্রয়াস পাইবেন।

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট মাত্র একমাস যাবৎ খোলা হইয়াছে। অতিশয় আনন্দের সংবাদ এই যে, বিরুদ্ধবাদিগণের আপ্রাণ বাধা দেওয়া সত্ত্বেও বিদ্যালয়ের দেবচরিত্র শিক্ষকগণের শিক্ষাপ্রণালীতে মুগ্ধ হইয়া প্রত্যহই নূতন ছাত্র ভর্ত্তি হইতেছে। দ্রুতগতিতে ছাত্রসংখ্যা বৃদ্ধি পাইতেছে। ঘনান্ধকার কতক্ষণ সূর্য্যকে ঢাকিয়া রাখিতে পারে?

শ্রীমন্নাথমুনি

দাক্ষিণাত্যে তাঞ্জোর ও ত্রিচিনপল্লীর মধ্যে মধ্যদেশ অবস্থিত। তথায় বীরনারায়ণ নামক গ্রামে ঈশ্বর ভট্ট নামক জনৈক দ্রাবিড় ব্রাহ্মণ বাস করিতেন। তথায় অনন্তাচার্য্যপ্রণীত প্রপন্নামৃত গ্রন্থের মতে ৯০ একোত্তর বিক্রমাব্দের অগ্রে বৈশাখ পূর্ণিমায় ঈশ্বর ভট্টের একটী পুত্র জন্মগ্রহণ করে। পরে তিনি শ্রীমন্নাথমুনি নামিয়া বিখ্যাত হন। বয়োবৃদ্ধির সহিত শ্রীমন্নাথমুনি অশেষ শাস্ত্রে পারদর্শী হইয়া গ্রামস্থ আচার্য্যগণের সেবায় প্রাণ দান এবং তথা হইতে তত্ত্বজ্ঞান সকল সম্পন্ন করিয়া বহুকাল গার্হস্থ্যধর্ম্ম পালন করিতে লাগিলেন। অনন্তর মধুরা প্রভৃতি উত্তর দেশ ভ্রমণ ও সেনালাভ বাসনায় শ্রীবিষ্ণুচিত্ত নিকট প্রার্থনা করিলে বাসুদেবপোলসের তাঁহার প্রার্থনা অঙ্গীকার করিলেন। নাথমুনি এতদ্প্রকার অনুজ্ঞা লাভ করত পরিবার ও কুটুম্ববর্গ সমভিব্যাহারে উত্তর দেশে যাত্রা করিলেন।

পথে নিত্য পুরুষোত্তম সবাইকে দর্শনানন্তর গোপালপুর পৌঁছিলেন। তথা হইতে রামন শ্রীরঙ্গ অবগাহন পূর্ব্বক ত্রিবিক্রম দর্শিয়া ঘটিকাচল গমন করিলেন। ঘটিকাচল হইতে বেঙ্কটাচলে রমাপতির পাদপদ্ম বন্দনা করত পুরুষ পর্ব্বতে অহোবল নৃসিংহ দর্শন ও ক্রমে ক্রমে গাড়ুরুক প্রদেশে বিষ্ণুলোক ও কুম্ভকোণে কুম্ভ প্রয়াগ পূর্ব্বক মথুরায় উপস্থিত হইলেন। অতঃপর মায়াতীর্থে মধুসূদন দেখিয়া গোমন্ত পর্ব্বতাভিমুখে গমন করিলেন। ত্রিকূট পর্ব্বতে রামচন্দ্রের চরণে প্রণিপাত পূর্ব্বক গঙ্গাসাগর তীরে উপস্থিত হইলেন। তিনি গোবর্দ্ধন, বৃন্দাবন, অযোধ্যা প্রভৃতি স্থান দর্শনে নিতান্ত আনন্দ লাভ করিলেন এবং গোবর্দ্ধনের অপ্রাকৃত সৌন্দর্য্যে বিমুগ্ধ হইয়া কৃষ্ণসেবায় অনিশ নাপন করিতে লাগিলেন।

একদিবস রজনীতে শ্রীমন্নাথমুনি গোবর্দ্ধন গিরিস্থ কৃষ্ণগোষ্ঠমধ্যে মগ্ন হইয়া নিদ্রিত হইলে তদবসরে দেখিলেন যে, শ্রীশ্রীমৎ রাজগোপাল দেব তাঁহাকে গোবর্দ্ধন ত্যাগ করত নীর নারায়ণপুরে প্রত্যাগমন করিতে আদেশ করিতেছেন। নিদ্রাভঙ্গ হইলে গোপালকিঙ্কর নাথমুনি স্বদেশে যাইতে বাসনা করিয়া গোবর্দ্ধনের গিরিজির অনুজ্ঞা লইয়া স্বজন সহ স্বদেশাভিমুখে চলিলেন। পথিমধ্যে বেঙ্কটাদিগণের অধিষ্ঠিত নারায়ণীক্ষেত্র হইয়া নীলাচলে জগন্নাথ দর্শন করত পুনরায় সিংহাচলে অহোবল নৃসিংহ দর্শন করিলেন। শ্রীনৃসিংহদেবের যথোচিত বন্দনা করিয়া বেঙ্কটাচল পর্ব্বতে ওঠাদি পূর্ব্বক ঘটিকাচলে পুনরায় শ্রীনৃসিংহের অর্চ্চনা করিলেন। পরে সরোবরে অবগাহন পূর্ব্বক যোগীরাজের অর্চ্চনা বন্দন পূর্ব্বক কাঞ্চী নগরে উপনীত হইলেন। তথায় বরদরাজের স্তুতি করিয়া নানা তীর্থ মৈত্রপ্রতি পূর্ব্বক অবিলম্বে তিরুমলে উপস্থিত পরদা পঞ্চইলে মহীসারের জগন্নাথ দর্শন করিয়া বটপত্রশায়ী শ্রীহরি দর্শনে উপস্থিত হইলেন। তথা হইতে বৈকুণ্ঠবিনী শ্রীরঙ্গে আগমনানন্তর, ভক্তশ্রেষ্ঠ রামন প্রভৃতি সেবক সমভিব্যাহারে করত মধুরা নগরে পৌঁছিলেন। মধুর নগরে কেশব দর্শন পূর্ব্বক তোণ পর্ব্বত, পুণ্ডরীক সরোবর, মকারবীপুর, ত্রোতাদ্রি ও কুম্ভকোণ প্রভৃতি স্থানের শ্রীমূর্ত্তিচয়ের যথাযথ অর্চ্চনান্তর পুনরায় বীরনারায়ণ নগরে প্রত্যাবর্ত্তন করিলেন।

ইতিমধ্যে তীর্থযাত্রা সমাপন পূর্ব্বক নাথমুনি বীরনারায়ণপুরে পুনরাগত বৈষ্ণবগণের নানা তীর্থ হইতে আনীত প্রসাদাদি প্রদান করিয়া পরম আপ্যায়িত করিলেন।

কিয়ৎকাল পর হইলে একদা শ্রীমন্নাথমুনি কয়েকটী বৈষ্ণবকে কারিমারুত শ্রীশঠবিরচিত গাথা পাঠ করিতে শ্রবণ করিয়া পরম পুলকিত হইলেন। গাথাটী সম্পূর্ণ সংগ্রহ করিবার বাসনা হইল। তিনি বৈষ্ণবগণের নিকট সন্ধোধনক উত্তর না পাইয়া স্বয়ং প্রয়াসযোগে কুরুকাপুরী গমন করিলেন।

শ্রীমান্ কুরুকেশের শ্রীবিষ্ণু সেবাপূজা নিয়মনে নিযুক্ত হইলেন। কিছুকাল সেবা সাধন করিয়া ভগবানের মনোভীষ্ট বিদিত করিলে ভগবান্ প্রসন্ন হইয়া তাঁহাকে বলিলেন,—"বৎস, তুমি সত্বর তাম্রপর্ণী নদীতীরে কুরুকা নগরীতে গমন কর। তথায় আমার পরম ভক্ত শঠকোপ নিরন্তর বাস করিতেছে। সেই শঠকোপ দ্রমিড় এই গাথা রচনা করিয়াছেন তথা হইতে অভীপ্সিত গ্রন্থ গ্রহণ কর।"

ভগবানের আদেশমত নাথমুনি কুরুকা নগরীতে উপস্থিত হইলেন। তথায় নাথমুনি নাথের চরণ বন্দন পূর্ব্বক চিকাগুলে শঠজিৎপদ তদীয় শিষ্যাগ্রগণ্য মধুর কবির মূর্ত্তি দর্শনান্ত

তাঁহার শিষ্য শ্রীপরাঙ্কুশ দাসকে জিজ্ঞাসা করি "মহাশয় আপনি কি শঠকোপ-দাসের বিরচিত সূক্তি দেখাইয়াছেন? ঐসূক্তি কি এক্ষণে গ্রন্থাকারে আছে। যদি থাকে, তাহা হইলে কোথায় উহা পাওয়া যাইবে?" উত্তরে পরাঙ্কুশ দাস বলিলেন, "কাশ্মীর পুরে যে প্রবন্ধ রচনা করিয়াছিলেন, সেই মহা প্রবন্ধ এক্ষণে কোথাও নাই। যেহেতু পুরাকালে ভগবান্ শঠকোপ বেদসকলের সার সংগ্রহ করত দ্রাবিড় ভাষায় চারিটী প্রবন্ধ রচনা করিয়াছিলেন। শঠকোপ সংগ্রহ রীতি নামক প্রবন্ধ রচনা করিয়া তাঁহার শিষ্য মধুর কবিকে উপদেশ করিয়া নিত্যধামে গমন করেন। সেই সময়ে এই গ্রন্থ পাঠ করিয়া অনেকে পাপবিমুক্ত হইয়া পরলোক গমন করিতে লাগিল। এজন্য এই গ্রন্থ পাঠ করিলে মৃত্যু হয়, অজ্ঞলোকে এইরূপ বিশ্বাস করিত। তদবধি দ্রাবিড় আমায় পুণ্য জগতে লুপ্ত হইয়াছে।

মূঢ় ব্যক্তিরা এই কথা শুনিবার জন্য বদ্ধপরিকর হইয়া তাম্রপর্ণী নদীতটে পুস্তকখানি নিক্ষেপ করে। এই পুস্তকের একখানি মাত্র পত্র রক্ষা পাইয়াছিল। এই পত্রে দশটী মাত্র শ্লোক পুনরুদ্ধার হয়, শঠকোপের রচনার মধ্যে উহাই এক্ষণে আছে। শঠকোপের শিষ্য মধুর কবি ঐ গ্রন্থ পুনর্বার রচনা করিয়াছেন। তাঁহার নিকট হইতে আমি ঐ প্রবন্ধ প্রাপ্ত হইয়াছি। তুমি মন্ত্র গ্রহণ করিয়া ভক্তি পূর্ব্বক যদি সহস্র সংখ্যা তব পাঠ কর। তাহা হইলে শঠকোপের তোমার প্রতি কৃপা হইবে।"

পরাঙ্কুশের উপদেশ মতে শ্রীনাথ স্তবপাঠে ব্রতী হইলেন। পাঠের ফলে অবিলম্বে অতীত গ্রন্থ, ভবিষ্যৎ ও বর্ত্তমান পাইলেন। কুরকানগরে অবস্থান সময়ে ভট্টাচার্য্যের নিকট অপ্রাকৃত বিগ্রহপ্রাপ্তির ইতিহাস ও ভবিষ্যদ্বাণীর বিবরণ জানিবার বাসনা হয়। তদন্তরে শ্রীনাথ জানিতে পারিলেন যে, ভগবান্ কোন শিল্পীর নিকট স্বয়ং প্রাদুর্ভূত হইয়া নিজ রূপানুসারে বিগ্রহ গঠনের আদেশ করেন এবং মূর্ত্তি গঠন সমাপন করিয়া শ্রীনাথকে অর্পণ করিবার আজ্ঞা করিলেন। তদনুসারে ভাস্কর প্রাতঃকালে শয্যোত্থান করিয়া আদেশ মত শ্রীমূর্ত্তি নির্ম্মাণ পূর্ব্বক শ্রীরঙ্গনাথমুনিকে প্রদান করিল। শ্রীনাথ স্বোপযোগে পদ্মাক্ষ নামক তদীয় শিষ্যকে অর্পণ করেন। পদ্মাক্ষ সিদ্ধমূর্ত্তি রামমিশ্রকে দিলেন। রামমিশ্র হইতে যামুনাচার্য্য বিগ্রহ প্রাপ্ত হইলেন। যামুনমুনি তদীয় শিষ্য গোষ্ঠীপূর্ণকে অর্চ্চামূর্ত্তি প্রদান করেন। গোষ্ঠীপূর্ণ তদীয় কন্যাকে শ্রীমূর্ত্তি সেবা প্রদান করিলে রামানুজের গ্রহণ কালে ঐ বিগ্রহ অদৃশ্য হইয়াছিল।

শ্রীনাথ কুরকানগরে কিছুকাল বাস করিয়াছিলেন। পরে গোপালদেবের ইচ্ছা-ক্রমে পুনরায় বীরনারায়ণপুরে আসিয়া বাস করেন। তাঁহার শিষ্যসংখ্যা দশটী, তন্মধ্যে পদ্মাক্ষই প্রধান। গোস্বামিগ্রন্থে ও শ্রীনাথের গ্রন্থের প্রশংসা দেখিতে পাওয়া যায়। শ্রীনাথ রামানুজ সম্প্রদায়ের প্রাচীন গুরু-গণের মধ্যে একজন অতি প্রধান বলিয়া প্রসিদ্ধ।

সেব-বিবেক

(ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ)

আমি অনাদিকাল হইতে শ্রীগুরুপাদপদ্ম কৃপায় "জগৎসেবা" কি বস্তু তাহা জানিতে পারিতেছি। দুঃ, দুঃখ, স্বঃ, সুখ, জনঃ,তপঃ, সত্য, এই চতুর্দ্দশভুবনাত্মক মায়িক জগতে আমি স্বরূপে স্থিত হইয়া অবস্থান করিতেছি। ভুবনমোহিনী মায়ার রূপ, রস, গন্ধ, স্পর্শ, শব্দাদি সম্ভোগ করাকেই, অর্থাৎ "কাম"-সেবাকেই আমি প্রেমসেবা মনে করিয়া বিষম বিমূঢ়বুদ্ধিতে পতিত হইয়া এই বিতাপ-হরসম্ভূত সংসারসাগরে পড়িয়া হাবুডুবু খাইতেছি। এখন আমার উপায়ের উপায় কি? কাম, ক্রোধ, লোভ, মোহরূপ নক্র, মকর, ঝষাদি প্রভৃতি জলজন্তুরূপ আমাকে গ্রাস করিতে উদ্যত হইয়াছে। এই দারুণ সঙ্কট হইতে আমাকে এখন কে রক্ষা করিবে? বুঝিলাম, অভিন্নিত্যানন্দ শ্রীগুরুপাদপদ্ম এক গুরুদেব ভিন্ন আমাকে এই অসেব্য বিপদ্ হইতে উদ্ধার করিবার আর কেহই নাই।

শ্রীগুরুদেবের কৃপায় আমার 'আত্ম-বৃত্তি' এখন একটু একটু করিয়া জাগ্রত হইতেছে। এতদিন আমি ভগবৎসেবারূপ প্রেম হইতে বঞ্চিত হইয়া মায়াদেবীর দুর্গে পড়িয়া অকথ্য ক্লেশ আমি এতদিন "কাম"-সেবাকেই প্রেমসেবা মনে করিয়াছি। ভক্ত কবি তুলসী দাস গাহিয়াছেন, যাঁহা 'রাম', তাঁহা নাহি 'কাম', যাঁহা 'কাম' তাঁহা নাহি রাম "দোনো এক নাহি মিলে রবি রজনী এক ঠাম।" মরুভূমিতে মরীচিকায় ভ্রান্ত হরিণের ন্যায় প্রতিদিন আমি বিষুমায়া কর্ত্তৃক প্রতারিত হইয়াছি, আমার এই ভীষণ বিপদ হইতে এক শ্রীগুরুদেব ভিন্ন অন্য কেহই রক্ষা করিতে সমর্থ নহেন। একথা আমি শ্রীগুরুদেবের কৃপা প্রভাবেই বুঝিতে পারিয়াছি। কি আশ্চর্য্য! এখনও আমার আত্মবিবেক বা সেবাবিবেক জাগ্রত হয় নাই। জাগ্রত পুরুষ শ্রীগুরুদেবের সেবা ভিন্ন কখনই জাগ্রত হইবার নহে।

এতদিন আমি প্রাকৃত বিবেকানন্দ বা জড়ানন্দে বিভোর ছিলাম, অপ্রাকৃত সেবাবিবেকের কোন দিনই সন্ধান পাই নাই। অঘটনঘটনপটীয়সী মায়ার এমনই প্রভাব—সত্ত্ব, রজো, তমোরূপ স্বর্ণ, রৌপ্য ও লৌহ-শৃঙ্খলে আমাকে আবদ্ধ করিয়া দেহীগামরূপ কারাগারে নিক্ষেপ করিয়াছে।

হে অহৈতুক কৃপাসিন্ধু বৈষ্ণব ঠাকুর পতিতপাবন শ্রীগুরুদেব,আমাকে কৃপা করুন, যেন আমার আত্মচৈতন্য লাভ হয়, যেন আমি "সেবাবিবেক" লাভ করিয়া এই দুঃখ-মায়াকে জয় করিতে পারি। কেননা,—সদ্‌গুরু পাওয়া, ছেদ যাওয়া আর কৃষ্ণ তত্ত্ব উপদেশ, কহনাতো সহজ ছুটে যব আপ করে পরবেশ।

শ্রীল ঠাকুর মহাশয় গাহিয়াছেন :—
কিরূপে পাইব সেবা মুই দুরাচার।
শ্রীগুরুবৈষ্ণবে রতি না হৈল আমার॥
আশে যত বিঘ্ন মোর মন যেন হইল।
বৈষ্ণবেতে প্রেমলাভ কিসে না জন্মিল॥
বিষয়ে ডুবিয়া সদা হৈনু দিবানিশি।
গলে তীক্ষ্ণ বিষ্ণু মিছে মায়ার পিয়াসী॥
ইহারে কাতরা কৃষ্ণ কৃপা না করিলা।
নরোত্তম দাস বলি নাহক মরিলা॥

কৃষ্ণের ছাড়ানী ও মায়ার ছাড়ানী, দুইটী ভাসন্ত কখনও এক নহে। প্রেমসেবা ও কাম সেবা দুই বস্তু এক নহে।

"আত্মেন্দ্রিয়প্রীতিবাঞ্ছা তারে বলি 'কাম'॥
কৃষ্ণেন্দ্রিয়প্রীতিবাঞ্ছা ধরে 'প্রেম' নাম॥

আমি এই ভিন্ন কামসেবাকেই প্রেম-সেবা মনে করিয়া ভাক হইয়াছি; এই ভ্রম দূরীভূত করিতে এক বৈষ্ণব ভিন্ন অন্য কেহই সমর্থ নহেন।

অভিন্নিত্যানন্দ শ্রীগুরুদেবের শ্রীচরণ কৃপায় এখন আমার ঐ প্রাকৃত বিবেক রূপ সুখস্বপ্ন ভঙ্গ হইয়াছে—এখন অপ্রাকৃত সেবাবিবেক অনুবর্ত্ত ভক্তের ভাগ্যে আমার সম্মুখে। প্রাকৃতবিবেকানন্দ—কড়ানন্দ, আর অপ্রাকৃত বিবেকানন্দ—সেবানন্দ—এই দুইয়ের কখনও সমন্বয় হইতে পারে না।

শ্রীভগবানের সেবা—শ্রীবৈকুণ্ঠ বস্তুর প্রেমসেবা, আর প্রাকৃত বিবেকানন্দের দ্বারা পরিচালিত হইয়া যে সেবা অর্থাৎ—স্ত্রী পুত্রাদি আত্মীয় কুটুম্বগণের ভরণ পোষণরূপ কামসেবা—মায়ার সেবা। এতদুভয় কখনও এক বস্তু হইতে পারে না।

কৃষ্ণভক্তি জন্মমূল

(ভক্তিরত্ন শ্রীরাধাচরণ গোস্বামী ভক্তিশাস্ত্রী)

(১)

"সাধুসঙ্গই কৃষ্ণভক্তির জন্মমূল। কোথে বা ত্যাগে নিত্য কল্যাণ কৃষ্ণভক্তি লাভ হয় না। ভগবদ্ভক্তগণই সাধু; তাঁহারা নিত্যসত্য, সনাতন বস্তু শ্রীভগবানের শ্রীপাদপদ্ম আশ্রয় করিয়াছেন। ভগবদ্ভক্তগণ নিত্যকাল শ্রীহরির নাম, রূপ, গুণ, লীলাকথা আলোচনা করেন।

যাঁহারা শ্রীহরিকথা আলোচনা করেন, শ্রীগোবিন্দ সততই তাঁহাদের হৃদয়ে বিরাজ করেন। ভগবদ্ভক্তগণ সেবানুকূল্যে ভগবানের সহিত বাস করেন। যাঁহারা সেই সকল ভগবৎসঙ্গের সঙ্গ লাভ করেন, তাঁহাদের নিত্যমঙ্গল কৃষ্ণভক্তি লাভ হইয়া থাকে, ইহাতে বিন্দুমাত্রও সন্দেহ নাই।

যদি বলা যায় যে, আমরা এত সাধু সঙ্গ করি, আমাদিগের কৃষ্ণভক্তি লাভ হয় না কেন? তদুত্তরে বলা যায়—কর সাধুসঙ্গ (সমাগ্ প্রকারে সাধুর নিকট গমন) হয় না অথবা সাধু-সঙ্গের শ্রীভগ-বানের আশ্রিত, এই বিশ্বাসের অভাব। জ্যোতঃ সৌঃ স্পর্শশক্তিতে স্পৃষ্ট হইলেই সোনা হয়; সেই প্রকার জীবের সাধুসঙ্গ লাভ হইলেই জীব সাধু হয়। অকপটে সাধুর শরণাপন্ন উপস্থিত না হইলে সাধুসঙ্গ হয় না, সাধুও হওয়া যায় না।

ভাবজ্ঞসাধুগণ, জীবের হৃদয়ে ভক্তিবীজ রোপণ করিয়া জীবের নিত্য মঙ্গল বিধান করেন। জীবের যাবতীয় প্রয়োজনের মধ্যে কৃষ্ণপ্রেমই পরম প্রয়োজন। ধর্ম্মার্থ, কাম, মোক্ষ এই চতুর্বর্গ প্রয়োজন অপেক্ষা পঞ্চম ও পরম প্রয়োজন কৃষ্ণপ্রেম লাভে জীব চরম কৃতার্থ লাভ করেন।

শুদ্ধভক্তের সহিত দণ্ড মাত্র কাল সঙ্গলাভ হইলে জীবের অশেষ মঙ্গল উদিত হয়। তাঁহার সহিত মহারাজ চক্রবর্ত্তীপদ, ইন্দ্রত্বপদ বা মোক্ষাদিরও কিছু মাত্র তুলনা হইতে পারে না।

মায়াবাদকল্পদ্রুমী আদি গ্রন্থদ্বারা জীবের নিত্যকল্যাণ সাধিত হইতে পারে না। ইন্দ্রত্বাদিও চিরকাল থাকে না, তাহা ক্ষয়িষ্ণু, পুণ্য ক্ষয় হইলেই স্বর্গাদি রাজ্য হইতে সাই হইয়া মর্ত্ত্যাদি অধম লোকে পতিত হয়। সুতরাং স্বর্গাদি লোকেও আত্যন্তিক দুঃখের নিবৃত্তি নাই। দুঃখ-নিবৃত্তি—সাময়িক দুঃখাভাব মাত্র; নিত্য সুখ দ্বারা সুখলাভ নহে। অধিকাংশ মনুষ্যই বাকো বৃদ্ধ হইয়া ভক্তিমার্গকে ঠিক বোধ তাহাতে উদাসীন থাকিয়া যত ভোগ-চেষ্টাই দেখাইতে থাকুক না কেন, কোন প্রকারেই নিত্যকল্যাণমার্গে আরোহণ করিতে পারিবেন না। সাধুসঙ্গকে জীবের নিত্যমঙ্গলপ্রদাতা বলিয়া অবিশ্বাস করিয়া তাঁহারা আত্মকল্যাণের পথে কোটী কোটী কণ্টক আকীর্ণ করিতে-ছেন। নিজ হস্তে স্বমস্তক পথে কণ্টক আরোপিত করা নিতান্ত নির্বোধের কার্য্য। তাহাও তাঁহারা বুঝিয়া উঠিতে পারিতে-ছেন না।

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীমদ্ব্যাস কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস-প্রণীত মূল, শ্রীমন্মধ্বাচার্য-কৃত তাৎপর্য-নির্ণয়টীকা; শ্রীমদ্বিশ্বনাথচক্রবর্তী ঠাকুর-কৃত সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, সংস্কৃত অন্বয় ও প্রতিশব্দ, তথ্য ও বিস্তৃতাবিযুক্ত। প্রতি স্কন্ধের আরম্ভে সেই স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ অধ্যায়ের সারসহ সুবিস্তৃত তাৎপর্যাদি লিখিত। শ্লোকসূচী বিষয়সূচী, অধ্যায়বিবরণ, পাত্র ও স্থানসূচীসহ উত্তম কাগজে উত্তম অক্ষরে মুদ্রিত। প্রথম স্কন্ধ হইতে ১০ম স্কন্ধ পর্য্যন্ত ছাপা সম্পূর্ণরূপে শেষ হইয়াছে। ভিক্ষা প্রথম স্কন্ধ হইতে ৯ম স্কন্ধ পর্য্যন্ত ২।৵০; দশম স্কন্ধ ১৲; সমগ্র ৪৲।

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদঠাকুর-রচিত 'অমৃতপ্রবাহভাষ্য' ও শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লিখিত 'অনুভাষ্যে' শ্রুতি-স্মৃত্যাদি বহু শাস্ত্রপ্রমাণ-সম্বলিত হইয়া প্রকাশিত হইয়াছেন। শ্লোকের ন্যায়ব্যাখ্যা, বঙ্গানুবাদ ও প্রত্যেক পয়ারের পৃষ্ঠে সংক্ষিপ্ত অভিধেয় সংযোজিত। প্রত্যেক আদি-প্রারম্ভে কথাসার দেওয়া আছে। শ্লোক, ছন্দ, শব্দ, স্থান, পাত্র প্রভৃতির সুবৃহৎ সূচী ও গ্রন্থকারের বিস্তৃত জীবনী সম্বলিত এইরূপ অনুপম সংস্করণ ইতঃপূর্ব্বে কখনও প্রকাশিত হয় নাই। উত্তম কাগজে পরিষ্কার ঝরঝরে মুদ্রিত হইতেছে। গ্রন্থ প্রায় ১৫০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা এক্ষণে ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত শ্লোকের তথ্য, শব্দসূচী, শ্লোকসূচী, বিশেষ স্থান পাইয়াছে। প্রত্যেক বিষয় সম্বলিত বিরাট বিরীট সংস্করণ ক্রাউন ৮ পেজী আকার। আদিখণ্ড ও মধ্য করবংশ প্রকাশিত হইয়াছেন। ক্রমে ক্রমে প্রকাশিত হইতেছেন। অগ্রিম ভিক্ষা ৫৲ টাকা, আদি বাঁধান ভিক্ষা ৬৲।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের এবার অভিনব সুন্দর সংস্করণ আর কুরাপি প্রকাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকগুলির অন্বয়, বঙ্গানুবাদ, ভাষা, কথাসার, তথ্য প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইয়াছেন। মূল মোটা অক্ষরে কমল কটন আর্টপেপারে সুন্দরাকারে ছাপা হইয়াছে। মূল্য ২৷০ টাকা। নদীয়া প্রকাশ ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১৷০ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

—শ্রীগৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি শ্রীশ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তীঠাকুর গোস্বামিকৃত সারার্থবর্ষিণী টীকানুযায়ী ও শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'ভাষ্য-ভূষণ' নামক ভাষ্যানুযায়িনী। অন্বয়সূচী, মাতৃকাক্রমে শ্লোক-সূচী, বিষয়-সূচী, গ্রন্থকারের জীবনী ও অবতরণিকাদি দ্রষ্টব্যবিষয়-সহ উৎকৃষ্ট বাঁধাই ২য় সংস্করণ—এই গ্রন্থ সংস্করণের ভিক্ষা ৫৲ টাকা মাত্র, সাধারণ সংস্করণ—১৷০ টাকা মাত্র।

প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের যেই অমিয়া নিস্রাবিণী দীনাত্মস্বরূপোপে দিব্য রস-কারুণিকনিস্রাবিণী বাক্য-তাঁহার মূর্ত্তি-বিগ্রহ—বেদবেদান্ত স্মৃত্যাদি শাস্ত্রসমূহ কৌস্তুভমণি—সেই বৈষ্ণবসিদ্ধান্তাচার্য্যের যৌক্তিক যথা—পাঠকালে ও স্থান দেশ সময়ের—মহাজন-জীবনচরিত-শিক্ষক—চিত্তাকর্ষক ঘটিয়া—বিভাবক—ঐশ্বর্য্য ও মাধুর্য্যভাবের যৌক্তিক সমন্বয়ে —সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন তত্ত্বের নিস্রাব মধুর।

১। প্রথম খণ্ড—বৈষ্ণবদর্শন, শ্রীচৈতন্যতত্ত্ব, কলি ধর্ম্ম, শ্রীমন্মহাপ্রভুর, মহাবদান্যতা, পাঞ্চরাত্রিকী দীক্ষা ও বর্ণ বিচার, অন্তরঙ্গ ও মনোধর্ম্ম, ইষ্টদেবতার ও তাঁহার শিক্ষা, অপ্রাকৃত মহত্ত্বসঙ্গ ও প্রাকৃত মহত্ত্বসঙ্গ, প্রভৃতি বিংশতি নাতিক্ষুদ্র গ্রন্থে সুশোভিত। ভিক্ষা মাত্র ৸০ বার আনা।

২। জিজ্ঞাসা খণ্ড—শ্রদ্ধা ও বিদ্যা ভক্তি, মন্ত্রযোগ শ্রেষ্ঠ কেন, আত্মার নিত্যত্ব, ঈশ্বর স্বাধীন ও মায়াধীন, ঈশ্বরকি-নিত্যানন্দপ্রভু, নিত্যের দুঃখ ও মৃত্যু কেন, মৈমনসিংহের ঈশ্বরাবতারের কীর্ত্তন, শ্রীচৈতন্যদেবের মহিমা, মহাপ্রসাদ, ঈশ্বরোপাসনা, শ্রীমদ্ভাগবতের মহত্ত্ব, ঈশ্বরের নাম ও রূপ কীর্ত্তনের ফল, গৌরব ও বৈষ্ণবনিন্দা—প্রভৃতি অপূর্ব্ব মধুরিমাপূর্ণ-প্রবন্ধে বিভূষিত ভিক্ষা ১৲ এক টাকা মাত্র।

গৌর ও বিষ্ণুপ্রিয়া—একত্র একখণ্ডে হইলে ভিক্ষা ১৷০ দেড় টাকা, ডাকমাশুল স্বতন্ত্র।

শ্রীমদ্ভগবদ্গীতা

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যগণের শ্রেষ্ঠ শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর মহাশয়ের বিদ্যা-বত্তাপূর্ণ ভাষ্য ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের অনুবাদ, এক ভাষায় বিশুদ্ধ গীতা সংস্করণ নামক গ্রন্থরত্ন। আয়তনে ডিমাই, ৮পেজী, ৫ প্রতি শ্লোকের প্রথম ও দ্বিতীয় পঙ্ক্তি ১ ম, তাৎপর্য্যের জীবনী প্রভৃতি সন্নিবেশ। উৎকৃষ্ট বাঁধাই, প্রথম সংস্করণ (দ্বিতীয় সংস্করণ) মূল্য ৩৲ টাকা।

শ্রীনবদ্বীপভাবতরঙ্গ

শ্রীবৃন্দাবন। বিশ্ব-প্রণীত বৈষ্ণবদর্শন, সমাজ ও সাহিত্য প্রভৃতি গ্রন্থাবলীর প্রথম গ্রন্থ। উৎকৃষ্ট কাগজে ছাপা। সুবিস্তৃত টীকা ও প্রাঞ্জলবঙ্গানুবাদ-সম্বলিত। গ্রন্থ সরল ও সর্ব্বত্র বোধগম্য হইয়া থাকে। ভিক্ষা ।৵০ আনা মাত্র।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

(রোমাংকণ) সংস্করণ। ভক্তি-সূত্রাদি গ্রন্থে শ্রীনবদ্বীপের যে মহিমা কীর্ত্তিত আছে, তাহার মূল সংস্কৃত ও অনুবাদ। ভিক্ষা ।০ আনা।

শ্রীশ্রীনবদ্বীপভাবতরঙ্গ

শ্রীযুক্ত ভক্তিবিনোদ ঠাকুর বিরচিত। সুললিত পয়ারাকারে পরিক্রমার ইতিবৃত্তাদি-বিবরক। ভিক্ষা ।০ আনা।

ভক্তিরত্নাকর ও নবদ্বীপ পরিক্রমা

শ্রীল নরহরি চক্রবর্ত্তী-ঠাকুর রচিত। ভক্তিরত্নাকর হইতে পরিক্রমাংশ মাত্র গৃহীত। শ্রীজীব গোস্বামী কি প্রকারে শ্রীনবদ্বীপধামের পরিক্রমা করিয়াছিলেন, তাহাই পদ্যে বিবৃত। ভিক্ষা ।৵০ আনা

শ্রীচৈতন্যশিক্ষামৃত

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রণীত। ইহাতে চৈতন্যদেবের ... ভক্তশক্তি ও সে—বন্ধ ও মুক্ত জীব—... —সাধন-নির্ণয়— প্রয়োজন-তত্ত্ব, কৃষ্ণ-... —বিনী ভক্তি, আপত্তি ও ... ও অন্তকালীন গতি—পরিশেষে প্রেম ... ও ... করিয়া সরল ভাষায় ... বুঝান হইয়াছে। চতুর্থ সং ডবল ক্রাউন ... ভিক্ষা মাত্র।

গৌড়ীয় কণ্ঠহার

অধ্যাপক কবি শ্রীযুক্ত হরিদাস গোস্বামী ... সাহিত্যরত্নের ভক্তিগীতাবলী ... সম্পাদনে সাহায্যে আছেন। এরূপ বৈষ্ণব-... সারময় গ্রন্থ কুরাপি একত্রিত হয় নাই। ... ইহাতে আছে—ভাবোচ্ছ্বাস বৈষ্ণব-গৌর-নিত্যানন্দ—... —শিক্ষা—অদ্বৈতাদ্বৈত ... —ভক্তি—রাধাকৃষ্ণ—মাথুর—আক্ষেপ—কৃষ্ণভক্ত —উপদেশ—প্রার্থনা ও প্রেম। গ্রন্থখানি সুন্দর অক্ষরে ... ...

[illegible]

[illegible] ভিক্ষা ৸৹

[illegible] ঠাকুর-রচিত। এই একমাত্র গ্রন্থ-[illegible] যাহা পড়িলে পারমার্থিক রাজ্যে বিচরণের [illegible] থাকিবে না। প্রথম খণ্ড পড়িলে ঐ-[illegible] ও চমৎকারী ভাব হৃদয়ে জাগ্রত হইবে। [illegible] পড়িলে মহাপ্রভুর [illegible] হইবে। [illegible] ভক্তিতত্ত্ব [illegible] দ্বারা বিশেষ [illegible]। বিবাহিত [illegible] নাম দেওয়া উচিত নহে। উৎকৃষ্ট বাঁধাই— চতুর্থ সংস্করণ ভিক্ষা ২৲ টাকা মাত্র।

প্রেমবিবর্ত্ত

শ্রীমন্মহাপ্রভুর [illegible] পরম [illegible] রচিত এই পুস্তকে যাঁর [illegible] তাহার [illegible] [illegible] ঐশ্বর্য্য প্রভৃতি অনেক [illegible] বুঝিতে পারিবেন। পরমৈশ্বর্য্য [illegible] ভক্তত্ত্ব পণ্ডিত-বিদ্বন্মণ্ডলীর [illegible] আনা মাত্র।

চন্দনাচর্চ্চা

[illegible] নিত্য নিয়মপদ্ধতি। [illegible] ভক্তিবিনোদের অনুবাদ [illegible] বিশিষ্ট প্রকারের নিয়ম। [illegible] বুঝিতে পারিলে [illegible] ভিক্ষা ৸৹

কল্পিনাচিন্তামণি

মাধ্যাহ্নিক শ্রীল কবিরাজ গোস্বামীর মুখে শ্রীমন্মহাপ্রভু নাম-মাহাত্ম্য, নামাভাস, নামাপরাধ প্রভৃতি বিষয়ে [illegible] বিচার প্রকাশ করিয়াছিলেন। এই বিষয়টি [illegible] করিবার উদ্দেশ্যে ভক্তিবিনোদ ঠাকুর পরিষ্কাররূপে বুঝিবার [illegible] রচিত। পঞ্চম সংস্করণ ভিক্ষা ৸৹

কল্যাণকল্পতরু

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত। প্রত্যেক ভক্তের [illegible] ও জ্ঞানপ্রদ গ্রন্থের একান্ত প্রয়োজন। [illegible] ভক্তিবিনোদ ঠাকুরের দ্বারা অনুবাদিত [illegible] হইলে [illegible] ভিক্ষা ৵৹ আনা মাত্র।

শরণাগতি

শ্রীভক্তিবিনোদ ঠাকুর রচিত। ভক্তগণের আত্মনিবেদন, [illegible], ভজনলালসা, দুর্দ্দৈব, শরণাগতি ও সিদ্ধিলালসা-পূর্ণ গীতিপুষ্প। ভিক্ষা ৵৹ আনা মাত্র।

গীতাবলী

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত। নিত্য ভজন, আরাত্রিক প্রাতঃ-বৈষ্ণবাদি বিষয়ক মধুর পদসমূহ একত্রে গ্রথিত। ভিক্ষা ৵৹ আনা মাত্র।

শ্রীনবদ্বীপভাবতরঙ্গ

[illegible] শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-[illegible] রচিত। শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের অনুবাদ-[illegible]। ভিক্ষা।৹ আনা মাত্র।

শ্রীশিক্ষাষ্টক

শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ও শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর [illegible] উপদেশবাণী, ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিষয়ে সুবিচারপূর্ণ সদ্বোধন আছে, বিস্তৃত [illegible], চরিতামৃতের পয়ার, গায়ন সংখ্যা ও মহাজন-প্রণীত [illegible] বিষয়মুখ প্রত্যেক শ্লোকের সহিত সন্নিবেশিত হইয়াছে। ৩য় সংস্করণ ভিক্ষা।৵৹ আনা।

সাধন-কণ

শ্রীরঘুনাথ দাস গোস্বামীর মনঃশিক্ষা, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ [illegible] পদ্যানুবাদসহ। ভিক্ষা ৵৹ আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা

শ্রীল ঠাকুর নরোত্তমের সুপ্রসিদ্ধ প্রেমভক্তিবিষয়ক গানের পুস্তক। ভিক্ষা ৵৹ আনা মাত্র।

মনঃশিক্ষক

ঐ ঠাকুর ভক্তিবিনোদ রচিত শ্রীল প্রেমোদানন্দ [illegible] মনঃশিক্ষকের সুললিত পদ্যানুবাদ। ভিক্ষা ১০ আনা মাত্র।

অর্থপঞ্চক

শ্রীল গোকুলচন্দ্র রচিত। বৈষ্ণবতত্ত্ব জ্ঞানের আকর পুস্তক। ভিক্ষা ১০ আনা মাত্র।

সদাচারস্মৃতি

শ্রীল মাধবাচার্য্য-প্রণীত। বৈষ্ণবের নিত্যকর্ত্তব্য সদাচার-[illegible], বঙ্গানুবাদ সহিত। ভিক্ষা ৵৹ আনা মাত্র।

মণিমঞ্জরী

কবিকুলচূড়ামণি শ্রীমদ্রূপগোস্বামী রচিত। শ্রীমদ্ভক্তি-তত্ত্বের সারগর্ভ ব্যাখ্যানসহ ও মূল বৈষ্ণবসঙ্গীত। সাধারণ ভিক্ষা ।৹ আনা

গৌরকৃষ্ণোদয়

[illegible] কবি [illegible] শ্রীগৌরাঙ্গতত্ত্বের [illegible] সংস্কৃত শ্লোক। ভিক্ষা ৸৹ আনা।

যুক্তিমল্লিকা (গুণসৌরভ)

শ্রীমদ্ভাগবতামৃতের শ্রীমদ্বিশ্বনাথ স্বামিকৃত। বঙ্গাক্ষরে মুদ্রণের এই গ্রন্থের প্রকাশ পারমার্থিক পাণ্ডিত্য-জগতে এই সর্ব্বপ্রথম। শ্রীমদ্ভাগবতাচার্য্য ঠক্কুর গোড়শতাব্দীর দ্বিতীয় মধ্যভাগে নামে খ্যাত শ্রীবিশ্বনাথতীর্থ স্বামী এই গ্রন্থে মায়াবাদ যুক্তি ও লৌকিক ন্যায়তর্কের কিরূপ সুন্দররূপে ভক্তিবিরোধি-মতবাদ সমূহ খণ্ডন করিয়াছে, তাহা পাঠ করিতে করিতে আশ্চর্য্যান্বিত হইতে হয়। ইহাতে যুক্তির দ্বারা তার্কাদি, বৈশেষিক, বৌদ্ধ, মীমাংসক ও মায়াবাদিমত-সমূহের সুন্দর খণ্ডন হইয়াছে। ভিক্ষা ২৲ টাকা মাত্র।

গোস্বামী শ্রীল রঘুনাথ দাস

(ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত ভূমিকা সহ) গৌরপ্রেষ্ঠ স্বরূপ-রূপের একমাত্র প্রিয়তম শ্রীল দাস গোস্বামী প্রভুর অপূর্ব্ব চরিতামৃত ও শিক্ষা অতীব প্রাঞ্জল ও সরল ভাষায় পরিবিষ্ট এবং পরিশিষ্টে দাসগোস্বামী প্রভুর বিরচিত কতকটী সানুবাদ মধুরতম স্তব ও মনঃশিক্ষা-সম্বলিত। ভিক্ষা বাঁধাই ১০ আনা, আবাধাই ৵৹ আনা মাত্র।

চিত্রে নবদ্বীপ

প্রাচীন নবদ্বীপের অবস্থিতি, কথা, ঐতিহ্য, গৌড় ও ঐতিহাসিক প্রমাণসম্বলিত নয়টী দ্বীপের সচিত্র বিবরণ গ্রন্থ। রাজবি রায়বাহাদুর মুন্সী শ্রীযুক্ত পরমেশ্বর রায়ের রায় এম, এ, প্রাচ্য (লাহোর), বেদান্তভূষণ মহোদয় কর্ত্তৃক সঙ্কলিত এবং ৪৭ খানি বিভিন্ন বর্ণের অপূর্ব্ব চিত্র [illegible] সমন্বিত; প্রাচ্যবিদ্যামহার্ণব রায় সাহেব শ্রীযুক্ত নগেন্দ্র নাথ বসু বিশ্বকোষসম্পাদক মহাশয়ের বিস্তৃত ভূমিকা সহ। উৎকৃষ্ট (ইং) মরক্কো বাঁধাই মূল্য ১৪৲, ভিঃ পিঃ ১৫৲ টাকা মাত্র।

সাধন-কণ্ঠমালা

গুরুবন্দনা, বৈষ্ণব-বন্দনা, বৈষ্ণবশরণ, দাসত্বের ভীষ্ম শ্রীনামভট্ট, শ্রীমন্মহাপ্রভুর অষ্টোত্তরশত নাম, অষ্টপ্রহর নামকীর্ত্তন, শ্রীনামাকীর্ত্তন, প্রেমধ্বনি, বাউলসঙ্গীত, নবদ্বীপ-মহিমা, শ্রীমায়াপুর মহিমা, শ্রীনরোত্তম-প্রভুর অষ্ট আত্মীয় বন্দনা, রঘুনাথগোস্বামীর অষ্টক, প্রেমভক্তিচন্দ্রিকা ভক্তসঙ্গমাদ্য নামভজন-প্রণালী, মহাপ্রভু ও রায় রামানন্দ সংবাদ, মনঃশিক্ষা, শ্রীগুরুপ্রণতি, শ্রীগুরু-পরম্পরা মহাপ্রভুর বন্দনা প্রভৃতি সাধক ও সিদ্ধজীবনের নিত্যপাঠ্য বৈষ্ণবগণের কণ্ঠশ্রিত ফুলমালার ন্যায় অনুক্রম করে গোস্বামী অমূল্য গ্রন্থ। ভিক্ষা ৵৹, বাঁধাই ১০ মাত্র।

গৌড়ীয়-গৌরব

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয়-সম্পাদক শ্রীপাদ সুন্দরানন্দ পরিব্রাজবিনোদ প্রদত্ত বক্তৃতার বিষয় গ্রন্থকারে প্রকাশিত। ইহাতে গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ের [illegible] সুত্রাকারে গ্রথিত হইয়াছে। ভিক্ষা ৵৹ মাত্র।

গৌড়ীয় সাহিত্য

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয়-সম্পাদক শ্রীপাদ সুন্দরানন্দ পরিব্রাজবিনোদপ্রভু প্রদত্ত বক্তৃতার বিষয় গ্রন্থাকারে প্রকাশিত। ইহাতে সাহিত্য-শব্দের অর্থ এবং গৌড়ীয় সাহিত্যের বিষয় সূত্রকারে গ্রথিত হইয়াছে। ভিক্ষা ৵৹ আনা মাত্র।

শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা-দর্পণ

শ্রীগৌড়দেশের যে সকল স্থানে সম্পাদক [illegible] তদনুগ পরবর্ত্তী মহাজনগণ লীলা করিয়া গিয়াছেন সেই সব আধুনিক ভৌগোলিক পরিচয় ও দেবদিগ্রহাদি পরিচয় সহ যাতায়াতের সুবিধা নির্দ্দেশ ইত্যাদি বিবরণী সন্নিবেশিত আছে। ভিক্ষা ১০ আনা।

THE HARMONIST
OR SHREE SAJJANATOSHANI

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রতিষ্ঠিত এবং শ্রীল ভক্তি সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত পারমার্থিক মাসিক পত্র। এক্ষণে ইংরাজী ভাষায় অষ্টাবিংশ বর্ষ চলিতেছে। ডবলক্রাউন ৮ পেজী ১৬ ফর্ম্মা আকারে প্রতি মাসে ইহা নামের বিমল-বৈষ্ণবশ্রী লইয়া উপস্থিত হইতেছেন। কাগজ, মুদ্রণ-পারিপাট্য ও চিত্রাদি অতীব চিত্তাকর্ষক। এই প্রকার উৎকৃষ্ট প্রবন্ধ আর কোন মাসিক পত্রাদিতে দেখিতে পাইবেন না। বার্ষিক ভিক্ষা ডাকমাশুলসহ ৫ টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর নদীয়া

বিশ্ববৈষ্ণব রাজসভার শুদ্ধভক্তিমঠসমূহ

(১) শ্রীচৈতন্য মঠ

আকর মঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ভাগবত শ্রীধাম মায়াপুর, নদীয়া

শ্রীমন্দিরযোগপীঠ হইতে প্রায় ৩০ গজ উত্তর-পূর্বে শ্রীব্রজপত্তনে আচার্যবর্য শ্রীভক্তি-সেবক-ভবনে শ্রীশ্রীচৈতন্য-মঠ বিরাজমান।

এই স্থান সাম্বত-তীর্থ, পরবিদ্যাপীঠ বা সাম্বত ভজনস্থলী। এই মহাতীর্থে শ্রীহরি-সম্বন্ধযুক্ত যাবতীয় বাক্যপদ্ধি-বেদাঙ্গসমূহ, পরবিদ্যার অন্তর্গত কাব্য, নাটক, অলঙ্কার, তথা ব্রহ্মসূত্র-উপনিষদ্-গীতা-ভাগবত-চতুঃসূত্র-প্রস্থান-চতুষ্টয়ের অধ্যয়ন ও অধ্যাপনা এবং তথায় শ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্বিকা-গিরিধর ও সাম্বত সাম্প্রদায়িক-আচার্য-চতুষ্টয় তাঁহাদের উপাস্য বিগ্রহের সতত সেবা সেবিত হইতেছেন। এই মঠরাজে পারমার্থিক দৈনিকপত্র সাম্বত-সম্রাজের অপ্রকাশিত ও অপ্রাচীন গ্রন্থরাজি প্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' স্থানান্তরিত হইয়াছেন। প্রতিবৎসর শ্রীধাম-পরিক্রমানুষ্ঠান ও অন্যান্য গুরুগৌরাঙ্গ কীর্তন প্রচারমুখে মহামহোৎসবাদি ভক্তাঙ্গ অনুষ্ঠিত হইয়া থাকে। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপাদ নরহরিজী। সহকারী—শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী, পণ্ডিত শ্রীপাদ গৌরদাস ব্রহ্মচারী ব্যাকরণতীর্থ, শ্রীপাদ বীরচন্দ্র ব্রহ্মচারী, পণ্ডিত শ্রীবাসুদেব ব্রহ্মচারী, শ্রীযুক্ত নরীগোপাল বন্দ্যোপাধ্যায়, শ্রীহরেকৃষ্ণ দাস ব্রহ্মচারী প্রমুখ সজ্জনগণ।

ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিসুহৃদ তীর্থ মহারাজ এখানে হরিকথা কীর্তন করিতেছেন।

(২) শ্রীগৌড়ীয় মঠ

১৬ নং কালিপ্রসাদ চক্রবর্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।
টেলিফোন বি, বি, ৪১১৫

শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত শুদ্ধনিষ্কাম ভক্তিধর্ম-প্রচারোদ্দেশে গৌড়দেশের সর্বপ্রধান নগরী কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত আছেন। এই মঠ সম্বন্ধাগমে শ্রীগুরু-গৌরাঙ্গ-শ্রীবিনোদানন্দ জীউ সম্বন্ধে নিত্য সেবিত হন। গৌড়ীয় আচার্যবর্যের যাবতীয় গ্রন্থাবলীর শুদ্ধপ্রচারোদ্দেশে শ্রীমঠে সংরক্ষ একটী সুবৃহৎ মুদ্রণযন্ত্রালয় সংস্থাপিত হইয়াছেন। পৃথিবীর সর্বত্র শ্রীগৌরনাম-প্রচারার্থ এই যন্ত্রালয় হইতে 'গৌড়ীয়' সাপ্তাহিক পত্র, ত্রি ত্রয়ত্রমিষ্টি মাসিক পত্রিকা ইংরাজী ভাষায় নিয়মিতভাবে প্রকাশিত হইতেছেন। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্তন, সপ্রসঙ্গ-চতুষ্টয়-বেদান্ত শ্রীমদ্ভাগবত, শ্রীচৈতন্য-চরিতামৃতাদি-লীলা ও তত্ত্বগ্রন্থের সম্যক্ আলোচনা হইয়া থাকে। মঠরক্ষক—আচার্যাশ্রিত শ্রীপাদ কৃষ্ণবিহারী বিদ্যাভূষণ। সহকারী—পণ্ডিত শ্রীপাদ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ বি-এ, শ্রীপাদ গুরুপ্রসন্ন পরবিদ্যাবিনোদ বি-এ, শ্রীপাদ রাসবিহারী ব্রহ্মচারী, শ্রীপাদ জগদ্ধারণ দাসাধিকারী বি-এ, শ্রীপাদ গুরুগোপাল দাসাধিকারী, ব্রহ্মচারী শ্রীকীর্তনানন্দ, ব্রহ্মচারী শ্রীগোপীজনবোধন, ব্রহ্মচারী শ্রীকৃষ্ণানন্দ ভক্তিশাস্ত্রী, ব্রহ্মচারী শ্রীদেবকীনন্দন, পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ—এ

(৩) যোগপীঠ শ্রীমন্দির

এই স্থানে শ্রীজগন্নাথমিশ্রের ভবনে যা মুরারিগুপ্তের আবির্ভাব-ভূমি মহাযোগ-পীঠে। এখানে শ্রীমন্দিরে শ্রীগৌরবিষ্ণুপ্রিয়া ও শ্রীবিষ্ণু-প্রিয়ানন্দ শ্রীগৌরনারায়ণ এবং শ্রীচৈতন্য ও শ্রীরাধাকৃষ্ণের নিত্য সেবা তথা শ্রীপঞ্চতত্ত্বের সেবা বর্তমান। রক্ষক—লোকনাথ গোস্বামী ভট্টাচার্য প্রভু শ্রীরমানাথ। সহকারী শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী, শ্রীবাসুদেব ব্রহ্মচারী। শ্রীরাধাদাস অধিকারী, দেবসেবা শ্রীরাধাবল্লভ।

(৪) শ্রীবাস-অঙ্গন

শ্রীমন্মহাপ্রভুর কীর্তন-বিলাস বা শ্রীগৌরলীলার স্থানস্থলী। এখানে শ্রীশ্রীগৌর-নিত্যানন্দ ও পঞ্চতত্ত্বের সেবা বর্তমান। রক্ষক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী, শ্রীমদ্ভক্ত ভক্ত, শ্রীগোকুলদাস বাবাজী।

(৫) অদ্বৈত-ভবন

এই স্থানে শ্রীঅদ্বৈত প্রভুর ভবন এবং সেবা বর্তমান।

(৬) কাজীর সমাধি-পীঠ

গ্রাম রামনপুকুর (নদীয়া)
শ্রীগৌরসুন্দরের শ্রীনগরকীর্তনে ধ্বংসাবি।
রক্ষক—ব্রহ্মচারী শ্রীবিনোদবিহারী।

(৭) শ্যামসুন্দর-মন্দির

শ্রীগোদ্রুম, বামনপাড়া (নদীয়া)
শ্রীমন্মহাপ্রভুর পিতৃব্য ভক্তিবিনোদঠাকুরের [illegible] এবং শ্রীরাধা-শ্যামসুন্দরের সেবা বর্তমান
রক্ষক—ভক্তিসুহৃদ ভাগবত ব্রহ্মচারী এম, এস।

(৮ শ্রীজগন্নাথ পুরীস্থ মঠ

মহাপ্রসাদে।
রক্ষক—শ্রীবৈষ্ণব ভক্তিশাস্ত্রী এম, এ, বি, এল, সহকারী—শ্রীউদ্ধারণ ভক্তি-শাস্ত্রী, শ্রীউদ্ধব অধিকারী প্রভৃতি।

(৯) শ্রীগৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, সমুদ্রগড়, (বর্দ্ধমান)
শ্রীল বাসুনাথের প্রতিষ্ঠিত গৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম

(১০ শ্রীরূপগৌড়ীয়-মঠ

রাধাগঞ্জ, এরাগ ষ্টেশন, বি
রক্ষক—শ্রীকবিদাস ব্রহ্মচারী, শ্রীকুলশেখর ব্রহ্মচারী।

(১১) শ্রীযোগাদ্যমহল—

মাটিয়ারি, আরপার, বর্দ্ধমান।
শ্রীগান্ধর্বিকার ঠাকুর বৃন্দাবনের স্থান।
রক্ষক—শ্রীবল্লবিকারী ব্রহ্মচারী।

(১২) ভাগবত আশ্রম

শ্রীভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।
ভাগবত-সিদ্ধান্ত গ্রন্থাবলী প্রচার-ক্ষেত্র।
রক্ষক—শ্রীবলরামানন্দ ব্রহ্মচারী।

(১৩) শ্রীঅকায়ন মঠ

টোলপাড়ী, গোয়াড়ী, কৃষ্ণনগর, নদীয়া।
রক্ষক—শ্রীবল্লভানন্দ ব্রহ্মচারী

(১৪) শ্রীমাধব-গৌড়ীয় মঠ

১০নং নবাবপুর রোড, ঢাকা।
পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র, এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ গান্ধর্বিকা-গিরিধরের সেবা বর্তমান।
রক্ষক—শ্রীরাধাবল্লভ ব্রহ্মচারী।

(১৫) শ্রীগোপালজী মঠ

মহেশ্বর-পুর, ঢাকা।
গোপালজীর শ্রীবিগ্রহের প্রাচীন সেবা
রক্ষক—শ্রীরাধাগোর ব্রহ্মচারী।

(১৬) শ্রীগদাই-গৌরাঙ্গ মঠ

হরিভক্তি প্রদায়িনী সভা, বালিয়াটী ঢাকা
শ্রীগদাই-গৌরাঙ্গের নিত্য সেবা
রক্ষক—শ্রীপূর্ণপ্রজ্ঞ ব্রহ্মচারী।

(১৭ শ্রীভাগবতজনানন্দ মঠ

ঝিকনিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।
এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্বিকা-গিরিধারীর নিত্যসেবা বর্তমান। রক্ষক—ব্রজবাসী শ্রীভগবান্দাসজী। ব্রহ্মচারী পরানন্দ

(১৮) আমলাযোড়া শ্রীপদ্মাশ্রম

রাজবাঁধ পোঃ বর্দ্ধমান।
শ্রীগুরুগৌরাঙ্গ-শ্রীগান্ধর্বিকা গিরিধারীর নিত্যসেবা। রক্ষক—ব্রজবাসী শ্রীহরি-কিশোর।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

স্বর্গদ্বার, পুরী, উড়িষ্যা।
এখানে শ্রীগৌর-বিনোদগাদাধরজীর নিত্য-সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমানন্দ বিদ্যারত্ন, ব্রহ্মচারী শ্রীনরোত্তমানন্দ।

(২০) শ্রীব্রহ্ম-গৌড়ীয় মঠ

আলবরনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী।
জগন্নাথদেবের অনবসর সময়ে শ্রীমন্মহা-প্রভুর অবস্থান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপদ্মবেশ্বরী প্রসাদজী। সহকারী—ব্রহ্মচারী শ্রীবিপিনবিহারী।

(২১) শ্রীসচ্চিদানন্দ মঠ

উড়িয়াবাজার, কটক।
এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-বিনোদরূপ-জীর নিত্যসেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীগদাধর

(২২) শ্রীসমাজন-গৌড়ীয় মঠ

৪নং জগন্নাথলেন পুরী, কাশী।
গৌর-পার্ষদপ্রভু সমাজন-শিক্ষাপ্রচার এখানে গৌরসেবা বর্তমান। রক্ষক—শ্রীরামকীনাথজী।

(২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

শ্রীনৃসিংহদাস কুঞ্জ, শ্রীধাম বৃন্দাবন।
শ্রীশ্রীরাধা-ব্রজ-মোহনজীর সেবা।
রক্ষক—শ্রীগণপতিনাথ ব্রহ্মচারী

(২৪) শ্রীপরমহংস মঠ

নৈমিষারণ্য, সীতাপুর
এখানে শ্রীভাগবত পাঠশালা শ্রীগৌর বিনোদ বিলাসজীর সেবা বর্তমান রক্ষক—ব্রহ্মচারী শ্রীনৃসিংহানন্দ ও ব্রহ্মচা শ্রীনরহরিদাস।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ

কুমরকুণ্ডা, চিরকুণ্ডা, দামকুণ্ড। শ্রী শ্রীচৈতন্য-মঠের শাখা। রক্ষক—শ্রীবল্লভ নাথ রায়, শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী। শ্রীরা তীর্থ সেবাধিকার।

(২৬) ব্যাসগৌড়ীয় মঠ

কুলকুল, খানেশ্বর, কর্ণাল। এখা শ্রীগৌরবিনোদ-ভাবের সেবা বর্তমান রক্ষক—ব্রহ্মচারী শ্রীরঘুনন্দন।

(২৭) ব্রাহ্মণপাড়া শ্রীপদ্মাশ্রম-ম

ব্রাহ্মণপাড়া, পোঃ মাধবপুর
এখানে বহু কুলপাবন শ্রী [illegible] সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপ্রাণকৃষ্ণ দাস, শ্রীরাধাবরণ ব্রহ্মচারী।

(২৮) দিল্লী গৌড়ীয় মঠ—কার্যালয়

১৮বেণ্ড রোড, নিউ দিল্লী।
রক্ষক—ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তি সর্বস্ব গিরি মহারাজ, শ্রীনারায়ণমহারাজ

(২৯) গোয়ালপাড়াশ্রীপদ্মাশ্রম

রক্ষক—ব্রহ্মচারী শ্রীরাধাবল্লভ

রিভলভার, টোটা ও বোমার কারখানা জেলের মধ্যে মাটিতে প্রোথিত

বিভিন্ন বিস্ফোরক অস্ত্র আবিষ্কার সম্পর্কে প্রকাশ যে দুইটী রিভলভার, তাহা কার্ত্তুজ ও বোমা প্রস্তুতের সরঞ্জাম চট্টগ্রাম জেলে অস্ত্রাগার লুণ্ঠন মলার বন্দীদের "সেলের" নিকট মাটীর নীচে প্রোথিত ছিল। জেলের মেরামত কার্য্যের সময় মাটীর ভিতর হইতে ঐগুলি পাওয়া গিয়াছে।

পুলিশ বিভাগের মিঃ জি, ডব্লিউ, , হিল্ জেল সুপারিণ্টেণ্ডেণ্ট নিযুক্ত হইয়াছেন।

নৈশ আইন ও অন্যান্য ব্যবস্থা পূর্ব্ববৎ ই রহিয়াছে।

ভারত সচিবের নিন্দায় মর্ণিংপোষ্ট

ভারতের বয়কট আন্দোলন সম্পর্কে লর্ড সভায় মিঃ ওয়েজউড্ বেন যে ত প্রশ্নোত্তর দিয়াছেন, তাহার লোচনা করিয়া "মর্ণিংপোষ্ট" এক বন্ধ লিখিয়াছেন। তাহাতে জিজ্ঞাসা া হইয়াছে,—"আর কখনও কি এরূপ বে আত্মসমর্পণ করিয়া আমাদের দেশের মান করা হইয়াছে?"

পরিশেষে মর্ণিংপোষ্ট বলিয়াছেন,— রসচিবের উক্তি হইতে বোঝা গেল, দ্রোহীদের সম্মুখে ল্যাঙ্কাসায়ারের র্থ বলি দেওয়া হইবে এবং গবর্ণমেণ্ট পায় আপায় দিন কাটাইবেন,— াই বর্ত্তমান ম্যাকডোনাল্ড গবর্ণমেণ্টের ল নীতি।"

ষ্টেশন হইতে বন্দুক লইয়া চম্পট "অপরাধী" ধৃত ও পুলিশের হাতে সমর্পিত

গত রবি যে গোবরডাঙ্গা ওয়ার্দ্দ ষ্টের মাদুরিয়া কাছারীর দুইজন রের তুলনাতে ৪,০০০৲ টাকা লইয়া ইবার জন্য চারজন পিওন সহ তুলনা পেরহাট লাইট রেলওয়ের ব্রাঞ্চ করিয়া ষ্টেশনে উপস্থিত হন। তাঁহা- র সঙ্গে একটি বন্দুক ছিল। তাঁহারা ের জন্য অপেক্ষা করিতেছেন, এমন য় খাটুরেতের রবীন্দ্রনাথ ঘোষ নামক কজন যুবক তাহাদের নিকটে আসে ং বন্দুকটী পরীক্ষা করিবার ছলে া লইয়া চম্পট দেয়। বন্দুক যাহাদের ধার ছিল তাহারা এবং ষ্টেশেণ্ডস্থিত েক যাত্রী তাহার পশ্চাদ্ধাবন করে। েক চেষ্টার পর অবশেষে তাহারা াহাকে ধরিতে সমর্থ হয়। তারপর তাহাকে কফিরহাটের পুলিশের হাতে সমর্পণ করা হয়। এখন সে বাগেরহাটে পুলিশ হেপাজতে আছে।

জাহাজের ভাড়া হ্রাস বিলাতী বস্ত্র শিল্পের সাহায্য

বৃটেনের বিভিন্ন বন্দর হইতে যে সমস্ত তুলাজাত দ্রব্য ভারতের নানাস্থানে প্রেরিত হয়, তাহার জাহাজ ভাড়া হ্রাস করা হইয়াছে। বার্কেনহেড হইতে মাদ্রাজে নিম্নই রকমের অনেক কাপড় রপ্তানী হয়। এই কাপড়ের ভাড়া টন প্রতি ৬০ শিলিং হিসাবে লওয়া হইত তৎপরিবর্ত্তে আগামী আগষ্ট মাস হইতে টন প্রতি ৪০ শিলিং জাহাজ ভাড়ার বন্দোবস্ত হইয়াছে। ইহাতে যদি ব্যবসার সুবিধা হয়, তাহা হইলে এই ভাড়া হ্রাসের সময় আরও বাড়াইয়া দেওয়া হইবে।

পিস্তল রাখার জন্য অভিযোগ দুইজন বাঙ্গালী যুবকের কারাদণ্ড

শ্রীযুক্ত সমরেন্দ্র নাথ মুখার্জ্জী এবং হরিপদ মুখার্জ্জীকে পিস্তল রাখার অভি যোগে অভিযুক্ত করা হইয়াছিল বেণারসের জয়েণ্ট ম্যাজিষ্ট্রেট কর্ত্তৃক তাহাদের প্রত্যেকের ৯ মাস করিয়া সশ্রম কারাদণ্ডের আদেশ হইয়াছে।

বরিশালে ডাক লুঠ

শিরোকপুর হইতে বানরীতলা যে ষ্টীমার চলাচল করিয়া থাকে উক্ত ষ্টীমার গত সোমবার দিবস রাত্রি ৮॥টার সময় জালাবাড়ী স্টেশনে পৌঁছে। ষ্টীমার হইতে যখন মেইল ও টাকার ব্যাগ নামান হইতেছিল, তখন ব্যাগগুলি ৬৭ জন লুণ্ঠন করে।

এপর্য্যন্ত এ সম্পর্কে কাহাকেও গ্রেপ্তার করা হয় নাই, কিম্বা কত টাকা লুণ্ঠিত হইয়াছে তাহাও সঠিক জানা যায় নাই।

ল্যাঙ্কসায়ারের আশঙ্কায় মহাত্মাজী

মাঞ্চেষ্টার গার্ডিয়ান এক্সচেঞ্জে গৃহীত প্রস্তাব সম্বন্ধে মহাত্মাজী বলেন,— ম্যাঞ্চেষ্টার গার্ডিয়ান এক্সচেঞ্জের প্রস্তাব আংশিক-ভাবে ভ্রান্ত ধারণার উপর প্রতিষ্ঠিত। বর্ত্তমান আন্দোলনে বৃটেনের প্রতি কোন শত্রুতা নাই, পক্ষান্তরে কংগ্রেসকর্ম্মীরা বর্ত্তমান অবস্থায় যতদূর সম্ভবপর সদ্ভাব বৃদ্ধির জন্য বিশেষ অসুবিধার মধ্যেও চেষ্টা করিতেছেন।

টশ পণ্য বর্জ্জন অপসারিত করিবার জন্য কংগ্রেসকে কিরূপ বিপুল কাজ করিতে হইয়াছে তাহা তাঁহারা পর্য্যাপ্ত-রূপে উপলব্ধি করিতে পারেন নাই। বিদেশী বস্ত্র বর্জ্জনের সহিত বৃটিশ পণ্য মিশাইয়া দেওয়া উচিত নহে। বিদেশী বস্ত্র বর্জ্জনকে বর্জ্জনরূপে অভিহিত করা ঠিক নহে। এইজন্য বিদেশী আন্দোলনে ঐ নাম ইচ্ছাপূর্ব্বক বাদ দেওয়া হইয়াছে। বিদেশী বস্ত্র পরিহার সম্পর্কেও আমি 'বর্জ্জন' কথা ব্যবহার করি, কারণ উহা একটা প্রচলিত ভাষা হইয়া গিয়াছে। অবশ্য উহার উৎপত্তি সম্বন্ধে কেহ কিছু বলেন না। বিদেশী বস্ত্র পরিহার রাজনৈতিক ফল প্রসব করে। কিন্তু প্রধানতঃ উহা অর্থনৈতিক ও সামাজিক ব্যাপার এবং অর্দ্ধাশনক্লিষ্ট লক্ষ লক্ষ নরনারীর প্রয়োজনীয়তা, সুতরাং অর্থ-নৈতিক উন্নতিকল্পে একটী স্থায়ী আন্দোলনের বিরুদ্ধে আন্দোলন করার পরিবর্ত্তে ল্যাঙ্কাসায়ারের নেতৃস্থানীয় ব্যক্তিগণ তাঁহাদের উৎপন্ন দ্রব্য যে দেশে প্রয়োজন সেই দেশে যদি কাটাইবার উপায় উদ্ভাবন করেন, তাহা হইলে তাঁহাদের বহু সময় বাঁচিয়া যাইবে এবং উভয় দেশের মধ্যে প্রকৃত সদিচ্ছা বর্দ্ধিত হইবে।

শান্তিপূর্ণ পিকেটিং কিরূপ করিবার চেষ্টা আমি নিম্নে বলিয়া বিবেচনা করি। লর্ড আরউইন বিদেশী বস্ত্র ও মদের দোকানে শান্তিপূর্ণ পিকেটিংএর সর্ত্ত বিনা চুক্তিতে গ্রহণ করেন নাই। তিনি বেরূপ ধীরভাবে এই বিষয়ের পর্য্যালোচনা করিয়াছিলেন, সেইরূপ কেহ যদি করেন, তাহা হইলে তিনিও লর্ড আরউইনের ন্যায় সিদ্ধান্ত না করিয়া পারিবেন না।

লোকান্তরে সার লুকাস চেলি

সার লুকাস চেলি পরলোকগমন করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৮২ বৎসর হইয়াছিল। ইনি বিখ্যাত চেলি ব্রাদার্স কোম্পানীর প্রধান অংশীদার ছিলেন। ইনি লণ্ডনের এবং অন্যান্য কতিপয় হাসপাতাল ও সাধু জনীন প্রতিষ্ঠানের সহিত জড়িত ছিলেন।

চট্টগ্রামে আবার পোষ্ট আফিস লুঠ

গত রাত্রে একদল সশস্ত্র ডাকাত চট্টগ্রাম হইতে আট মাইল দূরে অবস্থিত ওজারা নোয়াপাড়া সাব পোষ্ট অফিস লুঠ করে। প্রকাশ যে, ডাকাতেরা আফিসে প্রবেশ করিয়া পোষ্ট মাষ্টার এবং পোষ্টম্যানকে পরাভূত করিয়া রোক ৪০৫৲ টাকা, বিবিধ মোট ৮০০৲ টাকা, কতকগুলি ইন্সিওরকরা জিনিষ এবং আফিসের চাবী লইয়া চলিয়া যায়।

জেনারেল আজাদী পুলরায়ণ্ডের বিচারে তিন বৎসর সশ্রম কারাদণ্ড

শ্রীযুক্ত মনমোহন আজাদী রাজ-দ্রোহের অপরাধে চার বৎসরের জন্য কারাদণ্ড হইতে মুক্তিলাভ করার অল্প দিন পরেই আবার অস্ত্র আইনের ৯ ধারা অনুসারে গ্রেপ্তার হইয়াছেন। মাগপুর সহরে হাসপাতাল অনুষ্ঠিত হইতেছে।

তাঁহাকে ভারতীয় দণ্ডবিধির ১২৭ ধারা ও অস্ত্র আইনের ৯ ধারায় বিচার করা হয় এবং প্রত্যেক ধারায় তাঁহাকে ১৮ মাস করিয়া সশ্রম কারাদণ্ডের আ বিয়াছেন। কারাদণ্ড পর পর চলিবে।

সর্দ্দার বল্লভভাইয়ের বাণী


কংগ্রেসের সভাপতি সর্দ্দার বল্লভভাই প্যাটেল নূতন তামিল সংবাদপত্র "কুডিয়া"—র প্রথম সংখ্যায় যে বাণী প্রচার করিয়াছেন তাহার মর্ম্ম তিনি বলিয়াছেন-

"মদ্যপান দূর করা, খদ্দর প্রচার বিদেশী কাপড় বর্জ্জন এবং অন্যান্য গঠন-মূলক কাজ—সংগ্রাম বিরতির সময়ে এই সবই প্রাণপণে করিতে হইবে।"

জাতীয় দলের প্রচার কার্য্যের বাধা

মিশরের দুইপূর্ব্ব প্রধান মন্ত্রী নাহাস পাশা ও মাহদ পাশা আবার কাইরো হইতে ট্রেণে চড়িয়া মফঃস্বলে যাইবার চেষ্টা করিয়াছিলেন। তাঁহাদের চেষ্টা সফল হয় নাই। মফঃস্বলে গিয়া নির্ব্বাচন ব্যাপারে প্রচার কার্য্য চালানই তাঁহাদের উদ্দেশ্য ছিল।

পুলিশ সংবাদ পাইয়া ষ্টেশনে উপস্থিত হয় এবং তাঁহাদিগকে ট্রেণে উঠিতে বাধা দেয়, বহুলোক সমবেত হইয়াছিল। নাহাস পাশা তাহাদিগকে বুঝাইয়া প্রতিনিবৃত্ত করেন।



Reg No C.1544

দৈনিক নদীয়া-প্রকাশ

৬ষ্ঠ খণ্ড] সম্পাদক—শ্রীযুক্ত ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [৫৯শ সংখ্যা

শ্রীচৈতন্যাব্দ শ্রীধাম মায়াপুর—২৯শে বৈশাখ মঙ্গলবার ১৩০৮, ১২ই মে ১৯০১

গঙ্গায় নৌকা ডুবি

কংগ্রেসকর্ম্মীর উপর নিষেধাজ্ঞা

দিল্লী ষড়যন্ত্র মামলা

শ্রীযুত মদনমোহন বর্ম্মণ কারামুক্ত

সরকারের টাকা লুঠ

রেলকর্ম্মচারীর সভায় ভীষণ গণ্ডগোল

পুলিশ সাহেবের বাড়ী চুরি

রাজসাহীতে নৃপেন্দ্রচন্দ্রের বক্তৃতা

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার—গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

নানা কথা

ঝাবহাওয়া

...বার সন্ধ্যার পর ভীষণ ঝড় হয়। ঝড়ের প্রবল বেগে কয়েকটী ... এবং অনেকের টাকের ও খড়ের ... বিনাশ হইয়াছে। ঐ দিবস হইতে আকাশ প্রায় সর্ব্বদাই মেঘাচ্ছন্ন আছে এবং প্রত্যহই সন্ধ্যার পর অল্পবিস্তর বৃষ্টি হইতেছে। গত পরশ্বঃ সন্ধ্যার পর ... এক পশলা বৃষ্টি হইয়াছে। বৃষ্টির ... কৃষকগণের ... কার্য্যে বেশ ... হইয়াছে এবং গ্রীষ্মের প্রচণ্ডতা ... রূপে প্রশমিত হইয়াছে।

কংগ্রেসকর্ম্মীর উপর নিষেধাজ্ঞা

সেকেন্দ্রাবাদের পিকেটিং কার্য্যে ... করিবার জন্য ও কংগ্রেসের কার্য্য ... করিবার জন্য বেরওয়াদা হইতে ... নারায়ণ সরস্বতীকে প্রেরণ করা হইয়াছিল। জিলা ম্যাজিষ্ট্রেট তাঁহার ... এই মর্ম্মে এক নোটীশ জারী করিয়াছেন যে, তাঁহাকে ২৪ ঘণ্টার মধ্যে ... ও সিন্ধুদেশ হইতে চলিয়া যাইতে হইবে। সেক্রেটারীর লিখিত ... তিনি ভবিষ্যতে আর ... প্রবেশ করিতে পারিবেন না।

দিল্লী ষড়যন্ত্র মামলা

দিল্লী ষড়যন্ত্র মামলার আসামীগণের বিরুদ্ধে যারা বিচারের দায়ী করিয়াছিলেন, ইহাদিগের আর ... ... রক্ষে

অব্যাহতি করিয়া দিয়াছেন। এই মামলায় আরও ৩জন আসামী পলাতক আছে। শীঘ্র তাহাদের ধরা পড়িবার সম্ভাবনা নাই বলিয়া ফৌজদারী প্রক্রিয়ার ৫১২ ধারার আইন তাহাদের উপর প্রযুক্ত হইয়াছে।

কল বন্ধ

খাটুরা মাকেঞ্জী মিলে ধর্ম্মঘট চলিতেছে। গত ৮ই মে কলের কর্ত্তৃপক্ষ এই মর্ম্মে নোটীশ দিয়াছেন যে, তাঁহারা অন্যরূপ সিদ্ধান্ত না করা পর্য্যন্ত কল বন্ধ রাখিবেন। শ্রমিকেরা বদ্ধসঙ্কল্প আছে; তাহাদের সকল দাবী পূর্ণ—সন্তোষজনক পারিশ্রমিকের হার ও বড় মিস্ত্রীর পদচ্যুতি সম্বন্ধে সকল বিষয়ের মীমাংসা না হওয়া পর্য্যন্ত তাহারা কার্য্যে যোগদান করিবে না।

গঙ্গায় নৌকা ডুবি

গত ৯ই মে অপরাহ্ণ সাড়ে তিনটার সময় ... নৌকা ভাটপাড়া হইতে চুচুড়ার চড়কের তলার দিকে যাইতেছিল। সেই সময় হঠাৎ ঝড় উত্থিত হওয়ায় মধ্য নদীতেই নৌকাখানি ডুবিয়া যায়। নৌকায় ১২ জন লোক ছিল। তাহাদিগের মধ্যে ৫ জনের কোনও সন্ধান পাওয়া যায় নাই। হেটসম্যান আফিসের শ্রীযুত শিবচন্দ্র মণ্ডল এই নৌকায় ছিলেন। তাঁহারও কোন পাত্তা পাওয়া যাইতেছে না। বাকী সকলকে উদ্ধার করা হইয়াছে।

পুলিস সাহেবের বাড়ী চুরি

প্রকাশ, ময়মনসিংহের অতিরিক্ত পুলিস সুপারিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত নিবেদনাথ রায়ের বাটীতে এক অসমসাহসিক চুরি হইয়া গিয়াছে। একটি ট্রাঙ্কের মধ্যে নগদ ৩ শত টাকা, ২২০০ টাকার অলঙ্কার গহনা কয়েকটী মূল্যবান বস্ত্র ও শ্রীযুত রায়ের, কয়েকটি পদক ছিল। সেই ট্রাঙ্কটি অপহৃত হইয়াছে। প্রকাশ, প্রথম রাত্রিতেই চুরী হইয়াছে, কিন্তু রাত্রি প্রভাতের পূর্ব্বে কিছুই জানা যায় নাই। প্রায় এক মাইল দূরে বহুকণ্ডলি সাধারণ সামগ্রী পূর্ণ একটি ট্রাঙ্ক পাওয়া গিয়াছে। কয়েক জনকে গ্রেপ্তার করা হইয়াছে। তদন্ত চলিতেছে।

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও কার্য্যদক্ষ শিক্ষকমণ্ডলী ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

সবিস্তার সংবাদের জন্য নিম্নলিখিত ঠিকানায় পত্র লিখুন।

সেক্রেটারী, শ্রীধাম ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

সুবর্ণ সুযোগ বেশী দিন আর থাকবে না

— কেবল মাত্র —

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের

৪০ বৎসরের আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের সুবর্ণ জুবলী উপলক্ষে আর কিছু নাই। এই উৎসব উপলক্ষে ১৫ই আগষ্ট হইতে ৩১শে আগষ্ট পর্য্যন্ত "শক্তি-সঞ্জিবনী বটিকা" পূর্ব্বের নির্দ্ধারিত ১২৲ টাকা মূল্যের পরিবর্ত্তে ৬৲ টাকায় পাওয়া যাইবে। এই বটিকা এক কথায় রোগীকে যমের মুখ হইতে জীবন দান করিতে সমর্থ। সুবর্ণ-জুবিলীর জন্য ডাক্তারের আদেশ অর্থাৎ ৮৲ টাকা পাঠাইয়া উহার এক কৌটা লউন। ডাক খরচ ফ্রি। বিস্তৃত বিবরণ লিখুন।

প্রাপ্তিস্থান ঃ আতঙ্ক নিগ্রহ ঔষধালয়

১২৯নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পীযূষ

[illegible] অব্যর্থ মহৌষধ

মস্তিষ্কের দুর্ব্বলতা জন্য ও আর শিশুদের দুর্ব্বল অবস্থায় ছোটবোতলের সমপরিমাণ ঔষধ ডাকে পাঠান হয়, ডাকের ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ৪০ আনা, পাঁইট ৮৲ আনা, বোতল ১৷৷০ আনা।

আফিস—১১৯নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

[illegible] মঞ্জরী

[illegible] ঔষধ ও পারদঘটিত [illegible] প্রভাবে শুক্রস্তম্ভন, স্বপ্নদোষ, মাথা ঘোরা, বুক ধড়ফড়ানি, অনিদ্রা প্রভৃতি সকল প্রকার বিকার আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিবার উহার তুলনা নাই। মূল্য ৪০ বটী ২৲ এক টাকা।

"[illegible]" [illegible] রোগ বাহ্যপ্রয়োগ দ্বারা আরোগ্য করিয়া থাকেন। মূল্য ৭ তোলা ২৲ টাকা।

"[illegible]" [illegible] ঔষধ সেবনে সন্তানধারণে স্ত্রী ও বৃদ্ধি করিবে [illegible]। মূল্য ১০ বটী ২৲ এক টাকা।

[illegible] আয়ুর্ব্বেদ আশ্রম, কেশবাজারী

[illegible] ১৭৭নং আমিনবাজার রোড, কলিকাতা।

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

ছাঁ অস্ত্র, ঔষধ, মোট বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈদ্যুতিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

৬৮ নং ৬টন ষ্ট্রীট, বহুবাজার, কলিকাতা।

১। **শূলামৃত**

শিরঃশূলের অব্যর্থ মহৌষধ। ১ মাত্রায় উপশম, সপ্তাহে আরোগ্য। [illegible] ৮০ বার আনা, বড় ১৷৷০ আনা। মাশুল পৃথক্।

২। **শুক্রাচার্য্য সঞ্জীবনী পোষ্টাই**

প্রমেহ ও অন্তর্ব্বাতের একমাত্র মহৌষধ। মূল্য ১ ডিবা ১৷৷০ আনা। [illegible] পৃথক্

৩। **সন্ন্যাসী-প্রদত্ত অর্শরোগের অব্যর্থ আংটী**

আরোগ্য না হইলে মূল্য ফেরৎ। মূল্য ১০ আনা। মাশুল পৃথক্।

৪। **কোষ্ঠ-বান্ধব পীল**

অজীর্ণ, কোষ্ঠবদ্ধতা, পেটফাঁপা, পেটবেদনার মহৌষধ। ডিবা ৪০ আনা। মাশুল পৃথক্।

৫। **বাতলীন**

বাতরোগের মহোপকারী ও সপ্তাহে আরোগ্য। প্রতি শিশি ৪০ আনা মাশুল পৃথক্।

রবার-ষ্ট্যাম্প প্রস্তুতকারক। সত্বর ক্যাটালগের জন্য পত্র লিখুন।

প্রাপ্তিস্থান—মনোমোহন লেবরেটরী

পোঃ উয়ারী, কমলাপুর, ঢাকা,

মনোমোহন প্রেস

পূর্ব্ব-বাঙ্গালায় সুলভে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত

বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে

বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

১০নং নবাবপুর, ঢাকা।

মরা মানুষ বাঁচাইবার উপায়



বহিত অদ্যাপি প্রকৃত মৃত মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাহারা নানাবিধ অনিয়মিত উপায়ে অপরিমিত শক্তি নষ্ট করিয়া জীবন্মৃত মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার মেহ, প্রমেহ, ধাতুদৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, বহুমূত্র, প্রদর, পারদ-সংক্রান্ত পীড়া, অর্শ এবং স্ত্রীলোকদিগের মধ্যে যাহা যাইবল, বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত ইলেক্‌ট্রিক লজিউলস ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত শত প্রমাণ প্রতি বৎসরেই পাওয়া যাইতেছে। যাঁহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক বিশি ঔষধ ডাকখরচসহ মাত্র ১৷৷০ টাকা মাত্র।

সোল এজেন্ট—

ডাঃ ডি, ডি, হাজরা।

ঔষধালয়, গার্ডেনরিচ রোড, কলিকাতা

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

-:০:-

দৈনিক নদীয়া-প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠবার্ত্তাবহ

বেদাদি সমস্ত সাত্বত-শাস্ত্রের অকৃত্রিম ব্যাখ্যাতা

সমগ্র ভারতে একমাত্র সুলভ

দৈনিক পারমার্থিক পত্র

শ্রীধাম-মায়াপুর—২৯শে বৈশাখ মঙ্গলবার—১৩৩৮

ভক্তজন্ম

ভক্তজীবন লাভ করিতে হইলে সর্ব্বাগ্রে ভক্তজন্মদাতা সাধনভক্তিরূপের পরম মূল্য ভক্তপাদ শ্রীগুরুপাদপদ্মের আশ্রয় গ্রহণ করিতে হয়। যাহারা শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় করে না, তাহাদিগের ভগবদ্ভক্তিতে কোন কালে অধিকার হয় না। শ্রীগুরুপাদাশ্রয় ব্যতীত তপস্যা, দান, যোগ, সদাচার, প্রতিষ্ঠা প্রভৃতি অনুষ্ঠানসমূহ এবং শ্রবণ, কীর্ত্তন প্রভৃতি ভক্তাঙ্গসকল সুফল প্রসব করিতে পারে না। যথা,—আশ্রয় লইয়া ভজে, তারে কৃষ্ণ নাহি ত্যজে, আর সব মরে অকারণ।

গুরুদেব জীব-পুণ্য জনকে দীক্ষা প্রদান করেন না। যাহার দুষ্কৃতি-প্রারব্ধক পাপ বিনষ্ট হইয়াছে, তাহাকে স্বতঃই আশ্রয় প্রদান করেন। যিনি সর্ব্বস্ব সমর্পণ করিয়া শ্রীগুরুপাদপদ্মকে আশ্রয় গ্রহণ করেন, তাঁহারই কৃষ্ণদীক্ষা ও কৃষ্ণশিক্ষা লাভ ঘটে। আংশিক আত্ম-প্রদানে 'সর্ব্বাত্মনাশ্রিতপদ' হওয়া যায় না। সুতরাং তাহাতে পারমার্থিক বিচ্যুতি ঘটে।

দুষ্কৃতিসম্পন্ন ব্যক্তি স্বীয় পাপাচরণরূপ দুষ্কৃতির সংরক্ষণপূর্ব্বক শ্রীগুরুপাদাশ্রয় করিতে পারে না। যদি কেহ লোকের বশবর্ত্তী হইয়া পাপাচরণশীল দুষ্কৃতিকে আশ্রয় প্রদান করেন, তাহা হইলে তাদৃশ কার্য্যের নিমিত্ত তিনি দণ্ডী হইয়া পড়েন।

যে কাল পর্য্যন্ত শীক্ষাদাতা গুরুদেব শিষ্যকে বেদসমীপে লইয়া যাইবার অযোগ্য জ্ঞান করেন, তৎকালাবধি শিষ্যের যোগ্যতা পরিদর্শন করেন। শিষ্যও সর্ব্বান্তর সহিত শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় করিয়া গুরুসেবাপরে সেবাদর্শে নিযুক্ত থাকিয়া উত্তরোত্তর গুণবান্ হ'ন।

শ্রীমদ্ভাগবতপ্রমুখ বক্ষ্যমাণ প্রোক্ত শ্লোকের তাৎপর্য্যানুসারে শ্রীগুরুদেব কোনও অনধিকারীকে যোগ্য বিবেচনা করিয়া দীক্ষা-বিধানানুসারে কৃষ্ণদীক্ষা প্রদান করেন অবৈষ্ণব গুরুর নিকট যে দীক্ষাপ্রহসন হইবার অভিনয় দেখা যায়, তাহা প্রকৃত প্রস্তাবে শিষ্যের আশ্রয় গ্রহণ বা গুরুদেবের দীক্ষা প্রদান নহে। প্রথমে শ্রীআশ্রয়ে শিষ্যকে পাপিষ্ঠ স্বাধিষ্ঠান আয়োজন বা চেষ্টা, সেখানে দীক্ষাবিধি দ্বারা শোধন কার্য্যের অভাব আসিতে হইবে। কিন্তু সমদর্শী বৈষ্ণবগুরুর নিকট অভিগমন করিলে তিনি দীক্ষাবিধানের উত্তরাংশ ময়ার্পণমস্তু পর্য্যন্ত করিয়া থাকেন।

ব্রাহ্মণেতর বহির্মুখকুলজাত পাপিগণ ভগবদ্ভক্তের আশ্রয়েই সংস্কার লাভ করেন। সংস্কার লাভ করিলে তাঁহারা আর অশুদ্ধ থাকেন না। যামল বলেন,—

অশুদ্ধাঃ শূদ্রকল্পা হি ব্রাহ্মণাঃ কলিসম্ভবাঃ।
তেষামাগমমার্গেণ শুদ্ধির্নৈ শ্রৌতবর্ত্মনা॥

কলিকালে কেহই আপনাকে কিরাতাদি পাপযোনিসম্ভব বলিয়া পরিচয় দিতে গৌরবান্বিত হ'ন না, পরন্তু উচ্চবর্ণের লক্ষণ না থাকিলেও শৌক্রজাত্যভিমানবশে শ্রেষ্ঠত্বের প্রমাণে কুণ্ঠিত হন না। তাঁহাদের ব্রাহ্মণাদি পরিচয় শুদ্ধ নহে। শূদ্র অন্ত্যজসাম্য হইলেও কোন অনধিকারী আশ্রয়গ্রহণ-ফলে শ্রীগুরুকৃপায় বিদ্যাজ্ঞান লাভ করিয়া উহা অম্লেই সবনাধিকার লাভ করেন। কিন্তু পাঞ্চরাত্রিকী দীক্ষা ব্যতীত স্মৃত্যাদি পরিচালনে কাহারও শুদ্ধি হইতে পারে না।

বৈষ্ণবগুরুর পাদপদ্মাশ্রয়ে শুদ্ধি। শ্রীবৈষ্ণবাচার্য্য শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী বলেন,—ব্যবহারিক জগতে সাধারণ অনভিজ্ঞ জন দীক্ষিত ব্যক্তিকে তাহার দীক্ষার পূর্ব্বের পরিচয়ে জানিয়া থাকেন, বস্তুতঃ পারমার্থিক বিচারে তাঁহার পূর্ব্ব দুষ্কৃতিত্বের সম্ভাবনা থাকে না। দীক্ষিত ব্যক্তিতে জাতিসামান্য বিচার—ভ্রষ্টার পাণ্ডিত্যের কারণ। তাহাতে দীক্ষিত ব্যক্তি ধর্ষিত হ'ন না। বৈষ্ণব-নিন্দাকারী নিজ অনভিজ্ঞতাবশে প্রায়শ্চিত্তার্হ হ'ন মাত্র।

পাপপুণ্যবিচারে জীবের স্বকর্ম্মানুসারে বর্ণবিভাগ। যাঁহারা ভগবানের সাক্ষাৎসেবা লাভ করিয়া তাঁহার সেবা-চেষ্টা প্রদর্শন করেন, সেই বর্ণাশ্রমাতীত দীক্ষিত বৈষ্ণবকে যাঁহারা সাধারণ পাপপুণ্য-জীবী মানবের সহিত সমজ্ঞান করে বা তদপেক্ষা হেয় জ্ঞান করে, তাহারা ভগবদ্-বস্তুর কোনও সন্ধানই পায় নাই।

দার্জ্জিলিং-প্রসঙ্গ

(ডাঃ কৃষ্ণকান্তি ভক্তিকুসুম)

লীলা-বৈচিত্র্য-রহস্য

লীলাময় ভগবানের বিবিধ বৈচিত্র্যপূর্ণ লীলার রহস্য সাধারণের নিকট দুর্জ্ঞেয়। ভগবদাশ্রিত উদ্ধারার্থ অবতীর্ণ মুক্তপুরুষগণের নিকট হইতে জানা যায় যে, গঙ্গাজলবাসী গঙ্গার তটদেশের ন্যায় বিবিধ দ্রব্য দ্বারা নিজস্বরূপ শ্রীকৃষ্ণচন্দ্রের শ্রীতার্থ তাঁহার পূজাদির সুযোগ তাঁহারই কৃপায় আমরা প্রাপ্ত হই। এতদ্প্রকারে বদ্ধজীব-গণকে উদ্ধারের সহজ পন্থা প্রদর্শনার্থই কৃপাময়ের এই লীলাবৈচিত্র্য।

দোষ কাহার ?

ব্যবহারজগতে প্রত্যেক পদার্থই জীবের বন্ধনের এবং মুক্তির কারণ হইতে পারে। জাতী, যূথি, কস্তুরী, শেফালিকা, গন্ধরাজ, গোলাপ প্রভৃতি সুগন্ধি পুষ্পসমূহ অপ্রাকৃত কামদেব শ্রীকৃষ্ণচন্দ্রের সেবায় নিযুক্ত করিয়া জীব প্রপঞ্চবন্ধন হইতে মুক্ত হইতে পারেন, আবার ঐ গুলি স্বভোগে অথবা ভগবদ্বিমুখের অন্য কোনও প্রাকৃত পদার্থে প্রয়োগ করিয়া ভগবদ্বিস্মৃতিরূপ আত্মহত্যার নিমিত্ত প্রপঞ্চ-সম্বন্ধরশ্মির ফাঁসি গলদেশে ধারণ করিতে পারেন। বৈদ্যুতিক আলোক ভগবদ্ভক্ত আলোকিত করিয়া প্রয়োগকর্ত্তার সুকৃতি সম্পাদন করিতে পারে, আবার উহাই বারবনিতার বিলাসমন্দিরে বিচিত্রশোভা বিস্তার করিয়া তদীয় প্রয়োগকর্ত্তাকে বৃশ্চিকাদি হিংস্রজন্তুপরিপূর্ণ গন্ধকারসনাচ্ছন্ন নরক-গুহায় নিক্ষেপ করিতে পারে। অপ-প্রয়োগের জন্য দোষ দ্রব্যের বা সৃষ্টিকর্ত্তার নহে, দোষ প্রয়োগকর্ত্তার।

দার্জ্জিলিং স্পর্শমণি

দুর্জ্জিলিঙ্গ নামক পার্ব্বত্য স্বাস্থ্যনিবাস সাধারণের নিকট 'দার্জ্জিলিং' নামে খ্যাত এই স্থানটী বঙ্গের মধ্যান্ত গভর্ণর বাহাদুরের স্বাস্থ্যনিবাস ; অনেক সম্পত্তিসম্পন্ন ব্যক্তি গ্রীষ্মের দারুণ তাপ হইতে নিষ্কৃতি লাভের জন্য তথায় গমন করিয়া থাকেন। ঝর ঝর শব্দে তর তর বেগে ধাবিত ঝরণার উৎপত্তি স্থল, সু-উচ্চ তুষার-মণ্ডিত শৈল-শ্রেণী সুশোভিত, হরিদ্বর্ণ তৃণাদিবিমণ্ডিত দুর্জ্জিলিঙ্গের মনোরম প্রাকৃতিক দৃশ্যে কাহাকে বিমোহিত হ'ন, কিন্তু এবার তাঁহারা বহু জন্মের সুকৃতির ফলে বিশ্ববৈষ্ণবরাজসভা পাত্রত্রাজ ও বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশত-শ্রী-শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামিমহারাজের শ্রীমুখবিগলিত হরিরসসুধাপানের সৌভাগ্য পাইয়া অপ্রাকৃত জগতের সৌন্দর্য্যের তুলনায় প্রাকৃত সৌন্দর্য্যে যে নিতান্ত হেয় ও অকিঞ্চিৎকর,তাহা বেশ হৃদয়ঙ্গম করিতে পারিয়াছেন। যে স্থানে পূর্ব্বে ভোগীর ভোগবাসনা বৃদ্ধি করিয়া তাহাকে নিরয়গামী করিত, আজ তাহা পরমহংস ঠাকুরের পাদস্পর্শে তীর্থে পরিণত হইয়া তত্রস্থ অধিবাসী ও প্রবাসিগণের পরম মঙ্গল বিধান করিতেছে। স্পর্শমণি সংযোগে লৌহও স্বর্ণে পরিণত হয়।

ডাঃ শিশিরকুমার পাল

দার্জ্জিলিং ষ্টেশনের নিকটবর্ত্তী নূতন জুবিলি স্যানোটারিয়ামের সুযোগ্য সুপারিণ্টেণ্ডেণ্ট ডাঃ শিশিরকুমার পাল মহাশয় একজন সজ্জন ব্যক্তি। তাঁহার মধুর বিনয়ন্ম ব্যবহারে সকলেই মুগ্ধ। তিনি পরমহংস ঠাকুরকে সাদর অভ্যর্থনাপূর্ব্বক স্বীয় স্যানোটারিয়ামএ নিমন্ত্রণ করিয়া প্রকারে তাঁহার সেবা-সৌভাগ্য লাভ করিয়াছেন। এই কার্য্যে তিনি যুগপৎ নিজের মঙ্গল এবং ঠাকুরের শ্রীমুখে হরিকথা শ্রবণের সুযোগ দিয়া আরও অনেক লোকের প্রকৃত মঙ্গল বিধান করিয়াছেন। এই সাধুকার্য্যের নিমিত্ত আমরা তাঁহাকে আন্তরিক ধন্যবাদ প্রদান করিতেছি।

শ্রীযুক্ত তারানাথ বন্দ্যোপাধ্যায়

দার্জ্জিলিংএর তারানাথ বন্দ্যোপাধ্যায় মহোদয় বিশ্ববৈষ্ণবরাজসভার পাত্রত্রাজের শ্রীমুখে শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী শ্রবণ করিয়া এতদূর সন্তুষ্ট হইয়াছেন যে তিনি ঐ জেলায় ঠাকুরের বাণী সমাক্ রূপে প্রচারের নিমিত্ত একটী স্থায়ী প্রচার-কেন্দ্র সংস্থাপনের ইচ্ছা প্রকাশ করিয়াছেন। আমরা শুনিয়া অতিশয় সুখী হইলাম যে, তিনি এই কার্য্যের নিমি

নিজের একটী সুদৃশ্য অট্টালিকা প্রদান করিতেছেন। উক্ত গৃহ প্রদর্শনার্থ তিনি পরমহংস ঠাকুরকে স্বীয় মোটরযোগে গত ৬ই যে তথায় লইয়া গিয়াছিলেন। যে ব্যক্তি নিজে সর্ব্বোৎকৃষ্ট জিনিষের সন্ধান পাইয়া অপরকে তাহা প্রদানে যত্নশীল হ'ন, তিনিই প্রকৃত প্রস্তাবে মহৎ এবং পরোপকারী। তারাপদ বাবু মহত্ত্ব ও পরোপকারিত্বের পরিচয় প্রদান করিয়া সজ্জনমাত্রেরই প্রশংসার্হ হইয়াছেন।

ভক্তিসুধাকর প্রভুর দান

কটক রাভেন্সা কলেজের ইতিহাসের প্রধান অধ্যাপক শ্রীযুক্ত নিশিকান্ত সান্যাল এম-এ, ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী প্রভু নদীয়াপ্রকাশের পাঠকগণের নিকট বিশেষ-ভাবে পরিচিত। এই মহাত্মা যে মুহূর্ত্তে সর্ব্বপ্রথম পরমহংস ঠাকুরের শ্রীমুখে হরি-কথা শ্রবণের সৌভাগ্য লাভ করিয়াছিলেন, সেই মুহূর্ত্তেই ঠাকুরের শ্রীচরণকমলে আত্ম-সমর্পণ করিয়া তাঁহার নির্দ্দেশানুসারে জগদ্-বাসীর মঙ্গলের নিমিত্ত সর্ব্বেন্দ্রিয়দ্বারা উক্ত ভজনবাণী প্রচার করিতেছেন। তাঁহার প্রচার শুধু ভারতেই আবদ্ধ নহে। পরন্তু সঙ্গীতজ্ঞানতোষণী (Harmonist) নামক বিশ্ব-বিখ্যাত রাজসভার ইংরেজী মাসিক পত্রের মধ্য দিয়া উহা পাশ্চাত্যদেশেও বেশ প্রসার লাভ করিতেছে। জন্ম, ঐশ্বর্য্য, শ্রুত, শ্রী প্রভৃতি যতপ্রকার অভিমানে মানব মত্ত হয়, তাহার প্রত্যেকটীর অধিকারী হইয়াও ভক্তিসুধাকর প্রভু সম্পূর্ণরূপে বিনয়াবনত, তৃণাদপি সুনীচ, তরুর ন্যায় সহ-ষ্ণু সম্পন্ন, অমানী এবং মানদ। তিনি ঠাকুরের অমন্দোদয়া দয়ার কথা সর্ব্বতো-ভাবে সকলের নিকট পরিবেশনার্থ সতত চেষ্ট। বর্ত্তমানে তিনি দার্জ্জিলিংএ শ্রীল ঠাকুরের গায়পন্নপ্রান্তে অবস্থান করিয়া তাঁহার শ্রীমুখনিঃসৃত হরিকথামৃত সংগ্রহ-পূর্ব্বক নদীয়া-প্রকাশের পাঠকগণের নিমিত্ত পাঠাইতেছেন। পাঠকগণ ক্রমশঃ উহা লাভ করিয়া কৃতার্থ হইবেন।

ভক্তিসুধাকর প্রভু "সেবোন্মুখে হি জিহ্বাদৌ স্বয়মেব স্ফুরত্যদঃ" বাণীর প্রকৃত পরিচয় প্রদান করিতেছেন।

কুচবিহারের মহারাণীসাহেবার সৌজন্য

পরমহংস গোস্বামী মহারাজ বর্ত্তমানে জিলিংএ অগাই জিলা নামক প্রাসাদে অবস্থানপূর্ব্বক নিরন্তর হরিকথা কীর্ত্তন করিতেছেন।

"অগাই জিলা" কুচবিহারের মহারাণী সেবার অধিকৃত। তিনি পরমহংস ঠাকুরের প্রতি শ্রদ্ধা প্রদর্শনার্থ নিজ আবাসে তাঁহাকে বাসা প্রদান করিয়াছেন। আমরা তাঁহার এই সৌজন্যের প্রশংসা করি।

জয় পরাজয়

পুরীধামে শ্রীমন্মহাপ্রভুর অবস্থানকালে একদিবস প্রীল মুকুন্দ তাঁহাকে বলিলেন,—"ব্রহ্মানন্দ ভারতী আপনার সহিত সাক্ষাৎ করিতে আসিয়াছেন। আপনি আজ্ঞা করিলে তাঁহাকে আপনার নিকট লইয়া আসিতে পারি।"

প্রভু কহিলেন,—"তিনি আমার গুরু, আমিই তাঁহার নিকট যাইব।" এই কথা বলিয়া তিনি ভক্তগণসঙ্গে ব্রহ্মানন্দ ভারতীর সম্মুখে আগমন করিলেন। মহাপ্রভু দেখিলেন যে, ব্রহ্মানন্দ ভারতী মৃগচর্ম্মাম্বর পরিধান করিয়া আছেন। প্রভুর মনে অত্যন্ত দুঃখ হইল। ভারতী তাঁহার গুরু-স্থানীয়, সুতরাং প্রকাশ্যে প্রতিবাদ না করিয়া তিনি ভারতীকে দেখিয়াও যেন দেখিতে পান নাই, এইরূপ ভাব প্রদর্শন করিয়া বলিলেন,—"ভারতী গোস্বামী কোথায়?" মুকুন্দ কহিলেন, "আপনার সম্মুখেই রহিয়াছেন।"

প্রভু বলিলেন,—"ইনি ভারতী নহেন, তুমি অজ্ঞান, তাহাকে ভারতী বলিতেছ? তুমি নিতান্ত মূর্খ, তাই একজন মৃগচর্ম্ম-পরিহিত ব্যক্তিকে ভারতী গোস্বামী বলিয়া নির্দ্দেশ করিতেছ। ভারতী গোস্বামীর ন্যায় একজন আচার্য্য স্বীয় শ্রীঅঙ্গ মৃত পশুর চর্ম্মে আবৃত করিবেন কেন?" এই কথা শুনিয়া ভারতীর চক্ষুঃ উন্মীলিত হইল। তিনি স্পষ্টই বুঝিতে পারিলেন যে শ্রীমন্মহাপ্রভুর চক্ষে চর্ম্মাম্বর শোভা পায় না। তিনি আরও ভাবিলেন যে, মহাপ্রভু ভাল কথাই বলিতেছেন; আমি দম্ভের বশবর্ত্তী হইয়া চর্ম্মাম্বর পরিধান করি। ইহাতে সংসার তারণ হইতে পারে না, আজ হইতে চর্ম্মাম্বর পরিধান করিব না।

শ্রীমন্মহাপ্রভু তাঁহার অন্তরের ভাব উপ-লব্ধি করিয়া বহির্ব্বাস আনয়ন করাইলেন। ব্রহ্মানন্দ চর্ম্মাম্বর পরিত্যাগ করিয়া বস্ত্র পরিধান করিলেন। তখন প্রভু আসিয়া তাঁহার চরণ বন্দনা করিলেন।

ভারতী বলিলেন, "লোককে শিক্ষা দান করিবার নিমিত্ত তুমি আচার পালন কর। আমাকে তুমি আর প্রণাম করিও না; তোমার প্রণাম গ্রহণ করিতে আমার ভয় হয়।"

জগৎকে আচার শিক্ষা দিবার জন্য শ্রীমন্মহাপ্রভু অতিশয় ভ্রমভ্রমন হইয়াও শিষ্যাভিমানে গুরুস্থানীয় ব্রহ্মানন্দ ভারতীকে প্রণাম করিলেন বটে; কিন্তু ভারতী মহা-প্রভুর মহত্ত্ব উপলব্ধি করিয়া তাঁহার প্রণাম গ্রহণ করিতে আপত্তি জ্ঞাপন করিলেন।

ভারতী বলিলেন,—

সাম্প্রতিক দুই ব্রহ্ম ইহাঁ চলাচল।
জগন্নাথ অচল, তুমি ব্রহ্ম সচল॥
তুমি গৌরবর্ণ, দেঁহ শ্যামবরণ।
দুই ব্রহ্ম কৈল সব জগৎ তারণ॥
প্রভু কহে, সত্য কহি তোমার আগমনে।
দুই ব্রহ্ম প্রকটিল শ্রীপুরুষোত্তমে॥
ব্রহ্মানন্দ নাম তুমি গৌরবর্ণ চল।
শ্যামবর্ণ জগন্নাথ বসিয়াছেন অচল॥

(চৈঃ চঃ মধ্য ১০।১৩৩-১৬৬)

ভারতী শ্রীমন্মহাপ্রভুর বাক্য শ্রবণ করিয়া বাসুদেব সার্ব্বভৌমকে মধ্যস্থ স্থির করিয়া বলিলেন,—"ইহাঁর সহিত আমার বিচার মন দিয়া শুন। ব্রহ্ম—ব্যাপক অর্থাৎ সর্ব্বব্যাপক; জীব ব্রহ্মের দ্বারা ব্যাপ্য। যিনি চর্ম্ম ঘুচাইয়া আমাকে শোধন করিলেন, তিনি ব্যাপক এবং আমি ব্যাপ্য। এস্থলে ব্রহ্মানন্দ ভারতীরূপ আমি কিংবা কৃষ্ণচৈতন্যরূপ উনিই ব্রহ্ম হইলেন, তাহা বিচার করিয়া দেখ।

আবার, মহাভারত মানবশ্রেষ্ঠ সুবর্ণবর্ণ, গলিতহেমবৎ অঙ্গ, সর্ব্বাঙ্গসুন্দর গঠন, চন্দন-মাল্যলোচিত, সন্ন্যাসাশ্রম, হরিকথাপ্রচোদন রূপ শমগুণবিশিষ্ট, হরিকীর্ত্তনরূপ মহাযজ্ঞে দৃঢ় নিষ্ঠারূপ কেবলাদ্বৈতাদি অভক্তনিবৃত্তি-কারিণী শাস্ত্রসিদ্ধ মহাপুরুষগণের যে সকল নাম আছে, তাহার শ্রীকৃষ্ণচৈতন্যই আশ্রয় অর্থাৎ উহা তাঁহাতেই স্থান পাইয়াছে। চন্দনমাখা প্রসাদডোর ইহাঁর দুই বাহুতে বলয়স্বরূপ।

সার্ব্বভৌম ব্রহ্মানন্দ ভারতীরই জয় মীমাংসা করিলেন।

শ্রীশ্রীমন্মহাপ্রভু বলিলেন—শিষ্যবাক্যের সত্যতা থাকিলেও গুরুবাক্যই শিষ্যবাক্যের উপর জয় লাভ করে। গুরুবাক্য সর্ব্বকালেই শিষ্যবাক্যাপেক্ষা অধিক আদরণীয়। উক্ত ন্যায়মতে ব্রহ্মানন্দ ভারতীই গুরু এবং মহাপ্রভু আপনাকে তাঁহার শিষ্যাভিমান করায় ব্রহ্মানন্দের বাক্য জয় লাভ করিল। কিন্তু ব্রহ্মানন্দ এক্ষেত্রে মহাপ্রভুর কথিত গুরুশিষ্য ন্যায়াবলম্বনকেই তাঁহার পরাজয়ের হেতু বলিয়া স্বীকার করিলেন না তাহার জন্য একটী হেতু দেখাইয়া বলিলেন,—ভগবান্ ভক্তের নিকট পরাজয় স্বীকার করেন। ইহাই তাঁহার ভগবত্তার স্বভাব।

ভারতী আরও বলিলেন :—

আর এক গুন তুমি আগে প্রভুর।
আগুন করিয়ু মুক্তি নিরাকার-ধ্যান।
তোমা দেখি, হয় মোর বিভ্রমান
কৃষ্ণনাম স্ফুরে মুখে, মনে নেত্রে কৃষ্ণ।
তোমাকে তদ্রূপ দেখি' জন্ম সফল॥

আমার বিবর্ত্তজ্ঞানের ন্যায় দশা হইয়া অদ্বৈতমার্গের পথিকগণ দ্বারা উপাস্য আত্মানন্দ সিংহাসন হইতে নীচাসনে হইয়াও আমি কোন গোপবধূলম্পট কৃষ্ণ হঠক্রমে দাসীরূপে পরিণত হইয়াছি। প্রভু বলিলেন—"তুমি ব্রহ্মানন্দ ভারতী, প্রেম মহাভাগবত, সুতরাং তোমার সঙ্গেই কৃষ্ণ দর্শন হইবে, ইহাতে আর সন্দেহ কি।

ভট্টাচার্য্য উত্তরের মধ্যস্থ হইয়া বলিলেন "মহাভাগবত ব্রহ্মানন্দ ভারতীর যে কৃষ্ণদর্শন হইয়াছে, মহাপ্রভুর এই বাক্যও সত্য। যেহেতু কৃষ্ণ মহাভাগবতের সম্মুখে সাক্ষাৎ দর্শন দিয়া থাকেন, কিন্তু তাঁহার বোমাবিকা ব্যতীত তাদৃশ সাক্ষাৎকারের সম্ভাবনা নাই।"

কৃষ্ণভক্তি জন্মমূল

(ভক্তিরত্ন শ্রীরাধাচরণ গোস্বামী ভক্তিশাস্ত্রী

(১)

জন্মমরণমালা বা ত্রিতাপজ্বালা হইতে মুক্তিলাভ করিয়াও যদি সাধুসঙ্গে ভগবৎ সেবা বা কৃষ্ণপ্রেমানন্দানুশীলন না হয় তাহা হইলে উহা আত্মহননরূপ মহাপাপ বা পরম অকল্যাণ ব্যতীত কিছুই নহে। শ্রীমদ্ভাগবতাদি সচ্ছাস্ত্র ইহাই তারস্বরে পুনঃ পুনঃ ঘোষণা করিতেছেন,—ওহে জীব! প্রত্যেকেই আত্মকল্যাণকামী হইয়া শুদ্ধভক্তগণের সঙ্গ কর, ভক্তি ব্যতীত, কর্ম্মচেষ্টা, যোগচেষ্টা, জ্ঞানচেষ্টা তপশ্চেষ্টা ও ধ্যানাদির চেষ্টা—কোন উপায়ে পরম প্রয়োজন শ্রীকৃষ্ণপ্রেম লাভ হইতে পারে না। "কৃষ্ণভক্তি জন্মমূল হয় সাধুসঙ্গ। সাধুসঙ্গ বিনা গত্যন্তর নাই, ইহা সকল শাস্ত্রেই সুবিদিত।

এবম্বিধ সাধুসঙ্গে যে কৃষ্ণভক্তি লাভ হয়, তাহাতে কোন প্রকার সন্দেহ উপস্থিত হইবার অবকাশ থাকিতে পারে না। কারণ "সঙ্গ এষাং হি বিদ্বন্ধি মোক্ষায়েব মতির্মৃণাম্।" "সাধুসঙ্গ সাধুসঙ্গ সর্ব্ব শাস্ত্রে কয়। লবমাত্র সাধুসঙ্গে সর্ব্ব সিদ্ধি হয়। সাধুসঙ্গে কৃষ্ণনাম এই মাত্র চাই। সাধুসঙ্গ বিনিতে আর কোন বস্তু নাই। প্রভৃতি শাস্ত্রীয় বাণীই অকাট্য প্রমাণ।

কলিকাতায় প্রচার

কলিকাতা শ্রীগৌড়ীয় মঠে প্রত্যহ ভিন্নভিন্নবাসর শ্রীমদ্ভাগবত পাঠ করিতেছেন। তদনু

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস-প্রণীত মূল, শ্রীমন্ বাচার্য্য-কৃতা তাৎপর্য্য-নির্ণয়টীকা, শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী হর-কৃত সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, সংস্কৃত অন্বয় ও তিশব্দ, তথা ও বিস্তৃত্যাদিযুক্ত। প্রতি স্কন্ধের আরিতে ই স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ ায়ের সঙ্গতিসহ সুবিস্তৃত তাৎপর্য্যাদি বিবৃত। শ্লোকসূচী হসূচী, অধ্যায়বিবরণ, পাত্র ও স্থাননির্দ্দেশ উত্তম মে উত্তম অক্ষরে মুদ্রিত। প্রথম হইতে ১০ম স্কন্ধ ত টীকা সম্পূর্ণভাবে শেষ হইয়াছে। ভিক্ষা প্রথম ত ১ম স্কন্ধ পর্য্যন্ত ২১৷৵০; দশম স্কন্ধ ১২৲; ৷ ৪০৲।

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদঠাকুর-রচিত 'অমৃতপ্রবাহভাষ্য' শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত ক্রমে শ্রুতি-স্মৃত্যাদি বহু শাস্ত্রপ্রমাণ-সম্বলিত হইয়া াশিত হইয়াছেন। শ্লোকের সান্বয়ব্যাখ্যা, বঙ্গানুবাদ ও ক, পয়ারের পূর্ণে সংক্ষিপ্ত অভিনেয় সংযোজিত। াক অধ্যায়-প্রারম্ভে কথাসার দেওয়া আছে। শ্লোক, , পদ, স্থান, পাত্র প্রভৃতির সুবৃহৎ সূচী ও গ্রন্থকারের ত জীবনী সমন্বিত এইরূপ অভূতপূর্ব্ব সংস্করণ ইতঃপূর্ব্বে ি প্রকাশিত হয় নাই। উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের , সুন্দর অক্ষরে মূলাংশ মুদ্রিত হইয়াছে। গ্রন্থ প্রায় পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা বর্ত্তমানে ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

বৃন্দাবনদাস ঠাকুরের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত ত ভাষ্য, পদসূচী, পয়ারসূচী, বিষয়-সূচী পাদোদি প্রভৃতি বিবিধ বিষয়-সম্বলিত বিরাট দ্বিতীয় সংস্করণ ক্রাউন ৮ পেজী আকারে। আদিলীলা ও মধ্যের শ প্রকাশিত হইয়াছেন। ক্রমে ক্রমে প্রকাশিত হেন। অগ্রিম ভিক্ষা ৫৲ টাকা, আদি লীলার ৭৲।

শ্রীচৈতন্যমঙ্গল

ই গ্রন্থের এরূপ অভিনব সুন্দর সংস্করণ আর কুত্রাপি শিত হয় নাই। সংস্কৃত শ্লোকাংশের অন্বয়, বঙ্গানুবাদ, কথাসার, কথা প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত জন। মূল মোটা অক্ষরে ডবল ক্রাউন আটপেজী কাগজে ছাপা হইয়াছে। মূল্য ১৷০ টাকা। নদীয়া -গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১৷০ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীগৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি বিশ্বনাথ চক্রবর্ত্তিঠাকুর গোস্বামিকৃতা সারার্থবর্ষিণী মেতা ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'ভাসিক-নামক ভাষ্যানুগা সহিতা। অধ্যায়সূচী, শ্লোকক্রমে সূচী, বিষয়-সূচী, গ্রন্থকারের জীবনী ও অন্বয়সহিকাদি ধ্যায়ান্তে-সহ উৎকৃষ্ট বাঁধাই তৃতীয় সংস্করণ—এই গ্রন্থ ের ভিক্ষা ২৲ টাকা মাত্র, সাধারণ সংস্করণ—১৷০ মাত্র।

ল প্রভুপাদের বক্তৃতাবলী

ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের সেই অবিদ্যা-বিধ্বংসিনী ভীষণাস্ত্রস্বরূপোদ্যোধিনী কৃষ্ণ-কান্তি-নিন্দবাহিনী ভীষণ-বাণীর মূর্ত্ত-বিগ্রহ—বৈষ্ণবসিদ্ধান্ত-রত্নমালার কৌস্তুভমণি—সম্প্রদায় বৈভববিজ্ঞানাগারের মৌলিক তথ্য—পঞ্চরাত্র ও ভাগবতের মন্ত্রগুরু—মহাজন-জীবনচরিত-শিক্ষক—চিন্তিলাবচিন্ত্যাত্ম অচিন্ত্যাত্ম-বিচারক—ঐশ্বর্য্য ও মাধুর্য্যরসের মৌলিক গবেষণার —সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন-তত্ত্বের সিদ্ধান্ত সমূহ।

১। প্রথম খণ্ড—বৈষ্ণবদর্শন, শ্রীগুরুতত্ত্ব, কাল-ধর্ম্ম, শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব, শ্রীবাসঙ্গন, পঞ্চরাত্রিকী দীক্ষা ও বর্ণ-বিচার, আত্মধর্ম্ম ও মনোধর্ম্ম, শ্রীচৈতন্যদেব ও তাঁহার শিক্ষা, অপ্রাকৃত সহজধর্ম্ম ও প্রাকৃত সহজধর্ম্ম, প্রভৃতি বিংশতি সারগর্ভ বক্তৃতা সন্নিবেশিত। ভিক্ষা মাত্র ৸০ বার আনা।

২। দ্বিতীয় খণ্ড—ভক্তি ও শিক্ষা ভক্তি, মনুষ্যের ঈপ্সা কোথায়, আত্মার নিত্যবৃত্তি, ঈশ্বর স্বাধীনবাদ ও মায়াবাদ, শ্রীগৌর-নিত্যানন্দপ্রেমতত্ত্ব, ত্রিদণ্ডের দণ্ড ও কৃষ্ণ-কীর্ত্তন, শ্রীব্যাসপূজায় শ্রীমন্মহাপ্রভুর কীর্ত্তন, শ্রীগৌর-ধামের মহিমা, মহাপ্রসাদ, শ্রীগোবিন্দ, শ্রীকৃষ্ণসঙ্কীর্ত্তন-পদ, ভগবতী ভক্তিজননী, শ্রীচৈতন্যের দয়া, গৌরকথা ও কৃষ্ণসঙ্কীর্ত্তন—চতুর্দ্দশ অপূর্ব্ব মধুরিমাপূর্ণ-বক্তৃতা-বিভূষিত। ভিক্ষা ২৲ এক টাকা মাত্র।

প্রথম ও দ্বিতীয়—দুই খণ্ড একত্রে লইলে ভিক্ষা ১৷০ সেড় টাকা, ডাক স্বতন্ত্র স্বতন্ত্র।

শ্রীমদ্ভগবদ্গীতা

গৌড়ীয় বৈষ্ণবাগ্রগণ্য বেদজ্ঞ শ্রীশ্রীমদ্বলদেব বিদ্যা ভূষণকৃত ভাষ্য ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের প্রাঞ্জল বঙ্গ-ভাষায় বিস্তৃত 'বিদ্বদ্রঞ্জন' নামক ভাষ্যানুগ। অধ্যায়-সূচী, বিষয়সূচী, ও প্রতি শ্লোকের প্রথম ও তৃতীয় পাদ সূচী, ভাষ্যকারের জীবনী প্রভৃতি সম্বলিত। উৎকৃষ্ট বাঁধাই, রাজসংস্করণ (তৃতীয় সংস্করণ) গ্রন্থের ভিক্ষা ২৲ টাকা।

প্রমেয়রত্নাবলী

শ্রীবলদেব বিদ্যাভূষণ-প্রণীত বৈষ্ণবদর্শন, সম্বন্ধ ও গোবিন্দ-ভাষ্যাদি অনুবাদের প্রথম গ্রন্থ। উৎকৃষ্ট কালিতে ছাপা। সুবিস্তৃত টীকা ও প্রাঞ্জলবঙ্গানুবাদ-সাহায্যে অতি সহজে বালকেরও বোধগম্য হইয়া থাকে। ভিক্ষা ।৵০ আনা মাত্র।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

(প্রমাণখণ্ড) সানুবাদ। শ্রুতি-স্মৃত্যাদি গ্রন্থে শ্রীনবদ্বীপের যে মহিমা কীর্ত্তিত আছে, তাহার মূল সংস্কৃত ও অনুবাদ। ভিক্ষা ৶০ আনা।

শ্রীশ্রীনবদ্বীপভাবতরঙ্গ

শ্রীঠাকুর ভক্তিবিনোদ লিখিত। সুললিত গীতাকারে পরিক্রমার ভাবাদি-বিষয়ক। ভিক্ষা ।০ আনা।

ভক্তিরত্নাকর ও নবদ্বীপ পরিক্রমা

শ্রীল নরহরি চক্রবর্ত্তি-ঠাকুর-রচিত। ভক্তিরত্নাকর হইতে পরিক্রমাংশ মাত্র গৃহীত; শ্রীগৌর গোস্বামী কি প্রকারে শ্রীনবদ্বীপধামের পরিক্রমা করিয়াছিলেন, তাহাই ৶০ পৃষ্ঠে বিবৃত। ভিক্ষা ।৵০ আনা

শ্রীচৈতন্যশিক্ষামৃত

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রণীত। ইহাতে শ্রীচৈতন্যদেবের শিক্ষাপ্রণালী—কৃষ্ণ, কৃষ্ণশক্তি ও তত্ত্ব—বদ্ধ ও মুক্ত জীব-অচিন্ত্য ভেদাভেদ তত্ত্ব—সাধন-নির্দ্দেশ—প্রয়োজন-তত্ত্ব, কাম, আত্মাদির বিচার—শ্রেষ্ঠ ভক্তি, ভাবভক্তি প্রেমভক্তিসহ নামভজন-প্রণালী ও অষ্টকালীয় লী পরিচর্য্যাদি প্রথম শিক্ষার্থীর উপযোগী করিয়া সরল ভাষা সুন্দর যুক্তিপ্রমাণসহ লিখিত আছে। চতুর্থ সংস্করণ মূ ২৲ টাকা, আধাই ১৷০ টাকা মাত্র।

গৌড়ীয়কণ্ঠহার

শ্রীগৌড়ীয় বৈষ্ণবগণের অনুষ্ঠেয় বহু গবেষণা ও শ্রুতি স্মৃতি পুরাণ-পঞ্চরাত্রাদি সাত্বত-শাস্ত্রসমূহের প্রমাণাবলী বিষয়বিভাগক্রমে সান্নিবেশ রচিত। এইরূপ বৈষ্ণব সিদ্ধান্তের সারসংগ্রহ অন্য কুত্রাপি প্রকাশিত হয় নাই ইহাতে গুরুতত্ত্ব—ভাগবত—বৈষ্ণব—গৌর—নিত্যানন্দ—অদ্বৈত—হরি—শক্তি—জগৎতত্ত্ব—জীব—অচিন্ত্যভেদাভেদ —অভিধেয়—সাধনভক্তি—বর্ণধর্ম্ম—আশ্রম-ধর্ম্ম—গুরুগ্রহ —উপাসনা—প্রয়োজন ও প্রমাণ-তত্ত্বগুলি পৃথক্ অধ্যায়ে সুন্দর শ্লোকাদি সূচীসহ উৎকৃষ্ট এন্টিক কাগজে ব্রোঞ্জ ব্লু কালিতে মুদ্রিত, উৎকৃষ্ট বাঁ সোনার জলে নাম লেখা। গ্রন্থ প্রায় ৪০০ পৃষ্ঠায় সম্পূ ২৲ টাকা মাত্র।

শ্রীনবদ্বীপধাম-প্রদক্ষিণী

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত 'নামাভাস্য'—ধাম-মাহাত্ম্যের সান্নিবেশ প্রমাণ খণ্ড—শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরের ধাম পরিক্রমাংশ—শ্রীধাম নবদ্বীপ পরিক্রমা—ব যাত্রা শ্রীমৎ প্রবোধানন্দকৃত নবদ্বীপশতকম-শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ প্রভৃতি গ্রন্থ একত্রে ভিক্ষা ৸০ আনা মাত্র।

শ্রীহরিনামামৃত ব্যাকরণ

শ্রীজীব গোস্বামী প্রভুপাদ-বিরচিত সূত্র ও বৃত্তি, তৎসহ ওঁবিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের বিস্তৃত ভূমিকা ও সূচী প্রভৃতি সহ। অপ্রত্যাশিতভাবে সুলভ। ভিক্ষা ২৲ টাকা, ছাত্রগণের পক্ষে ১৷০ টাকা মাত্র।

বেদান্তসূত্রসার

শ্রীমদ্রামানুজাচার্য্য-রচিত। বেদান্তের বিশিষ্টাদ্বৈতবাদ-প্রচারক শ্রীভাষ্য-প্রণেতা আচার্য্যপ্রবর বেদান্তদর্শন পাঠের উপযোগী করণার্থ এই উত্তম করিয়াছেন। ইহাতে বঙ্গানুবাদ ও সূচীপত্রাদি সংযোজিত করা হইয়াছে নাম মাত্র ভিক্ষা ৷০ আনা।

শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও নবদ্বীপশতক

গৌরপার্ষদ দ্বিতীয় শ্রীমৎ প্রবোধানন্দ সরস্বতী প্রণীত মূল, প্রভুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ সম্পাদিত অন্বয়মুখে ব্যাখ্যা ও বঙ্গানুবাদ সম্বলিত। নবদ্বীপশতকের শ্রীভক্তিবিনোদ ঠাকুরের পদ্যানুবাদ ও উৎসব শ্রীমন্মহাপ্রভুর একটী ত্রিবর্ণচিত্রিত অলৌকিক চিত্র প্রদত্ত হইয়াছে। মুদ্রণ ও কাগজ উৎকৃষ্ট (২ খানা একত্রে) ভিক্ষা ৸০ আনা, অতি সুরম্য বাঁধাই রাজসংস্করণ ২৲ টাকা মাত্র।

শ্রীগ্রন্থসূচী

...ছাড়া-প্রেমে ...। এই একেবারে ...
...ত্ত্ব ... করিলে পারমার্থিক রাজ্যে কিছুতেই
...ার হাত দেওয়া থাকিবে না। পরম ...

...ল ...ক্ষরের ... গ্রন্থ প্রকাশিত হয় নাই।
... ... গ্রন্থটী
...ত হইয়াছেন। ... ... কথাতে
... ...। সিরাট গ্রন্থ,
...র ... নাম ... উহাই বাঁ ইই—১ম খণ্ডের
...। উহা ...

বর্ষ

...

...

...

বিশ্ব রাজসভার শুদ্ধভক্তিমঠসমূহ

শ্রীচৈতন্য মঠ

আকর মঠরাজ

শ্রীল নবদ্বীপ, ভাকঘর শ্রীধাম মায়াপুর, নদীয়া

শ্রীমন্মহাপ্রভুর জন্মস্থান শ্রীধাম মায়াপুর, যশড়া রোড স্টেশন হইতে প্রায় ৩০ রজ্জু উত্তর-পূর্বে শ্রীজলপথে আচার্যবর্য শ্রীচক্রবর্তী ঠাকুর শ্রীশ্রীচৈতন্য মঠ বিরাজমান।

এই স্থান সাংখ্যত-তীর্থ, সরস্বতীপীঠ বা সারস্বত অঙ্গনভূমি। এই মহাতীর্থে শ্রীহরিনামাত্মক-স্যাকরণাদি-ব্যাকরণসমূহ, সরস্বতীর অনুগত কাব্য, নাটক, অলঙ্কার, তথা প্রমাণ-উপনিষদ্-গীতা-সূত্র-ভাষ্যাদি চতুষ্টয়ের অধ্যয়ন ও অধ্যাপনা এবং তথায় শ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্বিকা গিরিধর ও সারস্বত সাম্প্রদায়িক-আচার্য-চতুষ্টয় জীবনের উপাস্য বিগ্রহের সহিত নিত্য সেবিত হইতেছেন। এই মঠধামে পারমার্থিক দৈনিকপত্র সারস্বত-সম্প্রদায়ের অপ্রকাশিত ও প্রাচীন গ্রন্থরাজি প্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় প্রতিষ্ঠিত হইয়াছেন। প্রতিবৎসর শ্রীব্যাস-পরিক্রমানুষ্ঠান ও অপরাহ্ণ ভজনোচ্চিত কীর্তন প্রচারমুখে মহামহোৎসবাদি ভজন অনুষ্ঠিত হইয়া থাকে। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপাদ মঙ্গলনিধি। সহকারী—শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী, পণ্ডিত শ্রীপাদ গৌরদাস ব্রহ্মচারী ভাগবতাচার্য, শ্রীপাদ বীরচন্দ্র ব্রহ্মচারী, পণ্ডিত শ্রীরাধারমণ ব্রহ্মচারী, শ্রীযুক্ত মনীন্দ্রগোপাল বন্দ্যোপাধ্যায়, শ্রীহরেরাম দাস ব্রহ্মচারী প্রমুখ সজ্জনগণ।

ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবল্লভ তীর্থ মহারাজ এখানে হরিকথা কীর্তন করিতেছেন।

(২) শ্রীগৌড়ীয় মঠ

১৬ নং কালিপ্রসাদ চক্রবর্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।
টেলিফোন বি, বি, ৪১১৫

শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত শুদ্ধনির্মল ভক্তিধর্ম-প্রচারোদ্দেশে গৌড়দেশের সর্বপ্রধান নগরী কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত আছেন। এই ভক্তি-সম্প্রদায়ে শ্রীগুরু-গৌরাঙ্গ-শ্রীবিনোদানন্দ জীউ সপার্ষদে নিত্য সেবিত হন। গৌড়ীয় আচার্যবর্গের যাবতীয় গ্রন্থাবলীর শুদ্ধপ্রচারোদ্দেশে শ্রীমঠে সংস্থ একটী সুবৃহৎ মুদ্রণ-যন্ত্রালয় সংস্থাপিত হইয়াছেন। পৃথিবীর সমস্ত শ্রীগৌরনাম-প্রচারার্থ এই যন্ত্রালয় হইতে 'গৌড়ীয়' সাপ্তাহিক পত্র, ত্রি ভক্তমনিষ্ঠ মাসিক পত্রিকা ইংরাজী ভাষায় নিয়মিতভাবে প্রকাশিত হইতেছেন। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্তন, সপ্রসঙ্গ-ভক্তিবোধ, শ্রীমদ্ভাগবত, শ্রীচৈতন্য-চরিতামৃতাদি-লীলা ও তত্ত্বগ্রন্থের সম্যক্ আলোচনা হইয়া থাকে। মঠরক্ষক—আচার্যাত্মিক শ্রীপাদ কৃষ্ণবিহারী বিদ্যাভূষণ। সহকারী—পণ্ডিত শ্রীপাদ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ বি-এ, শ্রীপাদ সুখানন্দ পরবিদ্যাবিনোদ বি-এ, শ্রীপাদ হাসবিহারী ব্রহ্মচারী, শ্রীপাদ জগচ্চারণ হাসাধিকারী বি-এ, শ্রীপাদ ব্রজগোপাল হাসাধিকারী, ব্রহ্মচারী শ্রীকীর্তনানন্দ, ব্রহ্মচারী শ্রীগোরীমোহন, ব্রহ্মচারী শ্রীকৃষ্ণানন্দ ভক্তিপাত্রী, ব্রহ্মচারী শ্রীদেবকীনন্দন, পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ

---

(৩) যোগপীঠ শ্রীমন্দির

এই স্থান শ্রীজগন্নাথমিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগ-পীঠ। এখানে শ্রীশচীমাতা ও শ্রীবিষ্ণুপ্রিয়াসহ শ্রীগৌরনারায়ণ এবং শ্রীচৈতন্য ও শ্রীব্যাসাঙ্কের নিত্য সেবা তথা শ্রীপঞ্চতত্ত্বের সেবা বর্তমান। রক্ষক—লোকনাথদত্ত গোস্বামী ভট্টাচার্য প্রভু শ্রীরমানাথ। সহকারী শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী, শ্রীরাধাদাস ব্রহ্মচারী। শ্রীনাম-দান অধিকারী, সেবাপত্র শ্রীকারস্থল।

(৪) শ্রীবাস-অঙ্গন

শ্রীমন্মহাপ্রভুর কীর্তন-বিলাস বা শ্রীগৌরলীলার স্থানস্থলী। এখানে শ্রীশ্রীগৌর-নিত্যানন্দ ও পঞ্চতত্ত্বের সেবা বর্তমান। রক্ষক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী, শ্রীমধুসূদন, শ্রীগৌরকুমার বাবাজী।

(৫) অদ্বৈত-ভবন

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্তমান।

(৬) কাজীর সমাধি পীঠ

প্রাচীন মায়াপুর, যমলার্জুন (নদীয়া)
শ্রীগৌরকৃপাপাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।
রক্ষক—ব্রহ্মচারী শ্রীবিনোদবিহারী।

(৭) আদিগঙ্গা সুবর্ণবিহার

শ্রীমায়াপুর, ভজনগঞ্জ (নদীয়া)
এখানে ত্রিবিক্রমপুরে শ্রীল ভক্তিবিনোদঠাকুরের সমাধি তথা শ্রীগৌরনিত্যানন্দ এবং শ্রীবিষ্ণুপ্রিয়া-গৌরাঙ্গের সেবা বর্তমান
রক্ষক—ভক্তিসুহৃদ ভারতী ব্রহ্মচারী (ভাক্তিবী) এম, এস, বি।

(৮) শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

মহমনসিংহ।
রক্ষক—শ্রীবৈষ্ণব ভক্তিশাস্ত্রী এম, এ, বি, এল, সহকারী—শ্রীউদ্ধবদাস ভক্তি-শাস্ত্রী, শ্রীউজ্জ্বল অধিকারী প্রভৃতি।

(৯) শ্রীগৌর-গদাধর-মঠ

ঠাকুরটী, সমুদ্রগড়, (বর্দ্ধমান)
শ্রীল বাবাজীমহাশয়ের প্রতিষ্ঠিত গৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম।

(১০) শ্রীরূপগৌড়ীয়-মঠ

হাওড়া, প্রয়াগ ঘাট, পি
রক্ষক—শ্রীহরিদাস ব্রহ্মচারী, শ্রীকুলশেখর ব্রহ্মচারী।

(১১) শ্রীমোদদ্রুমচন্দ্র—

মাউগাছি, জাহানপুর, বর্দ্ধমান।
শ্রীজাহ্নবামাতার ঠাকুর বৃন্দাবনের স্থান।
রক্ষক—শ্রীবংশীবিহারী ব্রহ্মচারী।

(১২) ভাগবত আসন

শ্রীভাগবত প্রেস, রক্ষক-নগর, নদীয়া।
ভাগবত-সিদ্ধান্ত গ্রন্থাবলী প্রচার-ক্ষেত্র।
রক্ষক—শ্রীমহানন্দ ব্রহ্মচারী।

(১৩) শ্রীএকায়ন মঠ

টেলেপাড়ী, গোয়াড়ী, কৃষ্ণনগর, নদীয়া।
রক্ষক—শ্রীবৈকুণ্ঠানন্দ ব্রহ্মচারী।

(১৪) শ্রীআম্র গৌড়ীয় মঠ

৯০নং নবাবপুর রোড, ঢাকা।
পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র, এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ গান্ধর্বিকা-গিরিধরের সেবা বর্তমান।
রক্ষক—শ্রীরাধাবল্লভ ব্রহ্মচারী।

(১৫) শ্রীগোপালজী মঠ

নড়াগড়, ঢাকা।
গোপালজীর শ্রীবিগ্রহের প্রাচীন সেবা
রক্ষক—শ্রীরাধাগোপ ব্রহ্মচারী

(১৬) শ্রীগদাই-গৌরাঙ্গ মঠ

হরিভক্তিপ্রদায়িনী সভা, বালিয়া ঢাকা
শ্রীগদাই-গৌরাঙ্গের নিত্য সেবা
রক্ষক—শ্রীপূর্ণানন্দ ব্রহ্মচারী।

(১৭) শ্রীভাগবতজনানন্দ মঠ

ডিকলিয়া, রাধাবল্লভপুর, মোহনীপুর।
এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্বিকা-গিরিধারীর নিত্যসেবা বর্তমান। রক্ষক—ব্রজবাসী শ্রীজগবান্দাসজী। ব্রহ্মচারী পরানন্দ

(১৮) আমলাযোড়া প্রপন্নাশ্রম

রাজবাঁধ পোঃ বর্দ্ধমান।
শ্রীগুরুগৌরাঙ্গ-শ্রীরাধিকা গিরিধারীর নিত্যসেবা। রক্ষক—ব্রজবাসী প্রাণহরি-কিশোর।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

বর্দ্ধমান, পুরী, উড়িষ্যা।
এখানে শ্রীগৌর-বিনোদবাণীবল্লভীর নিত্য-সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমানন্দ বিদ্যারত্ন, ব্রহ্মচারী শ্রীনদীয়ানন্দ।

(২০) শ্রীব্রহ্ম-গৌড়ীয় মঠ

আলবরনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী।
জগন্নাথদেবের অনবসর সময়ে শ্রীমন্মহা-প্রভুর অবস্থান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমেশ্বরী প্রসাদজী। সহকারী—ব্রহ্মচারী শ্রীবনবিহারী।

(২১) শ্রীসচ্চিদানন্দ মঠ

উড়িষ্যাবাজার, কটক।
এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-বিনোদরূপ-জীর নিত্যসেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীবনবাসে

(২২) শ্রীসনাতন-গৌড়ীয় মঠ

৯নং জগন্নাথদেবপুরা, কাশী।
গৌড়-পরাক্ষপুক সনাতন-শিক্ষাস্থল।
এখানে গৌরসেবা বর্তমান। রক্ষক—শ্রীজ্ঞানকীনাথজী।

(২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

শ্রীনৃসিংহবাস কুঞ্জ, শ্রীধাম বৃন্দাবন।
শ্রীশ্রীরাধা-ব্রজ-মোহনজীর সেবা।
রক্ষক—শ্রীগণ-ক্ষিনাথ ব্রহ্মচারী

(২৪) শ্রীপরমহংস মঠ

নৈমিষারণ্য, সীতাপুর
এখানে শ্রীজাহ্নবা পাঠশালা ও শ্রীগৌর-বিনোদ বিলাসজীর সেবা বর্তমান।
রক্ষক—ব্রহ্মচারী শ্রীনৃসিংহানন্দ ও ব্রহ্মচারী শ্রীনন্দদুলাল।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ

কুসুমকুঞ্জ, চিরকুঞ্জ, শ্যামকুঞ্জ। ইহা শ্রীচৈতন্য-মঠের শাখা। রক্ষক—শ্রীরমানাথ রায়, শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী। শ্রীরায় তীর্থ সেবাধিকার।

(২৬) ব্যাসগৌড়ীয় মঠ

কুলফেরা, খানেশ্বর, কণখল। এখানে শ্রীগৌর-বিনোদ-গাদের সেবা বর্তমান।
রক্ষক—ব্রহ্মচারী শ্রীসুন্দরানন্দী।

(২৭) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রম-মঠ

ব্রাহ্মণপাড়া, পোঃ বাবু, নাবড়া
এখানে বহুভুজমূর্তি শ্রীগৌরাঙ্গের সেবা বর্তমান। রক্ষক—ব্রজবাসী শ্রীরাধাকৃষ্ণ-দাস, শ্রীরাধাবল্লভ ব্রহ্মচারী।

(২৮) দিল্লী গৌড়ীয় মঠ—কার্য্যালয়

১৮ কেল ডোরার, নিউ দিল্লী।
রক্ষক—ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তি সুহৃদ-দিগি মহারাজ, শ্রীরাধাবল্লভপরব্রহ্মচারী

(২৯) গোয়ালপাড়াপ্রপন্নাশ্রম

রক্ষক—ব্রহ্মচারী শ্রীরাধাবল্লভ

শ্রীযুত মদনমোহন বর্ম্মণ কারামুক্ত

শ্রীযুত মদনমোহন বর্ম্মণ গাড়োয়ান ধর্ম্মঘটের সম্পর্কে ৬ মাস কারাদণ্ডে দণ্ডিত হইয়াছিলেন। তিনি গত সপ্তাহে বুধবার বেলা ৯ ঘটিকার সময় ফরিদপুর সেণ্ট্রাল জেল হইতে মুক্তি-লাভ করেন। সন্ধ্যাকালে জমিদার কমিটির পক্ষ হইতে তাঁহাকে অভিনন্দিত করা হয়।

কংগ্রেসসিদ্ধান্তের সংশোধন

কংগ্রেসের করাচী অধিবেশনে পূর্ণ স্বাধীনতা অধিকার এবং অর্থনৈতিক পরিবর্ত্তন সম্পর্কিত প্রস্তাব সম্বন্ধে মতামত জানাইবার জন্য কংগ্রেসের পক্ষ হইতে যে আহ্বান করা হইয়াছিল, জামসেদপুর ওয়ার্কস কমিটি সে সম্বন্ধে নিম্নলিখিতরূপ মতামত প্রকাশ করিয়াছেন :—

১। প্রত্যেক ব্যক্তিরই কর্ম্ম পাওয়ার অধিকার থাকিবে এবং রাষ্ট্র তাহাকে কাজ দিতে বাধ্য থাকিবেন। কাজ দিতে না পারিলে তাহাকে জীবনধারণের প্রয়োজনীয় জিনিষপত্র দিতে রাষ্ট্র বাধ্য থাকিবেন।

(২) শ্রমিকদের ধর্ম্মঘট করিবার অধিকার থাকিবে।

(৩) বৃদ্ধ, অকর্ম্মণ্য ও শিশুদের — বিশেষতঃ অনাথ শিশুদের রক্ষণাবেক্ষণের জন্য রাষ্ট্র হইতে ব্যবস্থা করিতে হইবে

(৪) রাষ্ট্রের প্রজাদের অবাধে দেশের এবং দেশে প্রত্যাবর্ত্তনের অবাধ স্বাধীনতা থাকিবে।

(৫) কলকারখানার মজুরদের প্রতি সে ন্যূনপক্ষে পঞ্চাশ টাকা করিয়া রোজগার তাহা দিতে হইবে। সাধারণ ৮ ঘণ্টা দিনে ছয় ঘণ্টার বেশী এবং সাধ্য কাজ দিনে চার ঘণ্টার বেশী করিতে পারিবে না। সপ্তাহে পাঁচ দিন কাজ এবং দুইদিন বিশ্রাম থাকিবে। বছরে বাহিনদের ন্যূনপক্ষে দুই মাস ছুটি দিতে হইবে। বাসস্থানের পর্য্যাপ্ত ব্যবস্থা, কাজের স্বাস্থ্যজনক ব্যবস্থা, অসুখে, অকর্ম্মণ্যতা, বার্দ্ধক্য প্রভৃতির ফলভূত আর্থিক দুরবস্থার প্রতিকারের ব্যবস্থা করিতে হইবে।

(৬) যাহারা চাষ করে, জমির উপরে তাহাদেরই স্বত্ব থাকিবে। জমির খাজনা বা রাজস্ব তুলিয়া দিতে হইবে এবং তাহার পরিবর্ত্তে চাষের আয়ের উপরে একটি পরিমাণমত আয়কর বসাইতে হইবে।

(৭) প্রধান প্রধান শিল্পবাহি অর্থনীতি, ব্যাঙ্কিং, যানবাহন, ব্যবসায়, বাণিজ্য, খনিজ এবং অন্যান্য স্বাভাবিক উৎপন্ন দ্রব্যাদি—এ সমস্তকে রাষ্ট্রের অধিকারে আনিতে হইবে। কৃষিজ এবং শিল্পজাত দ্রব্যের নিয়ন্ত্রণ রাষ্ট্র করিবে। ব্যক্তির অর্থসঞ্চয়ের অধিকার কমাইতে হইবে।

বিহার মহিলার কৃতিত্ব
প্রথমসংস্কৃত উপাধি লাভ

শ্রীমতী সুশীলা পণ্ডিত মিঃ কে, পি, জয়সোয়ালের জ্যেষ্ঠা কন্যা। বিহারে মহিলাদের মধ্যে তিনিই সর্ব্বপ্রথম সংস্কৃত উপাধি পরীক্ষায় উত্তীর্ণ হইলেন। শ্রীমতী সুশীলা কলিকাতায় বিগত কাব্যতীর্থ পরীক্ষায় দ্বিতীয় শ্রেণীর অনার্স পাইয়াছেন।

সরকারের টাকা লুঠ

গত ২রা মে তারিখে চট্টগ্রামে কালেক্টরীর একজন পিয়ন সরকারী কর্ম্মচারীদের বেতন দিবার জন্য স্থানীয় ইম্পিরিয়াল ব্যাঙ্ক হইতে ১০২০০৲ টাকার চেক ভাঙ্গাইয়া আফিসে ফিরিবার সময় কতিপয় লোক ঐ টাকা ছিনাইয়া লইয়া যায়। বর্ত্তমানে গবর্ণমেণ্ট ঘোষণা করিয়াছেন যে, যদি কেহ অপরাধিগণকে ধরিয়া দিতে পারে তাহা হইলে তাহাকে গবর্ণমেণ্ট ২০০৲ টাকা পুরস্কার দিবেন।

খুলনা লেবু সম্মেলন

খুলনা জেলা সম্মেলন আগামী ২৯শে এবং ৩০শে মে তারিখে অনুষ্ঠিত হইবে, এবং মে অভ্যর্থনা সমিতির আহ্বায়ক ডাঃ বিধানচন্দ্র রায় সম্মেলনের সভাপতি নির্ব্বাচিত হইয়াছেন।

সম্মেলনের সহিত যাহাতে একটি মহিলা সম্মেলনও হয় তজ্জন্য চেষ্টা চলিতেছে।

শ্রীযুত সুভাষচন্দ্র বসু, মৌলবী সামসুদ্দিন আমেদ, শ্রীযুত জ্ঞানাঞ্জন নিয়োগী শ্রীযুক্তা হেমপ্রভা মজুমদার প্রভৃতি সম্মেলন উপলক্ষে খুলনায় যাইবেন বলিয়া প্রকাশ।

রেঙ্গুনে অস্ত্র আইনের মামলায়
বাঙ্গালী অভিযুক্ত

একটি তাজা কার্ত্তুজ রাখিবার অভিযোগে মিঃ কে,সি,কর অস্ত্র আইনানুসারে অভিযুক্ত হইয়াছে। চিফ অডিটার অফিসার ক্যাপ্টেন ব্রেম বলেন, কার্ত্তুজটি তিনি পরীক্ষা করিয়া দেখিয়াছেন। পুলিশ উহা তাঁহার নিকট পাঠাইয়া দিয়াছিল। কার্ত্তুজটি দেখিয়া তাঁহার মনে হইল, উহা বিস্ফোরিত হইলে মৃত্যু ঘটাইতে পারিত। তদানী স্থগিত আছে।

বালিয়াকাঁদীতে হিন্দু-মুসলমানের মিলন

ফরিদপুর জেলার অলঙ্কারপুর গ্রামে বকরঈদোপলক্ষে সম্প্রতি যে সাম্প্রদায়িক বিরোধ দেখা দিয়াছিল তাহার চূড়ান্ত মীমাংসা হইয়া গিয়াছে।

মিটমাটের জন্য একটি সভা হয়। সভায় বিশিষ্ট হিন্দু ও মুসলমানগণ উপস্থিত ছিলেন। গোহত্যা, মসজিদের সম্মুখে বাজনা এবং অন্যান্য ছোটখাটো সমস্যা সম্বন্ধে একটি চুক্তিনামা হইয়া যায়। উভয় সম্প্রদায়ের প্রতিনিধিগণ উহাতে সহি করেন। ফরিদপুরের পুলিশ সুপারিণ্টেণ্ডেণ্ট এই ব্যাপারে সাক্ষী হ'ন। মুসলমানগণ নমঃশূদ্রের বিরুদ্ধে যে মামলা রুজু করিয়াছিল তাহা উঠাইয়া লইবার জন্য পুলিশ সুপারিণ্টেণ্ডেণ্ট হুকুম দিয়াছেন।

রাজসাহীতে নৃপেন্দ্রচন্দ্রের বক্তৃতা

অধ্যাপক নৃপেন্দ্রলাল বন্দ্যোপাধ্যায় গত ৬ই মে সন্ধ্যায় ভুবনমোহন পার্কে এক জনসভায় বক্তৃতা দিয়াছেন। শ্রীযুত সুরেন্দ্র মোহন মৈত্র সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন। নৃপেন্দ্র বাবু বিশেষভাবে ছাত্র এবং মহিলাগণকে লক্ষ্য করিয়া বক্তৃতা করেন। তিনি ছাত্রগণকে বলেন, তাহারা যেন দলে দলে বিভক্ত হইয়া মহাত্মা গান্ধীর নেতৃত্ব মানিয়া চলে এবং বিদেশী কাপড়ের দোকানে পিকেটিং করে। তিনি মহিলাগণকেও পিকেটিং করিতে অনুরোধ করেন।

রেঙ্গুনে ডাকাতি
১৫ হাজার টাকা লুণ্ঠিত

গত ৭ই মে সকাল বেলা রেঙ্গুনের পশ্চিম অঞ্চলে সমুদ্রের ধারে হাজী কাকালী নামক চাউল ব্যবসায়ীর এক ভাড়াটীয়া দারোয়ানের নিকট হইতে ১৫ হাজার টাকা লুণ্ঠিত হইয়াছে। প্রকাশ, উক্ত দারোয়ান একটি থলিয়াতে ১৫ হাজার টাকার নোট লইয়া একটি মুদ্রে উঠিতে যাইতেছিল। এমন সময় ৫ জন ভারতবাসী একখানা মোটর গাড়ীতে করিয়া তাহার নিকট আসে এবং তাহাকে টানিয়া ঐ মোটরের উপর তোলে, তারপর তাহারা তাহাকে মোটরযোগে শ্যামোত্তাহ পিছনে একটি নির্জ্জন স্থানে লইয়া যায় এবং ছোরার ভয় দেখাইয়া তাহার নিকট হইতে ঐ থলিয়াটী ছিনাইয়া লয় ও পরে দারোয়ানকে সেইখানে ফেলিয়া রাখিয়া তাহারা মোটর হাঁকাইয়া প্রস্থান করে। ডাকাতদিগকে বাধা দিতে গিয়া দারোয়ানের হাতের কয়েকটী জায়গা কাটিয়া গিয়াছে। পরে মোটরখানার সন্ধান পাওয়া যায় নাই।

জেল-সুপারিণ্টেণ্ডেণ্টকে চপেটাঘাত

একজন সাধারণ কয়েদী মেদিনীপুর জেল সুপারিণ্টেণ্ডেণ্ট ক্যাপ্টেন ঘুগেন পাণ্ডাকে চপেটাঘাত করায় জেলের ভিতর প্রবল চাঞ্চল্যের সৃষ্টি হয়। প্রকাশ, এই কয়েদী বহু পূর্ব্বে কতকগুলি অভিযোগের কথা তাঁহাকে জানায়, কিন্তু সেগুলির কোন প্রতিকার করা হয় নাই।

জেল আইন অনুসারে তৎক্ষণাৎ অপরাধীর প্রতি নির্জ্জন কক্ষে পায়ে বেড়ী সমেত ছয় মাস বাস করিবার আদেশ হইয়াছে। উপরন্তু, পূর্ব্ব হুকুম হইতে এ পর্য্যন্ত তাহার যে ছাড় পাওনা হইয়াছিল, তাহাও বাতিল করা হইয়াছে।

রেল-কর্ম্মী সভায়
ভীষণ হট্টগোল

বোম্বাইয়ের ৯ই মের সংবাদে প্রকাশ, উক্ত দিবস গ্রেট ইণ্ডিয়ান পেনিন্সুলার রেলওয়ের কর্ম্মচারী ইউনিয়নের ৮ম বার্ষিক বৈঠকের অধিবেশন হইয়াছিল। বোম্বায়ের মেয়র শ্রীযুত বি, ডি, গিরির সভাপতিত্বে এই সভার অধিবেশন হয়।

এই সভায় একদল এই বলিয়া আপত্তি করেন যে, এই ইউনিয়নের সম্পাদক শ্রীযুত বোসীর গুণকীর্ত্তন করা হইবে না। ইহাতে সভায় বিশেষ গণ্ডগোলের সৃষ্টি হয়। কিছুক্ষণ সভাকার্য্য বিশৃঙ্খলা চলিতে থাকে। সভাপতি বৈদ্যুতিক ঘোষণা, সভা বন্ধ হইল বলিয়া ঘোষণা করেন এবং তখনই সুভাষ্ট্রল ত্যাগ করেন। উভয় পক্ষে হাতাহাতি চলিবার পর এক ব্যক্তি আহত হইয়াছে।

খারাবতি বিদ্রোহ মামলায় রায়

রেঙ্গুনের ৯ই মের সংবাদে প্রকাশ, খারাবতি বিদ্রোহ মামলায় বিচারে কয়েদীদের মধ্যে ১৫ জন পুরুষ ও ৫৮ জন নারীকে যাবজ্জীবন দ্বীপান্তর বাস দণ্ডে দণ্ডিত হইয়াছে। ২য় জন খালাসি লাভ করিয়াছে।

SARASWATHI VIDYAMANDIR
DACCA
Mirpur Mahakartola

Reg No C.1544

দৈনিক নদীয়া-প্রকাশ

ভারতের সর্বাগ্রে ... প্রচারে—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৬ষ্ঠ খণ্ড] সম্পাদক শ্রীযুত নাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [৬০শ সংখ্যা

শ্রীচৈতন্যাব্দ শ্রীধাম মায়াপুর- ৩০শে বৈশাখ বুধবার ১৩৮৮, ১৩ই মে ১৯৮১

নানা কথা

রাণাঘাট মিউনিসিপ্যালিটি

জনৈক রাণাঘাটবাসীর সংবাদে প্রকাশ ... মিউনিসিপ্যালিটি সহরের ধূলি নিবারণ এত নিশ্চেষ্ট ও উদাসীন যে, এসম্বন্ধে জন-সাধারণের করের সীমা থাকে না। সহরের রাস্তাগুলির মধ্যে মিউনিসিপ্যাল অফিসে গৃহের সম্মুখের রাস্তায় কেবল জল দেওয়া হয় এবং এই জল দেওয়ার প্রথাও অদ্ভুত। সাধারণতঃ বৈকাল ৪।৫ টার পর জল দেওয়া আরম্ভ হয়। রাস্তার ধারের একটা ইণারা হইতে জল তুলিয়া কেরোসিন টিনে করিয়া তাহা দিয়া ছিটাইয়া দেওয়া হয়। এই এক এক টিন করিয়া জল তুলিয়া প্রায় আধ মাইল পথ ভিজাইতে সন্ধ্যা হইয়া যায় এবং ততক্ষণে ইণারা ও ভিজাইবার স্থানের দূরত্ব বাড়িয়া যাওয়াতে জল টানিয়া লইয়া যাইতেও অনেক সময় লাগে—কাজের ঠিক সময় মত কাজ হইয়া উঠে না। তিন চার জন মজুর এই কাজ করে। তাহাদের মাহিনা বাবদ যাহা খরচ হয় তাহা দিয়া অতি সহজেই একটা জল দেওয়ার গাড়ীর ব্যবস্থা করা যায় এবং তাহাতে অতি অল্প সময়ের মধ্যে অধিক জায়গা ভিজাইবার সম্ভাবনাও বেশী থাকে। নদীর ধারের রাস্তাটার সহরের সমিতি আবর্জনা ফেলিয়া দুর্গন্ধময় করিয়া তোলা হইয়াছে কিন্তু অজস্র পচা পাতা, ঘাসের চাঁছা, ... সহরের ... পরিষ্কার করিয়া রাখা হয়।

রাণাঘাট মিউনিসিপ্যালিটি

বড়লাটের সহিত আলোচনা-প্রসঙ্গে নেতৃবৃন্দ

কুষ্টিয়ার বিবিধ সংবাদ

গাইবান্ধায় দুর্ভিক্ষের তাণ্ডব-নৃত্য

ভারতে ভবিষ্যৎ

সাম্প্রদায়িকতার বিষময় ফল

জেল অধ্যক্ষের আত্মহত্যা

নদীয়া জেলা জাতীয়তাবাদী মুসলমান দল

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার - গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেলেজের সামনের রাস্তাটী কখনও পরিষ্কার দেখা যায় না। রাস্তায় যা আলোর ব্যবস্থা আছে তাহাতে পথ দেখা দুষ্কর। রাস্তার ধারে আগে কয়েকটা নলকূপ ছিল, এখন আর তাহা নাই। আশ্চর্য্যের বিষয় এই যে, কিছুদিন আগেই ট্যাক্স বৃদ্ধি করা হইয়াছে।

নদীয়া জিলা জাতীয়তাবাদী মুসলমান দল

কুষ্টিয়ার এক সংবাদে প্রকাশ গত ৯ই মে তারিখে ডাক্তার সদরুদ্দিন আহমদের ভবনে মৌলবী সামসুদ্দিন আহমেদের সভাপতিত্বে নদীয়া জিলা জাতীয়তাবাদী মুসলিমদল গঠিত হইয়াছে। এই দল মিশ্র নির্বাচন সমর্থন করিয়া পাকিস্তানের মুসলমান সম্প্রদায়ের জন্য আইন সভায় কতকগুলি স্বতন্ত্র আসন সংরক্ষণের দাবী উত্থাপিত করিয়াছেন।

মুড়াগাছা সংবাদ

নলকূপ খনন

আমরা শুনিয়া সন্তুষ্ট হইলাম যে, মুড়াগাছা নিবাসী শ্রীযুক্ত ফণিভূষণ দে মহাশয় তাঁহার বাটীর সন্নিকটে পাড়ার লোকের সুবিধার্থ নিজ ব্যয়ে একটী নলকূপ খনন করিয়া দিয়াছেন। তিনি আরও ২।৩টী নলকূপ খনন করিয়া দিবেন বলিয়া প্রতিশ্রুতি দিয়াছেন।

হিন্দু মুসলমান মিলন

হিন্দুমুসলমান মিলন দৃঢ়তর করিবার উদ্দেশ্যে এক পাঞ্জাবী ফকির নাম মহম্মদ পাঁ গত শনিবার দিবস এক বিরাট মহোৎসবের ব্যবস্থা করিয়াছিলেন। নদীয়ার জমিদার শ্রীযুক্ত কামাখ্যালাল সিংহ রায় উক্ত উৎসবে উপস্থিত থাকিয়া ফকির সাহেবের উৎসাহ বর্দ্ধন করেন। স্থানীয় স্বেচ্ছাসেবকেরা উৎসব স্থানে উপস্থিত থাকিয়া শান্তি সভাতে সকলকেই মুগ্ধ করিয়াছিলেন।

জেল অধ্যক্ষের আত্মহত্যা

গত সেন্ট্রাল জেলের সুপারিণ্টেণ্ডেণ্ট মেজর ইউ. ডে. বুক গত ৭ই মে রাত্রিতে গুলী করিয়া আত্মহত্যা করিয়াছেন। জিলা ম্যাজিষ্ট্রেট তদন্ত করিয়াছিলেন। গত ৮ই অপরাহ্ণে অস্ত্রোষ্টিক্রিয়ার সময় সিভিল হাসপাতালসমূহের ইন্সপেক্টার জেনারেল ও পুলিস সুপারিণ্টেণ্ডেণ্ট উপস্থিত ছিলেন।

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও আদর্শচরিত্র শিক্ষকগণ ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইতেছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

সবিস্তার সংবাদের জন্য নিম্নলিখিত ঠিকানায় পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

সুবর্ণ সুযোগ বেশী দিন আর থাকিবে না

— কেন না —

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের

৫০ বাৎসরিক আবিষ্কারের যে সুবর্ণ সুযোগ এসে ছিল তার আর বিলম্ব নাই। এই উৎসব উপলক্ষে যে অপূর্ব আশ্চর্য "শক্তি-সঞ্জিবনী বটীকা" পূর্বে নির্দ্ধারিত ১২৲ টাকা মূল্যেই বিক্রয় হইবে। তাহাতে যে পরিমাণ উহা ৮৲ টাকায় পাওয়া যাইবে। এই বটীকা এক কথায় বলিতে গেলে মৃত-সঞ্জীবন বলিলে অত্যুক্তি হয় না। সুবর্ণ সুযোগের কথা উল্লেখে আমরা মাত্র অর্দ্ধেক ৮৲ টাকা পাঠাইয়া উহার এক কৌটা লউন। সত্বর লউন। বিলম্বে বিপদ হইবেন।

প্রাপ্তিস্থান ঃ আতঙ্ক নিগ্রহ ঔষধালয়

১১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

কেশরঞ্জিনী পাঁচন

সর্ব্ববিধ কেশের অব্যর্থ মহৌষধ

মস্তিষ্কের দুর্ব্বলতা হেতু ও আঘাত লিপিতে স্নায়ুবিক অবস্থায় কেশবিকারের সমসাময়িক ঔষধ ব্যবহার করিতে হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ১৲ আনা, পাঁচটি ৬৲ আনা, বোতল ১৩৲ আনা।

অফিস— ১১৯নং ঊল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

মদন মঞ্জরী

স্ত্রীলোকের যত ও যাবতীয় রোগের ঔষধ, ইহাতে প্রদর, বহুমূত্র, ধাতুদৌর্ব্বল্য, অনিদ্রা প্রভৃতি সকল রোগ নিশ্চয় আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয়। মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

"বৃহৎ সঞ্জীবনী সুধা"

বৃদ্ধবয়সে যৌবনোচিত কার্য্যক্ষমতা আনয়ন করে। মূল্য ৫ তোলা ১৲ টাকা।

"বৃহৎ অশ্বগন্ধাদি বিলাসিনী বটিকা"

ব্যবহারে বলকারক সন্তোষপ্রদ ধাতু ও বৃদ্ধি করিতে বলবান্‌কারী। মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

বৈদ্য শান্তিরাম শর্ম্মা, বৈদ্যশাস্ত্রী

৯১নং হারিসন রোড, কলিকাতা।

হাইড্রোসিল বা কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস্, এন্, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈদ্যুতিক প্রণালীতে কোষস্থ রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

৮৮ নং কটন ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

মরা মানুষ বাঁচাইবার উপায়



বহিত অদ্যাপি প্রকৃত মরা মানুষ বাঁচাইবার ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাহারা নানাবিধ অনিয়মিত উপায়ে অপরিমিত শক্তি নষ্ট করিয়া জীবন্মৃত হইয়াছেন এবং নানা প্রকার রোগ, যেমন ধাতু দৌর্ব্বল্য, মানসিক দুর্ব্বলতা, বহুমূত্র, হৃদয়, পাকস্থলীর পীড়া, অর্শ এবং স্ত্রীলোকদিগের যাবতীয় বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত ও রক্তপ্রদর, ঋতুবিকার প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটেল সাহেবের আবিষ্কৃত ইলেক্‌ট্রিক লিক্‌টসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন। তাহার শত সহস্র প্রমাণ প্রতি বৎসরেই পাওয়া যাইতেছে। যাহারা অদ্যাবধি ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ১৲ টাকা মাত্র।

সোল এজেন্ট—

ডাঃ ডি, ডি, হাজরা।

কবেপুর, গার্ডেন-রিচ পোষ্ট, কলিকাতা

মনোমোহন প্রেস

পূর্ব্ব-বাঙ্গালায় স্থলভে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত

বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে

বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

১০নং শাঁখারিপুকুর, ঢাকা।

১। শূলান্তক

শিরঃশূলের অব্যর্থ মহৌষধ। ১ মাত্রায় উপশম, সম্পূর্ণ আরোগ্য। ক্ষু ৸০ আনা, বড় ১৲ আনা। মাশুল পৃথক্।

২। শুক্রাচার্য্য সঞ্জীবনী পোষ্টাই

শ্রমের ও অসুখের একমাত্র মহৌষধ। মূল্য ১ ডিবা ১৲ আনা। মা পৃথক্।

৩। সন্ন্যাসী-প্রদত্ত অর্শরোগের অব্যর্থ আংটী

আরোগ্য না হইলে মূল্য ফেরৎ। মূল্য ১০ আনা। মাশুল পৃথক্।

৪। কোষ্ঠ-বান্ধব পীল

অজীর্ণ, পেটফাঁপা, পেটবেদনার মহৌষধ। ডিবা ৸০ আনা। মাশুল পৃথক্

৫। বাতলীন

বাতরোগের মহোপকারী ও সদ্যঃ আরোগ্য। প্রতি শিশি ৸০ আ মাশুল পৃথক্।

রবার-ষ্ট্যাম্প প্রস্তুতকারক। সত্বর ক্যাটালগের জন্য পত্র লি

প্রাপ্তিস্থান—মনোমোহন লেবরেটরী

পোঃ উয়ারী, কমলাপুর, ঢাকা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

-:o:-

দৈনিক নদীয়া-প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠবার্ত্তাবহ

বেদাদি সমস্ত সাত্বত-শাস্ত্রের অকৃত্রিম ব্যাখ্যাতা

সমগ্র ভারতে একমাত্র সুলভ

দৈনিক পারমার্থিক পত্র

শ্রীধাম-মায়াপুর—৩০শে বৈশাখ শুক্রবার—১৩৩৮

শ্রেয়ঃ ও প্রেয়ঃ

কঠশ্রুতিতে উক্ত হইয়াছে,—

শ্রেয়শ্চ প্রেয়শ্চ মনুষ্যমেত-
স্তৌ সম্পরীত্য বিবিনক্তি ধীরঃ।
শ্রেয়ো হি ধীরোঽভিপ্রেয়সো বৃণীতে
প্রেয়ো মন্দো যোগক্ষেমাদ্বৃণীতে॥

অর্থাৎ শ্রেয়ঃ ও প্রেয়ঃ এই দুইটী মনুষ্যকে আশ্রয় করিয়া থাকে। কিন্তু ধীর ব্যক্তিগণ ঐ দুইটীর তত্ত্ব সম্যগ্‌রূপে অবগত হইয়া একটীকে 'মুক্তির কারণ' ও অপরটীকে 'বন্ধনের কারণ' বলিয়া বিচার করেন। তাঁহারা প্রেয়ঃ পরিত্যাগ করিয়া শ্রেয়ঃকে বরণ করেন, আর বিবেকহীন মন্দ ব্যক্তিগণ যোগ অর্থাৎ অলব্ধ বস্তুর লাভ ও ক্ষেম অর্থাৎ লব্ধ বস্তুর সংরক্ষণ-প্রভৃতি-তাত্ত্বিক প্রেয়ঃকে প্রার্থনা করেন।

প্রেয়ঃপ্রার্থী ব্যক্তিগণ সর্ব্বদা প্রেয়ের সমর্থনে বদ্ধপরিকর। বিবেকী শ্রেয়স্কামী ব্যক্তিগণ প্রেয়ঃপ্রার্থীর দুর্বুদ্ধি অপনোদনের সতত চেষ্টা করিলেও ইঁহাদের প্রেয়ের সমর্থনেই বাস্তবিক চেষ্টা দেখিতে পাওয়া যায়। ভাল কথা কোনরূপে শুনিবেন না, তাহা যাহাতে না শুনিতে হয় বা তদনুরূপ আচরণ না করিতে হয়, ইহাই তাঁহাদের আনখাগ্র পরিলক্ষিত হয়। প্রেয়ের সমর্থনের জন্য তাঁহারা তাঁহাদের ন্যায় আরও কতিপয়ের আদর্শ প্রদর্শন করিয়া নিজেকে তাহার মধ্যে আরও দৃঢ়ভাবে জড়াইয়া রাখিবার প্রয়াস পান।

জগতে প্রেয়ের অধিকারই অধিক। যাহাতে ঐহিক বৃদ্ধি পায়, তদ্ব্যতিরিক্ত জীব তজ্জন্যই সতত চেষ্টা করিয়া থাকে। তজ্জন্য তাহারা প্রেয়ের উপাসক। প্রেয়ঃসেবকগণ প্রেয়ের পক্ষপাতিত্ব প্রদর্শনকল্পে সভাসমিতি দ্বারা বক্তৃতাদি করিয়া দল-পোষণের চেষ্টা করিতেও ত্রুটি করেন না। তজ্জন্য প্রেয়স্কামিগণের অনুকরণে তাঁহাদের প্রবৃত্তিও অল্প বিস্তর দেখা যায়।

প্রেয়স্কামিগণ প্রেয়ঃ বিতরণের জন্য সতত চেষ্টান্বিত। যাহাতে জগতের সকল জীবই প্রেয়ের উপাসনা করিতে পারেন, তজ্জন্য তাঁহারা প্রাণ, অর্থ, বুদ্ধি, বাক্য—তাঁহাদের সর্ব্বস্ব নিযুক্ত করেন। প্রেয়ের গ্রাহক বাড়াইবার জন্য তাঁহারা সভাসমিতি করেন—প্রত্যেকের দ্বারে দ্বারে গিয়া তাহাদের দুঃখের জন্য কতই না কাঁদাকাটা করিয়া তাহাদের চিত্ত পরিবর্ত্তনের চেষ্টা করেন; কিন্তু ভাল কথা কিছুতেই শুনিবে না—ইহাই প্রেয়ের উপাসকগণের প্রতিজ্ঞা।

প্রেয়স্কামী যেরূপ প্রেয়ঃসেবকের মঙ্গলের জন্য চেষ্টান্বিত, প্রেয়ঃপ্রার্থীও তদ্রূপ প্রেয়স্কামীর বিরুদ্ধাচরণে প্রবৃত্ত। প্রেয়ের উপাসকসংখ্যা জগতে বেশী। সুতরাং তাহারা সকলের দ্বারে দ্বারে গিয়া সভা-সমিতি করিয়া প্রেয়ের বিরুদ্ধে বক্তৃতা আরম্ভ করিবা দেয় এবং যাহাতে সকলে মিলিয়া বেশ দলপুষ্ট করিয়া থাকিতে পারে, তজ্জন্য উঠিয়া পড়িয়া লাগিয়া থাকে।

প্রেয়ঃপার্থীর দল বেশী, কাজেই "সমশীলা ভজন্তি বৈ" ন্যায়ানুসারে তাহারা সকলে দল বাঁধিয়া শ্রেয় উপদেষ্টকের বিরুদ্ধাচরণ করিতে থাকে। ফলে কি লাভ হয়? কঠশ্রুতি বলেন,—

অবিদ্যায়ামন্তরে বর্ত্তমানাঃ
স্বয়ং ধীরাঃ পণ্ডিতম্মন্যমানাঃ।
দন্দ্রম্যমাণাঃ পরিয়ন্তি মূঢ়া
অন্ধেনৈব নীয়মানা যথান্ধাঃ॥

অবিবেকরূপা অবিদ্যার মধ্যে অবস্থিত হইয়া নিজ নিজেকে 'বুদ্ধিমান্', 'পণ্ডিত' বলিয়া মনে করে। এই সকল কুটিলস্বভাব মূর্খগণ অন্ধ কর্ত্তৃক পরিচালিত অন্ধের ন্যায় দুঃখকর জন্মাদি লাভ করিতে থাকে।

প্রেয়ঃ বস্তুর গ্রাহক জগতে দুর্লভ। রোগীর যেমন রোগ-নিরাময় অপেক্ষা কুপথ্য গ্রহণেই অধিক রুচি, রোগী প্রেয়ের উপাসকগণও তদ্রূপ প্রেয়ঃ গ্রহণ করা অপেক্ষা প্রেয়ের আদরেই অধিক রুচি-বিশিষ্ট। সুতরাং প্রেয়ের উপাসক দুর্লভ।

শ্রবণায়াপি বহুভির্যো ন লভ্যঃ
শৃণ্বন্তোঽপি বহবো যং ন বিদ্যুঃ।
আশ্চর্য্যো বক্তা কুশলোঽস্য লব্ধা
আশ্চর্য্যো জ্ঞাতা কুশলানুশিষ্টঃ॥

প্রেয়ের কথা শুনিবার লোক বহু পাওয়া যায় না। দুই চারিজন পাওয়া গেলেও তাহা শুনিয়া অনেকেই তাহা উপলব্ধি করিতে পারে না। আর শ্রেয়োবিষয়ের তত্ত্ববিৎ ও নিপুণ বক্তা অতীব দুর্লভ। আবার এইরূপ সুদুর্লভ উপদেষ্টা কদাচিৎ অবতীর্ণ হন, কিন্তু আচার্য্যের অনুগত শ্রোতা আরও সুদুর্লভ।

বেকার সমস্যার সমাধান

(শ্রীপাদ কিশোরীমোহন ভক্তিবারিধি বি,এল)

বর্ত্তমান বেকার সমস্যার যুগে বিশ্ব-বিদ্যালয়ের উপাধিধারী সাদৃশ অভাবগ্রস্ত ব্যক্তির নিকট পারমার্থিক পত্রিকার স্তম্ভে শিরোনামায় লিখিত আশাপ্রদ বাণী বড়ই লোভজনক সন্দেহ নাই। গ্রামাবার্ত্তাসহের পৃষ্ঠার কর্ম্মখালির বিজ্ঞাপনে অনেকবার বঞ্চিত হইয়াছি, তাই উহাতে আর শ্রদ্ধা হয় না।

লৌকিক জগতের ভোগভূমিকায় যেখানে সদা সর্ব্বদা পরস্পরের বিভিন্নমুখী স্বার্থের সহিত ক্রমাগত সংঘর্ষ অবশ্যম্ভাবী, সেখানে এক পুরুষোত্তমের সেবা বাদ দিয়া মানবগণ নিজ নিজ ভোগের ইন্ধনসংগ্রহে ব্যস্ত, যেখানে নিত্যসত্য বস্তুর অনুসন্ধানের জন্য ব্যস্ততার পরিবর্ত্তে কেবলমাত্র আপাতঃ প্রেয়ঃ বস্তু লাভার্থ তাহাদের সমগ্র কর্ম্মের চেষ্টা কেন্দ্রীভূত, সেখানে যে প্রতিপদে বঞ্চিত হইতে হইবে, তাহাতে আর বিস্ময়ের বিষয় কি আছে? শুনিয়াছি, পরমার্থরাজ্যে নাকি ঐরূপ বিভিন্ন স্বার্থের ঘাত প্রতিঘাত নাই, নিজেন্দ্রিয়তর্পণের লেশ মাত্র নাই, সকলেরই স্বার্থ বিষ্ণুপাদের কেন্দ্রগত একমাত্র স্বার্থগতি বিভুর ইন্দ্রিয়তৃপ্তিতে পর্য্যবসিত, তাই সেখানে বঞ্চনার কোন প্রকার তাণ্ডব নৃত্য নাই।

এবার ১৯৩১ সালের আদম সুমারীতে উপাধিধারী শিক্ষিত ও বেকার ব্যক্তিগণের পৃথগ্‌ভাবে একটী সুমারী হইবার ব্যবস্থা হইয়াছিল। আশা হইয়াছিল, আমারও কিছু সুবিধা হইবে, কিন্তু আমার কপাল পোড়া, "অভাগা যেদিকে চায়, সাগর শুকায়ে যায়" তাই কিছুই হইল না। কর্ম্মের চেষ্টায় দীর্ঘকাল দেশবিদেশে ঘুরিলাম, কোথাও কিছুই হইল না। তবে দেশ ভ্রমণের ফলে এই অভিজ্ঞতা লাভ হইয়াছে যে, দেশে, বিশেষতঃ বাঙ্গালাদেশে এক প্রকারের ব্যবসায় খালি আছে, যদ্দ্বারা অনায়াসে অতি সহজে প্রচুর অর্থাগম হইতে পারে। কেবল অর্থ কেন, আমার ন্যায় সংসারী জীবের ইহা দ্বারা একযোগে ধনলাভ, কামিনী ও প্রতিষ্ঠা সংগ্রহ হইতে পারে।

অনেক গবেষণার পর ঐরূপ ব্যবসা করিবেই ব্রতী হওয়া সুবিধাজনক স্থির করিয়া কোন কার্য্যোপলক্ষে ট্রেণে কলিকাতায় আসিতেছিলাম। এমন সময় ঐ ট্রেণে একজন কমনীয়মূর্ত্তি নিষ্কিঞ্চন সাধুপুরুষের সহিত আমার সাক্ষাৎকার ঘটিল। সাধু পরণে গৈরিক বসন, হস্তে মালিকা ও ত্রিদণ্ড। পরস্পর সামান্য আলাপের পর তিনি আমার উপাধীবিভূষিতত্বে জিজ্ঞাসা করিলেন। আমি বলিলাম, বিশ্ববিদ্যালয়ের উপাধিধারী হইয়া বেকার সমস্যায় প্রপীড়িত। কাজকর্ম্ম কিছুই যোগাড় করিতে পারি নাই, বড়ই অভাবগ্রস্ত। অনেক চিন্তার পর সম্প্রতি একযোগে ধনক-কামিনী-প্রতিষ্ঠা-প্রদানকারী ভাল বত ব্যবসায়টী বিশেষ লাভজনক মনে করিয়া ঐ কার্য্যে ব্রতী হইব এইরূপ সঙ্কল্প স্থির করিয়াছি।

আমার কথায় মহাত্মা মহারাজ যেন কিঞ্চিৎ বিস্মিত ও অসন্তুষ্ট হইলেন, বুঝিলাম পরিণাম। তিনি আমার বুদ্ধির প্রশংসা না করিয়া বলিলেন,—দেখ, প্রাক্তন কর্ম্মফলে তুমি এই সংসারে অভাবের তাড়না সহ্যচিত্তে ক্লেশ ভোগ করিতেছ। তোমার এই ক্লেশের মূল কোথায়, তাহা কোনদিন অনুসন্ধান করিয়াছ কি? অনাদি ভগবদ্বিস্মৃতিরূপ প্রাণ্ডিত স্বরূপ সংশোধিত হইবার জন্য মায়াচিত্ত কারাগার ভবসমুদ্রে নিক্ষিপ্ত হইয়াছ। ইহা নির্ম্মুক্ত না থাকিয়া উহার হইবার চেষ্টা করাই বুদ্ধিমান ব্যক্তির কর্ত্তব্য। যাহাদের জন্য এই সংসারে পাপাদি আহরণ করিয়া প্রাণপাত পরিশ্রম করিতেছ এ যাহাদের ভরণপোষণের জন্য ঐরূপ শ্রমসহিত কষ্টে প্রবৃত্ত হইবার সঙ্কল্প করিয়া তাহাদের স্বরূপটী কি কোন দিন চিন্তা করিয়াছ? সদ্গুরুপাদপদ্মে প্রপত্তি লাভের সৌভাগ্য যদি কোন দিন তোমার উদয় হয়, তবে বুঝিতে পারিবে, 'কস্য পতিপুত্রাদ্যা মোহ এব হি কারণম্।'

আরও দেখ, ধর্ম্মশাস্ত্রে ভূতক ব্রাহ্মণের পাঠকের স্বরূপ বর্ণনে বলিয়াছেন, বেতনবিহীনাস্তু পঠন্তি শাস্ত্রং শ্রাদ্ধেষু তস্যৈব পুরাণপাঠাঃ। পুরাণবক্তারঃ কথিতা ভূতা ভ্রষ্টাস্ততো ভাগবতা ভবন্তি।' অর্থাৎ বেদশাস্ত্র, ধর্ম্মশাস্ত্র, পুরাণশাস্ত্র অধ্যয়ন গ্রহণে অসমর্থ হইলে মাত্র ভূতক হইয়া পড়ে, তাহাতেও তাহার ভোগের বাসনা ছুটিলে উহা ছাড়িয়া দিয়া ভাগবতপাঠক বা ভক্ত ভাগবত হইয়া পড়ে এবং তদ্বারা অর্থসংগ্রহ পূর্ব্বক উদর ও পুত্রকন্যাদি

ভারপূর্বক পোষণের ইচ্ছা বলবতী হয়। কে ত' পরমার্থ তুলিয়া এই ক্লেশ ভোগ রিতেছ, আবার কোন্ সাহসে সেই রমার্থ নষ্ট করিতে সাহসী হইয়াছ? রমার্থ ভুলিলেই মানুষের স্ব-স্ব-জড়ভোগার্থে র্থসংগ্রহের চেষ্টা বলবতী হয়। 'পরমার্থ' ষে ভক্ত ও ভগবানের সেবামাত্র বুঝায়। তিতর যাহা কিছু, তাহাই নিজ জড়ভোগ-পযোগীপর। জড় সম্বন্ধে অর্থসংগ্রহচেষ্টা খানে যত প্রবল, আলোকের প্রাচুর্য্যে ন্ধকার হ্রাসের ন্যায় পরমার্থ চেষ্টাও খানে সেই পরিমাণে শিথিল।

'ন ব্যাখ্যামুপযুঞ্জীত'—মহাজন এই দেশ করিয়াছেন। কারণ শ্রীমদ্ভাগবত ভগবানের দেহ, শ্রীনামও তাহাই। ারা কখনও মূল্যের পরিবর্ত্তে ক্রেয়-ক্রের পণ্যদ্রব্য হইতে পারেন না। তা' ক্রা ইঁহারা আমাদের সেবাবস্তু। ইঁহাদের বা না করিয়া তদ্দ্বারা নিজের ও , পুত্র, পরিবারাদির কুক্কুরশৃগালভোগ্য হের সেবা করাইয়া লইবার জন্য যে চেষ্টা, হার ফলে মহানরকযন্ত্রণাই লভ্য হইয়া কে। যিনি এই কার্য্য করেন, তিনি া অপরাধে অপরাধী হইয়া অশেষ দুঃখ-ক নরকগতি লাভ করেন। আত্ম-লেন্দ্রিয় ব্যক্তি কখনও ঐরূপ কার্য্যে ক্ষেপ করেন না।

এই নরতনুই একমাত্র হরিভজনের । ইহা দ্বারা হরিভজন না করিয়া াগত অপরাধ করিতে থাকিলে শেষে রজদুর্গতি লাভ ঘটিবে এবং ইহকাল কাল দুই কালই নষ্ট হইবে। অতএব কিন্তুতীতি বিশ্বাসো গোষ্পদে বরণং া' এই শাস্ত্রবাণীর সম্মানপূর্ব্বক শ্রীভগ-নই তোমার একমাত্র রক্ষক ও পালক নে তাঁহারই চরণে প্রপন্ন হও। তোমার পাতঃ প্রতীয়মান কোন দুঃখ থাকিলেও হা তোমার পক্ষে আদৌ ক্লেশকর না গা, "যত দেখ বৈষ্ণবের ব্যবহারদুঃখ। স্তর জানিহ সেই পরানন্দ সুখ॥" াজনের এই উক্তি অনুযায়ী সেই সব দুঃখ ামার নিকট শ্রীভগবানের ব্যতিরেকী পা বলিয়া অনুভূত হইয়া তোমাকে সুখই ান করিবে। শ্রীভগবান পূর্ণ বস্তু, বস্তুর আশ্রয়ে জীবের কখনও অপূর্ণতা অভাব থাকিতে পারে না। সদ্‌গুরু-াদপদ্মে প্রপন্ন হইলে এ বিষয়টী তুমি যত্ন উপলব্ধি করিতে পারিবে, নচেৎ পায় নাই।"

মহান্ত মহারাজের শ্রীমুখনিঃসৃতবাণী ণ করিতে করিতে আমি যেন এক অভি-ব ভাবের দিব্যালোকে উদ্ভাসিত হইয়া লাম। প্রণতি পূর্ব্বক তাঁহার শ্রীচরণে িষয় জিজ্ঞাসা করায় তিনি তাঁহার রিচয় প্রদানে একটী দীর্ঘ শ্লোক আবৃত্তি করিলেন। শ্লোকটী মনে নাই, তবে তাহার শেষাংশে "গোপীভর্ত্তুঃ পদকমলয়োর্দাসদাসানুদাসঃ" এই কথাগুলি আছে এবং বর্ত্তমানে তিনি প্রাচীন নবদ্বীপ শ্রীধাম-মায়াপুর অন্তর্গত আকরমঠরাজ শ্রীচৈতন্য-মঠস্থিত জনৈক সেবক মাত্র—ইহাও জানাইয়া দিলেন।

বঞ্চিত কেন?

(২)

(শ্রীপাদ সুদর্শন সনাতন ভক্তিশাস্ত্রী)

হৃদয় আমার কপটতাময়। কপটতা বলিতে সাধারণভাবে বুঝি—অন্তরের সহিত বাহিরের সামঞ্জস্যের অভাব। মনে ভাবি এক, ভাষায় ব্যক্ত করি অন্য এবং কর্ম্মে যাহা ঘটাই, তাহা সম্পূর্ণ বিভিন্ন। অন্তর্নিহিত মনোভাব ও বহিরাগত কর্ম্মব্যঞ্জনার ছন্দোভঙ্গ ঘটিত হয়, মূর্চ্ছনার মিল থাকে না। আমার স্বকীয় বুদ্ধির বিচারে—জ্ঞানের গোচরে অবস্থিত এই কপটতা। আমি জানিয়া শুনিয়াই এই কপটতার আশ্রয় গ্রহণ করিয়াছি। সুতরাং এই আত্মপ্রবঞ্চনা আমার স্বখাতসলিলে স্বেচ্ছাকৃত নিমজ্জন।

কপটতার আরো একটী দিক্ আছে, যাহা আমার বুদ্ধিগম্য অথবা বর্ত্তমান জ্ঞানের গোচরীভূত বিষয় নহে। যেখানে বস্তুর স্বরূপের পরিচয় আমার নাই—আদর্শের উপলব্ধি আমার হয় নাই, সেখানে অবস্তুই বস্তুরূপে প্রতীত হয়—অসত্যই সত্যরূপে মরীচিকার সৃজন করে—আদর্শ বিচ্যুতিই তখন বরণীয় ও প্রার্থনীয় হইয়া উঠে। সেখানকার জ্ঞান—প্রাকৃত জ্ঞান, অসত্যের প্রতীতি, সুতরাং অজ্ঞানের নামান্তর মাত্র। সে জ্ঞান প্রজ্ঞানবিবর্জ্জিত নহে, অজ্ঞানের অন্ধকারে পরিম্লান, সংশয়ের আবরণে সমাচ্ছন্ন। আমি কিন্তু এই অজ্ঞানের আশ্রয়ে থাকিয়াই যাহা কিছু চিন্তা করি, কল্পনা করি, সত্যস্বরূপ প্রজ্ঞান-জ্যোতনার স্বপ্ন দেখিতে থাকি। ইহাই মানব-মনের মায়াত্মক কপটতা। এখানে আমি জানি না, বুঝি না যে, আমি কপট। তথাপি আমি আত্মপ্রবঞ্চিত। কেননা, আমার সত্যানুরাগের অভাব; নিরপেক্ষ সত্যানুসন্ধানে ঔদাসীন্যই আমার অজ্ঞানের প্রভাব বাড়াইয়া তুলিয়াছে।

আর্থিক বা ব্যবহারিক সত্যের কথা এখানে বলিতেছি না। ব্যবহারিক সত্যের আশ্রয়ে প্রাকৃত জ্ঞানের ফলে লাভ হয় অনিত্য জাগতিক অভ্যুদয়। তাই জানিতে চাহিতেছি—মানবজীবনের চরম ও পরম কল্যাণপ্রদ পারমার্থিক সত্যের সন্ধান শাশ্বত পায় সেই শাশ্বত সত্যের কথাই গাহিয়াছেন,—সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ। অহং ত্বাং সর্ব্ব পাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ॥

শ্রীভগবানের চরণাশ্রয় নিত্যকল্যাণময়। আর নিরন্তর নির্য্যাতন নিপীড়নে নিষ্পেষিত আমাদের মায়ামুগ্ধ সংসার জীবন। করুণাময় ভগবান্ স্বয়ং স্বীয় অমৃতময় সন্ধানপ্রদাতা। তাই তিনি আচার্য্যরূপে প্রপঞ্চে প্রকটিত। তিনিই সেই অমৃত-প্রস্রবণ-পথের পাথেয়প্রদাতা। সেখানকার পথ একটী মাত্র, একায়ন পন্থা, অন্য কোন পন্থা নাই। একায়ন পন্থার সন্ধানদাতা একমাত্র সাত্বত সমাজের আচার্য্যদেব। মানবশ্রেষ্ঠ আচার্য্য নহে, ভগবানের স্বীয় প্রকাশ বিগ্রহ তত্ত্ব। আমার বর্ত্তমান বুদ্ধির অগোচর, প্রাকৃত জ্ঞানের 'অনধিগম্য সেই একায়ন পন্থা। আমি কিন্তু তাহা জানি না, বুঝি না এবং বুঝিতে ও চাহি না।

আত্মপ্রতিষ্ঠার অভিনব ভূমিকায় আজ আমি অহমিকার ক্রীড়াপুত্তলিকা। আত্ম-প্রাধান্য বিস্তারিত দম্ভমঞ্চে আত্মহারা। শ্রীগুরুপাদপদ্মে আত্মসমর্পণ—আত্মনিবেদন আমার বর্ত্তমান প্রার্থনীয় জীবনে অচিন্ত্যনীয় ব্যাপার

একায়ন পন্থারূপ ভক্তিধর্ম্মের স্বরূপ-তার পরিচয় আমার ভাগ্যে ঘটিল না। তাই আজ আমার ভণ্ডামি উপেক্ষনা ও উদাসীনতাসমূহকে ভক্তির উচ্ছ্বাস বলিয়া মনে হইতেছে। ভণ্ডামি নিকাশকে চেতনময় জ্ঞান হইতেছে। অন্ধকে আমি পরমার্থের সিংহাসনে প্রতিষ্ঠিত করিয়াছি।

কর্ম্মফলভোগী ইহামুত্র সুখস্পৃহা, জ্ঞান-ফললিপ্সা সাযুজ্য মুক্তির স্পৃহা অথবা অন্য কোন আপাতিক অনুরাগ অভিলাষ অপ্রাকৃত সদালোকে পৌঁছায় না একমাত্র শ্রীকৃষ্ণপাদপদ্মে নিঃশেষে আত্মসমর্পণ, একান্ত আনুকূল্যভাবে শ্রীকৃষ্ণানুশীলনই নিত্য কল্যাণপ্রদ পারমার্থিক সত্যসাধনা।

আমি কিন্তু তাহা বুঝিয়াও বুঝিলাম না। আমার অদৃষ্টবৈগুণ্য! আমি ভাগ্যত প্রতিষ্ঠানকে ভাক্তের উপচার জ্ঞানে অবজ্ঞা করিলাম। আর ভাক্তের বিলাসবিভ্রমে দেখিলাম ভক্তের লীলাবৈচিত্র্য। কর্ম্ম-কোলাহলকে কৃষ্ণসেবা-সমারোহ জ্ঞানে মাতিয়া উঠিলাম। অন্তরে ভোগের লালসা ধূমায়িত। তাই কর্ম্ম যোগবৈভবে আমার আকাঙ্ক্ষা জাগিয়া উঠিয়াছে। আমি কর্ম্মী-গুরু যোগীগুরুর মায়াজালে নিপতিত।

জীবনের রঙ্গক্ষেত্রে পট পরিবর্ত্তিত হয়। প্রচ্ছন্ন ভোগলালসা ত্যাগের পরিচ্ছদে প্রকটিত হয়। তখন উদ্দীপিত হয় ত্যাগের গরিমা মহিমা—পরার্থে আত্মবিসর্জ্জনের বিপুল সমারোহে। নন্দনের পারিজাত-সৌরভে গগন পবন ভরিয়া যায়, মানবতার সার্থকতা ফুটিয়া উঠে। সকলই ঘটিল, কিন্তু শ্রীগুরুপ্রতিষ্ঠা আর হইল না। আত্মবিসর্জ্জনে আত্মপ্রতিষ্ঠার দর্পচূর্ণই লাগিয়া উঠিল—প্রার্থনীয় গৌরবের উদ্যম-উচ্ছ্বাসই ফুটিতে লাগিল। অন্তরে হাস্যমুখে বাসে শুধু ভোগের লালসা প্রচ্ছন্ন অথবা প্রচ্ছন্ন ভোগ—ভোগ ত্যাগ। ত্যাগই প্রচ্ছন্ন ভোগ—অন্তর্নিহি প্রতিষ্ঠার আশা। আমার ভগবৎসে শুধুই আত্মপ্রবঞ্চনা।

শ্রীগুরুদেবের কৃপাবর্ষিত আবি সাত্বত শিক্ষাবাণী আমার শ্রবণগোচর নাই। শ্রীভগবানের স্বরূপতত্ত্ব আ হৃদয়ে প্রকটিত হয় নাই। তাই অত্যে ভগবান্ সচ্চিদানন্দময় বিভুজ মুরলী অনন্ত অপ্রাকৃত গুণসম্পন্ন সবিশেষ পু পুরুষ শ্রীকৃষ্ণচন্দ্রকে নির্গুণ নিরাকা নির্ব্বিশেষ কল্পনা করি। আমি মায়াবাদী আনুগত্য স্বীকার করিয়াছি। মুক্তিকা আমি ভগবানের সাযুজ্যলাভের প্রলোভ প্রলুব্ধ হইয়া উঠিয়াছি। মানবজীবনে দর্পদম্ভের চূড়ান্ত অভিনয়!

শাস্ত্রের প্রকৃত তাৎপর্য্য গ্রহণে আ একান্ত অক্ষম, তাই অন্বয় ও ব্যতিরে শিক্ষার বৈশিষ্ট্য বিচারে বিমূঢ় হই পড়িয়াছি। অন্বয় ও ব্যতিরেক শিক্ষা সমন্বয়াত্মক জানিয়া বর্ত্তমানযুগের দু ধরিয়াছি। ব্যতিরেকী শিক্ষার অন্ধ আ সাধারণে মরণের পঙ্কেই প্রপ করিয়া তুলিতেছি। আমি বিস্মৃত হলাম সাত্বত সমাজের পরম প্রয়োজনীয় শিক্ষা- একায়ন পন্থার সন্ধান—শ্রৌতপন্থীর একা আশ্রয়। আমি 'যত মত তত পথ' জা বিপথে প্রধাবিত হইতেছি। তাই বলি ছিলাম, এ জীবনে আমি বঞ্চিত হইয়াছি।

প্রাপ্ত পত্র

গত ১৮ই বৈশাখ ব্রাহ্মণপাড়া প্রণয়ন মঠে শ্রীপাদ বনপ্রাজ ব্রহ্মচারীজীর উদ্যো ও আনুষ্ঠানিকতায় শ্রীনৃসিংহদেবের আবির্ভ উৎসব সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হইয়াছি নানাপ্রকার পুষ্প, ফল ও কদলিবৃক্ষের দ্বা শ্রীমঠের তোরণ সুসজ্জিত হইয়াছিল। এ উৎসব উপলক্ষে উক্ত ব্রহ্মচারীজী হিরণ্য কশিপু বধ ও শ্রীনৃসিংহদেবের আবির্ভ সম্বন্ধে পাঠ এবং ব্যাখ্যা করেন এ পাঠান্তে সুললিত কীর্ত্তন দ্বারা শ্রোতৃবৃন্দকে মুগ্ধ করেন। শ্রীযুক্ত বাবু জহরলাল দে (ত্রিপুরাপুর), শ্রীযুক্ত বাবু কালিপদ হাল (রতনপোতা), শ্রীযুক্ত বাবু বরদাপ্রসাদ ব (সৈদপুর), শ্রীযুক্ত বাবু বঙ্কীপ্রসাদ সরকা শ্রীযুক্ত বাবু কিশোরীমোহন চৌধু শ্রীযুক্ত বাবু বিশ্বনাথ চৌধুরী (ব্রাহ্মণপাড় প্রভৃতি সজ্জনবৃন্দ এই উৎসবে যোগ করিয়াছিলেন। সমবেত জনগণ শ্রীশ্রী গৌরাঙ্গের জয়ধ্বনি করিয়ে ভক্তি বিচিত্রতাপূর্ণ মহাপ্রসাদ সম্মান করেন।

নিবেদক—

ডাঃ শ্রীরাধাপদ সূত্রধার

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীমদ্বর্ষি কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস-প্রণীত মূল, শ্রীমন্মধ্বাচার্য্য-কৃতা তাৎপর্য্য-নির্ণয়টীকা, শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-কৃত সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, সংস্কৃত অন্বয় ও প্রতিশব্দ, তথ্য ও বিবৃত্যাদিযুক্ত। প্রতি স্কন্ধের আদিতে সেই স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ অধ্যায়ের সারসহ সুবিবৃত তাৎপর্য্যাদি বিবৃত। শ্লোকসূচী বিষয়সূচী, অধ্যায়বিবরণ, পাত্র ও স্থানসূচীসহ উত্তম কাগজে উত্তম অক্ষরে মুদ্রিত। প্রথম হইতে ১০ম স্কন্ধ পর্য্যন্ত ছাপা সম্পূর্ণরূপে শেষ হইয়াছে। ভিক্ষা প্রথম হইতে ৯ম স্কন্ধ পর্য্যন্ত ২১৸৹; দশম স্কন্ধ ১২৲; মূল্য ৪০৲।

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদঠাকুর-রচিত 'অমৃতপ্রবাহভাষ্য' ও শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লিখিত অনুভাষ্যে শ্রুতি-স্মৃত্যাদি বহু শাস্ত্রপ্রমাণ-সম্বলিত হইয়া প্রকাশিত হইয়াছেন। শ্লোকের সাবয়ব্যাখ্যা, বঙ্গানুবাদও প্রত্যেক পয়ারের পূর্ব্বে সংক্ষিপ্ত অন্বিতের সংযোজিত। প্রত্যেক অধ্যায়-প্রারম্ভে কথাসার দেওয়া আছে। শ্লোক, পয়ার, শব্দ, স্থান, পাত্র প্রভৃতির সুবৃহৎ সূচী ও গ্রন্থকারের সংক্ষিপ্ত জীবনী সম্বলিত এইরূপ অদ্ভুতপূর্ব্ব সংস্করণ ইতঃপূর্ব্বে আদৌ প্রকাশিত হয় নাই। উত্তম কাগজে পাকা পাটোর্ণের মুদ্রিত মূল দুইঅক্ষরে মূলাংশ মুদ্রিত হইয়াছে। গ্রন্থ প্রায় ১০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা বর্ত্তমানে ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত গৌড়ীয় ভাষ্য, শব্দসূচী, পয়ারসূচী, বিষয়-স্থান পাত্রাদি-সূচী, প্রভৃতি বিবিধ বিষয়-সম্বলিত বিরাট দ্বিতীয় সংস্করণ রয়েল ক্রাউন ৮ পেজী আকার। আদিলীলা ও মধ্যলীলার কিয়দংশ প্রকাশিত হইয়াছেন। ক্রমে ক্রমে প্রকাশিত হইতেছেন। অগ্রিম ভিক্ষা ৫৲ টাকা, আদি লীলার ভিক্ষা ৫৲।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের এরূপ অভিনব সুন্দর সংস্করণ আর কুত্রাপি প্রকাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকাংশের অন্বয়, বঙ্গানুবাদ, ব্যাখ্যা, কথাসার, তথ্য প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইয়াছেন। মূল মোটা অক্ষরে ডবল ক্রাউন আটপেজী সুন্দর আকারে ছাপা হইয়াছে। মূল্য ১৷০ টাকা। নবীন ভক্তগণ ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১৷০ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

—শ্রীগৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তীঠাকুর গোস্বামিকৃতা সারার্থবর্ষিণী ব্যাখ্যাসমেতা ও শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'তত্ত্বসূচক-ভাষ্য' নামক ভাষ্যভাষ্যসহিতা। অন্বয়সূচী, মাতৃকাক্রমে শ্লোক-সূচী, বিষয়-সূচী, গ্রন্থকারের জীবনী ও অমৃতবর্ষিণ্যাদি ব্যাখ্যাদ্বয়ের-সহ উৎকৃষ্ট বাঁধাই তৃতীয় সংস্করণ—এই রাজ সংস্করণের ভিক্ষা ২৲ টাকা মাত্র, সাধারণ সংস্করণ—১৷০ ভিক্ষা মাত্র।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের বেদ অবিদ্যা বিধ্বংসিনী জীবাত্মস্বরূপবোধোদ্দীপিনী কৃষ্ণ-কার্ষ্ণানন্দদায়িনী জীবন্ত বাণীর মূর্ত্ত-বিগ্রহ—বৈষ্ণবসিদ্ধান্ত-রত্নমালার কৌস্তুভমণি—সম্প্রদায় বৈভবরূপ বিজ্ঞানাগারের মৌলিক তথ্য—পঞ্চরাত্র ও ভাগবতের সমন্বয়-গুরু—মহাজন-জীবনচরিত-শিক্ষক—চিদ্বিলাসচিন্তাত্র অচিন্ত্যাত্র-বিচারক—ঐশ্বর্য্য ও মাধুর্য্যরসের মৌলিক গবেষণার —সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন-তত্ত্বের সিদ্ধান্ত সমূহ।

১। **প্রথম খণ্ড**—বৈষ্ণবদর্শন, শ্রীগুরুতত্ত্ব, কাল ধর্ম্ম, শ্রীমন্মহাবির্ভাব, ঔঁবার্ষভানবী, পাঞ্চরাত্রিকী দীক্ষা ও বর্ণ-বিচার, আত্মধর্ম্ম ও মনোধর্ম্ম, শ্রীচৈতন্যদেব ও তাঁহার শিক্ষা, অপ্রাকৃত সহজধর্ম্ম ও প্রাকৃত সহজধর্ম্ম, প্রভৃতি বিংশতি সংখ্যক প্রবন্ধে সুশোভিত। ভিক্ষা মাত্র ৸০ বার আনা।

২। **দ্বিতীয় খণ্ড**—কৃষ্ণ ও শিক্ষা ভক্তি, মনুষ্যের শ্রেষ্ঠতা কোথায়, আত্মার নিত্যবৃত্তি, জীব স্বামিপাদ ও মায়াবাদ, শ্রীগৌড়-নিত্যানন্দপ্রসঙ্গ, নিত্যানন্দের বর্ণ ও কৃষ্ণ-কীর্ত্তন, শ্রীব্যাসপূজার শ্রীমহাপ্রভুর তাৎপর্য্য, শ্রীগৌড়-ধামের মহিমা, মহাপ্রসাদ, শ্রীগোবিন্দ, শ্রীবৈষ্ণবগুরুজন-পথ, শ্রীরূপ সনাতনবন্দিনী, শ্রীচৈতন্যের দয়া, গৌরকৃপা ও কৃষ্ণসঙ্কীর্ত্তন—চতুর্দ্দশ অপূর্ব্ব মধুরিমাপূর্ণ-বক্তৃতা-বিভূষিত। ভিক্ষা ১৲ এক টাকা মাত্র।

প্রথম ও দ্বিতীয়—দুই খণ্ড একত্রে লইলে ভিক্ষা ১৷০ দেড় টাকা, ডাক খরচ স্বতন্ত্র।

শ্রীমদ্ভগবদ্গীতা

গৌড়ীয়-বৈষ্ণবদার্শনিক শেখর শ্রীশ্রীমদ্ বলদেব বিদ্যাভূষণকৃত ভাষ্য ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের প্রাঞ্জল বঙ্গ-ভাষায় বিবৃত 'বিদ্বদ্রঞ্জন' নামক ভাষ্যযুক্ত। অন্বয়-সূচী, বিষয়সূচী, ও প্রতি শ্লোকের প্রথম ও তৃতীয় পাদ সূচী, ভাষ্যকারের জীবনী প্রভৃতি সম্বলিত। উৎকৃষ্ট বাঁধাই, রাজসংস্করণ (তৃতীয় সংস্করণ) গ্রন্থের ভিক্ষা ২৲ টাকা।

প্রমেয়রত্নাবলী

শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ-প্রণীত বৈষ্ণবদর্শন, সন্দর্ভ ও গোবিন্দ-ভাষ্যাদি পড়িবার প্রথম গ্রন্থ। উৎকৃষ্ট কাগজে ছাপা। সুবিস্তৃত টীকা ও প্রাঞ্জলবঙ্গানুবাদ-সাহায্যে অতি সহজে বালকেরও বোধগম্য হইয়া থাকে। ভিক্ষা ।৵০ আনা মাত্র।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

শ্রীমদ্ভক্তিসুন্দর প্রচারিত শুদ্ধভক্তি-প্রচারোদ্দেশে গৌড়দেশের নবদ্বীপ মণ্ডলী কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে প্রথম প্রতিষ্ঠিত আছেন। এই ভক্তি-সম্প্রদায়ে শ্রীগুরু-গৌরাঙ্গ-শ্রীবিনোদানন্দ ত্রিতয় সম্পর্কে নিত্য সেবিত হন। গৌড়ীয় আচার্যবর্গের বাণীর প্রচারোদ্দেশে শ্রীমঠে সংঘ একটী সুবৃহৎ মুদ্রা-যন্ত্রালয় সংস্থাপিত করিয়াছেন। পৃথিবীর সকল শ্রীগৌরবাণী প্রচারার্থ এই যন্ত্রালয় হইতে 'গৌড়ীয়' সাপ্তাহিক পত্র, দ্বি ভাষামাসিক মাসিক পত্রিকা ইংরাজী ভাষায় নিয়মিতভাবে প্রকাশিত হইতেছেন। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্তন, সপ্রচার-চতুষ্টয়-মেলাদ, শ্রীমদ্ভাগবত, শ্রীচৈতন্য-চরিতামৃতাদি-লীলা ও তত্ত্বগ্রন্থের সম্যক্ আলোচনা হইয়া থাকে। মঠরক্ষক—আচার্যাত্মিক শ্রীপাদ কৃষ্ণবিহারী বিদ্যাভূষণ। সহকারী—পণ্ডিত শ্রীপাদ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ বি-এ, শ্রীপাদ প্রেমানন্দ পরবিদ্যাবিনোদ বি-এ, শ্রীপাদ হাসবিহারী ব্রহ্মচারী, শ্রীপাদ জগদ্বন্ধু ভাগবতাধিকারী বি-এ, শ্রীপাদ জগগোপাল ভাগবতাধিকারী, ব্রহ্মচারী শ্রীকীর্তনানন্দ, ব্রহ্মচারী শ্রীগোরীমোহন, ব্রহ্মচারী শ্রীকৃষ্ণানন্দ ভক্তিশাস্ত্রী, ব্রহ্মচারী শ্রীদেবকীনন্দন, পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ পরবিদ্যানিধি ভক্তিশাস্ত্র প্রভৃতি।

(১৬) শ্রীগদাই-গৌরাঙ্গ মঠ

হরিকথি প্রচারিণী সভা, বালির চাকা

শ্রীগদাই-গৌরাঙ্গের নিত্য সেবা

রক্ষক—শ্রীপূর্ণপ্রজ্ঞ ব্রহ্মচারী।

(১৭) শ্রীভাগবতজনানন্দ মঠ

ঝিকনিচা, বাসুদেবপুর, মেদিনীপুর।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-রাধিকা-গিরিধারীর নিত্যসেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীজগবান্ধবানন্দী। ব্রহ্মচারী পরানন্দ

(১৮) আমলাযোড়া প্রপন্নাশ্রম

রাজবাঁধ পোঃ বর্দ্ধমান।

শ্রীগুরুগৌরাঙ্গ-শ্রীরাধিকা গিরিধারীর নিত্যসেবা। রক্ষক—ব্রহ্মচারী প্রাণহরি কিশোর।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

বর্ধমান, পুরী, উড়িষ্যা।

এখানে শ্রীগৌর-বিনোদবাণীর নিত্য-সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমানন্দ বিদ্যারত্ন, ব্রহ্মচারী শ্রীনবীনানন্দ।

(২০) শ্রীব্রজ-গৌড়ীয় মঠ

আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী।

জগন্নাথদেবের অনবসর সময়ে শ্রীবল্লভ প্রভুর অবস্থান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীনরহরিদাস ভক্তিশাস্ত্রী। সহকারী—ব্রহ্মচারী শ্রীবিশ্বম্ভরবিহারী।

(২১) শ্রীজগন্নিবাসানন্দ মঠ

উড়িষ্যাবাজার, কটক।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-বিনোদরাধা-কৃষ্ণ-গিরিধারীর নিত্যসেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীগদাধর

(২২) শ্রীসনাতন-গৌড়ীয় মঠ

৯নং অযোধ্যাঘাটপুরা, কাশী।

গৌড়-পদ্মাবতপুর সনাতন-শিক্ষাশ্রম এখানে গৌরসেবা বর্তমান। রক্ষক—শ্রীজ্ঞানকীনাথজী।

(২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

শ্রীনৃসিংহবাস কূল, শ্রীধাম বৃন্দাবন।

শ্রীশ্রীরাধা-ব্রজ-মোহনজীর সেবা।

রক্ষক—শ্রীগণপতিনাথ ব্রহ্মচারী

(২৪) শ্রীপরমহংস মঠ

নৈমিষারণ্য, সীতাপুর

এখানে শ্রীভাগবত পাঠশালা; শ্রীগৌর-বিনোদ বিলাসজীর সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীনৃসিংহানন্দ ও ব্রহ্মচারী শ্রীনবকুমার।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ

চুয়াকুড়া, চিরকুড়া, মানভূম। শ্রীচৈতন্য-মঠের শাখা। রক্ষক—শ্রীজগন্নাথ রায়, শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী। শ্রীধাম তীর্থ সেবাশ্রিত।

(২৬) ব্যাসগৌড়ীয় মঠ

কুসুমেশ্বর, খানেশ্বর, কণখল। এখানে শ্রীগৌরবিনোদ-রাধের সেবা বর্তমান রক্ষক—ব্রহ্মচারী শ্রীবরদবল্লভ।

(২৭) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রম-মঠ

ব্রাহ্মণপাড়া, পোঃ বাজু, চাঁদপুর

এখানে বহু ভক্তমূর্তি শ্রীগৌরাঙ্গের সেবা বর্তমান। রক্ষক—ভক্তবাসী শ্রীপ্রাণকৃষ্ণ দাস, শ্রীনারায়ণ ব্রহ্মচারী।

(২৮) দিল্লী গৌড়ীয় মঠ—কার্য্যালয়

১৮৫এ মোতিবাগ, নিউ দিল্লী।

রক্ষক—ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তি সর্ব্বস্ব গিরি মহারাজ, শ্রীনারায়ণ [illegible]

(২৯) খোয়ালপাড়াপ্রপন্নাশ্রম

রক্ষক—ব্রহ্মচারী [illegible]

ব্রহ্মদেশের বিদ্রোহ

...য়াংটেমিও জেলার তিঙকয়ুয়াঙের পুলিশের এক দলের বিদ্রোহীদের ...ত এক সঙ্ঘর্ষ হইয়া গিয়াছে। ২ জন ...পাহী সামান্য আহত হইয়াছে। বিদ্রোহী-...র হতাহতের সংখ্যা জানা যায় নাই। ...ক্রমণের ৩টী বন্দুক পাওয়া গিয়াছে। ...মিয়ানজিয়ানের উত্তরে চিঙ্কিঙ্গ ১০ জন ...বাসীকে গ্রেপ্তার করা হইয়াছে। ...দিন সীমান্তে সাধারণপোষাক পরিহিত ...জন লোককে গ্রেপ্তার করা হইয়াছে ...য়া হৈনজাদার সংবাদে প্রকাশ। গত ...ই মে হেনজাদা থানা আক্রমণ সম্পর্কে ...কে গ্রেপ্তার করা হইয়াছে।

ভারতীয়দিগকে আক্রমণ

...হাম্বাতী জেলায় ২টী ভারতীয় মুদির ...কান ১৫ জন ব্রহ্মী আক্রমণ করিয়া ...ট্ট নিক্ষেপ করিতে থাকে। তাহারা ...র দিয়া দরজাদ্বয় আবদ্ধ করিয়া থাকে ...ও প্রবেশ করিতে পারে নাই। ১জনকে ...সম্পর্কে গ্রেপ্তার করা হইয়াছে।

...ন্যাপোন জেলায় বোগালে, চেডায়ে ...তি স্থানে ভারতীয় বিদ্বেষ যথেষ্ট ...প্রকাশ করিয়াছে। ঘরের পাখা ও ...ী ঘর পোড়াইয়া দিতেছে। ১ জন ...তীয় ও একজন ব্রহ্মবাসী নিহত ...য়াছে।

...য়াখাতী প্রভৃতি জেলা হইতে ...কটী ডাকাতির সংবাদ পাওয়া ...য়াছে। নগদ ও অন্যান্য মাল লইয়া ...কাতেরা পলায়ন করে।

পুলিশ কর্ত্তৃক গ্রাম বেষ্টিত

...মিশালয়ের পুলিশ সুপারিণ্টেণ্ডেণ্ট ...র আর ডি, বি, প্রেস্কটের নেতৃত্বে ...কল সশস্ত্র সিভিল এবং মিলিটারী ...লিশ গত ১২ই মে সকাল বেলা মাইটমে ...ক স্থানের নিকটবর্ত্তী একটী গ্রাম ...রিয়া ফেলে এবং বিদ্রোহী সন্দেহে ...র ৪০ জন লোককে গ্রেপ্তার করে। ...দের সঙ্গে বিদ্রোহীদের চিহ্নিত উদ্ধী ...ল।

...য়াওয়াডার সংবাদে প্রকাশ, মিশ ...বিদ্রোহী গত ১১ই রাত্রিতে বন্দুক ...ও হাত লইয়া মিলো মহকুমার ...খোয়াইয়া গ্রামের মোড়লের ...ড়ের। তাহারা মোড়ল,তাহার ...পুত্রকে হত্যা করে।

বড়বাজারে পাট্টিপুর সিকেটিং

গত ১২ই মে শ্রীযুক্ত মোহিনী মোহন ...ঃ ঘতীন্দ্রমোহন ঘোষ ওরফে, বাবু যতীন্দ্রলাল ...খুটিয়া, পুরুষোত্তম ঘোষ, শ্রীযুক্ত নগেন্দ্র ...ন্দী, হরিমোহন প্রভৃতি কলিকাতার ...ড়বাজারে অনেক পাট্টিপুর সিকেটিং করে।

ইহারা হরিমোহন মিত্রকে ব্যবসায়ি-গণকে বিক্রয় বন্ধের ব্যবস্থা বন্ধ করিতে অনুরোধ করেন, ইহাদের অনুরোধে যত ক্রেতা ক্রীত বিদেশী কাপড় বদলাইয়া স্বদেশী কাপড় লইয়া যায়। একজন কাবুলী বিদেশীবস্ত্র কিনিয়াছিল, পরে পিকেটারদিগের অনুরোধে উহা ফিরাইয়া দিয়া দেশী কাপড় লইয়া যায়।

মে এম্ সেনগুপ্ত

শ্রীযুক্ত মে, এম্ সেনগুপ্ত কিছুদিন বিশ্রামলাভ করার জন্য উটকামণ্ড গিয়াছেন। স্বাস্থ্যের জন্য তাঁহাকে আরও ২ দিন তথায় থাকিতে হইবে। তিনি ১৪ই মে মাদ্রাজ রওনা হইবেন, ১৮ই তারিখ 'মর্ণ' জাহাজে কলিকাতা রওনা হইবেন।

পটুয়াখালী ডাক লুটের জের

বাইকল হইতে ঘোগাবন্দর যে ডাক ...য় উক্ত ডাক লুট করা সম্পর্কে পুলিশ ...আবদুল মমিন নামক জনৈক মুসল-মানকে ঘটনায় অবাবহিত পরই গ্রেপ্তার করে। প্রকাশ, উক্ত মুসলমান যুবকটি ডাকের ব্যাগটী নিয়া নিকটবর্ত্তী এক গ্রামেই পলায়ন করিতেছিল, তাহাকে পটুয়াখালী আনয়ন করিয়া পুলিশ হেপাজত রাখা হইয়াছে।

গান্ধীজীর সুবন্দোবস্ত

মহাত্মা গান্ধী শ্রীযুক্ত মহাদেব দেশাই সহ গত ১১ই মে অপরাহ্ণে করদা ষ্টেশনে কালেক্টর মিঃ পেয়ির সহিত সাক্ষাৎ করেন। আলোচনা প্রায় দুইঘণ্টা ব্যাপী চলিয়াছিল।

বর্ত্তমানে বোরসাদ তালুকের অবস্থা ক্রমশঃই ভালর দিকে যাইতেছে। মহাত্মা গান্ধীর চেষ্টায় প্রায় ২০ খানা গ্রামের যাহারা কৃষি রাজস্ব প্রদানে সমর্থ তাহা-দের নাম সংগ্রহ করা হইয়াছে। এবং উহা কালেক্টর সাহেব গ্রহণ করিয়াছেন।

এখন শুধু ছাসগ্রামের অবস্থা নিয়াই গণ্ডগোল চলিতেছে। বিগত খারনা বন্ধ আন্দোলনের সময় ছাসগ্রামের যথেষ্ট ক্ষতি হইয়াছে। মহাত্মা গান্ধী এবিষয়ের তদন্ত করিয়া বর্ত্তমানে তাহাদের খারনা বন্ধ রাখিতেই আদেশ দিয়াছেন। এসম্পর্কে কালেক্টর সাহেবও তদন্ত করিতেছেন। অন্যান্য গ্রামে খারনা আদায় যেমন চলিতেছে, কোন প্রকার নূতন নীতি এখন অবলম্বন করা হয় না।

গতকল্য শেষরাত্রে মহাত্মাজী বোম্বাই প্রত্যাবর্ত্তন করিয়া আশ্রমে যান।

পদ্মার চরে বিপন্ন

গত ৯ই মে শনিবার সন্ধ্যায়ী যেন ঈমার ভারপাশার নিকটে পদ্মা নদীতে ঝড়ের মধ্যে পড়ে। ঈমারের এক পার্শ্বের চাকা ভাঙ্গিয়া যায়। অমনি ঈমারের দুই দিকে নোঙ্গর করা হয়। ঝড়ের জন্য নারায়ণগঞ্জ পৌঁছিতে ঈমারের যথেষ্ট বিলম্ব হয়। অপরাহ্ণে প্রায় ৩টার সময় ঈমার নারায়ণগঞ্জে পৌঁছে।

এ অঞ্চলে প্রায় প্রত্যহই ঝড় হইতেছে। সঙ্গে সঙ্গে বৃষ্টিও খুব হয়। ইহাতে বহু বাড়ী ঘরের যথেষ্ট ক্ষতি হইতেছে। এতদ্ব্যতীত এই অতিরিক্ত বৃষ্টির ফলে শস্যেরও যথেষ্ট ক্ষতি হইবে।

পাঞ্জাব বিশ্ববিদ্যালয়ের ম্যাট্রিক পরীক্ষার ফল

গত ৯ই মে পাঞ্জাব বিশ্ববিদ্যালয়ের ম্যাট্রিকুলেশন পরীক্ষার ফল বাহির হইয়াছে। এ বৎসরে উক্ত বিশ্ববিদ্যালয়ে ২০,০০০ জন ছাত্র ম্যাট্রিক পরীক্ষা দিয়াছিল, ১২০০০ জন কৃতকার্য্য হইয়াছে।

মাদারিপুরের আঞ্জুমান ইস্‌লামিয়ার সিদ্ধান্ত

কিছুদিন পূর্ব্বে ধর্ম্মান্তরিত মোস্লেম সম্মেলন যে সিদ্ধান্ত উপনীত হইয়াছিল, মাদারিপুর আঞ্জুমান মুফিদুল-ইস্‌লামিয়ার কার্য্য নির্ব্বাহক সমিতি তাহা গ্রহণ করিয়াছেন। তাঁহারা কংগ্রেসের সহিত একযোগে কাজ করিতে স্বীকৃত হইয়া-ছেন। এপর্য্যন্ত আঞ্জুমান সমস্ত জাতির জন্য কোন কাজ না করিয়া কেবল মুসলমান সম্প্রদায়ের জন্যই অধিক কাজ করিতেন।

বিশ্ববিদ্যালয়ে সরকারী বৃত্তি

সরকারী বৃত্তির সম্পর্কে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পক্ষ হইতে শিক্ষাসচিবের নিকট প্রতিনিধি প্রেরণ করা হইবে বলিয়া একটী সংবাদ কয়েকটী সংবাদপত্রে বাহির হইয়াছে। প্রকাশ,উহা সত্য নয়। তবে শিক্ষাসচিবের সঙ্গে এই মাসের শেষা শেষি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর এবং সিনেটের কয়েকজন সদস্যের এ বিষয়ে কথা হইবে।

চীনের সঙ্গে বৃটিশের অসন্তোষ

প্রকাশ, চীনদেশে বৃটিশের বিশেষ অধিকার লইয়া সম্প্রতি গণ্ডগোল বাধিবার উপক্রম হইয়াছে। সম্প্রতি মিলিয়ন্স গার্ড রেজিমেণ্টের বৈশেষিক সচিব মিঃ আর্থার হেণ্ডারসন এক বিবৃতি দিয়াছেন। মিঃ হেণ্ডারসন বিবৃতিতে বলেন যে, সম্প্রতি অনেকগুলি গুরুতর উপসর্গ দেখা দিয়াছে। ইহাদের মধ্যে বৃটিশ প্রজাবিদের বিচারের অন্যায়ের বৃটিশের আদালত হইতে চীনা আদালতে স্থানান্তরিত করিতে হইবে।

বৈশাখ মাসের কৃষি

এই সময় আমন ধান রোয়া হয়, পাট ও আউষ ধানের ক্ষেত নিড়াইতে হয়, বেগুন গাছে মাটি দিয়া দিতে হয়।

বৈশাখ মাসের শেষ পর্য্যন্ত সরিষা, বীজ বপন করা চলে। আলু, মূলা, কচু, ওল প্রভৃতি বৈশাখ মাসেও রোপণ করা যায়।

শাকালুর বীজ বৈশাখ হইতে আরম্ভ করিয়া আষাঢ় মাস পর্য্যন্ত বপন করা চলিতে পারে।

সব্জীবাগান

এই মাসে দুটী বীজ বপন করা উচিত। কেহ কেহ ইতঃপূর্ব্বেই বপন করিয়াছেন। কোন কোন ক্ষেত্রে উত্তোলন করা ফেলিতে আরম্ভ হইয়াছে।

লাউ, কুমড়া, ঝেড়স, পাণ্ডালিয়া পালা-পালায় বীজও এই সময় বপন করা চলে। বর্ষাতি মূলা ও নানা জাতীয় শাকের বীজ-বপনকার্য্য বৈশাখ মাসের প্রথমেই শেষ করিতে হইবে।

এই সময় হইতে পাটনাই ফুলকপি বপন করিয়া চারা তৈরী করিতে পারা যায়।

ফুলের বাগান

এই সময় জিনিয়া, গোপাটি, বীজা বীজ বপন করিতে হইবে। ডালিয়া বীজও এই সময় বপন করা চলে। কেহ কেহ ডালিয়া মূল এই সময় বসাইতে বলেন, আমাদের দেশের অত্যধিক বর্ষায় মূল পচিয়া যাইবার ভয় আছে, বসাইলে ভাল হয়। পূর্ব্ব কথিত কৃষ্ণচূড়া যাতীয় আমাবাহার, কসমোস, আই পোরিয়া, রাধাপদ্ম ঘুঙুরা মটি মরা ফুলগাছ বসানর এই সময়।

ফলের বাগান

ফলের বাগানের এখন পাট নাই। ফল আহরণ এবং ওষধার কার্য্য।

ফুল, পীচ, নেবু প্রভৃতি ...পফল করিতে হইলে তাহার এখন হইতে করিতে হয়। ...গাছটী বিশ্ব অঙ্কুর পার্শ্বস্থ রেখু বিশ্বি অবলম্বন করা হইয়া থাকে, সেগুলি এখন জন্মিয়া উঠিতেছে, এখন সেগুলি ছাঁটাকাটি ও কুঁড়িগুলি তুলিয়া দেওয়া হয়।

Reg No C.1544

দৈনিক নদীয়া-প্রকাশ

সাধারণের আশ্রমদাতা

বার্ষিক ৯৲

ষাণ্মাসিক ৫৲

ত্রৈমাসিক ২৷৷০

মাসিক ১৲

নগদ প্রতি সংখ্যা ৫

ভারতের সর্ব্বপ্রাচীন সংবাদ-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৪৩] সম্পাদক—শ্রীযুক্ত ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [৬৩শ সংখ্যা

শ্রীচৈতন্যাব্দ ৪৪৯ গৌরাব্দ, মাতাপুর- ২রা জ্যৈষ্ঠ শনিবার ১৩৩৮, ১৬ই মে ১৯৩১

নানা কথা

নদীয়া জেলা কংগ্রেস কমিটী

নদীয়া জেলা কংগ্রেস কমিটীর সম্পাদক যুক্ত প্রফুল্ল কুমার ভট্টাচার্য্য জানাইতেছেন—

১। ১৫ই মে পর্য্যন্ত সংগৃহীত চাঁদাগণই আগামী বি, পি, সি, সিতে তিনিধি নির্ব্বাচন উপলক্ষে ভোট দিতে পারিবেন।

২। সম্পাদকগণ মেম্বারসিপ ফরমের পরিশোধন এবং সভ্যগণের চাঁদার টাকা (শতকরা ৫০ ভাগ) এবং সভ্যগণের নাম ও ঠিকানার দুইটী তালিকা আগামী ১৬ই মে তারিখের মধ্যে জেলা কংগ্রেস কমিটীর সম্পাদকের নিকট প্রেরণ করিবেন।

৩। সভ্যগণের তালিকা জেলা কংগ্রেস কমিটী অফিসে ২২শে মে তারিখের মধ্যে পৌঁছিয়া যাওয়া চাই। ২২শে তারিখের মধ্যে তালিকা না আসিলে ২৪শে মে তারিখের মধ্যে জেলা কংগ্রেস কমিটীর সম্পাদকের নিকট লিখিয়া জানাইতে হইবে। এরূপে ঐ তারিখে জেলা কংগ্রেস কমিটী ঐ আপত্তির মীমাংসা করিবেন।

৪। সংশোধিত সভ্যতালিকা ২৭শে তারিখে জেলা কংগ্রেস আফিসে পাঠাইয়া দেওয়া হইবে।

৫। বি, পি, সি, সির সভ্য পদ প্রার্থিগণ [illegible] তালিকা পূরণ করিয়া অফিসার অথবা তাঁহার প্রতিনিধির নিকট ২৭শে মে তারিখের মধ্যে অবশ্য পাঠাইবেন।

নদীয়া কংগ্রেস কমিটী

শ্রীহট্টে শ্রীযুত সুভাষচন্দ্রের বক্তৃতা

সিমলার পথে গান্ধীজী

সুরমা উপত্যকা মহিলা সম্মেলন

স্পেনে সামরিক আইন

সিরাজগঞ্জ লাইনে ট্রেণ দুর্ঘটনা

বার্লিনে আফগান মন্ত্রী

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ভাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার—গ্রাহকবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ মায়াপুর, নদীয়া।

মহাত্মা গান্ধী গত ১৩ই মে শিলচরে কালকা হইতে মোটরযোগে দিল্লীতে পৌঁছিয়াছেন। তাঁহার সঙ্গে শ্রীযুতা কস্তুরীবাঈ গান্ধী আছেন।

মিঃ মোহনলাল এবং কংগ্রেস সভাপতি মিঃ এন, এল, বর্ম্মা তাঁহাকে ডায়দেবীর নিকট অভ্যর্থনা করিয়াছেন। গান্ধীজী সিমলার মিঃ মোহনলালের গৃহে অবস্থান করিয়াছেন।

এসোসিয়েটেড প্রেসের জনৈক প্রতিনিধি তাঁহার খোলা গাড়ীর রাদিং বোর্ডের উপর দাঁড়াইয়া ছিলেন, ইনি মহাত্মা গান্ধীর সহিত সাক্ষাৎ করিলে গান্ধীজী বলেন, তিনি বড়লাটের নিকট হইতে কোন আমন্ত্রণ পান নাই—অবশ্য বিভাগের সেক্রেটারীর নিকট হইতে পাইয়াছেন।

ব্রহ্মে অস্ত্র আইনের আমলা

রেঙ্গুণের ১৩ই মের সংবাদে প্রকাশ, গতকল্য বিচারকে অস্ত্র আইনের মামলা আমলন করা হইয়াছে, তাহাতে আসামী স্বীকার করে যে, ৭ই এপ্রিল সে সেন্সা মাজিষ্ট্রেটের আবাসস্থে গিয়া রিভলবার কার্ত্তুজ ফেলার কথা সে অস্বীকার করে। পুলিশেরা তাহাকে খানাতল্লাস করে কিন্তু কিছু পায় নাই। নিকটেই একজন প্রহরী বসিয়াছিল। সে একটী বেঞ্চের নীচ হইতে এটী কুড়াইয়া পায়, তখনই তাহাকে গ্রেপ্তার করা হয়।

আসাম বেঙ্গল রেলওয়ে

আসাম বেঙ্গল রেলপথের চৌদুরী ঘাট এবং লোলা সংযোগের মধ্যে রেল দুর্ঘটনার ফলে লাইন খারাপ হয়। লাইন মেরামত করা হইয়াছে এবং ট্রেণ চলিতেছে।

শ্রীযুক্ত নরীম্যান

গুজরাটে ভূমি প্রত্যর্পণ [illegible] শোলাপুর উপলক্ষে [illegible] ম্যানকে গত [illegible] করা হইয়াছে। [illegible] করা হইয়াছে। তিনি বোম্বাই ও অন্যত্র [illegible] গমনের স্থগিত রাখিয়াছেন।

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও আদর্শচরিত্র শিক্ষকগণ ছাত্রদিগকে অতি অল্পের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

বিস্তার সংবাদের জন্য নিম্নলিখিত ঠিকানা পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

সুবর্ণ সুযোগ বেশী দিন আর থাকিবে না

— কেন না —

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের

৫০ বাৎসরিক আনন্দোৎসব বা সুবর্ণ জুবিলী শেষ হইতে আর বিলম্ব নাই। এই উৎসব শেষ হইলেই সুবর্ণ আহ্বানিত "শক্তি-সঞ্জিবনী বটীকা" পূর্বের নির্দ্ধারিত ১২৲ টাকা মূল্যেই বিক্রয় হইবে। ৩১শে মে পর্য্যন্ত উহা ৮৲ টাকায় পাওয়া যাইবে। এই বটীকা এক কথায় বলিতে গেলে নব-জীবন দান করিতে সমর্থ। সুবর্ণ জুবিলীর কথা উল্লেখে আজই মণিঅর্ডারে ৮৲ টাকা পাঠাইয়া উহার এক কৌটা লউন। সত্বর লউন। বিলম্বে নিরাশ হইবেন।

প্রাপ্তিস্থান :—আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়

১১৯নং কর্ণওয়ালিস ষ্ট্রীট কলিকাতা।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

কণ্ঠাভরণ পাঁচন

ম্যালেরিয়া প্রভৃতির অব্যর্থ মহৌষধ

মফঃস্বলের সুবিধার জন্য ৬ আঃ শিশিতে ঘনীভূত অবস্থায় ছোটবোতলের সমপরিমাণ ঔষধ ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ১০ আনা, পাইট ৮/০ আনা, বোতল ১৵০ আনা।

আফিস— ১১৯নং ওল্ডটাঙ্গরা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

যক্ষায় হতাশ হইবেন না

দৈবপ্রাপ্ত যক্ষার একমাত্র মহৌষধ

পত্রদ্বারা সম্পূর্ণ আরোগ্য

রোগী দেখাইতে হইবে। অগ্রিম পাথেয় খরচ (যাওয়া এবং আসার) পাঠাইলে গিয়া রোগী দেখা হয় অথবা এখানে আসিলে রোগী দেখিয়া ঔষধ দেওয়া হয় আরোগ্য না হওয়া পর্য্যন্ত পারিশ্রমিক দিতে হইবে না। গরীব রোগীদের খরচ বাদ করিয়া চিকিৎসা করা হয়। বিস্তারিত বিবরণের জন্য এক আনার ডাক টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীকিতীশচন্দ্র উকীল, যক্ষা-চিকিৎসক, পোঃ বৈকাঠী, বরিশাল।

অথবা নিম্ন ঠিকানায় সাক্ষাৎ করিয়া বিস্তারিত জানিতে পারেন।

শ্রীযুত রামগোপাল দত্ত এম্, এ, কৃষ্ণনগর, নদীয়া। শ্রীযুত হরিপদ সিংহ, ১১৭, বোবাজারের ষ্ট্রীট, হাটখোলা, কলিকাতা।

একখানি পত্র : আমার ভ্রাতুষ্পুত্র গত ৩য় মাস যাবৎ যক্ষায় ভুগিয়া মৃতপ্রায় হইয়াছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাহার জীবনের আশা ত্যাগ করিয়া শেষ মুহূর্ত্তের জন্য অপেক্ষা করিতেছিলেন এই সময় শ্রীযুক্ত কিতীশচন্দ্র উকিল মহাশয় মাত্র ১০ দিন চিকিৎসা করিয়া সম্পূর্ণ আরোগ্য করিয়া দিয়াছেন। (সাং) শ্রীযতীন্দ্র বিশ্বাস হাং চৌধুরী (জমিদার পাবনা) বহু ষ্ট্রীট, নিউ থিয়েটার। ফরপোজেড-লাফটিং ডিপার্টমেণ্ট, কলিকাতা।

মনোমোহন প্রেস

পূর্ব্ব-বাঙ্গালায় সুলভে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত

বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে

বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

৯০নং শাঁখারীপুকুর, ঢাকা।

মরা মানুষ বাঁচাইবার উপায়



যদিও অদ্যাপি এরূপ কোন মরা মানুষ বাঁচাইবার ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাহারা নানাবিধ অনিয়মিত উপায়ে অপরিমিত শক্তি নষ্ট করিয়া আপনাদিগকে মরা করিয়া তুলিয়াছেন এবং নানা প্রকার যেমন, ধাতুদৌর্ব্বল্য, স্নায়ুবিক দুর্ব্বলতা, বহুমূত্র, ধ্বজভঙ্গ, পারদ সংক্রান্ত পীড়া, অর্শ এবং শ্লীপদাদিরোগের মধ্যে যাহা যাহাকে বদ্ধতা, মৃতবৎসা, স্ত্রীজড়তা, শ্বেত ও রক্তপ্রদর, ঋতুবিকার প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটেন্ট সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক সলিউসন ব্যবহার করিয়া থাকিতে পারেন তাহার পত্র সহস্র প্রমাণ প্রতি বৎসরেই পাওয়া যাইতেছে যাহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ডাকমাশুল সহ ১৷০ টাকা মাত্র।

সোল এজেণ্ট—

ডাঃ ডি, ডি, হাজরা।

হাওড়া, গার্ডেনরিচ পোষ্ট, কলিকাতার নিকটবর্ত্তী।

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস্, এম্, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈদ্যুতিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

৯৮ নং কটন ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

মুদ্রাকর মায়াপুর নদীয়া প্রকাশ যন্ত্র হইতে—ডাঃ কৃষ্ণকান্ত ব্রহ্মচারী ভক্তিভূষণ এম্, এস্, এফ, কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

শ্রীশ্রী জয়তঃ

:০: —

দৈনিক নদীয়া-প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠবার্ত্তাবহ

বেদাদি সমস্ত শাস্ত্রের অকৃত্রিম ব্যাখ্যাতা

সমগ্র ভারতে একমাত্র সুলভ

দৈনিক পারমার্থিক পত্র

শ্রীজগন্নাথপুর—২রা জ্যৈষ্ঠ—নিশান্ত—১০৩৮

আনন্দ কোথায়

সর্ব্বত্রই নিরানন্দ ভাব। জন্ম, মৃত্যু, জরা, ব্যাধি, কৌমার, যৌবন, বার্দ্ধক্য ইত্যাদি দশান্তর এবং সুখ, দুঃখ, হর্ষ, শোক ইত্যাদি ভাবান্তর সকল সাংসারিক নিয়মেরই নিয়ম।

লোকের যে হঠাৎ উন্নতি হয়, আবার হঠাৎ অবনতি হয়, তাহার কারণ কি? বিকৃতী স্বভাবই তাহার কারণ।

পুষ্প বিকসিত হইল, চতুর্দ্দিকে সৌরভ বিস্তীর্ণ হইল, লোকের নাসারন্ধ্র পরম তৃপ্তি অনুভব করিল। কিন্তু তাহা কতক্ষণ? মুহূর্ত্তমধ্যেই তাহার দশান্তর ও ভাবান্তর দেখা যায়। ফুল করিয়া পড়িল, সৌরভও অন্তর্হিত হইল।

জীব জন্মগ্রহণ করিল, ভাগ্যবশে উন্নতির পর উন্নতির উচ্চ শিখরে আরোহণ করিতে লাগিল, চতুর্দ্দিকে যশঃ সৌরভ বিস্তার করিল। তাহাতে কত লোকের মন, প্রাণ বিপুল পুলকে পরিপূর্ণ হইল, কিন্তু তাহা কতক্ষণের জন্য? কালদেবতা একটী ফুৎকার আসিয়া তাহাকে কোথায় ভাসাইয়া লইয়া চলিল, অমনি সব ফুরাইল।

লোকে বলে,—'অমৃতের সোণার সংসার; মনে, মনে, ফুলে, ফলে সর্ব্বাংশে সুখময়।' বাহ্যদর্শী আমরা অনায়াসেই মনে করিতে পারি, ঐশ্বর্য্যাদি সকলই বৃদ্ধি ও বিতানন্দে পূর্ণ। কিন্তু বিশেষরূপে অন্বেষণ করিলে দেখা যায়, ইহার সুখ-স্বাচ্ছন্দ্য নিত্য নহে, বর্ষাকালীন আকাশের ন্যায় কখনও অন্ধকার, কখনও বা আলোক আবার স্তরে স্তরে উঁকিঝুঁকি মারিতেছে। চপলা যেমন ক্ষণমধ্যে নিজ স্বরূপ প্রকাশ করিয়া জগৎ আলোকময় করিয়া তুলে, আবার পরিমুহূর্ত্তেই নিবিড় অন্ধকারে লোকচক্ষু আবরিত করিয়া দেয়, তদ্রূপ সংসারেরও অবস্থা আলোক ও অন্ধকারযুক্ত।

যে সংসারে জন্ম আছে, আবার মৃত্যু আছে; যৌবন আছে, আবার বার্দ্ধক্য আছে; হর্ষ আছে, আবার শোক আছে; রূপ আছে, আবার জরা আছে; বিষ আছে, আবার অমৃত আছে; আলোক আছে, আবার অন্ধকার আছে; ভোগ আছে, আবার রোগ আছে; সেই ক্ষণভঙ্গুর সংসারের সুখের জীবের শিবের বিঘ্ন কি

ভগবদনুশীলন করিলে নিরবচ্ছিন্ন আনন্দের অধিকারী হওয়া যায়। যোগিগণ পরমানন্দ রসপানে উন্মত্ত হইয়া ইন্দ্রের আধিপত্যকেও তুচ্ছজ্ঞান করেন।

মহর্ষি শাণ্ডিল ভগবানের একান্ত ভক্ত ছিলেন। তিনি নিস্তারিণীর একমাত্র পুত্র। সুতরাং তাঁহাদের আপেক্ষা প্রিয়তম। পুত্রের ক্ষণমাত্র অদর্শনে জনক-জননীর প্রাণ হাহাকার করিত। কিন্তু শাণ্ডিল্য পরমানন্দ রসপানে এত মত্ত হইয়াছিলেন যে, জনকজননীর স্নেহপাশ অবলেশে ছিন্ন করিয়া নির্জ্জন অরণ্যমধ্যে আসন গ্রহণ করিয়াছিলেন।

ভগবানের স্মরণ, মনন, চিন্তনাদিতে প্রবৃত্ত হইলে যে অনির্ব্বচনীয় আনন্দ লাভ হয়, সংসারের কোন বস্তুতে তাদৃশ আনন্দ দূরে হয় না অথবা কোন বস্তুর সঙ্গে তাহার তুলনা হয় না।

ভগবদ্ভক্ত কখনও শোকাদির বশীভূত হন না। তাঁহারা শোকের মধ্যে, বিপদের মধ্যেও পরমানন্দ অনুভব করেন। শোকের পর শোক,বিপদের পর বিপদ্ মহাসাগরের ন্যায় উত্তাল তরঙ্গ বিস্তার করিয়াও ভগবদ্ভক্তের কিঞ্চিন্মাত্র ক্ষোভের উৎপাদনে সমর্থ নহে।

রাজা বেণ দুর্ম্মতিবশতঃ ধ্রুবস্থ নামক কোন ভক্তকে গুপ্তভাবে কৃপমধ্যে নিক্ষেপ করেন, কিন্তু তিনি তাহাতে কিছুমাত্রও বিষণ্ণ হন নাই। পরমানন্দ মত্ত থাকায় তাঁহার তদ্বিষয়ে কিছুমাত্র ভ্রূক্ষেপ ছিল না।

অতএব দেখা যাইতেছে যে, আনন্দ জড় জগতে বা জড়সম্ভূত নাই, তাহা কেবল চিন্ময়ধামে ও চিদ্বস্তুতে। ইহার উদয়মাত্রে সমুদয় সন্তাপ বিদূরিত হয়, সমুদয় বিঘ্ন বিদলিত হয়, প্রাণের অভ্যন্তরে অমৃতের উৎস প্রবাহিত হয় এবং আত্মার এক অনির্ব্বচনীয় ভাবান্তর ঘটে।

গুরুতত্ত্ব

(৩)

চতুর্দ্দশভুবনবন্দ্য শ্রীভগবৎপার্ষদবর আচার্য্য শ্রীমৎ রঘুনাথদাস গোস্বামী প্রভু বর্ত্তমান এবং ভাবী শ্রীকৃষ্ণচৈতন্যচরণানুগ সমস্তমহোদয় বৈষ্ণবগণের পরমারাধ্য। তিনি স্বরূপদামোদর ও শ্রীরূপগোস্বামী প্রভুদ্বয়ের তত্ত্বাবধানে শ্রীগুরুদেবের তত্ত্ব মনঃশিক্ষাগ্রন্থে লিপিবদ্ধ করিয়াছেন, তাহার বিরুদ্ধে কাল্পনিক পাষণ্ডদলপতিগণ কখনই সুফল উৎপাদন করিতে পারে না। শ্রীগুরুদেব মুকুন্দের প্রেষ্ঠ, পরম প্রিয়, সুতরাং মুকুন্দ নহেন। শ্রীল নরোত্তম ঠাকুর তদীয় প্রার্থনায় "নিত্যসিদ্ধকমল" প্রভৃতি পদে গুরুতত্ত্ব সম্বন্ধে বিশেষ করিয়া উপদেশ দিয়াছেন; তাহাতে তান্ত্রিক বৈষ্ণবমাত্রেই বুঝিতে পারেন যে, গুরুদেব পদ্মিনী, জ্ঞানিনী বা সাধিষ্ঠশক্তিপতির তাঁহার স্কন্ধে চাপাইতে গেলে মায়াবাদী বা বাউল সহজিয়া মত হইয়া যাইবে।

যদি কেহ জিজ্ঞাসা করেন যে, গুরুদেব সাক্ষাৎ ভগবৎপ্রকাশ হইলেও তিনি শ্রীকৃষ্ণচৈতন্যের প্রিয়তম দাস বলিবারই বা তাৎপর্য্য কি? সাক্ষাৎ ভগবৎপ্রকাশ বলিলে কি স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণচৈতন্য প্রভুকে বুঝাইবে না? উত্তর এই যে, স্বয়ংরূপ ও প্রকাশ এক নহে। ভগবান্—স্বয়ংরূপ, গুরুদেব—ভগবৎপ্রকাশ। ভগবৎপ্রকাশ বলিলে শ্রীকৃষ্ণচৈতন্যদেবকে বুঝায় না। অচিন্ত্যভেদাভেদতত্ত্ব যাঁহারা বুঝিতে প্রয়াস পান না, তাঁহারা বিশুদ্ধ তত্ত্ব কখনই স্বীকার করিতে পারিবেন না।

পুনরায় যদি পূর্ব্বপক্ষ করা হয় যে, সকল শাস্ত্রে গুরুদেবকে স্বয়ং ভগবান্ বলিয়া ব্যাখ্যা করা হইয়াছে, তখা তাঁহাকে ভগবানের প্রিয় ভক্তের প্রকা স্বরূপ জানিতে হইবে কেন? এরূপ জা যায় কারণ কি? ইহার উত্তর এই ভগবানের আকার নাই, গুণ নাই, লী নাই, নাম নাই; মুক্তজীবের চিন্ময় আক গুণ ও লীলার পরলোকে অস্তিত্ব নাই একল যাহারা বিশ্বাস করে, তাহারা নি বা নির্ব্বিশেষবাদী। তাহারা বলে,—মা মিথ্যাশক্তিদ্বারা পৃথিবীতে নাম, রূপ, গু লীলার ভেদ হইয়াছে, বস্তুতঃ পরব জগতে ঐরূপ ভেদ নাই; সেখানে কে নির্ব্বীশ্বর বৌদ্ধবাদ অথবা শঙ্করপ্রবর্ত্তি একমাত্র কেবলাদ্বৈত বা মায়াবাদ আছে এই নির্ব্বিশেষবাদই লোকপ্রতারণার গণেশ, সূর্য্য, শক্তি, শিব ও বিষ্ণুভেদে মিথ্যাকল্পনা করিয়া সাধনের শেষ অবস্থায় চিন্ন বিশেষরহিত জড়ীয় নি কল্পনা প্রচার করে। তদ্দ্বারা শ্রীশ্রীম প্রভু নির্ব্বিশেষবাদী মায়াবাদীকে কৃষ্ণ চরণে অপরাধী বলিয়া জানাইতেছে উপরোক্ত মায়াবাদীর বুদ্ধি অনুস শ্রীগুরুদেবকে কৃষ্ণ জানিলে বাস্তবি পাষণ্ডতা হয়, সুতরাং তাঁহাকে কৃষ্ণপ্রে জানিতে হইবে।

বৈষ্ণবগণ পাষণ্ড মায়াবাদী নহে সুতরাং গুরুকে কৃষ্ণ না জানিয়া কৃষ্ণপ্রে বলিয়া জানেন। বৈষ্ণবগণ নাস্তিক ন তাঁহারা গোলোকের নিত্যত্ব, কৃষ্ণের না রূপ, গু, লীলার নিত্যত্ব, গুরুপরম্প নিত্যসিদ্ধত্ব এবং নিজের পৃথক্ সত্তা বৈকু নিত্য অবস্থিত—একথা বিশেষরূপে ধা করিতে পারেন, বৈষ্ণবগণ মায়াবা মত নাস্তিক মতের পক্ষপাতী হই গুরুদেবকে কৃষ্ণভক্ত না জানিয়া কৃষ্ণ জানেন না।

শাস্ত্রে গুরুদেবকে মায়াদাস, মর্ত্ত্য প্রভৃ বলিয়া উক্ত হয় নাই; নিত্য গুরুদেবে মায়িক বস্তু মনে না করেন, নিত্য ভগব সম্বন্ধী অধিষ্ঠিত বা সাক্ষাৎ ভগবদ্ব জানেন, ইহাই শাস্ত্রের উদ্দেশ্য। শা মায়াবাদীর বুদ্ধিতে ভগবান্, গু সেবক—এই তিনের পৃথক্ নিত্যসত্তা থাকায় তাহারা মূঢ়তাপ্রযুক্ত গুরুবি ভক্তের সহিত বিতর্ক করিয়া থাকে মুকুন্দ 'আঠারোবেটা' মায়াবাদী থাকলেও শ্রীগৌরসুন্দরের শ্রীচরণ লাভ করি পারেন নাই। পরে শাস্ত্রের অনর্থ মায়া বাদ ছাড়িয়া আত্মিক বৈষ্ণব হইয়াছিলেন কৃষ্ণ হইতে গুরুর পৃথক্সত্তা স্বীকার করিলে শাস্ত্রের অখিল ভক্তিশাস্ত্র ছাড়ি দিতে হয়। যেমন মুকুন্দকে অ মায়াবাদী পাষণ্ড, বাহিরে ভগবদ্ভক্তির অ

রিয়া আপনাদিগকে বৈষ্ণব বলিয়া পরিচয় তে ব্যস্ত, তাদৃশ কপট ব্যক্তিগণের মতে ক্তিক মায়াবাদীর মতই শ্রেষ্ঠ।

শাপে বর

ীপাদ কিশোরীমোহন ভক্তিবান্ধব বি,এল)

'শাপে বর'—এই কথাটি শ্রবণে ঈষৎ অনেকেই বহুকাল হইতে অভ্যস্ত। ক্ষুদ্র জাগতিকাদী বাদ্যযুক্ত জীবের জ্ঞান চিন্তাস্রোত এই বাহ্য জড়জগতের গণ্ডীর মধ্যেই আবদ্ধ, ঐ গণ্ডী অতিক্রম করিয়া ইবার যো নাই। তাই আমাদের বিচার ড়ের মধ্যেই অন্তর্নিহিত। আমাদের সুখ খের যাবতীয় ভাবনা সমস্তই জড়াশ্রিত, রুতের সীমা অতিক্রম করিয়া অপ্রাকৃত জ্যের ত্রিসীমানায় যাইতে অক্ষম। সুখ দুঃখ বলিতে আমরা যাহা কিছু ধারণা রি, তাহা জড়ীয় স্থূল শরীর বা সূক্ষ্ম মনের ঙ্কেই করিয়া থাকি। এই দুই প্রকার বনাবর্ত্ত অতিক্রম করিয়া কোন তৃতীয় য়র আত্মরাজ্যের কথা আমাদের হৃদয়ে ন পায় না।

শাপ অর্থাৎ অভিসম্পাত চিরদিনই মাদের ভীতির বস্তু, উহা কোনদিনই নবের বাঞ্ছনীয় বা লোভনীয় বিষয় হয় । মায়াবদ্ধ সংসারাসক্ত জীব আমরা ারসুখকেই বহুমানন করিয়া থাকি ং বন্ধুরা সেই সংসারসুখের বিনাশসাধন তে পারে, তাহাকেই শাপ বলিয়া মনে রি। তবে যদি কোথাও ঐরূপ অভি-াপাতের ফলে আমাদের সংসারসুখ বা দি ঐশ্বর্য্যলাভ ঘটিয়া যায়, তবে সেইরূপ ভিসম্পাতকে আমরা 'শাপে বর' বলিয়া ণ করিতে পশ্চাৎপদ হই না। কিন্তু রূপ শাপের ফলে আমাদের ধনাদি নাশ লে উহা আমাদের নিকট আদৌ বাঞ্ছনীয় না। শাস্ত্রত শাস্ত্রের বিচারে এবং তির ব্রজেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুর সার মধ্যে সাধারণ মানবগণের আধ্যক্ষিক ারবিধ্বংসী যে প্রমাণ পাওয়া যায়, াহাই বর্ত্তমান ক্ষেত্রে আমাদের বিচার্য্য য়।

শুদ্ধবৈষ্ণবের পাদপদ্মে তথা কৃষ্ণপাদ-দ্ম পরণাগত জনগণ একমাত্র কৃষ্ণভক্তি ীত ত্রিভুবনের অন্য কোন প্রকার র্য্য, প্রাকৃত ধনাদি বা ইহসংসারের াদি কামনা করেন না। তাঁহাদের ায়ে কৃষ্ণভক্তির নিকট ঐ সমস্ত বস্তুর া অন্য কর্পর্দকতুল্য। সন্ন্যাসলীলার র্ব্ব শ্রীমন্ মহাপ্রভু ভগবান্নিসগকে তাহা াদরে জানাইয়া গিয়াছেন। এক সময় মন্ মহাপ্রভু ও নিত্যানন্দ প্রভু কোন ক যাযাবর সন্ন্যাসীর গৃহে উপনীত হইলে মহাপ্রভু উক্ত সন্ন্যাসীকে প্রণাম করেন। উক্ত সন্ন্যাসী, 'ধন, বংশ, সুবিধাহ, হউক বিদ্যালাভ'—এই বলিয়া মহাপ্রভুকে আশীর্ব্বাদ করেন। মহাপ্রভু কিন্তু ঐরূপ বাক্যের প্রতিবাদ করিয়া বলেন যে, উহা আশীর্ব্বাদ নয়, পরন্তু 'কৃষ্ণে ভক্তি হউক'—ইহাই অক্ষয় ও অব্যয় আশীর্ব্বাদ।

বহিঃপ্রজ্ঞাচালিত জড়বুদ্ধিসম্পন্ন মানবের বিচারে প্রাকৃত ধনই সমস্ত পার্থিব সুখের আকর বলিয়া বিবেচিত হয়। সুতরাং যাহার ধন নাই, তাহার জীবনধারণই বৃথা। ঐরূপ বিচারের বশবর্ত্তী হইয়া উক্ত সন্ন্যাসীও ধনদান প্রভৃতিকে 'বর' বা আশীর্ব্বাদশ্রেষ্ঠ বলিয়া বিবেচনা করিয়াছিলেন। মহাপ্রভু কিন্তু উক্ত সন্ন্যাসীকে লক্ষ্য করিয়া জড় বিষয়াসক্ত অজ্ঞানান্ধ জীবের নিত্যকল্যাণের নিমিত্ত উপদেশ দিয়া জানাইয়াছেন,—"ভক্তি বিনা কেহ যেন কিছুই না চায়। তৃণ তুল সন্ন্যাসী গোসাঞি যে খাইব। নিজ কর্ম্মে যে আছে, সে আপনে মিলিব। ধন বংশ নিমিত্ত সংসার কাম্য করে। বল তার ধন বংশ তবে কেন মরে? অন্যের নিমিত্ত কেহ কামনা না করে। তবে কেন অন্ন আসি পড়য়ে শরীরে। • • • বিষয় সুখেতে বড় লোকের সন্তোষ। চিত্ত বুঝি কহে বেদ, বেদের কি দোষ। ধন পুত্র পাই গঙ্গাস্নান হরিনামে। শুনিয়া চলয়ে সবে বেদের কারণে। যেতে মতে গঙ্গাস্নান হরিনাম লইলে। অন্যের প্রভাবে ভক্তি হইবেক হেলে। এই বেদ অভিপ্রায় মূর্খ নাহি বুঝে। কৃষ্ণভক্তি ছাড়িয়া বিষয়সুখে মজে। ভাল মন্দ বিচারিয়া মুঞ্জ গোসাঞি। কৃষ্ণভক্তি ব্যতিরিক্ত আর বর নাই।"

অন্যাভিলাষী ইতর বিষয়াভিনিবিষ্ট ঐশ্বর্য্যমদে মত্ত জীব অদ্বৈশ্বর্য্যের দেবতা উপলব্ধি করিতে না পারিয়া পরমোপাদেয় চরম কল্যাণদায়িনী কৃষ্ণভক্তিকে অনাদর করিয়া থাকে। জড় ঐশ্বর্য্য হইতে বঞ্চিত হওয়াটাই যেন তাহাদিগের নিকট অভি সম্পাত বলিয়া গণ্য হয়। বহুজন্মের পুঞ্জীকৃত ভক্তসুকৃতির ফলে সাধু,শাস্ত্র ও গুরু-বৈষ্ণবের অহৈতুকী কৃপায় জীব যদি কোন দিন কৃষ্ণোন্মুখ হয়, তবেই সে জানিতে পারে যে, কৃষ্ণপাদপদ্মবিস্মৃতির ফলে কৃষ্ণ-ভক্তির অভাবই তাহার পক্ষে সম্পূর্ণ অভিসম্পাত। বরং ঐ সমস্ত বিষয়াদি হইতে বঞ্চিত হইয়া কৃষ্ণভক্তি লাভই সর্ব্বা-পেক্ষা বরণীয়।

যখন জীবের ঐরূপ সৌভাগ্যোদয় হয়, তখন সে 'শাপে বর' এই কথাগুলির যথার্থ তাৎপর্য্য হৃদয়ঙ্গম করিতে এবং প্রাকৃত বুদ্ধি বিরোধিত হইয়া অপ্রাকৃত বুদ্ধির উদয়ে অমল পুরাণ শ্রীমদ্ভাগবত-বর্ণিত স্বয়ং শ্রীভগবানের মুখবিনিসৃত, "যদ্যদাত্মপ্রিয়ং হ্যাসীৎ তত্তন্ন স্যাৎ"—এই বাক্যের সারবত্তা উপলব্ধি করিতে সমর্থ হয়। শ্রীভগবান্ যাঁহাকে কৃপা করেন, তখনই তাঁহার সমস্ত অদ্বৈশ্বর্য্য হরণ করিয়া থাকেন। যে ঐশ্বর্য্য হইতে বঞ্চিত হওয়াটাই আমাদের বিচারে অভি-সম্পাত বলিয়া বিবেচিত, শ্রীমদ্ভাগবতের বিচারে তাহাই ভগবৎকৃপা বলিয়া সিদ্ধান্তিত। ভগবৎকৃপা বা কৃষ্ণভক্তি অপেক্ষা শ্রেষ্ঠ দান আর কিছুই হইতে পারে না। প্রাকৃত ধনের স্থলে যদি ঐরূপ শ্রেষ্ঠ বস্তু লভ্য হয়, তবে উহাকেই 'শাপে বর' বলিতে হইবে।

শ্রীমদ্ভাগবত সাক্ষাৎ ভগবদ্বপু। শ্রীকৃষ্ণ-লীলার যাহা শ্রীমদ্ভাগবতরূপে ব্যক্ত হইয়াছে, তাহাই শ্রীচৈতন্যাবতারে নবদ্বীপলীলার পরোক্ষভাবে এবং উজ্জ্বলরূপে জীবের নিকট প্রকটিত হইয়াছে। শ্রীমন্মহাপ্রভু যখন শ্রীবাসগৃহে দ্বার বন্ধ করিয়া কীর্ত্তন করিতেন, তখন জনৈক ব্রাহ্মণ কীর্ত্তন দেখিতে আসিয়া বিফলমনোরথ হওয়ায় আর একদিন গঙ্গা-সমীপে গৌরসুন্দরকে দর্শন করিয়া তাঁহাকে অভিসম্পাত করিয়া বলিয়াছিলেন,—"সংসারসুখ তোমার হউক বিনাশ।" গৌরসুন্দর শাপ শুনিয়া দুঃখিত হওয়া দূরে থাকুক, পরম উল্লাসিত হইয়াছিলেন। নিমাই কিন্তু সেই সংসারসুখ নষ্ট হওয়া রূপ অভিসম্পাতকেই আশীর্ব্বাদ বলিয়া জানাইবার জন্য এবং আমাদের ন্যায় কুবিষয়াভিলাষরূপ গৃহাসক্তরূপে পতিত সংসারাসক্ত গৃহব্রত জীবকুলকে শিক্ষা দিবার জন্য সংসার ছাড়িয়া সন্ন্যাসীর লীলা অভিনয় করিয়াছিলেন।

তাই বলি,—'শাপে বর' এই কথাটীর যথার্থ তাৎপর্য্য যদি আমরা উপলব্ধি করিতে যাই, তবে ভাগবতোক্ত শ্লোক এবং শ্রীচৈতন্যমহাপ্রভুর লীলাদ্বারাই উহা সর্ব্বতোভাবে সুমীমাংসিত হইয়াছে দেখিতে পাইব।

মায়ার-নেশা

(২)

আমরা সামান্য নেশাখোরকে ঘৃণা করি, মাতাল, গুলীখোর, গাঁজাখোর দেখিলে তাহাদের নিন্দা করিয়া থাকি, মহাঘৃণিত বলিয়া তাহাদের অবজ্ঞা করিয়া নিজেদের বর্ত্তমান অবস্থাটি বিস্মৃত হইয়া যাই, ইহা বিশ্ববিমোহিনী মায়াদেবীরই এক প্রকার শক্তি! সে শক্তিপ্রভাবে সমস্ত জীবজগৎ কি এক নেশার ঘোরে উন্মত্ত হইয়া রহিয়াছে, তাহা চিন্তা করিলে বিস্মিত হইতে হয়।

মায়ার নেশায় আছে ঐশ্বর্য্য, যশ, শ্রীসম্পত্তিমত্ত দৃষ্টিত হয়। আমি উচ্চ ব্রাহ্মণকুলে জন্মিয়াছি, আমার সমান আর কেহই নাই। আমি সমাজের শিরোভাগে স্থান স্থাপন করিতে পারি, বক্তৃতার দ্বারা, কর্ত্তা, বিদ্যুত্তা ইত্যাদি আমার অঙ্গের অভিমান করাইয়া স্বামী, ভাবা, সুশিক্ষিত ব্যক্তিমাত্রেরই বিচার্য্য বিষয়।

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কীর্ত্তন করিয়াছেন :—

ধনের কেন আর বর্ষ অভিমান।
মরিলে পাওবী হ'য়ে, যমপুরে যাবে সবে,
না করিবে জাতির সম্মান॥

মায়াদেবী ঐশ্বর্য্যের নেশায় আমাদিগকে উন্মত্ত করিয়া রাখিয়াছে। আমার এই জড় ধনরত্নাদি ঐশ্বর্য্যের নেশা কতক্ষণ? রাবণ, হিরণ্যকশিপু প্রভৃতির ন্যায় ঐশ্বর্য্য আর কাহার ছিল? তাহাদের পরিণাম কি হইল, তাহা কি একবার মায়াদেবী আমাদের ভাবিবার অবসর দেন? তাহা হইলে ঐশ্বর্য্যের নেশা আমাদের ছুটিয়া যাইত?

ধনে যদি প্রাণ দিত, ধনী রাজা না মরিত,
যমরাজ হইত রাবণ।
ধনে নাহি রাখে কেহ,দেহ গেলে রহে কেহ,
অতএব কি করিবে ধন॥

তৃতীয় প্রকারের বিদ্যাভিমানে আমাদিগকে মায়াদেবী উন্মত্ত করিয়া রাখিয়াছে; বিদ্যাদি শ্রীহরিসেবা না হইলে তাহা মায়ারই নেশা বুঝিতে হইবে।

মন তুমি পড়িলে কি ছার।
নবদ্বীপে পাঠ করি, ভাগবত নাম ধরি
ভেকের কচ্‌কচি কৈলে সার।
চারি বেদ ষড়দরশন পড়ি সে যদি
গৌরাঙ্গ নাহি ভজে।
বৃথা তার অধ্যয়ন লোচনবিহীন জন
দরপণে অন্ধের কিবা কাজে॥

সাংখ্য, পাতঞ্জল, ন্যায়, মীমাংসা, পরমাণুবাদ, বেদান্তের কেবলাদ্বৈতবাদ প্রভৃতিতে শ্রীকৃষ্ণের মহিমা কীর্ত্তন বা করিলে সকলই বৃথা।

চতুর্থতঃ শ্রী অর্থাৎ সৌন্দর্য্যের নেশায় আমাদিগকে অন্ধ করিয়া রাখিয়াছে, আমি খুব সুন্দর বা সুন্দরী, আমার রূপ-লাবণ্যে জগৎ মুগ্ধ। কিন্তু এ মায়িক সৌন্দর্য্য কয় দিনের, তাহা কি একবার ভাবিয়া দেখিয়াছি? বসন্ত রোগ কিম্বা কুষ্ঠব্যাধিতে যে রূপ অচিরেই নষ্ট হইয়া যায়, এই রূপের গর্ব্ব করা বৃথা। ঠাকুর শ্রীভক্তি-বিনোদ গাহিয়াছেন :—

রূপের গৌরব কেন ভাই!
অমিয়া এ কলেবর, কভু নহে চিরতর,
পলক আইসে কিছু নাই।
এ অঙ্গ শীতল হবে, ধূলি শয্যায় শুইবে,
চিতায় আগুনে হবে ছাই॥

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীমদ্ভাগবত কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস-প্রণীত মূল, শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ-কৃত ভাবার্থ-দীপিকা, শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-কৃত সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, সংস্কৃত অন্বয় ও প্রতিশব্দ, তথা ও বিস্তৃতাধিকৃত। প্রতি স্কন্ধের আদিতে সেই স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ অধ্যায়ের সারমর্ম্ম সুবিস্তৃত ভাবার্থাদি বিবৃত। শ্লোকসূচী বিষয়সূচী, অধ্যায়বিবরণ, পাত্র ও স্থানসূচীসহ উত্তম কাগজে উত্তম অক্ষরে মুদ্রিত। প্রথম হইতে ১০ম স্কন্ধ পর্য্যন্ত ছাপা সম্পূর্ণরূপে শেষ হইয়াছে। ভিক্ষা প্রথম হইতে ৯ম স্কন্ধ পর্য্যন্ত ২১৸০; দশম স্কন্ধ ১২৲; সমগ্র ৪৩৲।

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদঠাকুর রচিত 'অমৃতপ্রবাহভাষ্য' ও শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লিখিত 'অনুভাষ্যে' শ্রুতি-স্মৃত্যাদি বহু শাস্ত্রপ্রমাণ-সম্বলিত হইয়া প্রকাশিত হইয়াছেন। শ্লোকের সারয়ব্যাখ্যা, বঙ্গানুবাদও প্রত্যেক পয়ারের পূর্ব্বে সন্নিবিষ্ট অভিধেয় সম্বন্ধেছিত। প্রত্যেক অধ্যায়-প্রারম্ভে কথাসার দেওয়া আছে। শ্লোক, পয়ার, পদ, স্থান, পাত্র প্রভৃতির সুবৃহৎ সূচী ও গ্রন্থকারের বিস্তৃত জীবনী সম্বলিত এইরূপ অভূতপূর্ব্ব সংস্করণ ইতঃপূর্ব্বে কখনি প্রকাশিত হয় নাই। উত্তম কাগজে পারিপাট্যের সহিত মূল গ্রন্থ একত্রে মূলাংশ মুদ্রিত হইয়াছে। গ্রন্থ প্রায় ১৫০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা বর্ত্তমানে ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, [illegible] গৌড়ীয় ভাষ্য, শব্দসূচী, পয়ারসূচী, বিষয়-স্থান পরিচায়িকা-সূচী, প্রভৃতি বিবিধ বিষয়-সম্বলিত বিরাট দ্বিতীয় সংস্করণ সুন্দর ক্রাউন ৮ পেজী আকার। আদিলীলা ও মধ্যের কিয়দংশ প্রকাশিত হইয়াছেন। ক্রমে ক্রমে প্রকাশিত হইতেছেন। অগ্রিম ভিক্ষা ৫৲ টাকা, আদি লীলার ভিক্ষা ৩৲।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের এরূপ অভিনব সুন্দর সংস্করণ আর কখনি প্রকাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকাংশের অন্বয়, বঙ্গানুবাদ, ভাষ্য, কথাসার, তথা প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। মূল মোটা অক্ষরে সুন্দর ক্রাউন আটপেজী সুবৃহদাকারে ছাপা হইয়াছে। মূল্য ১৪০ টাকা। নদীয়া প্রকাশ ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১২০ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

—শ্রীগৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি শ্রীশ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তীঠাকুর গোস্বামিকৃতা সারার্থবর্ষিণী টীকাসম্বলা ও শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'ভাষিক-ভূষণ' নামক ভাষ্যভাষ্যসম্বিতা। অধ্যায়সূচী, বাঙ্গালাক্রমে শ্লোক-সূচী, বিষয়-সূচী, গ্রন্থকারের জীবনী ও অবতরণিকাদি সহ [illegible] উৎকৃষ্ট বাঁধাই তৃতীয় সংস্করণ—৫ই মাত্র। [illegible] ভিক্ষা ২৲ টাকা মাত্র, সাধারণ সংস্করণ—১৲০ টাকা মাত্র।

ল প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের সেই অবিদ্যা বিধ্বংসিনী জীবাত্মস্বরূপবোধিনী কৃষ্ণ-কার্ষ্ণ-নিস্তারিণী ত্রিতাপ-বাধীর মূর্ত্ত-বিগ্রহ—বৈষ্ণবসিদ্ধান্ত-রত্নমালার কৌস্তুভমণি—সম্প্রদায় বৈষ্ণববিজ্ঞানাগারের মৌলিক তথা—পঞ্চরাত্র ও ভাগবতের সময়য়-গুরু—মহাজন-জীবনচরিত-শিক্ষক—চিন্তিলাবচিন্তাত্র অচিন্ত্যাত্র-বিচারক—ঐশ্বর্য্য ও মাধুর্য্যরসের মৌলিক গবেষণার —সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন-তত্ত্বের সিদ্ধান্ত সমূহ।

১। প্রথম খণ্ড—বৈষ্ণবদর্শন, শ্রীগুরুতত্ত্ব, কালধর্ম্ম, শ্রীমন্মহাবির্ভাব, শ্রীবার্ষভানবী, পাঞ্চরাত্রিকী দীক্ষা ও বর্ণ-বিচার, আত্মধর্ম্ম ও মনোধর্ম্ম, শ্রীচৈতন্যদেব ও তাঁহার শিক্ষা, অপ্রাকৃত সহজধর্ম্ম ও প্রাকৃত সহজধর্ম্ম, প্রভৃতি বিংশতি সংখ্যক প্রবন্ধে সুশোভিত। ভিক্ষা মাত্র ৸০ আনা।

২। দ্বিতীয় খণ্ড—গুরু ও শিক্ষা তত্ত্ব, মনুষ্যের শ্রেষ্ঠতা কোথায়, আত্মার নিত্যবৃত্তি, শ্রীগুরু স্বাভিপাদ ও মায়াবাদ, শ্রীগৌর-নিত্যানন্দপ্রসঙ্গ, ত্রিপুরের বধ ও কৃষ্ণ-কীর্ত্তন, শ্রীব্যাসপূজায় শ্রীমহাপ্রভুর কীর্ত্তন, শ্রীগৌর-ধামের মহিমা, মহাপ্রসাদ, শ্রীগোবিন্দ, শ্রীপ্রভুপাদপদ্মকমল-পথ, শ্রীমতী বৃষভানুনন্দিনী, শ্রীচৈতন্যের দয়া, গৌরকরুণা ও কৃষ্ণসঙ্কীর্ত্তন—চতুর্দ্দশ অপূর্ব্ব নবগিরাপূর্ণ-বক্তৃতা-বিবৃতিত। ভিক্ষা ২৲ এক টাকা মাত্র।

প্রথম ও দ্বিতীয়—দুই খণ্ড একত্রে লইলে ভিক্ষা ১১০ দেড় টাকা, ডাক খরচ স্বতন্ত্র।

শ্রীমদ্ভগবদ্গীতা

গৌড়ীয়-বৈষ্ণবধর্ম্মশিক্ষক-শেখর শ্রীশ্রীমদ্বলদেব বিদ্যাভূষণকৃত ভাষ্য ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের প্রাঞ্জল বঙ্গানুবাদ বিবৃত 'বিদ্বদ্রঞ্জন' নামক ভাষ্যযুক্ত। অধ্যায়-সূচী, বিষয়সূচী, ও প্রতি শ্লোকের প্রথম ও তৃতীয় [illegible] সূচী, ভাষ্যকারের জীবনী প্রভৃতি সন্নিবিষ্ট। [illegible] বাঁধাই, ছাত্রসংস্করণ (তৃতীয় সংস্করণ) গ্রন্থের ভিক্ষা ২৲ টাকা।

প্রমেয়রত্নাবলী

শ্রীবলদেব বিদ্যাভূষণ-প্রণীত বৈষ্ণবদর্শন, সম্বন্ধ ও গোবিন্দ-ভাষ্যাদি পাঠিবার প্রথম গ্রন্থ। উৎকৃষ্ট কাগজে ছাপা। সুবিস্তৃত টীকা ও প্রাঞ্জলবঙ্গানুবাদ-সাহায্যে অতি সহজে বালকেরও বোধগম্য হইয়া থাকে। ভিক্ষা ।৵০ আনা মাত্র।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

(প্রমাণখণ্ড) সানুবাদ। শ্রুতি-স্মৃত্যাদি গ্রন্থে শ্রীনবদ্বীপের যে মহিমা কীর্ত্তিত আছে, তাহার মূল সংস্কৃত ও অনুবাদ। ভিক্ষা ৵০ আনা।

শ্রীশ্রীনবদ্বীপভাবতরঙ্গ

শ্রীঠাকুর ভক্তিবিনোদ লিখিত। সুললিত গীতাকারে পরিক্রমার প্রণালী-বিবরক। ভিক্ষা ।০ আনা।

ভক্তিরত্নাকর ও নবদ্বীপ পরিক্রমা

শ্রীল নরহরি চক্রবর্ত্তী-ঠাকুর-রচিত। ভক্তিরত্নাকর হইতে পরিক্রমার অংশ মাত্র গৃহীত। শ্রীজীব গোস্বামী কি প্রকারে শ্রীনবদ্বীপধামের পরিক্রমা করিয়াছিলেন, তাহাই সরল বিবৃত। ভিক্ষা ।৵০ আনা

শ্রীচৈতন্যশিক্ষামৃত

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রণীত। ইহাতে শ্রীচৈতন্যদেবের শিক্ষা-প্রণালী [illegible] ভক্ত, কৃষ্ণশক্তি ও জীব—বদ্ধ ও মুক্ত জীব—অচিন্ত্য [illegible] তত্ত্ব—সাধন-নির্ণয়—প্রয়োজন-তত্ত্ব, ক [illegible] কাণ্ড, [illegible] বিচার—বৈধী ভক্তি, রাগভক্তি [illegible] প্রেমভক্তির নামকরণ-প্রণালী ও অষ্টকালীয় লীলা পরিচর্য্যা প্রথম শিক্ষার্থীর উপযোগী করিয়া সরল ভাষায় সমুদয় যুক্তিপ্রমাণসহ লিখিত আছে। চতুর্থ সংস্করণ বাঁধা ২৲ টাকা, আবাধা ১৸০ টাকা মাত্র।

গৌড়ীয়কণ্ঠহার

শ্রীগৌড়ীয়-বৈষ্ণবগণের অনুক্ষণ কণ্ঠে ধারণযোগ্য শ্রুতি স্মৃতি পুরাণ-পঞ্চরাত্রাদি সাত্বত-শাস্ত্রসমূহের প্রমাণাবলী বিশুদ্ধভাবক্রমে সাদুবাদ সন্নিবেশিত। এইরূপ বৈষ্ণব সিদ্ধান্তের সারসমন্বয় অন্য কুত্রাপি প্রকাশিত হয় নাই। ইহাতে গুরুতত্ত্ব—ভাগবত—বৈষ্ণব—গৌর—নিত্যানন্দ—অদ্বৈত—কৃষ্ণ—শক্তি—ভগবত্তত্ত্ব—জীব—অচিন্ত্যভেদাভেদ —অভিধেয়—সাধনভক্তি—বর্ণ-ধর্ম্ম—আশ্রম-ধর্ম্ম—গুরুপ্রা —শ্রীনাম—প্রয়োজন ও প্রমাণ-তত্ত্বগুলি পৃথক্ অধ্যায় সুবৃহৎ শ্লোকাদি সুচীসহ উৎকৃষ্ট এন্টিক কাগজে ক্রো ডু কালিতে মুদ্রিত, উৎকৃষ্ট বাঁধা সোনার জলে নাম লেখা গ্রন্থ প্রায় ৪০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা ২৲ টাকা মাত্র।

শ্রীনবদ্বীপধাম-প্রদক্ষিণী

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত 'নামমাহাত্ম্য—ধাম মাহাত্ম্যের সানুবাদ প্রমাণ খণ্ড—শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরের ধাম-পরিক্রমাংশ—শ্রীধাম নবদ্বীপ পরিক্রমা—ভক্তি যাত্রা পদ্ধতি—শ্রীমৎ প্রবোধানন্দকৃত নবদ্বীপশতকম্—শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ প্রভৃতি গ্রন্থ একত্র ভিক্ষা ৸০ আনা মাত্র।

শ্রীহরিনামামৃত ব্যাকরণ

শ্রীজীব গোস্বামী প্রভুপাদ-বিরচিত সূত্র ও বৃত্তি তৎসহ ওঁবিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের বিস্তৃত ভূমিকা ও সূচী প্রভৃতি সহ অপ্রত্যাশিতভাবে সুলভ। ভিক্ষা ২৲ টাকা, ছাত্রপক্ষে ১৸০ টাকা মাত্র।

বেদান্তসূত্রসার

শ্রীমদ্রামানুজাচার্য্য-রচিত। বেদান্তের বিশিষ্টাদ্বৈতবাদ প্রচারক শ্রীভাষ্য-প্রণেতা আচার্য্যপ্রবর বেদান্তদর্শন পাঠে উপযোগী করণার্থ এই উত্তম করিয়াছেন। ইহা বঙ্গানুবাদ ও সূচীপত্রাদি সংযোজিত করা হইয়াছে। নাম মাত্র ভিক্ষা ৸০ আনা।

শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও নবদ্বীপশতক

গৌরপার্ষদ ত্রিদণ্ডী শ্রীমৎ প্রবোধানন্দ সরস্বতী প্র মূল, প্রভুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহা সম্পাদিত অন্বয়মুখে ব্যাখ্যা ও বঙ্গানুবাদ সম্বলি নবদ্বীপশতকের শ্রীভক্তিবিনোদ ঠাকুরের পদ্যানুবাদ তৎসহ শ্রীমন্মহাপ্রভুর একটী চিত্রসম্বলিত অলৌকিক প্রবন্ধ হইয়াছে। মুদ্রণ ও কাগজ উৎকৃষ্ট (২ এক্ত্রে) ভিক্ষা ৸০ আনা, অতি সুলভ বাঁধাই ছাত্রসং ১৲ টাকা মাত্র।

ভক্তরক্ষা

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। এই একমাত্র গ্রন্থপাঠের জন্য যাহা কিছু করিলে পারমার্থিক রাজ্যে কিছুতেই অগ্রসর হওয়া যায় না তাহা পরিষ্কার করিয়া বলা হইয়াছে। পড়িতে পড়িতে একটি সরল ও অকপট গ্রন্থ এ পর্য্যন্ত পাওয়া যায় নাই, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর-মহোদয় মন্থন করিয়া [illegible] উদ্ধার করিয়াছেন। আবশ্যক অতিরিক্ত কথা, বাজারের বস্তাদি দ্বারা [illegible] করা হইয়াছে। বোর্ডে বাঁধা, সোনার জলে নাম লেখা, উৎকৃষ্ট বাঁধাই—চতুর্থ সংস্করণ মূল্য ২৲ টাকা মাত্র।

প্রেমবিবর্ত্ত

শ্রীমন্মহাপ্রভুর অন্তরঙ্গ পার্ষদ শ্রীল জগদানন্দ প্রণীত। এই পুস্তকে অতি সুললিত ভাষায় মহাপ্রভুর [illegible] বৈষ্ণবাচার, একাদশী ও নামকীর্ত্তন প্রণালী প্রভৃতি অনেক বৈষ্ণবতত্ত্বের মীমাংসা করিয়াছেন। পাষণ্ডীকার ভুক্ত আছে। নিত্যানন্দ ও ভক্তবৃন্দ পরিক্রমাদি-সম্বলিত চতুর্থ সংস্করণ মূল্য ৸৹ মাত্র।

ভজনরহস্য

ভজনকারীর নিত্যসঙ্গী; ঠাকুর ভক্তিবিনোদের [illegible] নাম; নিখিল পদের নির্য্যাস। গ্রন্থখানির [illegible] কেহ বুঝিতে পারিবেন না। তৃতীয় সংস্করণ [illegible]

হরিনামচিন্তামণি

নামাভাস শ্রীল হরিদাস ঠাকুরের মুখে শ্রীমন্মহাপ্রভু শ্রীনাম মাহাত্ম্য, নামাভাস, নামাপরাধ প্রভৃতি বিষয়ের [illegible] করিয়াছিলেন। এই বিষয় গুলির অতি সরল পয়ারে সংক্ষিপ্ত আলোচনা পরিশিষ্টরূপে [illegible] শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর রচিত। পঞ্চম সংস্করণ মূল্য ৵৹

কল্যাণকল্পতরু

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত। প্রত্যেক ভগবদ্বিশ্বাসী ও জ্ঞানপথের পথিকের একান্ত প্রয়োজনীয় উপদেশাবলীপূর্ণ হইয়াছে। সমাজে [illegible] প্রত্যেক এই ভগবদ্রাজ্যের স্থিতিমূলের দ্বারা অনর্থনিবৃত্তি ও ভগবৎসেবা লাভ করিবার সুবিধা পাইবেন। ষষ্ঠ সংস্করণ, মূল্য ৵৹ আনা মাত্র।

শরণাগতি

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত। ভগবানে আত্মসমর্পণ, বিজ্ঞপ্তি, ভজনলালসা, বহুবিধা শরণাগতি ও বিবিধ কাল্পনা-বিষয়ক স্থিতিপূর্ণ, মূল্য ৵৹ আনা মাত্র।

গীতাবলী

শ্রীঠাকুর ভক্তিবিনোদ-প্রণীত [illegible] নিত্য ভজন, আরাত্রিক ও প্রাতঃ-বোধনাদি-বিষয়ক মধুর গীতগুলি একত্রে গ্রথিত। মূল্য ৵৹ আনা মাত্র।

শ্রীসজ্জনতোষণী

রসিকেন্দ্রচূড়ামণি শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-বিরচিত রসগ্রন্থ। শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের অনুবাদ-সহ। মূল্য ।৹ আনা মাত্র।

সাধনপথ

শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ও শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর প্রতি শ্রীরূপ গোস্বামীর উপদেশবাণী, ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিষয়ে সুবিচারিত সমালোচন ভাষ্য, বিস্তৃত বিবৃতি, চরিতামৃতের প্রমাণ, সাধন ব্যাখ্যা ও মহাজন-গ্রন্থের অনুপযোগী শ্রীমন্মহ প্রত্যেক শ্লোকের সহিত সন্নিবেশিত হইয়াছে। ৩য় সংস্করণ মূল্য ।৵৹ আনা।

সাধন-কণ

শ্রীরঘুনাথ দাস গোস্বামীর মনঃশিক্ষা, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত পদ্যানুবাদসহ। মূল্য ৵৹ আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা

শ্রীল ঠাকুর নরোত্তমের স্বরচিত প্রেমভক্তিবিষয়ক পদের পুস্তক। মূল্য ৵৹ আনা মাত্র।

নবদ্বীপশতক

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত শ্রীল প্রবোধানন্দ সরস্বতী পাদের [illegible] নবদ্বীপশতকের সুললিত পদ্যানুবাদ। মূল্য ৵৹ আনা মাত্র।

অর্চ্চনচন্দ্রিকা

শ্রীল গোকুলানন্দ রচিত। বৈষ্ণবতা-জ্ঞানের আকর পুস্তক। মূল্য ৵৹ আনা মাত্র।

মনঃশিক্ষাস্তুতি

শ্রীল রঘুনাথ-প্রণীত। বৈষ্ণবের নিত্যকর্ত্তব্য সদাচার-পদ্ধতি, [illegible] মতে। মূল্য ৵৹ আনা মাত্র।

মণিমঞ্জরী

কবিকুলচূড়ামণি শ্রীরূপগোস্বামিপাদ রচিত। শ্রীমন্মহাপ্রভুর সংক্ষিপ্ত জীবনলীলা ও মূল বৈষ্ণব মন্ত্র। মূল্য ৵৹ আনা মাত্র।

গৌরকৃষ্ণোদয়

প্রাচীন কবি শ্রীগোবিন্দ দে প্রণীত শ্রীগৌরাবতারের [illegible] সম্বলিত সংস্করণ। মূল্য ৵৹ আনা।

মুক্তিমল্লিকা (গুণসৌরভ)

শ্রীমদ্ভক্তিপ্রজ্ঞানকেশব গোস্বামিপাদ। বঙ্গাক্ষরে সাধারণে এই গ্রন্থের প্রকাশ পারমার্থিক সাহিত্য-জগতে এই সর্ব্বপ্রথম। শ্রীমদ্ভক্তাচার্য্য হইতে গৌড়ীয়গণ দ্বিতীয় মধ্বাচার্য্য নামে খ্যাত শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী স্বামী এই গ্রন্থে মধ্বাচার্য্য [illegible] ও লৌকিক ন্যায়ানুসারে কিরূপ [illegible] ভক্তিবিরোধি-মতবাদ সমূহ খণ্ডন করিয়াছে, তাহা [illegible] করিতে পণ্ডিত আত্মারামের হইতে হয়। ইহাতে [illegible] দ্বারা চাকচিক্য, ভেদ, বোধ, ঐশ্বর্য্যবাদ ও মায়াবাদিমত-সমূহের সুন্দর খণ্ডন রহিয়াছে। মূল্য ২৲ টাকা মাত্র।

গোস্বামী শ্রীল রঘুনাথ দাস

(ও বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত ভূমিকা সহ) গৌরপ্রেষ্ঠ স্বরূপ-রূপের একমাত্র প্রিয়তম শ্রীল দাস গোস্বামী প্রভুর অপূর্ব্ব চরিতামৃত ও শিক্ষা অতীব প্রাঞ্জল ও সরল ভাষায় লিখিত এবং পরিশিষ্টে দাসগোস্বামী প্রভুর বিরচিত কতকগুলি মাধুর্য্যময় স্তব ও মনঃশিক্ষা-সম্বলিত। মূল্য বাঁধাই ।৹ আনা, আবাঁধাই ৵৹ আনা মাত্র।

চিত্রে নবদ্বীপ

প্রাচীন নবদ্বীপের অবস্থিতি, শোভা, ঐতিহ্য, গৌরব ঐতিহাসিক প্রমাণাদিসহ [illegible] বিষয়ক গ্রন্থ। রাজধিরাজাগ্রহের কুমার শ্রীযুক্ত শরদিন্দু রায় এম, এ, প্রণীত (লাহোর), [illegible] সম্বলিত এবং ৪৭ খানি, বিভিন্ন বর্ণের অপূর্ব্ব চিত্র [illegible] চিত্রিত; প্রাচ্যবিদ্যামহার্ণব রায় সাহেব শ্রীনগেন্দ্র নাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয়ের বিস্তৃত ভূমিকা সহ। উৎকৃষ্ট (ইং) মজবুত বাঁধাই মূল্য ১৷৹, ভিঃ পিঃ ১৷৵ টাকা মাত্র।

সাধন-কণ্ঠমালা

গুরুবন্দনা, বৈষ্ণব-বন্দনা, বৈষ্ণবস্মরণ, [illegible] শ্রীনামহট্ট, শ্রীমন্মহাপ্রভুর অষ্টোত্তরশত নাম, অষ্টপ্রহর নামকীর্ত্তন, শ্রীনামসঙ্কীর্ত্তন, প্রেমধ্বনি, বাউলগণের নবদ্বীপ-মহিমা, শ্রীমায়াপুর মহিমা, শ্রীনরোত্তম-প্রভুর [illegible] আচার্য্য-বন্দনা, বড়গোস্বামীর অষ্টক, প্রেমভক্তিচন্দ্রিকা উপদেশমালা নামভজন-প্রণালী, মহাপ্রভু ও রায় রামানন্দ সংবাদ, মনঃশিক্ষা, শ্রীগুরুপ্রণতি, শ্রীগুরু-পরম্পরা, মহাপ্রভুর বন্দনা প্রভৃতি সাধক ও সিদ্ধজীবনের নিত্যপাঠ্য বৈষ্ণবগণের কণ্ঠাশ্রিত তুলসীমালার ন্যায় অনুক্ষণ [illegible] ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ। মূল্য ।৵৹, বাঁধাই ।৹ মাত্র।

গৌড়ীয়-গৌরব

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয়-সম্পাদক শ্রীপাদ সুন্দরানন্দ পরবিদ্যাবিনোদ-প্রদত্ত বক্তৃতার বিবরণ গ্রন্থকারে প্রকাশিত। ইহাতে গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ের [illegible] ইতিহাস সুন্দরাকারে লিখিত হইয়াছে। মূল্য ৵৹ মাত্র।

গৌড়ীয় সাহিত্য

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয়-সম্পাদক শ্রীপাদ সুন্দরানন্দ পরবিদ্যাবিনোদপ্রভু এম্‌এর বক্তৃতার বিবরণ গ্রন্থাকারে প্রকাশিত। ইহাতে সাহিত্য-পদের অর্থ ও গৌড়ীয়-সাহিত্যের বিষয় সুন্দরাকারে বর্ণিত হইয়াছে। মূল্য ।৹ আনা মাত্র।

শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা-দর্পণ

শ্রীগৌড়দেশের যে সকল স্থানে সপরিকর শ্রীমন্মহাপ্রভু এবং তদনুগ পরবর্ত্তী মহাজনগণ লীলা করিয়া গিয়াছেন সেই সব আধুনিক ভৌগোলিক পরিচয় ও রেলবিবরণী, পরিচয় সহ যাতায়াতের সুবিধা নির্দ্দেশ ইত্যাদি বিষয়ক সন্নিবেশিত আছে। মূল্য ।৹ আনা।

THE HARMONIST OR SHREE SAJJANATOSHANI

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রতিষ্ঠিত এবং শ্রীল ভক্তি সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত পারমার্থিক মাসিক পত্র। এক্ষণে ইহার অষ্টাত্রিংশ [illegible] ডবলক্রাউন ৮ পেজী ৪ ফর্ম্মা আকারে প্রতি মাসে [illegible] নামের বিজ্ঞ-বৈষ্ণবগণ লইয়া উপস্থিত হইতেছে। কাগজ, মুদ্রণ-পারিপাট্য ও চিত্রাদি অতীব চিত্তাকর্ষক। এই প্রকার উৎকৃষ্ট প্রবন্ধ আর কোন মাসিক পত্রিকায় দেখিতে পাইবেন না। বার্ষিক মূল্য ডাকমাশুলসহ ২৲ টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর নদীয়া।

বিশ্ববৈষ্ণব রাজসভার শুদ্ধভক্তিমঠসমূহ

—চৈতন্য মঠ

আকর মঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীধাম মায়াপুর, নদীয়া

শ্রীমন্দিরোদ্যানস্থিত ৬ষ্ঠ হইতে প্রায় ৩০ বহু উত্তর-পূর্বে শ্রীজলপঙ্গমে আচার্যবর শ্রীচক্রশেখর-ভবনে শ্রীশ্রীচৈতন্য-মঠ বিরাজমান।

এই স্থান সাধন-তীর্থ, পরবিদ্যাপীঠ বা সাধক ভজনস্থলী। এই মহাতীর্থে শ্রীহরিনামামৃত ব্যাকরণাদি-বেদাঙ্গসমূহ, পরবিদ্যার অন্তর্গত কাব্য, নাটক, অলঙ্কার, তথা প্রমাণ-উপনিষদ্-গীতা-সূত্র-ভাষ্য-চতুষ্টয়ের অধ্যয়ন ও অধ্যাপনা এবং তথায় শ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্বিকা-গিরিধর ও সাধক সাম্প্রদায়িক-আচার্য-চতুষ্টয় তাঁহাদের উপাস্য বিগ্রহের পরিচর্যা নিষ্ঠা সেবিত হইতেছেন। এই মঠহতে পারমার্থিক বৈষ্ণিকপত্র সাধক-সম্প্রদায়ের অপ্রকাশিত ও প্রাচীন গ্রন্থরাজি প্রচারকল্পে 'নবীনা-প্রকাশ' যন্ত্রালয় প্রতিষ্ঠিত হইয়াছেন। প্রতিবৎসর শ্রীধাম-পরিক্রমানুষ্ঠান ও অন্যান্য ভক্তগোষ্ঠীসহ কীর্তন প্রভাবমুখে মহামহোৎসবাদি ভক্তাঙ্গ অনুষ্ঠিত হইয়া থাকে। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপাদ নরহরিজী। সংকারী—শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী, পণ্ডিত শ্রীপাদ গৌরহরি ব্রহ্মচারী ব্যাকরণতীর্থ, শ্রীপাদ গৌরচন্দ্র ব্রহ্মচারী, পণ্ডিত শ্রীবাসুদেবানন্দ ব্রহ্মচারী, শ্রীযুক্ত নবীগোপাল বন্দ্যোপাধ্যায়, শ্রীহরেরাম দাস ব্রহ্মচারী প্রমুখ সজ্জনগণ।

[illegible] শ্রীমন্মহাপ্রভুর শ্রীমন্দির এবং ভক্তিরত্না শ্রীমন্দির ভক্তিরত্নের

(২) শ্রীগৌড়ীয় মঠ

১৬ নং কালিপ্রসাদ চক্রবর্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

টেলিফোন বি, বি, ৪১১৫

শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত শুদ্ধভক্তি-প্রচারোদ্দেশে গৌড়মণ্ডলের সর্বপ্রধান নগরী কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত আছেন। এই ভক্ত সঙ্ঘারামে শ্রীগুরু-গৌরাঙ্গ-শ্রীবিনোদানন্দ নীড় সদাসর্বদা নিত্য সেবিত হন। গৌড়ী আচার্যবর্গের যাবতীয় গ্রন্থাবলীর প্রচারোদ্দেশে শ্রীমঠে সংলগ্ন একটী সুবৃহৎ মুদ্রা যন্ত্রালয় সংস্থাপিত হইয়াছেন। পৃথিবীর সর্বত্র শ্রীগৌরবাণী-প্রচারার্থ এই যন্ত্রালয় হইতে 'গৌড়ীয়' সাপ্তাহিক পত্র, দি জয়ন্তমিষ্টে মাসিক পত্রিকা ইংরাজী ভাষায় নিয়মিতভাবে প্রকাশিত হইতেছেন। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্তন, সপ্রসঙ্গ-চতুষ্টয়-সেবাদি শ্রীমদ্ভাগবত, শ্রীচৈতন্য-চরিতামৃতাদি-লীলা ও তত্ত্বগ্রন্থের সম্যক্ আলোচনা হইয়া থাকে। মঠরক্ষক—আচার্যাত্মিক শ্রীপাদ কৃষ্ণবিহারী বিদ্যাভূষণ। সহকারী—পণ্ডিত শ্রীপাদ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ বি-এ, শ্রীপাদ গুণধরানন্দ পরবিদ্যাবিনোদ বি-এ, শ্রীপাদ হরিবিহারী ব্রহ্মচারী, শ্রীপাদ অপরুদ্ধারণ ধারাধিকারী বি-এ, শ্রীপাদ জয়গোপাল ধারাধিকারী, ব্রহ্মচারী শ্রীকীর্তনানন্দ, ব্রহ্মচারী শ্রীপ্যারীমোহন, ব্রহ্মচারী শ্রীকৃষ্ণানন্দ ভক্তিশাস্ত্রী, ব্রহ্মচারী শ্রীদেবকীনন্দন, পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ পরবিদ্যানন্দার ভক্তিশাস্ত্র প্রভৃতি।

(৩) যোগপীঠ শ্রীমন্দির

এই স্থান শ্রীজগন্নাথমিশ্রের ভবন ও শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। এখানে শ্রীমদ্ভীপ্রিয়া ও শ্রীবিষ্ণুপ্রিয়াসহ শ্রীগৌরনারায়ণ এবং শ্রীচৈতন্য ও শ্রীনিতাইচাঁদের নিত্য সেবা তথা শ্রীপঞ্চতত্ত্বের সেবা বর্তমান। রক্ষক—গোস্বামী ভট্টাচার্য শ্রীযুক্ত শ্রীমান্ত। সংকারী শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী শ্রীগোবিন্দ ব্রহ্মচারী। শ্রীনিবাসদাস আধিকারী, দেবসেবা শ্রীরাধেশ্যাম।

(৪) শ্রীবাস-অঙ্গন

শ্রীমন্মহাপ্রভুর কীর্তন-বিলাস ও শ্রীগৌরলীলার স্থানসমূহ। এখানে শ্রীশ্রীগৌর-নিতাইচাঁদ ও পঞ্চতত্ত্বের সেবা বর্তমান। রক্ষক—শ্রীরাধাশ্যাম ব্রহ্মচারী, শ্রীমন্মহাপ্রভু, শ্রীগোকুলদাস বাবাজী।

(৫) অদ্বৈত-ভবন

এই স্থানে শ্রীঅদ্বৈত প্রভুর ভবন এবং সেবা বর্তমান।

(৬) কাজীর সমাধি পীঠ

প্রাচীন মায়াপুর, যবনপুকুর (নদীয়া শ্রীগৌরকৃপাপাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—ব্রহ্মচারী শ্রীবিনোদবিহারী।

(৭) আনন্দ সুখদ-কুঞ্জ

শ্রীযোগাদ্য, ঋতুদ্বীপ (নদীয়া)

এখানে শ্রীবিষ্ণুপ্রিয়া শ্রীল ভক্তিবিনোদঠাকুর। সমাধি এবং শ্রীগৌরসুধাকর এবং শ্রীশ্রীরাধামাধবের সেবা বর্তমান

রক্ষক—ভক্তিকুসুম ভাস্কর ব্রহ্মচারী [illegible] ব্রহ্মচারী এম, এস, এস।

(৮ শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

ময়মনসিংহ।

রক্ষক—শ্রীবল্লভ ভক্তিশাস্ত্রী এম, এ বি, এল, সংকারী—শ্রীউদ্ধবদাস ভক্তিশাস্ত্রী, শ্রীউদ্ধব অধিকারী প্রভৃতি।

(৯) শ্রীগৌর-গদাধর-মঠ

চাঁপাতলী, সমুদ্রগড়, (বর্দ্ধমান)

শ্রীল বাণীনাথের প্রতিষ্ঠিত গৌরগদাধর সেবা। রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম

(১০ শ্রীরূপগৌড়ীয়-মঠ

বারাসত, প্রয়াগ ষ্টেঃ, পি

রক্ষক—শ্রীবিলাস ব্রহ্মচারী, শ্রীকুলশেখর ব্রহ্মচারী।

(১১) শ্রীযোগাদ্যমন্দির—

নাটপাড়ি, জয়নগর, বর্দ্ধমান।

শ্রীরাসবিহারী ঠাকুর বৃন্দাবনের স্থান। রক্ষক—শ্রীবল্লভবিহারী ব্রহ্মচারী।

(১২) ভাগবত আসন

শ্রীভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া ভাগবত-সিদ্ধান্ত গ্রন্থাবলী প্রচার-কেন্দ্র রক্ষক—শ্রীবলানন্দ ব্রহ্মচারী।

(১৩) শ্রীএকায়ন মঠ

টোলপাড়ী, গোয়াড়ী, কৃষ্ণনগর, নদীয়া রক্ষক—শ্রীবল্লভানন্দ ব্রহ্মচারী।

(১৪) শ্রীমাধ্ব-গৌড়ীয় মঠ

৯০নং নবাবপুর রোড, ঢাকা।

পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র, এখানে শ্রীশ্রী গৌরাঙ্গ গান্ধর্বা-গিরিধরের সেবা বর্তমান রক্ষক—শ্রীগোবল্লভ ব্রহ্মচারী।

(১৫) শ্রীগোপালজী মঠ

কমলাপুর, ঢাকা।

গোপালজীর শ্রীবিগ্রহের প্রাচীন সে [illegible] ব্রহ্মচারী।

(১৬) শ্রীগদাই-গৌরাঙ্গ মঠ

হরিকিঙ্করাবলী সভা, বাগির চাকা

শ্রীগদাই-গৌরাঙ্গের নিত্য সেবা রক্ষক—শ্রীপূর্ণপ্রজ ব্রহ্মচারী।

(১৭: শ্রীভাগবতজনানন্দ মঠ

চিকলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্বিকা গিরিধারীর নিত্যসেবা বর্তমান। রক্ষক—ব্রজবাসী শ্রীভগবান্দাসজী। ব্রহ্মচারী পরানন্দ

(১৮) আমলাযোড়া শ্রীপদ্মাশ্রম

রাজবাঁধ পোঃ বর্দ্ধমান।

শ্রীগুরুগৌরাঙ্গ-শ্রীরাধিকা গিরিধারীর নিত্যসেবা। রক্ষক—ব্রজবাসী শ্রীহরিকিশোর।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

কদমতলা, পুরী, উড়িষ্যা।

এখানে শ্রীগৌর-বিনোদমাধবজীর নিত্য সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমানন্দ বিদ্যারত্ন, ব্রহ্মচারী শ্রীনন্দীয়ানন্দ।

(২০) শ্রীব্রহ্ম-গৌড়ীয় মঠ

আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী।

জগন্নাথদেবের অনবসর সময়ে শ্রীমন্দির প্রভুর অবস্থান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমেশ্বরী প্রসাদজী। সংকারী—ব্রহ্মচারী শ্রীবিশিনবিহারী।

(২১) শ্রীসচ্চিদানন্দ মঠ

উড়িষ্যাবাজার, কটক।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-বিনোদরত্ন গৌর বিগ্রহসেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমেশ্বর

(২২) শ্রীসনাতন-গৌড়ীয় মঠ

৯নং জগন্নাথবল্লভপুরা, কাশী।

গৌর-পরাক্ষপুর সনাতন-শিক্ষাদি এখানে গৌরসেবা বর্তমান। রক্ষক শ্রীমানকীনাথজী।

(২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

শ্রীবসিংহদাস কুঞ্জ, শ্রীধাম বৃন্দাবন।

শ্রীশ্রীরাধা-ব্রজ-মোহনজীর সেবা রক্ষক—শ্রীগণপতিনাথ ব্রহ্মচারী

(২৪) শ্রীপরমহংস মঠ

মৈথিয়ারণ্য, সীতাপুর

এখানে শ্রীভাগবত পাঠশালা শ্রীগৌর-বিনোদ বিলাসজীর সেবা বর্তমা রক্ষক—ব্রহ্মচারী শ্রীনৃসিংহানন্দ ও ব্রহ্ম শ্রীনন্দদুলাল।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ

চুয়াডুঙ্গা, চিয়াডুঙ্গা, মানভূম।

শ্রীচৈতন্য-মঠের শাখা। রক্ষক—শ্রী নাথ রায়, শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী। শ্রী তীর্থ সেবাধিকার।

(২৬) ব্যাসগৌড়ীয় মঠ

কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল। এ শ্রীগৌরবিনোদ-ধামের সেবা বর্তম রক্ষক—ব্রহ্মচারী শ্রীনন্দনজী।

(২৭) ব্রাহ্মণপাড়া শ্রীপদ্মাশ্রম-

ব্রাহ্মণপাড়া, পোঃ বাজু, হাবড়া

এখানে বহুভুজমূর্তি শ্রীগৌরাঙ্গের বর্তমান। রক্ষক—এজবাসী শ্রীরাধা দাস, শ্রীরাধারমণ ব্রহ্মচারী।

(২৮) দিল্লী গৌড়ীয় মঠ—কার্য্যা

১৮ কেশ ডোরার, দিল্লী দিল্লী।

রক্ষক—নিবন্ধিবাসী শ্রীমদ্ভক্তি গিরি মহারাজ, শ্রীরাধাচরণচরণপদ্ম

(২৯) গোয়ালপাড়া শ্রীপদ্মাশ্র

রক্ষক—ব্রহ্মচারী শ্রীরাধাগোবিন্দ

ত সুভাষচন্দ্রের বক্তৃতা

গত ১২ই মে অপরাহ্ণে শ্রীহট্ট টাউন
ল শ্রীযুত বসন্ত দাসের সভাপতিত্বে
কটি জনসভার অধিবেশন হয়। এই
ায় শ্রীযুত সুভাষচন্দ্র বসু বিভিন্ন দলের
গ্রেস কর্ম্মীদের মধ্যে ঐক্য সাধনের
আবেদনটী তাঁহার আবেদন করিয়া
ন,—"দেশবন্ধুর মৃত্যুর পর হইতে
ালীদের অবস্থা যেন অনাথের ন্যায়
য়াছে। বিরাট ব্যক্তিত্বশালী কোন
প্রিয় নেতা পরলোকগমন করিলে
ণ হওয়া স্বাভাবিক বটে। রাজ-
তিক প্রতিষ্ঠানে বিরোধ ও বিসম্বাদ
ছু অস্বাভাবিক নহে। কিন্তু আমাদের
াগ্যবশতঃ এই সমস্ত শোচনীয় বিবাদ
ম্বাদ বাঙ্গালার ছাত্র এবং যুবকদের
ধ্যও আত্মপ্রকাশ করে। যুবকদের
র পবিত্র হইবে, তাহাদের আদর্শ
ট এবং মহান্ হইবে—ইহাই আমরা
শা করি। কিন্তু তাহারাই যখন
রেদের মধ্যে ভেদ বিসম্বাদে মগ্ন হয়
ন আমার অন্তরে দুঃখ হয়। কিন্তু
লায় এইরূপ অবস্থার জন্য দায়ী কে?
সমস্ত বিরোধের মূল কোথায়? সমস্ত
ালী জাতিকে কি এজন্য দায়ী করিতে
বে? অথবা ইহা কি দেশের নেতা
কর্ম্মীদের দোষ? আমার সম্বন্ধে
মি বলিতে পারি, বাঙ্গালী জাতির
র আমার মনমন্ত্রীয় বিশ্বাস আছে।
ার আমাদেরই, কেননা আমরা এমন
কজন ব্যক্তিত্বশালী পুরুষ খুঁজিয়া
াইতে পারি নাই, যিনি সকলকে
ক মিলনের সূত্রে আবদ্ধ করিতে
রেন

নিজের অস্তিত্ব দান

অতঃপর শ্রীযুত বসু বলিতে থাকেন,
দি কোন ব্যক্তি জাতির প্রতিনিধি
তে চায়, যদি কোন ব্যক্তি সমগ্র
তিকে জাগাইবার শক্তি লাভ করিতে
া করে, তবে জাতির আত্মার জন্য
ের অস্তিত্বকে দান করিতে হইবে।
নি এক ব্যক্তিত্বশালী পুরুষ ছিলেন
শবন্ধু। যখন তিনি কথা বলিতেন
খন তাঁহার স্বর হইতে অপ্রতিহত,
কমনা তাঁহার স্বর ছিল অখণ্ড বাঙ্গলার
র। আসুন, কর্ম্মপ্রার্থনার উপা-
ার মধ্য দিয়া আমরা দেশবন্ধুর ন্যায়
ক উন্নত ব্যক্তিত্বশালী পুরুষ সৃষ্টি
রিবার চেষ্টা করি। তাহা হইলেই
মরা সকল বিরোধের মূলোচ্ছেদ
রিতে পারিব। বিবাদ বিসম্বাদ যদি
ঁদিনের জন্য সমাহিত করিতে হয়
বে দৃষ্টির প্রসারতা এবং হৃদয়ের উদারতা
প্রার্থনা। বিগত ফাল্গুন মাস কাল

বাসিগণ দেশের জন্য বিপুল ত্যাগ স্বীকার করিয়াছে। বিগত ৫০ বৎসরকাল তাহারা জাতীয় আন্দোলনে অদ্ভুত সাহায্য করিয়াছে। স্বাধীনতার সেই সব বীর সৈনিক আজ দেশের এই অবস্থায় মাতৃভূমির সেবায় মিলিত হউক এবং ভেদ বিসম্বাদে বিচ্ছিন্ন বাঙ্গলার সম্মুখে এক উজ্জ্বল আদর্শ স্থাপন করুক। অতি সুন্দর এই শ্রীহট্ট জেলা—ইহার নরনারীর হৃদয়ও সুন্দর না হইয়া পারে না। সমস্ত ভেদাভেদ বিলুপ্ত করিয়া বাঙ্গলা দেশ কিরূপে কংগ্রেসের পতাকাতলে মিলিত হইয়া শত্রুর সম্মুখে বজ্রবৎ দণ্ডায়মান হইতে পারে, আজ শ্রীহট্টের নরনারীগণ তাহা বাঙ্গালাকে প্রদর্শন করুক।"

বক্তৃতা শেষে শ্রীযুত বসু যখন আসন গ্রহণ করেন তখন সমবেত জনমণ্ডলী বহু নির্ঘোষে হর্ষধ্বনি করেন।

স্পেনে সামরিক আইন

প্রকাশ, স্পেনে সামরিক আইন জারী করা হইয়াছে। শ্রমিকদিগকে কাজে যোগদান করার জন্য ন্যাশনাল কোঃ ইউনিয়নে চেষ্টা করিয়াছিলেন তাহা সম্পূর্ণ নিষ্ফল হইয়াছে। ট্রাম ও ট্যাক্সি চলাচল একেবারে বন্ধ হইয়াছে, অধিকাংশ ফ্যাক্টরী, কারখানা বন্ধ। নিকটবর্ত্তী গ্রামসমূহ হইতে দলে দলে শ্রমিকেরা রাজধানীর দিকে আসিতেছে। মাদ্রিদে প্রবেশ করার সমস্ত প্রধান প্রধান রাস্তাই বন্ধ।

বহু দোকান বন্ধ হইয়া গিয়াছে। জেনারেল বেরেঙ্গুয়ারকে মুক্তি দেওয়ায় শ্রমিকগণের মধ্যে অসন্তোষ দেখা দিয়াছে।

জেনারেল বেরেঙ্গুয়ার আবার ধৃত

স্পেনের ভূতপূর্ব রাষ্ট্রনায়ক জেনারেল বেরেঙ্গুয়া ধৃত হইয়া সুপ্রিম কোর্টের বিচারে মুক্তি পান, কিন্তু জনসাধারণ তাঁহাকে গ্রেপ্তার করিবার জন্য দাবী করতে পুনরায় তাঁহাকে গ্রেপ্তার করিয়া সামরিক বন্দিশালায় আবদ্ধ করিয়াছে।

বর্ত্তমানে অবস্থা শান্ত

প্রকাশ, ১২ই মে মাদ্রিদ সহর শান্তভাব অবলম্বন করিয়াছেন। সহরের দোকানপাট পুনরায় খুলিয়াছে এবং রাজপথে নৈরবলের পাহারা ব্যতীত সহরে পূর্ব্বাবস্থা ফিরিয়া আসিয়াছে। জেসুইট সম্প্রদায়ের পাদ্রীগণ গোলমালের অনেক পূর্ব্বেই কাগজপত্র ফ্রান্সে পাঠাইয়া দিয়াছিলেন এবং গোলমালের সময়ে স্বল্পসংখ্যক সাধারণ পোষাকে গীর্জ্জা হইতে বাহির হইয়া গিয়া আত্মরক্ষা করিয়াছিলেন। তবু গীর্জ্জা ধ্বংসীভূত হইলেও কাহাকেও হত্যা করা হয় নাই। অথবা কোন জিনিষ লুণ্ঠন করা হয় নাই। গবর্ণমেণ্ট পক্ষ বলিতেছেন যে, রাজতন্ত্রী ও কমিউনিষ্টদল ষড়যন্ত্র করিয়াই এই সব কাজ করিতেছে।

স্পেনে ভীষণ অরাজকতা
দশটি গীর্জ্জা ভস্মীভূত

স্পেনের মন্ত্রীসভা দেশের সর্ব্বত্র ইক একচেঞ্জের কাজ বন্ধ করিয়া দিয়াছেন। ঘরাই সচিব ঘোষণা করিয়াছেন যে দশটী গীর্জ্জা ভস্মীভূত হইয়াছে। যাহাতে এই সবের উৎপাত না হয় তজ্জন্য গবর্ণমেণ্ট চেষ্টা করিতেছেন।

বার্লিনে আফগান মন্ত্রী

কাবুল হইতে ভূতপূর্ব আমীর আমানুল্লার পররাষ্ট্রসচিব মোহাম্মদ সাদিক খাঁ ১২ই সেপ্তোয়ার পৌঁছিয়াছেন। তিনি সর্দ্দার আবদুল হাদি খাঁ প্রমুখ মন্ত্রী পরিত্যাগ করায় আফগান মন্ত্রী হিসাবে কাজেণ্ট যাইতেছেন।

সাম্প্রদায়িক সমস্যার মীমাংসা
মুস্লিম লীগের সেক্রেটারীর ভার

নিখিল ভারত মুস্লিম লীগের সম্পাদক মৌঃ মহম্মদ ইসাকুব কুপাগের সম্বন্ধে সাম্প্রদায়িক সমস্যার সমাধানের সম্পর্কে নিম্নমর্ম্মে বিবৃতি দিয়াছেন:—"সাম্প্রদায়িক সমস্যা সমাধানের সম্পর্কে আপনার প্রচেষ্টা অতীব প্রশংসনীয়। মুসলমানদের মধ্যে ঐক্যই সমস্ত সমস্যা সমাধানের একমাত্র উপায়। মুসলমানদের সমস্ত দলকেই এক হতে হবে। মুসলীম লীগ এজন্য সর্ব্বপ্রকার সাহায্য করিতে প্রস্তুত।"

সুরমা উপত্যকা
মহিলা সম্মেলন

তিন দিন অধিবেশনের পর গত ১২ই মে সুরমা উপত্যকা মহিলা সম্মেলনের অধিবেশন শেষ হয়। দীর্ঘকাল বিতর্কের পর ১২টি প্রস্তাব সম্মেলনে পরিগৃহীত হয়, প্রতিনিধিরা সকলে এই বিতর্কে যোগদান করেন। পণ্ডিত মতিলাল নেহেরু মৌলানা, মহম্মদ আলী, পণ্ডিত গণেশশঙ্কর বিদ্যার্থী, স্বামী শ্রদ্ধা, প্রমোদরঞ্জন প্রভৃতি যাঁহারা দেশসেবায় জীবন দান করিয়াছেন, তাঁহাদের মৃত্যুতে শোক প্রকাশ করিয়া সভানেত্রী প্রস্তাব উপস্থিত করেন, উহা সর্ব্বসম্মতিক্রমে পরিগৃহীত হয়। অন্যান্য প্রস্তাবে মুক্তি রাজনীতিক বন্দীদের মুক্তির দাবী করা হয়, যুক্ত নির্ব্বাচন প্রথার সমর্থন করা হয়, এবং ময়মনসিংহে একজন লোক শ্রীযুত যতীন্দ্রমোহন সেনগুপ্তের প্রতি যেরূপ আচরণ করিয়াছে, তাহার তীব্র নিন্দাবাদ করা হয়। সম্মেলন এই সঙ্কল্প গ্রহণ করেন যে, সামাজিক এবং রাজনৈতিক কার্য্যের জন্য নারীদিগকে শিক্ষিত করিবার উদ্দেশ্যে জেলার পল্লীতে পল্লীতে মহিলা সমিতিসমূহ প্রতিষ্ঠা করা হইবে এবং গ্রামা মহিলা-সমিতিসমূহের সদস্যদের দ্বারা প্রস্তুত জিনিষ পত্র বিক্রয়ের জন্য শ্রীহট্টে একটি কো-অপারেটিভ ষ্টোর খোলা হইবে। জাতি ধর্ম্ম নির্ব্বিশেষে নারী-পুরুষে বিবাহের প্রস্তাব এবং হিন্দু রমণীদের বিবাহচ্ছেদের অধিকারের দাবী করিয়া দুটি প্রস্তাব উপস্থিত করা হইয়াছিল কিন্তু বিপক্ষ নির্ব্বাচনী সমিতিতে তুমুল বাদ বিতর্কের পর উহা অগ্রাহ্য হইয়া যায়।

সিরাজগঞ্জ লাইনে ট্রেণ দুর্ঘটনা

গত ১২ই মে রাত্রি ১২।৩৫ মিনিটের সময় বিলপাশায় ও পরহলগের মধ্যে ২৮ নং ডাউন সিরাজগঞ্জ কলিকাতা প্যাসেঞ্জার ট্রেণখানা লাইনচ্যুত হইয়া যায়। ইঞ্জিন বেচারাও তিনখানা গাড়ী লাইনচ্যুত হয়। ইন্টার ও থার্ডক্লাস কম্পোজিট বগি, এবং ১মশ্রেণীর ব্রেকটী কম্পোজিট বগি খানা লাইনচ্যুত হয়। ইঞ্জিনের তিনজন খালাসী আহত হইয়াছে, কেহ নিহত হইয়াছে কি না জানা যায় নাই। ট্রাফিক সুপারিণ্টেণ্ডেণ্ট গত ১২ই সকল ট্রেণের যাতায়াত বন্ধ করিয়া দিয়াছেন। ২৮ নং ডাউন ট্রেণের যেখানে সিরাজগঞ্জ বিলপাশার মধ্যে যাতায়াত করিতেছে।

কেন্দ্রীয় ব্যয়সঙ্কোচ সমিতি

পাঠকগণ অবগত আছেন, ব্যয়সঙ্কোচ পরিষদের ১৭ জন সভ্য লইয়া কেন্দ্রীয় ব্যয়সঙ্কোচ সমিতি গঠিত হইয়াছে। আগামী সপ্তাহে তাহার অধিবেশন বসিবে। এই ১১ জন সভ্য ব্যয়সঙ্কোচ সম্পর্কে মোটামুটি কি পন্থা অবলম্বন করিবেন, তাহা স্থির করিবেন এবং তাঁহাদের মধ্যে হইতে ছয় জনকে লইয়া আর একটী কমিটি গঠন করা হইবে। তাঁহারা পুঙ্খানুপুঙ্খরূপে বিষয় সম্পর্কে আলোচনা করিবেন।

"শ্রীনাথ"
টেলি- নবদ্বীপ

Reg No C.154

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৮৲
অর্দ্ধ কলম ৫৲০
সিকি কলম ২৲
কভারের হার

দৈনিক নদীয়া-প্রকাশ

সাধারণ আগ্রাহকের জন্য।
মাসিক ৷৲
ষাণ্মাসিক ৫৲
বৈমাসিক ২৷৷০
মফঃস্বলে ১৲
নমুনা
প্রতি সংখ্যা ৫

ভা নবদ্বীপ-প্রকাশ—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

খণ্ড] সম্পাদক—শ্রীযুক্ত তীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [৬৫শ সংখ্যা

শ্রীচৈতন্যাব্দ শ্রীবাস আঙ্গিনা- ৪৪। জৈষ্ঠ সোমবার ১৩৪৮, ১৮ই মে ১৯৪১

নানা কথা

কৃষ্ণনগরে বিস্ফোরক আইনের মামলা

সমর ঘুর্ণায়মান ও অন্য ২ জনের বিরুদ্ধে বিস্ফোরক দ্রব্য ঘটিত আইনের ৪, ফৌজদারী অনুসারে মামলা চলিতেছে। ... মামলায় এপর্য্যন্ত সমস্ত পদস্থ ... ঘুঘী না পাওয়াতে ২৷৩বে যে তারিখে ... মামলা স্থগিত আছে।

ফুটিয়ায় ভীষণ অন্নকষ্ট

এক সংবাদ মারিচাতে যে ফুটিয়া ... ৮।১০টি গ্রামে অর্থাভাবের দরুণ ভীষণ অন্নকষ্ট দেখা দিয়াছে। অনেক লোক অনাহারে থাকিতেছে এবং কেহ কেহ মুড়ি চিড়া খাইয়া জীবনরক্ষা করিতেছে। জনসাধারণকে কথঞ্চিৎ সাহায্য করিবার জন্য কতিপয় উৎসাহী যুবক একটি সঙ্ঘ গঠন করিয়া কিঞ্চিদধিক অর্থ ... অনেককে সাহায্য করিতেছে।

ফুটিয়ায় প্রতারণা

... স্থানীয় ব্যবসায়ী বাবু তারিণীপদ পালের নিকট হইতে প্রতারণা করিয়া একজনের ... টাকার ৫ খানা নোট লইয়া যে ব্যক্তি পলায়ন করিয়াছিল, সে আদালতে আত্মসমর্পণ করিয়াছে এবং ৮০০ টাকার জামীননামা মুচলেকা দাখিল করিয়াছে। অনেক লোক তাহাকে সনাক্ত করিয়াছে। এই প্রতারণা সম্পর্কে আর এক ব্যক্তিকে এক হাজার টাকার ... খানা নোট এবং একশত টাকার ... করেকখানা নোটসহ প্রথমেই গ্রেপ্তার ... হাজতে আছে।

...ায় ভীষণ

কৃষ্ণনগর বিস্ফোরক আইনের মামলা

বিপদ আসিতেছে

ট্রেণের কামরায় ইউরোপীয় যাত্রীর মৃতদেহ

কুষ্ঠিয়ায় প্রতারণা

গান্ধীজীর স্বরাজ সচিবের সহিত আলোচনা

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার—গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বিপদ আসিতেছে

করাচীর হাঙ্গামা সম্পর্কে মহাত্মা 'গান্ধী বিপদ আসিতেছে' শীর্ষক এক প্রবন্ধে লিখিতেছেন :—

"করাচীর ঘটনা হইতে এই শিক্ষা পাওয়া যায় যে, কংগ্রেসসেবীদের কার্য্য যদি সত্যাগ্রহের নিয়ম অনুযায়ী না হয় তবে কংগ্রেসের কার্য্য তথা অন্যান্য দেশহিতকর কার্য্য সাময়িক বা চিরের অভাবে প্রবল বন্যার ভাসিয়া যাইবার সম্ভাবনা রহিয়াছে। ঝড় বন্যা চিরকালই আসিবে কিন্তু ঝড় ও বন্যা হইতে রক্ষা পাইবার জন্য যেমন বাঁধের দরকার হয়, বিপদ্‌আপদ হইতে রক্ষা পাইবার জন্য তেমনই সংযত নিয়মানুবর্ত্তিতার আবশ্যক। অবজ্ঞা ও অত্যাচারের প্রভাবে যে জনসাধারণ এতদিন কাল নিদ্রাময় ছিল, তাহাদের জাগরণ সমাজের ধ্বংসের সঙ্গে সঙ্গে ব্যর্থ হইয়া যাইতে পারে। কংগ্রেসের উদ্দেশ্য মারামারি বেষের সাম্রাজ্য করা, সমাজের কলঙ্ক দূর করা এবং জনসাধারণ একতাল পর্য্যন্ত যে অধিকার হইতে বঞ্চিত হইয়াছে, সেই অধিকারে তাহাদিগকে প্রতিষ্ঠিত করিতে সাহায্য করা। ... সাহসের বিপুল শরীর পশ্চাতে একটা ... আছে। করাচীতে ভারতবর্ষের অন্যান্য লক্ষ লক্ষ গ্রামের মত বহু লোক একা ... না। সেই সমাজে কোন ত্রুটি নিশ্চয় আছে।

ইউরোপীয় যাত্রীর মৃতদেহ ট্রেণের কামরায় আবিষ্কার

"প্রতাপ" পত্রের এক সংবাদে প্রকা... যে, বি-পি পি-আই' ট্রেণের একটি বিশে... ট্রেণের কামরায় জনৈক ইউরোপীয় যাত্রী মৃতদেহে পাওয়া গিয়াছে। তাঁহার বে... ছিন্নভিন্নের ক্ষত ও ছুরিকাঘাতের চিহ্ন আছে।

একশ প্রকাশ যে, গত ১৫ই ... তারিখ ৫ মিনের পর যখন উক্ত ট্রে... তারাঝাড়া নামক একটী ক্ষুদ্র ষ্টেশ... পৌঁছে, তখন একজন ইংরাজের মৃতদে... আবিষ্কৃত হয়। মৃতদেহের পার্শ্বে এক... শূন্য থলিয়া পাওয়া গিয়াছে এবং বিছান... স্থানে স্থানে রক্তের দাগ দেখা গিয়াছে। কল... হইতে রেঙ্গুনে যাইবার একটী থি... শ্রেণীর টিকেট মৃত ব্যক্তির নিকট পা... গিয়াছে। বোধ হয় তাহাকে ছিন্নভি... ও ছুরিকাঘাত করা হইয়াছি... শবদেহ পরীক্ষার জন্য পাঠান হইয়াছি... পুলিশ এতৎ সম্পর্কে তদন্ত করিতেছে।

আরও প্রকাশ যে, উক্ত ট্রেণে সা... পোষাকে অনেকগুলি ইউরোপীয় যি... ইংরাজের কোন সন্ধান পাওয়া যাইতেছে না।

শ্রীধাম মায়াপুরে

"শ্রীঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টি" নামে

পাশ্চাত্য ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও চরিত্রবান শিক্ষকমণ্ডলী ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে। ছাত্র অতীব আবশ্যক।

বিস্তারিত বিবরণের জন্য নিম্নলিখিত ঠিকানায় পত্র লিখুন।

সেক্রেটারী, শ্রীঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

সুবর্ণ সুযোগ বেশী দিন আর থাকবে না

— কেন না —

আশুভ-নিগ্রহ ঔষধালয়ের

৫০ বাৎসরিক আনন্দোৎসব বা সুবর্ণ জয়ন্তী প্রেস হইতে আর নিস্তার নাই। এই উৎসব শেষ হইলেই আমাদের "কুষ্ঠ-চিকিৎসা পুস্তকের নির্দ্ধারিত ১২৲ টাকা মূল্যটি বিনা [illegible] ৫৲ টাকায় পাওয়া যাইবে। এই এক কথায় বলিতে গেলে নকলীর কথা উল্লেখে আমরা মর্ম্মাহতের নিরাশ হইবেন।

প্রাপ্তিস্থান :—আশুভ নিগ্রহ ঔষধালয়

২১৬০ বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible]

[illegible] ঔষধের দু এবার ভক্ত ৩ আনা লিখিলে ঔষধের ফোটোগ্রাফের সমালোচনা ঔষধ ডাকে পাঠান হয়, ভ্যালুপে কোন [illegible] হিসাব করা হয় নাই। মূল্য প্রতি শিশি ৪০ আনা, পাঁচ শিশি ৩৷৷০ আনা, একত্রে ১২ টাকা।

আফিস—১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামনাজার, কলিকাতা।

হাইড্রোসিল বা কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস, এন, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈজ্ঞানিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

৬৮ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈবপ্রাপ্ত যক্ষ্মার একমাত্র মহৌষধ

সপ্তাহ দিনে সম্পূর্ণ আরোগ্য

[illegible] দেখাইতে হইবে। অগ্রিম পাঠের ৭৷৷০ (সাতসিকা মাত্র আনা) পাঠাইলে শিশি রোগী দেখা হয় পরবর্ত্তিস্থানে আসিলে দোষী প্রেরিত ঔষধ দেওয়া হয় আরোগ্য না হওয়া পর্য্যন্ত পারিশ্রমিক দিতে হইবে না। গরীব রোগীদের খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়। বিস্তারিত বিবরণের জন্য এক আনার ডাক টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীকালীপদ্ম উকীল, বৈদ্য-চিকিৎসক, পোঃ মৈকাটী, বরিশাল।

অথবা নিম্ন ঠিকানায় সাক্ষাৎ করিয়া বিস্তারিত জানিতে পারেন।

ইহার ম্যানেজার মিঃ এম, ও, রুদ্রসরস, নদীয়া। শ্রীযুক্ত [illegible] রিবে, ১২৭, বেলিয়াঘাটা ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা।

একখানি পত্র! আমার ভ্রাতুষ্পুত্র গত ৮৷৷ মাস যাবৎ রাজ যক্ষ্মায় ভুগিয়া মৃতপ্রায় হইয়াছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাহার জীবনের আশা ত্যাগ করিয়া শেষ মুহূর্ত্তের জন্য অপেক্ষা করিতেছিলেন এই সময় শ্রীযুক্ত কালীপদ্ম উকীল মহাশয় মাত্র ১০ দিন চিকিৎসা করিয়া সম্পূর্ণ আরোগ্য করিয়াছেন। (সঃ) শ্রীযতীন্দ্র কিশোর রায় চৌধুরী (জমিদার, নাটোর) রয়্যাল হোটেল, নিউ দিল্লিহাট। ৬৯নং সেপ্টেম্বর লাইফ ইন্সিওরেন্স, কলিকাতা।

মনোমোহন প্রেস

পূর্ব্ব বাজালায় স্থলভে সকলপ্রকার ছাপার জন্য বিশ্বাস [illegible] ইলেক্‌ট্রিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে [illegible] আনিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন।

ম্যানেজার—মনোমোহন প্রেস,

৯৩নং শাঁখারীপুরা, ঢাকা।

মরা মানুষ বাঁচাইবার উপায়



[illegible] অধিক অর্থাৎ একজন মরা মানুষ বাঁচাইবার [illegible] ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাহারা মাত্রাধিক অনিয়মিত ভাবে অপরিমিত পান করিয়া অথবা অন্য [illegible] মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার রোগ, যেমন বাতু দৌর্ব্বল্য, স্নায়ুবিক দুর্ব্বলতা, বহুমূত্র, ডায়াবেটিস, পাকস্থলীর পীড়া, অম্ল এবং গ্রীলোকদিগের অন্যান্য রোগ যন্ত্রণা, মূত্রাবস্থা, হৃদ্‌রোগ, যেহ ও রক্তপ্রদর, বিভিন্ন ঔষধ খাইয়া রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত ইলেক্‌ট্রিক সলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন। তাহার শত শত প্রমাণ প্রতি বৎসরেই পাওয়া যাইতেছে। যাহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটি ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ১৷৷০ টাকা মাত্র।

সোল এজেন্ট—

ডাঃ ডি, ডি, হাজরা।

জয়েন্টপুর, পাবনা-রিচ পোষ্ট, ভলিয়াপুর।

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রেস হইতে—ডাঃ সুকান্ত রাজাচারী ভক্তিকুসুম এম, এস, এল, কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠবার্ত্তাবহ

বেদাদি সমস্ত শাস্ত্রশাস্ত্রের অকৃত্রিম ব্যাখ্যাতা

সমগ্র ভারতে একমাত্র প্রচারক

দৈনিক পারমার্থিক পত্র

শ্রীধাম-মায়াপুর—গৌর জন্মাব্দ মঙ্গলবার—৩৩৮

শ্রবণ

হরিকথা-শ্রবণকীর্ত্তনই শুদ্ধভক্তগণের প্রাণ ও জীবন। সেই শ্রবণকীর্ত্তন অভাবে কর্ম, জ্ঞান, যোগ; তপ আদির অপেক্ষা নাই। কর্ম, জ্ঞান, যোগ; তপ আদির ন্যায় হরিগুণশ্রবণ-কীর্ত্তনও একটী সাধনের অঙ্গ, উহাও উক্তি অযজ্ঞকারে অপরাধী ব্যক্তিগণের মূর্খ প্রলাপ মাত্র।

শুদ্ধভক্তের হরিকথাশ্রবণকীর্ত্তনাদি সহিত কর্ম, জ্ঞান, যোগিগণের শ্রবণকীর্ত্তনে আকাশ-পাতাল পার্থক্য রহিয়াছে। বু ভু মুমুক্ষু কর্ম্মী, জ্ঞানী, যোগিগণ নিজনিজ-রূপ স্বকার্য্য সিদ্ধির জন্য হরিকথা শ্রবণ করেন এবং সাময়িক ফিরের স্থিরতা হইলেই নিশ্চিন্ত হইয়াছে বলিয়া মনে করেন; তাঁহারা ঐরূপ মনে করিয়া শ্রীভগবানের পাদপদ্মে অন্যায় করেন; বস্তুতঃ তখনও তাঁহাদের চিত্ত শুদ্ধ হয় নাই। "বস্তুতঃ বৃদ্ধি শুদ্ধ নহে ইহাকেই বিদ্যে।"

আনাদিকালে জীব যে অবস্থান থাকিতে পারে না বলিয়া তাহারা কেহ বা অবস্তুকাল ভগবদ্ধর্মের পুনরুদ্ধারে বিফল করিতে থাকেন আবার কেহবা সাধনাদি করিয়াও অসন্তুষ্ট হন। কিন্তু যাঁহারা জানাদিহীন সম্পূর্ণরূপে পরিত্যাগ পূর্বক শরণাগত হইয়া সাধুমুখবিগলিত শ্রীহরিকথামৃত শ্রবণ করেন, তাঁহারা অচিরে ভগবান্‌কে লাভ করিয়া থাকেন। ভগবান্ তাঁহাদের নিকট নিজ নাম, রূপ, গুণ ও লীলা প্রকটিত করেন। তাঁহারা ভগবানের নিত্য নবনবায়মান সেবারসে মত্ত হইয়া সকল ইতর আশা হইতে নিবৃত্ত হন ও পরমশান্তি লাভ করিয়া নিত্য সেবাতেই নিত্যকালের জন্য নিযুক্ত থাকেন।

শুদ্ধাদ্বৈতসিদ্ধান্ত সমীক্ষা

১। ব্রহ্ম—প্রতিপাদ্য, শাস্ত্র শাস্ত্র—প্রতিপাদক। শাস্ত্র ও ব্রহ্মে প্রতিপাদক ও প্রতিপাদ্য সম্বন্ধ। উক্ত পক্ষে অবিদ্যা নহেন। ব্রহ্মই বিষয়, অবিদ্যানিবৃত্তি ও ব্রহ্মপ্রাপ্তিই প্রয়োজন। অবিদ্যার জন্যই জীবের ভ্রান্ত, ব্রহ্মপ্রাপ্তিতেই সেই ভ্রমের নিবৃত্তি হয়, সুতরাং ব্রহ্মপ্রাপ্তিই পুরুষার্থ পর্যন্ত। "ব্রহ্মপ্রাপ্তিরেব পুরুষার্থঃ।" (অনুভাষ্য)

২। "ব্রহ্ম সাকার নিরাকারের ভিন্ন, সর্বশক্তিমান্, সর্বজ্ঞ, সর্বকর্ত্তা ও সচ্চিদানন্দস্বরূপ। তদ্ব্যতীত, মায়া তাঁহার শক্তি হইলেও তাঁহাতে অবস্থিত নহে। সত্ত্ব, রজঃ ও তমোগুণ কোন প্রকারে তাঁহাতে নাই, সুতরাং তিনি নির্গুণ। গুণাতীত হইলেও তিনি জগতের কর্ত্তা।"

৩। ব্রহ্মের শক্তি অচিন্ত্য ও অনন্ত। তর্ক দ্বারা ইহা হইতে পারেন এবং ইহা হইতে পারেন না, এরূপ বিবাদিগণের যাহা বলেন, সুতরাং বিরুদ্ধ ধর্ম্মের ও বিরুদ্ধ বাক্যের সমাধান একমাত্র তাঁহাতেই হইতে পারে। যথা—"আত্মানমন্য মানুষং সদসদনেসমর্থং ব্রহ্মণি বিরোধাবতারকে।" বিরুদ্ধধর্ম্মাশ্রয়ত্ব ও ব্রহ্মের দুর্বোধ্য। বিরুদ্ধ ধর্ম্মাশ্রয় ব্রহ্মের দুর্বোধ্য। ব্রহ্মই জগতের নিমিত্ত ও উপাদান কারণ। জগতের কর্ত্তা বলিতেই তিনি সগুণ ও সশক্তিমান্। তিনিই কর্ত্তা এবং তিনিই ভোক্তা যথা—

"উৎপত্তিস্থিত্যপ্যয়নাশনায় জগতঃ
কস্য বৈ ব্রহ্মণঃ
বেদেন বোদ্ধিং তদ্ধি নাম্নো
অবিদ্যুঃ কবয়ঃ।
নহি ক্রিয়াবিরোধোঽস্তি কর্ত্তৃভোক্তৃষু
ন বিদ্যতে।
সর্ব্বভাবনভাবৌপ্যবিরুদ্ধৌ ত্বয়ি সম্ভবৎ।"
[অনুভাষ্য]

৪। জগৎ ও ব্রহ্মে কার্য্যকারণ সম্বন্ধ। জগৎ—কার্য্য, ব্রহ্ম—কারণ এবং ব্রহ্ম কার্য্য ও কারণ অভিন্ন। কারণ যে কার্য্যের ভাগী হয় না, অতএব ব্রহ্ম জগৎ হইতে ভিন্নরূপ হইলেও বস্তুতঃ সত্য ব্রহ্ম লীলার জন্য স্বেচ্ছাক্রমে জগদ্রূপে পরিণাম প্রাপ্ত হইয়াছেন, কিন্তু এই পরিণামে তিনি অবিকৃত আছেন, যেমন জগৎ—ব্রহ্মের অবিকৃত পরিণাম। জগৎ মায়িক বা স্বপ্নবৎ মিথ্যা নহে, ভগবান্ হইতেও নহে। জগতের উৎপত্তি বিনাশ নাই, কিন্তু আবির্ভাব ও তিরোভাব আছে। তিরোভাবে কারণরূপে অবস্থান এবং আবির্ভাবে কার্যরূপে প্রকটতা। একাধী ক্রীড়া সম্ভব নহে, এই ভগবান্ ক্রীড়ার জন্যই জীব ও জগৎ সৃষ্টি করিয়াছেন যথা—"ভগবান্ স্বলীলার্থমেব জগজ্জনোপাবিকৃত্য ক্রীড়তীতি বৈদিকৈরীয়তে।"

৫। জীব ব্রহ্মের অংশস্বরূপ। জীব জন্মে অবস্থিত এবং সর্ব্বদা স্বরূপে শুদ্ধ ও চেতন। চৈতন্য—জীবের গুণ। অণু জীবের জন্মাদি অবস্থিতি হইলেও চৈতন্য গুণ—প্রকাশশীল; সুতরাং বহু দেহে ব্যাপ্ত হয়। কোন্ দর্শনের সহিত এই সিদ্ধান্তের "অবিরোধেনাদনবৎ।" এস্থলে ইহা বলা হইয়াছে—"অণুত্ব সর্বশরীরব্যাপীচৈতন্যের নষ্টত্ব ইতি বিরোধো ন ভবতি চন্দনবৎ, চন্দনৈকদেশস্থিতং সর্বদেহসুখং করোতি। (—অনুভাষ্য)। তথা যেমন একদেশস্থিত হইয়াও সমস্ত দেহ শীতল করিয়া সুগন্ধ বিস্তার করে, তদ্রূপ অণুজীব হৃদয়ে অবস্থিত হইয়াও চৈতন্যগুণে সমস্ত দেহ ব্যাপ্ত হয়।

৬। জীবের অবস্থা তিন প্রকার শুদ্ধ, সংসারী ও মুক্ত। জীবের অবস্থা-সম্বন্ধবিচারেই তাহার শুদ্ধত্ব। অনাদি-কর্ম্মবন্ধ জীবই সংসারী। ভগবান্ যে সকল বদ্ধজীবকে কৃপাপূর্বক অধিকারানুসারে স্বয়ং সম্বন্ধাভিধেয় প্রয়োজন প্রদান করেন, তাহারাই মুক্ত। [ ] মানবাদি বিভিন্নরূপে হইয়া কেহ শান্ত দাস্য সখ্য বাৎসল্য ও মধুর ভাবে ভগবৎসেবা করিয়া থাকেন।

৭। জীবের অবস্থা তিন প্রকার শুদ্ধ, সংসারী ও মুক্ত। জীবের অবস্থা-সম্বন্ধবিচারেই তাহার শুদ্ধত্ব। অনাদি-কর্ম্মবন্ধ জীবই সংসারী। ভগবান্ যে সকল বদ্ধজীবকে কৃপাপূর্বক অধিকারানুসারে স্বয়ং সম্বন্ধাভিধেয় প্রয়োজন প্রদান করেন, তাহারাই মুক্ত। [ ] মানবাদি বিভিন্নরূপে হইয়া কেহ শান্ত দাস্য সখ্য বাৎসল্য ও মধুর ভাবে ভগবৎসেবা করিয়া থাকেন। ভগবানের সেবাতেই জীবের নিত্য অধিকার। "ভগবান্ সর্বশক্তিমান্ পুরুষোত্তমো বেদ জীবভাব ইতি।" শুদ্ধভক্তিরসামৃতসিন্ধু ভাগবত ভগবদ্ভক্তিরসের ইতি।" (অনুভাষ্য)

৮। "বেদান্ত দর্শন (২ অঃ ৩ পাঃ ২৯ সূঃ) "তদ্গুণসারত্বাত্তু তদ্ব্যপদেশঃ প্রাজ্ঞবৎ।" "এস্থলে শ্রুতিস্থ 'তদ্মনি' বাক্যের অন্বয়ার্থ পরিত্যক্ত হইয়াছে। 'তদ্মনি' যদ্ভো অংশাংশিভাবের পরেরই নিরূপিত হইয়াছে। অতএব ব্রাহ্মণ প্রয়োগের ন্যায় জীবে ভগবদ্ব্যপদেশ বুঝিতে হইবে।

৮। শ্রীগুরুকে অভিন্নে সেবা ও সর্বশ্রেষ্ঠতাই যুক্তি। "ব্রহ্মের বিবর্ত্ত ব্রহ্মাশ্রিত। যখন সমস্ত কার্য্যের উপাদান ও নিমিত্ত কারণ—ব্রহ্ম, তখন কার্য্য বস্তুর পৃথক্ ভাব হইলেও তাহা কখন ব্রহ্ম হইতে স্বতন্ত্র অস্তিত্বশীল নহে; কারণেই কার্য্যে অবিকৃত থাকিয়া কার্য্যরূপে পরিণত, যখন ঐরূপ বাধের উপলব্ধি হয়, তখনই সত্যস্বভাব সিদ্ধ হয়। শুদ্ধ জীব সমস্ত জগৎ ব্রহ্মময় দেখিয়া তাঁহার পাদপদ্মে আশ্রয় হন এবং প্রেমে তাঁহাকে প্রিয়তম জ্ঞানে সেবা করিয়া সেই সেবানন্দ-রসে নিমজ্জিত হন। ইহাই পরম পুরুষার্থ।

৯। শ্রবণবাধি—বহিরঙ্গ সাধন। শ্রবণ, মনন ও নিদিধ্যাসন—অন্তরঙ্গ সাধন। ভগবান্ চিত্তের প্রাণস্বরূপ সেবা এবং সর্বাত্মস্বরূপই মানসী সেবা। পুষ্টিমার্গীয় সাধনই শ্রেষ্ঠ। ভক্তির ত্রিবিধ প্রকাশ—মর্য্যাদা ভক্তি ও পুষ্টিভক্তি। ভগবানের বিশেষ অনুগ্রহে যে ভক্তির উদয় হয় তাহাই পুষ্টিভক্তি।

ফলপ্রাপ্তির প্রতিবন্ধক সর্বস্থলে পরিহার্য্য। পুরুষ সর্বিশেষরূপে স্থিতিই পুষ্টিমার্গ। এখানে ভগবানের সেবাভঙ্গ কিছুই নাই, সেবায় তাঁহার ঐশ্বর্যের মর্য্যাদা নাই, তাহাই শুদ্ধ পুষ্টিভক্তি। বেদের ঐহলৌকিক ও পারলৌকিক বিষয়ে কোন চেষ্টা নাই, তাহাই শুদ্ধ পুষ্টিমার্গ। যেখানে স্বামীর ইন্দ্রিয়তর্পণের জন্যই নিখিল প্রচেষ্টা, তাহাই শুদ্ধ পুষ্টিমার্গ। যে ভক্তি আশ্রয় করিলে ভক্তগণ অনেকে আত্মীয়রূপে বরণ করেন, তাহাই শুদ্ধ পুষ্টিভক্তি। সমস্ত বিষয় ত্যাগ বা নিষ্কিঞ্চনতা, সংসারে ও সন্ন্যাসরূপে কায়-মনোবাক্যের সমর্পণই শুদ্ধ পুষ্টিমার্গ। পুষ্টিমার্গীয় সেবায় সুদুর্লভ ভগবান্ প্রীত হইয়া জীবকে রাসোৎসবে আকর্ষণ করেন। ভগবানের সেবায় আকৃষ্ট হইয়া রাসোৎসবে যোগদান করিবার যোগ্যতা লাভ করাই পুষ্টিমার্গীগণের চরম কাম্য।

আমার দুর্ভাগ্য কেন?

(শ্রীপাদ কৃষ্ণকান্তি ব্রহ্মচারী ভক্তিসুধাকর)

বাল্যকাল হইতেই আমার মনঃপ্রাণ (যৌবনে বলিতে) প্রতিমার প্রবল আকর্ষণ পাইয়া আমার জীবনতরীখানাকে বিরজার বিপরীত দিকে সংসারসমুদ্রের ঘোর প্রান্তে

অবস্থিত অষ্টশিক্ষা-টীকা-শৈলের সন্নিকট, সেবকভাবে সংবদ্ধ করিয়াছে যে,উহাকে রক্ষা করিবার আর কোনও উপায় দেখিতেছি না। ঐ শৈলই হইয়াছে এখন আমার ভক্ষণের আশ্রয়স্থল। উহার উপর হস্তার্পণ হইলেই এখন আমি ভক্ষণে মুক্তপাত করিয়া বাসস্থান নির্দ্দেশ করি। যদি কোনও প্রভূত পুণ্যবলে আমার ইচ্ছা পূর্ণ করিয়া আমার জীবাত্মাকে উহাতে প্রেরণ করেন, তাহা হইলে আমি তাঁহার পদতলে সশরীরে উপস্থিত হইয়া তাঁহাকে ঐকান্তিক ভক্তি নিবেদন করি; শৈলের কঠিন সাহচর্য্যের আঘাতে ক্ষতবিক্ষত এবং ক্রিয়াশক্তি-হীন দেহ দর্শন করিয়া যদি কোনও ভাবিত্রেতা মহাজন আমাকে পারিষদ রূপে গ্রহণ করিবার নিমিত্ত শ্রীকৃষ্ণচরণকমলমূলে প্রার্থনা দ্বারায় লইয়া যাইতে চাহেন, তাহা হইলে আমি চতুর্ভিংশ বৈকুণ্ঠসমূহের প্রবেশ তালমালা দেখিয়া তাঁহার কথায় বিশ্বাস স্থাপন করিতে পারি। তাঁহাকেও আমার 'সন্ন্যাসীর ভেলে মানুষ' বলিয়াই মনে হয়; কারণ চতুর্দ্দশপুরুষ পরিজনে অনেকবার চুণকোমা খাইয়া আমার মুখ পুড়িয়াছে, তাই এখন দধি দেখিলেও ভয় হয়।

কোনও রাজার পুত্র বাল্যকাল হইতেই কিংসিক্ত ছিল। রাজারও অনিষ্ট সাধন করিয়া সে জন্ম গ্রহণ করিত না। রাজা রাজপুত্র গুণবান পুত্রের চিত্তবৃত্তি পরিবর্ত্তনের বহুবিধ অনেক প্রকারের শাস্তি প্রদান করিয়াও কৃতকার্য্য হইলেন না। তিনি পুত্রের বিষয় চিন্তা করিয়া চিন্তামগ্ন থাকিতেন। কথা কোনও সন্ন্যাসী রাজপুত্রের শিক্ষার ভার গ্রহণ করিলেন। তিনি রাজপুত্রকে প্রথমতঃ তাহার কার্য্যে বাধা না দিয়া তাহার কার্য্যের নিন্দা তাহার প্রশংসাই করিতেন। তাই রাজপুত্র উক্ত সন্ন্যাসীকে অতিশয় ভালবাসিত এবং সর্ব্বক্ষণ তাহার সন্ন্যাসীর নিকট থাকিত। একদা রাজার সভাসদের সন্ন্যাসী একটী কটি নিষ্কাশন করিয়া রাজপুত্রকে উহার পরিচয় জিজ্ঞাসা করিলেন। রাজপুত্র উত্তর প্রদান করিতে না পারায় সন্ন্যাসী তাহাকে নিষ্পত্রের ভার গ্রহণ করিতে বলিলেন। রাজকুমার নিষ্পত্রের আস্বাদন পাইয়াই তরুটিকে সমূলে উৎপাটিত করিল। সন্ন্যাসী তাহাকে উহার কারণ জিজ্ঞাসা করিলে সে বলিল — এই পাতের পাতা এখনই যে প্রকার তিক্ত, বড় হইলে উহা যে কি ভীষণ তিক্ত হইবে, তাহা বলা যায় না, তখন অনেক লোক উহার পাতা খাইয়া মারা যাইবে, তাই আমি উহাকে সমূলে উৎপাটিত করিলাম। রাজকুমারের উক্তি শ্রবণ করিয়া সন্ন্যাসী বলিলেন—এই দুষ্কৃতীর কটি পাপের তিক্ত স্বাদরে তুমি যেমন পরিণামে ইহার ভীষণ অনিষ্টকারিত্ব আশঙ্কা করিয়া উহাকে বিনাশ করিলে, সেই প্রকার বালোর প্রথম অবস্থাই তোমার এবম্বিধ দুষ্প্রবৃত্তি সকল কর্ত্তিত হইবার প্রয়োজন, এমন কি, তোমার আত্মীয়স্বজনও পূর্ব্ব হইতে তোমার দুষ্কার্য্যের ফলাফলে সকলেই ভয়চকিত হইবে আশঙ্কা করিয়া তোমার প্রাণদণ্ডের প্রস্তুত হইয়াছে। সুতরাং এখন হইতে তুমি সংশোধন কর, নতুবা তোমার পরিণাম কি হইবে, তাহা তুমি সহজেই বুঝিতে পারিতেছ। সন্ন্যাসীর সেই উপদেশ বাক্য শ্রবণে, সেদিন হইতে রাজকুমার সাধুবৃত্তি পরিগ্রহণে পুনঃ সচেষ্ট হইল।

পূর্ব্বোক্ত সন্ন্যাসীর কথার বিশ্বাস স্থাপন করিয়া নিম্নবাহার ঠিক আস্বাদনেই তুরায়োগ্য নিম্নের ফল উপলব্ধি করত নিম্নবৃক্ষ উহা পরিত্যাগ করিল, আর আমরা এমনই দুর্ভাগা যে, পরম কল্যাণময় বৈকুণ্ঠাবতারগণ প্রতি মুহূর্ত্তে আমাকে মায়ার নাগপাশের নিম্নিত্ত অমৃত সঙ্কল্পাদেশ দিবার উদ্যমতা দেখাইয়া দেওয়া সত্ত্বেও আমি উহাকে কর্ণপাত করিতেছি না। পুনরায় সন্ন্যাসী রাজকুমারকে অতি অসঙ্কচিতভাবে কৃষ্ণসেবার কথাই বর্ণন করিতেছেন, সন্ন্যাসীবেশীর মুকুলের নিম্ন কিছুই বর্ণন করেন নাই; কিন্তু বৈকুণ্ঠাবতারগণ একদিকে কপটি নিষেধপূর্ণক আমাকে সাংসারিক বিষয়ের আস্বাদ, আমাকে এই সুধাময়ের সুধাময় ও পরমানন্দময় প্রদান করিতেছেন। কিন্তু আমি বিষয়ের অধিকারী হইয়া এখনই আমার যে বিষয় ভোগের লোভ কিছুতেই সম্বরণ করিতে পারিতেছি না। ধিক্ আমাকে! শতধিক্ আমার দুর্ব্বুদ্ধিকে!! সহস্র ধিক্ আমার আসক্তিকে!!!

পিশাচগ্রস্তের লক্ষণ

২)

দুরাত্মার দুরভিসন্ধি যদি তাহার নিকট সম্বন্ধে প্রশ্ন করা যায়, তাহা সে কোনও রূপ বা গোপন করিবার চেষ্টা করে, এবং তাহার মনে কি, তাহা জিজ্ঞাসা করিলে পষ্ট মাত্র, পূর্ব্বাপর অসংলগ্ন প্রলাপ বকে। দুষ্কৃতাত্মার সমুদয় কার্য্যকলাপেই তাহার বিকৃত অদ্ভুত স্বভাবের পরিচয় পাওয়া যায়। এমন কি, 'সে কে', তাহা জিজ্ঞাসা করিলে পর্য্যন্ত অন্য কোন দুষ্ট ব্যক্তির নামে নিজ পরিচয় প্রদান করে। আমরা যদি একটু ধৈর্য্যের সহিত, প্রতিদিন গোস্বামীর গ্রন্থোক্ত ঐ অমূল্য বাক্যাবলীর আলোচনা করি, তবে বুঝিতে পারিব যে, ভগবদ্বহির্ম্মুখ জীবমাত্রেই পিশাচগ্রস্তের স্বভাববিশিষ্ট। মায়াপিশাচীর অধিকৃত আমরাও বড়ই বিকৃত ভূতির পরিচয় প্রদান করিতেছি, অথচ আমার আমরাই সর্ব্বজ্ঞ ও ভাগ্যবান্ মানব বলিয়া বিশ্বসভায় সেই আসনের দাবী করি! কোথায় পিশাচগ্রস্ত অবস্থাতে অসঙ্কুচিত অনুভব করিব, তাহা না করি। কিনা মায়ার ভগবদ্ভক্ত হই। সোনামণি যাদু যেমনি ভ্রমণ করিবেই সমধিক ভাগ্যবান।

ভগবদ্বিস্মৃতি স্থানে মায়াগ্রস্ত আমরাও 'আমি ও আমার' এই প্রকার বিভ্রান্তি-মানের কবলী হইয়া, এই অনিত্য ভাগবৈভব মুগতৃষ্ণিকে নিত্য বাসস্থলী মনে করিয়া, নিজকে পুত্র, পুরুষ, দুঃখ মুক্ত, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র, সন্ন্যাসী, ব্রহ্মচারী, গৃহস্থ, বানপ্রস্থ, ধনী নির্ধন, সুন্দর, কুৎসিত ইত্যাদি অহিত সংজ্ঞায় সংজ্ঞিত করিতেছি। আমরা বোধোদয় অনুভবের জন্য যে, পৌনিকারমণ ইন্দ্রোপেন্দ্রকরের "পদকমল গোবৎসপদায়তে।" অঙ্ক এই বিশ্বের বস্তু জ্ঞানায়তে আমরা বঞ্চিত। আর তদ্বিনিময়ে বিশ্বধর্ম্মী প্রেতলা মায়ার শ্রীচরণসেবী হইয়া বাহার আত্মা পালনার্থে বদ্ধ পরিকর হইয়া রহিয়াছি। অনাদিকালহইতে হারিয়ে হইয়া যখন যে দেহে অবস্থান করিতেছি, তখন সেই স্থানকেই 'আমার দেশ' বলিয়া পক্ষ অনুভব করিতেছি। প্রাকৃতজনের এবম্বিধ মহে বস্তু নিত্য শ্রীমায়াপ্রসাদে একবিন্দুও রুচি প্রকাশ না করিয়া অসংখ্যবার মায়া দোকত পদার্থে রোকপদে হইয়া বসু পাশকে দূর হইতে দূরতর করিতেছি। ভক্তজনের বিরক্তের কোপাগ্নিদেবই মায়া পিশাচীর কবল কবলে পতিত হইয়া আমরা কখনও স্বর্গে, কখনও নরকে, কখনও বা এই ভূতলে কেশাগ্র নানা দেহ লাভ করিয়া অবর্ণনীয় যাতনা প্রাপ্ত হইতেছি।

কামনাপিশাচীর বিকৃত কবল হইতে মুক্তি বিধানের জন্য অনাদিকাল যাবৎ আমরা চেষ্টা না যত্ন করিলাম, কিন্তু প্রাণপাত-যত্নে আদৌ পারম করিয়াও কি তাহার কামপিশাচীর শান্তি হইল?

হায়! আমাদের কি আত্মদুর্দ্দশার প্রতি কখনও দৃষ্টিপাত হইবে না? সতত ঐ দানবীর পদাঘাতরূপ পুরস্কার ও নানা কথা গোলিতে পরিভ্রমণ করিয়াও কি চৈতন্য লাভ হইবে না? ইহাপেক্ষা আশ্চর্য্য ঘটনা আর কি হইতে পারে? কবে আমরা সদ্গুরু ভক্তভক্তের শ্রীচরণাশ্রয়ে যথার্থ নিষ্কপটভাবে সাধিত গাহিতে পারিব,—

"আমারি মরিব কভু না ভজিয়া পাদপদ্ম
দুর্নিবারপাশেবাধ্য আজ্ঞা মরি না করণা না জন্মা
মোপাশিতা। উৎকণ্ঠিতোজ্ঞানার্থ বহুপতে
সাক্ষাদ্য সন্তুষ্টিস্বামাংতঃ সন্নমন্তয় মাং
নিযুঙ্ক্ষ্বাস্যান্তে।"

দুরিত্র ওঝা যেরূপ ভূতাবিষ্ট ব্যক্তিকে পরীক্ষা করিয়া মন্ত্রাদির প্রয়োগ দ্বারা পিশাচমুক্ত করেন, তদ্রূপ মায়াগ্রস্ত জীবমাত্রকে মায়াপিশাচীর নিকট হইতে উদ্ধার করিয়া, ঈশের নিত্যস্বভাব-ধর্ম্ম শ্রীকৃষ্ণদাস্যে সুপ্রতিষ্ঠিত করিবার নিমিত্ত, পরম দয়াময় শ্রীগুরুই জীবের একমাত্র অবলম্বনরূপে সেবকে আবির্ভূত হইয়াছেন। আমরা যদি সত্যসত্যই মায়াপাশের দৌরাত্ম্য হইতে মুক্ত হইবার প্রবল বাসনা লইয়া তদীয় শ্রীচরণপদ্মযুগলে শরণাগত হই, তবে তাঁহার অপার করুণা আমাদিগকে মায়া-দেবীর দুস্তর মায়াজাল হইতে মুক্ত করিবেই করিবে। যথা, শ্রীমদ্ভগবদ্গীতায় অর্জ্জুনকে উপলক্ষ্যে শ্রীকৃষ্ণ মায়াবদ্ধ সমগ্র বিশ্বজীবকে অভয় দিয়া কহিয়াছেন—

"দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে।" আবার কলিজীবের ইষ্টার্থ পতিত-পাবনাবতার শ্রীনিত্যানন্দসখা শ্রীগৌরসুন্দর সনাতনশিক্ষায় মায়াপিশাচীর কবল হইতে মুক্তিলাভের উপায়টি অতি সহজ ভাষায় বলিলেন,—

"নিতাই বড় কৃপা তৈতে নিতা বলিমুখ।
নিত্যসিদ্ধ কৃষ্ণ তারে করায় সম্মুখ॥
সেই দোষে মায়াপিশাচী দণ্ড করে তারে।
আমাদিকাদিরূপের তারে জারি মারে॥
কামক্রোধের দাস হঞা তার লাথি খায়।
ভ্রমিতে ভ্রমিতে যদি সাধু বৈদ্য পায়॥
তাঁর উপদেশমন্ত্রে পিশাচী পলায়।
কৃষ্ণভক্তি পায় তবে কৃষ্ণ নিকট যায়।"

সুকৃতিসম্পন্ন ভাগ্যবানগণ, আসুন, আমরা সকলে সমবেত হইয়া কৃষ্ণ-হরিবিং শ্রীশ্রীগুরুবৈষ্ণবের শ্রীশ্রীপাদ-কমলে প্রণত হই, এতদ্ভিন্ন আমাদের কোন উপায়েই পিশাচমুক্ত হইতে পারিব না।

প্রচার প্রসঙ্গ

শ্রীচৈতন্যমঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবিবেক ভারতী মহারাজ গত ৩০শে বৈশাখ সন্ধ্যায় ধুবড়ী-গাইঘাটি সহরের স্থানীয়বাড়ীতে শ্রীমদ্ ভাগবত পাঠ করিয়াছেন। স্থানীয় সজ্জন-মণ্ডলীর আগ্রহে আরও কয়েকদিন তথায় পাঠ, কীর্ত্তন হইবে।

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীমদ্ভগবান্ কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস প্রণীত মূল, শ্রীমদ্ বিশ্বনাথ চক্রবর্ত্তী-কৃত সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, ১ম ৪ খণ্ড ও সচিত্র, উৎকৃষ্ট বিলাতী বাঁধাই। প্রতি স্কন্ধের আরম্ভে সেই স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ অধ্যায়ের সারসহ সুবিস্তৃত তাৎপর্য্যাদি লিখিত। শ্লোকসূচী, অধ্যায়বিবরণ, পাদ ও স্থানসূচীসহ উত্তম কাগজে সুন্দর অক্ষরে মুদ্রিত। প্রথম খণ্ডে ১০ম স্কন্ধ পর্য্যন্ত ছাপা হইয়াছে। ভিক্ষা প্রথম খণ্ডের ১০ম স্কন্ধ পর্য্যন্ত ২।৵০; ৮ম স্কন্ধ ১৲; ১০ম স্কন্ধ ৪৲।

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদঠাকুর রচিত 'অমৃতপ্রবাহভাষ্য' শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লিখিত ভক্তিরসযুক্ত ক্রান্তিসূত্রাদি বহু শাস্ত্রপ্রমাণ সম্বলিত হইয়া প্রকাশিত হইয়াছেন। শ্লোকের সারসংখ্যা, বঙ্গানুবাদ ও শ্লোক পয়ারের পূর্ব্বে সন্নিবিষ্ট অভিধেয় সংযোজিত। প্রত্যেক অধ্যায়-প্রারম্ভে কথাসার দেওয়া আছে। শ্লোক, পদ, স্থান, পাত্র প্রভৃতির সুবৃহৎ সূচী ও পঞ্চতত্ত্বের সংক্ষিপ্ত জীবনী সম্বলিত এইরূপ অনুপম সংস্করণ ইতঃপূর্ব্বে আর প্রকাশিত হয় নাই। উত্তম কাগজে সন্নিবিষ্ট সুন্দর অক্ষরে মুদ্রাঙ্কন মুদ্রিত হইয়াছে। প্রথম খণ্ড ৩০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা বর্ত্তমানে ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত সূচীপত্র, পদসূচী, পয়ারসূচী, বিশেষ-স্থান পাঠান্তরসূচী, প্রক্ষিপ্ত বিবিধ বিষয় সম্বলিত বিরাট বিষয় সংস্করণ রয়েল ক্রাউন ৮ পেজী আকারে। আদিলীলা ও মধ্যলীলার কিয়দংশে প্রকাশিত হইয়াছেন। ক্রমে ক্রমে প্রকাশিত হইতেছেন। অগ্রিম ভিক্ষা ৫৲ টাকা, আদি লীলার ভিক্ষা ৫৲।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের এরূপ অভিনব সুন্দর সংস্করণ আর কখনও প্রকাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকগুলির অন্বয়, বঙ্গানুবাদ, টীকা, কথাসার, এবং প্রত্যেক সর্গ শেষে প্রকাশিত হইয়াছেন। মূল মোটা অক্ষরে ডবল ক্রাউন আর্টপেপারে চমৎকার ছাপা হইয়াছে। মূল্য ১৷৹ টাকা। ১৩১৩ সালে ঐ গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১৷৹ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

—গৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিঠাকুর গোস্বামিকৃত সারার্থবর্ষিণী টীকানুযায়ী ও শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত সূচিকা-ভাষ্য নামক ভাষ্যানুবাদিতা। অধ্যায়সূচী, মাতৃকাক্রমে শ্লোক-সূচী, বিশেষ-সূচী, গ্রন্থকারের জীবনী ও অবতরণিকাদি-সম্বলিত বিরাট সংস্করণ—এই গ্রন্থের ভিক্ষা ২৲ টাকা মাত্র, বাঁধাই সংস্করণ—১৷৹ টাকা মাত্র।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের যে অমিয়া নিস্যন্দিনী ঔদার্য্যরসপরিপোষিণী কৃষ্ণ-কাম্য নেত্রদায়িনী ভক্তির বর্ত্তন মূল-বিগ্রহ—বেকন, ডার্উইন, রত্নমালার কৌস্তুভমণি—সম্প্রদায় সেতুবিধানার্থ যেন যৌক্তিক তথা—পঞ্চরাত্র ও ভাগবতের ব্যাখ্যান—প্রকাশন জীবনচরিত-লিখক—বিশ্বকল্যাণ প্রচারক—শ্রীমন্ত্য তম ধুরাচার্য্যের মৌখিক পরোপকার —সংগঠন, পরিবেষণ ও প্রচারণ ইত্যাদি নিদর্শন সমূহ।

১। **প্রথম খণ্ড**—ঠৈতন্যদর্শন, শ্রীনবদ্বীপতত্ত্ব, কালধর্ম্ম, শ্রীমন্মহাপ্রভু, শ্রীমাধবতত্ত্বনীতি, পাশ্চাত্যশিক্ষা ও বর্ণাশ্রম, ধর্ম্ম ও মনোধর্ম্ম, শ্রীচৈতন্যদেব ও তাঁহার শিক্ষা, অপ্রাকৃত রসতত্ত্ব ও প্রাকৃত প্রভৃতি বিশদভাবে রচিত সুযোগ্য। ভিক্ষা মাত্র ৸০ বার আনা।

২। **দ্বিতীয় খণ্ড**—ভগবান ও শিক্ষা ভক্তি, মন্ত্রদেহ শোধন, আত্মার নিত্যস্থিতি, ঈশ্বর আশ্রিতার ও মায়াবাদ, শ্রীগৌরনিত্যানন্দতত্ত্ব, বিশ্বের ধর্ম্ম ও কৃষ্ণকীর্ত্তন, শ্রীবাসপুরুষ শ্রীমন্নারদের কীর্ত্তন, প্রচারের [illegible], মহাপ্রভু, শ্রীগৌরাঙ্গ, শ্রীগৌরাঙ্গপ্রভুগণ, ভক্তিরসপুষ্টি, শ্রীচৈতন্যের ধর্ম্ম, গৌরকৃপা ও কৃষ্ণপ্রাপ্তি—চতুর্থ খণ্ডে মনুনিমাগৎ-বঙ্গভূমি-বিবৃতি। ভিক্ষা ১৲ এক টাকা মাত্র।

[illegible] ও দ্বিতীয়—দুই খণ্ড একত্রে [illegible] ভিক্ষা দেড় টাকা, ডাক মাশুল স্বতন্ত্র।

শ্রীমন্মধ্বমনঃশিক্ষা

গৌড়ীয় বৈষ্ণবসাম্প্রদায়িক দেবতা শ্রীশ্রীমদ্ মাধবের দিব্যা কৃপাপ্রাপ্ত ভাষ্য ও শ্রীভক্তিবিনোদ ঠাকুরের বঙ্গভাষার বিস্তৃত "বিবৃতিরঞ্জন" নামক [illegible]। অন্বয়-সূচী, বিষয়সূচী, ও প্রতি শ্লোকের প্রথম ও দ্বিতীয় পদ সূচী, গ্রন্থকারের জীবনী প্রভৃতি সংযুক্ত। উৎকৃষ্ট বাঁধাই, ডাকমাশুল (তৃতীয় সংস্করণ) সহ ভিক্ষা ২৲ টাকা।

প্রমেয়রত্নাবলী

শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ-প্রণীত বৈষ্ণবদর্শন, সনাতন ও গোবিন্দ-ভাষ্যাদি পাঠকের প্রথম গ্রন্থ। উৎকৃষ্ট বাঁধাই ছাপা। সুবিস্তৃত টীকা ও প্রাচ্যবহুস্থলবাদ-সাহায্যে অতি সহজে বালকেরও বোধগম্য হইয়া থাকে। ভিক্ষা ৷৵০ আনা মাত্র।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

(প্রমাণখণ্ড) সানুবাদ। শ্রুতি-স্মৃত্যাদি গ্রন্থে শ্রীনবদ্বীপের যে মহিমা বর্ণিত আছে, তাহার মূল সংস্কৃত ও অনুবাদ। ভিক্ষা ৵০ আনা।

শ্রীনবদ্বীপভাবতরঙ্গ

শ্রীঠাকুর ভক্তিবিনোদ বিরচিত। সুললিত ঔচ্চারণে পরিপূর্ণ মাত্র ভাবব্যাপ্তি-বিবরণ। ভিক্ষা ।০ আনা।

ভক্তিরত্নাকর ও নবদ্বীপ পরিক্রমা

শ্রীল নরহরি চক্রবর্ত্তি-ঠাকুর রচিত। ভক্তিরত্নাকর হইতে পরিক্রমাংশ মাত্র গৃহীত; শ্রীজীব গোস্বামী কি প্রকারে শ্রীনবদ্বীপধামের পরিক্রমা করিয়াছিলেন, তাহাই পদ্যে বিবৃত। ভিক্ষা ৵০ আনা

শ্রীচৈতন্যবাণী প্রকাশিত

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রণীত। ইহাতে শ্রীচৈতন্য শিক্ষাপ্রণালী—কৃষ্ণ, কৃষ্ণশক্তি ও রস—বদ্ধ ও মুক্ত জীব অচিন্ত্য ভেদাভেদ তত্ত্ব—সাধন-নির্দ্দেশ—প্রয়োজন-তত্ত্ব, [illegible] বাদ, নামাভাসের বিচার—বৈধী ভক্তি, ভাবভক্তি প্রেম ভক্তিসহ নামকরণ-প্রণালী ও অষ্টকালীয় নী পরিচয়াদি গ্রন্থের শিক্ষার্থীর উপযোগী করিয়া সরল ভা সুন্দর যুক্তি প্রমাণাদির লিখিত আছে। চতুর্থ সংস্করণ ২৲ টাকা, ডাকমাশুল ১৸০ টাকা মাত্র।

গৌড়ীয়কণ্ঠহার

গৌড়ীয় বৈষ্ণবগণের অবশ্য কণ্ঠে ধারণযো কতি পূর্ব্ব পুরাণ-পঞ্চরাত্রাদি শাস্ত্র-শাস্ত্রসমূহের প্রমাণা বয়বিবরণসহ সানুবাদ গুচ্ছিত। এইরূপ বৈষ্ণ সিদ্ধান্ত সারসংগ্রহ অন্য কুত্রাপি প্রকাশিত হয় নাই ইহাতে শুদ্ধতত্ত্ব—তত্ত্বাবতার—বৈষ্ণব—গৌর—নিত্যানন্দ অদ্বৈত—[illegible]—শক্তি—ভগবত্তত্ত্ব—জীব—অভিধেয়ে —অভিধেয়—সাধনভক্তি—পঞ্চ স্তর—অ প্রেম-সম্বন্ধ—ভক্তি —নাম—প্রয়োজন ও প্রমাণ-ইত্যাদি পৃথক্ অধ্যা সুন্দর শ্লোকাদি স্থানসহ উৎকৃষ্ট প্লাটিক কাগজে মো বুদ্ধিতে চুম্বিত, উৎকৃষ্ট বাঁধা সোনার জলে নাম খো গ্রন্থ প্রায় ৪০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা ২৲ টাকা মাত্র।

শ্রীনবদ্বীপধাম-গ্রন্থাবলী

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত 'ধামযাত্রা—ধা মাহাত্ম্যের সানুবাদ প্রমাণ পত্র—শ্রীল নরহরি চক্রব রাজুবের নাম পরিক্রমাংশ—নিয়ম-সেবা পরিচয়াদি—ভা যাত্রা পদ্ধতি—শ্রীমৎ প্রাণগোপালজীউ মন্দিরপ্রতিষ্ঠা শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের ইংরেজীতে ভাষণত্রয় প্রভৃতি গ্রন্থ একত্র ভিক্ষা ৷৵০ আনা মাত্র।

শ্রীহরিনামামৃত ব্যাকরণ

শ্রীল [illegible] বিরচিত সূত্র ও বৃত্তি [illegible] ঔচিত্যপূর্ণ [illegible] সরস্বতী গোস্বা মহাশয়ের বিস্তৃত [illegible] প্রভৃতি সম্ব অপ্রয়োজনীয়রূপে [illegible]। ১৲ টাকা, ছাত্রপক্ষে ১৷০ টাকা মাত্র।

বেদান্তসূত্রসার

শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ-রচিত। বেদান্তের বিশিষ্টাদ্বৈতবাদ প্রচারক শ্রীরামানুজ প্রভৃতি আচার্য্যপ্রবর বেদান্তদর্শন পাঠে উপযোগী বঙ্গানুবাদ উত্তম করিয়াছেন। ইহা [illegible] ও সূচীপত্রাদি সংযোজিত করা হইয়াছে। নাম মাত্র ভিক্ষা ৷০ আনা।

শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও নবদ্বীপশতক

গৌড়ীয়গণের ভিক্ষা শ্রীমৎ প্রবোধানন্দ সরস্বতী প্রণী মূল, প্রভুপাদ শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহাশ [illegible] অন্বয়মুখে ব্যাখ্যা ও বাঙ্গালার সহিত নবদ্বীপশতকে শ্রীভক্তিবিনোদ ঠাকুরের পদ্যানুবাদ [illegible] শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ একটী ভিক্ষোপযোগিক অপৌরুষিক ভি প্রদত্ত হইয়াছে। মূল ও কাগজ উৎকৃষ্ট (২ খা একত্রে) ভিক্ষা ৷০ আনা, অতি সুন্দর বাঁধাই সংস্করণ ১৲ টাকা মাত্র।

[illegible]

[illegible] বিনোদ ঠাকুর-প্রণীত। এই একখানা গ্রন্থ [illegible] পারমার্থিক রাজ্যে কিছুতেই [illegible] সংসার পাইবে না। পরম গুরু বর্ষীয়সীকে এই [illegible] ও সুবন্দোবস্ত [illegible] প্রকাশ হয় নাই। [illegible] শাস্ত্র-মন্থনে [illegible] প্রাণ [illegible] করাইয়াছেন। আবার সুবিস্তৃত সূচী, কথাসার [illegible] বিশেষ সমৃদ্ধ করিয়াছে। [illegible] গ্রন্থ, [illegible] স্থলে নাম লেখা, উৎকৃষ্ট বাঁধাই—চতুর্থ সংস্করণ [illegible] ২৲ টাকা মাত্র।

প্রেমবিবর্ত্ত

শ্রীমন্মহাপ্রভুর অন্যতম পার্ষদ শ্রীল জগদানন্দ প্রভু [illegible] এই গ্রন্থে অতি সুললিত ভাষায় মহাপ্রভুর [illegible] লীলাকথা বৈষ্ণবাচার, ভজনরীতি ও মাধুর্য্যরস-[illegible] প্রভৃতি অনেক বৈষ্ণবতত্ত্বের জটিলতা [illegible] বুঝিতে পারিবেন। পাঠকগণ গ্রন্থের বিষয়বস্তু ও [illegible] গ্রন্থকর্ত্তার পরিচয়াদি-সম্বলিত চতুর্থ সংস্করণ [illegible] ১৷৵ আনা মাত্র।

ভক্তসঙ্গীত

ভজনকারীর নিত্য সঙ্গী; ঠাকুর ভক্তিবিনোদের অমূল্য [illegible]; বিশিষ্ট গায়কের [illegible]। এ খানির মূল্য কেহ পড়িয়া [illegible] বুঝিতে পারিবেন না। চতুর্থ সংস্করণ মূল্য ৷৵ আনা।

হরিনামচিন্তামণি

নামাচার্য্য শ্রীল হরিদাস ঠাকুরের মুখে শ্রীমন্মহাপ্রভু [illegible] নাম-মাহাত্ম্য, নামতত্ত্ব, নামাপরাধ প্রভৃতি বিষয়ের [illegible] বিচার শ্রবণ করিয়াছিলেন। এই বিষয়গুলির [illegible] সরল পয়ারে ভবিষ্যৎ আপামর পরিপাটিভাবে লিপিবদ্ধ [illegible] ভক্তিবিনোদ ঠাকুর রচিত। [illegible] সংস্করণ মূল্য ৷৵ আনা।

কল্যাণকল্পতরু

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত। প্রত্যেক ভগবান্ [illegible] ও জ্ঞানপথের পথিকের একান্ত প্রয়োজনীয় [illegible] পরিপূর্ণ। [illegible] ৷৵ আনা মাত্র।

শরণাগতি

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত। ভগবানে আত্মসমর্পণ, [illegible] ৷৵ আনা মাত্র।

গীতাবলী

শ্রীঠাকুর ভক্তিবিনোদ-প্রণীত। নিত্য ভজন, আরাত্রিক [illegible] ৷৵ আনা মাত্র।

শ্রীনামচিন্তামণি

[illegible] শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-[illegible]। শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের অনুবাদ-[illegible]। মূল্য ৷৵ আনা মাত্র।

শ্রীজীবনসূত্র

শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ও শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর প্রতি শ্রীরূপ গোস্বামীর উপদেশাবলী, ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিষয়ে সুবিচারিত সংমোদন আলো, বিস্তৃত বিবৃতি, চরিতাখ্যানের প্রমাণ, সারার্থ ব্যাখ্যা ও মার্জ্জিত-পাণ্ডিত্য-সমন্বিত বিদগ্ধমুখ প্রত্যেক প্রোকের [illegible] সন্নিবেশিত হইয়াছে। ৩য় সংস্করণ, মূল্য ৷৵০ আনা।

সাধন-কল্প

শ্রীরঘুনাথ দাস গোস্বামীর মনঃশিক্ষা, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত পদ্যানুবাদসহ। মূল্য ৷০ আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা

শ্রীল ঠাকুর নরোত্তমের সুললিত প্রেমভক্তিবিষয়ক গানের পুস্তক। মূল্য ৷০ আনা মাত্র।

মনঃশিক্ষাসূত্র

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপাদের সারগর্ভ নবদ্বীপশতকের সুললিত পদ্যানুবাদ। মূল্য ৷০ আনা মাত্র।

অর্থপঞ্চক

শ্রীল গোপালভট্ট রচিত। বৈষ্ণবতা-জ্ঞানের আকর গ্রন্থ। মূল্য ৷০ আনা মাত্র।

মধ্বাচার্য্যস্মৃতি

শ্রীল মধ্বাচার্য্য-প্রণীত। বৈষ্ণবের নিত্যকর্ম্মাদি সদাচারাবলী, বঙ্গানুবাদ সহিত। মূল্য ৷০ আনা মাত্র।

মণিমঞ্জরী

কবিকুলকেশরী [illegible] রচিত। শ্রীমদ্ভাগবতের [illegible] ও মূল বৈষ্ণবধর্ম্মমত। সানুবাদ [illegible] আনা মাত্র।

গৌরকৃষ্ণোদয়

প্রাচীন কবি শ্রীগোবিন্দ দেব প্রণীত শ্রীগৌরাবতারের [illegible] সংযোজিত সংস্কৃত গ্রন্থ। মূল্য ৷০ আনা।

মুক্তিমল্লিকা (শুদ্ধগৌরভ)

শ্রীমদ্ভাগবতের শ্রীধরস্বামিপাদ-কৃত। মহাজনের সাহায্যে এই গ্রন্থের প্রকাশ পারমার্থিক সাহিত্য-জগতে এক নবপ্রভাত। শ্রীমদ্ভাগবতের দ্বাদশ স্কন্ধের দ্বিতীয় অধ্যায়ে যে শ্লোকে ভগবান্ শ্রীশুকদেবগোস্বামী আমাদিগকে ভক্তিবিরোধি-মতবাদ-সমূহ খণ্ডন করিতে [illegible] ভক্তিবিরোধি-মতবাদ খণ্ডন করিয়াছে, তাহা পাঠ করিলে করিতে আনন্দোদয় হইবে। ইহাতে যুক্তির [illegible] ঢাকায়, বৈদ্য, শৈব, মায়াবাদ ও মায়াবাদিমত [illegible] খণ্ডন করিয়াছে। মূল্য ৷৵ টাকা মাত্র।

গোস্বামী শ্রীল রঘুনাথ দাস

(এই সিরিজের শ্রীল ভক্তিবিনোদঠাকুরকৃত গোস্বামী [illegible] ভূমিকা সহ) গৌরপ্রেমে স্বরূপ-রূপের [illegible] প্রথমে শ্রীল দাস গোস্বামী প্রভুর অপূর্ব্ব চরিতামৃত ও শিক্ষা অতীব প্রাঞ্জল ও সরল ভাষায় সন্নিবিষ্ট এবং পরিশিষ্টে দাসগোস্বামী প্রভুর বিরচিত কতকগুলি সাধ্য-সাধন মধুময় স্তব ও মনঃশিক্ষা-সম্বলিত। মূল্য বাঁধাই ৷৷০ আনা, অবাঁধাই ৷৵০ আনা মাত্র।

চিত্রে নবদ্বীপ

প্রাচীন নবদ্বীপের অবস্থিতি, কথা, ঐতিহ্য, পৌরাণিক ও ঐতিহাসিক প্রমাণসহলিত নদীয়া ধামের সচিত্র বিবরণ-গ্রন্থ। রায়বাহাদুর স্বর্গীয় শ্রীযুক্ত সতীশচন্দ্র মিত্র বি, এল, প্রাচ্য বিদ্যামহার্ণব, বেদান্তরত্ন মহোদয়ের তত্ত্বাবধানে সঙ্কলিত এবং ৪২ খানি বিভিন্ন বর্ণের অপূর্ব্ব চিত্র ও মানচিত্র-সমন্বিত; প্রাচ্যবিদ্যামহার্ণব রায় সাহেব শ্রীযুক্ত নগেন্দ্র নাথ বসু বিদ্যাবিনোদসম্পাদক মহাশয়ের লিখিত ভূমিকা সহ। উৎকৃষ্ট (ইং) মলাটে বাঁধাই মূল্য ১৷০ সিঃ পিঃ তে ২৲ টাকা মাত্র।

সাধক-কণ্ঠমালা

গুরুবন্দনা, বৈষ্ণব-বন্দনা, বৈষ্ণবপ্রণাম, হালিসহর ঘোষ, শ্রীনামতত্ত্ব, শ্রীনামমাহাত্ম্য, শ্রীনামকীর্ত্তন, শ্রীনামসঙ্কীর্ত্তন, প্রেমধ্বনি, গাউলসঙ্গীত, নবদ্বীপ-মহিমা, শ্রীমায়াপুর মহিমা, শ্রীনরোত্তম-প্রেমর অষ্টক আচার্য্য-বন্দনা, রঘুগোস্বামীর অষ্টক, প্রেমভক্তিচন্দ্রিকা, উপদেশমালা নামভজন-প্রণালী, মহাপ্রভু ও রায় রামানন্দ সংবাদ, মনঃশিক্ষা, শ্রীগুরুপ্রণতি, শ্রীগুরু-পঞ্চপঞ্চাশৎ, মহাপ্রভুর বন্দনা প্রভৃতি বৈষ্ণব ও নিষ্কপটজীবনের নিত্যপাঠ্য, বৈষ্ণবধর্ম্মের [illegible] তুলসীমালার ছাপ [illegible] করে ধারণযোগ্য অনুকল্প। মূল্য ৷৵০, বাঁধাই ৷০ মাত্র।

গৌড়ীয়-গৌরব

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয় সম্পাদক শ্রীপাদ সুন্দরানন্দ পরিব্রাজকাচার্য্যপ্রভু প্রদত্ত বক্তৃতার বিষয় গ্রন্থাকারে প্রকাশিত। ইহাতে গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ের ইতিহাস সুন্দরাকারে লিখিত হইয়াছে। মূল্য ৷৵০ মাত্র।

গৌড়ীয় সাহিত্য

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয়-সম্পাদক শ্রীপাদ সুন্দরানন্দ পরিব্রাজকাচার্য্যপ্রভু প্রদত্ত বক্তৃতার বিষয় গ্রন্থাকারে প্রকাশিত। ইহাতে সাহিত্য-শব্দের অর্থ এবং গৌড়ীয়-সাহিত্যের বিষয় সুন্দরাকারে বর্ণিত হইয়াছে। মূল্য ৷৵০ আনা মাত্র।

শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা-দর্পণ

শ্রীগৌড়দেশের যে সকল স্থানে নবদ্বীপচন্দ্র শ্রীমন্মহাপ্রভু এবং তদনুগ পরবর্ত্তী মহাজনগণ লীলা করিয়া গিয়াছেন, সেই সব আধুনিক ভৌগোলিক পরিচয় ও রেলওয়েপ্রভৃতির পরিচয় সহ যাতায়াতের সুবিধা নির্দ্দেশ ইত্যাদি বিষয়গুলি সন্নিবেশিত আছে। মূল্য ৷০ আনা।

THE HARMONIST
OR SHREE SAJJANATOSHANI

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রতিষ্ঠিত এবং শ্রীল ভক্তি-বিলাসতীর্থ গোস্বামী প্রভুপাদ সম্পাদিত, পারমার্থিক মাসিক পত্র। এক্ষণে ইহার ত্রয়োবিংশ বর্ষ চলিতেছে। ডবলক্রাউন ৮ পেজী ৪ ফর্ম্মা আকারে প্রতি মাসে ইহা নামের উপযুক্ত হইতেছে। সিদ্ধান্ত-বৈষ্ণবতা লইয়া উপস্থিত হইতেছেন। কাগজ, মুদ্রণ-পারিপাট্য ও চিত্রাদি অতীব চিত্তাকর্ষক। এই প্রকার উৎকৃষ্ট প্রবন্ধ অন্য কোন মাসিক পত্রিকায় দেখিতে পাইবেন না। বার্ষিক ডাকমাশুলসহ ৩৲ টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর নদীয়া।

বিশ্ববৈষ্ণব রাজসভার শুদ্ধভক্তিমঠসমূহ

শ্রীচৈতন্য মঠ

আকন্দ অটোরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীধাম মায়াপুর, নদীয়া

শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-পীঠ বা সাক্ষাৎ জন্মস্থানী। এই মহাতীর্থে শ্রীগৌরাঙ্গের আবির্ভাব-মন্দিরসমূহ, পরিক্রমা-পীঠ বা সাক্ষাৎ জন্মস্থানী। এই মহাতীর্থে শ্রীগৌরাঙ্গের আবির্ভাব-মন্দিরসমূহ, পরিক্রমার অন্তর্গত কাশী, গোষ্ঠ, অলকানন্দা, ব্রহ্মা প্রমাণ-উপনিষদ-গীতা-সূত্র-ভাষ্যকার চতুষ্টয়ের অধিষ্ঠান ও অন্যান্য এবং তথায় শ্রীগুরু-গৌরাঙ্গ-রাধাকৃষ্ণ-বিগ্রহের ও সাক্ষাৎ সাম্প্রদায়িক-আচার্য চতুষ্টয় বা তাঁহাদের উপাস্য বিগ্রহের মহিমা নিত্য সেবিত হইতেছেন। এই মঠাশ্রমে পারমার্থিক বৈষ্ণবিকগণ সাক্ষাৎ-সম্প্রদায়ের অনুশাসিত ও পুরাতন প্রচারালি প্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' মাসিকপত্র প্রতিষ্ঠিত করিয়াছেন। প্রতিবৎসর শ্রীধাম-পরিক্রমাসহায় ও অন্যান্য ভক্তসেবাদি উৎসব অনুষ্ঠিত হইয়া থাকে। ভক্তি—ব্রহ্মচারী শ্রীধাম সেবাশ্রমী। সেবকগণ—শ্রীধাম বিনোদবিহারী ব্রহ্মচারী, পণ্ডিত শ্রীধাম গৌরাঙ্গ ব্রহ্মচারী ভাগবতরত্ন, শ্রীধাম নীলাচল ব্রহ্মচারী, পণ্ডিত শ্রীবলরাম ব্রহ্মচারী, শ্রীযুক্ত মনীন্দ্রগোপাল বন্দ্যোপাধ্যায়, শ্রীঅবধেশ দাস ব্রহ্মচারী প্রমুখ সজ্জনগণ।

ত্রিবক্রিয়াধী শ্রীবক্রিমধীন ঊর্ধ্ব মহারাজ এখানে ভক্তিকথা কীর্তন করিয়াছেন।

(২) শ্রীগৌড়ীয় মঠ

১৬ নং কালিপ্রসাদ চক্রবর্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা

টেলিফোন বি. বি, ৪১৫৫

শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত বিশুদ্ধ ভক্তিধর্ম-প্রচারোদ্দেশে গৌড়মণ্ডলের সর্বপ্রধান নগরী কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত আছেন। এই ভক্ত-সম্প্রদায়ে শ্রীগুরু-গৌরাঙ্গ-শ্রীবিনোদানন্দ জীউ নিত্যকাল নিত্য সেবিত হন। গৌড়ীয় আচার্যবর্গের যাবতীয় গ্রন্থাবলীর প্রচারোদ্দেশে শ্রীমঠ হইতে একটী বৃহৎ মুদ্রণ-যন্ত্রালয় সংরক্ষিত হইয়াছে। পণ্ডিতগণ সমক্ষে শ্রীচৈতন্য প্রচারার্থ এই যন্ত্রালয় হইতে 'গৌড়ীয়' সাপ্তাহিক পত্র, বি, ভক্তমনিষা পত্রিকা ইংরাজী ভাষায় নিয়মিতভাবে প্রকাশিত হইতেছে। শ্রীমঠে পাঠ, সংকীর্তন, সংপ্রসঙ্গ-চতুষ্টয়-বেদান্ত, শ্রীমদ্ভাগবত, শ্রীচৈতন্য-চরিতামৃতাদি-লীলা ও তত্ত্বগ্রন্থের সমাক্ আলোচনা হইয়া থাকে। মঠরক্ষক—আচার্যত্রিদণ্ডি শ্রীমদ্ ভক্তিবান্ধব বিষ্ণুস্বামী মহারাজ। সেবকগণ—পণ্ডিত শ্রীমদ্ অনন্তবাসুদেব পদবিদ্যাভূষণ বি-এ, শ্রীমদ্ গুরুপদানন্দ পদবিদ্যাবিনোদ বি-এ, শ্রীমদ্ হাসিকেশী ব্রহ্মচারী, শ্রীমদ্ অনন্তকৃষ্ণ হাসিকেশী বি-এ, শ্রীমদ্ গোবিন্দগোপাল হাসিকেশী, ব্রহ্মচারী শ্রীকীর্তনানন্দ, ব্রহ্মচারী শ্রীমদ্ভক্তিবিনোদ, ব্রহ্মচারী শ্রীকৃষ্ণানন্দ ভক্তিপ্রাণী, ব্রহ্মচারী শ্রীবেণুকীনন্দন, পণ্ডিত শ্রীমদ্ নবীনকৃষ্ণ পদবিদ্যালঙ্কার ভক্তিপাদ প্রভৃতি।

(৩) যোগপীঠ শ্রীমন্দির

এই স্থান শ্রীকৃষ্ণজন্মাষ্টমীব্রত তথা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মায়াযোগ-পীঠ। এখানে শ্রীলক্ষ্মীপ্রিয়া ও শ্রীবিষ্ণুপ্রিয়ার শ্রীগৌরনারায়ণ এবং শ্রীচৈতন্য ও শ্রীরাধাকৃষ্ণের নিত্য সেবা তথা শ্রীপঞ্চতত্ত্বের সেবা বর্তমান। ভক্ত—লোকনাথের গোস্বামী ভট্টাচার্য প্রভু শ্রীমদ্ভাগবত। সেবকগণ শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী, শ্রীরাধাবাস ব্রহ্মচারী। শ্রীধাম-বাস অধিকারী, বেদপন্থা শ্রীহরিব্রত।

(৪) শ্রীবাস-অঙ্গন

শ্রীমন্মহাপ্রভুর কীর্তন-বিলাস ও শ্রীগৌরলীলার রাসস্থলী। এখানে শ্রীশ্রীগৌর-নিত্যানন্দ ও পঞ্চতত্ত্বের সেবা বর্তমান।

ভক্ত—শ্রীনারায়ণ ব্রহ্মচারী, শ্রীমদ্ভক্ত ভক্ত, শ্রীগোকুলদাস বাবাজী।

(৫) অদ্বৈত-ভবন

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভজন এবং সেবা বর্তমান।

(৬) কাজীর সমাধি পীঠ

প্রাচীন মায়াপুর, রামনগুড়ু (নদীয়া)

শ্রীগৌরগোপাল শ্রীব্রাহ্মণীর সমাধি।

ভক্ত—ব্রহ্মচারী শ্রীবিনোদবিহারী।

(৭) শ্রীমদ্ সুবর্ণ-সুরভি

শ্রীগোদ্রুম, মায়াপুর (নদীয়া)

এখানে শ্রীবিষ্ণুপ্রিয়া শ্রীল ভক্তিবিনোদাকুরের সমাধি এবং শ্রীগৌরনারায়ণ এবং শ্রীশ্রীরাধা-মাধবের সেবা বর্তমান।

ভক্ত—ভক্তিসুহৃদ ডাক্তার ব্রহ্মচারী শ্রীবার্ষভানবী এম, এস, এফ।

(৮) শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

মায়াপুর।

রক্ষক—শ্রীবৈষ্ণব ভক্তিশাস্ত্রী এম, এ, বি, এল, সরকারী—শ্রীবৈষ্ণবদাস ভক্তিশাস্ত্রী, শ্রীবৈষ্ণব অধিকারী প্রভৃতি।

(৯) শ্রীগৌড়-সারস্বত-মঠ

ঈশ নগরিনাথের পার্শ্বস্থিত গোয়ালপাড়া-সেবা। রক্ষক শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম।

(১০ শ্রীকুলগৌড়ীয়-মঠ

ধা. গোড়, মায়াপুর ইউ. পি

রক্ষক—শ্রীবিনোদ ব্রহ্মচারী, শ্রীবলদেবপ্রভু ব্রহ্মচারী।

(১১) শ্রীমোহনমন্দির—

মাটিয়ারি, ডাকঘর, বর্ধমান।

শ্রীগোবিন্দরায় ও কৃষ্ণ বৃন্দাবনের স্থান।

রক্ষক—শ্রীনন্দবিহারী ব্রহ্মচারী।

(১২) শ্রীগৌড়ীয় আশ্রম

শ্রীগৌরব গ্রোভ, কৃষ্ণনগর, নদীয়া।

ভাগবত-সিদ্ধান্ত গ্রন্থাবলী প্রচার-কেন্দ্র।

রক্ষক—শ্রীমহানন্দ ব্রহ্মচারী।

(১৩) শ্রীএকায়ন মঠ

৫৪ নং পাটুয়াটুলী, ঢাকা।

পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র, এখানে শ্রীভক্তি-গৌরাঙ্গ গান্ধর্বা-গিরিধরের সেবা বর্তমান।

রক্ষক—শ্রীগৌরাঙ্গ ব্রহ্মচারী।

(১৪) শ্রীগৌড়ীয় মঠ

কমলাপুর, ঢাকা।

গোপালজীর প্রতিগ্রহের প্রাচীন সেবা

রক্ষক—শ্রীগৌরগোপাল ব্রহ্মচারী

(১৫) শ্রীগৌর-গোবিন্দ মঠ

ভক্তিভক্তিপ্রদায়িনী সভা, বাসিয়া ঢাকা

শ্রীগৌর-গৌরাঙ্গের নিত্য সেবা।

রক্ষক—শ্রীপূর্ণচন্দ্র ব্রহ্মচারী।

(১৭) শ্রীভাগবতজনানন্দ মঠ

এখানে শ্রীরক্ষক-গৌর-রাধাকৃষ্ণ-বিগ্রহের নিত্য সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীভগবানপ্রসাদ, ব্রহ্মচারী শ্রীভগবান

(১৮) আমলাযোড়া শ্রীগৌড়ীয় আশ্রম

রাধবান গোঃ বর্ধমান।

শ্রীগুরুগৌরাঙ্গ-শ্রীরাধাকৃষ্ণের বিগ্রহসেবা। রক্ষক—ব্রহ্মচারী শ্রীবনবিহারিদাসের।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

বর্ধমান, পুরী, উড়িষ্যা।

এখানে শ্রীগৌর-বিনোদরাধাকৃষ্ণের নিত্য সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীনরহরি বিদ্যাবিনোদ, ব্রহ্মচারী শ্রীমহীনাথ।

(২০) শ্রীব্রহ্ম-গৌড়ীয় মঠ

আলবরনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী।

জগন্নাথদেবের অনবসর সময়ে শ্রীবিগ্রহ প্রভুর অবস্থান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীনরহরিসেবী প্রভাবলী। সরকারী—ব্রহ্মচারী শ্রীবিশ্বম্ভরবিহারী।

(২১) শ্রীসচ্চিদানন্দ মঠ

উড়িষ্যাবাজার, কটক।

এখানে শ্রীরক্ষক-গৌরাঙ্গ-বিনোদরাধাকৃষ্ণ-জীউ বিগ্রহসেবা ব [illegible] রক্ষক—ব্রহ্মচারী শ্রীবনমালী

(২২) শ্রীসনাতন-গৌড়ীয় মঠ

৯নং কলাক্ষীদুয়ার, কলিকাতা।

গৌড়-গরাঙ্গপুর সনাতন-শিক্ষামন্দির। এখানে গোরসেবা বর্তমান। রক্ষক—শ্রীনারায়ণী।

(২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

শ্রীশ্রীরাধা-ব্রজ-গোপীজীর সেবা।

রক্ষক—শ্রীবলদেবিনাথ ব্রহ্মচারী

(২৪) শ্রীপরমহংস মঠ

ইন্দিবালা, শ্রীরামপুর

এখানে শ্রীজগন্নাথ পাঠশালা ও শ্রীগৌর-বিনোদ বিদ্যাপীঠের সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীনরসিংহানন্দ ও ব্রহ্মচারী শ্রীনন্দদুলাল।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ

চুনুরুকুড়া, চিনসুরা, হাওড়া। ইহা শ্রীচৈতন্য-মঠের শাখা। রক্ষক—শ্রীরাধানাথ দাস, শ্রীকৃষ্ণানন্দ ব্রহ্মচারী। শ্রীধাম তীর্থ অবধারিত।

(২৬) ব্যাসগৌড়ীয় মঠ

কৃষ্ণনগর, খাগেশ্বর, কৃষ্ণনগর। এখানে শ্রীগৌরবিষ্ণু ও বাসদেব সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীব্রজবল্লভী।

(২৭) ব্রাহ্মণপাড়া শ্রীগোপীনাথ-মঠ

ব্রাহ্মণপাড়া, পোঃ মাধু, হাবড়া

এখানে বহুকুলদেবী শ্রীগোপীনাথের সেবা বর্তমান। রক্ষক—ব্রজবাসী শ্রীরামকৃষ্ণ-দাস, শ্রীরাধারমণ ব্রহ্মচারী।

(২৮) বিদ্যা গৌড়ীয় মঠ—কাঁচরাপাড়ী

২৮ রেল ডোরাল, কাঁচরাপাড়ী।

রক্ষক—ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তি বিলাসতীর্থ মহারাজ, শ্রীনারায়ণচরণাশ্রম

(২৯) গোরাঙ্গপাড়া শ্রীগোপীনাথ

রক্ষক—ব্রহ্মচারী শ্রীগৌরাঙ্গদাস

...রিসনরোডে ভীষণ বিস্ফোরণ

গত ১৪ই মে বৃহস্পতিবার সন্ধ্যাকালে ...নং হ্যারিসন রোডস্থ বাড়ীর চারি-...লায় উপরে একটী ভীষণ বিস্ফোরণ ...। এজন্য বড়বাজার অঞ্চলে ভীষণ ...লোর সৃষ্টি হয়। এই বিস্ফোরণের ...ন ত্রিলোক ব্রাহ্মণ নামক এই বাড়ীর ...জন হিন্দুস্থানী ভাড়াটীয়া চোখে এবং ...তে গুরুতরভাবে জখম হয়। এই ...স্ফোরণের আওয়াজ অতি ভয়ানক ...হাছিল।

আহত ব্যক্তি বলে, সে পায়খানাতে ...হাছিল, তখন একটা ভীষণ আওয়াজ ...। তাহার চোখে কি যেন একটা ...টিয়া লাগে, তাহার ফলে তাহার চোখ ...য়া হইয়া যায়। সে কিছুই দেখিতে ...য় না। ইহার পর সে বোধ করে, ...ন তাহার শরীরের নানাস্থান জায়গায় ...ড়িয়া যাইতেছে। তখন সে ছুটিয়া ...তে নামিতে থাকে। ঐ সময় তাহার ...ত আহত ভাড়াটীয়া আসিয়া তাহাকে ...রেন এবং শুশ্রূষা করেন। তাহার দুইটী ...া এবং হাত জখম হইয়াছে।

যে পায়খানাটির ভিতর এই বিস্ফোরণ ...টে, তাহার দেওয়ালের খানিকটা ...য়গায় ইট উড়িয়া গিয়াছে।

এই ঘটনার খবর পাইয়া বড়বাজার ...লিশ তৎক্ষণাৎ ঘটনাস্থলে উপস্থিত ...ন ও তাহারা অনেক গহনা করিয়াও ...বস্ফোরণ পদার্থের কোন টুকরা পায় ...াই। সমস্ত ব্যাপারটী রহস্যজড়িত ...লিয়া মনে হইতেছে। পুলিশ জোর ...ন্ত চালাইতেছে।

গান্ধীজীর স্বরাষ্ট্র সচিবের সহিত আলোচনা

গত ১৪ই মে সকালে স্বরাষ্ট্র সচিব ...ঃ হৈমার্সলের সহিত মহাত্মা গান্ধীর ...ণ্টা কাল আলাপ হয়। বৈকালেও ...ন্নায় দুইঘণ্টা কাল আলাপ হয়; ...ঠকের ফল সন্তোষজনক হইয়াছে ...লিয়া মনে হয়। পণ্ডিত মদনমোহন ...লব্য সেই বৈকাল ৪টায় এবং গান্ধীজী ...ই অপরাহ্ণ ৭টায় বড়লাটের সহিত ...খা করিয়াছেন।

যুক্তরাষ্ট্র শাসনতন্ত্র গঠন ক

গত ১৪ই মে যুক্তরাষ্ট্র শাসনতন্ত্র ...ঠন কমিটির সদস্যদের সহিত গান্ধী-...ভেদের এক বৈঠকে আলোচনা হয়। ...ন্ত্রে যাহারা উপস্থিত ছিলেন, তাঁহা-...র মধ্যে বিকানীরের মহারাজা, ...পালের নবাব স্যার সেলবাহাদুর সাপ্রু, স্যার সৈয়দ সফি, স্যার সি, পি, রামস্বামী আয়ার, স্যার মুলতান আহমদ, স্যার আকবর হায়দারী, মিঃ রামস্বামী মুদালীয়র, মিঃ জয়াকর, মিঃ গেহিন্ ঘোষ, সর্দার উজলসিং, বর্ণেল হাস্পার প্রভৃতি ছিলেন।

নির্ব্বাচন ব্যবস্থা সম্বন্ধে চুক্তি

ডাঃ আনসারী ও সায়েদ মোহেনী সিমলায় আসিয়াই ভূপাল নৈত্রকের সিদ্ধান্ত সম্বন্ধে যে অস্থায়ী চুক্তি হইয়াছে, উহা জানাইবার জন্য মহাত্মার গৃহাভিমুখে গমন করেন। এই সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে ১০ বৎসর কালের মধ্যে যুক্ত নির্ব্বাচন ব্যবস্থা প্রচলিত না হওয়া পর্য্যন্ত যুক্ত পৃথক্ নির্ব্বাচন ব্যবস্থা বিশেষ-ভাবে বিদ্যমান থাকিবে। এ বিষয়ে শেষ সিদ্ধান্ত গ্রহণের জন্য জুন মাসের প্রথম সপ্তাহে ভূপালে আবার সভার অধিবেশন হইবে। এইভাবে মুসলমান সমাজের একটি সম্মিলিত দল গঠিত হইলে মুসলমানগণ কংগ্রেসকে ইহা গ্রাহ্য করাইয়া লইবার জন্য অনুরোধ করিতে পারিবেন।

ভারত-বিদ্বেষ সম্বন্ধে ম্যাঞ্চেষ্টার জিজ্ঞাসাটের জিজ্ঞাসা

বার্ম্মা ইণ্ডিয়ান চেম্বার অব কমার্স ম্যাঞ্চেষ্টের গবর্ণমেণ্টের প্রাইভেট সেক্রেটারীর নিকট নিম্নরূপ তার করিয়াছেন :—এই প্রদেশের কোন কোন অঞ্চলে ভারতীয়-দের বিরুদ্ধে দাঙ্গার ফলে যে ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি হইয়াছে, তাহার প্রতি ব্রহ্ম গবর্ণমেণ্টের দৃষ্টি আকর্ষণ করার জন্য এই সমিতি অনুরোধ করিতেছেন। বিভিন্ন জেলা—বিশেষভাবে টোঙ্গু, হান্থাওয়াডী জেলা হইতে ভারতীয়দের ধনপ্রাণের প্রতি অমানুষিক অত্যাচারের সংবাদ প্রত্যহ পাওয়া যাইতেছে। পরন্তু জেলা সমূহের ভারতীয় অধি-বাসীরা অবিলম্বে ব্রহ্ম ত্যাগ না করিলে তাহাদের ধনপ্রাণ বিনষ্ট, ঘরবাড়ী লুণ্ঠন ও আগুন দিয়া পোড়াইয়া দেওয়ার ভয় সর্ব্বদাই দেখান হইতেছে। বহু বৎসর যাবৎ যে সমস্ত ভারতীয় কৃষক ও অন্য শ্রেণীরা নানা জিলায় বাড়ীঘর করিয়া বসতি স্থাপন করিয়াছে তাহাদের প্রতি এইরূপ অত্যাচার চলিতেছে দেখিয়া অন্যান্য ভারতীয়গণের অবস্থা বড়ই আশঙ্কা-জনক হইয়া পড়িয়াছে। কমিটিকে বড়ই দুঃখের সহিত বলিতে হইতেছে যে সেনা কর্তৃপক্ষ শান্তি ও শৃঙ্খলা প্রতিষ্ঠার জন্য যে ব্যবস্থা করিয়াছেন তাহা নিতান্ত অপ্রতুল ইতিমধ্যেই আক্রমণ-কারীদের হাতে বাড়ী ঘর ধনসম্পত্তি ফেলিয়া বহু গরীব কৃষক ও প্রমজীবী চলিয়া যাইতেছে। দেশীয় ভাষার সংবাদপত্রসমূহ এই অরাজকতায় প্রতিবাদ না করিয়া পরন্তু উহার প্রশ্রয় দিতেছেন, ইহাও গবর্ণমেণ্টের দৃষ্টিগোচর করা হইতেছে। বর্ত্তমানে যে অবস্থা দাঁড়াইয়াছে তাহাতে এই প্রদেশে ব্যবসা বাণিজ্য বিশেষ বিপ-জ্জনক হইয়া উঠিয়াছে। ছোট ছোট চাউলের কলগুলি বন্ধ হইয়া গিয়াছে এবং সম্ভবতঃ মোণ্ডলে ষ্টেটের বড় বড় চাউলের কার-খানাগুলিকে শীঘ্রই কাজ বন্ধ করিতে হইবে; কমিটি এজন্য গবর্ণরকে অনুরোধ করিতেছেন যে, তিনি যথা যেন উপযুক্ত অঞ্চল পরিবর্ত্তন করেন এবং অবিলম্বে শান্তি ও শৃঙ্খলা প্রতিষ্ঠার ব্যবস্থা করেন।

কলাটাতে বিদেশী বস্ত্রের বেশা

প্রকাশ, কলাটার জনৈক কাপড়ের দালাল "ইয়ং ইণ্ডিয়া" পত্রে এই অভি-যোগ প্রেরণ করিয়াছেন যে, সভ্য, শিক্ষাকর্ম্মক এবং সুলভ বলিয়া মহিলারা পুনরায় বিদেশী বস্ত্র ক্রয় করিতেছেন। 'আগামী বয়কট আন্দোলনের জন্য স্বদেশী বস্ত্র তাড়াতাড়ি বন্ধ হইয়া যাইবে। অধিকন্তু তিনি এই অভিযোগও আনয়ন করেন যে, বেশর স্বেচ্ছাসেবক বিদেশী বস্ত্রের দোকানগুলিতে পিকেটিং করিয়া-ছিল, তাহারা কর্ম্মের অভাবে ব্যবসায়ী-দিগের নিকট কাজ জুটাইয়া দিবার জন্য অনুনয় করিয়া বেড়াইতেছে। উপসংহারে পত্র লেখক বলিতেছেন যে, ভারতবাসীদের অন্তঃকরণের কোন পরিবর্ত্তন হয় নাই, পরন্তু বিদেশী বস্ত্রের প্রতি সেই পুরাতন অনুরাগ এখনও অটুট রহিয়াছে।

মন্তব্য প্রকাশ কালে মহাত্মা গান্ধী বলেন যে বিদেশী বস্ত্র সম্বন্ধীয় অভিযোগ বাস্তবিকপক্ষে সত্য এবং বিদেশী বস্ত্রের দোকানগুলিতে ব্যাপকভাবে পিকেটিং হয় নাই। এখনে এম-সিপার একান্ত প্রয়োজন।

গান্ধীজী ও বস্ত্র শিল্প

দুঃস্থ বিধবার পরও লোকের বিদেশী বস্ত্র গ্রহণ করিতে হইতেছে বলিয়া যে সব অভিযোগ উত্থাপিত হইতেছে, তৎসম্বন্ধে গান্ধীজী গত ১৪ই মে 'ইয়ং ইণ্ডিয়া' পত্রে লিখিতেছেন,—বিদেশী বস্ত্র বর্জ্জন করার যে সব অভিযোগ হইতেছে, তিনি সে গুলি মূলতঃ সত্য বলিয়া বিশ্বাস করেন।

এই সংসারের অশেষ ক্লেশে বাধিত হইয়া তাহা হইতে নিষ্কৃতি পাইবার ইচ্ছায় ঈশ্বরের অস্তিত্ব স্বীকার করিবার চেষ্টা হয়। ইহাই শ্রদ্ধার প্রথম অবস্থা। কিন্তু জীবের স্বভাব বিকৃত হওয়ায় জীব অভ্রান্ত হইয়াছে, সুতরাং সাধুসঙ্গ অভাবে বা কুসঙ্গক্রমে এ শ্রদ্ধা একেবারে লুপ্তাবশিষ্ট হইতে পারে। অতএব এই সময় হইতে সাধুসঙ্গের প্রয়োজন। সাধুসঙ্গ ক্রমে এই শ্রদ্ধা ক্রমশই বৃদ্ধিপ্রাপ্ত হয় এবং শ্রদ্ধাবৃদ্ধির সঙ্গে ব্যাকুলতাও বাড়িয়া উঠে। তখন কি উপায়ে জীব শ্রীভগবানের চরণ পাইবেন, তাহারই অন্বেষণে ব্যস্ত হন। তখন তিনি প্রথমেই দেখিতে পান, তিনি অনর্থের একান্ত বশীভূত। তাঁহার স্বভাব সুখ; তিনি তখন কোন বিষয়ে অনর্থ থাকায় স্বভাব সাধুর পদাশ্রয় পূর্ব্বক একনিষ্ঠ হইয়া ভজনকার্য্যে প্রবৃত্ত হন। শ্রদ্ধার এই অবস্থার নামই সাধু বা নিষ্ঠা পরিপোষিণী। ইহার "ভক্তি লতাবীজ"। এই সময়ে শ্রদ্ধাবানের যেরূপ ভাব হয়, তাহা নিম্নলিখিত বাক্যে প্রকাশ হইতেছে। যথা—

শ্রদ্ধাকে 'বিশ্বাস' করে সুদৃঢ়নিশ্চয়।
কৃষ্ণ ভক্তি কৈলে সর্ব্বকর্ম্ম কৃত হয়॥"

শ্রদ্ধাবান্ জীবের মনে দৃঢ়বিশ্বাস হয় একমাত্র কৃষ্ণভক্তিই জীবের স্বভাব, শ্রীকৃষ্ণ সেবা ব্যতীত জীবের কর্ত্তব্য আর কিছু নাই। সুতরাং কৃষ্ণ ভক্তি করিতে জীবের সমস্ত কাযাই করা হইল। কি মায়াবদ্ধ হইয়া জীব বিকৃতস্বভাব হইয়াছেন। সুতরাং স্বভাবপ্রাপ্তি পর্য্যন্ত যেরূপ যাহা সুন্দররূপে নির্দ্দোষ পূর্ব্বক কৃষ্ণানুশীলন করাই শ্রেয়ঃ। তাই তিনি ভক্তির অনুকূল যাহা কিছু, তাহাই মাত্র স্বীকার করেন, ভক্তিপ্রতিকূল যাহা কিছু, তাহা জীবের কর্ত্তব্য নয় বলিয়া কদাচ গ্রহণ করেন না।

শ্রদ্ধাবান্ জীবের কর্ম্মাধিকার নাই, কারণ নিষ্কাম কর্ম্মের ফল যে শ্রদ্ধা, তাহা হইতে উচ্চতর এই শ্রদ্ধা তাঁহার স্বভাবতই উদিত হইয়াছে। শ্রীকৃষ্ণ উদ্ধবকে বলিতেছেন,—

তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত ন
নির্ব্বিণ্ণেত যাবতা
মৎকথাশ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়তে

যতদিন কর্ম্মফলের প্রতি অনাসক্ত হইবে, অথবা । বিষয় ভোগেচ্ছা হইতে নিবৃত্ত না হইবে, ততদিন কর্ম্মত্যাগ করিবে। কিন্তু পূর্ব্বোক্ত শ্রদ্ধাবান কর্ম্মফলে আসক্ত নাই; কারণ তিনি স্বভাব কৃষ্ণভক্তি বর্দ্ধিত আর কিছুর ভোগ করেন না। তাঁহার কর্ম্ম ভাল লাগে—তিনি তাহাকে অ মনে করেন। তিনি "সর্ব্বকর্ম্ম পরিত্যাগ সমস্ত শুষ্ককর্ম, জ্ঞানযোগ ভক্তি একমাত্র ভগবানের শরণাপন্ন হইয়া, "ভগ বদ্বশ্যমনন্য ভাবে ভজনা বিশুদ্ধ বাহ্য ভাবনা ভক্তিকে ঈশ্বরের অনুগ্রহে সুখে স্বা ধীন, স্বতন্ত্র ও ক্লেশবিমুক্ত হইয়া

অন্যাভিলাষিতাশূন্যং জ্ঞানকর্মাদ্যনাবৃতম্ আনুকূল্যেন কৃষ্ণানুশীলনং ভক্তিরুত্তমা" এবম্বিধ "উত্তমা ভক্তি" আচরণ করিতে পারিবেন। সুতরাং তিনি কর্মযোগীর সঙ্কল্প অতীত করিয়া, জ্ঞানযোগীর যুক্তি বিচার অবহেলা করিয়া বিশুদ্ধ ভক্তিযোগে ভগবান্ শ্রীকৃষ্ণকে পাইবার জন্য শ্রদ্ধাযোগে অগ্রসর হন। কারণ "শ্রদ্ধাবান্ জন হয় অধিকারী" একমাত্র শ্রদ্ধাবান্ ব্যক্তিই ভক্তি পাইবার যোগ্যপাত্র এবং একমাত্র "একো ভগবানের অনুভাব পূর্ণরূপ" ভক্তিদ্বারাই ভগবানের পূর্ণ অনুভব হয়, জ্ঞান ও যোগ দ্বারা তাঁহার জ্যোতি ব্রহ্ম ও তাঁহার এক অংশ পরমাত্মার অনুভব হয়। সুতরাং শ্রদ্ধা জীবের বড় আদরের ধন। শ্রদ্ধাবান্ সাধক যতদিন সাধনভক্তিরাজ্যে অবস্থিত থাকেন, এই শ্রদ্ধাই কৃষ্ণানুশীলনক্রমে অবস্থানুসারে নিষ্ঠা, রুচি, আসক্তি আদি নাম ধারণ করেন। ক্রমে যখন ভাব উদয় হয়, তখনই এই শ্রদ্ধা নির্গুণ শ্রদ্ধা, রাগ বা রতি নাম প্রাপ্ত হয়। সেই রতিই প্রেমমন্দিরে প্রবেশের দ্বারস্বরূপ।

শ্রদ্ধাবান্ জীব একমাত্র কৃষ্ণভক্তি ব্যতীত আর কিছুই প্রার্থনা করেন না। যদি সূক্ষ্মভাবেও তাঁহাদের মনে অন্য বাঞ্ছা থাকে, তাহা হইলে বুঝিতে হইবে তাঁহাদের শ্রদ্ধা নির্গুণ উন্মেষিতা হয় নাই। সাধুসঙ্গক্রমে যতদিন তাঁহারা ঐ কামনা ত্যাগ না করিতে পারিবেন, ততদিন তাঁহাদের ভক্তিলাভের আশাও কম। শুদ্ধভক্তিই জীবের সম্পত্তি সেই ভক্তি পাইতে হইলে প্রথমতঃ শ্রদ্ধার প্রয়োজন। শ্রদ্ধা ব্যতীত তাহা কোন ক্রমে লাভ হয় না।

অসাধুর লক্ষণ

(শ্রীযুক্তা অপর্ণা দেবী)

আমাদের আমরা সাধু নির্ণয় করিতে যাইয়া অসাধুকেই সাধুর আসনে বরণ করি, সেই নিমিত্ত নিতাকল্যাণলাভেচ্ছু ব্যক্তির পক্ষে সর্বাগ্রে অসাধুর স্বরূপ অবগত হওয়া কর্তব্য।

এইজন্যই জগদ্গুরুরূপে অবতীর্ণ লোকশিক্ষক শ্রীকৃষ্ণচৈতন্যদেব কৃপা করিয়া স্বীয় শ্রীমুখে অসাধুর প্রকৃত পরিচয় দিয়া জীবমাত্রকেই অসৎসঙ্গ পরিবর্জন করত বৈষ্ণবসদাচার গ্রহণে উপদেশ করিতেছেন,—

"অসৎসঙ্গ ত্যাগ এই বৈষ্ণব আচার।
স্ত্রীসঙ্গী এক অসাধু, কৃষ্ণাভক্ত আর॥"

আত্মনাশকর অসাধুসঙ্গ সর্বতোভাবে পরিত্যাগ করিতে না পারিলে কখনই পরম মঙ্গলদায়ক বৈষ্ণব সদাচার গ্রহণের যোগ্যতা লাভ হয় না। কৃষ্ণভক্তিকামী অসাধুর সহবাস বর্জন না করিয়া কোটি কল্পকাল সাধুর সান্নিধ্যে বাস করিলেও কিছুমাত্র ফলোদয় হয় না; কারণ—অসদ্বিষয়াভিনিবিষ্ট মরুভূমা চিত্তভূমিতে ভক্তিলতা বীজ অঙ্কুরিত হয় না।

একটি প্রশ্ন উঠিতে পারে যে, যদি কোনও ব্যক্তি বৈধ বা অবৈধভাবে কামিনী সঙ্গ করে, সেই ব্যক্তিই কি স্ত্রীসঙ্গী? তবে কি স্ত্রীগণ এই বিচারের অন্তর্ভুক্ত নহেন? এতদুত্তরে শাস্ত্র ও তত্ত্ববিদ্ মহাজনগণ বলিতেছেন, স্ত্রী অথবা পুরুষ যে কোনও দেহধারী জীবমাত্রে যাহার যে বিষয়ে আসক্তি, তাহার পক্ষে সেইটীই স্ত্রীসঙ্গ বা যোষিৎসঙ্গ। কোনও ব্যক্তি যদি অপরা স্ত্রীতে নিতান্ত আসক্তচিত্ত হন, তবে ঐ স্ত্রীই তাহার বন্ধনের কারণস্বরূপ যোষিৎ সঙ্গমধ্যে পরিগণিতা। কোনও স্ত্রী যদি শ্রীকৃষ্ণের পাদারবিন্দ আশ্রয় না করিয়া অন্যত্র প্রাকৃত পতির শ্রীবিগ্রহে বদ্ধচিত্ত হইয়া পড়েন, তবে তাঁহার পক্ষেও তাদৃশ শ্রীই তাঁহার সাধুসঙ্গের অন্তরায়স্বরূপ স্ত্রীসঙ্গ। কৃষ্ণব্যতীত ইতর বিষয়সঙ্গে যে আসক্তি, তাহাই যোষিৎসঙ্গ

কৃষ্ণের অভক্ত সম্বন্ধেও সম্যগ্রূপ বিশুদ্ধ জ্ঞানের আবশ্যক। কারণ আজকাল ভক্তবেশধারী লোকবঞ্চকের কিছুমাত্র অভাব পরিলক্ষিত হয় না।

আত্মেন্দ্রিয়প্রীতিকামনাপ্রণোদিত হইয়া যিনি যেখানেই শ্রীভগবদ্ভজনের ব্যাঘাতকর প্রসঙ্গ করুন না কেন, তিনিই আত্মসুখকামী সমুদয় সম্প্রদায়ভেদেই সংসক্ত "অসৎ" বা 'অভক্ত' সংজ্ঞা দ্বারা অভিহিত করিয়াছেন।

বিষয়ভোগাসক্তি, পুরুষকারাশ্রয়ী কর্মী, নির্ভেদ ব্রহ্মানুসন্ধানপর জ্ঞানাভিমানী মুমুক্ষু, নানা অসদ্বুদ্ধিপীড়িত অন্যাভিলাষী, কেহই পরম শ্রেষ্ঠতম গোবিন্দপ্রিয় ভক্তের পদবীতে আরোহণযোগ্য নহেন।

যদিও পঞ্চোপাসনামূলে মায়াবাদিগণ অনেক সময় বিষ্ণুআরাধনার অভিনয় করেন বটে, তথাপি কৃষ্ণপ্রীতিকামনাবর্জিত তাঁহাদের সেই স্তবন-পূজনাদি ভগবানের তুষ্টি বিধান করা দূরে থাকুক, ভগবদঙ্গে বজ্রসম বিদ্ধ হয়।

"আত্মেন্দ্রিয়প্রীতিবাঞ্ছা তারে বলি কাম।
কৃষ্ণেন্দ্রিয়প্রীতিবাঞ্ছা ধরে প্রেম নাম॥"

—কবিরত্নমুকুটচূড়ামণি শ্রীল কবিরাজ গোস্বামিপ্রভু এই দুইটী অমিয়মণ্ডিত ছত্রে অপূর্ব সিদ্ধান্তভাণ্ডার সঞ্চিত করিয়া রাখিয়াছেন। যে স্থানে আত্মসুখসম্ভোগার্থে কোন প্রকার চেষ্টা লক্ষিত হইবে, সেই স্থানেই কামের প্রবল আধিপত্য জানা করিতে হইবে। হরিসেবাবিলোলা ভিন্ন যে হৃদয়ে লোকৈষণা, পুত্রৈষণা, বিত্তৈষণা ইত্যাদি 'এষণা'র প্রভাব, সেই অন্তঃকরণ কৃষ্ণভক্তিহীন।

আমরা কখনও কখনও কৃচ্ছ্রসাধনপরায়ণ কষ্টত্যাগীকে আদর্শের উচ্চ শিখরে স্থাপন করিয়া থাকি। কিন্তু শ্রীহরির সেবাকামনাহীন কপট ত্যাগীও—কৃষ্ণভক্ত। রুক্ষচিত্তশূন্য তাঁহার শুষ্কবৈরাগ্যের এক কণা কড়িও মূল্য নাই। ত্যাগীও সূক্ষ্মভাবে আত্মেন্দ্রিয়প্রীতিকামী। অতিরিক্ত ক্লেশের বিষজ্বালায় পীড়িত হইয়া সন্ন্যাসীর ঈশ্বর সৌজন্যে, গিরিনদীর মৃদুকলনাদে, পর্বতের মহান্ দৃশ্যে প্রকৃতির কোলে উপস্থিতি হইয়া সেই ত্যাগের প্রাণের সম্বন্ধ ছেদনের পূজা করে। অতএব জ্ঞানকর্মী মুমুক্ষু মায়ার দমনকর মাত্র।

শ্রীকৃষ্ণপ্রীত্যেনিই কৃষ্ণৈকশরণ নিষ্কিঞ্চন মহাভাগবতগণই সাধুর সর্বোত্তম সিংহাসনের একচ্ছত্র সম্রাট। এতদ্ভিন্ন সকলেই অসাধু। আমিন, বাউল, কর্তাভজা, নেড়া, দরবেশ, সাঁই, সহজিয়া, সখিভেকী, স্মার্ত, জ্ঞানযোগাদি ঔপাধিক নামধারী সম্প্রদায়ও অসৎসঙ্গান্তর্গত। এই অসৎশ্রেণিভুক্ত। যে শ্রীবৈষ্ণবেতরসম্প্রদায়ের সেবালাভে পরম পুরুষার্থ লাভের বাসনা বিদ্যমান আছে তাঁহার অসাধুসঙ্গ বর্জনই সর্বপ্রথম কর্তব্য।

আদর্শ

শ্রীগোপাল বিলাসবেদান্তশাস্ত্রী, সাংখ্যবিদ্যার্ণব

এজগতে কোন বিষয়ে পারদর্শিতা লাভ করিতে হইলে সেই শাস্ত্রজ্ঞ কতকগুলি ব্যক্তির জীবনী নিজ আদর্শরূপে গ্রহণ করিয়া তদনুযায়ী চলিবার প্রয়াস পাওয়াই জীবনকে সাফল্যমণ্ডিত করিবার একমাত্র প্রকৃষ্ট উপায়। নতুবা প্রতিপদে বিপথগামী হইবার সম্ভাবনা। সুতরাং যাঁহারা কেহ জগদ্গুরু হইতে চাহেন, তাঁহারা হইতে তাঁহাকেও কতকগুলি আদর্শ ভক্তের জীবনী আদর্শ রূপে গ্রহণ করা একান্ত প্রয়োজন। নচেৎ কোটিকল্পকালেও তাঁহার জগদ্গুরুপদে অগ্রসর হওয়া একরূপ অসম্ভব ব্যাপার হইবে।

ভক্তিযাজনকারী ব্যক্তির পক্ষে যাহা অনুকূল কার্য্য স্বীকার এবং ভক্তির প্রতিকূল কার্য্য বর্জন একান্ত প্রয়োজনীয়। কিন্তু কিরূপ কার্য্য ভক্তির অনুকূল এবং কিরূপ কার্য্য ভক্তির প্রতিকূল, তাহা নির্ণয়করা কতকটা দুঃসাধ্য ব্যাপার। এই দুঃসাধ্য ব্যাপার যাহাতে সহজসাধ্য হয়, সেইজন্য পরম কারুণিক ভগবান্ গৌরসুন্দর কলিজীবের প্রতি কৃপাপরবশ হইয়া স্বয়ং সপার্ষদ স্বীয়ধাম সহ অবতরণ করিয়া নিজ চরিত্র ও অনুগগণের চরিত্রের দ্বারা দেখাইয়াছেন, ভক্তজীবন কি আদর্শে গঠিত করিতে হইবে। অতএব পাঠকবর্গ, আসুন আজ আমরা গৌরপার্ষদ শ্রীল সার্বভৌম ভট্টাচার্য্য ভক্তিপ্রতিকূল বস্তু ত্যাগ করিতে গিয়া নিজ আচরণ দ্বারা কি শিক্ষা দিয়াছেন, তাহা অনুশীলন করি। আমাদিগের দুর্বল হৃদয়কে সবল করিয়া ভক্ত শ্রীগুরুবৈষ্ণবচরণে কাতর প্রার্থনা জানাই।

একদিন নীলাচলে শ্রীমহাপ্রভু বাসুদেব সার্বভৌমের গৃহে ভিক্ষা অঙ্গীকার করিয়া যখন তাঁহার গৃহমধ্যে ভোজনে বসিয়াছিলেন এবং সার্বভৌম ভট্টাচার্য্য শ্রীমহাপ্রভুর ব্যজন সেবায় নিযুক্ত ছিলেন, তখন তাঁহার একমাত্র কন্যা যাত্রীর ভাগ্যে অযোধ্যা আসিয়া কহিল,—"এই অন্নে তৃপ্ত হয় দশ বার জন। একেলা সন্ন্যাসী পেট ভরে কতক্ষণ।" অমনি সার্বভৌম ক্রোধে উন্মত্ত হইয়া শিরোঘাত করণপূর্বক গলহস্ত দিয়া তাহাকে মারিতে মারিতে বাহির করিয়া দিলেন। কিন্তু বাহিরে না পড়িতে পড়িতে ফিরিয়া আসিয়া শ্রীমহাপ্রভুকে নিবেদন করিল যে, নিজ পত্নী যাহা বলিয়াছে তাহাতে তাহার কোন দোষ নাই। মাতার নিকট আর কেহ কিছু বলিতে পারে না। সার্বভৌম নিন্দা যাহার মুখ হইতে শুনিলাম, তাহাকে বধ করিলে ব্রহ্মহত্যা নিশ্চয়ই হইবে। তবে এই নিষ্কৃতি আজ হইতে পরিত্যাগ করিলাম। উহার আর মুখ দর্শন করিব না। যাও, তুমি যাহা ইচ্ছা কর, একত্র থাকিতে আমাকে ক্ষমা করিও।

এই ঘটনার পর সরল প্রাণা অমোঘ বিশ্বাসিকাকে যাহাকে হইতে মনঃপূত হইলেও সার্বভৌম ঠাকুর বিবাহ বিচ্ছিন্ন না হইয়া উহাকে ত্যাগ করিলেন,—শ্রীভগবান্ বুঝি আমার কাতর প্রার্থনা শুনিয়া আমার গর্ব্ব খর্ব্ব করিয়া আমার কার্য্য করিয়াছেন। সার্বভৌম ঠাকুর অক্রোধী, তথাপি ক্রোধ, সরল বিশ্বাসিত হইয়াও তাঁহার জন্য সেই গুরুতর নিন্দাবচনে ক্রোধে, দুঃখে উন্মত্ত হইয়া উঠিয়াছেন। নিজের ভগবৎসেবার প্রতিকূল কৃষ্ণবহির্মুখ জানিয়াও কামনা করিয়া আমাতা বিদ্যাকারী অকারণ হত্যা করিতে উদ্যত হইল শুনিয়াও তাঁহার হৃদয় দ্রবীভূত হইল না।

এজগতে যেমন কামের অনুগত লোকে ক্রোধে অন্ধ হইয়া স্বার্থসিদ্ধির ব্যাঘাতকারীর অনিষ্টাচরণ করে, তদ্রূপ ক্রোধীন ভক্তগণ তাঁহাদের ভগবৎসেবার বিঘ্নকারী ব্যক্তি বা বস্তু যদি প্রাণ অপেক্ষা প্রিয়তম হয়, তাহার প্রতি ক্রোধ প্রকাশ বা তাহাকেও পরিত্যাগ করিতে বিন্দুমাত্র কুণ্ঠিত হন না।

প্রতিকূল বিচারে এই আদর্শটী আমাদিগের স্মৃতিপটে সদা বিদ্যমান থাকে

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম

শ্রীমদ্ভাগবতম গ্রন্থখানি বেদব্যাস প্রণীত মূল, শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী-কৃত তাৎপর্য্য-নির্ণয়টীকা, শ্রীমদ্বৈষ্ণবানন্দ চক্রবর্ত্তী-কৃত সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, সংস্কৃত অন্বয় ও টিপ্পনী, তথা ও বিষয়সূচীসহ। প্রতি স্কন্ধের আদিতে ঐ স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ অধ্যায়ের সারসহ সুবিস্তৃত তাৎপর্য্যাদি লিখিত। শ্লোকসূচী, অধ্যায়বিবরণ, পাঠ ও স্থানচ্যুতির উত্তম পক্ষে উত্তম অক্ষরে মুদ্রিত। প্রথম হইতে ১০ম স্কন্ধ ছাপা সম্পূর্ণরূপে শেষ হইয়াছে। কিন্তু প্রথম হইতে ৯ম স্কন্ধ পর্য্যন্ত ২১৮/০; দশম স্কন্ধ ১২৲; গ্রন্থ ৪৲।

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদঠাকুর রচিত 'অমৃতপ্রবাহভাষ্য' শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লিখিত ভূমিকা প্রভৃতি বহু শাস্ত্রপ্রমাণ-সম্বলিত হইয়া প্রকাশিত হইয়াছেন। শ্লোকের সারসংখ্যা, বঙ্গানুবাদ ও শ্লোক পয়ারের পক্ষে সাক্ষিপ্ত অন্বিতও সংযোজিত। প্রত্যেক অধ্যায়-প্রারম্ভে কথাসার দেওয়া আছে। শ্লোক, পদ, স্থান, পাঠ প্রভৃতির শুদ্ধিপত্র সূচী ও গ্রন্থকারের সংক্ষিপ্ত জীবনী সম্বলিত এইরূপ অনুপম সংস্করণ ইতঃপূর্ব্বে বাহির হয় নাই। উত্তম কাগজে পাকা বাঁধাইয়ের সুন্দর ফুলস্কেপ মুদ্রণাদি সুন্দর হইয়াছে। গ্রন্থ প্রায় ৯০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। কিন্তু বাঁধাইসহ ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, গ্রন্থের পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত ভূমিকা, ভাষা, শব্দসূচী, পয়ারসূচী, বিষয়-সূচী পাঠান্তরাদি, প্রভৃতি বিবিধ বিষয় সন্নিবেশিত করিয়া নিউটে সংস্করণ ফুল ক্রাউন ৮ পেজী আকারে। আদিলীলা ও মধ্যের কিয়দংশ প্রকাশিত হইয়াছে। ক্রমে ক্রমে প্রকাশিত হইতেছে। আশ্রম কিন্তু ৫৲ টাকা, আদি লীলার কিন্তু ৫৲।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের এরূপ অভিনব সুন্দর সংস্করণ আর কখনো প্রকাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকাংশের অন্বয়, বঙ্গানুবাদ, ভাষা, কথাসার, তথা প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। মূল মোটা অক্ষরে উত্তম ক্রাউন আটপেজী আকারে ছাপা হইয়াছে। মূল্য ২৷৷০ টাকা। নদীয়া প্রকাশ ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ২৷৷০ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীগৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত বৈদগ্ধচূড়ামণি শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিঠাকুর গোস্বামিপ্রভুর সারার্থবর্ষিণী টীকানুযায়ী ও শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'সূচিকা' নামক ভাষ্যানুযায়ী। অধ্যায়সূচী, শ্লোকানুক্রমে শব্দ-সূচী, বিষয়-সূচী, গ্রন্থকারের জীবনী ও অবতরণিকা ভাষ্যবিষয়-সহ উৎকৃষ্ট বাঁধাই তৃতীয় সংস্করণ—ইহা প্রাক্ সংস্করণের কিন্তু ২৲ টাকা মাত্র, সাধারণ সংস্করণ ১৷৷০ টাকা মাত্র

শ্রীমদ্ভগবদ্গীতা

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের যেই অপূর্ব্ব ভাষ্য-সম্বলিত ভাবপ্রকাশিনী টীকা ও পদ্যানুবাদিনী ভাষা গ্রন্থের মুক্ত-বিচার—বেদবিদ্যার-তত্ত্বমালার মৌলিকত্ব সম্পাদনে বৈষ্ণবসিদ্ধান্তাচার্য্যের মৌলিক ভূমা—পক্ষপাত ও তাৎপর্য্যের সমন্বয়ত্ব—মতান্তর-বিবাদচরিত-শিক্ষক বিশ্বসাহিত্যে অদ্বিতীয়-বিচারক—শ্রীমদ্ভগবদ্গীতার মৌলিক অনুবাদ—সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন তত্ত্বের বিস্তৃত সমন্বয়।

১। প্রথম খণ্ড—বৈষ্ণবদর্শন, ভাষ্য ও টীকা, কালনির্ণয়, শ্রীমদ্ভগবদ্গীতার, বৈষ্ণবাচার্য্য, পাঞ্চরাত্রিকী বাণী ও বর্ণ বিচার, আত্মতত্ত্ব ও মনোযোগ, ইন্দ্রিয়তত্ত্বের ও তাহার শিক্ষা, অপ্রাকৃত সচ্চিদানন্দ ও তাহার লক্ষণাদি, প্রভৃতি বিশ্বস্ত সংবাদ গ্রন্থে গুরোচিত। কিন্তু মাত্র ৩ তিন আনা

২। দ্বিতীয় খণ্ড—গুহ্য হইতে গুহ্যতম, মহাবাক্যের লেখক কোথায় আত্মার নিত্যত্বাদি, ঈশের স্বাধীনতা ও মায়াবাদ, শ্রীগৌর-নিত্যানন্দতত্ত্ব, কৃষ্ণের রূপ ও নাম কীর্ত্তন, শ্রীরাধাতত্ত্বের শ্রীমন্মহাপ্রভুর কথন, প্রাণায়ামের মহিমা, মন্ত্রতত্ত্ব, শ্রীগোবিন্দ, শ্রীকৃষ্ণাবতার-তত্ত্ব, শ্রীমতী তুলসী-স্তুতি, শ্রীবৈষ্ণবের ধর্ম্ম, গোবধকারী ও রক্ষাকারীর—চতুর্থ খণ্ডের মধুরমধ্যাদি-তত্ত্ব বিবৃতি। কিন্তু ৸ কে টাকা মাত্র।

প্রথম ও দ্বিতীয়—৮ম খণ্ড একত্রে, সকলে কিন্তু ১৷৷০ টাকা, ডাকমাশুল স্বতন্ত্র।

শ্রীমদ্ভগবদ্গীতা

গৌড়ীয় বৈষ্ণবাচার্য্যের প্রথম শ্রীমদ্ভগবদ্গীতা বিস্তৃত ভূমিকা ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের প্রাকৃত বঙ্গভাষায় বিস্তৃত "সারজ্ঞরঞ্জনী" নামক ভাষ্যানুগ। অধ্যায়-সূচী, বিষয়সূচী, ও প্রতি শ্লোকের প্রথম ও চতুর্থ পদ সূচী, গ্রন্থকারের জীবনী প্রভৃতি সন্নিবিষ্ট। উৎকৃষ্ট বাঁধাই, বাহুল্যবর্জ্জন (তৃতীয় সংস্করণ) গ্রন্থের কিন্তু ২৲ টাকা।

প্রমেয়রত্নাবলী

শ্রীবলদেব বিদ্যাভূষণপ্রণীত বৈষ্ণবদর্শন, সর্ব্বত্র গোবিন্দ-ভাষ্যানুগ পাঠকদের প্রথম গ্রন্থ। উৎকৃষ্ট কাগজে ছাপা। সংস্কৃত টীকা ও প্রাঞ্জলবঙ্গানুবাদ-সহযোগে অতি সহজে সাধকেরও বোধগম্য হইয়া থাকে। কিন্তু ৸৹ আনা মাত্র।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

(প্রমাণসহ) সানুবাদ। প্রতি-শ্লোকার্থ গ্রন্থে শ্রীনবদ্বীপের যে মহিমা কীর্ত্তিত আছে, তাহার মূল সংস্কৃত ও অনুবাদ। ৸৹ আনা।

ষড়্গোস্বামিস্তব

শ্রীরূপ-সনাতন-রঘুনাথ-জীব। মূলসহিত গৌড়ীয়ের পাঠকগণের পক্ষে ৸৹ আনা।

ভক্তিরত্নাকর ও ৬৹ ৬৹ পরিক্রমা

শ্রীল নরহরি চক্রবর্ত্তি-ঠাকুর রচিত। ভক্তিরত্নাকর হইতে পরিক্রমার মাত্র গৃহীত; শ্রীধাম গৌড়মণ্ডল প্রকারে নবদ্বীপধামের পরিক্রমা করিয়াছিলেন, তাহাই গ্রন্থে বিবৃত। কিন্তা ৸৹ আনা

গীতনর্ত্তনামৃত

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রণীত। ইহাতে শ্রীগৌরাঙ্গের শিক্ষাপ্রণালী—প্রণাম, রূপশিক্ষা ও প্রথম ও দ্বিতীয় ভূমিকা অধিকারভেদের তত্ত্ব—সাধন-নির্ণয়—প্রয়োজন-তত্ত্ব, ও কাল, স্থানাদির বিচার—বৈধী ভক্তি, ভাবভক্তি প্রেমভক্তির লক্ষণ—প্রণালী ও অষ্টকালীন গ্রন্থ পদ্যাবলি প্রথম শিক্ষার্থীর উপযোগী করিয়া সরল ভাষায় বঙ্গানুবাদ ও টিপ্পনী-সহযোগে বিবৃত হইয়াছে। চতুর্থ সংস্করণ বা, ১৲ টাকা, আশ্বিন, ১৩০ পর্য্যন্ত মাত্র।

গৌড়ীয়কণ্ঠহার

[illegible] শ্রীগৌরাঙ্গের [illegible] পাঠকগণের পক্ষে [illegible] বিশুদ্ধভক্তিপথে অগ্রসর হইতে [illegible] শ্রীগৌড়ীয় বৈষ্ণবের [illegible] হইতে স্বরচিত [illegible] গৌড়ীয় [illegible] —আশ্রয়ে—[illegible]—সর্ব্বত্র আশ্রয়ে [illegible] —[illegible] ও প্রয়োজন [illegible] [illegible] [illegible]

সাধনপথ

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। এই একমাত্র গ্রন্থ যাহা পাঠ করিলে পারমার্থিক রাজ্যে কিছুরই অভাব থাকিবে না। পরম গূঢ় বস্তুবিষয়ক এই [illegible] গ্রন্থ বাঙ্গালায় প্রকাশিত হয় নাই। [illegible] শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর মহাশয় এই [illegible] করিয়াছেন। আশা করি প্রত্যেক [illegible] বাড়ীতে ইহার কপি রাখিয়া সমৃদ্ধ করা কর্ত্তব্য। বিশেষ এই, [illegible] ভালো নাম লেখা, উহাই বাঁধাই—উত্তম সংস্করণ মূল্য মাত্র।

প্রেমবিবর্ত্ত

শ্রীমন্মহাপ্রভুর অন্যতম পার্ষদ শ্রীল জগদানন্দ পণ্ডিত [illegible] ঠাকুর ভক্তিবিনোদের [illegible] শ্রীমন্মহাপ্রভুর লীলার বৈজ্ঞানিকতত্ত্ব, একনিষ্ঠ ও সাম্প্রদায়িকতা প্রভৃতি অনেক বিষয়ের [illegible] পাণ্ডিত্যপূর্ণ টীকায় ও [illegible] বিশদভাবে বুঝাইয়াছেন। পাণ্ডিত্যপূর্ণ ভূমিকা ও [illegible] পণ্ডিতাগ্রণী-সম্বলিত উৎকৃষ্ট সংস্করণ মূল্য ৸৹ আনা মাত্র।

ভজনরহস্য

ভক্তিবিনোদ নিবন্ধাবলী; ঠাকুর ভক্তিবিনোদের [illegible] ; সাধন শব্দের নিবন্ধ। [illegible] পরম ভক্তি বুঝিতে পারিবেন না। সুন্দর সংস্করণ মূল্য ১০।

হরিনাম-চিন্তামণি

নামাচার্য্য শ্রীল হরিদাস ঠাকুরের মুখে শ্রীমন্মহাপ্রভু নাম মাহাত্ম্য, নামাভাস, নামাপরাধ প্রভৃতি বিষয়ের যে বিচার শ্রবণ করিয়াছিলেন। এই বিশ্বমঙ্গল [illegible] ঠাকুর ভক্তিবিনোদ ঠাকুর প্রণয়ন করিয়াছেন। [illegible]

কল্যাণকল্পতরু

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত। [illegible] ও ভক্তগণের [illegible] ভাবে গাহিয়াছেন। [illegible] ইহা [illegible] মূল্য মাত্র।

শরণাগতি

[illegible]

গীতাবলী

[illegible] মূল্য মাত্র।

শ্রীনবদ্বীপভাবতরঙ্গ

[illegible] মূল্য মাত্র।

শ্রীমদ্ভাগবতার্কমরীচিমালা

শ্রীমদ্ভাগবতের শিক্ষা ও শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর প্রতি শ্রীল গোস্বামীর উপদেশবাণী, ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিষয়ে সুবিচারিত সদুপদেশ ভরা, বিস্তৃত সিদ্ধান্ত, চারিপ্রমাণের প্রমাণ, সাধন ব্যাখ্যা ও মহাজনপদাঙ্ক অনুসরণে [illegible] শ্রীমদ্ভাগবত প্রত্যেক শ্লোকের সঙ্গতি সন্নিবেশিত হইয়াছে। এক সংস্করণ ভিক্ষা ৸৹ আনা।

সাধন-কল্প

শ্রীমদ্ভাগবত ধর্ম্ম গোস্বামীর মন্তব্যিকা, শ্রীল [illegible] ভক্তিবিনোদ-চরিত পদ্যানুবাদসহ। ভিক্ষা ৵৹ আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা

শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয়ের সুপ্রসিদ্ধ প্রেমভক্তিবিষয়ক গানের পুস্তক। ভিক্ষা ৵৹ আনা মাত্র।

নবদ্বীপশতক

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপাদের সংস্কৃত নবদ্বীপশতকের [illegible] ভাষানুবাদ। ভিক্ষা ১ আনা মাত্র।

অর্থপঞ্চক

শ্রীল লোকনাথ রচিত। বৈষ্ণবতা-জ্ঞানের আকর পুস্তক। ভিক্ষা ৵৹ আনা মাত্র।

সদাচারস্মৃতি

শ্রীল মন্বাদি-সংহিতা-প্রণীত বৈষ্ণবের নিত্যকর্ত্তব্যাদি সদাচারাবলী, বঙ্গানুবাদ সহিত। ভিক্ষা ৵৹ আনা মাত্র।

মণিমঞ্জরী

কবিকুলকেশরী শ্রীমদ্রাধামোহন ঠাকুর রচিত। শ্রীমদ্ভাগবতের সংক্ষিপ্ত [illegible] ও [illegible] সমন্বিত। ভিক্ষা ৵৹ আনা মাত্র।

গৌরকৃষ্ণোদয়

[illegible] কবি ঐতিহাসিক কেস প্রণীত ঐতিহাসিকদিগের [illegible] ভিক্ষা ৸৹ আনা।

যুক্তমল্লিকা অথবা যৌতুক

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তি-কৃত। সজ্জনের [illegible] এই গ্রন্থের প্রকাশ পারমার্থিক জগতে [illegible] এই গ্রন্থখানি। শ্রীমদ্ভাগবতের ১১তে [illegible] নিমিত্ত মহাত্মাগণ মধ্যে [illegible] ভক্তিবিরোধী মতবাদ সমূহ খণ্ডন করিয়াছেন, তাহা পাঠ করিলে [illegible] ১১তে [illegible] ভাষা, ভাব, ভক্তি, যুক্তি ও সিদ্ধান্তের [illegible] ভিক্ষা ১ টাকা মাত্র।

গোস্বামী শ্রীল রঘুনাথ দাস

এই গ্রন্থে শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর গোস্বামী [illegible] লিখিত [illegible] গৌরাঙ্গের অন্তরঙ্গ পার্ষদ শ্রীল রঘুনাথ দাস গোস্বামী প্রভুর অপূর্ব্ব [illegible] অতীব প্রাঞ্জল ও সরল ভাষায় লিপিবদ্ধ করা হইয়াছে। [illegible] প্রভু-সেবা-নিষ্ঠা-সম্বলিত [illegible] ও মনঃশিক্ষা সম্বলিত। ভিক্ষা বাঁধাই ৸৹ আনা, আসা ষ্টি ৵৹ আনা মাত্র।

চিত্রে নবদ্বীপ

প্রাচীন নবদ্বীপের অবস্থিতি, কথা, ঐতিহ্য, প্রোত ও ঐতিহাসিক প্রমাণসম্বলিত নয়টী দ্বীপের সচিত্র বিবরণ-গ্রন্থ। রাজর্ষি রাজেন্দ্রের কুমার শ্রীযুক্ত শরদিন্দু নারায়ণ রায় এম, এ, প্রাক্ত (লাহোর), বেদান্তভূষণ মহোদয় কর্ত্তৃক সঙ্কলিত এবং ৬৭ খানি বিভিন্ন বর্ণের অপূর্ব্ব চিত্র ও মানচিত্র-সমন্বিত; প্রাচ্যবিদ্যামহার্ণব রায় সাহেব শ্রীযুক্ত নগেন্দ্র নাথ বসু বিশ্বকোষসম্পাদক মহাশয়ের বিস্তৃত ভূমিকা সহ। উৎকৃষ্ট (ই) মরক্কো বাঁধাই মূল্য ১৸০, ভিঃ পিঃ তে ১৲ টাকা মাত্র।

সাধক-কণ্ঠমালা

গুরুবন্দনা, বৈষ্ণব-বন্দনা, বৈষ্ণবস্মরণ, ধামালের ধীত, শ্রীনামমন্ত্র, শ্রীমন্মহাপ্রভুর অষ্টোত্তরশত নাম, অষ্টপ্রহর নামকীর্ত্তন, শ্রীনামাষ্টকাদি, প্রেমধ্বনি, বাউলসঙ্গীত, নবদ্বীপ-মহিমা, শ্রীমায়াপুর মহিমা, শ্রীনরোত্তম-প্রভুর অষ্টক আচার্য্য-বন্দনা, সনাতনগোস্বামীর অষ্টক, প্রেমভক্তিচন্দ্রিকা, উপদেশমালা, নামকরণ প্রণালী, মহাপ্রভু ও রায় রামানন্দ সংবাদ, মনঃশিক্ষা, শ্রীগুরু-প্রণতি, শ্রীগুরু-পরম্পরা, মহাপ্রভুর বন্দনা প্রভৃতি সাধক ও সিদ্ধজীবনের নিত্যপাঠ্য, বৈষ্ণবগণের কণ্ঠস্থিত তুলসীমালার ন্যায় অনুক্ষণ কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ। ভিক্ষা ৵৹, বাঁধাই ১০ মাত্র।

গৌড়ীয়-গৌরব

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট কলে গৌড়ীয়-সম্পাদক শ্রীযুক্ত সুন্দরানন্দ পরিব্রাজকবিনোদপ্রভু প্রদত্ত বক্তৃতার বিষয় অবলম্বনে প্রকাশিত। ইহাতে গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ের ইতিহাস সংক্ষেপে লিপিবদ্ধ হইয়াছে। ভিক্ষা ৵৹ মাত্র।

গৌড়ীয় সাহিত্য

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট কলে গৌড়ীয় সম্পাদক শ্রীযুক্ত সুন্দরানন্দ পরিব্রাজকবিনোদপ্রভু প্রদত্ত বক্তৃতার বিষয় অবলম্বনে প্রকাশিত। ইহাতে সাহিত্য-শব্দের অর্থ এবং গৌড়ীয় সাহিত্যের বিষয় সুন্দররূপে বর্ণিত হইয়াছে। ভিক্ষা ৵৹ আনা মাত্র।

শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা-দর্পণ

শ্রীগৌরাঙ্গদেব যে সকল স্থানে সপরিকর শ্রীমন্মহাপ্রভু এবং তদনুগ পরবর্ত্তী মহাপুরুষগণ লীলা করিয়া গিয়াছেন, সেই সব আধুনিক ভৌগোলিক পরিচয় ও বৈজ্ঞানিকাদির পদ্ধতিতে সুন্দর মানচিত্রসহ সুগম নির্দ্দেশ ইত্যাদি বিষয়গুলি সন্নিবেশিত আছে। ভিক্ষা ৵৹ আনা।

THE HARMONIST
OR SHREE SAJJANATOSHANI

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রতিষ্ঠিত এবং শ্রীল ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ সম্পাদিত পারমার্থিক মাসিক পত্র। একণে ইহার অষ্টাবিংশ বর্ষে ডবল ক্রাউন ৮ পেজী ৪ ফর্ম্মা আকারে প্রতি মাসে চিত্র-সমেত বিজ্ঞ-বৈজ্ঞানিক লইয়া উপস্থিত হইতেছেন। কাগজ, মুদ্রণ-পারিপাট্য ও চিত্রাদি অতীব চিত্তাকর্ষক। এ প্রকার উৎকৃষ্ট প্রবন্ধ আর কোন মাসিক পত্রাদিতে দেখিতে পাইবেন না। বার্ষিক ভিক্ষা ডাকমাশুলসহ ৩৲ টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর নদীয়া

বিশ্ববৈষ্ণব রাজসভার শুদ্ধভক্তিমঠসমূহ

চৈতন্য মঠ

আকর মঠরাজ

শ্রীচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীধাম মায়াপুর, নদীয়া

শ্রীমহাপ্রভুর জন্মস্থান শ্রীধাম মায়াপুর যোগপীঠে শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ কর্তৃক ১৯১৮ খৃষ্টাব্দে শ্রীচৈতন্য মঠ প্রতিষ্ঠিত হয়। এই মঠ হইতে শ্রীল প্রভুপাদের আদেশক্রমে ও তাঁহার নির্দ্দেশানুযায়ী ভারতের ও ভারতের বাহিরে বহু স্থানে শ্রীচৈতন্য মঠ, শ্রীগৌড়ীয় মঠ, শ্রীকৃষ্ণচৈতন্য মঠ, শ্রীচৈতন্য গৌড়ীয় মঠ, শ্রীগৌড়ীয় বেদান্ত সমিতি, শ্রীগৌড়ীয় সঙ্ঘ প্রভৃতি নামে বহু শাখা মঠ প্রতিষ্ঠিত হইয়াছে। এই মঠ হইতে শ্রীল প্রভুপাদের অপ্রকটের পর শ্রীমদ্ভাগবত, শ্রীচৈতন্য-চরিতামৃত, শ্রীগীতা, শ্রীউপনিষদ্ প্রভৃতি গ্রন্থরাজি ও বহু সাময়িক পত্রিকা প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে শ্রীমঠে নিত্য শ্রীবিগ্রহ-সেবা, শ্রীনাম-সঙ্কীর্ত্তন, শ্রীমদ্ভাগবত, শ্রীচৈতন্য-চরিতামৃত-লীলা ও অন্যান্য গ্রন্থের সম্যক্ আলোচনা হইয়া থাকে। মঠরক্ষক—আচার্য্যত্রিদণ্ডি শ্রীমদ্ ভক্তিবিচার যাযাবর মহারাজ। সহকারী—পণ্ডিত শ্রীপাদ অনন্তবাসুদেব পরিব্রাজকবর্য্য বি-এ, শ্রীপাদ সুন্দরানন্দ পরিব্রাজকবর্য্য বি-এ, শ্রীপাদ হরিকীর্ত্তন ব্রহ্মচারী, শ্রীপাদ অমৃতকাশ্যপ ধর্ম্মাধিকারী বি-এ, শ্রীপাদ হরগোপাল ধর্ম্মাধিকারী, ব্রহ্মচারী শ্রীকীর্ত্তনানন্দ, ব্রহ্মচারী শ্রীপাদ্মলীমোহন, ব্রহ্মচারী শ্রীকৃষ্ণানন্দ ভক্তিশাস্ত্রী, ব্রহ্মচারী শ্রীবেদকীনন্দন, পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ পরিব্রাজকাচার্য্য ভক্তিশাস্ত্রী প্রভৃতি।

(২) শ্রীগৌড়ীয় মঠ

১৬ নং বাগবাজার চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

টেলিফোন বি, বি, ৪১১৫

শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত শুদ্ধভক্তি-প্রচারোদ্দেশে গৌড়দেশের সর্ব্বপ্রধান নগরী কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত আছেন। এই মঠ সর্ব্বসাধারণে শ্রীগুরু-গৌরাঙ্গ-শ্রীবিনোদানন্দ জীউ সম্প্রদায়ে নিত্য সেবিত হন। গৌড়ীয় আচার্য্যবর্য্যের যাবতীয় গ্রন্থাবলীর শুদ্ধপ্রচারোদ্দেশে শ্রীমঠে সংস্থ একটী সুবৃহৎ মুদ্রণযন্ত্রের সংস্থাপিত করিয়াছেন। পৃথিবীর সর্ব্বত্র শ্রীনামপ্রচারার্থ এই যন্ত্রালয় হইতে 'গৌড়ীয়' সাপ্তাহিক পত্র, ত্রি ভক্তিমিশ্রে মাসিক পত্রিকা ইংরাজী ভাষায় নিয়মিতভাবে প্রকাশিত হইতেছে। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, সপ্রসঙ্গ-চতুষ্টয়-বেদান্ত শ্রীমদ্ভাগবত, শ্রীচৈতন্য-চরিতামৃত-লীলা ও অন্যান্য গ্রন্থের সম্যক্ আলোচনা হইয়া থাকে। মঠরক্ষক—আচার্য্যত্রিদণ্ডি শ্রীমদ্ ভক্তিবিচার যাযাবর মহারাজ। সহকারী—পণ্ডিত শ্রীপাদ অনন্তবাসুদেব পরিব্রাজকবর্য্য বি-এ, শ্রীপাদ সুন্দরানন্দ পরিব্রাজকবর্য্য বি-এ, শ্রীপাদ হরিকীর্ত্তন ব্রহ্মচারী, শ্রীপাদ অমৃতকাশ্যপ ধর্ম্মাধিকারী বি-এ, শ্রীপাদ হরগোপাল ধর্ম্মাধিকারী, ব্রহ্মচারী শ্রীকীর্ত্তনানন্দ, ব্রহ্মচারী শ্রীপাদ্মলীমোহন, ব্রহ্মচারী শ্রীকৃষ্ণানন্দ ভক্তিশাস্ত্রী, ব্রহ্মচারী শ্রীবেদকীনন্দন, পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ পরিব্রাজকাচার্য্য ভক্তিশাস্ত্রী প্রভৃতি।

(৩) যোগপীঠ শ্রীমন্দির

এই স্থান শ্রীজগন্নাথমিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মায়াপুর-যোগপীঠ। এখানে শ্রীনদ্বীপধাম ও শ্রীবিষ্ণু প্রভৃতির শ্রীমূর্ত্তিসেবা এবং শ্রীচৈতন্য মঠাধীশ শ্রীরাধাকৃষ্ণের নিত্য সেবা তথা শ্রীপঞ্চতত্ত্বের সেবা বর্ত্তমান। রক্ষক—লোকনাথদাস ব্রহ্মচারী ভট্টাচার্য্য কাব্যতীর্থ, শ্রীমান নিত্যানন্দ ব্রহ্মচারী, শ্রীযুক্ত অনীশগোপাল বন্দ্যোপাধ্যায়, শ্রীকৃষ্ণকৃপায় দাস ব্রহ্মচারী প্রমুখ সজ্জনগণ।

ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিসুধাকর তীর্থ মহারাজ এখানে হরিকথা কীর্ত্তন করিতেছেন।

(৪) শ্রীবাস-অঙ্গন

শ্রীমন্মহাপ্রভুর কীর্ত্তন-বিলাস বা গৌরলীলার স্থানস্থলী। এখানে শ্রীশ্রীগৌর-নিত্যানন্দ ও পঞ্চতত্ত্বের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীরাধাশ্যাম ব্রহ্মচারী, শ্রীমধুসূদন, শ্রীগোকুলদাস বাবাজী।

(৫) অদ্বৈত-ভবন

এই স্থানে শ্রীঅদ্বৈত প্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান।

(৬) কাজীর সমাধি পীঠ

প্রাচীন মায়াপুর, রামনগরপুকুর (নদীয়া)। গৌরকৃপাপাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

রক্ষক—ব্রহ্মচারী গৌরগোপালদাস।

(৭) আনন্দ সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ভূবিকৃপায় শ্রীল ভক্তিবিনোদঠাকুরের সমাধি এবং শ্রীগৌরসুন্দরের এবং শ্রীশ্রীরাধা-মাধবের সেবা বর্ত্তমান

রক্ষক—ভক্তিকুসুম ডাকুয়া ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রিণী এম, এস, সি।

(৮) শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

মহমনসিংহ।

রক্ষক—শ্রীযুক্তর ভক্তিশাস্ত্রী এম, এ, বি, এল, সহকারী—শ্রীউদ্ধারণ ভক্তিশাস্ত্রী, শ্রীউজ্জ্বল অধিকারী প্রভৃতি।

(৯) শ্রীগৌর-গদাধর-মঠ

চাঁপাতলী, সমুদ্রগড়, (বর্দ্ধমান)

শ্রীল গদাধরপণ্ডিতের প্রতিষ্ঠিত গৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীঅভিবিজ্ঞান আশ্রম।

(১০) শ্রীরূপ-গৌড়ীয়-মঠ

রাধাগঞ্জ, জয়াগ হাট পি

রক্ষক—শ্রীঅভিরাম ব্রহ্মচারী, শ্রীকৃপাসেবক ব্রহ্মচারী।

(১১) শ্রীযোগাদ্যমন্ত্র—

মাটিপাড়ি, কাঞ্চনগড়, বর্দ্ধমান।

শ্রীগদাধরপণ্ডিতের সেবিত বৃন্দাবনের স্থান।

রক্ষক—শ্রীবন্দিবিহারী ব্রহ্মচারী।

(১২) ভাগবত আসন

শ্রীগদাধর প্রেস, কুঞ্জনগর, নদীয়া।

ভাগবত-সিদ্ধান্ত গ্রন্থাবলী প্রচার-কেন্দ্র।

রক্ষক—শ্রীমহানন্দ ব্রহ্মচারী।

(১৩) শ্রীএকায়ন মঠ

টেলিপাড়া, গোয়াড়ী, কৃষ্ণনগর, নদীয়া।

রক্ষক—শ্রীঅকুলানন্দ ব্রহ্মচারী।

(১৪) শ্রীআশ্রম গৌড়ীয় মঠ

১০নং নবাবপুর রোড, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র, এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ পঞ্চতত্ত্ব-শালগ্রামের সেবা বর্ত্তমান।

রক্ষক—শ্রীরাধাবল্লভ ব্রহ্মচারী।

(১৫) শ্রীগোপালজী মঠ

কমলাপুর, ঢাকা।

যোগাদ্যজীর আবির্ভাবের প্রাচীন সেবা

রক্ষক—শ্রীরাধাগোপাল ব্রহ্মচারী।

(১৬) শ্রীগদাই-গৌরাঙ্গ মঠ

কবিরাজ গ্রন্থাবলী সভা, বালিয়া ঢাকা

শ্রীগদাই-গৌরাঙ্গের নিত্য সেবা

রক্ষক—শ্রীপূর্ণ ব্রহ্ম ব্রহ্মচারী।

১৭ শ্রীরাধাবল্লভানন্দ মঠ

চিকলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীর নিত্যসেবা বর্ত্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীনরহরিদাসজী। ব্রহ্মচারী গদানন্দ

(১৮) আমলাযোড়া শ্রীপদ্মাশ্রম

রাজবাঁধ পোঃ বর্দ্ধমান।

শ্রীগুরুগৌরাঙ্গ-শ্রীরাধাকৃষ্ণ পরিবারীর নিত্যসেবা। রক্ষক—ব্রহ্মচারী শ্রীকৃষ্ণকিশোর।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

পুরাধাম, পুরী, উড়িষ্যা।

এখানে শ্রীগৌর-বিনোদমাধবজীর নিত্যসেবা বর্ত্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমানন্দ বিদ্যারত্ন, ব্রহ্মচারী শ্রীনদীয়ানন্দ।

(২০) শ্রীব্রহ্ম-গৌড়ীয় মঠ

আলবরনাথ, এলাহাবাদ পোঃ, পুরী।

জগন্নাথদেবের অনবসর সময়ে শ্রীমন্মহা-প্রভুর অবস্থান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীসত্যেশ্বরী প্রসাদজী। সহকারী—ব্রহ্মচারী শ্রীবংশিবিহারী।

(২১) শ্রীসচ্চিদানন্দ মঠ

উড়িষ্যাবাজার, কটক।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-বিনোদরঙ্গ-জীর নিত্যসেবা বর্ত্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীমন্মথ

(২২) শ্রীসনাতন-গৌড়ীয় মঠ

৪নং জগন্নাথবল্লভপুরা, কাশী।

গৌর-পার্ষদপ্রবর সনাতন-শিক্ষাগুরু এখানে গৌরসেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীজ্ঞানকীনাথজী।

(২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

শ্রীনৃসংহাস কুঞ্জ, শ্রীধাম বৃন্দাবন।

শ্রীশ্রীরাধা-গুরু-গৌরাঙ্গজীর সেবা। রক্ষক—শ্রীগণনাথ ব্রহ্মচারী

(২৪) শ্রীপরমহংস মঠ

নৈমিষারণ্য, সীতাপুর

এখানে শ্রীচাগবত পারমহংস্য শ্রীগৌর-বিনোদ বিদ্যালঙ্কীর সেবা বর্ত্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীনৃসিংহানন্দ ও ব্রহ্মচারী শ্রীনন্দদুলাল।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ

কুসুমকুঞ্জ, চিরকুঞ্জ, মানভূম। শ্রীচৈতন্য-মঠের শাখা। রক্ষক—শ্রীগৌরনাথ ব্রহ্ম, শ্রীরঙ্গ-পালন ব্রহ্মচারী। শ্রীগৌরীধাম দেবধরিয়া।

(২৬) ব্যাসগৌড়ীয় মঠ

কুবলক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল। এখানে শ্রীগৌরবিনোদ-গ্রন্থের সেবা বর্ত্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীসুন্দরজী।

(২৭) ব্রাহ্মণপাড়া শ্রীপদ্মাশ্রম-মঠ

ব্রাহ্মণপাড়া, পোঃ মাধু, ২৪পরগণা

এখানে বহুকুলমূর্দ্ধি সাংখ্যোগীর সেবা বর্ত্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপ্রাণকৃষ্ণ দাস, শ্রীরাধারমণ ব্রহ্মচারী।

(২৮) দিল্লী গৌড়ীয় মঠ—কার্য্যালয়

১৮ কেশ বাজার, নিউ দিল্লী।

রক্ষক—ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তি সুন্দর গিরি মহারাজ, শ্রীরাধারমণচরণদাস

(২৯) গোয়ালপাড়াশ্রীপদ্মাশ্রম

রক্ষক—ব্রহ্মচারী শ্রীরাধারমণ-

রামকেলী প্রসঙ্গ

(রসরহ সমাচার ৩০শে বৈশাখ, ১৩৩৮)

...ভাপতি—স্যার দেবপ্রসাদ
সর্ব্বাধিকারী Kt,
...L. L, C. B. E, L. L. D,
...berdane & St. Andrews) M.
...B, L. etc. etc

...সার দেবপ্রসাদ বাঙ্গালার কায়স্থ
...সের একটী উজ্জ্বল রত্ন। তাঁহার প্রখর
...ত্তিতা, প্রবল কর্ম্মশক্তি, গভীর উদ্যম,
...সাহ ও অমায়িক ব্যবহার সর্ব্বজন-
...দিত। কি সরকারী কি বেসরকারী
...কোন সৎকার্য্যেই হউক সার দেব
...াদের কর্ম্মশক্তির পরিচয় পাইয়া
...মরা তাঁহার একান্ত ভক্তানুরক্ত হইয়া
...ই। আমাদের মালদহবাসীর বিশেষ
...রব ও আনন্দের কথা যে এই বৃদ্ধ
...সেও প্রীতের মধ্যে নিজ সুখ স্বাচ্ছন্দ্য
...র্জ্জন করিয়া আগামী শ্রীরামকেলী
...সবে তিনি যোগদান করিতে প্রস্তুত
...য়াছেন। আমরা মালদহবাসীর পক্ষ
...তে তাঁহাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন
...রিতেছি এবং সাদরে স্বাগতম্ স্বরে
...ভ্যর্থনা করিতেছি।

* * *

...সার দেবপ্রসাদ কলিকাতা বিশ্ব-
...ালয়ের এম-এ, বি-এল উপাধি লাভ
...রেন এবং Aberdane & St. Andre-
... হইতে L L D উপাধি পান। তাঁহার
...ণে মুগ্ধ হইয়া সরকার বাহাদুর তাঁহাকে
...ত উচ্চ সম্মানের উপাধি যথা Kt.
...I E, C B E প্রভৃতি প্রদান করেন।
...নি Vakeel. Solicitor & Advo-
...te, ইনি ১৯২০ খৃষ্টাব্দে League of
...tionএর member হইয়া জেনেভায়
...ন করেন। ১৯২৬।২৭ খৃষ্টাব্দে South
...frican Deputaion of Govt. of
...dia সদস্যরূপে অনেক কার্য্য করেন।
...লিকাতা বিশ্ববিদ্যালয়ের দুইবার Vice-
...hancellor স্বরূপে ইহার কর্ম্মতার
...রিচয় দেন। উক্ত বিশ্ববিদ্যালয়ের Dean,
...aculty of Arts & Law ছিলেন।
...লিকাতার বিখ্যাত Asiatic Society,
...ঙ্গীয় পরিষৎ, Rotary club
... Vice President এবং Cal-
...tta University Institute এর
...resident. দেশের পণ্ডিতমণ্ডলী
...হার বিদ্যার মুগ্ধ হইয়া "সুধাকর"
...াধি প্রদান করেন। কাশী হইতে
...ত্নরত্ন" ও "বিদ্যাসুধাকর" উপাধি লাভ
...রেন। ঢাকা হইতে বিদ্যারত্নাকর" এবং
...ী হইতে "জ্ঞানসিন্ধু" উপাধি লাভ
...রেন, এবং রংপুর সাহিত্য সম্মিলনের
সভাপতি নির্ব্বাচিত হন। বঙ্গীয় আইন পরিষদের সভ্য এবং উহার select Committeeর সদস্য ছিলেন। ইহা ছাড়া ১৯২১—২৩ সালে ভারতীয় ব্যবস্থা পরিষদের সভ্য ও তাহার select committeeর সদস্য ছিলেন। Council of stateএর সদস্য ছিলেন। National council of Education এর Vice-president.

কিন্তু এই সমস্ত কাজের মধ্যেও তিনি সহকারী সম্পাদক স্বরূপে "সময়", "ভারত-বাণী", "Indian world", "Hindu Patriot" পত্রিকার কার্য্য চালাইয়াছেন এবং হিতবাদী, বঙ্গমতী, বঙ্গবাসী, সঞ্জীবনী, ভারতবর্ষ, পুষ্পপুষ্প, মানসী মর্ম্মবাণী, অঞ্জনা, প্রবর্ত্তক, অমৃতবাজার, বেঙ্গলী, ইণ্ডিয়ান্‌মেন, ষ্টেটস্‌ম্যান, Indian Daily news প্রভৃতি পত্রিকায় সময় সময় অনেক বিষয় লিখিয়াছেন। সংস্কৃত ভাষায় প্রগাঢ় ভক্তি রহিয়াছে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের Board of Studies in Sanskrit & Sanskrit Language এর সদস্য ও President Sanskrit College ছিলেন। আইন বিষয়ে গভীর বিদ্যা ছিল। তিনি Law college governing Body, Calcutta Universityর President ছিলেন। কলিকাতা কর্পোরেশনের সদস্যরূপে দেশের সেবা করিয়াছেন। বিখ্যাত Indian Association এর Vice President & British Indian Associationর সদস্যরূপে অনেক কার্য্য করিয়াছেন। সিমলা, কলিকাতা এবং পুনায় Cooperative Conference এর member ছিলেন। এতদ্ব্যতীত ছাত্র মহলেও তাঁহার বিশেষ সুনাম রহিয়াছে। বহু হাসপাতাল, হোমিওপ্যাথিক ও ও আয়ুর্ব্বেদ চিকিৎসালয়, পাঠাগার, বিদ্যা ও আতুর আশ্রম বালিকা বিদ্যালয়, বঙ্গ কলেজ,ঢাকা বিশ্ববিদ্যালয়, মিউজিয়ম, কাশী বিশ্ববিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয়, ক্লাব, সমিতি নীতি প্রতিষ্ঠান, কার্য্য সমিতি, কংগ্রেসসভা, সাহিত্য সম্মিলন, Bengal Technical College,Indian Art school, বহু স্বাস্থ্য প্রতিষ্ঠান, দেশের শিক্ষা প্রতিষ্ঠান, ঐক্য সমাজ, শিক্ষক সম্মিলনী, কুরুক্ষেত্র সাহায্য সমিতি, দুর্ভিক্ষ বন্যা রিলিফ কমিটী প্রভৃতির সহিত সংশ্লিষ্ট। এই সমস্ত কার্য্যের মধ্যেও তিনি কয়েকখানি বই লিখিয়াছেন যথা—"ইউরোপে তিন মাস", "প্রবাস পত্র", "মাইকেল মধুসূদন দত্ত", "প্যারিচাঁদ মিত্র" ইত্যাদি। ১৯২৮।২৯ সালে দক্ষিণ আফ্রিকায় Paddison Committee এর সভ্য এবং ১৯১২ ও ১৯২১ সালের British Universitys' congress এর সদস্যরূপে অনেক কার্য্য করিয়াছেন। আমরা আশা করি মালদহবাসী তাঁহাকে যথাযোগ্য সম্মান প্রদর্শন করিবেন এবং শ্রীরামকেলী সংস্কার সমিতিকে উপযুক্তরূপ সহায়তা করিয়া এই বারের শ্রীরামকেলী উৎসব সাফল্যমণ্ডিত করিবেন।

জেনারেল আত্তেরী

জেনারেল আত্তের ডামোথ জেলে স্থানান্তরিত হইয়াছেন। শ্রীমতী পঞ্চাবাই চৌবে এবং শ্রীযুক্ত নলীনরঞ্জন গত ৭ই মে তারিখ চৌকে একটি জনসভায় জেনারেল আত্তেরীর সহিত গ্রেপ্তার হইয়াছিলেন। তাঁহাদের প্রত্যেকের ছয় মাস করিয়া সশ্রম কারাদণ্ড ও পঞ্চাশ টাকা করিয়া জরিমানা হইয়াছে। অনাদায়ে তাঁহাদের আরও দেড়মাস কারাভোগ করিতে হইবে।

কলিকাতায় গ্রেপ্তারের হিড়িক

কলিকাতা সহরে কতিপয় লোক বাটীর হইতে অস্ত্রশস্ত্র, বিস্ফোরক দ্রব্য, আফিং এবং কোকেন আমদানীর ষড়যন্ত্র করিতেছে—এই অভিযোগে পোর্ট পুলিশের চেষ্টায় বিভাগ কলিকাতার বিভিন্ন স্থান হইতে ৭২ জন লোককে গ্রেপ্তার করিয়াছে। ধৃত ব্যক্তিদের মধ্যে চীনা, কাবুলী, স্থানীয় ও মোহাম্মদির মুসলমান এবং কয়েকজন হিন্দু আছে।

ধৃত ব্যক্তিদের মধ্যে ২০ জনকে আলিপুরের ম্যাজিষ্ট্রেট এবং ৪০ জনকে পোর্ট পুলিশের ডেপুটী কমিশনার জামিনে ছাড়িয়া দিয়াছেন।

এই একই অভিযোগে পুলিশ গত সোমবার রাত্রে চীনাপাড়া হইতে দুইজন চীনাকেও গ্রেপ্তার করিয়াছিল। তাহাদিগকে মঙ্গলবার সকালে ধামিনে মুক্তি দেওয়া হইয়াছে।

পুলিশের অভিযোগ এই যে, আসামীগণ পরস্পর ষড়যন্ত্র করিয়া কলিকাতায় বিস্ফোরক দ্রব্য এবং অস্ত্র-শস্ত্র আমদানী করিবার জন্য পৃথকভাবে কিম্বা মিলিত-ভাবে দায়ী।

বগুড়া জেলা রাষ্ট্রীয় সম্মেলন

গত ১২ই মে সন্ধ্যায় বগুড়া জেলা রাষ্ট্রীয় সম্মেলনের অধিবেশন আরম্ভ হয়। অপরাহ্ণে নির্ব্বাচিত সভাপতি শ্রীযুত সুভাষচন্দ্র বসু জাতীয় পতাকা উত্তোলন করেন। একটি সময়োচিত সঙ্গীত গীত হওয়ার পর বসু একটী ক্ষুদ্র অথচ হৃদয়গ্রাহী বক্তৃতা প্রদান করেন। তাহাতে তিনি জাতীয় পতাকার মর্ম্ম সকলকে বুঝাইয়া দেন এবং সকলকে প্রাণপণে এই পতাকার সম্মান রক্ষা করিতে বলেন। শ্রীযুক্তা অনুরূপা দেবীও একটী ক্ষুদ্র হৃদয়গ্রাহী বক্তৃতা দান করেন।

সম্মেলনের অধিবেশন

সন্ধ্যা ৭টায় সম্মেলনের অধিবেশন আরম্ভ হয়। সম্মেলনে বহু লোক উপস্থিত ছিলেন। তন্মধ্যে অনেক মহিলাও ছিলেন। সভার প্রারম্ভে বগুড়া মিউনিসিপালিটীর চেয়ারম্যান নাগরিকদের পক্ষ হইতে, প্রজা সমিতির সম্পাদক মৌলবী রাফিউদ্দিন তালুকদার বগুড়ার কৃষকদের পক্ষ হইতে এবং শ্রীযুত নৃপেন্দ্রনাথ মজুমদার ছাত্রসমিতির পক্ষ হইতে শ্রীযুত বসুকে মানপত্র প্রদান করেন।

অভ্যর্থনা সমিতির সভাপতি শ্রীযুত ললিতমোহন সান্যাল সমাগত প্রতিনিধি মণ্ডলীকে স্বাগত জানাইয়া বগুড়া জেলার রাজনৈতিক কার্য্যাবলীর ইতিহাস বর্ণনা করেন। শ্রীযুত বসুকে অভ্যর্থনা করিয়া তিনি বলেন, শ্রীযুক্ত বসু এই দ্বিতীয়বার বগুড়ায় আগমন করিলেন। অবশেষে শ্রীযুক্ত সান্যাল বগুড়ার তাঁহার প্রথম আগমন এবং উত্তর বঙ্গের বন্যার সময় তিনি যে সমস্ত কার্য্য করিয়াছেন, তাহার উল্লেখ করেন।

সভাপতির বক্তৃতা

অতঃপর সভাপতি শ্রীযুত বসু বিপুল করতালির মধ্যে উঠিয়া বক্তৃতা আরম্ভ করেন, তিনি প্রথমেই ভারতের রাজনীতিগত এবং রাষ্ট্রীয় ঐক্য সম্বন্ধে আলোচনা করেন। তিনি রাজা রামমোহন রায় হইতে আরম্ভ করিয়া বর্ত্তমান কাল পর্য্যন্ত বাঙ্গালার ইতিহাস বর্ণনা করেন। তিনি বলেন, ভারতের অন্য বাঙ্গলার একটী বিশিষ্ট এক, একটী বিশিষ্ট সাধনা রহিয়াছে। ইহা সে পুরুষ-পরম্পরায় পাইয়াছে। দেশবন্ধু চিত্ত-রঞ্জনের জীবনেই বাঙ্গালা যথার্থ আত্ম-প্রকাশ করিয়াছে।

জার্ম্মানী ও ফ্রান্সের মনোমালিন্য

জার্ম্মাণীর প্রতিনিধিমণ্ডলী ঘোষণা করিয়াছেন যে, ফরাসীদের প্রতিবাদ সত্ত্বেও অষ্ট্রিয়া এবং জার্ম্মাণী শুল্ক-সঙ্ঘ বজায় রাখিতে বদ্ধপরিকর।

জার্ম্মাণ প্রতিনিধিমণ্ডলী বিশেষ জোরের সহিত বলিয়াছেন যে, এই সঙ্ঘ অষ্ট্রিয়ার রাজনৈতিক স্বাধীনতা কিছুমাত্রও ক্ষুণ্ণ করিবে না।

টেলি— "শ্রীধাম" নবদ্বীপ

Reg No C.1544

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩৲০
সিকি কলম ২৲
চুক্তির হার
স্বতন্ত্র।

সাধারণ হার
আগাম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাষিক ৫৲
ত্রৈমাসিক ২৸০
মাসিক ১৲
নমুনা
এক সংখ্যা ০৲

ভারতের সর্ব্বাপেক্ষা প্রচলিত প্রাদেশিক—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৬ষ্ঠ খণ্ড] সম্পাদক—শ্রীযুক্ত ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [৬৯শ সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর ২রা জ্যৈষ্ঠ শনিবার ১৫৫৮, ১৩শে মে ১৯৩১

নানা কথা

নৈনিতালে শ্রীযুত গান্ধীজী

শ্রীযুত গান্ধীজী ১৮ই মে অপরাহ্ণে নৈনিতালে পৌঁছিয়াছেন। তিনি নৈনিতাল হইতে কিঞ্চিদধিক ৫ মাইল দূরবর্ত্তী তালুকা গ্রামে লালা পোবিন্দ লাল সা'র গৃহে অবস্থান করিতেছেন। তিনি যখানে পৌঁছিলে সহস্র সহস্র দর্শক তাঁহাকে বিপুলভাবে সম্বর্দ্ধনা করে। তিনি এস্থানে ৫ দিন থাকিবেন বলিয়া বন্দোবস্ত করিয়াছেন।

সর্দ্দার কানপুরে আছেন। ১৯শে বা অপরাহ্ণে ফিরিবার সম্ভাবনা। সংবাদের সহিত গান্ধীজীর সাক্ষাৎ সম্ভবতঃ পরদিন হইবে। তাঁহার বিবাহ কর্ম্মপ্রণালী সম্বন্ধে সঠিক কিছুই জানা যায় নাই।

আত্রাই ষ্টেশনে সুভাষ বাবু

শ্রীযুত সুভাষচন্দ্র বসু বগুড়া হইতে কলিকাতার পথে ১৮ই মে প্রাতে আত্রাই ষ্টেশনে স্থানীয় স্বেচ্ছাসেবক ও উপস্থিত জনমণ্ডলী কর্ত্তৃক মাল্যভূষিত ও সম্বর্দ্ধিত হইলে স্থানীয় রাষ্ট্রীয় সমিতির সভাপতি শ্রীযুক্ত নরেন্দ্রচন্দ্র দত্ত, সম্পাদক শ্রীযুক্ত রমণনাথ ঘোষ এবং নগীয় রিলিফ কমিটীর সম্পাদক। শ্রীযুক্ত কিরণচন্দ্র মজুমদারকে পরিচয় করাইয়া দেন। অতঃপর সুভাষ বাবু কংগ্রেসের স্বাধীনতা অর্জ্জন পন্থা সম্বন্ধে সংক্ষিপ্ত উপদেশ দিলে 'বন্দে মাতরম্' ধ্বনির মধ্যে ট্রেণ ছাড়িয়া যায়। জনমণ্ডলীর মধ্যে ষ্টেশনে শ্রীযুক্ত কামিনী মোহন সাহা, শ্রীযুক্ত সুধীরচন্দ্র দত্ত এবং শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় প্রভৃতি উপস্থিত ছিলেন।

নৈনীতালে শ্রীযুত গান্ধীজী

সার টেগার্টের বিরুদ্ধে অভিযোগ

আত্রাইএ সুভাষ বাবু

পাবনা জিলা কংগ্রেস কমিটী

ভৌতিক কাণ্ড

সামান্য ঝগড়ায় কাটাকাটি

অদ্ভুত আমগাছ

কাণেশ্বর স্কুল ছাত্র সমিতি

আদালতে পকেট মার

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

টেগার্টের বিরুদ্ধে অভিযোগ

গত ২রা সেপ্টেম্বর চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনের কেরারী আসামীদিগকে গ্রেপ্তার করার জন্য চন্দননগরে পলাতক আসামীর পাড়ীতে স্থান দেওয়ার সম্বন্ধে [illegible] শরৎ আড্ডা ও তাঁহার পত্নী শ্রীযুক্তা [illegible] সার চার্লস টেগার্ট ও অন্য পুলিশ কর্ম্মচারীর বিরুদ্ধে আদালত অবমাননার অভিযোগ গঠন করিবার জন্য একটি রুল [illegible] গঠন করার জন্য সোমবার [illegible] হাইকোর্টে প্রধান বিচারপতির [illegible] দরখাস্ত করেন।

দরখাস্ত দাখিল করিতে গিয়া আবেদনকারীর পক্ষে শ্রীযুত জিতেন্দ্র [illegible] ব্যানার্জ্জি বলেন যে, সার চার্লস টেগার্ট ও অন্যান্যের বিরুদ্ধে শমন প্রার্থনা করিয়া প্রধান প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট উহা অগ্রাহ্য করেন। ঐ আদেশের বিরুদ্ধে হাইকোর্টে দরখাস্ত করিলে বিচারপতি উডরফ ও ডেভোস উহা ডিস্মিস করিয়া বলেন যে, হাইকোর্টের বিশেষ ক্ষমতা প্রয়োগ করার প্রার্থনা আদিম বিভাগে করিতে হয়। কিন্তু মিঃ ব্যানার্জ্জি বলেন যে, এই আদেশ হাইকোর্টের আদিম বিভাগের আইনের বিরোধী কাযেই এ সম্বন্ধে কোন রীতিতে কার্য্য করিতে হইবে এবং একটি রুল গঠনের জন্য এই দরখাস্ত করা হইয়াছে।

বিদান বিচারপতি এই দরখাস্ত গ্রাহ্য করিয়া কৌঁসুলী শ্রীযুত ব্যানার্জ্জিকে কাগজ পত্র দাখিল করার জন্য আদেশ দিয়াছেন।

চোরের উপদ্রব

জামালপুর সহরে ভীষণ চোরের উপদ্রব আরম্ভ হইয়াছে। প্রত্যহই সহরে চুরি হইতেছে। স্থানীয় যুবকগণ সমস্ত রাত্রি পাহারা দিবার জন্য একটী ভিজিলেন্স কমিটী গঠন করিয়াছেন।

শ্রীধাম মায়াপরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও আদর্শচরিত্র শিক্ষকগণ ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

সবিস্তার সংবাদের জন্য নিম্নলিখিত ঠিকানা পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

কৃষ্ণনগরস্থ হাইস্ট্রীটে অবস্থিত

শ্রীভাগবত প্রেস

সুলভে সুন্দর ছাপার জন্য চিরপ্রসিদ্ধ

এখানে ব্যাঙ্ক, মোকর্দ্দমা এবং ইউনিয়নবোর্ডের যাবতীয় ফরম্ ও রসিদ বিক্রয়ার্থ সর্ব্বদা প্রস্তুত থাকে।

মফঃস্বল হইতে লিখিলে প্রত্যেক ইউনিয়নবোর্ডের নাম ছাপিয়া দেওয়া হয়।

বিবাহের উপহার, নিমন্ত্রণ-পত্র চেক, দাখিলা, আর্জ্জি প্রভৃতি অতি যত্নের সহিত অতি সত্বর ছাপিয়া দেওয়া হয়।

ইংরাজী, বাঙ্গালা হিন্দী ও সংস্কৃত ভাষায় পুস্তকাদি ছাপিবার সুব্যবস্থা আছে।

মফঃস্বলের গ্রাহকগণ নির্ভাবনায় নিম্নঠিকানায় ভাকযোগে অর্ডার পাঠাইতে পারেন।

ম্যানেজার শ্রীভাগবত প্রেস

পোঃ কৃষ্ণনগর, নদীয়া।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible]

[illegible]

ব্রহ্মচর্য্যের গুপ্ত রহস্য জন্য ও আঃ শৈশবে ঘনীভূত অবস্থায় ফোটোগ্রাফের সমপরিমাণ ঔষধ ডাকে পাঠান হয়, ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ৪০ আনা, পাঁইট ৮/০ আনা, বোতল ১৫/০ আনা।

অফিস ১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

মদন মঞ্জরী

[illegible]

-পুরুষত্ব সম্বন্ধীয় ভূতন-

পুনরুদ্ধারে রোগে বাজীকরণ করা আরোগ্য করিয়া থাকেন। মূল্য ১ তোলা ১, টাকা।

-স্ত্রীজনবিলাসিনী বটিকা-

[illegible] ঔষধ সেবনে স্ত্রীলোকের স্থায়ী ও বৃদ্ধি করিতে অদ্বিতীয়। মূল্য ১৫ বটী ১, এক টাকা।

[illegible] ডাক্তার, কেশবাজী

[illegible] নং হ্যারিসন রোড, কলিকাতা।

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস, এন, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈজ্ঞানিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

১৮ নং কটন ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈবপ্রাপ্ত যক্ষ্মার একমাত্র মহৌষধ

পনর দিনে সম্পূর্ণ আরোগ্য

রোগী দেখাইতে হইবে। অগ্রিম পাথেয় ৭৫৲ (বাতায়া এবং আসার) পাঠাইলে গিয়া রোগী দেখা হয় অথবা এখানে আসিলে রোগী দেখিয়া ঔষধ দেওয়া হয় আরোগ্য না হওয়া পর্য্যন্ত পারিশ্রমিক দিতে হইবে না। গরীব রোগীদের খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়। বিস্তারিত বিবরণের জন্য এক আনার ডাক টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীকালীপদ উকীল, যক্ষ্মা-চিকিৎসক, পোঃ বৈকাঠী, বরিশাল।

অথবা নিম্ন ঠিকানায় সাক্ষাৎ করিয়া বিস্তারিত জানিতে পারেন।

শ্রীযুক্ত রামগোপাল বসু এম্, এ, কৃষ্ণনগর, নদীয়া। শ্রীযুক্ত হরিপদ সিংহ, ১১৭, বেণিয়াটোলা ষ্ট্রীট, হাটখোলা, কলিকাতা।

একখানি পত্র। আমার ভ্রাতুষ্পুত্র গত ৬ মাস যাবৎ রাজ যক্ষ্মায় ভুগিয়া মুমূর্ষ্ব্রায় হইয়াছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাহার জীবনের আশা ত্যাগ করিয়া শেষ মুহূর্ত্তের জন্য অপেক্ষা করিতেছিলেন এই সময় শ্রীযুক্ত বি, পালিতচন্দ্র উকিল মহাশয় মাত্র ১০ দিন চিকিৎসা করায় সম্পূর্ণ আরোগ্য করিয়া বিদায়িছেন। (সাঃ) শ্রীবরীন্দ্র কিশোর রায় চৌধুরী (জমিদার খালিয়া) ৪৭ ষ্ট্রীট, নিউ বিল্ডিং। করপোরেশন লাইট ডিপার্টমেণ্ট, কলিকাতা।

মনোমোহন প্রেস

পূর্ব্ব-বাঙ্গালায় সুলভে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত

বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে

বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

১০নং শঙ্খারীপুকুর, ঢাকা।

মরা মানুষ বাঁচাইবার উপায়



বহিত অদ্যাপি প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাহারা নানাবিধ অনিয়মিত উপায়ে অপরিমিত শক্তি নষ্ট করিয়া অকালে মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার যেমন, প্রমেহ, ধাতুদৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, বহুমূত্র, ছাতরা, পারদ সংক্রান্ত পীড়া, অপ এবং স্ত্রীলোকদিগের মধ্যে যাহা বাধক বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত ও রক্তপ্রদর, চিরস্থিতি প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত ইলেক্‌ট্রিক সলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন তাহার শত সহস্র প্রমাণ প্রতি বৎসরেই পাওয়া যাইতেছে যাঁহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ১৸০ টাকা মাত্র।

সোল এজেণ্ট—

ডাঃ ডি, ডি, হাজরা।

কলেজপুর, গার্ডেন-রিচ পোষ্ট, কলিকাতা

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন

শ্রীধাম মায়াপুর দৈনিক মায়া প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস হইতে— ডাঃ কৃষ্ণকান্ত ব্রিজচারী ভক্তিকুসুম এম্, এম্, এল, কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

৪৮বর্ষ ৬৯শ সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

—:০:—

দৈনিক নদীয়া-প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠবার্ত্তাবহ

বেদাদি সমস্ত সাত্বত-শাস্ত্রের অকৃত্রিম ব্যাখ্যাতা

সমগ্র ভারতে একমাত্র সুলভ

দৈনিক পারমার্থিক পত্র

শ্রীধাম-মায়াপুর—৯ই জ্যৈষ্ঠ শনিবার—১৩৩৮

দার্জ্জিলিং প্রসঙ্গ

গত ১৪।৫।৩১ তারিখে দার্জ্জিলিংএর কতিপয় বিশিষ্ট শিক্ষিত সম্ভ্রান্ত ভদ্রলোক এবং উচ্চপদস্থ রাজকর্ম্মচারী অথাই কিলার শ্রীল প্রভুপাদের নিকট হরিকথা শ্রবণের জন্য আগমন করেন এবং সন্ধ্যা হইতে রাত্রি ৯॥ ঘটিকা পর্য্যন্ত অবস্থান করেন। জগতে কর্ম্ম, জ্ঞান, যোগ প্রভৃতি নানা প্রকার ধর্ম্মমার্গের কথা প্রচলিত থাকিলেও শ্রীল প্রভুপাদের নিকট শুদ্ধভক্তিধর্ম্মের কথা এবং তৎসম্বন্ধে শ্রীমন্ মহাপ্রভুপ্রচারিত জীবের চরম কল্যাণপ্রদ প্রেমধর্ম্মের কথা শ্রবণ করিয়া তাঁহারা অত্যন্ত আনন্দিত হন। কর্ম্ম, জ্ঞান ও যোগের সহিত ভক্তিমার্গের যে বৈশিষ্ট্য, তাহা তাঁহারা ইতঃপূর্ব্বে শ্রবণ করিবার সৌভাগ্য আর কোনদিন লাভ করেন নাই। এই অচিন্ত্য জগতে শ্রীমন্ মহাপ্রভুর শ্রীচৈতন্যবাণী প্রচার দ্বারা প্রভুপাদ জীবের যে কি মহান্ উপকার সাধন করিতেছেন, তাহা তাঁহারা উচ্চকণ্ঠে স্বীকার করিতে বাধ্য হন

গত ১২।৫।৩১ তারিখে স্থানীয় জনৈক পাদরী সাহেব দার্জ্জিলিং শৈলে শ্রীল প্রভুপাদের আগমন-বার্ত্তা শ্রবণ করিয়া অদ্যই কিলার আসিয়া উপস্থিত হন। তিনি বলেন যে, ফাদার কোহাপএর নিকট খ্রীষ্টগৌরবে ও ভক্তগণ আচার্য্যপ্রভুর মহত্ত্বের কথা শ্রবণ করিয়াছেন। তিনি প্রভুপাদের সহিত এক ঘণ্টার অধিক কাল ধর্ম্মালোচনা করেন। পাদরী সাহেব প্রভুপাদের নিকট নৈতিক ও কর্ম্মময় রাজ্যের অতীত শুদ্ধভক্তরাজ্যের কথা শুনিয়া অত্যন্ত আহ্লাদিত হন। শ্রীচৈতন্যদেবের প্রেমধর্ম্মের কথা প্রভুপাদ তাঁহাকে বুঝাইয়া দিলে তিনি তৎসম্বন্ধে আরও নূতন নূতন তথ্য অবগত হইবার জন্য আগ্রহ প্রকাশ করিতে থাকেন। পরমেশ্বর মাত্র শ্রীভগবানের পিতৃত্বের (Fatherhood of Godhead) কথা উল্লেখ আছে, কিন্তু শ্রীমদ্ভাগবতের বিচারে সেবক জীবের সহিত ভগবানের যে শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর এই পাঁচ প্রকার সম্বন্ধ আছে এবং শ্রীভগবানের পুত্রত্ব (Soonhood of Godhead) বলিয়া যে সমস্ত বিচার আছে, তাহা প্রভুপাদ পাদরী সাহেবকে সুষ্ঠুভাবে বুঝাইয়া দিলে তিনি শ্রীচৈতন্যদেবের প্রেমধর্ম্মের প্রশংসা করেন। তিনি শ্রীচৈতন্যদেবের প্রচারিত শুদ্ধভক্তিধর্ম্মের বিচারসমূহ যে অতি উচ্চতর কথা, ইহা স্বীকার না করিয়া থাকিতে পারেন নাই—একথা জানাইয়াছিলেন।

বৈকালে ভাগলপুরের সন্নিকটস্থ বারওয়ারীর রাজা সাহেব তাঁহার প্রাইভেট সেক্রেটারী সমভিব্যাহারে শ্রীল প্রভুপাদের শ্রীচরণ দর্শনার্থ্যে আগমন করিয়া উপস্থিত হন। রাজা সাহেব খুব উচ্চ শিক্ষিত ব্যক্তি। তিনি তাঁহার নানাপ্রকার সন্দেহ নিরসন জন্য প্রভুপাদের নিকট বহু বহু প্রশ্নের অবতারণা করিয়া তাঁহার মীমাংসা প্রার্থনা করেন। প্রভুপাদ অতি সহজ ও সরল ভাষায় শাস্ত্রের গূঢ় তাৎপর্য্যসমূহ তাঁহাকে বুঝাইয়া দেন।

রাজা সাহেব অবশ্যই হইলেও তাঁহার বিদ্যোন্নতির প্রশংসা না করিয়া থাকা যায় না। তিনি যে সমস্ত কথার অবতারণা করিয়াছিলেন, তাহাতে মনে হয়, তিনি বাস্তবিকই জীবের প্রকৃতসম্বন্ধে অজ্ঞ। প্রভুপাদ তাঁহার আর্ত্তি দেখিয়া তাঁহাকে আগ্রহের সহিত শ্রীমদ্ভাগবত হইতে "সত্ত্ব ভূতাদিভিঃ...বেদসংহিতে" শ্লোক উল্লেখ করিয়া মনুষ্যজীবনে জীবের চরমমঙ্গল সাধনের উপায়স্বরূপ শুদ্ধভক্তিমার্গ আশ্রয় ভিন্ন অন্য উপায় নাই, ইহা সুন্দরভাবে বুঝাইয়া দেন।

কর্ম্ম, জ্ঞান, যোগ প্রভৃতি পথে জীবের আপাত পরীক্ষানে কিছু কিছু মঙ্গল দেখা গেলেও একমাত্র শুদ্ধ প্রেমধর্ম্মেই জীবের নিত্যমঙ্গল লাভ হইতে পারে, ইহা রাজা সাহেবের কখনও জানা ছিল না,—একথা তিনি স্বীকার করেন। রাজা সাহেব অন্ততঃ দুই ঘণ্টাকাল প্রভুপাদের শ্রীমুখ-নিঃসৃত চৈতন্যবাণী শ্রবণে আকৃষ্ট হইয়া ভবিষ্যতে পুনরায় তাঁহার শ্রীচরণ দর্শনের বাসনা জ্ঞাপন করেন। শ্রীচৈতন্যদেবের প্রেমধর্ম্মের বৈশিষ্ট্য তাঁহার জানা ছিল না। প্রভুপাদের নিকট উহার গুহ্য রহস্য অবগত হইয়া তিনি যেন এক নূতন রাজ্যের সংবাদ অবগত হইলেন। মানবজীবনের কর্ত্তব্যসম্বন্ধে ইত পূর্ব্বে তাঁহার যে সমস্ত ধারণা জগতে বদ্ধমূল ছিল এবং জড়জগতের আপেক্ষিক ও ক্ষুদ্র বিষয়ের মূলে তিনি যে সমস্ত জ্ঞান লাভ করিয়াছিলেন, সেই সমস্ত বিষয়ে প্রকৃত পারমার্থ প্রাপ্ত হইলেন বলিয়া জানাইলেন।

যুক্ত বা যোগী

যুজ্ ধাতুর উত্তর করিয়া 'যুক্ত'পদ নিষ্পন্ন হইয়াছে। তাহার অর্থ কোন এক বস্তুর সহিত অপর কোন বস্তুর মিলন বা সংযোগাবস্থাকে উদ্দেশ করে

জগতে সর্ব্বত্রই সংযোগ বা মিলন-প্রবৃত্তি; মনুষ্য মনুষ্যের সহিত, পশু পশুর সহিত, পক্ষী পক্ষীর সহিত, পতঙ্গ পতঙ্গের সহিত, কীট কীটের সহিত, অন্যান্য জীবগণের সহিত—এইরূপে সমস্ত শ্রেণীর মধ্যেই মিলনের প্রয়াস। কিন্তু জীবের এই প্রয়াস সকলস্থলে ব্যর্থ হইয়া যায়। তাহাতে নিত্যকাল ভ্রান্তি হওয়ায় সে দুইটি সংযোগের প্রয়াস করে, আর একজন অন্তরালে থাকে। তাহাকে ঐ ভোক্তাকে সাথে করিয়া লন।

সেই অন্তরালের পুরুষের নাম 'যোগ'। সকলপ্রাণীই কালের প্রভাবে বর্দ্ধিত হয়। আকাশ ঘনঘটাচ্ছন্ন হইয়াছে, সকলেই আসন্ন বৃষ্টির আশঙ্কা করিতেছে, কিন্তু কোথা হইতে বায়ু আসিয়া সমস্ত মেঘকে কোন্ অজানা দেশে উড়াইয়া লইয়া গেল, কেহই তাহা জানিতে পারিল না। মেঘ-সকল বায়ু কর্ত্তৃক বিচালিত হইয়াও যেমন বায়ুর বিরুদ্ধ সমাক্ প্রকারে অবগত হইতে পারে না, তদ্রূপ মনুষ্যগণও কালের দ্বারা চালিত হইয়া তাহার অসীম বিক্রমের বিষয় জানিতে পারে না।

জীবগণ মোহবশতঃ নিত্যযুক্ত হইবার চেষ্টা না করিয়া দেহ, গেহ, কলত্র, পশু, বিত্ত প্রভৃতি বস্তুর সহিত নিজ সংযোগ বাঞ্ছা করে, কিন্তু ঐগুলি নিত্য নহে, কালকবলিত হইবে বলিয়া তাহাদের জন্য জীবের শোক করিতে হয়। নিত্য বস্তুর অনিত্য বস্তুতে সংযোগ পরমপর বিপরীত বলিয়া মিলন অসম্ভব।

স্বয়ংভগবান্ শ্রীকৃষ্ণ গীতায় 'যুক্ত' শব্দের তাৎপর্য্য এইরূপে উপদেশ করিয়াছেন,—

জ্ঞানবিজ্ঞানতৃপ্তাত্মা কূটস্থো বিজিতেন্দ্রিয়ঃ।
যুক্ত ইত্যুচ্যতে যোগী সমলোষ্টাশ্মকাঞ্চনঃ॥
তথা বিনিয়তং চিত্তমাত্মন্যেবাবতিষ্ঠতে।
নিস্পৃহঃ সর্ব্বকামেভ্যো যুক্ত ইত্যুচ্যতে তদা॥

যোগী জ্ঞানবিজ্ঞান দ্বারা তৃপ্তাত্মা, নিঃস্বভাবে স্থিত, জিতেন্দ্রিয়, লোষ্ট্র, প্রস্তর ও স্বর্ণ সমুদয়েই সমদৃষ্টি অর্থাৎ ঐ সমুদয়ই জড়পরিণতি, অতএব নশ্বর—এইরূপ জানেন।

যখন যোগীর চিত্তবৃত্তির নিরোধ হয় অর্থাৎ চিত্তবৃত্তি যখন জড়বিষয়তা পরিত্যাগ করিয়া অপ্রাকৃত বিশেষ সকলে অর্থাৎ আত্মতত্ত্বে পরিনিষ্ঠিত হয়, তখন সমস্ত জড়কামনাশূন্য ঐ পুরুষ যোগযুক্ত বলিয়া কথিত হন।

'যুক্ত'শব্দের অর্থভেদ আছে। এই যোগিগণের মধ্যে তারতম্য আছে। তজ্জন্য শ্রীকৃষ্ণ পুনরায় বলিতেছেন,—

তপস্বিভ্যোঽধিকো যোগী জ্ঞানিভ্যোঽপি মতোঽধিকঃ।
কর্ম্মিভ্যশ্চাধিকো যোগী তস্মাদ্যোগী ভবার্জ্জুন
যোগিনামপি সর্ব্বেষাং মদ্গতেনান্তরাত্মনা।
শ্রদ্ধাবান্ ভজতে যো মাং স মে যুক্ততমো মতঃ॥
(৬।৪৬-৪৭)

সকামকর্ম্মীর তপস্বী অপেক্ষা কর্ম্মযোগী শ্রেষ্ঠ। সাংখ্যজ্ঞানী অপেক্ষা যোগী শ্রেষ্ঠ। সকাম কর্ম্মী অপেক্ষা যোগীই শ্রেষ্ঠ। যোগশূন্য তপস্যা, জ্ঞান বা কর্ম্ম, কিছুই ভাল নয়। অতএব হে অর্জ্জুন, তুমি যোগী হও।

যত প্রকার যোগ আছে, সকলাপেক্ষা ভক্তিযোগপরায়ণ যোগীই শ্রেষ্ঠ। তিনি শ্রদ্ধাবান্ হইয়া আমাকে ভজন করেন, তিনি যোগিগণ মধ্যে শ্রেষ্ঠ। বৈধ মানবদিগের মধ্যে সকাম কর্ম্মীকে 'যোগী' বলা যায় না। নিষ্কাম কর্ম্মী, জ্ঞানী, অষ্টাঙ্গ যোগী ও ভক্তিযোগাচরণকারী—ইহারা যোগী। বস্তুতঃ যোগ এক বই দুই নয়। যোগ একটী সোপানময় মার্গবিশেষ। সেই মার্গকে আশ্রয় করিয়া জীব ব্রহ্মপথারূঢ় হন। নিষ্কাম কর্ম্মযোগ ঐ যোগমার্গের প্রথম স্তর। তাহাতে জ্ঞান ও বৈরাগ্য সংযুক্ত হইয়া দ্বিতীয় স্তরকল আরোহণ হয়। তাহাতে পুনরায় ঈশ্বরারাধনারূপ ধ্যানযুক্ত হইয়া অষ্টাঙ্গ যোগ ক্রমে ক্রমে হয়। আর ইহাতে সমাধিযোগ সংযুক্ত হইলে ভক্তিযোগের উদয় হয়। ঐসমস্ত স্তর অতিক্রম করিয়া যে দুইটি সোপান, তাহাদের নাম 'জ্ঞান'। সেই যোগকে [illegible] করিতে [illegible], উক্ত

ক্ষযোগে সকলের উল্লেখ করিতে হয়। হাদের নিত্য কল্যাণই উদ্দেশ্য, তাঁহারা থই অবলম্বন করেন। কিন্তু গতি ক্রমে বত হইয়া তাহাতে প্রথমে নিষ্ঠা লাভ রত শেষে ঐ ক্রম পরিত্যাগ পূর্ব্বক হার উপরিস্থ ক্রমগমনের জন্য পূর্ব্বক্রম-া ত্যাগ করিতে হয়। যিনি কোন মে থাকত রহিলেন না, তাঁহার যোগ ক্ষ হয় না। অতএব যেখানে আরূঢ় কেন, সেই ক্রমের নামসংযুক্ত একটী অযোগই তাঁহার প্রতিষ্ঠা। ক্রমই ক্ষ কর্ম্মযোগী, কেহ জ্ঞানযোগী, কেহ ক্তিযোগী, কেহ বা ভক্তিযোগী বলিয়া ভিহিত হন।

অতএব হে পার্থ, যাঁহার চরম উদ্দেশ্য করণ আমাতে ভক্তি করা, তিনি অন্য ন প্রকার যোগী অপেক্ষা শ্রেষ্ঠ। তুমি সেই কার যোগী হও।

যাঁহারা সংসারে সংযোগের প্রয়াসী, হারা এইরূপে যোগযুক্ত হইতে পারেন ই, সুতরাং 'অযুক্ত' বলিয়া তাহারা শান্ত ও অসুখী। যথা গীতা—

ক্তি বুদ্ধিযুক্তস্য ন চাযুক্তস্য ভাবনা।
ন চাভাবয়তঃ শান্তিরশান্তস্য কুতঃ সুখম্॥

তিনি যোগযুক্ত নহেন, তাঁহার রসভাবনা ব নয়। পরমরসভাবনা ব্যতীত ভক্ত হইতে শান্তি হইতে পারে না। শান্ত হইলে আত্মানন্দরূপ পরম সুখ কিরূপে ?

— — —

পুনর্ব্বার বলিতেছেন,—

ক্তঃ কর্ম্মফলং ত্যক্ত্বা শান্তিমাপ্নোতি
নৈষ্ঠিকীম্।

যুক্তঃ কামকারেণ ফলে সক্তো
নিবধ্যতে॥

যুক্তব্যক্তি কর্ম্মফল ত্যাগপূর্ব্বক নৈষ্ঠিকী ন্তি অর্থাৎ কর্ম্মমোক্ষ লাভ করেন। কান্তরে, অযুক্ত পুরুষ অর্থাৎ সকামকর্ম্মী প্রবৃত্তি দ্বারা ফলাসক্তি সহকারে কর্ম্ম-ব হন।

'যুক্ততম' শব্দকে আরও পরিস্ফুট বার বাসনায় শ্রীভগবান্ বলিতেছেন,—

যোহেশ্যে মনো যে মাং নিত্যযুক্তা
উপাসতে

শ্রদ্ধা ১ পরোপেতাস্তে মে যুক্ততমা মতাঃ॥

নিগুণ শব্দ সংসারে সমস্ত জীবনকে ক্ষয় করিয়া যাঁহারা আমাতে মনোনিবেশ রেন, সেইসকল ভক্ত ব্যক্তিই আমার ত যুক্ততম অর্থাৎ সর্ব্বশ্রেষ্ঠ যোগী

ভবিষ্যৎ চিন্তা

(১)

(শ্রীযুক্তা অপর্ণা দেবী)

সংসার সাংসারিক গৃহমেধী ব্যক্তিগণ হার বিষয়াবেক্ষণের গুরুস্থানীয়।

তাই সরলাই দেখিতে পাওয়া যায় যে, বিষয়কাঙ্ক্ষিগণ তাহাদের পরাকাষ্ঠাসহকারে ভবিষ্যতের সুখসমৃদ্ধির জন্য গৃহ, বিত্ত এবং ধনাদির সংরক্ষণে ও সংবর্দ্ধনে সমুদয় জীবন ব্যাপিয়া প্রাণপাত পরিশ্রম করিয়া থাকেন। বার্দ্ধক্য বশতঃ দেহচর্ম্ম শিথিল, দন্ত পতিত ও রুক্ষকেশরাজি শুভ্র বর্ণ ধারণ করে, মুউচ্চ বলিষ্ঠ শরীর কুব্জ হইয়া পড়ে, তথাপি তাহাদের ভবিষ্যতের জন্য সঞ্চয়ের স্পৃহা বিন্দুমাত্র প্রশমিত হয় না।

মস্তকের গুরুত্ব ভগ্ন ও আংশিক ভাবে চূর্ণীকৃত অবস্থায় ছোটবোতলের সহপরিমাণ ঔষধ ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ৮০ আনা, পাইট ১৷৷০ আনা, কোয়ার্ট ২৷৷০ আনা।

অফিস— ১১নং ঈ জটাধারীর রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

[illegible] হাজরী

[illegible] ব্যথা ও গাঁটের [illegible], বাতরোগের ইহা অব্যর্থ ঔষধ, ব্যবহারে [illegible] সহজ, ব্যবহারে [illegible] দুই এক শিশি, অধিক [illegible] সকল সময় নিশ্চিন্তে ব্যবহার করা যায়। মূল্য [illegible] ভাল করিতে [illegible] মূল্য ৩০ বটী ১৲ এক টাকা।

[illegible] ঔষধ ব্যবহারে [illegible] দূরীকরণে ইহা অদ্বিতীয়। মূল্য ১ তোলা ১৲ টাকা।

[illegible] ঔষধ ব্যবহারে [illegible] ও দৃষ্টি করিতে পারিবেন। মূল্য ১৲ বটী ১৲ এক টাকা।

[illegible] আরোগ্যকারী, বেলপুকুর

১৭৭নং হারিসন রোড, কলিকাতা।

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

[illegible] এল, বসু, মেডিকেল অফিসার, বাঙ্গালীবাগের আরোগ্যাশ্রম বিগত বৈজ্ঞানিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

৮৮ নং বহুবাজার ষ্ট্রীট, বহুবাজার, কলিকাতা।



মরা মানুষ বাঁচাইবার উপায়

[illegible] অদ্যাপি প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি বিজ্ঞানের অনন্ত ভাণ্ডার হইতে অসংখ্য শক্তি সংগ্রহ করিয়া আমেরিকার এবং নানা প্রকার মেওয়া, প্রস্তুত পাকস্থলী, আশ্চর্য্যজনক চক্ষুতারা, বহুমূল্য, চাকচিক্য, পাকস্থলীর পীড়া, অম্ল এবং স্ত্রীলোকদিগের মধ্যে যাহা বাধক, বন্ধ্যা দূরকরণ, সুস্থতা, স্নেহ ও রূপপ্রদ, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে চিরদিন জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাম সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক সলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত শত প্রমাণ প্রতি বৎসরেই পাওয়া যাইতেছে। যাঁহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটি ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ১১০ টাকা মাত্র।

নোট:

ডাঃ ডি, ডি, হাজরা।

কলেজপুর, বাগবাজার পোঃ, কলিকাতা

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন

শ্রীধাম মায়াপুর গৌড়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস হইতে—ভক্তি কুসুম অধিকারী ভক্তিসুহৃদ এম, এস, এল, কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠবার্ত্তাবহ

শ্রীধাম-মায়াপুর—১৭ই জ্যৈষ্ঠ শুক্রবার—১৩৩৮

সাময়িক প্রসঙ্গ

শ্রীল প্রভুপাদ শ্রীগৌড়ীয় মঠে

ওঁবিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্য-

গোস্বামী শ্রীল প্রভুপাদ গত শনিবার ৯ই জ্যৈষ্ঠ ২৩শে মে তারিখে সঙ্কীর্ত্তন-পোতারোহণে, মধ্যে শ্রীধাম মায়াপুরে শুভাগমন করিয়াছিলেন—এসংবাদ পাঠকবর্গ অবগত আছেন। তিনি শ্রীধাম মায়াপুরে বিবিধ কার্য্য পরিদর্শন করিয়া গত মঙ্গলবার ২৬শে মে ১৩ই জ্যৈষ্ঠ বেলা ১০ ঘটিকার ট্রেণে শ্রীপাদ সচ্চিদানন্দ ও শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী দ্বয় সহ মহেশগঞ্জ দিয়া গোয়াড়ী কৃষ্ণনগরে শ্রীরাধবত প্রেসে উপস্থিত হন এবং তথায় কিছুক্ষণ অবস্থান করিয়া শ্রীপাদ মহানন্দ ব্রহ্মচারী ও শ্রীপাদ অনুপমদাস ব্রহ্মচারি মহোদয়কে সঙ্গে লইয়া বেলা ৩টার সময় কলিকাতা শ্রীগৌড়ীয় মঠে উপস্থিত হন। শ্রীপাদ আচার্য্যদেব প্রভৃতি তৎপূর্ব্বেই কলিকাতায় যাত্রা করিয়াছেন।

গঙ্গাপূজা

গত ২১শে মে ১৮ই জ্যৈষ্ঠ মঙ্গলবার তারিখে দশহরা ও গঙ্গাপূজা উপলক্ষে শ্রীধাম মায়াপুরে ঃ চলোৎসব হইয়াছিল। ঘাটে ও কুলিয়ার ঘাটে মেলার ভিড় লেগে গিয়াছিল। শান্তিপুর নবদ্বীপঘাট লাইট রেলওয়ের ট্রেণগুলি যাত্রিবহনকার্য্যে সমস্ত দিন পরিশ্রান্ত হইয়াছিল। ট্রেণে লোকের ভিড়ে যথেষ্ট স্থানাভাব হইয়াছিল। এমন কি, তৃতীয় শ্রেণীর গাড়ী নিঃসঙ্কোচে ১ম ২য় শ্রেণীতেও প্রবেশ করিতেছিল। বহির্মুখ-জনপ্রবাহ ভীরগণের ভিতে একটু গঙ্গা-স্নানের জন্য উৎকণ্ঠা প্রশমিত হইল। কিন্তু বিশেষ অনুসন্ধান করিলে দেখিতে পাওয়া যায় যে, অধিকাংশ ব্যক্তিরই গঙ্গাস্নানে অবগাহনের উদ্দেশ্য ছিল না। গঙ্গাস্নানের ছলে কলিপাবনের সেবাতেই অনেকের অধিক আসক্তি দেখা যায়। মানস দ্বারা সেবা করিয়া আত্মেন্দ্রিয়তর্পণোদ্দেশে গঙ্গাতীরে বহির্মুখ নৃত্যগীতাদি কি গঙ্গা-ভক্তির পরিচায়ক? আবার কেহ বা নিজগৃহসন্নিধানে প্রত্যহ গঙ্গায় স্নান করিলেও এই দিবস তাঁহার কোন মহিমা না দেখিয়া দূরদেশে অবস্থিত গঙ্গায় স্নান করিতে যান অথবা যাঁহারা প্রত্যহ গঙ্গায় স্নান করেন, তাঁহারা মধ্যে মধ্যে আরও কিছু অধিক পুণ্য সঞ্চয়ার্থ অন্য তীর্থ স্থানে গমন করেন। তৎকারণও ভাগবত বর্ণনা করিয়াছেন,—

সদ্যিকর্ষোঽস্ত মদ্ভাবাদ্দম্মাদ্যাসমাদরাদপি কালেন।
পাশ্যং হিত্বা ত্বদীয়াস্তনয়তো যান্তি তদ্বরে॥
(ভাঃ ১০।৮৬।৫১)

অর্থাৎ সন্নিকটে অবস্থানই মর্ত্ত্যজীব-গণের অনাদরের কারণ, তজ্জন্যই গঙ্গা তটবাসী ব্যক্তিগণ সর্ব্বতীর্থশ্রেষ্ঠ গঙ্গাকে পরিত্যাগ করিয়া অন্য তীর্থে গমন করিয়া থাকে।

পৌত্তলিকগণের গঙ্গাস্নান করিতে গিয়াও পৌত্তলিকতা-বুদ্ধি অপসারিত হয় না। গঙ্গাপূজার দিবস দেখিয়া বিস্মিত হইলাম যে, সাক্ষাৎ চিন্ময়বারি গঙ্গার পূজা না করিয়া সকলে ইঁহার পুতুল রাখিয়া তাহারই পূজা করিতেছে। এই কল্পিত উপাসনা যেন বর্ত্তমানে জীবহৃদয়ে মজ্জাগত সংস্কার হইয়া দাঁড়াইয়াছে।

শ্রীমদ্ভাগবত গঙ্গার মহিমাবর্ণন প্রসঙ্গে বলিতেছেন,—

যত্কীর্ত্যনেকশ্রুত সংকৃতোঽপি
নৃণাং বিধুনোতি মলং বিচিন্বতঃ।
(ভাঃ ৬।২।১২)

অর্থাৎ প্রক্ষালনপ্রকাশনাদি হইতে সমুৎপন্ন পরিশ্রান্তা গঙ্গার পরিশ্রম দূর করিতে দাসত্ব করিয়াই শিব 'শিব' অর্থাৎ মঙ্গলময় নাম ধারণ করিয়াছেন।

যাঁহার পাদপদ্ম হইতে গঙ্গার উদ্ভব, সেই প্রভু গৌরসুন্দরও একদিনও গঙ্গার স্তব করিয়া তাঁহার মহিমা জগতে স্থাপন করিয়াছেন,—

প্রেমরসস্বরূপ তোমার দিব্য জল।
শিব সে তোমার তত্ত্ব জানেন সকল॥
তোমার সে প্রসাদে 'ত্রিস্রোতা' হেন নাম।
স্মরণে কীটের মুখে উঠে নাহি আন॥
কীট পক্ষী মৃকুর শৃগাল যদি হয়।
তথাপি তোমার যদি নিকটে বসয়॥
তথাপি তাহার যত জন্মের মহিমা।
অসুরের কোটীশ্বর নহে তার সমা॥
পতিত তারিতে সে তোমার অবতার।
তোমার সমান তুমি যদি নাহি আর॥
(চৈঃ ভাঃ অন্ত্যলীলা)

এতাদৃশী মহিমা যাঁহার, সেই পতিত-পাবনী গঙ্গার চিন্ময় বারিতে স্নান করিয়াও যদি তাহারও আত্মশুদ্ধি না হয় অথবা কৃষ্ণ ভক্তিলাভ না হয়, তবে বুঝিতে হইবে, তাহার মূলে কোন গলদ আছে। ভাব-শূন্যতাই তাহার কারণ, গঙ্গাজলে মৎস্যগণ বাস করে, কিন্তু ভাবশূন্য বলিয়া তাহারা গঙ্গাস্নানের ফল লাভে অধিকারী হয় না।

এক কৃষ্ণনামে অসংখ্য পাপ হরণ করিলেও যদি নামাপরাধ হয় অর্থাৎ নামবলে পাপ বৃদ্ধি করে, তবে যেমন তাহা আর ফলদায়ক না হইয়া তাহার সংহারের কারণ হয়, তদ্রূপ পতিতপাবনী গঙ্গার জলে পাপবুদ্ধি লইয়া স্নান করিলে বিপরীত ফলই লাভ হইবে।

অনেক পাপিষ্ঠ ব্যক্তির ধারণা যে, গঙ্গায় স্নান করিলেই যখন পাপ বিদৌত হয়, তখন আবার পাপ করি না কেন? ইহাই পাপবুদ্ধি। ঈদৃশ ব্যক্তির পক্ষে গঙ্গাদেবীর কৃপালাভ সুদূরপরাহত।

কেহ গঙ্গায় চিন্ময়বারি-বুদ্ধি না করিয়া সামান্য জল বুদ্ধি করিলে শাস্ত্রে তাহাকে 'নারকী' সংজ্ঞা দিয়া থাকে। তজ্জন্যই শ্রীল রূপ গোস্বামিপাদ উপদেশামৃতে বলিয়া-ছেন,—

গঙ্গাম্বুসাম্যমতয়ো ন খলু সুরেন্দ্রসেবকাস্তেঽপি।
তদ্ভক্তহরিদ্বেষাদ্ব্রজন্তি নীচাং গতিং প্রায়ঃ॥

গঙ্গার মহিমাপেক্ষা বৈষ্ণবের মহিমা-দিক্ষা ভক্ত হন।

হংসাকাস্ত প্রভাঃ সত্ত মুনয়ঃ প্রশমায়নাঃ।
সদ্যঃ পুনন্ত্যপস্পৃষ্টা স্বদুরু ক্ষেপাংস্তুমেবং॥
(ভাঃ ১১।১৯।৫)

শ্রীল ঠাকুর মহাশয় গাহিয়াছেন,—

গঙ্গার পরশে হইলে পবিত্র পরশে পাবন।
দর্শনে পবিত্র কর এই তোমার গুণ॥

অর্থাৎ ভগবদ্ভক্তের মহিমা বিষ্ণুতত্ত্বাপেক্ষা গঙ্গা হইতেও অধিক। গঙ্গোদকে পাপাদি বিনষ্ট হয়, শ্রীহরিনামে পাপপিষ্ট হইয়া সেবাপ্রাপ্তি পর্য্যন্ত ঘটে। তদপেক্ষা নামোচ্চারণকারী ভক্ত গঙ্গাদির জল অপেক্ষা বদ্ধজীবের পক্ষে অধিক উপযোগী। ভগবদ্ভক্তের স্মরণ করিলেও গৃহীব্যক্তির গৃহ সহ শুদ্ধি লাভ করে; সুতরাং তাঁহাদের দর্শন স্পর্শনাদির যে আরও কত মাহাত্ম্য, তাহা বর্ণনাতীত।

পতিতপাবনী গঙ্গাও ঈদৃশ হরিদাসের মজ্জন শ্লাঘা করেন। বৈষ্ণবপাদপদ্ম আশ্রয় করিলেই গঙ্গার প্রকৃত মহিমা উপলব্ধি করিবার যোগ্যতা লাভ হয়।

সম্প্রদায়-বৈষ্ণব পরীক্ষা

গত ৪ঠা কার্ত্তিক (১৩৩৭) তারি কলিকাতা শ্রীগৌড়ীয় মঠে যে সম্প্রদা বৈষ্ণব-পরীক্ষা হইয়াছিল, তাহাতে নি লিখিত সেবকগণ উত্তীর্ণ হইয়াছেন, তাঁহ সকলেই ২য় বিভাগে উত্তীর্ণ হইয়াছেন

(১ম) শ্রীপাদ পঞ্চমবিহারী ব অধিকারী ভক্তিশাস্ত্রী।

(২য়) শ্রীপাদ নবীনকৃষ্ণ দাস ব কাব্যী বিদ্যালঙ্কার ভক্তিশাস্ত্রী।

(৩য়) শ্রীমদ্ভক্তিপ্রসূন স্বামী আশ্রম মহারাজ।

(৪র্থ) শ্রীপাদ রাধাচরণ দাস অ কাব্যী (গোস্বামী) ভক্তিশাস্ত্রী।

বৈষ্ণবে জাতিবুদ্ধি

শ্রীচৈতন্য-ভাগবতে শ্রীল ঠাকুর বৃন্দ লিখিয়াছেন,—

যে সে কুলে বৈষ্ণবের জন্ম হেন নয়।
তথাপিহ সর্ব্বোত্তম সর্ব্বশাস্ত্রে কয়॥
যে পাপিষ্ঠ বৈষ্ণবের জাতিবুদ্ধি করে।
জন্ম জন্ম অধম যোনিতে ডুবি' মরে॥

এই কথাগুলির তাৎপর্য্য অতি গু তাৎপর্য্য না বুঝিয়া আজকাল লোকে যে ব্যবহার করিতেছেন, তাহাতে যে বৈষ্ণ যথার্থ সম্মান হয়, তাহা কোন প্রকা বুঝিতে পারি না। শ্রীবৃন্দাবনদাস ঠাকু তাৎপর্য্য এই যে, শুদ্ধবৈষ্ণব যে কু উৎপন্ন হউন না কেন, তাঁহাকে কে প্রকৃতরূপে হীন জ্ঞান করিবে না। যি শুদ্ধবৈষ্ণব হইয়াছেন, তিনি সর্ব্বশাস্ত্রজ্ঞ সর্ব্বলোক পূজিত। হীনজাতিতে জন্মিয়াছে বলিয়া শুদ্ধবৈষ্ণবকে হীন জ্ঞান করিবে যিনি শুদ্ধবৈষ্ণবকে হীনকুলজন্মা বলিয়া জ্ঞান করেন, তিনি পাপিষ্ঠ। সুতরাং তি অনেকবার অধম যোনিতে ভ্রমণ করেন

বৈষ্ণব বলিয়া একটী পৃথক্ জাতি না ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র বা অন্যান্য ব জন্মগ্রহণ করিয়া যিনি শুদ্ধভক্তি অ করিয়াছেন, তিনিই বৈষ্ণব, তাঁহার কর্ম্ম লইয়া তাঁহার উচ্চতা নীচতা বি করা উচিত নহে। কলিকালে মানব অত্যন্ত স্বার্থপর। বৈষ্ণবধর্ম্মের ছল ক একটী জাতি সৃষ্টি করিয়াছেন। যে জাতিতে যিনি জন্মিবেন, তাঁহাকে বৈ বলিয়া বলা হয়। এরূপ ব্যবহার নিত মন্দ। সাংসারিক ব্যবহার নির্ব্বাহের বর্ণধর্ম বা জাতিধর্ম চলিতেছে, তাহা পরমার্থধর্ম্মের সম্বন্ধ নাই। পরমার্থ চিরকালই ব্যক্তিনিষ্ঠ। তাহার তাৎপর্য্য অনন্যভক্তির প্রতি শ্রদ্ধা বা বিদ্বেষ তিনিই কেবল পারমার্থিক। তাঁহ পারমার্থিক ব্যবহার জাতি বা কোন কার্য্য করে না।

বৈষ্ণব-বংশে বলিয়া কোন কথা হইতে পারে না। বংশপরম্পরায় যে কেহ বৈষ্ণব হইতেছেন, ইহারও কোন স্থিরতা নাই। অথবা দেখিতেছি যে, অনেক বৈষ্ণব-বংশে অতি নীচকুলাঙ্গার জন্মগ্রহণ করিয়া অসুরের ন্যায় ব্যবহার করিয়া থাকে। আবার কোন কোন ও যবনকুলে অনেক মহাপুরুষ জন্ম-গ্রহণ করিয়া শুদ্ধভক্তির বলে বৈষ্ণব হইয়াছেন। বৈষ্ণব আচার্য্যদিগের কুলেও বহুতর অবৈষ্ণব দেখা যায়। আবার নিতান্ত অধার্ম্মিকদিগের বংশেও অনেক বৈষ্ণব উৎপন্ন হইয়াছেন। সুতরাং 'বৈষ্ণবজাতি' 'বৈষ্ণবাচার্য্যবংশ' বলিয়া যে সম্মান দিতে পাই, তাহাতে বৈষ্ণবধর্ম্মের গৌরব হয় না, বরং অবৈষ্ণবতার স্পর্দ্ধা বাড়িয়া যাইতেছে। স্বার্থপরতা ও অযোগ্যতাই তাহার মূল।

হে পাঠকবর্গ, শুদ্ধবৈষ্ণবকে যত আদর করিবেন, শুদ্ধবৈষ্ণবদিগের জন্মদোষাদি না দেখিয়া তাঁহাদের ভক্তির উদ্যমানুসারে যত সম্মান করিবেন, ততই বৈষ্ণবে জাতিবুদ্ধি দূর হইবে। বৈষ্ণবসঙ্গ ব্যতীত যখন ভক্তি-লাভের অন্য উপায় নাই; যাহাকে তাহাকে বৈষ্ণব বলিয়া সঙ্গ করিলে অথবা অধমকুল-জাত শুদ্ধবৈষ্ণবকে তাঁহার জাতিদোষ লক্ষ্য করিয়া অনাদর করিলে আর শুদ্ধবৈষ্ণব-সঙ্গের আশা থাকে না। সকল কার্য্যেই সাবধানপক্ষ ও সরল হওয়া আবশ্যক। যদি বৈষ্ণবকুলকে ভয় করেন, তবে বৈষ্ণবে জাতিবুদ্ধি করিবেন না।

ইন্দ্রিয়ের অনুভূতি

অজ্ঞানসর্ব্বস্ব আমরা অনেক সময় বিচার করি যে, প্রাকৃত জগতের বিষয়সমূহ কেবল ইন্দ্রিয়জ জ্ঞানের দ্বারা বোধগম্য হয়, যেমন শ্রীভগবানের নাম, রূপ, গুণ, লীলা প্রভৃতি কেন আমাদের ইন্দ্রিয়গ্রাহ্য হইবে না? আমরা যে প্রকারে চক্ষুর দ্বারা দৃশ্য বস্তু দর্শন করি, শ্রোত্রযুগলের সাহায্যে শ্রবণ করি বা নাসিকার সহায়তায় ঘ্রাণের উপলব্ধি করিয়া থাকি, তদ্রূপ এই সমুদয় ইন্দ্রিয়প্রসূত অভিজ্ঞতা দিয়াই অধোক্ষজ শ্রীকৃষ্ণবৈষ্ণবতত্ত্বের একটা পরিমাপ করিয়া লইব। এই প্রকার মনোধর্ম্মপর অনেক ব্যক্তি আবার ইহাও বলিয়া থাকেন যে, মানুষই যখন ভগবানের সেরা সৃষ্টি, তখন আমাদের ধারণাশক্তি দ্বারা আমরা ঈশ্বরের বিষয়তা সম্বন্ধেও চরম সিদ্ধান্তে নিশ্চয়ই উপস্থিত হইব, মানবে যে জ্ঞান ও শক্তি বর্ত্তমান আছে, পরমেশ্বরে তাহার অতিরিক্ত কিছুই নাই, অতএব আমরা জীবব্রহ্ম, তাহা জ্ঞানমন্তং ব্রহ্মের যাহা কিছু আছে, তাহা অনায়াসে আমাদের জ্ঞানের আয়ত্ত হয়।"

প্রাকৃত শাস্ত্র ও মহাজনবাণী শিরে ধারণ করিয়া যদি আমরা যথার্থ সুবিমলতার সহিত আলোচনা করি, তবে বুঝিতে পারিব যে, ঐ প্রকার অকিঞ্চিজ্ঞানদুষ্ট অসদ্ব্যাখ্যা শ্রীকৃষ্ণ কার্ষ্ণচরণে ভয়াবহ অপরাধময়।

নিখিল জীবের পরমোপাস্যতত্ত্ব শ্রীকৃষ্ণ ও কার্ষ্ণ বস্তু মনোধর্ম্মীয় প্রাকৃত ইন্দ্রিয়ের গোচরীভূত হন না। এই জড়াসক্তিযুক্ত ইন্দ্রিয়জ জ্ঞানের দ্বারা শ্রীশ্রীবিষ্ণুবৈষ্ণব দর্শন করিতে যাইয়া দুর্ব্বুদ্ধিপরায়ণ আমাদের কি লাভ হয়? চিন্ময় শ্রীবিগ্রহের পরমোজ্জ্বল পারপদ্ম শোভা দর্শনের পরিবর্ত্তে চক্ষু "সোনার গৌরাঙ্গ", 'মাটীর গোবিন্দ' "কাঠের বলরাম" ইত্যাদি জড়ীয় ভাবে বিভাবিত হইয়া শনৈঃ শনৈঃ অন্ধ তমের অমঙ্গলরাশিকে আবাহন করে মাত্র। আবার দুষ্ট চিত্ত কখনও কখনও বৈষ্ণব-দর্শনের অভিলাষী হইয়া লোকসমাজে একটু প্রতিষ্ঠার আসন লাভ করিতে চায়। হায়, বিষয়মদান্ধ অকীভূত জড় নয়নের এমন কি সুকৃতির সঞ্চয় হইয়াছে যে, পরমপাবন, ব্রহ্মাশিবাদি-বন্দ্য শ্রীশ্রীবৈষ্ণব-চরণকমল সন্দর্শন করিতে পারে?

"ধন নাহি জন নাহি নাহিক পাণ্ডিত্য।
কে চিনিবে এই সব চৈতন্যের ভৃত্য॥
বিষয়মদান্ধ সব কিছুই না জানে।
বিদ্যা, ধন, কুলমদে বৈষ্ণব না চিনে॥

—পরম ভাগবত শ্রীল বৃন্দাবন দাস ঠাকুরের এই কৃপাবাণী শিরে ধারণ করিয়া অপ্রাকৃত সেবোন্মুখ হৃদয়বৃত্তির সহিত আমাদের শ্রীবৈষ্ণবপাদপদ্মে উপস্থিত হওয়া কর্ত্তব্য; কিন্তু আমরা প্রাকৃত জন্মৈশ্বর্য্য-শ্রুত, শ্রীর মোহিনী মাদকতায় উন্মত্ত হইয়া এই হিতবাক্য সাদরে গ্রহণ করিতেছি না; বঞ্চিত আমরা মনে করি, বৈষ্ণব বুঝি আমারই ন্যায় জন্ম, মৃত্যু, জরা ও শোক-মোহাদির কবলীকৃত, তাঁহারা বুঝি আমারই মত জাগতিক তুচ্ছ লাভ ক্ষতি ও ইন্দ্রিয়-সুখের ভিখারী।

সংশাস্ত্রসমূহ পুনঃ পুনঃ উচ্চৈঃস্বরে ঘোষণা করিতেছেন যে, বিষ্ণু ও বৈষ্ণবতত্ত্ব একমাত্র সেবোন্মুখ ইন্দ্রিয় বা অপ্রাকৃত ইন্দ্রিয়েরই গ্রাহ্য।

তাই শ্রীচৈতন্যচরিতামৃতকার শ্রীল কবিরাজ গোস্বামী কলিযুগপাবনাবতারী শ্রীকৃষ্ণচৈতন্যদেবের এই অমলবাণী লিপিবদ্ধ করিয়াছেন—

"অপ্রাকৃত বস্তু নহে প্রাকৃত গোচর।
বেদ-পুরাণেতে ইহা করে নিরন্তর॥"

যে চক্ষু মাণিক রূপের মেশায় মাতাল হইয়া সদাই সন্তপ্তমানস প্রান্তর, নদীর সুরম্য অট্টালিকা, নদী, পর্ব্বত রৌদ্র, বৃষ্টি, ঝড়ঝঞ্ঝার বিচিত্র নৃত্যলীলা দর্শনেই ব্যস্ত, তাহা কখনই পরমদেবতা বিষ্ণুবস্তুর অনন্ত সৌন্দর্য্য দর্শন করিতে পারে না। মহাজন-কৃপালব্ধ দিব্যদৃষ্টি বা চিদ্দর্শনবলে অতীত বৈকুণ্ঠ বৈভবের স্বরূপজ্ঞান লাভ হয়। সেবোন্মুখ জীবের চিত্ত যখন প্রাকৃত জগতের সমুদয় অকিঞ্চ অনুভূতি হইতে নির্মুক্ত হইয়া অখণ্ড, অদ্বিতীয় পরমানন্দসমুদ্রের কৃপাবারি স্পর্শের জন্য অত্যন্ত আবেগোদ্বেল হইয়া উঠে, তখনই কৃপাময় শ্রীহরি তদীয় স্বপ্রকাশ স্বরূপের পরমোপাদেয়তা প্রকাশিত করেন। বহু বহু জন্মের ভক্তিমুখী সুকৃতি সঞ্চিত না থাকিলে জীবের এই প্রকার সংযোগ সৌভাগ্য লাভ হয় না।

আরও একটু স্পষ্টভাবে বুঝিতে হইলে এই ভাবে বুঝিব যে,—যে চক্ষু নশ্বর জড়ীয় রূপ পানে উন্মত্ত, তাহা দ্বারা অধোক্ষজ বিষ্ণুতত্ত্বের দর্শনাশা সুদূরপরাহত। শাস্ত্র বলিতেছেন—"তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম্।" অর্থাৎ সূরিগণ অপ্রাকৃত দিব্যালোকবিকাশিত প্রেমাঞ্জনরঞ্জিত ভক্তিবিলোচনের দ্বারা পরদেবতা বিষ্ণুর পরম পদ সতত সন্দর্শন করিতেছেন।

যে কর্ণ মনোগ্রাহ্য নাতীউচ্চ সুর তাল-লয়যুক্ত সঙ্গীতলহরীরূপ বিষ প্রবণে ও শিশুর অস্ফোচ্চারিত কলভাষণে বা প্রণয়িনীর প্রণয় সম্ভাষণের মধুরতায় আকৃষ্ট, সেই অসদাবিষ্ট শ্রবণেন্দ্রিয়ে কি প্রকারে ভুবন-মঙ্গল শ্রীহরিকথামৃত প্রবিষ্ট হইবে? যে নাসা আতর, গোলাপ অনুলেপনের সৌগন্ধ বা বিলাসদ্রব্যাদির সুগন্ধের লোভী সাজিয়াছে, তাহা কিরূপে শ্রীকৃষ্ণপাদপদ্মস্থ তুলসীর কৃপালেশের বা শ্রীঅচ্যুতপদারবিন্দের মকরন্দসৌগন্ধ-গ্রহণের যোগ্যতা লাভ করিবে? যে অসতী জিহ্বা ভগবন্নিবেদিত প্রসাদ ব্যতীত চতুর্ব্বিধ রসের প্রভু হইয়া বসিয়াছে, তাহা কি প্রকারে রসের সার আস্বাদন করিবে? যে ত্বক্ ভবসমুদ্র উত্তরণের হেতুস্বরূপ শ্রীবৈষ্ণবপদরেণুতে অথবা ভগবান ও ভগবদ্ভক্তের শ্রীপদরজঃপূত শ্রীধামরেণুতে বিকৃষিত না হইয়া নানাবিধ বিলাসোপকরণ এবং সুবর্ণরত্নাদির স্পর্শের জন্যই লালায়িত, তাহা কিরূপে অধোক্ষজ হৃষীকেশের কৃপাসান্নিধ্য অনুভব করিবার যোগ্য হইবে?

ভক্তিরসামৃতসিন্ধুতে এই সম্বন্ধে একটী অতি সুন্দর শ্লোক আছে। যথা—"অতঃ শ্রীকৃষ্ণনামাদি ন ভবেদ্গ্রাহ্যমিন্দ্রিয়ৈঃ। সেবোন্মুখে হি জিহ্বাদৌ স্বয়মেব স্ফুরত্যদঃ॥"

এই শ্লোকটীর মর্ম্মার্থ এই যে, শ্রীভগবানের নামাদি জড়েন্দ্রিয়ের গোচরীভূত বস্তু নহেন। সেবোন্মুখ অবস্থায় তদীয় নাম, রূপ, গুণ, লীলাদি ভক্তের অপ্রাকৃত জিহ্বা, চক্ষু, কর্ণাদি ইন্দ্রিয়ে আপনা হইতেই প্রকাশমান হয়।

মনোধর্ম্মের প্রবন্ধমায় মুগ্ধ আমরা অনেক সময় অধোক্ষজোন্মুখেই ভগবদ্ভক্তি মনে করত ভক্তসঙ্গের সহিত হইয়া অজ্ঞ লোকের চক্ষুতে ধূলি নিক্ষেপ করিয়া থাকি, কিন্তু ভক্তির যথার্থ সংজ্ঞা সম্বন্ধে সুষ্ঠু জ্ঞান জন্মিলে বুঝিতে পারি উহা কতদূর আত্মবঞ্চনা ও পরবঞ্চনাপূর্ণ। ঈশ্বরে পরানুরক্তিই 'ভক্তি' নামে অভিহিত হয়। নারদ পঞ্চরাত্র বলেন,—

সর্ব্বোপাধিবিনির্ম্মুক্তং তৎপরত্বেন নির্ম্মলম্।
হৃষীকেণ হৃষীকেশসেবনং ভক্তিরুচ্যতে॥"

অপ্রাকৃত ইন্দ্রিয়ের দ্বারা ইন্দ্রিয়াধিপতি শ্রীহরির সেবাই ভক্তি। তাদৃশী ভক্তি ঔপাধিক অর্থাৎ দেহমনোধর্ম্মের ব্যবধান শূন্য, কৃষ্ণসেবার্থে অখিলচেষ্টাসহ একান্ত নির্ম্মল, অর্থাৎ জ্ঞানকর্ম্মাদির আবিলতা দ্বারা পঙ্কিল নহে। আমাদের প্রত্যেকের পাঁচটী জ্ঞানেন্দ্রিয় ও পাঁচটী কর্ম্মেন্দ্রিয় আছে, কিন্তু ঐ দশেন্দ্রিয়াধীশ একাদশ ইন্দ্রিয় মন সমগ্র ইন্দ্রিয়গুলির চালক। মনের নিয়ন্ত্রণে ইন্দ্রিয়গুলি যে যাহার কার্য্য সম্পাদন করিতেছে সতত অস্থির ও অস্থিরচিত্ত বিষয়াভিনিবিষ্ট মন যদি কৃষ্ণপাদপদ্মে নিবদ্ধ না থাকে, তবে তদধীন ভৃত্যস্বরূপে ইন্দ্রিয়বর্গও ভগবৎসেবায় নিযুক্ত না হইতে পারে না। মন অসদ্বিষয়ে আকৃষ্ট থাকা কালে যে ইন্দ্রিয়গুলি ভগবৎতত্ত্বে প্রবেশে সম্পূর্ণ অনুপযুক্ত থাকে, সেই সকল ইন্দ্রিয় সেবোন্মুখ শুদ্ধচিত্তের অধীনে সর্ব্বক্ষণ শ্রীহরি ও কার্ষ্ণসেবায় আত্মনিয়োগ করিয়া জীবের দেহধারণের পরম সার্থকতা প্রদর্শন করে। পরম ভাগবত অম্বরীষ মহারাজের অপূর্ব্ব সেবা জীবনে এই তত্ত্ব অতি সুন্দররূপে দেদীপ্যমান হইয়াছে। তিনি সমস্ত ইন্দ্রিয়গুলি শ্রীমুকুন্দসেবায় সেবাকে নিয়োজিত করিয়াছিলেন। যথা,—

স বৈ মনঃ কৃষ্ণপদারবিন্দয়োর্-
বচাংসি বৈকুণ্ঠগুণানুবর্ণনে।
করৌ হরের্মন্দিরমার্জ্জনাদিষু
শ্রুতিঞ্চকারাচ্যুতসৎকথোদয়ে॥
মুকুন্দলিঙ্গালয়দর্শনে দৃশৌ
তদ্ভৃত্যগাত্রস্পর্শেঽঙ্গসঙ্গমম্।
ঘ্রাণঞ্চ তৎপাদসরোজসৌরভে
শ্রীমত্তুলস্যা রসনাং তদর্পিতে॥
পাদৌ হরেঃ ক্ষেত্রপদানুসর্পণে
শিরো হৃষীকেশ পদাভিবন্দনে।
কামঞ্চ দাস্যে ন তু কামকাম্যয়া
যথোত্তমশ্লোকজনাশ্রয়া রতিঃ॥

নিম্নলিখিত শ্লোকটি সেবোন্মুখ চিদিন্দ্রিয়ের সেবাবৃত্তির চরম বিকাশ জ্ঞাপন করে,—

মুখে তাদৃগিনীধরিং বিতনুতে তুণ্ডাবলীলব্ধয়ে কর্ণক্রোড়কড়ম্বিনী ঘটয়তে কর্ণার্ব্বুদেভ্যঃ স্পৃহাম্। চেতঃ প্রাঙ্গণসঙ্গিনী বিজয়তে সর্ব্বেন্দ্রিয়াণাং কৃতির্নো জানে জনিতা কিয়দ্ভিরমৃতৈঃ কৃষ্ণেতি বর্ণদ্বয়ী॥

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীমন্মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস-প্রণীত মূল, শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ-কৃত ভাষ্য ও ভাৎপর্য্য-নির্ণয়টীকা; শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-কৃত সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, সংস্কৃত অন্বয় ও প্রতিপদ, তথ্য ও বিবৃত্যাদিযুক্ত। প্রতি স্কন্ধের আরিতে সেই স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ অধ্যায়ের সারসহ সুবিস্তৃত তাৎপর্য্যাদি বিবৃত। শ্লোকসূচী বিষয়সূচী, অধ্যায়বিবরণ, পাত্র ও স্থানসূচীসহ উত্তম কাগজে উত্তম অক্ষরে মুদ্রিত। প্রথম হইতে ১০ম স্কন্ধ পর্য্যন্ত ছাপা সম্পূর্ণরূপে শেষ হইয়াছে। ভিক্ষা প্রথম হইতে ৯ম স্কন্ধ পর্য্যন্ত ২১৸৹; দশম স্কন্ধ ১২৲; সমগ্র ৪০৲।

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদঠাকুর-রচিত 'অমৃতপ্রবাহভাষ্য' ও শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত 'অনুভাষ্যে' শ্রুতি-স্মৃত্যাদি বহু শাস্ত্রপ্রমাণ-সম্বলিত হইয়া প্রকাশিত হইয়াছেন। শ্লোকের সান্বয়ব্যাখ্যা, বঙ্গানুবাদও প্রত্যেক পয়ারের পূর্ব্বে সংক্ষিপ্ত অভিধেয় সংযোজিত। প্রত্যেক অধ্যায়-প্রারম্ভে কথাসার দেওয়া আছে। শ্লোক, পয়ার, শব্দ, স্থান, পাত্র প্রভৃতির সুবৃহৎ সূচী ও গ্রন্থকারের বিস্তৃত জীবনী সমন্বিত এইরূপ অদ্ভুতপূর্ব্ব সংস্করণ ইতঃপূর্ব্বে কুত্রাপি প্রকাশিত হয় নাই। উত্তম কাগজে পারিপাট্যের সহিত মূল ছোটঅক্ষরে মূলাংশ মুদ্রিত হইয়াছে। গ্রন্থ প্রায় ১৫০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা বর্ত্তমানে ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত গৌড়ীয় ভাষ্য, শব্দসূচী, পয়ারসূচী, বিষয়-স্থান-পাত্রাদি-সূচী, প্রভৃতি বিবিধ বিষয়-সম্বলিত বিরাট দ্বিতীয় সংস্করণ ডবল ক্রাউন ৮ পেজী আকার। আদিলীলা ও মধ্যের কিয়দংশ প্রকাশিত হইয়াছেন। ক্রমে ক্রমে প্রকাশিত হইতেছেন। অগ্রিম ভিক্ষা ৫৲ টাকা, আদি লীলার ভিক্ষা ৩৲।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের এরূপ অভিনব সুন্দর সংস্করণ আর কুত্রাপি প্রকাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকাংশের অন্বয়, বঙ্গানুবাদ, ভাষ্য, কথাসার, তথ্য প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইয়াছেন। মূল মোটা অক্ষরে ডবল ক্রাউন আটপেজী বৃহদাকারে ছাপা হইয়াছে। মূল্য ২৷৹ টাকা। নদীয়া প্রকাশ ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১৷৹ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

—শ্রীগৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি শ্রীশ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিঠাকুর গোস্বামিকৃতা সারার্থবর্ষিণী টীকাসমেতা ও শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'রসিক-রঞ্জন' নামক ভাষ্যভাষ্যসহিতা। অধ্যায়সূচী, যাদৃচ্ছিক্রমে শ্লোক-সূচী, বিষয়-সূচী, গ্রন্থকারের জীবনী ও অবতরণিকাদি বহু-জ্ঞাতব্যবিষয়-সহ উৎকৃষ্ট বাঁধাই তৃতীয় সংস্করণ—এই রাজ সংস্করণের ভিক্ষা ২৲ টাকা মাত্র, সাধারণ সংস্করণ—১৷৹ টাকা মাত্র

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের সেই অবিদ্যা-বিধ্বংসিনী জীবাত্মস্বরূপোদ্বোধিনী কৃষ্ণ-কার্ষ্ণানন্দদায়িনী জীবন্ত-বাণীর মূর্ত্ত-বিগ্রহ—বৈষ্ণবসিদ্ধান্ত-রত্নমালার কৌস্তুভমণি—সম্প্রদায় বৈভববিজ্ঞানাগারের মৌলিক তথ্য—পঞ্চরাত্র ও ভাগবতের সমন্বয়গুরু—মহাজন-জীবনচরিত-শিক্ষক—চিদ্বিলাসচিন্মাত্র-অচিন্মাত্র-বিচারক—ঐশ্বর্য্য ও মাধুর্য্যরসের মৌলিক গবেষণার —সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন-তত্ত্বের সিদ্ধান্ত-সমুদ্র।

১। **প্রথম খণ্ড**—বৈষ্ণবদর্শন, শ্রীগুরুতত্ত্ব, কাল-ধর্ম্ম, শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব, শ্রীবার্ষভানবী, পাঞ্চরাত্রিকী দীক্ষা ও বর্ণ-বিচার, আত্মধর্ম্ম ও মনোধর্ম্ম, শ্রীচৈতন্যদেব ও তাঁহার শিক্ষা, অপ্রাকৃত সহজধর্ম্ম ও প্রাকৃত সহজধর্ম্ম, প্রভৃতি বিংশতি সাংঘাতিক রত্নে সুশোভিত। ভিক্ষা মাত্র ৸৹ বার আনা।

২। **দ্বিতীয় খণ্ড**—শুষ্কা ও বিদ্ধা ভক্তি, মন্ত্রের শ্রেষ্ঠতা কোথায়, আত্মার নিত্যস্থিতি, শ্রীগুরু স্বামিপাদ ও মায়াবাদ, শ্রীগৌর-নিত্যানন্দপ্রসঙ্গ, ত্রিদণ্ডের ধর্ম্ম ও কৃষ্ণ-কীর্ত্তন, শ্রীব্যাসপূজায় শ্রীমন্মহাপ্রভুর কীর্ত্তন, শ্রীগৌর-ধামের মহিমা, মহাপ্রসাদ, শ্রীগোবিন্দ, শ্রীরূপানুগজনপদ, শ্রীমতী বৃষভানুনন্দিনী, শ্রীচৈতন্যের দয়া, গৌরকথা ও কৃষ্ণকীর্ত্তন—চতুর্দ্দশ অপূর্ব্ব মধুরিমাপূর্ণ-বক্তৃতা-বিভূষিত। ভিক্ষা ১৲ এক টাকা মাত্র।

প্রথম ও দ্বিতীয়—দুই খণ্ড একত্রে লইলে ভিক্ষা ১৷৹ দেড় টাকা, ডাক খরচ স্বতন্ত্র।

শ্রীমদ্ভগবদ্গীতা

গৌড়ীয়-বৈষ্ণবসার্ব্বভৌম-শেখর শ্রীশ্রীমদ্বলদেব বিদ্যা-ভূষণকৃত ভাষ্য ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরেরপ্রাঞ্জল বঙ্গ-ভাষায় বিস্তৃত 'বিবৃদ্রঞ্জন' নামক ভাষ্যযুক্ত। অধ্যায়-সূচী, বিষয়সূচী, ও প্রতি শ্লোকের প্রথম ও তৃতীয় পাদ সূচী, ভাষ্যকারের জীবনী প্রভৃতি সম্বলিত। উৎকৃষ্ট বাঁধাই, রাজসংস্করণ (তৃতীয় সংস্করণ) গ্রন্থের ভিক্ষা ২৲ টাকা।

প্রমেয়রত্নাবলী

শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ-প্রণীত বৈষ্ণবদর্শন, সন্দর্ভ ও গোবিন্দ-ভাষ্যাদি পড়িবার প্রথম গ্রন্থ। উৎকৃষ্ট কালিতে ছাপা। সুবিস্তৃত টীকা ও প্রাঞ্জলবঙ্গানুবাদ-সাহায্যে অতি সহজে বালকেরও বোধগম্য হইয়া থাকে। ভিক্ষা ৷৵৹ আনা মাত্র।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

(প্রমাণখণ্ড) সানুবাদ। শ্রুতি-স্মৃত্যাদি গ্রন্থে শ্রীনবদ্বীপের যে মহিমা কীর্ত্তিত আছে, তাহার মূল সংস্কৃত ও অনুবাদ। ভিক্ষা ৵৹ আনা।

শ্রীশ্রীনবদ্বীপভাবতরঙ্গ

শ্রীঠাকুর ভক্তিবিনোদ লিখিত। সুললিত গীতাকারে পরিক্রমার সূচনাদি-বিষয়ক। ভিক্ষা ৷৹ আনা।

ভক্তিরত্নাকর ও নবদ্বীপ পরিক্রমা

শ্রীল নরহরি চক্রবর্ত্তি-ঠাকুর-রচিত। ভক্তিরত্নাকর হইতে পরিক্রমাংশ মাত্র গৃহীত; শ্রীজীব গোস্বামী যে প্রকারে শ্রীনবদ্বীপধামের পরিক্রমা করিয়াছিলেন, তাহাই পদ্যে বিবৃত। ভিক্ষা ৷৵৹ আনা

শ্রীশ্রীচৈতন্যশিক্ষামৃত

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রণীত। ইহাতে শ্রীচৈতন্য শিক্ষাপ্রণালী—কৃষ্ণ, কৃষ্ণশক্তি ও রস—বদ্ধ ও মুক্ত জীব অচিন্ত্য-ভেদাভেদ-তত্ত্ব—সাধন-নির্ণয়—প্রয়োজন-তত্ত্ব, কাল, আশ্রমাদির বিচার—বৈধী ভক্তি, ভাবভক্তি প্রেমভক্তিসহ নামভজন-প্রণালী ও অষ্টকালীয় লী পরিচয়াদি প্রথম শিক্ষার্থীর উপযোগী করিয়া সরল ভা সমুদয় যুক্তিপ্রমাণসহ লিখিত আছে। চতুর্থ সংস্করণ ব ২৲ টাকা, আধাধা ১৷৹ টাকা মাত্র।

গৌড়ীয়কণ্ঠহার

শ্রীগৌড়ীয়-বৈষ্ণবগণের অনুকূল কণ্ঠে ধারণযো শ্রুতি-স্মৃতি-পুরাণ-পঞ্চরাত্রাদি সাত্বত-শাস্ত্রসমূহের প্রমাণা বিষয়বিভাগক্রমে সানুবাদ গুম্ফিত। এইরূপ বৈষ্ণ সিদ্ধান্তের সারসময় অন্য কুত্রাপি প্রকাশিত হয় না ইহাতে গুরুতত্ত্ব—ভাগবত—বৈষ্ণব—গৌর—নিত্যানন্দ অদ্বৈত—কৃষ্ণ—শক্তি—ভগবত্তত্ত্ব—জীব—অচিন্ত্যভেদাভে —অভিধেয়—সাধনভক্তি—বর্ণাশ্রম—আশ্রম-ধর্ম্ম—শুদ্ধভ —শ্রীনাম—প্রয়োজন ও প্রমাণ-তত্ত্বগুলি পৃথক্ অধ্যা সুবৃহৎ শ্লোকাদি সূচীসহ উৎকৃষ্ট এন্টিক কাগজে বে ন্যু কালিতে মুদ্রিত, উৎকৃষ্ট বাঁধা সোনার জলে নাম লেখ গ্রন্থ প্রায় ৪০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা ২৲ টাকা মাত্র।

শ্রীনবদ্বীপধাম-প্রদক্ষিণাবলী

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত 'ধামমাহাত্ম্য—শ্রী মাহাত্ম্যের সানুবাদ প্রমাণ খণ্ড—শ্রীল নরহরিচক্রব ঠাকুরের ধাম-পরিক্রমাংশ—শ্রীধাম নবদ্বীপ পরিক্রমা—ই যাত্রা পদ্ধতি—শ্রীমৎ প্রবোধানন্দকৃত নবদ্বীপশতক শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ প্রভৃ গ্রন্থ একত্র ভিক্ষা ৸৹ আনা মাত্র।

শ্রীহরিনামামৃত ব্যাকরণ

শ্রীজীব গোস্বামী প্রভুপাদ-বিরচিত সূত্র ও বৃ তৎসঙ্গে ওঁবিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্ব মহারাজের বিস্তৃত ভূমিকা ও সূচী প্রভৃতি স অপ্রত্যাশিতভাবে সুলভ। ভিক্ষা ২৲ টাকা, ছাত্রগ পক্ষে ১৷৹ টাকা মাত্র।

বেদান্তসূত্রসার

শ্রীমদ্রামানুজাচার্য্য-রচিত। বেদান্তের বিশিষ্টাদ্বৈতবা প্রচারক শ্রীভাষ্য-প্রণেতা আচার্য্যপ্রবর বেদান্তদর্শন পা উপযোগী করণার্থ এই উদ্যম করিয়াছেন। ইহা বঙ্গানুবাদ ও সূচীপত্রাদি সংযোজিত করা হইয়াছে নাম মাত্র ভিক্ষা ৷৹ আনা।

শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও নবদ্বীপশতক

গৌরপার্ষদ দ্বিতীয় শ্রীমৎ প্রবোধানন্দ সরস্বতী-প্রণী মূল, প্রভুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহাপ্র সম্পাদিত অন্বয়মুখে ব্যাখ্যা ও বঙ্গানুবাদ সম্বলি নবদ্বীপশতকের শ্রীভক্তিবিনোদ ঠাকুরের পদ্যানুবাদ তৎসহ শ্রীমন্মহাপ্রভুর একটী ত্রিবর্ণরঞ্জিত অলৌকিক চি প্রদত্ত হইয়াছে। মুদ্রণ ও কাগজ উৎকৃষ্ট (২ খা একত্রে) ভিক্ষা ৸৹ আনা, অতি সুরম্য বাঁধাই রাজসংস্ক ১৲ টাকা মাত্র।

জীবধর্ম্ম

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। এই একমাত্র গ্রন্থ যাহা আমাদের পারমার্থিক জীবনে কিছুতেই ... [illegible] ... পরম পূজ্যপাদ শ্রীল গুরুদেবের প্রকাশিত হয় নাই। ... [illegible] ... এই গ্রন্থের ... [illegible] ... আবার ভক্তিযুক্ত হৃদয়, কাগজের ... [illegible] ... বিশেষ যত্ন করা হইয়াছে। ... [illegible] ... উৎকৃষ্ট বাঁধাই—উৎকৃষ্ট ... [illegible] ... টাকা মাত্র।

প্রেমবিবর্ত্ত

শ্রীমন্মহাপ্রভুর অন্যতম পার্ষদ শ্রীল জগদানন্দ প্র... [illegible] ... এই গ্রন্থে ... [illegible] ... বৈষ্ণবাচার, ব্রজলীলা ও ... [illegible] ... প্রভৃতি অনেক বৈষ্ণবতত্ত্বের ... [illegible] ... পরিচ্ছেদাদি-সম্বলিত চমৎকার ছিন্নবস্ত্রে বাঁধা মাত্র।

ভজনরহস্য

ভজনকারীর নিত্যসঙ্গী ঠাকুর ভক্তিবিনোদের অমূল্য ... [illegible] ... নিখিল ধামের নিত্যানন্দ। প্রথম ... [illegible] ... বুঝিতে পারিলেন না। তৃতীয় সংস্করণ ছিন্নবস্ত্রে ৸০।

হরিনামচিন্তামণি

নামাচার্য্য শ্রীল হরিদাস ঠাকুরের মুখে শ্রীমন্মহাপ্রভুর নাম-মাহাত্ম্য, নামাভাস, নামাপরাধ প্রভৃতি বিষয়ের গভীর বিচার শ্রবণ করিয়াছিলেন। এই বিষয়গুলির ... [illegible] ... সরল ভাষায় সন্নিবিষ্ট আছে। ... [illegible] ... ভক্তিবিনোদ ঠাকুর রচিত। ... [illegible] ... ছিন্নবস্ত্রে ৸০

কল্যাণকল্পতরু

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। ... [illegible] ... ধী ও জ্ঞানপথের পথিকদের ... [illegible] ... বিশেষ উপযোগী গ্রন্থ। ... [illegible] ... কেও এই ভজনরাজ্যের ... [illegible] ... ভজনাকাঙ্ক্ষা ... [illegible] ... বর, ছিন্নবস্ত্রে ৸০ আনা মাত্র।

শরণাগতি

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত। ভগবানে আত্মসমর্পণ, ... [illegible] ... ভজনলালসা, ভক্তিবিরুদ্ধ শব্দাদিত্যাগ ও ... [illegible] ... ঠক গ্রন্থিপুণ, ছিন্নবস্ত্রে ৸০ আনা মাত্র।

গীতাবলী

ভক্তিবিনোদ-রচিত। নিত্য ভজন, আরতিক ... [illegible] ... প্রভাতি-বৈষ্ণবাদি-বিরচিত মধুর গীতসমূহ একত্রে গ্রথিত। ছিন্নবস্ত্রে ৸০ আনা মাত্র।

শ্রীসজ্জনতোষণী

... [illegible] ... সিদ্ধান্তসরস্বতী ঠাকুর ... [illegible] ... প্রবন্ধ। শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের অনুবাদ ... [illegible] ... ছিন্নবস্ত্রে ৸০ আনা মাত্র।

স্বাধীনপথ

শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ও শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর প্রতি উপদেশাবলি, ভক্তিপথের অনুকূল প্রতিকূল বিষয়ে সুবিচারিত সমাধান আদি, বিশুদ্ধ ভক্তি, চরিতামৃতের প্রমাণ, সাধক ব্যাখ্যা ও মহাজন-পদের অনুশীলন পূর্ণমনুষ্য প্রত্যেক প্রবন্ধের সহিত লিখিত হইয়াছে। ... [illegible] ... সংস্করণ ছিন্নবস্ত্রে ৸০ আনা।

সাধন-কল্প

শ্রীরঘুনাথ দাস গোস্বামীর মনঃশিক্ষা, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-চরিত পদ্যানুবাদসহ। ছিন্নবস্ত্রে ৵০ আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা

শ্রীল ঠাকুর নরোত্তমের সুপ্রসিদ্ধ প্রেমভক্তি-সাধক ... [illegible] ... পুস্তক। ছিন্নবস্ত্রে ৵০ আনা মাত্র।

নবদ্বীপশতক

ভক্তিবিনোদ রচিত ... [illegible] ... নবদ্বীপের ... [illegible] ... ছিন্নবস্ত্রে ৵০ আনা মাত্র।

অর্থপঞ্চক

শ্রীল লোকনাথ রচিত। বৈষ্ণবতা-লাভের আকর পুস্তক ছিন্নবস্ত্রে ৵০ আনা মাত্র।

সদাচারস্মৃতি

শ্রীল মনোহর ... [illegible] ... বৈষ্ণবের নিত্যকর্ত্তব্য সম্বন্ধীয় ... [illegible] ... ছিন্নবস্ত্রে ৵০ আনা মাত্র।

মণিমঞ্জরী

... [illegible] ... ভক্তিবিনোদ ঠাকুর রচিত শ্রীমন্মহা... [illegible] ... ও মূল বৈষ্ণবপদসহ ... [illegible] ... ছিন্নবস্ত্রে ৵০ আনা মাত্র।

গৌরকৃষ্ণোদয়

... [illegible] ... শ্রীগৌরাঙ্গের ... [illegible] ... ছিন্নবস্ত্রে ৵০ আনা।

মুক্তিমল্লিকা ও প্রেমসৌরভ

... [illegible] ... শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর ... [illegible] ... এই গ্রন্থের প্রকাশ পারমার্থিক জগতে এই সর্ব্বপ্রথম। শ্রীমন্মধ্বাচার্য্য হইতে বেদান্তাচার্য্য দ্বিতীয় মধ্বাচার্য্য নামে খ্যাত শ্রীবলদেববিদ্যাভূষণ স্বামী এই গ্রন্থে সম্প্রদায়-... [illegible] ... ঐতিহাসিক তাত্ত্বিকভাবে ভক্তিবিরোধিমতবাদ সমূহ খণ্ডন করিয়াছেন, যাহা পাঠ করিতে করিতে আনন্দাপ্লুত হইতে হয়। ইহাতে মুক্তির ... [illegible] ... বৈষ্ণব, বৌদ্ধ, মায়াবাদ ও মায়াবাদিমত-সমূহের ... [illegible] ... ছিন্নবস্ত্রে ২৲ টাকা মাত্র।

গোস্বামী শ্রীল রঘুনাথ দাস

(ঐ পরমপূজ্য শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ লিখিত ভূমিকা সহ) গৌরপ্রেম স্বরূপ-রূপের একমাত্র উত্তরাধিকারী শ্রীল দাস গোস্বামী প্রভুর অপূর্ব্ব চরিতামৃত ও শিক্ষা অতীব প্রাঞ্জল ও সরল ভাষায় সন্নিবিষ্ট এবং পরে শ্রীল গোস্বামী প্রভুর বিরচিত কতকগুলি মধুরাতিমধুর ... [illegible] ... ও মনঃশিক্ষা-সম্বলিত। ছিন্নবস্ত্রে বাঁধাই ৷৷০ আনা, আসল বাঁধাই ৷৵০ আনা মাত্র।

চিত্রে নবদ্বীপ

প্রাচীন নবদ্বীপের অবস্থিতি, তথা, ঐতিহ্য, প্রোত্ত ও ঐতিহাসিক প্রমাণসম্বলিত নবটী দ্বীপের সচিত্র বিবরণ-গ্রন্থ। রাজর্ষি রাজারামের কুমার শ্রীযুক্ত শরদিন্দু নারায়ণ রায় এম, এ, প্রোক্ত (লাহোর)। বেদান্তভূষণ মহোদয় কর্ত্তৃক সঙ্কলিত এবং ৬৭ খানি বিভিন্ন বর্ণের অপূর্ব্ব চিত্র ও মানচিত্র-সমন্বিত; প্রোত্ত্ববিদ্যামহার্ণব রায় সাহেব শ্রীযুক্ত নগেন্দ্র নাথ বসু বিশ্বকোষসম্পাদক মহাশয়ের বিস্তৃত ভূমিকা সহ। উৎকৃষ্ট (ইং) মরক্কো বাঁধাই মূল্য ১৷৷০, ভিঃ পিঃ তে ২৲ টাকা মাত্র।

সাধক-কণ্ঠমালা

... [illegible] ... বৈষ্ণব-বন্দনা, বৈষ্ণবশরণ, বাঙ্গালার গীত, শ্রীনবদ্বীপ, শ্রীবিষ্ণুপ্রিয়া অষ্টোত্তরশত নাম, অষ্টপ্রহর ... [illegible] ... শ্রীনামমাহাত্ম্য, প্রেমধ্বনি, 'বাউলসঙ্গীত, নবদ্বীপ-মহিমা, শ্রীমায়াপুর মহিমা, শ্রীপুরুষোত্তম-প্রভুর অষ্টক সমূহ, সনাতন গোস্বামীর অষ্টক, প্রেমভক্তিচন্দ্রিকা, উপদেশামৃত, নামভজন-প্রণালী, মহাপ্রভু ও রায় রামানন্দ সংবাদ, মনঃশিক্ষা, শ্রীগুরু-প্রণতি, শ্রীগুরু-পরম্পরা, মহাপ্রভুর বন্দনা প্রভৃতি সাধক ও সিদ্ধজীবনের নিত্যপাঠ্য, বৈষ্ণবগণের কণ্ঠাশ্রিত তুলসীমালার ন্যায় অনুক্ষণ কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ। ছিন্নবস্ত্রে ৵০, বাঁধাই ৷৷০ মাত্র।

গৌড়ীয়-গৌরব

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয়-সম্পাদক শ্রীপাদ সুন্দরানন্দ পরবিদ্যাবিনোদ-প্রদত্ত বক্তৃতার বিষয় গ্রন্থকারে প্রকাশিত। ইহাতে গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ের ইতিহাস সংক্ষেপাকারে গ্রথিত হইয়াছে। ছিন্নবস্ত্রে ৵০ মাত্র।

গৌড়ীয় সাহিত্য

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয়-সম্পাদক শ্রীপাদ সুন্দরানন্দ পরবিদ্যাবিনোদপ্রভু প্রদত্ত বক্তৃতার বিষয় গ্রন্থাকারে প্রকাশিত। ইহাতে সাহিত্য-শব্দের অর্থ এবং গৌড়ীয়-সাহিত্যের বিষয় সংক্ষেপে বর্ণিত হইয়াছে। ছিন্নবস্ত্রে ৵০ আনা মাত্র।

শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা-দর্পণ

শ্রীগৌড়দেশের যে সকল গ্রামে সপরিকর শ্রীমন্মহাপ্রভু এবং তদনুগ পরবর্ত্তী মহাজনগণ লীলা করিয়া গিয়াছেন, সেই সব আধুনিক ভৌগোলিক পরিচয় ও দেববিগ্রহাদির পরিচয় সহ যাতায়াতের সুবিধা নির্দ্দেশ ইত্যাদি বিষয়গুলি সন্নিবেশিত আছে। ছিন্নবস্ত্রে ৷০ আনা।

THE HARMONIST
OR SHREE SAJJANATOSHANI

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রতিষ্ঠিত এবং শ্রীল ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত পারমার্থিক মাসিক পত্র। এক্ষণে ইহার অষ্টাবিংশ বর্ষে চলমকাউন ৮ পেজী ৪ ফর্ম্মা আকারে প্রতি মাসে ত্রয়োদশ বিভব-বৈজয়ন্তী লইয়া উপস্থিত হইতেছেন। কাগজ, মুদ্রণ-পারিপাট্য ও চিত্রাদি অতীব চিত্তাকর্ষক। এই প্রকার উৎকৃষ্ট প্রবন্ধ আর কোন মাসিক পত্রাদিতে দেখিতে পাইবেন না। বার্ষিক ভিক্ষা ডাকমাশুলসহ ৩৲ টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর নদীয়া

বিশ্ববৈষ্ণব রাজসভার শুদ্ধভক্তিমঠসমূহ

চৈতন্য মঠ

আদ্যতম অধিরাজ

শ্রীচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীধাম মায়াপুর, নদীয়া

শ্রীমন্মহাপ্রভুর জন্মস্থান

লাইবিয়ান মরুতে দুর্ঘটনা

গুয়টারের (এক সংবাদে প্রকাশ, রেকমায় পুলের মেজর ব্যাগনল্ড, একদল পুরুষ, ছেলেমেয়ে এবং অনেকগুলি ঘোড়া ও উট লইয়া মিশরের লাইবিয়ান মরুভূমি অতিক্রমের বাহির হইয়াছিলেন। মরুভূমিতে ভীষণ ঝড় আরম্ভ হয়। ফলে কোথায় চলিয়া যায়, তাহার আর সন্ধান খোঁজ মেলেনা। মিঃ পি, এ, ব্রুটন অনেক অনেক ইংরেজ একদল লোক লইয়া তাহাদের খোঁজে বাহির হন। তাহার চেষ্টায় কয়েকটী প্রাণ রক্ষা পায়।

তিনি যাইয়া দেখিতে পান মরুভূমির লোক ছেলেমেয়ে এবং ঘোড়া ও উটের হাড় পড়িয়া রহিয়াছে। মরুভূমির মধ্যে একটী ট্রাকের ভিতর অনেকগুলি মৃত শরীর আরবকে দেখিতে পান। এই লোককে কুড়া মরুস্থান হইতে অনেক গুলি লোক পলাইয়া আসিয়া আশ্রয় লইয়াছিল।

ফেব্রুয়ারীর শেষভাগে মিঃ ব্রেটন মরু অভিযানকারীদের খুঁজিতে বাহির হন। তিনি প্রথমে অনাহারী বেদুইনকে খুঁজিতে পান। তাহাদের নিকট তিনি শুনিতে পান, আর তিনটী দল দিশাহারা হইয়া ঘুরিয়া বেড়াইতেছে। ঘোড়া এবং উট লোকে খাইয়া ফেলিয়াছে। শিশু এবং স্ত্রীলোকগণকে শকুনের মুখে ফেলিয়া অন্য লোক কোথায় উধাও হইয়াছে।

মোট কতজন মারা গিয়াছে তাহা এখনও জানা যায় নাই। তবে শেষ যে পর্যন্ত উদ্ধার করা হইয়াছে তাহার সংখ্যা ৯, প্রাথমিক সংখ্যা ছিল ৪২।

কংগ্রেস কর্ম্মী গ্রেপ্তার

ভড়ক এবং কটকে আবগারী দোকান সমূহে কংগ্রেস স্বেচ্ছাসেবকগণ যখন শান্তিপূর্ণ পিকেটিং চালাইতেছিলেন তখন উত্তরপ্রদেশ স্বেচ্ছাসেবকদিগকে গ্রেপ্তার করিয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। বালেশ্বর জেলা কংগ্রেস কমিটীর সেক্রেটারী শ্রীযুক্ত গোকুলানন্দ মোহান্তও গুরুতরভাবে আহত হইয়াছেন, প্রকাশ, তাঁহার হস্তস্থিত পতাকা সরকার কাড়িয়া লইয়া ভাঙ্গিয়া ফেলিয়াছে বলিয়া জানা হইয়াছে।

কংগ্রেস কর্ম্মীর কণ্ঠরোধ

কংগ্রেস কর্ম্মী বাবু বিশ্বরঞ্জন দত্ত গত ২৩শে মে সন্ধ্যাকালে পাঁচপুলিতে কংগ্রেসের প্রচারকার্য্য সম্পর্কে ম্যাজিক মিটিং-এ বক্তৃতা করিতে উদ্যত হইলে তাহার উপর ফৌজদারী কার্য্যবিধির ১৪৪ ধারা অনুসারে এই মর্ম্মে নোটিশ জারী করা হয় যে, তিনি কাল্পী মহকুমার মধ্যে কোন বক্তৃতা করিতে পারিবেন না।

হেড মাষ্টারকে প্রহার

গত ২৯শে মে তারিখ নবিনগর হাই স্কুলের হেড মাষ্টার বাবু যোগেশচন্দ্র গুপ্ত এম, এ,র উপর একটী কাপুরুষোচিত আক্রমণ হয়। প্রকাশ যে গত শুক্রবার রাত্রিতে তিনি যখন রেল গাড়ীতে ভ্রমণ করিতেছিলেন সেই সময়ে পাশাচক রেলনে কতিপয় লোক তাঁহার কামরায় প্রবেশ করে এবং তাহাকে প্রহার করে। উহাদের প্রহারে যোগেশ বাবুর শরীরে কতকগুলি আঘাত লাগে। আততায়ীগণ পলায়ন করিয়াছে। যোগেশ বাবুকে কুমিল্লাতে চিকিৎসার জন্য পাঠান হইয়াছে।

স্ত্রী হত্যায় ফাঁসী

গত ২৯শে মে স্ত্রী হত্যার অপরাধে [illegible] একটন মুসলমানের ফাঁসী হইয়া গিয়াছে।

এই লোকটি পুত্রে রেলওয়ে [illegible] উপায়ন্তর দেখে হত্যা করিয়াছিল। [illegible] কোর্টের পর ফিরিয়া আসিয়া সে [illegible] সে তাহার স্ত্রী অপর এক ব্যক্তির সহিত [illegible] করিয়াছে। স্ত্রীকে ফিরাইয়া আনিতে না পারিয়া [illegible] তাহাকে হত্যা করে। দায়রা জজের বিচারে তাহার ফাঁসী হয়।

গুজরাট রাষ্ট্রীয় সমিতি

সর্দ্দার বল্লভ ভাই প্যাটেল ২৪শে মে প্রাতে আমেদাবাদ পৌঁছিয়া গুজরাট প্রাদেশিক রাষ্ট্রীয় সমিতির বার্ষিক অধিবেশনে সভাপতিত্ব করেন। বিভিন্ন জিলা হইতে আগত ৮০ জন প্রতিনিধি সভায় উপস্থিত ছিলেন। গুজরাটের বিভিন্ন স্থানে নির্ব্বাচনে কলহ বশতঃ সভা বেশ [illegible] ছিল। বহুক্ষণ বাগবিতণ্ডার পর ৬টী স্থানের নির্ব্বাচন নাকচ করা হইয়াছে। এবং মিঃ মোরারজী, বলবন্ত রাও, ঠাকোরার এবং লালাকে লইয়া একটী তদন্ত সমিতি গঠিত হইয়াছে। বিশেষ ভাবে পত্রিকার পক্ষ কয়েকটি জিলার আয় ব্যয়ের হিসাব [illegible] হইয়াছে।

সর্দ্দার পরে ভাই সভাপতি এবং মিঃ মোরারজী ও বেঙ্কটরাম কোঠারি সম্পাদক নির্ব্বাচিত হইয়াছেন।

মহাত্মাজীর সহিত সাক্ষাৎ করিবার নিমিত্ত সর্দ্দার বল্লভ ভাই ব্যতীত অন্য সকলে বারদৌলী যাত্রা করিয়াছেন।

ধুবড়ীতে ভূমিকম্প

গত ২৪শে মে শেষ রাত্রি ৩-১৫ মিনিটের সময় ধুবড়ীতে ভূমিকম্পের প্রবল আঘাত অনুভূত হয়। তাহাতে লোকজন সন্ত্রস্ত হইয়া বিছানা ত্যাগ করিয়া বাহিরে আসিয়াছিল। এই পর্য্যন্ত [illegible] ধরে [illegible] হইল।

কংগ্রেস সেক্রেটারী গ্রেপ্তার

২৯শে মের সংবাদে প্রকাশ যে, চিকনী কংগ্রেস কমিটীর সেক্রেটারি বাবু মনোরঞ্জন ভট্টাচার্য্যকে গ্রেপ্তার করিয়া ওয়ারেণ্টসহ লালবাগ পাঠান হইয়াছে। তাঁহাকে অতিরিক্ত মেট্রপলিটন ম্যাজিষ্ট্রেটের কোর্টে হাজির করা হইয়াছে।

পুরী [illegible]

[illegible] বাবু [illegible] উত্তরে [illegible] আরম্ভ [illegible]

[illegible] ৬০ [illegible]
[illegible] দুইটা
[illegible] আলো
[illegible] কাটিবে
[illegible] প্রহরায়
[illegible] ৩০০
[illegible]

শিলচরে মহিলা সভা

[illegible] সভা [illegible] সভানেত্রী [illegible] সভা [illegible] বক্তৃতা [illegible] ছাত্রীগণ [illegible] সঙ্গীত [illegible] মহিলা সমিতির সম্পাদিকা [illegible] প্রমুখ বাংলা [illegible] প্রভৃতি বহু মহিলা উপস্থিতির [illegible] অভ্যর্থনা করেন। উপস্থিতিগণকে [illegible] কাবিয়া [illegible] প্রদর্শনের [illegible] দেওয়া হয়। অতঃপর [illegible] শিক্ষিকার [illegible] বিদ্যালয়ে একটী [illegible] সভা হয়। [illegible] কামিনীকুমার [illegible] পল্লী শ্রীযুক্তা [illegible] নেত্রীর আসন গ্রহণ করেন। [illegible] সম্প্রতি [illegible] আর [illegible] হইয়া সভায় বিশেষ উৎসাহের সঞ্চার হইয়াছিল। আগামী মঙ্গল সমিতির পক্ষ হইতে আগত মহিলাদিগকে মানপত্র প্রদান করা হয়। তাঁহারা শিলচর জিলার নারীদিগকে পুরুষের পাশে দাঁড়াইয়া মাতৃভূমির মুক্তির চেষ্টায় আত্মনিয়োগ করিতে, খদ্দর পরিতে, চরকা কাটিতে, এবং সন্তানদিগকে মাতৃভূমির জন্য সৈনিক হইতে শিক্ষা দিতে বলেন। তাঁহারা রাত্রিতে সুপারিটেণ্ডেন্ট গমন করেন।

চাল্‌তার গুণ বিচার

আয়ুর্বেদে চাল্‌তার সাধারণ গুণাগুণ এইরূপ উক্ত হইয়াছে, যথা—চাল্‌তা বিষ, ক্ষোটক, ব্রণ বিনাশ, মুষ্ট, কফ ও পিত্তনাশক এবং কেশের হিতকারক। সুতরাং চাল্‌তা যে কিরূপ উপকারী তাহা বলা বাহুল্য মাত্র। তাহাছাড়া [illegible] চাল্‌তা বিশেষ [illegible] শিশু কফও বালকের নাশক, আর পক্কাবস্থায় [illegible] কফকারক, শীতবীর্য্য ও গুরু।

[illegible] অভিজ্ঞ চিকিৎসক তিনি চাল্‌তা [illegible] ঘরোয়া [illegible] করিয়া উহার [illegible] ও মেরুদণ্ড প্রস্তুত করার যে বিবরণ দিয়াছেন, নিম্নে তাহা উল্লিখিত হইল।

চাল্‌তার ফোড়ক

[illegible] চাল্‌তাফুল— ১ ছটাক
[illegible]— সিকি ছোলা
[illegible] আমলকী চূর্ণ— ২ তোলা
[illegible]— ১/৮

[illegible] মিশাইয়া মোরব্বা করিয়া অন্ততঃ [illegible] পর সেবন করিতে দেওয়া।

ইহার আমরক্ত পীড়া খুব হয়। প্রাতঃ আহারের কালে চাল্‌তার অম্ল [illegible] চাল্‌তার ভাঁড়া অল্প চিনি বা মিছরি [illegible] উপকার ঘটে।

চাল্‌তার মোরব্বা

চাল্‌তার ভড়া— ১/২ সের
চিনি বা গুড়— ১/৪ সের
[illegible] চূর্ণ— আধ ছটাক
অল্প [illegible]— ১ তোলা
[illegible]— ২ তোলা

আবদ্ধ পাত্রে সাতদিন রাখিয়া চালিতে জল বাহির করিতে হয়। তৎপর [illegible] পরিত্যক্ত পদার্থ জল সহিয়ার তৈরি করিয়া অল্প নরম করিয়া আবদ্ধ পাত্রে রাখিতে হইবে। ইহা সেবনে আহারে রুচি ও পরিপাক শক্তি বর্দ্ধিত হয়।

সবাক চিত্রে মহাত্মার বাণী নিষিদ্ধ

মহাত্মা গান্ধী খদ্দর সম্পর্কে যে বাণী প্রদান করিয়াছেন, তাহা ভারতীয় সবাক চিত্রে সুরাটের লক্ষ্মী সিনেমা গৃহে প্রচারিত হইতেছিল। কর্তৃপক্ষ হঠাৎ উক্ত ছবি প্রদর্শন বন্ধ করিয়া দিয়াছেন।

টেলি "গৌরাঙ্গ" নবদ্বীপ

Reg. No C.1544

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
অর্দ্ধ কলম ৩৲
এক কলম ৫৲
হার অন্যত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

সাধারণের হার
বার্ষিক ৩৲
ষাণ্মাসিক ৪৲
ত্রৈমাসিক ২৷৷০
মাসিক ১৲
নমুনা বিনামূল্যে ১৲

ভারতের সমস্ত প্রধান প্রধান নগরীতে ও নদীয়া জেলার প্রত্যেক মফঃস্বলে সুপ্রচার

৬ষ্ঠ বর্ষ] সম্পাদক—শ্রীঅতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [৭২শ সংখ্যা

শ্রীচৈতন্যাব্দ শ্রীরাম আবাপুর—১৬ই জ্যৈষ্ঠ শনিবার ১৩৩৮, ৩০শে মে ১৯৩১

নানা কথা

গান্ধীজী বৈঠকে কেন যাইবেন

বাহাদেলীর ২রা মের সংবাদে প্রকাশ যে, সাম্প্রদায়িক সমস্যার কোন সমাধান না হইলেও যদি বিলাসমূর্তির সর্বসম্মতি সন্তোষজনকরূপে প্রতিপালিত হয়, তাহা হইলে গান্ধীজী লণ্ডনের গোলটেবিল বৈঠকে উপস্থিত হইবার ইচ্ছা প্রকাশ করিয়াছেন। আরও প্রকাশ যে, তিনি জনসাধারণের কানাকানিতে হোসিয়ার না করিয়া শুভমাত্র কাজের কথা দিতে করিবেন।

ব্যাধিগ্রস্তা রমণীর আত্মহত্যা

সেমিয়াটোলা ষ্ট্রীটের বিধবা তনয়ার মৃত্যু সম্বন্ধে তাঁহার স্বামী বীরেন্দ্রনাথের জন্য কোরোনার নিকট সাক্ষ্য প্রদানকালে বলিয়াছেন, মৃত্যুর প্রায় দেড় বৎসর পূর্বে বিধবা ব্যাধিগ্রস্তায় আক্রান্ত হন এবং মৃত্যুর প্রায় তিন মাস পূর্বে তাঁহার মস্তিষ্ক বিকৃতির লক্ষণ দেখা যায়। তিনি বিনা কারণেই একাকী বসিয়া কাঁদিতেন এবং শয়ার সময় তিনি এই বলিয়া ভয় প্রকাশ করিতেন যে, তিনি যন্ত্রণা সহ্য করিতে পারিতেছেন না এবং স্বামীর কোন কাজেই আসিতেছেন না, সুতরাং মৃত্যুই তাঁহার পক্ষে শ্রেয়। অতঃপর সাক্ষী বলেন যে, তাঁহার দারিদ্র্যবশতঃ তিনি স্ত্রীর কোন প্রকার সুচিকিৎসার বন্দোবস্ত করিতে পারেন নাই। গত ১২ই মে তারিখে অতি প্রত্যূষে তিনি একটি গোলমালের শব্দ বিছানা হইতে উঠিয়া দেখিতে পান যে কনিষ্ঠা কন্যা রান্নাঘরে ছাদ হইতে ঝুলিতেছে। তিনি তাঁহার নিকটে গিয়া ঝোলানির বাঁধন খুলিয়া দেন। তিনি তাঁহার মৃত কন্যার গলায় একটি দাগ দেখিতে পান। তাঁহার মৃত কন্যার বয়স ২৩ বৎসর হইয়াছিল। তাহার বাঁ হাতের কব্জির উপরে একটি কাটা দাগ দেখা যায়। উহার মধ্যে এই যে, তিনি আত্মহত্যা করিয়াছেন এবং তজ্জন্য কেহ দায়ী নহেন। কোরোনার মৃত্যু এই মত প্রকাশ করিয়াছেন, আত্মহত্যার ফলে এই মৃত্যু ঘটিয়াছে। উক্ত রমণীর ৩টী শিশু সন্তান বর্তমান।

ডাঃ ব্যানার্জ্জীর স্বাস্থ্যের উন্নতি

ডাঃ পি, সি, উকীল ও ডাঃ ভবতারণ সাহা ডাঃ সুরেশচন্দ্র ব্যানার্জ্জীকে পরীক্ষা করার জন্য কলিকাতা হইতে মুঙ্গের গিয়াছিলেন। তাঁহারা ডাঃ ব্যানার্জ্জীকে পরীক্ষা করিয়া বুধবার দিন সন্ধ্যার সময় কলিকাতা পৌঁছিয়া যে বিবরণ দিয়াছেন তাহাতে প্রকাশ, তাঁহার হৃদযন্ত্র সম্পূর্ণ কার্য্যক্ষম। ডাঃ উকীল তাঁহার রক্ত পরীক্ষা করিয়া স্বাভাবিক পক্ষে কোন যুবিত পদার্থ প্রাপ্ত হন নাই। ডাঃ ব্যানার্জ্জী এক্ষণে আহার করিতে পারিতেছেন এবং তাঁহার সুনিদ্রাও হইতেছে। নিশ্বাস প্রশ্বাসে কোনরূপ কষ্ট অনুভব করেন না। মূত্রেও কোন রোগ নাই। বেদনাও বেদনা অনেকটা কম। একণে পায়ের ফোঁড় ও পেটের ব্যথাই তাঁহার প্রধান উপসর্গ। ডাঃ উকীল ও সাহার মতে পায়ের ফোঁড়ার ভয়ের কারণ না থাকিলেও কিছুদিন বিশ্রাম করিতে না পারিলে পায়ে রোগ বেশী দিয়াছে। এজন্য আগামী ডিসেম্বর সপ্তাহে স্নায়ুর কাজেই বলা করা হইবে বলিয়া স্থির করা হইয়াছে।

বি এস্ সি শিক্ষক চা

শ্রীরাম-রাধাপুরস্থ সাকুল ১৮ বিনোদ ইন্‌ষ্টিটিউটের জন্য একজন বি-এস সি শিক্ষকের প্রয়োজন। উক্ত বিদ্যালয়ের ৫ম শ্রেণীতে অধ্যয়নকালে বিজ্ঞানের পরীক্ষায় ৫০ টাকা বেতনে ৫ বৎসর কার্য্য করিতে পারিবেন তাহা ইচ্ছুক ব্যক্তিগণকে ঠাকুর অভিনিবেশ ইন্‌ষ্টিটিউট, পোঃ শ্রীরামপুর, নদীয়া—ঠিক নাম পত্র লিখিবেন। নিম্নোক্ত শিক্ষক ভিন্ন অন্যান্য আবেদন ও বিবেচনা করা হইবে না।

নীলাম ইস্তাহার

(১০ম পৃষ্ঠার পর)

(৮৫)

২০৮ খাজাঞ্চী ৩১ ভারি ৯৷৷৫৭

ডিঃ রাজা জয়কৃষ্ণ লাহা মোঃ গোপালী

মেঃ মুহম্মদ মল্লিক পিং সাং বেলালী পোঃ হাসপাতালী

থানা হাসখালি সামিল বেলালী গ্রামে ডিক্রীদার পিং অধীন ৭৪৯ খতিয়ানের ১৮-৪৮ শতক জমী ২২৯৮৫ জমা মূল্য ৫০৲

(৮৬)

২০৯ খাজাঞ্চী ৩১ ভারি ৩৷৷০

ডিঃ ঐ

মেঃ কবির মেখ পিং সাং গোপালী পোঃ হাসপাতালী

থানা হাসখালি সামিল বেলালী গ্রামে ডিক্রীদার পিং অধীন ৭৪৯ খতিয়ানের ১৮-৪৮ শতক জমী ২২৯৮৫ জমা মূল্য ৫০৲

(৮৭)

২১০ খাজাঞ্চী ৩১ ভারি ৭৫

ডিঃ জয়কৃষ্ণ লাহা মোঃ গোপালী

মেঃ পাঞ্চু মল্লিক পিং সাং গোপালী পোঃ হাসপাতালী

থানা হাসখালি সামিল গোপালী গ্রামে ডিক্রীদার পিং অধীন ৩৭৫ খতিয়ানের ১১-৫৯ শতক জমী ৩৫৷৷০ জমা মূল্য ২৫৲

(৮৮)

২১১ খাজাঞ্চী ৩১ ভারি ২৩৷৷০

ডিঃ ঐ

মেঃ মোকাদ্দেস মল্লিক পিং সাং গোপালী পোঃ হাসপাতালী

থানা হাসখালি সামিল গোপালী গ্রামে ২৯০ খতিয়ানের ৩-৫৩ শতক জমী ১৷৷০ জমা মূল্য ৫৲

(৮৯)

২১২ খাজাঞ্চী ৩১ ভারি ২৷৷০

ডিঃ ঐ

মেঃ কবির মেখ পিং সাং গোপালী পোঃ হাসপাতালী

থানা হাসখালি সামিল গোপালী গ্রামে ১০৩ খতিয়ানের ৪-২১ শতক জমী ১২৷৷০ জমা মূল্য ৫৲

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও আদর্শচরিত্র শিক্ষকমণ্ডলী ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের সুব্যবস্থা হইয়াছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

বিস্তার সংবাদের জন্য নিম্নলিখিত ঠিকানা পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

সুবর্ণ সুযোগ বেশী দিন আর থাকিবে না

— কেন না —

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের

৫ম বাৎসরিক আনন্দোৎসব বা সুবর্ণ জুবিলী শেষ হইতে আর বিলম্ব নাই। এই উৎসব শেষ হইলেই সুবর্ণ আচ্ছাদিত "শক্তি-সঞ্জিবনী বটীকা" পূর্ব্বের নির্দ্ধারিত ১২৲ টাকা মূল্যেই বিক্রয় হইবে। ৩১শে মে পর্য্যন্ত উহা ৮৲ টাকায় পাওয়া যাইবে। এই বটীকা এক কথায় বলিতে গেলে নব-জীবন দান করিতে সমর্থ। সুবর্ণ জুবিলীর কথা উল্লেখে আজই মনিঅর্ডারে ৮৲ টাকা পাঠাইয়া উহার এক কৌটা লউন। সত্বর লউন। বিলম্বে নিরাশ হইবেন। ১লা জুন হইতে ১২ টাকা মূল্যে বিক্রয় হইবে।

প্রাপ্তিস্থান ঃ—আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়।

২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

কেশরঞ্জন পাঁচন

সর্ব্ববিধ কেশরোগের অব্যর্থ মহৌষধ

মফঃস্বলের সুবিধার জন্য ৩ মাঃ শিশিতে ঔষধের অবস্থার ছোটবোতলের সমপরিমাণ ঔষধ ডাকে পাঠান হয়, ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ৪৲ আনা, পাঁইট ৮৲ আনা, বোতল ১৫৲ আনা।

অফিস—১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

মদন মঞ্জরী

[illegible] ও বাতুলিকার, ইন্দ্রিয়শক্তির হ্রাস, [illegible] শুক্রস্রাব, স্বপ্নদোষ, মূত্র [illegible] করানি, অধিক্রা প্রভৃতি সকল সময় বিশেষ [illegible] হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে [illegible] টনিক। মূল্য ৪০ ফাঁ ১৲ এক টাকা।

"সকলরোগবিনাশিনী ঘৃত"

[illegible] রোগ বাতরক্তাদি দ্বারা আরোগ্য [illegible] করে। মূল্য ৫ তোলা ১৲ টাকা।

"কুষ্ঠকুলবিনাশিনী বটিকা"

[illegible] সেবনে সকলপ্রকার ছারী ও বৃদ্ধি করিতে [illegible] মূল্য ১০ ফাঁ ১৲ এক টাকা।

[illegible] ভাক্তারখানা, কেশবজী [illegible] ১৩৭এ হারিসন রোড, কলিকাতা।

হাইড্রোসিল বা কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস, এন, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈদ্যুতিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

৯৮ নং ক্লটন ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈবপ্রাপ্ত যক্ষ্মার একমাত্র মহৌষধ

পনর দিনে সম্পূর্ণ আরোগ্য

রোগী দেখাইতে হইবে। অগ্রিম পারিশ্রমিক সহ (রাত্রিতে এবং আসার) পাঠাইলে গিয়া রোগী দেখা হয় অথবা এখানে আসিলে রোগী দেখিয়া ঔষধ দেওয়া হয় আরোগ্য না হওয়া পর্য্যন্ত পারিশ্রমিক দিতে হইবে না। গরীব রোগীদের খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়। বিস্তারিত বিবরণের জন্য এক আনার ডাক টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীযুক্ত হীরালাল উকীল, যক্ষ্মা-চিকিৎসক, পোঃ নৈকাঠী, বরিশাল।

অথবা নিম্ন ঠিকানায় সাক্ষাৎ করিয়া বিস্তারিত জানিতে পারেন।

শ্রীযুক্ত রামগোপাল দত্ত এম, এ, কৃষ্ণনগর, নদীয়া। শ্রীযুক্ত ললিত মিত্র, ১২৭, মোলঙ্গাবোগা ষ্ট্রীট, কলিকাতা।

একখানি পত্র :—৯ মাস সানুপুর গত ছয় মাস যাবৎ রাজ যক্ষ্মায় ভুগিয়া মৃতপ্রায় হইয়াছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাহার জীবনের আশা ত্যাগ করিয়া শেষ মুহূর্ত্তের জন্য অপেক্ষা করিতেছিলেন এই সময় শ্রীযুক্ত হীরালাল উকিল মহাশয় মাত্র ১৫ দিন চিকিৎসা করিয়া সম্পূর্ণ আরোগ্য করিয়া দিয়াছেন। (সাঃ) শ্রীযতীন্দ্র কিশোর রায় চৌধুরী (জমিদার পাবনা) ৩৭ ষ্ট্রীট, নিউ বিল্ডিং। কর্পোরেশন আফিস ডিপার্টমেণ্ট, কলিকাতা।

শ্রীনবদ্বীপ পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়

ম্যানেজার—গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

মরা মানুষ বাঁচাইবার উপায়



বহিল অস্থাপি প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন [illegible] আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাঁহারা নানাবিধ অনিষ্টকর ঔষধের অপরিমিত শক্তি নষ্ট করিয়া তাহাকে মৃত করিয়া রাখিয়াছেন এবং নানা প্রকার রোগ, যেমন পাকস্থলী, আন্ত্রিক চুলকণা, বহুমূত্র, হাঁপানি, পাকস্থলীর পীড়া, কল এবং স্ত্রীলোকদিগের মধ্যে যাহা বাধক বন্ধ, মূর্চ্ছা, স্নায়ুকা, শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত ইলেক্‌ট্রিক সলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন। তাহার শত শত প্রমাণ প্রাপ্ত বৎসরেই পাওয়া যাইতেছে। যাঁহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ও ডাকমাশুল সহ ১৸০ টাকা মাত্র।

সোল এজেণ্ট—

ডাঃ ডি, ডি, হাজরা।

ফতেপুর, গার্ডেনরিচ পোষ্ট, কলিকাতা

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রেস হইতে শ্রীযুক্ত ভক্তিসুহৃদ দামোদর মহারাজ কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠবার্ত্তাবহ

শ্রীধাম-মায়াপুর—১৬ই জ্যৈষ্ঠ শনিবার—১৩৩৮

অভিমান

"অমুক গৃহের আমি কর্ত্তা ও পালয়িতা", "আমি সমাজের বা দেশের নেতা ও বিধাতা", "আমি সর্ব্বাপেক্ষা বেশী বিদ্বান্","আমি সসাগরা পৃথিবীর অধীশ্বর" ইত্যাদি প্রকার দম্ভসূচক জড়াভিমানের কথা এই বিবদমান যুগে প্রচুর পরিমাণে শ্রুত হয়। এই দৃষ্টান্তগুলি যে পরিমাণ দম্ভের ব্যঞ্জক, তাহা অপেক্ষা আরও অধিক পরিমিত রাস্তিকতার ভাব জগতে কলিত আছে।

ভগবানই সকলের কর্ত্তা কর্ত্তা, নেতা, বিধাতা এবং তিনিই সর্ব্বজ্ঞ, যথা গীতা,—

ক্তির্ভর্ত্তা প্রভুঃ সাক্ষী নিবাসঃ শরণং সুহৃৎ। যাঁহারা জন্ম মৃত্যুর অধীন ও আধিব্যাধির দ্বারা সতত সন্তপ্ত হইবার যোগ্য, ই সমুদয় ক্ষুদ্র শক্তিশালী জীব যখন ড়াভিমানে স্ফীত হইয়া ঘটেশ্বর্য্যপূর্ণ গবানের আসনে আপনাদিগকে প্রতিষ্ঠিত ন করেন, সেই প্রকার প্রলাপবক্তাদিগকে ড়াভিমানের সর্ব্বোচ্চ প্রকোষ্ঠে উপনীত মন রিতে হইবে। তাহাদিগের তুল্য ভগবৎ পে অধিকতর অপরাধী আর কেহ হইতে রেন না। এতাদৃশ গর্ব্বিত লোহৎসাদিগের ক কখনও আপনাদিগের দুরবস্থা বুঝিতে রিবেন না?

স্বসুখতৎপর ব্যক্তিগণই জড়াভিমানী ভগবৎসুখ-সাধনেচ্ছুব্যক্তিগণ চিদভিমানী। সুখনিষ্ঠা চতুর্ব্বিধ, যথা—(১) ধর্ম্ম (স্বর্গসুখপ্রাপক পুণ্যকার্য্য) মূলক, (২) অর্থ-ঐহিক সুখের সহায়ক ধনজনাদি অর্জ্জন ও রক্ষণাবেক্ষণের কর্ম্ম) মূলক, (৩) কাম-ইন্দ্রিয়তর্পণসাধনকর্ম্ম) মূলক এবং (৪) মোক্ষ (ত্যাগদ্বারে শান্তিসুখজনক কর্ম্ম) মূলক। প্রতিষ্ঠাশাস্তুপ যে দুরাসনা, তাহা ামেরই অন্তর্গত এবং ন্যূনাধিকরূপে সমগ্র ড়াভিমানীদিগকে গ্রাস করিয়াছে। ইহার এসাহস এত অধিক যে,ভক্তিপথের পথিকদিগের হৃদয়েও প্রবেশ করিবার যত্ন করে, কিন্তু ভক্তিদেবীর কৃপায় তাঁহারা ইহাকে রে নিক্ষেপ করিতে সমর্থ হন। অতএব যিনি প্রতিষ্ঠাপর নহেন, তিনিই চিদভিমানী ক্ত বা বৈষ্ণব, যথা মহাজনবাক্য—

"কনক কামিনী, প্রতিষ্ঠা বাঘিনী,
ছাড়িয়াছে যারে সেই ত বৈষ্ণব।"

জড়াভিমানী ব্যক্তিগণ প্রতিষ্ঠাশার শবর্ত্তী হইয়া যে প্রকার লাঞ্ছনা ভোগ রিতেছেন, তাহা বর্ণনাতীত, অনেকে আত্মহত্যা পর্য্যন্ত করিতে কুণ্ঠিত নহেন। একটী দৃষ্টান্ত বর্ণন করিতেছি, যাহা পাঠ রিলে হৃৎকর্ম্প উদিত হইতে পারে। একদা কোন দেশে এক সম্ভ্রান্ত ব্যক্তিকে জনৈক পুলিশ কর্ম্মচারী পথিমধ্যে বেত্রাঘাত করেন এবং সেই অপরাধে তদ্দেশীয় প্রধান বিচারপতি কর্ত্তৃক পুলিশ কর্ম্মচারীর ৫০ টাকা জরিমানা হয়। বেত্রাঘাতপ্রাপ্ত ব্যক্তি বিচারে সন্তুষ্ট না হওয়ায় পায়ের জুতাদ্বারা আদালতের ভিতরেই বিচারপতিকে সজোরে প্রহার করেন ও সঙ্গে সঙ্গে পাঁচটী টাকা জরিমানাস্বরূপে এজলাসে রাখিয়া দেন। বিচারপতি দেখিলেন, পূর্ব্বের অনুপাতে প্রচুর জরিমানা দেওয়া হইয়াছে। তন্নিমিত্ত জুতার দ্বারা প্রহার কর্ত্তাকে ছাড়িয়া দিলেন। অতঃপর কি করিয়া ঐ নিদারুণ অপমান সহ্য করা যায় ভাবিতে ভাবিতে ৫টাং পকেট হইতে পিস্তল বহির্গত করিলেন ও তৎপ্রাপ্তাত্মে নিজ প্রাণ পরিত্যাগ করিয়া অপমানজনিত ৫টাংখের শান্তি করিলেন। সুতরাং দেখা যাইতেছে যে, নিম্নলিখিত জড়াভিমানব্যঞ্জক শ্লোক ৫টী বর্ণে বর্ণে সত্য।

"মানো হি মূলমর্থস্য মানে মানেন কিম্।
প্রাণৈর্মানধনৈঃ কিং ধনৈর্ন কিমতঃ পরম্॥
অস্মাকং ধনমিচ্ছন্তি ধনমস্মাকমীহিতম্।
উভয়ং মানমিচ্ছন্তি মানো হি মহতাং ধনম্॥

ধন ও মানের যাহারা প্রার্থী, তাহারা অন্যের প্রতি হিংসা করিতে যায়। সুতরাং তাহারা দুঃসহ। একমাত্র চিদভিমানী ভক্তগণই নির্ম্মৎসর। তাঁহারাই মান ও ধনকে তৃণজ্ঞানে অন্যকে তাহা অকুণ্ঠচিত্তে দিতে সমর্থ, সেই জন্য জগদ্গুরু শ্রীমদ্ গৌরসুন্দর বলিয়াছেন,—

"তৃণাদপি সুনীচেন তরোরপি সহিষ্ণুনা।
অমানিনা মানদেন কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ॥"

জড়াভিমান সত্ত্বেও কেহ মানবজীবনের চরম ভূমিকার ঈপ্সিত পর্য্যন্ত প্রাপ্ত হইতে সমর্থ নহে। জাত্যভিমান, বিদ্যাভিমান, রূপাভিমান এবং ঐশ্বর্য্যাভিমান ভক্তিপথের কণ্টক। শ্রীমদ্ গৌরসুন্দরের দ্বিতীয়স্বরূপ এবং বিলাসমূর্ত্তি শ্রীমন্ নিত্যানন্দ প্রভু, তিনি স্বয়ং নিখিল ভগবত্তত্ত্ব হইয়াও লোকশিক্ষার্থে যে প্রকার জড়াভিমানরাহিত্যসূচক লীলার অভিনয় করিয়াছিলেন, তাহার কথঞ্চিৎ আভাস প্রদত্ত হইতেছে, যথা—

"অভিমান শূন্যভাবে নগরে বেড়ায়।
অযাচে পরমানন্দ নিত্যানন্দ রায়॥
যারে দেখে তারে বলে দন্তে তৃণ ধরি।
আমারে কিনিয়া লহ ভজ গৌরহরি॥"

শ্রীমন্ নিত্যানন্দপ্রভুর পরাক্রান্ত অসাধারণ পণ্ডিত ও ভক্তচূড়ামণি শ্রীল প্রবোধানন্দ সরস্বতী ঠাকুরপাদ যে কি প্রকার জড়াভিমানশূন্য ছিলেন, তাঁহার নিজ রচিত নিম্নলিখিত শ্লোকটীই তদ্বিষয়ের সাক্ষ্য দিতেছে,-

"দম্ভে নিধায় তৃণকং পদয়োর্নিপত্য
কৃত্বা কাকুশতমেতদহং ব্রবীমি।
হে সাধবঃ, সকলমেব বিহায় দূরাৎ
চৈতন্যচন্দ্রচরণে কুরুতানুরাগম্॥"

হাস্তিক ব্যক্তিসকল সমাজের কলঙ্ক। অসৎচরিত্রতারূপ বিসূচিকারীয় তাহাদিগের কর্ত্তৃকই সরল মানবহৃদয়ে রোপিত হয়। যাহারা তাহাদিগের পদানুসরণে প্রবৃত্ত হইতেছেন বা হইবেন, তাহাদের তীব্র মহারৌরব নামক নরকে যাঁত ও যমকিঙ্করগণ কর্ত্তৃক নিরাকরুণভাবে দণ্ডিত হইবেন; অতএব "অসৎসঙ্গ ত্যাগ এই বৈষ্ণবাচার"রূপ মহাজনগণের আদেশ শিরে ধারণপূর্ব্বক তাহাদিগের সঙ্গ কালবিলম্ব না করিয়া পরিত্যাগ করিতে হইবে। ইহাই ভক্তিপথে প্রবেশের প্রথম ধাপ। পরে "সন্তঃ প্রসঙ্গান্মমবীর্য্য-সংবিদো ভবন্তি হৃৎকর্ণরসায়নাঃ কথাঃ" এই পরমকল্যাণ আবাহনকারী সিদ্ধান্ত বাক্যের বশবর্ত্তী হইয়া সজ্জনসঙ্গ ও তাঁহাদিগের মুখবিগলিত হরিগুণগাথা শ্রবণ করিতে করিতে ভোগমোক্ষস্পৃহা অচিরে হৃদয়কে নিবাস করিতে হইবে। অন্তে যখন হৃদয় অনর্থশূন্য হইবে, তৎকালে সেই সঙ্গে হৃদয়ে চমৎকারী শ্রীহরির স্ফুরণ ও চিদভিমানের বিমল নিত্যানন্দপ্রভ জ্যোতি অনুভূত হইবে। "সা কাষ্ঠা,সা পরা গতিঃ।" মানব জীবনের ইহাই সর্ব্বোচ্চভূমি। কবির দাস নামক জনৈক ভক্ত বলিতেন, "রাজা রাণা না বড়া। বড়া সো সুমীরে রাম।" অর্থাৎ রাজা বা ধনী কেহই বড় লোক নহে, যিনি শ্রীরামচন্দ্রের সেবায় দেহ মন ও প্রাণ সমর্পণ করিতে সমর্থ হইয়াছেন, কেবলমাত্র তিনিই বড় ও সর্ব্বলোকপূজ্য।

বায়ু একটী সূক্ষ্মজড়তত্ত্ব। সাধারণ মানবগণ তাহাকে কোন গুরু পদার্থ বলিয়া বুঝেন না। পরন্তু তাহারা ইহাকে অতি হাল্কা পদার্থ বলিয়াই জানেন। পাশ্চাত্য জড়বিজ্ঞান সেই ভ্রান্তি কাটাইবার জন্য বলিতেছেন যে, বায়ুর গুরুত্ব এত অধিক যে, যদি উহাকে আধারস্থজলসমূহ ও ঊর্দ্ধমুখ কোন কূপের তলদেশ বহির্দ্দেশে অবস্থিত, একটী লৌহনির্ম্মিত নলের অভ্যন্তরদেশ হইতে নিষ্কান্ত করা যায়, তৎকালে আমরা দেখিতে পাইব যে, কূপের নিম্নদেশস্থিত জলরাশি উহার বহির্দ্দেশে চলিয়া আসিতেছে। ইহা হইতে প্রতিপন্ন হইতেছে যে, বায়ুর চাপে জলরাশি ঘনীভূত হইয়া অবস্থান করিতে বাধ্য হয় এবং উহার ভার উঠাইয়া লওয়া হইলে জলরাশি আপন স্বাভাবিক অবস্থান হইতে সমর্থ হয়। বায়ুর যেরূপ গুরুত্বভার সাধারণ মানববুদ্ধির অগোচর, তদ্রূপ জড়াভিমানজনিত অসৎ চিন্তার গুরুত্ব মাদৃশ ব্যক্তি সকল বুঝিতে অক্ষম। জলের আধার কূপ খনন করিতে হইলে মৃত্তিকা ও বালুকার স্তর ভেদ করা সামান্য যত্নের দ্বারা সম্ভব; কিন্তু কঠিন প্রস্তরের স্তর ভেদ করিতে হইলে "ছেনি" ও "ডিনামাইট"রূপ উত্তম যন্ত্রের প্রয়োজন। বাক্ বিভব ৺গণিমিশ্র, ক্ষণিক সুখপ্রদানে সমর্থ। বিমল নিত্যানন্দবারি পান করিতে যাঁহারা চাহেন, তাঁহাদিগের নিজ নিজ চিত্তগুহাকে খনন করিতে হইবে। খনন কালে সাধুসঙ্গরূপ "ছেনি" ও ভগবৎসেবারূপ "ডিনামাইট" দ্বারা জড়াভিমানরূপ কঠিন প্রস্তরসমূহ অনর্থ ও গুরুভার বায়ু অসৎ চিন্তার পরিহার করিতে হইবে।

'আনন্দ-গীতি'

(শ্রীযুক্তা অপর্ণা দেবী)

আনন্দেরি সভাশালায়, মোদের নিমন্ত্রণ।
উদ্ভিদদেশের বিশ্ব বৈজ্ঞানিক তথ্য সংগ্রহ

[illegible] বিশ্বের বিভিন্ন [illegible] ইংরেজ [illegible] ইংরেজ [illegible] ইংরেজ [illegible] [illegible] [illegible]

টেলি— "শ্রীধাম"

Reg No C.1544

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
অর্দ্ধ কলম ৩৲
এক কলম ৫৲
সিকি কলম ২৲
চতুর্থ পৃষ্ঠা
প্রথম

গ্রাহকের চাঁদা
অগ্রিম দেয়
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৷৷৹
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৵৫

ভারতের সর্ব্বত্র প্রচার-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৬ষ্ঠ খণ্ড] সম্পাদক—শ্রীযুক্ত তীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [৭৭তম সংখ্যা

শ্রীচৈতন্যাব্দ শ্রীধাম মায়াপুর—২০শে জ্যৈষ্ঠ বুধবার ১৩৩৮, ৩রা জুন ১৯৩১

নানা কথা

রাণাঘাটে নৃশংস হত্যাকাণ্ড

ডাঃ প্রফুল্লকুমার বসু মহাশয়ের পুত্র খ্যাত সুধীরের পাচকটি যখন প্রাতঃ পথে ছোরার আঘাতে সাংঘাতিক আহত হন। অত্যন্ত বলশালী বলিয়া যাহার সুনাম ছিল, তিনি আহত হইয়া একটিবার এক ঔষধালয়ে চেঁচিয়া চলিয়া পড়েন, সুধা হইতে তাঁহাকে হাসপাতালে পাঠাইয়া দেওয়া হয়। সেখানে তাঁহাকে ...গুরুতর বলিয়া মনে করা হয়। প্রকাশ যে ডাক্তার শুচিকিৎসার ব্যবস্থা করা ... ফলে ৮ ঘণ্টার মধ্যে তাঁহার মৃত্যু হয়। পরদিন সমারোহে উহার মৃতদেহ সৎকার করা হইয়াছিল। এই সম্পর্কে ডাঃ মহেন্দ্রনাথ ঘোষ মহাশয়ের পৌত্র সুকুমার ঘোষ ধৃত হইয়াছে। সুকুমার ... বৎসর আই এসসি পরীক্ষা দিয়াছে এবং ছাত্র হিসাবে তাহার খুবই সুনাম আছে। এই নৃশংস হত্যাকাণ্ডের রহস্য এখনও জানা যায় নাই।"

লণ্ডনে মিঃ প্যাটেলের বক্তৃতা

ভারতীয় ব্যবস্থাপরিষদের ভূতপূর্ব্ব সভাপতি মিঃ ভি, জে, প্যাটেল লণ্ডনের এক সভায় ইংলিশ পার্লামেণ্টের ভারতীয় নীতির তীব্র নিন্দাবাদ করেন। তিনি বলেন যে, 'সিপাহী বিদ্রোহের পর ভারতে যেরূপ বিষম পীড়ন নীতি আর কখনও অবলম্বিত হয় নাই।'

তিনি জিজ্ঞাসা করেন যে, মিঃ ব্যাকডোনাল্ড কি জীবনে যে সমস্ত নীতি

লণ্ডনে প্যাটেলের বক্তৃতা

বাঙ্গালোর অনাথ আশ্রমের দুর্ঘটনার জের

গোলটেবিলে গান্ধীজী

সর্ত্ত পালন করিবার জন্য জহরলালের অনুরোধ

চিল্‌কা হ্রদে নৌকাডুবি

স্বর্ণ খনিতে ৫২ জন শ্রমিকের মৃত্যু

দিল্লীতে বোমা আবিষ্কার

পুলিশের বিরুদ্ধে অভিযোগ

গান্ধীআরউইন সর্ত্ত পালন

রাণাঘাটে নৃশংস হত্যাকাণ্ড

বি এস্-সি শিক্ষক চাই

শ্রীধাম-মায়াপুরস্থ ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউটের জন্য একজন বি-এস্-সি শিক্ষকের প্রয়োজন। উক্ত শিক্ষকের পদ-প্রার্থনেচ্ছুগণ স্ব-স্ব অভিজ্ঞতার বিবরণসহ মাসিক কম টাকা বেতনে কার্য্য করিতে পারিবেন তাহা উল্লেখপূর্ব্বক 'সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া'—ঠিকানায় পত্র লিখিবেন। নিম্নাচিত ব্যক্তিকে যাতায়াত খরচার আনার ও বাসস্থান পাইবেন।

প্রচার করিয়া আসিয়াছেন, তাহা সমস্ত কি বিফলে যাইবে? তিনি দৃঢ়তা সহিত বলেন যে, ভারতবর্ষ ও ইংলণ্ড সন্ধিসূত্রে আসিয়া ফেডারেশনে এক একটি একমাত্র প্রশ্ন রহিয়াছে, তাহার সন্তোষজনক কিম্বা অসন্তোষজনক কোন উত্তর দেন?

আগামী গোলটেবিলে গান্ধীজী

কংগ্রেস মহলে প্রকাশ যে, মহাত্মা গান্ধী লর্ড উইলিংডনের নিকট লিখিয়াছেন যে, সাম্প্রদায়িক সমস্যা সমাধান না হইলে তিনি গোলটেবিল বৈঠকে যোগদান করিবেন। সেখানে তিনি বৈঠকের কার্য্যে যোগদান করিবেন না কোন বর্ত্তমান অবস্থা সম্বন্ধে তিনি শীঘ্রই বিবৃতি করিবেন।

স্বর্ণখনিতে ৫২ জন শ্রমিকের মৃত্যু

নন্দাঙ্গুলি স্বর্ণ খনির অভ্যন্তরে আগুন লাগার ফলে ৫২ জন শ্রমিক মারা গিয়াছে এবং ৫৮ জন আহত হইয়াছে। আহতদিগকে হাসপাতালে পাঠান হইয়াছে। খনির মধ্যে আর লোক নাই, হতাহত সকলকেই খনি হইতে বাহির করা হইয়াছে।

খনির মধ্যে দিয়া জল প্রবেশ করিতেছে। খনির ভিতর হইতে বিষাক্ত বায়ু বাহির হইতেছে, তাহা প্রশমন করিবার ব্যবস্থা করা হইতেছে যাহাতে কেহ বিনষ্ট না হয় তজ্জন্য একদল চিকিৎসক মোতায়েন আছেন। এখনও আগুন জ্বলিতেছে।

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও আদর্শচরিত্র শিক্ষকগণ ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ভাড়ায় সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

বিস্তারিত সংবাদের জন্য নিম্নলিখিত ঠিকানায় পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

—৫১ বৎসরের প্রতিষ্ঠিত—

উষধালয়ে প্রস্তুত ঔষধ

দ্বারা শুক্রতারল্য, স্বপ্নদোষ, ধাতুদৌর্ব্বল্য, অম্বল, অজীর্ণ প্রভৃতি কত যে রোগ নিরাময় হইয়াছে তাহা প্রকাশ করিলে বড় বড় পুস্তক হইয়া পড়ে।

ইহা

সকল ঋতুতে ব্যবহার চলে ও সমান ফল প্রদান করিয়া থাকে। প্রতি কৌটায় ৩২টী বটীকা থাকে।

কেবলমাত্র

প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা। ইহার নাম : **আতঙ্কনিগ্রহ বটীকা**।

অন্যান্য ঔষধের তালিকার জন্য পত্র লিখিলেই পাইবেন।

প্রতিষ্ঠান :—আতঙ্কনিগ্রহ ঔষধালয়

২১৭ নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

যক্ষায় হতাশ হইবেন না

দৈবপ্রাপ্ত যক্ষার একমাত্র মহৌষধ

পনর দিনে সম্পূর্ণ আরোগ্য

রোগী দেখাইতে হইবে। অগ্রিম সংবাদ পত্র (রাত্রা এবং আসার) পাঠাইয়া না দিয়া রোগী দেখা হয় অথবা এখানে আসিলে রোগী দেখিয়া ঔষধ দেওয়া হয় আরোগ্য না হওয়া পর্য্যন্ত পারিশ্রমিক দিতে হইবে না। গরীব রোগীদের খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়। বিস্তারিত বিবরণের জন্য এক আনার ডাক টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীকালীপদ উকীল, যক্ষা-চিকিৎসক, পোঃ বৈকাঠী, বরিশাল।

অথবা নিম্ন ঠিকানায় সাক্ষাৎ করিয়া বিস্তারিত জানিতে পারেন।

শ্রীযুক্ত রামগোপাল দত্ত এম, এ, ডুমনগর, নদীয়াকে শ্রীযুক্ত অশ্বিনী কুমার দত্ত, ১২৭, বেণিয়াটোলা ষ্ট্রীট, হাটখোলা, কলিকাতা।

একখানি পত্র : আমার ভ্রাতুষ্পুত্র গত ৬২ মাস যাবৎ রাজ যক্ষায় শয্যাগত ছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাহার জীবনের আশা ত্যাগ করিয়া শেষ মুহূর্ত্তের জন্য অপেক্ষা করিতেছিলেন এই সময় শ্রীযুক্ত কিশোরীলাল উকিল মহাশয় মাত্র ১০ দিন চিকিৎসা করিয়া সম্পূর্ণ আরোগ্য করিয়াছেন। (সাঃ) শ্রীযতীন্দ্র কিশোর রায় চৌধুরী (জমিদার পাবনা) ৪৭ ষ্ট্রীট, নিউ বিল্ডিং। করপোরেশন লাইব্রেরি ডিপার্টমেণ্ট, কলিকাতা।

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

অ্যাসেজার—গ্রন্থনির্ভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।


কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের



সর্ব্ববিধ [illegible]

মফঃস্বলের সুবিধার জন্য ও আঃ শিশিতে ঘনীভূত অবস্থায় ছোটবোতলের সমপরিমাণ জল দিলে পাঁচ সের হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ৷৷০ আনা, পাঁচটী ৷৷০ আনা, ছোটটী ১৷৷০ আনা।

অফিস—১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা



[illegible]দন মঞ্জরী

[illegible]কার যন্ত্র ও বাদ্যবিকার, ইন্দ্রিয়দৌর্ব্বল্য হেতু [illegible]ক্তক্ষয়, বহুমূত্র, মাথাঘোর, মুখ দিয়া [illegible]ঠি, অম্বিয়া প্রভৃতি রোগ সমূহ নিশ্চয় নষ্ট হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে [illegible]ধিতীয় ঔষধ। মূল্য ৷৷০ বটী ১৲ এক টাকা।

"[illegible]পুত্র সাক্ষাৎকারি ঘৃত"

[illegible]রোগে ব্যবহারে ইহা আরোগ্য করিয়া থাকে। মূল্য ৷ তোলা ১৲ টাকা।

"[illegible]অশ্বিনীকুমার বটিকা"

[illegible]ব্যবহারে সর্ব্বপ্রকার স্ত্রীরোগ ও বৃদ্ধি কারণে [illegible]। মূল্য ৷৷০ বটী ১৲ এক টাকা।

[illegible]ইবের আবশ্যকীয় ঔষধ, কেশরঞ্জন

[illegible]

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস, এম, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈদ্যুতিক সাহায্যে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

৯৮ নং কটন ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

মরা মানুষ বাঁচাইবার উপায়



যাঁহারা অদ্যাপি প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কার করেন নাই সত্য, তথাপি যাঁহারা নানাবিধ অনিয়মিত উপায়ে অপরিমিত শক্তি নষ্ট করিয়া ক্রমে মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার মেহ, প্রমেহ ধাতুদৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, বহুমূত্র, অম্লপিত্ত, পাকস্থলীর পীড়া, অর্শ এবং স্ত্রীলোকদিগের অন্যান্য যাবতীয় বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত ইলেক্‌ট্রিক সলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত সহস্র প্রমাণ প্রতি বৎসরেই পাওয়া যাইতেছে যাঁহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এক ফরমটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ১৷০ টাকা মাত্র।

সোল এজেণ্ট—

ডাঃ ডি, ডি, হাজরা।

কলেজ, মেডেনিক পোষ্ট, কলিকাতা

টিকানা স্পষ্ট করিয়া লিখিবেন

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

—:o:—

দৈনিক নদীয়া-প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠবার্ত্তাবহ

বেদাদি সমস্ত সাত্বত-শাস্ত্রের অকৃত্রিম ব্যাখ্যাতা

সমগ্র ভারতে একমাত্র সুলভ

দৈনিক পারমার্থিক পত্র

শ্রীধাম-মা-পুর—২০শে জ্যৈষ্ঠ মুলবার—১৩৩৮

বৈকুণ্ঠ

যেস্থান হইতে কুণ্ঠার্থক বা মায়া বিগত হইয়াছে, তাহাকে 'বৈকুণ্ঠ' বলে। শ্রীভগবানেরও একটী নাম 'বৈকুণ্ঠ', কারণ, তাঁহাতে কুণ্ঠাধর্ম্মের লেশমাত্রও নাই। তিনি অপ্রাকৃত চিন্নর, পরম সত্যবস্তু। তিনিই অধয়জ্ঞান। শ্রুতি বলেন,—তিনি স্বাভাবিক অচিন্ত্যশক্তিসম্পন্ন। অচিন্ত্য-তত্ত্বকে তর্কের দ্বারা সীমাবদ্ধ জ্ঞানদ্বারা বুঝিয়া লওয়া যায় না। মানব-অভিজ্ঞানে বা চিন্তায় যাহা অসম্ভব, তাহাও চিন্তাশক্তিতে সম্ভব।

* * *

সর্ব্বশক্তিমান্ অধয়জ্ঞানতত্ত্ব সেই ভগবান্ অচিন্ত্যশক্তিক্রমে সচ্চিদানন্দ স্বরূপ, ভক্ত-বৈভব, জীব ও ধাম—এই চতুর্দ্বা বিস্তার করেন। পূর্ণা, তাঁহার ছেচ্ছো-দ্ভব, তাঁহার বহিঃপ্রকটিত রশ্মিক্রম ও তাহার প্রতিচ্ছবি অর্থাৎ দৃশ্যগত প্রতি-ফলন এই অবস্থায় কথঞ্চিৎ উদাহরণ-স্থল। সচ্চিদানন্দবিগ্রহই—তাঁহার স্বরূপ; স্বয়ংধাম, বস্ত্র, সখী ও সমস্ত ব্যবহার্য্য উপকরণই তদ্ভক্তবৈভব; নিত্যমুক্ত, নিত্যানন্দ জীবগণই তাঁর। মায়া ও তদ্ভব সমস্ত জড়ীয় স্থূল ও সূক্ষ্ম জগৎই 'প্রধান'-সংজ্ঞক।

ভগবান্ তাঁহার অচিন্ত্যশক্তিপ্রভাবে এই চতুর্বিধভাবে অবস্থান করিয়াও অনন্ত। ভগবানের সেই অবিচিন্ত্য শক্তির নাম যদি পরা শক্তি, তবে ইহারও সেই স্বাভাবিকী শক্তি জ্ঞান, বল ও ক্রিয়াভেদে তিনবিধা। সেই পরাশক্তি বিচিত্রবিলাসময়ী ও বিচিত্র আনন্দসম্বন্ধিনী।

সেই শক্তির অনন্ত প্রভাব থাকিলেও তাহার নিকট তিনটী প্রভাবের পরিচয় পাওয়া যায়। সেই প্রভাবত্রয়ের নাম সন্ধিনী, সংবিৎ ও হ্লাদিনী। সন্ধিনী বৃত্তি, জ্ঞানবৃত্তি ও হ্লাদিনীরূপা তিনটী বৃত্তি লক্ষিত হয়। পরাশক্তির যে সন্ধিনী বৃত্তি, তাহার কার্য্যরূপে ধাম, চিদ্বস্তু, চিদ্রূপকরণ ইত্যাদি বিভিন্নপ্রকার চিদ্বৈভবের উদয় হইয়াছে। স্বরূপ, রূপনাম, রূপগুণ ও রূপধাম সমস্তই সন্ধিনীর কার্য্য। যথা—

চিচ্ছক্তি স্বরূপশক্তি অন্তরঙ্গ নাম।
তাহার বৈভব অনন্ত বৈকুণ্ঠাদি ধাম॥

মায়াশক্তিতে যে সন্ধিনী বৃত্তি আছে, তাহার কার্য্য—চতুর্দ্দশ লোকময় সমস্ত জড়বিশ্ব, ব্রহ্মাণ্ডের জড় ও লিঙ্গ শরীর, ব্রহ্মাণ্ডের স্বর্গাদি লোকস্থিতি ও সমস্ত জড়ৈশ্বর্য্যাদি নির্ম্মিত হইয়াছে।

মায়াশক্তি বহিরঙ্গা জগৎ কারণ।
তাহার বৈভব অনন্ত ব্রহ্মাণ্ডের গণ॥

সুতরাং নিম্নস্তর বা রজস্তমোগুণ বা মায়ার প্রভাব এই ব্রহ্মাণ্ড বা চতুর্দ্দশভুবন মধ্যেই ক্রিয়মান, কিন্তু "প্রকৃতির পার পরব্যোম নামে ধাম"—চতুর্ব্বিংশতি তত্ত্ব প্রকটিত উপর 'পরব্যোম' নামক যে স্বরূপ-শক্তিপ্রকটিত চিদ্ধাম আছে, সেখানে মায়ার প্রভাব কিঞ্চিন্মাত্রও থাকিতে পারে না।

ব্রহ্মাণ্ড বা দেবীধাম অতিক্রম করিয়া বিরজা নদী। এই বিরজাতে ভগবদ্ভক্তের সুসম্পর্ক লাভ হয়। ইহা প্রাকৃতমল-বিশোষণকারিণী স্রোতস্বিনী। তাহা অতিক্রম করিয়া ব্রহ্মলোক অতিক্রম পূর্ব্বক বৈকুণ্ঠধাম। সুতরাং সেই স্থান হইতে শ্রেষ্ঠ বা তাহার সমান অন্য কোনও স্থান হইতে পারে না। সেই বৈকুণ্ঠলোকে মায়ার প্রভাব-প্রকটিত অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ ও অভিনিবেশ এই পঞ্চক্লেশ এবং মোহ ও ভয়াদি থাকিতে পারে না। উহা শুদ্ধসত্ত্বময় আত্মবিদ্-গণের বাঞ্ছিত ধাম। সেই স্থানে যখন মায়ার কোনই প্রভাব নাই, তখন কি প্রকারে জন্ম, বিপত্তি, বিকার, বৃদ্ধি, অস্তিত্ব ও বিপরিণাম এই ষড়্বিকার-হেতু কালের বিক্রম লক্ষিত হইবে? সেখানে কিরূপেই বা প্রাকৃতগুণাদির অবস্থান সম্ভবে? সেই স্থান—অশোক, অভয়, অমৃত, নিত্য নবনবায়মান চিদ্ বিলাস-বৈচিত্র্যে উদ্ভাসিত; সেই স্থানে স্বরাট্ পুরুষ 'অপ্রাকৃতস্বরূপ অধয়জ্ঞান শ্রীভগবান্ তদীয় ভক্তবৈভবরূপ নিত্যপরিকর পার্ষদ ও গুরুবর্গসহ নিত্য রমমাণ।

ট্রেণে একরাত্রি

(জনৈক প্রত্যক্ষদর্শী-প্রেরিত

শরতের রক্তশুভ্রকৌমুদী-প্লাবনে প্রকৃতিসুন্দরী হাস্যময়ী; জ্যোৎস্নার তরল আস্তরণে মণ্ডিত হইয়া চরাচর যেন প্রফুল্ল হইয়া উঠিয়াছে। সমস্ত জগৎ যেন আজ আনন্দে আত্মহারা।

নৈশ নিস্তব্ধতা ভঙ্গ করিয়া অতি দ্রুত-বেগে ঢাকাগামী এক্সপ্রেস ট্রেণখানি আপন গন্তব্য স্থানাভিমুখে চলিয়াছে। ট্রেণে বহু যাত্রীর সমাগম হইয়াছে। লোকাধিক্য বশতঃ প্রকোষ্ঠগুলিতে যাত্রীগণের যাতায়াতের জন্য শয়নস্থানের বিশেষ অভাব, কোন প্রকারে একটু উপবেশনের স্থান সংগ্রহের জন্য সকলেই ব্যস্ত এবং কেহ কেহ এই নিমিত্ত আবার উপবিষ্ট ব্যক্তিদের সঙ্গে তুমুল কলহেও প্রবৃত্ত হইতেছেন; ট্রেণের অধিকাংশ যাত্রীই এই অসময়ের জন্য উপবেশন-স্থান নির্ণয়ে বেশ একটু কোলাহল করিতেছেন।

আমি একটীর যে প্রকোষ্ঠে বসিয়া-ছিলাম, ঠিক তাহারই পরবর্ত্তী প্রকোষ্ঠে একব্যক্তি উচ্চ কণ্ঠে অনেক কথা কহিতে-ছিল, তাহার গোলমালে তাহার কথাগুলি ঠিকমত কাণে প্রবেশ করে নাই। তাহার তীব্রতরগুণ অপরের শ্রবণেন্দ্রিয়ের যে ও' একটী কাণে প্রবেশ করিতেছিল, তাহাতেই বুঝিতে পারিলাম যে, লোকটী আধুনিক ভাষায় কোন "মিশনবিশেষের" সেবক-পরিচ্ছদধারী এবং অধুনা গাঢ়ে পড়িয়া কোন সজ্জনের সহিত বিবাদ করিতে গুহা-বিশিষ্ট।

অনেক কথাই বুঝি নাই, তবে বিশেষ মনোযোগের সহিত শ্রবণের চেষ্টা করাতে এটুকু বুঝিতে পারিলাম যে, কলহকারী ঐ লোকটী সমগ্র জগতের পরম হিতকারী শ্রীগৌড়ীয় মঠের প্রবল বিরুদ্ধবাদী; তাহার বাক্যের প্রতিছত্র শ্রীমঠকে আক্রমণ করিতেছিল।

শাস্তিক লোকটী শ্রীমঠসেবক কোন ব্রহ্মচারীকে নানা কটূক্তি করিয়া অবশে-ষলিতে লাগিল,—"বড়ই আক্ষেপের বি আপনারা গৈরিক বসন পরিধান করি ব্রহ্মচারী বলিয়া পরিচয় দিতেছেন, কি এই শ্রেষ্ঠ বেশের কি মূল্য, তাহা জানে না। ইহার সম্মান রক্ষা করিতে হই কতদূর নৈতিক জীবন যাপন করিতে হ জগতের কত উপকার করিতে হয়, তাহা সম্বন্ধে জ্ঞান নাই বলিয়াই এই অকল বস্ত্র পরিধানে সাহসী হইয়াছেন। বিবেকান স্বামী করিয়াছেন,—ইহা 'লায়ন ড্রেস'। সি তুল্য বিক্রমশালী অর্থাৎ পশুরাজ সিংহে তুল্য তেজীয়ান না হইলে কেহ এই বে গ্রহণের যোগ্যতা অর্জ্জন করিতে পারেন না

আরও আশ্চর্য্য এই যে, গৌড়ীয় প্রতি ষ্ঠান আজ কোথায় জনসেবায় আত্মনিয়ো করিবেন, না তাহার পরিবর্ত্তে শুধু চরিত্র ও চরিকথা-প্রচারকেই সার করিয়াছেন যাহারা আপনার মত পারমার্থিক সুখ গ্রহিতা দেহসুখ চাহে, জাগতিক দুঃখে হইতে ত্রাণ পাইয়া একটুকু শান্তিতে জী কাটাইতে চাহে, আপনারা তাহাদিগ তাহাদের প্রার্থিত শান্তি দিবেন না কেন লোকের সেবাতে কি ভগবানের তুষ্টিবিধ হয় না? তাঁহারই তো সন্তানগণ দুঃ পীড়িত হইয়া আসিতেছে, তাহাদের বেদন অশ্রু মুছাইয়া দিলে তাঁহারই সেবা ক হয়। ধরুন, রোগী চায় পীড়ার এ ঔষধ, স্নেহনিপুণ হাতের একটু যত্ন, নি ক্ষুধার্ত্ত চায় একটু খাদ্য ও পানীয়, দরি চাহে লজ্জানিবারণের একখানা কাপ আপনারা কেন তাহাদের দুঃখ দূর করি না? আপনি বলিতেছেন,—শ্রীগৌড়ীয় সেবকগণ আচার্য্যাদ্যুপদেষ্টা কাণ্ডারীর আচারবান প্রচারক। আপনি শ্রীমন্মহাপ্র আচরণ দেখি—লোকের দুঃখ দূর করি শ্রীভাগবত নিষেধ করিয়াছেন কিনা বে বাইব্, যদি তাহা না হয়, তবে তাহা ছিঁড়িয়া ফেলিয়া দিব। পরদুঃখে যাহা প্রাণ কাঁদে না, তাহারা আবার ভাগব শ্রবণের বড়াই করিতে যায়, ছবিছ না হৃদয়? তাঁহাদেরই এ যুগের ঘৃণ্যবর্ত্ত

আমি পরিপূর্ণ ঔদার্য্য সাধুভক্তে অ হীন হইলেও কি জানি কেন লোক বৈষ্ণব জীবন অপরাধময়ী কথাগুলি আ শরীরে যেন অসংখ্য বৃশ্চিকের বিষ ক্রিয়া ছিল। ব্রহ্মচারী মহোদয় বিশেষ নীরব সহিত শাস্ত্রযুক্তিপূর্ণ অনেক কথাদ্বারা বিরুদ্ধভাবাপন্ন লোকটীকে প্রকৃত শ বুঝাইবার চেষ্টা করিতেছিলেন, কি কলিকালের ধর্ম্মই এই 'সাঁচ্চা কহে মানে লাঠি'। ফুটা জগৎ দেখাই।" ব সন্তাবাণী ঐ বিশ্বাসকারক ব্যক্তির শ্রীমুখ

হইবে কেন? সে ক্রমেই তাহার স্বর সপ্তমে চড়াইয়া নানা অশ্রাব্য বাক্যে শ্রীমঠের প্রচার-প্রণালীকে আক্রমণ করিতে লাগিল। এক্ষেত্রে আর বেশী বাক্যব্যয়ে ফলোদয়ের সম্ভাবনা নাই দেখিয়া ব্রহ্মচারীজী বিরত হওয়াই যুক্তিযুক্ত মনে করিয়া ক্ষান্ত হইলেন। হায়, মিথ্যার এমনই মোহিনী প্রভাব, কংকোরের এতগুলি ব্যক্তির মধ্যে কেহই কুতর্কবাদী ঐ লোকটীকে নিরস্ত হইতে পর্য্যন্ত বলিল না।

আমি শাস্ত্রজ্ঞানহীন বলিয়া এবং আরও অনেকগুলি কারণ-বশতঃ তখন ঐ লোকটীর অসদ্ব্যবহারের কোনও উত্তর প্রদান করিতে পারি নাই। অদ্য অবসরে তাহার দুঃখের সহিত এই কথা কয়েকটী বলিবার জন্য পাবনবিগ্রহ শ্রীপ্রকাশের শরণাগত হইলাম।

সম্পাদকীয় অনুবাদ

প্রেয়ঃপথাবলম্বী অকৃতজ্ঞানরূপ আসুরিক প্রবৃত্তিবিশিষ্ট ব্যক্তিগণ দৈবিকবস্তু পরিধানের অধিকারী কে, তাহা জানে না বলিয়া গায়ের জোরে মতামত প্রকাশপূর্ব্বক শ্রুতসেবকগণকে উপহাস বা অপমান করিতে কুণ্ঠিত হয় না, তাহারা 'সমশীলা ভক্তি বৈ' জাগতিসারে তাহাদের ভোগা-ল ইন্ধন প্রদাতৃগণকে বর্ত্তমান-পুরঃসর স্তুবাদীকেও অগ্রাহ্য করিতে পশ্চাৎপদ হ, কিন্তু ভগবদ্ভক্ত কখনই মায়াধীন স্মরকর্ত্তৃক চালিত হইতে ইচ্ছা করেন । তাঁহারা শাস্ত্রানুযায়ী বিধিনিষেধ ার্থ পালন করেন। তদ্বিষয়ে লৌকিক পেক্ষা বা মতামতের উপর নির্ভরতা ই। তাঁহারা শাস্ত্রকথিত যুগধর্ম্ম শ্রীনাম-ীর্ত্তনের একনিষ্ঠ প্রচারক। কলিযুগ-াবনাবতারী শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন,—র্ত্তনাম হরের্নাম হরের্নামৈব কেবলম্। লৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা ॥ হরিনাম ব্যতীত আর কোন ধর্ম্মকে যুগ-র্ম বলিয়া তিনিই চালাইতে চেষ্টা করিবেন, হার কোনওরূপ নিস্তার নাই।

ব্রহ্মচারীর কাষায় বস্ত্র পরিধানের বস্থা সম্বন্ধে শাস্ত্রপ্রমাণ যথা—

তো গুরুঃ প্রসন্নাত্মা শিষ্যে শান্তেন্দ্রিয়ে সতি
ধায়ববাসসী দদ্যাদ্বৈষ্ণবায়ৈবসে ।
ক্ষীক মেখলাং দণ্ডং কাষায়বস্ত্রধারিণে।
তঃ কাষায়বসনং কৃষ্ণাজিনসমন্বিতম্ ।
হস্ত্রমেখলাঞ্চ দণ্ডং ভিক্ষাকরণক্ষম্ ।
র্ব্বাদিভিস্তিতাং ভিক্ষাং সমর্পা গুরবে
শিষে ।
কমালাদরত্নজীং ভিন্নেদাচার্য্যসন্নিধৌ ।
তো গুরুস্তস্মৈ দিত্বা কাষায়ে বাসসী
সময়ৈঃ মেখলাং দণ্ডং । • • •

ততো মাংপুটিতপোহি [illegible]
কৃষ্ণে দৃঢ়-কাষায়-বস্ত্র-মেখলাজিনদণ্ডযুক্ত-
মেখলাং দণ্ডং শিক্ষামিক্ষিতা তোয়েন তদ্বলি
পূরয়েৎ । মানবকো
কাষায়বস্ত্রং সকৃষ্ণাজিনযজ্ঞসূত্রং মেখলাং দণ্ডং
ভিক্ষাকরণমন্ত্রিতভিক্ষাঞ্চ গুরবে নিবেদ্য
আচার্য্যসন্নিধৌ তূষ্ণী- তিষ্ঠেৎ । (নির্ণয়সিন্ধু)

গৃহগ্রহণবৎ বিষয়স্পর্শ

(শ্রীপাদ অষ্টাঙ্গিক ভক্তিশাস্ত্রাকর)

বেদান্তদর্শনের অকৃত্রিম ভাষ্যরূপ শ্রীমদ্ভাগবতের ১।৩।৩৬ শ্লোকে, —

স বা ইদং বিশ্বমমোঘলীলঃ
সৃজত্যবত্যত্তি ন সজ্জতেঽস্মিন্ ।
ভূতেষু যদ্বদ্বিতথাভিপশ্যন্
দ্বাদ্বিক্ষিতস্তদ্বিষয়াদ্বিমুক্তঃ ॥

অর্থাৎ অলৌকিক লীলাময় সেই ভগবান বিষ্ণু এই বিশ্ব সৃষ্টি করেন, পালন করেন এবং ধ্বংস করেন। তিনি প্রাণি-সকলের মধ্যে স্বতন্ত্র অন্তর্যামিরূপে বিরাজিত থাকিয়া বদ্ধ ইন্দ্রিয়ের বিষয়সকল দূর হইতে পরিগ্রহণবৎ স্পর্শ করেন, অথচ সেই সকল কার্য্যে তাঁহাকে আসক্ত হইতে হয় না।

ভগবান্ মায়ার অধীশ্বর। সুতরাং মায়িক ষড়িন্দ্রিয়ের তিনিই একমাত্র নিয়ন্তা। ভগবান্ স্বীয় প্রাকৃত নশ্বর সৃষ্টির মধ্যে শ্রীরাম-নৃসিংহাদি অথবা অন্তর্যামি-পরমাত্মা-রূপে অবতীর্ণ হইলেও মায়াধীশত্বহেতু তিনি মায়িক ষড়্‌গুণের বাধ্য হন না। যে-সকল অজ্ঞজীব মায়ার দ্বারা মুগ্ধ হইয়া সংসারে ত্রিতাপজ্বালায় ক্লিষ্ট হইতেছে, সর্ব্বজীবসুহৃৎ ভগবান্ তাহাদিগের মঙ্গল বিধানের জন্য তাহাদেরই হৃদয়াভ্যন্তরে অন্তর্যামি-পরমাত্মা-রূপে এবং বহির্দ্দেশে শ্রীরামনৃসিংহাদি অথবা আচার্য্য বা গুরু আকারে অবস্থান করত তাহাদিগের অজ্ঞানান্ধকার দূর করিবার জন্য তাহাদিগের বদ্ধ ইন্দ্রিয়কে নানা প্রকারে প্রচালিত করিয়া থাকেন। নিজানন্দতৃপ্ত ভগবান জীবকল্যাণের জন্য মায়িকবস্তুর সঙ্গ করিয়াও যেরূপ অনাসক্তভাবে অবস্থান করেন, জীবগণও যদি ভগবৎসেবার জন্য নিলিপ্তভাবে মায়িকবস্তুর সঙ্গ করেন, তাহা হইলে তাঁহারাও সেই প্রকার অনাসক্ত-ভাবে অবস্থান করিতে সমর্থ হইবেন। ভগবৎপ্রীতির পরিবর্ত্তে নিজ সুখের জন্য যাঁহারা মায়িক বিষয়ের সঙ্গ করেন, তাঁহারা অনাসক্তভাবে অবস্থান করিতে অসমর্থ। তাঁহারাই মায়ার দ্বারা অভিভূত হইয়া উত্তরোত্তর মায়িক বিষয়ে আসক্ত হইতে থাকেন। ভগবান যেরূপ পরার্থপর অর্থাৎ জীবের কল্যাণকামী, জীবগণও যদি পরার্থ-

[illegible] আছে [illegible]
[illegible] আর [illegible]
[illegible] হইয়া নশ্বর মায়িক বিষয়ে [illegible]
[illegible] তাহাতে [illegible]
হইতে হয় না।

অদূরে একটী পুষ্প প্রস্ফুটিত হইয়া সৌরভ বিতরণ করিতেছে। যদি কেহ দূর হইতে ঐ পুষ্পের গন্ধ অকস্মাৎ গ্রহণ করত চুপ থাকেন, তাহা হইলে তাহাকে আর পুষ্পটীকে গ্রহণ করিবার জন্য লালায়িত হইতে ও গ্রহণকালে ঘ্রাণেন্দ্রিয়ের দ্বারা স্পর্শ লাঞ্ছিত হইতে হয় না। ভগবান্ প্রাকৃত সৃষ্টির মধ্যে থাকিয়া প্রাকৃত ইন্দ্রিয়গণের জীবকল্যাণের জন্য যথাযথভাবে পরিচালন করেন এবং জীবগণ ক্রমশঃ কল্যাণের দিকে অগ্রসর হইতেছে দেখিয়া তিনি আনন্দে আত্মহারা থাকেন। ইহাই ভগবানের পক্ষে দূর হইতে গন্ধগ্রহণবৎ লীলার অভিব্যক্তি। জীবগণ যদি ভগবানের ন্যায় দূর হইতে গন্ধগ্রহণবৎ বিষয়স্পর্শরূপ কার্য্যের অনুসরণ করেন অর্থাৎ ভগবৎপ্রীতির জন্য যাবতীয় ব্যবহার নিষ্পন্ন করিতে পারেন, তাহা হইলে তাঁহারাও কখনই আর মায়িক বিষয়ে আসক্ত হইতে হয় না। যদি তাঁহারা দূর হইতে গন্ধগ্রহণবৎ বিষয়স্পর্শের আস্বাদন না করেন, এবং স্বার্থপর প্রাকৃত বিষয়ের নিকটস্থ হন অর্থাৎ তাহাকে ভোগ করিতে বদ্ধ করেন, তাহা হইলে ভগবন্মায়া তাহাদিগকে ক্রমশঃ পাকের নরকে আসক্ত করিয়া তুলিবেন এবং ফলে নিতান্তের মায়া তাহাদিগকে পুনঃ পুনঃ জন্মমরণের নিক্ষেপ করিতে থাকিবেন।

শ্রীভগবানের সুখসাধনোদ্দেশে জীবন উৎসর্গ করিয়া সদ্গুরুর আজ্ঞানুবর্ত্তী হইলে পর যখন যেরূপ ঘটনাই ঘটিক না কেন, উহা ভগবানের কৃপামূলে সাত্ত্বিক জ্ঞানে পরমানন্দে মত্ত থাকিতে যিনি অভ্যস্ত হইয়া ছেন, তিনি শ্রীমদ্ভাগবতের "তদ্বেদগুপ্তাস্ত" শ্লোকের অর্থ সুস্পষ্টরূপে বুঝিয়াছেন। তিনিই মুক্তিপদবীতে অচিরে আরোহণ করিবেন এবং তাঁহারই দূর হইতে গন্ধ-গ্রহণবৎ বিষয় স্পর্শ হইতেছে বলিয়া বুঝিতে হইবে।

শ্রীমন্নিত্যানন্দ প্রভু

(অধ্যাপক শ্রীপাদ নারায়ণ দাস অধিকারী ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী এম, এ)

(১)

নিত্যানন্দ প্রভু সদা পরম প্রচণ্ড ।
তাঁর দণ্ড লভি' তরে হতেক পাষণ্ড ॥
নিত্যানন্দের আচরণ দুর্ব্বিজ্ঞের অতি ।
বিশেষ তাঁহার কৃপা পাষণ্ডীর প্রতি ॥

পাষণ্ডীর একমাত্র ত্রাতা নিত্যানন্দ ।
[illegible] হইতে সেই মন্দ ॥
পাষণ্ড [illegible] লাগি' নিত্যানন্দ ধায় ।
মায়িক ভবপাশ খুলি' ফিরে সর্ব্বদায় ॥
কৃষ্ণরূপে ভুলে প্রভু কেহ নাহি জানে ।
পাষণ্ডীর একমাত্র বন্ধু নিত্যানন্দ ॥
পাষণ্ডীর দুঃখে নিত্যানন্দ সদা দুঃখী ।
পতিতের বন্ধু নিতাই, আর নাহি দেখি ॥
নিত্যানন্দ দুঃখ ইহা বর্ণিবে অসম্ভব ।
তথাপি পাষণ্ডি দুঃখ তাঁর অনুভব ॥
অচিন্ত্য নিতাইতত্ত্ব কেহ নাহি বুঝে ।
সকল অন্তরে যাঁর চৈতন্যের কাযে ॥
পাষণ্ডিদলন নিতাই জানে ভাল মতে ।
নিত্যানন্দ দণ্ড করে পাষণ্ডী তাড়িতে ।
পাষণ্ডী না সেবে কৃষ্ণে নিতাই তাদের [illegible]
[illegible] তবে [illegible] পাষণ্ডে ॥
তেন নিতাই নিজে যেই অসুর দুর্জ্জন ।
কাহারো মঙ্গল নাহি বাঞ্ছে কদাচন ॥
আ নারে কিসে সেই, কিসে সর্ব্বপ্রাণী
আপনার দোষে দুঃখ পাবেতো আপনি ॥
নিত্যানন্দাশ্রিত শ্রীবিশ্বাস সরস্বতী ।
শ্রীগুরু সেবিয়া পাই হতেক দুর্গতি ॥
তাঁর কৃপাদৃষ্ট করে হয়ে মোর প্রীতি ।
পাষণ্ডতা ঘুচি' কৃষ্ণপদে হবে মতি ॥

প্রচার-প্রসঙ্গ

(নিজস্ব সংবাদদাতার পত্র)

শ্রীশ্রীবিশ্বৈষ্ণব-রাজসভার অন্যতম প্রচারক বিদগ্ধস্বামী শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ কতিপয় ব্রহ্মচারি-সমভিব্যাহারে দিল্লী হইতে বিজনৌর, হরিদ্বার এবং দেরাদুন পুর হইয়া বর্ত্তমান আলমোরায় পৌঁছিয়াছেন। স্বামিজীমহারাজ গত ১৯শে [illegible] তারিখে স্থানীয় "ইণ্ডিয়ান ক্লাবে"র হেড্‌মাষ্টারী পণ্ডিত মুরলীধর পাইট মহাশয়ের উদ্যোগে উক্ত ক্লাবে 'শ্রীচৈতন্যদেবের শিক্ষা' সম্বন্ধে ইংরেজি ভাষায় একটী জনবক্তৃতা বক্তৃতা প্রদান করিয়াছেন। আলমোরার ডেপুটী সরকারী উকিল রায় বাহাদুর বদরীদত্ত যোশী উক্ত সভার সভাপতির পদ অলঙ্কৃত করিয়াছিলেন।

সভায় সহরের ডেপুটী, ডাক্তার, প্রফেসর প্রভৃতি বহু শিক্ষিত এবং সম্ভ্রান্ত ব্যক্তি উপস্থিত ছিলেন এবং তাঁহারা সকলে শেষ পর্য্যন্ত অতি আগ্রহের সহিত স্বামীজীর গভীর গবেষণাময়ী বক্তৃতা শ্রবণ করিয়াছিলেন। সভার প্রারম্ভে এবং শেষে ব্রহ্মচারী ধীরকৃষ্ণজী স্বভাবসুলভ সুমধুর কণ্ঠে মহাজন পদাবলী কীর্ত্তন করিয়াছিলেন।

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীমন্মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস প্রণীত মূল, শ্রীমদ্-[illegible]-চার্য্য-কৃত তাৎপর্য্য-নির্ণয়টীকা; শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-কৃত সারার্থদর্শিণী টীকা, বঙ্গানুবাদ, সংস্কৃত অন্বয় ও [illegible]তিপথ, তথ্য ও বিবৃত্যাদিযুক্ত। প্রতি স্কন্ধের আরম্ভে [illegible]ই স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ [illegible]ধ্যায়ের সারসহ সুবিস্তৃত তাৎপর্য্যাদি বিবৃত। শ্লোকসূচী [illegible]বয়সূচী, অধ্যায়বিবরণ, পাত্র ও স্থাননির্দ্দেশ উত্তম [illegible]পত্রে উত্তম অক্ষরে মুদ্রিত। প্রথম হইতে ১০ম স্কন্ধ [illegible]ন্ত ছাপা সম্পূর্ণরূপে শেষ হইয়াছে। ভিক্ষা প্রথম [illegible]তে ৯ম স্কন্ধ পর্য্যন্ত ২১৷৵০; দশম স্কন্ধ ১২৲; [illegible]গ্র ৪৵।

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদঠাকুর রচিত 'অমৃতপ্রবাহভাষ্য' [illegible]শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লিখিত [illegible]নুভাষ্যে শ্রুতি-স্মৃত্যাদি বহু শাস্ত্রপ্রমাণ-সহলিত হইয়া [illegible]কাশিত হইয়াছেন। শ্লোকের সাধয়ব্যাখ্যা, বঙ্গানুবাদ ও [illegible]তোক পয়ারের পূর্ব্বে সংক্ষিপ্ত অভিধেয় সংযোজিত। [illegible]ত্যেক অধ্যায়-প্রারম্ভে কথাসার দেওয়া আছে। শ্লোক, [illegible]র, পদ, স্থান, পাত্র প্রভৃতির সুবৃহৎ সূচী ও গ্রন্থকারের [illegible]সৃত জীবনী সম্বলিত এইরূপ অনুপম সংস্করণ ইতঃপূর্ব্বে [illegible]াপি প্রকাশিত হয় নাই। উত্তম কাগজে পরিপাটীরূপে [illegible]ত মূল অক্ষরে মুদ্রাঙ্কণ মুদ্রিত হইয়াছে। গ্রন্থ প্রায় [illegible]০ ফর্ম্মায় সম্পূর্ণ। ভিক্ষা বর্ত্তমানে ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিশুদ্ধ [illegible]ীয় ভাষা, শব্দসূচী, পয়ারসূচী, বিষয়-সূচী পাঠাধি-[illegible]ী, প্রভৃতি বিবিধ বিষয় সম্বলিত বিরাট দ্বিতীয় সংস্করণ [illegible]ল ক্রাউন ৮ পেজী আকারে। আদিলীলা ও মধ্যের [illegible]রংশ প্রকাশিত হইয়াছেন। ক্রমে ক্রমে প্রকাশিত [illegible]ছেন। অগ্রিম ভিক্ষা ৫৲ টাকা, আদি লীলার [illegible]ক্ষা ৩৲।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের এরূপ অভিনব সুন্দর সংস্করণ আর কখনো [illegible]কাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকাংশের অন্বয়, বঙ্গানুবাদ, [illegible]খ্যা, কথাসার, তথ্য প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত [illegible]য়াছেন। মূল মোটা অক্ষরে ডবল ক্রাউন আটপেজী [illegible]াকারে ছাপা হইয়াছে। মূল্য ২৷০ টাকা। নবীন [illegible]কাশ ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১৷০ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

—শ্রীগৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি [illegible]শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিঠাকুর গোস্বামিকৃতা সারার্থবর্ষিণী [illegible]কাশবেত্তা ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'সুসিক-[illegible]ন' নামক ভাষাভাষ্যসম্বিতা। অধ্যায়সূচী, মাতৃকাক্রমে [illegible]ক-সূচী, বিষয়-সূচী, গ্রন্থকারের জীবনী ও অবতরণিকাদি [illegible]ভব্যবিষয়-সহ উৎকৃষ্ট বাঁধাই তৃতীয় সংস্করণ—ই রাজ [illegible]রণের ভিক্ষা ২৲ টাকা মাত্র, সাধারণ সংস্করণ—১৷০ [illegible]া মাত্র

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিদয়িত[illegible]-গোস্বামী মহারাজের সেই অবিদ্যা-বিধ্বংসিনী জীবাত্মস্বরূপোদ্বোধিনী কৃষ্ণ-কারুণ্যনিস্যন্দিনী কারুণ্য-পূর্ণ মুক্ত-বিক্রম —বৈষ্ণবসিদ্ধান্ত-তরঙ্গমালার কৌস্তুভমণি—সম্প্রদায় বৈষ্ণবসিদ্ধান্তাচার্য্যের মৌলিক তথ্য—পরমার্থ ও ভাগবত ধর্ম্মের সমন্বয়ক —মতান্তর-জীবনচরিত-শিক্ষক —চিন্তাবিপ্লবের অচিন্ত্যাকর্ষিচারক—ঐশ্বর্য্য ও মাধুর্য্যরসের মৌলিক গবেষণা —সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন তত্ত্বের চিন্তায় মগ্ন।

১। প্রথম খণ্ড—বৈষ্ণবদর্শন, শ্রীগুরুতত্ত্ব, কাল-তত্ত্ব, শ্রীমন্মহাপ্রভুর, শ্রীবাহ্যজ্ঞানবী, পাঞ্চরাত্রিকী দীক্ষা ও বর্ণ বিচার, আত্মতত্ত্ব ও মনোতত্ত্ব, শ্রীহরিকীর্ত্তনের ও তাহার শিক্ষা, অপ্রাকৃত রসতত্ত্ব ও প্রাকৃত রসাভাস, প্রভৃতি বিংশতি সাধ্যক গ্রন্থে সুশোভিত। ভিক্ষা মাত্র ৸০ বার আনা।

২। দ্বিতীয় খণ্ড—শুদ্ধা ও বিদ্ধা ভক্তি, মন্ত্রযোগ শ্রেষ্ঠতা কোথায়, আত্মার নিত্যস্থিতি, ইহার স্বাধিকার ও মায়াবাদ, শ্রীগৌর-নিত্যানন্দপ্রসঙ্গ, ত্রিযুগের ধর্ম্ম ও নাম কীর্ত্তন, শ্রীবাসপণ্ডিত শ্রীমন্মহাপ্রভুর কীর্ত্তন, শ্রীগৌরাঙ্গের মহিমা, মহাপ্রসাদ, শ্রীগোপিকা, শ্রীকৃষ্ণ-তত্ত্বের পথ, শ্রীমতী রাধিকাতত্ত্বনিন্দিনী, শ্রীগৌরাঙ্গের কথা, পারকীয়া ও স্বকীয়াবাদ—ইত্যাদি বহুতর অপূর্ব্ব মধুরিমাপূর্ণ বিষয়। কাগজে।

প্রথম ও দ্বিতীয়—দুই খণ্ড একত্রে লইলে ডাক-মাশুল ছাড়া মাত্র।

শ্রীমদ্ভগবদ্গীতা

গৌড়ীয়-বৈষ্ণবসার্ব্বভৌমিক-বেদজ্ঞ শ্রীশ্রীমদ্ [illegible]চার্য্যবর্য্য ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের [illegible]ভাষ্যের বিস্তৃত 'বিবৃতিরঞ্জন' নামক ভাষ্যানুগ অন্বয়-[illegible]খ্যা, টিপ্পনী, ও প্রতি শ্লোকের প্রথম ও তৃতীয় পাদ [illegible]খ্যা, ভাষ্যকারের জীবনী প্রভৃতি সম্বলিত। উৎকৃষ্ট বাঁধাই, রাজসংস্করণ (তৃতীয় সংস্করণ) গ্রন্থের ভিক্ষা ২৲ টাকা।

প্রমেয়রত্নাবলী

শ্রীবলদেব বিদ্যাভূষণ-প্রণীত বৈষ্ণবদর্শন, সদ্ভক্ত গোবিন্দ-ভাষ্যাদি পড়িবার প্রথম গ্রন্থ। উৎকৃষ্ট কাগজে ছাপা। সুবিস্তৃত টীকা ও প্রাঞ্জলবঙ্গানুবাদ-সাহায্যে অতি সহজে বালকেরও বোধগম্য হইয়া থাকে। ভিক্ষা ৷৵০ আনা মাত্র।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

(প্রমাণখণ্ড। সানুবাদ। শ্রুতি-স্মৃত্যাদি গ্রন্থে শ্রীনবদ্বীপের যে মাহাত্ম্য কীর্ত্তিত আছে, তাহার মূল সংস্কৃত ও অনুবাদ। ভিক্ষা ৵০ আনা।

শ্রীশ্রীনবদ্বীপভাবতরঙ্গ

শ্রীঠাকুর ভক্তিবিনোদ লিখিত। সুললিত ঐতিহাসিক ভাষায় পরিক্রমার ক্রমব্যাপি-বিষয়ক। ভিক্ষা ।০ আনা।

ভক্তিরত্নাকর ও নবদ্বীপ পরিক্রমা

শ্রীল নরহরি চক্রবর্ত্তি-ঠাকুর রচিত। ভক্তিরত্নাকর হইতে পরিক্রমার অংশ মাত্র গৃহীত; শ্রীচৈতন্য গোস্বামী কি প্রকারে শ্রীনবদ্বীপধামের পরিক্রমা করিয়াছিলেন, তাহাই পদ্যে বিবৃত। ভিক্ষা ৷৵০ আনা

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। ইহাতে শ্রীচৈতন্য[illegible] শিক্ষাপূর্ণ—কৃষ্ণ, কৃষ্ণভক্ত ও [illegible] অধিকার-ভেদানুসারে ভক্ত-সাধন-বিধি—প্রয়োজন-তত্ত্ব, [illegible]কা, নামাভাসের বিচার—বৈধী ভক্তি, অকৈতবী প্রেমভক্তির নামভজন-প্রণালী ও [illegible]কালীয় নী পারচর্য্যা প্রথম শিক্ষার্থীর উপযোগী করিয়া সরল ভাষায় সুন্দর যুক্তিপ্রমাণাদি দিখিত আছে। [illegible] ডাকমাশুল ছাড়া ১৲ টাকা, অগ্রিম মূল্য ১২৲ টাকা মাত্র।

গৌড়ীয়কণ্ঠহার

[illegible]ত্যেক বৈষ্ণবগৃহে [illegible] [illegible]ত্যহ [illegible]ত্তি-[illegible]ত [illegible] [illegible]ত [illegible]ত্তি-[illegible]ত [illegible]ত্তি-[illegible]ত [illegible]ত্তি-[

ঐক্যবন্ধন

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। এই একখানা গ্রন্থ-রত্ন লাভ করিলে পারমার্থিক সাধনে কিছুতেই [illegible] বা সংশয় থাকিতে পারে না। পরম গুরুস্থানীয়ক এই [illegible] অধ্যয়নে গ্রন্থ [illegible] থাকিলে হয় নাই। [illegible] মতামত এই [illegible] করিয়াছেন। আমরা ইহার [illegible] করিয়াছি। [illegible] ইহার সমস্ত [illegible] করিয়াছে। [illegible] ইহার [illegible] নাম লেখা, উৎকৃষ্ট বাঁধাই [illegible] মূল্য [illegible]।

প্রেমবিবর্ত্ত

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর [illegible] [illegible] [illegible]

বিশ্ব

শ্রীচৈতন্য মঠ

আচার্য অদ্বৈতাজ

প্রাচীন নবদ্বীপ, ভাগবত গ্রাম মায়াপুর, নদীয়া

শ্রীমহাপ্রভোগপীঠ হইতে প্রায় ৩০ গজ উত্তর-পূর্বে শ্রীহরিসদনে আচার্যদের উচ্চস্থ-সেবক-সঙ্ঘে শ্রীশ্রীচৈতন্য-মঠ বিরাজমান।

এই স্থান সাধকের নীর্ব, সত্যবিজ্ঞানপীঠ বা সাধক ভক্ত-স্থলী। এই মহাপীঠে শ্রীহরি-নামামৃত আকর্ণপানি-প্রেমালিঙ্গন, সত্যবিষ্ণু অন্তর্গত কথা, নাটক, অলঙ্কার, কথা প্রমান-ঈশানি-ঈশ্বর-পুত্র-সন্তানি-চক্রবর্তের অধ্যয়ন ও অধ্যাপনা এবং তথায় শ্রীগুরু-গোরাঙ্গ-রাধা-মাধবের ও সাধক সম্প্রদায়ের-আচার্য-চতুষ্টয় তাঁহাদের উপাস্য বিগ্রহের নাম নিত্য সেবিত হইতেছেন। এই মঠহতে পারমার্থিক বৈষ্ণবগণ সাধক সম্প্রদায়ের অধ্যাপক ও পুরাতন প্রচারাদি প্রচারপত্রে 'নদীয়া-প্রকাশ' নাম প্রাপ্তিক্রম হইতেছেন প্রতিবৎসর শ্রীনাম-সংকীর্তনোৎসব ও অন্যান্য অনুষ্ঠান হইয়া থাকে। বর্তমান—শ্রীমান বিনোদবিহারী ব্রহ্মচারী, শ্রীমান গোবিন্দ ব্রহ্মচারী কাব্যব্যাকরণতীর্থ, শ্রীমান নীরদ ব্রহ্মচারী, শ্রীমান নরেন্দ্রনাথ ব্রহ্মচারী, শ্রীঅধরন ব্রহ্মচারী, শ্রীমদনমোহন ব্রহ্মচারী, ভক্ত নরেন্দ্র, কালাচাঁদ, দেবকীনন্দন প্রভৃতি সঙ্কলন।

ত্রিপুরাধিপতি শ্রীমদ্ভক্তিপ্রতীপ তীর্থ মহারাজ এখানে একবার পদার্পণ করিয়াছেন।

১) শ্রীগৌড়ীয় মঠ

১৬ নং কালিদাস সরকার স্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীগৌরাব্দ ৪৩, বি, ৯১১৫

শ্রীমদ্ভক্তিপ্রজ্ঞান কেশব গোস্বামী মহারাজের শুভাশীর্বাদে গৌড়মণ্ডলে গৌড়ীয় মঠের প্রতিষ্ঠাতা আচার্যদেব শ্রীমদ্ভক্তিবিনোদ আসন শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ১৮৮৫ খৃষ্টাব্দে শ্রীধাম মায়াপুরে শ্রীযোগপীঠ-শ্রীমন্দির প্রকাশ করেন। তাঁহার অপ্রকটের পর তাঁহার প্রিয়তম শিষ্য পরমহংস পরিব্রাজকাচার্য ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিদয়িত মাধব গোস্বামী মহারাজ শ্রীমন্দির ও শ্রীধাম মায়াপুরের সংস্কার সাধন করেন। তাঁহার অপ্রকটের পর তাঁহার প্রিয়তম শিষ্য পরমহংস পরিব্রাজকাচার্য ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিপ্রজ্ঞান কেশব গোস্বামী মহারাজ শ্রীমন্দির ও শ্রীধাম মায়াপুরের সংস্কার সাধন

রেল কর্ম্মচারী সম্মেলন

গত ২৮শে ও ২৯শে যে তারিখে লাল [illegible] হাটে শ্রীযুক্ত আই বি সেন ব্যারি[illegible]র মহাশয়ের সভাপতিত্বে ই. বি. রেলের [illegible]টি কর্ম্মচারী সম্মেলনের দশম বার্ষিক [illegible]বেশন হইয়া গিয়াছে। বর্ত্তমানে [illegible]কার ব্যাপিয়া মন্দার ফলে রেলওয়ে [illegible]ে যে ভাবে কর্ম্মচারী সঙ্কোচ করিতে[illegible]ন সম্মেলনে তাহার প্রতিবাদ জানান [illegible] এবং জানান হয় যে যদি দক্ষতার [illegible]ত রেল বিভাগের কর্ম্মী চালান যায় [illegible]া হইলে কর্ম্মচারী বরখাস্ত না [illegible]রিয়াও অনেক ব্যয় সঙ্কোচ করা যাইতে [illegible]রে। সম্মেলনে এই বিষয়ে আরও [illegible]নেকগুলি জরুরী প্রস্তাব গৃহীত [illegible]ইয়াছে।

দিল্লীতে বোমা আবিষ্কার

সেদিন সদর বাজারে যে বোমা [illegible]াটিয়াছিল, তৎসম্পর্কে পুলিশ হাঙ্গোরি [illegible]টের এক বাড়ীতে তল্লাসি করিয়া [illegible]হিন্দুস্থান রিপাব্লিকান আর্ম্মি'র অনেক [illegible]গুলি উদ্ধার, কতকগুলি গানকটন [illegible]টুক, কিছু সালফার পটাশ, কিছু [illegible]লোহার তার এবং নারিকেলের খোলা [illegible]াইয়াছে।

পুলিশ দ্বারকাপ্রসাদ নামক এক [illegible]ব্যক্তিকে গ্রেপ্তার করিয়াছে। প্রকাশ যে, [illegible]ঐ বাড়ীতে থাকিত।

বাঙ্গালোরে অনাথ আশ্রমে দুর্ঘটনা

বাঙ্গালোর স্থানীয় অনাথ আশ্রমের [illegible]শোচনীয় দুর্ঘটনা সম্পর্কে স্বাস্থ্য-কর্ত্তৃ[illegible]সংবাদদাতা জানান যে, তাঁহারা তদন্ত করিয়া এই সিদ্ধান্তে উপনীত হইয়াছেন যে, কলেরার বীজাণুর আক্রমণের ফলেই এই মারাত্মক দুর্ঘটনা ঘটিয়াছে। অনাথ আশ্রমে আর কাহারও দুঃখ ঘটে নাই। [illegible]শ্রমে যে ২৮ জন হাসপাতালে আছে, তাহাদিগকে শীঘ্রই হাসপাতাল হইতে ছাড়িয়া দেওয়া হইবে। অনাথ আশ্রমের [illegible]০০ ও নাগরিককে কলেরার টীকা দেওয়া [illegible]হইয়াছে এবং কোথা হইতে এই কলেরার বীজ আসিল, কি ভাবে সংক্রামক ব্যাধি [illegible]ড়াইয়া পড়িল, তৎসম্পর্কে অনুসন্ধান চলিতেছে।

আশ্রমের মহিলা কর্ত্তৃপক্ষ জানাইতেছেন যে, ভারতের নানাস্থান, ব্রহ্মদেশ ও [illegible]কল হইতে উদ্বেগ প্রকাশ করিয়া টেলিগ্রাম আসিয়াছে। তিনি জানাইতেছেন যে, আর কাহারও কোন বিপদ ঘটে নাই। যে ৭ জন মহিলা মৃত্যুমুখে পতিত হইয়াছেন তাঁহারা সকলেই খৃষ্টিয়ান।

চিল্কা হ্রদে নৌকা ডুবি

১৫ জন যাত্রীপূর্ণ একখানি নৌকা চিল্কা হ্রদের মধ্যে ডুবিয়া গিয়াছিল। দুইটি নারী এবং দুইটী শিশু মারা গিয়াছে।

গঞ্জাম উড়িয়া মহিলা সম্মেলন

মহিলাদের মধ্যে মহা উৎসাহ

গত ২৭শে তারিখে গঞ্জাম উড়িয়া মহিলা সম্মেলনের অধিবেশন শেষ হইয়াছে। সম্মেলনে গঞ্জামের সকল পিকেটিং করার জন্য স্থানীয় মহিলাদের লইয়া স্বেচ্ছা-সেবিকা বোর্ড গঠন করার সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। আগামী পূরী কনফারেন্সে গঞ্জাম হইতে অন্ততঃ এক-শত মহিলা স্বেচ্ছাসেবক পাঠানোর জন্য অনুরোধ করা হইয়াছে। কটকের শ্রীযুক্তা রমাদেবীর নেতৃত্বে পদাতিক উড়িয়া রমণীরা শোভাযাত্রা করিয়া বাহির হন। গঞ্জামে এইরূপ ব্যাপার এই প্রথম।

বোম্বায়ে সুভাষচন্দ্র

গত ২৮শে মে তারিখে বোম্বাই সমস্ত শ্রীযুক্ত সুভাষচন্দ্র বসু নাগপুর হইতে মোটরে রওনা হইয়া এখানে আসিয়া পৌঁছিয়াছেন। ষ্টেশনে বহু ব্যক্তি তাঁহাকে অভ্যর্থনা করেন।

প্রকাশ, বাঙ্গালোরে মহাত্মার সহিত শ্রীযুক্ত বসুর অনেক প্রয়োজনীয় কথা আলোচনা হইয়াছে।

গান্ধী-আরউইন সর্ত্ত পালন

কিশোরগঞ্জে সাম্প্রদায়িক গোলযোগের ফলে খুন জখম ও লুট তরাজ হইয়াছিল। এই সম্পর্কে অভিযুক্ত আসামীদিগকে দায়রা সোপর্দ করা হইয়াছে। এখন গুজব শুনা যাইতেছে যে, গান্ধী-আরউইন আপোষ পালনার্থ খুন সম্পর্কে দুইটি মামলা বাদে দুই সম্প্রদায়ের সকল মামলা প্রত্যাহার করা হইবে।

ঐরূপ একটি মামলা পাকুর জীও হইতে করা হইয়াছিল। মামলাটি সাক্ষ্য প্রমাণের অভাবে নাকি প্রত্যাহার করা হইয়াছে।

সর্ত্ত পালন করিবার জন্য পণ্ডিত জহরলালের অনুরোধ

২৯শে মে পণ্ডিত জহরলালকে ত্রিবেন্দ্রামে বিপুল ভাবে সম্বর্দ্ধনা করা হয়। অভিনন্দনের উত্তরে পণ্ডিত জহর-লাল বলেন যে, ভারতকে তিনটি বিষয় পাইতে হইবে। যথা :—রাজনৈতিক, অর্থনৈতিক এবং সামাজিক মুক্তি। অতঃপর তিনি প্রত্যেককে সন্ধির সর্ত্ত পালন করিবার জন্য অনুরোধ করেন।

সরকারী ঋণের প্রতিবাদ

নূতন সরকারী বিদেশী ঋণের প্রতি-বাদ করিয়া মাঞ্চেষ্টার চেম্বার অব কমার্স বড়লাটের নিকট যে পত্র লিখিয়াছেন, তাহাতে তাঁহারা বলিয়াছেন যে বিক্রয়িত সুদের হার অতিরিক্ত হইয়াছে এবং এই ঋণ তুলিলে টাকা সহজেই পাওয়া যাইত।

বিনিময়ের অস্বাভাবিক হার বাঁধিয়া দেওয়াতেই গবর্ণমেণ্ট উপযাচকি ঋণ করিতে বাধ্য হইতেছেন বলিয়া কোম্পানী মনে করেন। ভারতবর্ষে ঋণ তুলিলে ইহার চেয়ে ক্ষতি কম হইত। ইংলণ্ডকে বিশেষ সুবিধা দেওয়া ভারতের দরকার নাই, আমেরিকা ও ফ্রান্সের নিকট হইতেও ঋণ লওয়া যাইতে পারে।

চিঠির উপসংহারে তাঁহারা বলিয়া-ছেন যে ভারতের আর্থিক স্বাধীনতাই ইহার একমাত্র উপায়।

পুলিশের বিরুদ্ধে অভিযোগ

ফরিদপুর জেলার চরকুদপুর গ্রামের অধিবাসী সেখ তথাকার দারোগা হাফিজুদ্দীন আমেদ ও কতিপয় পুলিশ কনেষ্টেবল এবং তফিরুদ্দা নামক জনৈক মুসলমান জমিদারের কয়েকজন সরকারের বিরুদ্ধে জেলা ম্যাজিষ্ট্রেটের এজলাসে ভারতীয় দণ্ডবিধির বিভিন্ন ধারানুযায়ী মোকদ্দমা রুজুর করিয়া জেলা ম্যাজি-ষ্ট্রেট দ্বারা তাহাতে মামলার বিচার করেন এজন্য আবেদন করে। জিলা ম্যাজিষ্ট্রেটের নির্দ্দেশ অনুযায়ী মাদারী-পুরের মহকুমা হাকিম অভিযোগ সম্বন্ধে তদন্ত করিয়া এক রিপোর্ট দাখিল করেন, রিপোর্ট দৃষ্টে জেলা ম্যাজিষ্ট্রেট দারোগা হাফিজুদ্দীন এবং কনষ্টেবলদের জনৈক সরকারকে আসামী শ্রেণী ভুক্ত আদালতে হাজির হইবার জন্য সমনজারী করিয়া-ছেন।

শ্রীযুক্ত সতীন সেনের অভিভাষণ

কাঁথিতে মুর্শিদাবাদ জেলা রাষ্ট্রীয় সম্মেলনের সভাপতিরূপে শ্রীযুক্ত সতীন্দ্র-নাথ সেন বলেন, দেশের স্বাধীনতা অর্জ্জন করিতে হইলে বহুকাল অস্ত্র আমাদিগের ব্যবহার করিতে হইবে। গবর্ণমেণ্ট যত শক্তিশালী ও তাহার যত কামান বন্দুক থাকুক না কেন যদি আমরা ব্যবহার করি তাহা হইলে তাহাকে এক দিন দেশের নিকট মস্তক অবনত করিতে হইবে।

তিনি হিংসাত্মক কার্য্যের নিন্দা করেন। তিনি বলেন, হিংসাত্মক কার্য্যে দেশের খুব অনিষ্ট হয়- কখনও ইষ্ট হইতে পারে না। গত আন্দোলন তাহার সাক্ষ্য। তিনি দেশের যুবকগণকে মহাত্মার আন্দোলনে যোগদান করিতে সনির্ব্বন্ধ অনুরোধ করেন। মহাত্মাকে একটা সুযোগ দেওয়া সকলেরই কর্ত্তব্য।

মিশরে বালুর স্তূপ ধ্বসিয়া

১৪ জন নিহত


লাকেসার অঞ্চলে একটি বালুর স্তূপ ধ্বসিয়া পড়ায় ১৪ জন লোক নিহত হইয়াছে ও ৯ জন মজুর বালুর স্তূপ খনন করিতে করিতে হঠাৎ চাপা পড়িয়া যায়। তাহাদের রক্ষা করিতে যাইয়া আরও ৯ জন লোকও সেই ধসা প্রাপ্ত হয়।

আকাশে ৮৯ ঘণ্টা ভ্রমণ

দুইজন ডেট্রয়টবাসী বিমানবীর ওয়াটার্স রিস এবং ফ্রেডারিক ব্রোসি বিমানপোতে ইঞ্জিনের জন্য ব্যবহৃত ভারী তেল ব্যবহার করিয়া কিরূপ সুফল পাওয়া যায় তাহা দেখাইয়াছেন। তাঁহারা ওই তেল ব্যবহার করিয়া একখানি ফাইবেলা বিমানপোতে একাদি ক্রমে ৮৯ ঘণ্টা ৩৩ মিনিট আকাশে ছুটিয়াছেন মোটমুটি তাহারা প্রায় ৬,৬০০ মাইল ভ্রমণ করিয়াছেন।

মাদ্রাজ হইতে জার্ম্মাণ যুবক বহিষ্কৃত

কাল বাঁ নামক জনৈক জার্ম্মাণকে পুলিশ গ্রেপ্তারপূর্ব্ব অভিযোগে গ্রেপ্তার করিয়াছিল, আসামীকে মাদ্রাজ হইতে বহিষ্কৃত করিয়া ইমিগ্রেশনে জার্ম্মাণীতে পাঠাইয়া দেওয়া হইয়াছে।



Reg No C.1544

দৈনিক নদীয়া-প্রকাশ

ভারতের সর্বপ্রাচীন মঙ্গল-প্রচারক—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

খণ্ড] সম্পাদক—শ্রীযুক্ত তীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [৭৮তম সংখ্যা

শ্রীচৈতন্যাব্দ শ্রীধাম মায়াপুর—২৮শে জ্যৈষ্ঠ বৃহস্পতিবার ১৩০৮, ৮ই জুন ১৯০১

নানা কথা

কোয়েম্বাটোরে পণ্ডিত জওহরলাল

পণ্ডিত জওহরলাল মেহেরু পথে কোয়েম্বাটোরে পৌঁছিয়াছেন। তাঁহাকে ... সম্বর্দ্ধনাজ্ঞাপন করা হয়। কোয়েম্বাটোর মিউনিসিপ্যালিটী, জনসাধারণ, ... ও আদি দ্রাবিড় উন্নতি বিধায়িনী ... পক্ষ হইতে তাঁহাকে অভিনন্দন ... প্রদান করা হয়। তিনি সকলকে ... ও বিদেশী বস্ত্রের দোকান বর্জ্জন ... স্বরাজলাভের জন্য মহত্ত্ব ত্যাগের ... প্রস্তুত হইতে বলেন। তাঁহাকে ... টাকার একটী তোড়া ... প্রদান করা হয়, তিনি উক্ত ... কংগ্রেসের কাজে ঐ টাকা ... করিবার জন্য তাহা ফিরাইয়া দেন।

শ্রীযুক্ত সেনগুপ্তের নিকট মহাত্মাজীর তার

গত সোমবার রাত্রে মহাত্মা গান্ধী ... যোগে শ্রীযুক্ত জে, এম সেনগুপ্তের ... বাঙ্গলার গোলমালের বিষয়টী ... দিতে তেওয়ার জন্য সম্মতি দিতে ... লিখিয়াছেন।

এতদ্বারা প্রকাশ যে, শ্রীযুক্ত সেনগুপ্ত ... কংগ্রেস কমিটি সমূহ বি, পি, ... নির্ব্বাচন স্থগিত ও উভয় পক্ষ ... সকল সাধারণ সভায় প্রাদেশিক ... কমিটিকে পুনর্গঠন করায় ... টাকা চাঁদাটাতে থাকিবেন। ... বিষয়ের সহিত নিম্নলিখিত ... বিষয়সমূহ আলোচনে উপস্থিত করা হইবে :—

(১) জেলা কংগ্রেস কমিটী সমূহকে ... রসিদবহি ছাপাইবার ক্ষমতা (২) জেলা কংগ্রেস কমিটির সভাপতিগণকে ... অধিকার নিহত করা (৩) বাঙ্গলার কংগ্রেসের সদস্য করার ... নির্ব্বাচনের পূর্ব্বে পুরা এক মাস সময় দিতে হইবে (৪) স্বাধীন ও নিরপেক্ষ ভাবে নির্ব্বাচন হওয়ার আশ্বাস দিতে হইবে।

(৫) বঙ্গের স্বার্থের জন্য বি, পি, সি, সি কর্ত্তৃক যে সব কংগ্রেস কমিটী "বে-আইনী" বলিয়া গ্রাহ্য হয় নাই, সেগুলিকে পুনর্গঠন করিতে হইবে।

কোয়েম্বাটোরে জহরলাল

শ্রীযুত সেনগুপ্তের নিকট মহাত্মাজীর তার

রেলগাড়ীতে মৃতদেহ

ট্রামের মধ্যে স্ত্রীর কোলে স্বামীর মৃত্যু

কংগ্রেসেরকলঙ্কমোচনসভা

৩৫ হাজার টাকার মানহানির দায়ে টাইমস্ অব ইণ্ডিয়া

ত্রিচীন পল্লীতে দাঙ্গা

মুসোলিনীকে হত্যার চেষ্টা—আততায়ী গুলিদ্বারা নিহত

বি এস্ সি শিক্ষক চা

শ্রীধাম-মায়াপুরস্থ ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউটের জন্য একজন বি-এস-সি শিক্ষকের প্রয়োজন। উক্ত শিক্ষকের পদ-প্রার্থেচ্ছুগণ স্ব-স্ব অভিজ্ঞতার বিবরণসহ মাসিক কত টাকা বেতনে কার্য্য করিতে পারিবেন তাহা উল্লেখপূর্ব্বক "সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া"—ঠিকানায় পত্র লিখিবেন। নির্ব্বাচিত শিক্ষক বিনা খরচায় আহার ও বাসস্থান পাইবেন।

ট্রামের মধ্যে স্ত্রীর কোলে স্বামীর মৃত্যু

গত রবিবার দিন এসপ্লানেড হইতে শ্যামবাজার গামী একখানি ট্রামগাড়ীতে এক মর্ম্মান্তিক দৃশ্য দেখা গিয়াছে।

এক বৃদ্ধ ভদ্রলোক কিছুদিন যাবৎ বুকের ব্যারামে ভুগিতেছিলেন। বুক পরীক্ষার জন্য তিনি মেডিকেল কলেজ হাসপাতালে যাইতেছিলেন। সঙ্গে তাঁহার স্ত্রী ছিলেন। রাস্তায় তিনি অসুস্থ হইয়া পড়েন এবং স্ত্রীর কোলে মাথা রাখিয়া শুইয়া পড়েন। অপরাপর যাত্রীরা ইহা দেখিয়া বিস্মিত হয়, কিন্তু কোন প্রকার সাহায্যের পূর্ব্বেই ভদ্রলোকটির মৃত্যু হয়।

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

ভক্তি ও আদর্শচরিত্র শিক্ষকগণ ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

সবিস্তার সংবাদের জন্য নিম্নলিখিত ঠিকানা পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কৃষ্ণনগরস্থ হাইষ্ট্রীটে অবস্থিত

শ্রীভাগবত প্রেস

সুলভে সুন্দর ছাপার জন্য চিরপ্রসিদ্ধ

এখানে ব্যাঙ্ক, মোকর্দ্দমা এবং ইউনিয়নবোর্ডের যাবতীয় ফরম্ ও রসিদ বিক্রয়ার্থ সর্ব্বদা প্রস্তুত থাকে।

মফঃস্বল হইতে লিখিলে প্রত্যেক ইউনিয়নবোর্ডের নাম ছাপিয়া দেওয়া হয়।

বিবাহের উপহার, নিমন্ত্রণ-পত্র, চেক, দাখিলা, আর্জ্জি প্রভৃতি অতি যত্নের সহিত অতি সত্বর ছাপিয়া দেওয়া হয়।

ইংরাজী, বাঙ্গালা, হিন্দী ও সংস্কৃত ভাষায় পুস্তকাদি ছাপিবার ব্যবস্থা আছে।

মফঃস্বলের গ্রাহকগণ নির্ভাবনায় নিম্নঠিকানায় ডাকযোগে অর্ডার পাঠাইতে পারেন।

ম্যানেজার - শ্রীভাগবত প্রেস

পোঃ কৃষ্ণনগর, নদীয়া

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

কবিরাজী গীতিকা

সর্ব্ববিধ রোগের অব্যর্থ মহৌষধ

মফঃস্বলের সুবিধার জন্য ও আঃ শশিকে ঘনীভূত অবস্থায় ছোটবোতলের ডাকমাশুল ডাকে পাঠান হয়, ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ১০ আনা, পাইট ১৵০ আনা, বোতল ১৸০ আনা।

অফিস ১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

যক্ষায় হতাশ হইবেন না

দৈবপ্রাপ্ত যক্ষার একমাত্র মহৌষধ

পনর দিনে সম্পূর্ণ আরোগ্য

রোগী দেখাইতে হইবে। অক্ষম পক্ষের পক্ষ (যাতায়াত এবং আহার) পাঠাইলে গিয়া রোগী দেখা হয় অথবা এখানে আসিলে রোগী-প্রতি ঔষধ দেওয়া হয় আরোগ্য না হওয়া পর্য্যন্ত পারিশ্রমিক দিতে হইবে না। গরীব রোগীদের খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়। বিস্তারিত বিবরণের জন্য এক আনার ডাক টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীকিশোরচন্দ্র উকীল, যক্ষ্মা-চিকিৎসক, পোঃ বৈকাঠী, বরিশাল।

অথবা নিম্ন ঠিকানায় সাক্ষাৎ করিয়া বিস্তারিত জানিতে পারেন।

শ্রীযুক্ত রামগোপাল দত্ত এম্, এ, কৃষ্ণনগর, নদীয়া। শ্রীযুক্ত ললিত সিংহ, ১১৭, বেণিয়াটোলা ষ্ট্রীট, শাটখোলা, কলিকাতা।

একখানি পত্র! আমার জ্যেষ্ঠপুত্র গত ৬১ মাস যাবৎ রাজ যক্ষ্মায় ভুগিয়া মৃতপ্রায় হইয়াছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাহার জীবনের আশা ত্যাগ করিয়া শেষ মুহূর্ত্তের জন্য অপেক্ষা করিতেছিলেন এই সময় শ্রীযুক্ত কিশোরচন্দ্র উকিল মহাশয় মাত্র ১০ দিন চিকিৎসা করিয়া সম্পূর্ণ আরোগ্য করিয়া দিয়াছেন। (সাঃ) শ্রীবীরেন্দ্র কিশোর রায় চৌধুরী (অমিদার খানিয়া) কণ্ ষ্ট্রীট, নিউ বিল্ডিং। করপোরেশন লাইব্রেরি ডিপার্টমেণ্ট, কলিকাতা।

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়

ম্যানেজার—গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেন গ্রাহকগণ

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কসের

এত প্রশংসা করেন

—কারণ—

এখানে যাবতীয় ছাপার কার্য্য—

দেটার হেড্, মেমো, ফরম, খাম, জমিদারী চেক, বিল প্রভৃতিই বলুন,

বিবাহের নিমন্ত্রণ পত্র, কার্ড, বিবাহের পত্রই বলুন,

আর ৩ রং ও ৪ রংয়ের লাইটোন ব্লকই বলুন, সকল কার্য্যই অতি সীম ছাপা হয়, অথচ ছাপাইবার পরচ বাজার অপেক্ষা সুলভ।

আপনার কিছু ছাপার কার্য্য থাকিলে নিম্নঠিকানায় জানাইলেই বর পাইবেন।

ম্যানেজার—গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

২৪৩।২ নং আপার সারকুলার রোড, কলিকাতা।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

প্রথম ও দ্বিতীয় খণ্ড

ওঁবিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের মৌলিক অপূর্ব্ব বিজ্ঞানপূর্ণী ভাষাস্বরূপগোপিনী মুকুন্দকাণ্ডানন্দদায়িনী জীবন্তবাণীর মূর্ত্তবিগ্রহ—বৈষ্ণবসিদ্ধান্ত গভীরতার চৌম্বকশক্তি—সরস অভিনয় ও প্রয়োজনতত্ত্বের শিক্ষাগুরু

ভিক্ষা একত্রে ১৸০ আনা মাত্র।

দন

টকার ক্ষত ও বাতব্যথার, বক্তিয়াদির ঘরে। ক্ষতে তুলাসহ, বরফসম, মাখানোর, দুই পক্ষ ক্ষতি, অল্পের প্রভৃতি সকল সময় বিনাশ পায়াধায় হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে বিশেষ টনিক। মূল্য ৩০ ঘটি ২৲ এক টাকা।

"এলুপ্ সর্ব্বপ্রাপ্তি ঘৃত"

সর্ব্বপ্রকার রোগে ব্যবহারে কার্য্য আরোগ্য করে। ব্যবহারের পরে। মূল্য ৪ ছোলা ১৲ টাকা।

"কুমারবিলাসিনী বটিকা"

বীর্য্যদোষ জনিত সর্ব্বপ্রকার স্ত্রাবী ও বৃদ্ধি করিতে অদ্বিতীয়। মূল্য ১০ ঘটি ২৲ এক টাকা।

ভারত ঔষধালয়, কেশবজী

১৭৭।১ হারিসন রোড, কলিকাতা।

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস, এন্, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈদ্যুতিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

১৮ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

শ্রী শ্রী গুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠবার্ত্তাবহ

বেদাদি সমস্ত সাত্বত-শাস্ত্রের অকৃত্রিম ব্যাখ্যাতা

সমগ্র ভারতে একমাত্র সুলভ

দৈনিক পারমার্থিক পত্র

কলিকাতা। পুঃ—২১শে জ্যৈষ্ঠ ব্রহ্মপ্রতিষ্ঠাব্দ—১৩৩৮

সাময়িকী

জগতের মঙ্গলার্থ আবির্ভূত নিত্যসিদ্ধ পুরুষগণ দুই শ্রেণীতে বিভক্ত— বিভুানন্দী ও ঘোড়ানন্দী'। যে সকল ব্যক্তি জগতের কোনও নিজজনকে আত্মানন্দপূর্ণক একাকী ভজনে নিযুক্ত থাকেন, তাঁহারা 'বিভুানন্দী', আর যে সকল মহাপুরুষ জগদ্বাসীর উদ্ধারার্থ সকল জীবসমষ্টিকে জগতের সকলকে একত্রিত করিয়া কৃষ্ণনাম মহামন্ত্রে উন্মত্ত করিতে ভালবাসেন, তাঁহারা 'ঘোড়ানন্দী' নামে অভিহিত। বিভুানন্দিগণের আচরণের ন্যায়, ঘোড়ানন্দিগণের প্রচারময় আচার।

এঁড়ে পাকা বহুকালের মধ্যে একজনকে ৬৬পাঁচালপাগলরূপীর লোকে বিভুানন্দীর অনুকরণে নির্জ্জনবাসের জন্য কোথাও একটী নিয়ম না গ্রহণ করায় তাঁহাদের দ্বারা স্বীয় বুজরুকীর কথা লোকসমাজে ব্যক্ত করে, আর কনক, মিনি-প্রতিষ্ঠাশার আকর্ষণ করিতেছে বলে। এই শ্রেণীর বক্তব্যাদিকগণের কাহারও কাহারও বা সত্যাগ্রহের বিরোধে আজকাল অভিযুক্ত হইতে দেখা যায়। দন্ত কালি! দন্ত হেমার প্রকাশ!!

মহামন্ত্রই ইষ্টদেবতার লীলা ও সাধন। বিশ্বুপাদবনবাসী শ্রীমদ্গৌরসুন্দর শিক্ষকদের নিমিত্ত এই মতেরই পালন করিয়াছেন। আবার তিনি নেথাকে-হেন-করিনাম তাই হরিসাধককে শুধু প্রাণহীন কণ্ঠা হইতে উদ্ধার করিতেই থাকেন না; পরন্তু নামের সহিত তাঁহার জন্ম, লীলাদি সকলকে পাইয়া থাকেন।

শ্রীগুরুদেব নিজে কখনও গুরু বলিয়া অভিমান করেন না। গুরুত্বাভিমানে গর্ব্বিত ব্যক্তির হৃদয়ে জড়প্রতিষ্ঠা চটাশিনী আসন গ্রহণ করিয়া তাহাকে নিরয়ের পথে প্রেরণ করায়। যাঁহারা শ্রীগুরুদেবের আজ্ঞার আদর ও প্রচার করেন, বিষয়ীরা তাঁহাদিগকে স্পর্শ করিতে পারে না, জড়প্রতিষ্ঠা তাহাদের নিকট হইতে অনেক যোজন দূরে অবস্থান করে। তাই শ্রীচৈতন্যদেব তাঁহার ভক্তীয় চেতনবাণীতে উন্মত্ত করাইবার নিমিত্ত স্বীয় শিষ্যবর্গকে বলিয়াছেন— "আমার আজ্ঞায় গুরু হঞা তার এই দেশ। যাতে না বাধিবে তোমার বিষয়তরঙ্গ॥"

শ্রীশ্রীবিষ্ণুবৈষ্ণবরাজসভার শুদ্ধভক্তগণ ব্রহ্মিজ্ঞান পরিত্যাগ করিয়া শ্রীগুরুদেবের আশ্রয়ে ভারতের সকল অমঙ্গলের-দলের নিকটে শ্রীগুরুবাণী প্রচারের সহিত সকলে কাঁদিতেছেন। তাঁহাদের আর্ত্তিরাশি, হৈমাদ্রি ও হরি আকর্ষণে মুগ্ধ হই। অনেক সময় তাঁহাদের প্রতি আকর্ষিক শঙ্কা পর্যন্ত হে স্বয়ংপ্রভু হইয়া ভগবৎ সেবায় অগ্রসর হইতেছেন।

দুই ভাবের বিষয় এই যে, অনেক অমনুষ্য ব্যক্তি মধ্যেগাছের অন্যান্য পন্থা ও ভাবে কাঁদিয়া কাঁদিয়া প্রভৃতি লোকের মঙ্গলার্থ সাধনার্থ ভাবের স্থান সন্ন্যাসী সাজিতেছেন। সাধারণে এই সন্ন্যাসীর বেশের ভুল হয়। তাঁহাদের অপেক্ষা কোনওদিক বুদ্ধিমান ব্যক্তিগণ শুধু বেশের ভুলেন না, তাঁহারা কিছু হরিকথা শ্রবণেচ্ছু হন। এই সুযোগে শ্রেণীর বাক্যচ্ছলে সকল করিবার নিমিত্ত পুর্ব্বোক্ত কণ্ঠী সন্ন্যাসীর দল শুদ্ধভক্তগণের হরিকথা কীর্ত্তনের সময় তাঁহাদের একটা-দোষ কিছু সংগ্রহ করে। তদ্দ্বারা লোকের নিকট হইতে প্রতিষ্ঠা ও

লোভ হয় বটে, কিন্তু কণ্ঠীর নিকেশ পরমার্থতঃ চিরতরে রুদ্ধ হয়। তাই বলি, কণ্ঠী সন্ন্যাসী সাজিয়া নিজের ও পরের পায়ে কুঠারাঘাত করা অপেক্ষা শুকরের বিষ্ঠা ভোজন দ্বারা জীবন ধারণ করা ভাল নহে কি?

শুনা যায়, কোন ধারণীর অভিপ্রায় মাত্রেই মাত্রক পানবিধির ব্যবসায়ে স্বীয় প্রয়োজনানুযায়ী অর্থসংগ্রহে অসমর্থ হইয়া সম্প্রতি রামকৃষ্ণ দাস বাবাজী নাম ধারণপূর্ব্বক কুলিয়ায় (বর্ত্তমান সহর নবদ্বীপে) বাস করিতেছে এবং নিজেকে গৌড়ীয়মঠের লোক বলিয়া পরিচয় প্রদানপূর্ব্বক নানাস্থান হইতে স্বীয় ইন্দ্রিয়চরিতার্থের নিমিত্ত অর্থ সংগ্রহ করিতেছে। সাধু সাবধান!

বৈষ্ণবের বেষ ধারণপূর্ব্বক যাহারা ব্যভিচারে নিযুক্ত হন, তাহাদের মধ্যে এক শ্রেণীর ব্যক্তি ব্যভিচারের নিমিত্তই উক্ত বেষ ধারণ করে, আর কেহ কেহ—প্রতিষ্ঠার ইচ্ছায় কখনও কখনও সজ্ঞানে ও অজ্ঞানে ব্যভিচারে লিপ্ত হইয়া পড়েন। তাঁহাদের মধ্যে কাঁহারও কাঁহারও বা সত্যাগ্রহের বিরোধে আজকাল অভিযুক্ত হইতে দেখা যায়। দন্ত কালি! দন্ত হেমার প্রকাশ!!

ভারতের অধিবাসিগণ সাধারণতঃ দয়ালু; এই ভরসাতেই স্বদেশে অনিদের নিমিত্ত যে যাহাই প্রচার করুক না কেন, ইহাতেই অনেকে বাধা দিয়া থাকেন। তদ্ভিন্ন ঐ কার্য্যের ভার যাহাতে একটা দলের আয়ত্ত হইতে চলে তাহার জন্য সকলেই সচেষ্ট হইয়া থাকেন। বোধের চমৎকার! শ্রীহরি যাহার কল্যাণ করিবেন বলিয়া স্থির করিয়াছেন, তাহার কে কি করিতে পারে? তাহার কে কি করিবে? তবুও ঐ কার্য্যের ভার যাহাতে একটা দলের আয়ত্ত হইতে চলে তাহার জন্য সকলেই সচেষ্ট হইয়া থাকেন। বোধের চমৎকার! শ্রীহরি যাহার কল্যাণ করিবেন বলিয়া স্থির করিয়াছেন, তাহার কে কি করিতে পার

...কে জীবমুক্ত বোধ করিলেও সন্ন্যাসের ...কল আশ্রমের পালনকে অনাদর করা ...উপস্থিত হন অর্থাৎ পুনরায় সংসারে ফিরিয়া ...পারেন।

অদ্বিতীয়তত্ত্বের যেসব এই দৃষ্টান্তের ...লে জগৎ ও ব্রহ্মের ভাব হইয়া গেলো, ...হইতে দুটী পাওয়া যায়। তাঁহাদের ...ও উপনিষদে মতো ভেদ আছে। ...হাদের ধারণা, উপনিষদে একটী অমিশ্র কথা বিশেষ, উহা হইতে কোন প্রকারে ...পাইলেই তাঁহারা 'সখা পাইয়াছি' ...মনে করেন। কিন্তু দ্বৈতবাদের বিরোধে এই দুইটের মধ্যে কোন ...ই নাই, উপনিষদ সন্ধান পাইলেও ...পরিত্যাগ করা বা এই উপনিষদ ...হইতে দুটী পাইবার আবশ্যকতা থাকে না। ...হইতে উপনিষদ উদ্ধারের নাম হইবে ...র্থাৎ জাগতিক জ্ঞান সম্পূর্ণ পৃথক ...স্তিক অভিজ্ঞতা ও ইন্দ্রিয়সম্বন্ধি ...ইয়া উপনিষদের অর্থাৎ জাগতিক ইন্দ্রিয়াতীত ...র মেখিবার প্রয়াসের নাম 'আরোহবাদ'। ...দ্বারা বাস্তব বা অধোক্ষজ বস্তুর জ্ঞান ...হয় না। বাস্তব বস্তু অনেক সময় ...বাদিকগণের মনোদর্পের ঢাকে কাল্পনিক বস্তুসমূহে গঠিত হইয়া কাল্পনিক জ্ঞান ...করাইলেও তাহা বাস্তব জ্ঞান হইতে ...যোজন দূরে অবস্থিত।

কোনও বস্তুবিষয়ের জ্ঞান দুই প্রকারে ...হইলেও ইন্দ্রিয়জ জ্ঞানের দ্বারা ...রোহবাদাশ্রয়ে 'বাস্তব'-সত্তাবস্তু নির্ণীত ...তে পারে না। কিন্তু বাস্তব জ্ঞান ...ৎ সেই নিত্য সত্তাবান্ বস্তু হইতে ...ষ্ট হইয়া আমাদের শরণাগতিতে ...লে সেই জ্ঞানের দ্বারা বাস্তব বস্তুর ...উপলব্ধি হইতে পারে। অন্ধকার ...তে বিষয়জ্ঞানের যাবতীয় ইন্দ্রিয়জ ...দের অভিজ্ঞতা দ্বারা চালিত হইয়া কোটি ...টি আলোকের সাহায্যে সূর্য্যালোকের ...া করিলেও যেমন সূর্য্যদর্শন সম্ভবপর ...না, কিন্তু সূর্য্য হইতে আলোক নির্গত ...া যখন আমাদের চক্ষুগোলককে পতিত ...তখন চক্ষুতে কোন বাধা না থাকায়, ...নৈকান্তিকভাবের দ্বারা সূর্য্যদর্শন সম্ভব ...তদ্রূপ বাস্তব বস্তুর জ্ঞানটি সেই ...ব বস্তু হইতে কৃপাপূর্ব্বক অবতরণ ...। আমাদিগকে বাস্তব বস্তু দর্শন ...তাহলে আমাদের বাস্তব বস্তু দর্শন সম্ভব ...ব বস্তু বিষয়ে বাস্তব জ্ঞান লাভ হয়। ...র নাম অবরোহবাদ, অবরোহবাদ বা ...ত দেখা পথ।

...ধোক্ষজ শ্রীকৃষ্ণই একমাত্র বাস্তব বস্তু। ...ক অধোক্ষজকে বস্তুর স্বরূপ, বস্তুর ...গুণ ও ক্রিয়াজ্ঞান লাভ হয়। যেখানে আত্মগতাধ্যক্ষের অভাব, সেইখানেই অহঙ্কার আসিয়া ভক্তিপথ হইতে জীবকে বিচ্যুত করে। সেই সময়েই জীব বাস্তব-বস্তুজ্ঞানবিহীন হন। বাস্তব বস্তুজ্ঞানই জীবাত্মার স্বতঃজ্ঞান। আত্মার পারম্পর্য্যক্রমে বাস্তব জ্ঞান জীবের ভক্তিদ্বারে জন্ম হয়। শিক্ষাষ্টকে শ্রীচৈতন্যদেব ইহাই শিক্ষা দিয়াছেন যথা, 'তৎকৃপা মামহিজ্ঞানাতি যোগেন ন্যস্তধীঃ' অর্থাৎ নিষ্কপট ভক্তির উদয়েই জীব সর্ব্বতোভাবে বাস্তব বস্তু শ্রীহরিকে জানিতে পারেন। ইন্দ্রিয়-সকল ইন্দ্রিয়াতীত বাস্তববস্তুর জ্ঞান প্রদান করিতে অসমর্থ। এই জন্যই প্রপঞ্চে আসক্তি পরিহার করিয়া সাধুর মুখবিনিসৃত ভগবৎসম্বন্ধিনী সিদ্ধান্তী কথা নিজ নিজ স্থানে অবস্থান পূর্ব্বক শ্রবণ করিয়া কথা-মনোবাক্যে আলোচনা করিলে ক্রমশঃ ভেদজ্ঞান অপসৃত হইয়া অসীম জ্ঞানভাণ্ডারের মালিক হইবার আমাদের আত্মিক রক্ষা বাবদ্ধি আধ্যাত্মিক জ্ঞানকে বিকার করত উহার অকিঞ্চিৎকরত্ব প্রতিপাদন করিবার জন্য সেই বাস্তববস্তুর সুর করিয়া বলিয়াছেন,—

"স্বাস্তে গ্রাম্যসুখপ্রায় নরত্ব এব
জীবন্মৃতস্তদমৃতাব্ধিবরীবর্ত্তীতি।
স্থানে ভবন্তি কৃতিনাং কৃতপাদপদ্মে
যে প্রান্তলশ্চলিত ভিন্নতোভপাসি
ত্রৈগুল্যলোকমসঃ

স্নিগ্ধ শিষ্য

(শ্রীপাদ অতীন্দ্রিয় ভক্তিপ্রকাশক)

কলিযুগের প্রারম্ভে নৈমিষারণ্য নামক বিষ্ণুক্ষেত্রে শৌনকাদি ঋষিগণ শ্রীহরিলোক লাভের উদ্দেশে সত্রযজ্ঞ বহুবর্ষব্যাপী যজ্ঞ আরম্ভ করিয়াছিলেন। একদা প্রাতঃকালে ব্যাসশিষ্য মহাভাগবত শ্রীযুত গোস্বামী শৌনকাদি ঋষিগণের সম্মুখে উপস্থিত হন। অকস্মাৎ সভামধ্যে আগত শ্রীযুত গোস্বামীকে পরম আদরের সহিত আসনে উপবেশন করাইয়া শৌনকাদি ঋষিগণ শ্রেয়োলাভের উদ্দেশে তাঁহার নিকট অতি বিনীতভাবে কতকগুলি প্রশ্নের উত্তর প্রার্থনা করিয়াছিলেন। শৌনকাদি ঋষিগণ শ্রীযুত গোস্বামী প্রভুকে অতিশয় স্নিগ্ধ স্বভাবী শিষ্য দর্শন করত বলিয়াছিলেন—

যদি বেদবিদাং শ্রেষ্ঠো ভগবান্ বাদরায়ণঃ।
অনো ন মুনয়ঃ সূত পরাবরবিদো বিদুঃ॥
বেত্থ ত্বং সৌম্য তৎসর্ব্বং তত্ত্বতস্তদনুগ্রহাৎ।
ব্রূয়ুঃ স্নিগ্ধস্য শিষ্যস্য গুরবো গুহ্যমপ্যুত॥

অর্থাৎ হে সৌম্য সূত! ভগবান বেদব্যাস যাহা জানেন এবং সনক ও শুকাদীত ধীমদ্বিষ্ণু ব্রহ্মের স্বরূপ যে-সকল অপর মুনি অবগত আছেন, আপনি তাঁহাদিগের কৃপায় সেই ইতিহাস পুরাণাদি সমস্তশাস্ত্রই যথার্থ জ্ঞাত আছেন কেন না স্নিগ্ধস্বভাব অর্থাৎ শ্রীতিশীল শিষ্যের নিকটই গুরুবর্গ অশিনিগূঢ় রহস্যও ব্যক্ত করিয়া থাকেন।

যদি কোন শিষ্য গুরুপূর্ব্বক গুরুদেবের আদেশ পালনে রত থাকেন, তাহা হইলে তিনি নিজ গুরুদেবের প্রেম আকর্ষণে সমর্থ হন। গুরুদেবের গুরু ধারণ অনিবার্য্য শিষ্যই শ্রেষ্ঠ শিষ্য। শ্রেষ্ঠ শিষ্যকে গুরুদেব কখনও ত্যাগ করেন না। গুরুদেব শ্রেষ্ঠ শিষ্য দ্বারা যে আনন্দের মূল হইতে আকর্ষণকে লাভে সমর্থ হন অন্য শিষ্যের দ্বারা তাহা সম্ভবপর হইতে পারে না, ইহা নিশ্চয়ই সত্য।

পুরাকাল গুরুদেবের আদেশ পালন করিতে অনেক শিষ্যই সক্ষম হন নাই। কাজেই শ্রেষ্ঠ শিষ্য হইতে তাঁহারা গুরু কৃপার ভাগী হন নাই। ইহাতে বুঝা যাইতেছে যে, গুরুদেবের প্রেম আকর্ষণে সক্ষম ও তাঁহার স্নেহাধীন হইয়া আধ্যাত্মিক জ্ঞান লাভের জন্য গুরুদেবের নিকট হইতে যাহা লাভ করিতে পারেন, তাহা নিতান্ত সামান্য নহে।

...ধ্যযুগের স্নিগ্ধ শিষ্যের ... পূর্ব্বে বিবরণ। ইহার কারণ অনুসন্ধান করিলে বুঝিতে পারা যায় যে, বর্ত্তমানের শিক্ষার ফলে ছাত্র ও শিক্ষকের ভাব উভয় হইতে বিপরীত হইয়াছে। সেজন্য কোন শিক্ষক কোন ছাত্রের সম্মুখে ... করিলে ছাত্রগণ অধিকাংশ স্থলে শিক্ষকের নিকট হইতে শিক্ষা গ্রহণ করিতে ইচ্ছুক হন না। অধিকন্তু শিক্ষার্থীকে শিক্ষকের ... আশা করিতে দেখা যায়। ছাত্রেরা অজ্ঞতাবশতঃ কখনও কখনও গুরুস্থানীয় শিক্ষককে সদ্গুরুজ্ঞানে আশ্রয় করিয়া থাকেন। যেহেতু কোন গুরুকরণ ব্যতীত শিক্ষালয়ে কোন শিক্ষকের আশ্রয় গ্রহণে বাধ্য ছিলেন না, সুতরাং তাঁহারা শাস্ত্রের নিগূঢ় রহস্য বুঝিতে অক্ষম হন অনধিকারবশতঃ তাঁহারা নিজ নিজ শিক্ষাপ্রদান ব্যক্তিদিগকে গুরুজ্ঞানে সুপ্রতিষ্ঠিত করিতে পারেন না।

শ্রীগদাই-গৌরাঙ্গের নিত্য সেবা। রক্ষক—শ্রীপূর্ণপ্রজ্ঞ ব্রহ্মচারী, শ্রীমঙ্গলাল ব্রহ্মচারী

(১৭) শ্রীভাগবতজনানন্দ মঠ

চিকলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্বিকা-গিরিধারীর নিত্যসেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীনরোত্তমদাসী।

(১৮) আমলাযোড়া শ্রীপদ্মাশ্রম

রাজবাঁধ পোঃ বর্দ্ধমান।

শ্রীগুরুগৌরাঙ্গ-শ্রীগান্ধর্বিকা গিরিধারী নিত্যসেবা। রক্ষক—ব্রহ্মচারী শ্রীনন্দ-কিশোর।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

পুরীধাম, পুরী, উড়িষ্যা।

এখানে শ্রীগৌর-বিনোদবাণীর নিত্য-সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপদ্মানন্দ বিদ্যারত্ন, ব্রহ্মচারী শ্রীমধুসূদন, শ্রীপরেশানুভব ব্রহ্মচারী শ্রীবাসুদেব ব্রহ্মচারী, ভক্ত শ্রীনিমাই।

(২০) শ্রীব্রজ-গৌড়ীয় মঠ

আলবরনাথ, ব্রজমণ্ডল পোঃ, খুরী।

ব্রজমণ্ডলদেবের অন্তরঙ্গ সম্বন্ধে শ্রীকৃষ্ণ-চৈতন্য প্রচার। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমেশ্বরী প্রসাদজী। সহকারী—ব্রহ্মচারী শ্রীবিপিনবিহারী।

(২১) শ্রীসচ্চিদানন্দ মঠ

উড়িয়াবাজার, ঢাকা।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-বিনোদবাণীর নিত্যসেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীগোপাল শ্রীরাধারমণ ব্রহ্মচারী

(২২) শ্রীসনাতন-গৌড়ীয় মঠ

৯৭৫ জগন্নাথদেবপুরী, কাশী।

গৌর-পরাজপুর সনাতন-শিক্ষাপ্রচার এখানে গৌরসেবা বর্তমান। রক্ষক—শ্রীজানকীনাথজী, শ্রীগঙ্গাধর ব্রহ্মচারী

(২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

শ্রীধাম মায়াপুর, শ্রীধাম বৃন্দাবন।

শ্রীশ্রীরাধা-ব্রজ-মোহনজীর সেবা। রক্ষক—শ্রীগোপালিনাথ ব্রহ্মচারী

(২৪) শ্রীপরমহংস মঠ

নৈহিয়াগঞ্জ, সাঁতাপুর

এখানে শ্রীভাগবত পাঠশালা শ্রীগৌর-বিনোদ বিগ্রহজীর সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীনৃসংহানন্দ ও ব্রহ্মচারী শ্রীনন্দদুলাল।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ

চুপুরকুড়ি, চিরকুণ্ড, মানভূম, ধানবাদ। শ্রীচৈতন্য-মঠের শাখা। রক্ষক—শ্রীগৌরাঙ্গ দাস, শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী, শ্রীগৌর গোপাল ব্রহ্মচারী।

(২৬) শ্যামগৌড়ীয় মঠ

কুরক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল। এখানে শ্রীগৌরাঙ্গবিনোদ-বাণীর সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীসুন্দরানন্দ, শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

(২৭) রাজবলহাড়া শ্রীপদ্মাশ্রম-মঠ

রাজবলহাড়া, পোঃ মাহু, হাওড়া

এখানে বহু লুপ্তপ্রায় শ্রীগৌড়ীয় গ্রন্থ সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীরাধাকৃষ্ণ দাস, শ্রীনরহরি ব্রহ্মচারী।

(২৮) গিরি গোড়ীয় মঠ—কাঁদোয়া

৫৭৫ গোপীকান্ত, ডাকঘর লেন, নিউ গিরি

রক্ষক—ব্রহ্মচারী শ্রীনরহরি, শ্রীমুকুন্দ শ্রীরাধারমণচরণদাস

(২৯) খোয়ালপাড়া শ্রীপদ্মাশ্রম

রক্ষক—ব্রহ্মচারী শ্রীরাধারমণদাস

(২) শ্রীগৌড়ীয় মঠ

১৩ নং কানিংস্ট্রীট চক্রবর্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

টেলিফোন বি, বি, ৪১১৫

শ্রীমদ্ভক্তিপ্রজ্ঞান কেশব গোস্বামী শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ১৩২৫ সনে শ্রীগৌড়ীয় মঠ প্রতিষ্ঠা করেন। এই মঠ হইতে শ্রীগৌড়ীয় মাসিক পত্রিকা প্রকাশিত হইতেছে। ইহা ব্যতীত শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর, শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও অন্যান্য আচার্যবর্গের বাঙ্গালা ও সংস্কৃত গ্রন্থাবলী মুদ্রণ ও প্রচার করিতেছেন। এই মঠ হইতে শ্রীগৌড়ীয় ভাষ্য, শ্রীমদ্ভাগবত, শ্রীচৈতন্যচরিতামৃত, শ্রীগীতা, উপনিষদ্ প্রভৃতি গ্রন্থ প্রকাশিত হইতেছে। শ্রীমঠে নিত্য শ্রীমদ্ভাগবত পাঠ, সঙ্কীর্তন, মহাপ্রসাদ-সেবা, শ্রীমদ্ভাগবত, শ্রীচৈতন্য-চরিতামৃতাদি-লীলা ও তত্ত্বগ্রন্থের সমাক্ আলোচনা হইয়া থাকে। মঠরক্ষক—আচার্যাভিমানী শ্রীপাদ কৃষ্ণকিশোর বিদ্যাভূষণ। সহকারী—পণ্ডিত শ্রীপাদ অনন্তবাসুদেব পদবিদ্যাভূষণ বি-এ, শ্রীপাদ নারায়ণী ব্রহ্মচারী, শ্রীপাদ জগদ্ধাত্রী দাসাধিকারী বি-এ, শ্রীপাদ জয়গোপাল দাসাধিকারী, ব্রহ্মচারী শ্রীকীর্তনানন্দ, ব্রহ্মচারী শ্রীগদাধরানন্দ, ব্রহ্মচারী শ্রীমধুসূদন, পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ পরিব্রাজকাচার্য সম্প্রদায়বৈভবাচার্য, শ্রীঅমরেন্দ্রনাথদাসাধিকারী বি-এ, শ্রীকেশবমন্দির ব্রহ্মচারী বি-এল, শ্রীমধুসূদন ব্রহ্মচারিণী, শ্রীবিশ্বম্ভর ব্রহ্মচারী, শ্রীগুরুগৌরাঙ্গ ব্রহ্মচারী প্রভৃতি।

প্রতারণার অদ্ভুতকন্দী
লাল এম. এ, ডিগ্রীর সাহায্যে বিবাহ

গত ১৩ই জুন এডভোকেট শ্রীযুত [illegible] ভট্টাচার্য্য গোয়েন্দা বিভাগের [illegible] পুলিশ কমিশনারের [illegible] এই [illegible] এক আবেদন পত্র [illegible] করিয়াছেন যে, জনৈক বাঙ্গালী যুবক জাল [illegible], এ, ডিপ্লোমা ও মেডিকেল সার্টিফিকেটের সাহায্যে বহু অভিভাবককে প্রতারিত করিয়াছে। সে আহিরিটোলার [illegible] প্রকাশ করিয়াছে, সে একজন [illegible] ডাক্তারী অধ্যয়নে আগ্রহশীল [illegible] কাজ ছাড়িয়া দিয়াছে। প্রসঙ্গে সে এম. এ, পাশ বলিয়াও [illegible] করিয়াছে। এই ভাবে তিনজন [illegible] ভদ্রলোককে সে প্রতারিত করিয়া [illegible] তাহাদিগকে তাহার নিকট মেয়ে বিবাহ [illegible] রাজী করাইয়াছে। সেই সম্পর্কে [illegible] তাহাদের পরিবারের নিকট হইতেই [illegible] বহু টাকা গহনা ও অলঙ্কার আদায় [illegible]।

ডেপুটী পুলিশ কমিশনার এডওয়ার্ডের [illegible] বক্তব্য শুনিয়া এই সম্পর্কে থানায় [illegible] করিবার জন্য জনৈক পুলিশ [illegible] স্পেক্টরকে আদেশ দেন। গত [illegible] রবিবার সন্ধ্যার সময় এই সম্পর্কে [illegible] বিবাহ রোডের একটী বাড়ীতে থানা-[illegible] হইয়া গিয়াছে। এখানে একজন [illegible] লোককেও গ্রেপ্তার করা হইয়াছে।

[illegible] ছাড়া মণিলা ভট্টাচার্জী, ভবিমোহন [illegible] ভট্টাচার্জী ও সুশীলা দেবী নামক আরও [illegible] জনকেও গ্রেপ্তার করিয়া অতিরিক্ত [illegible] প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেটের এজলাসে [illegible] হাজির করা হইয়াছিল। তাহাদিগের [illegible] প্রত্যেককে হাজার টাকার জামিনে [illegible] ছাড়িয়া দেওয়া হইয়াছে।

পাঁজার দোকানে শান্তিপূর্ণ পিকেটিং

[illegible] অসহযোগ আন্দোলনের [illegible] হইতেই কংগ্রেসের কাজ [illegible] চলিতেছে। কংগ্রেস স্বেচ্ছা-[illegible] স্বরূপ বাঙ্গালী বোর্ডিংয়ে শান্তি-[illegible] পিকেটিং চালাইতেছে। সম্প্রতি [illegible] জন সার্জেন্ট কংগ্রেস ও ছয় জন [illegible] স্বেচ্ছাসেবককে এখানে মোতায়েন করা [illegible] হইয়াছে। এরূপ প্রকাশ যে, শীঘ্রই [illegible] এখানে একটী পুলিশ ফাঁড়ি স্থাপন করা [illegible] হইবে।

দেশীয় নৃপতির ক্ষমতা লোপ

পরেরপুরের মহারাজা নামক দেশের জনৈক [illegible] নৃপতি ভারত সরকারের সহিত [illegible] পরামর্শ করিয়া বোম্বাই সরকার রাজ্যের রাজস্ব লইয়া গোলমাল করিবার অপরাধে সম্প্রতি তাঁহার হস্ত হইতে যাবতীয় ক্ষমতা কাড়িয়া লইয়াছেন।

দীর্ঘকাল যাবৎ রাজ্যের সাহিরে বাস করিয়া রাজ্যের যাবতীয় রাজস্ব একত্রে [illegible] গোপনে নষ্ট করার দরুণ এই চূড়ান্ত ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে। তৎপরে রাজস্ব সচিব মিঃ ডাউনকে উক্ত রাজ্যের পরিচালক নিযুক্ত করা হইয়াছে।

কি পরিমাণ অর্থ আত্মসাৎ হইয়াছে সঠিক জানা যায় নাই, তবে বুঝিতে পারা গিয়াছে যে রাজ্যের যাহা ক্ষমতা তাহা অতিক্রম করা হইয়াছে। মনে হয় রাজ্যের বর্ত্তমান বাৎসরিক আয় অনেক পরিমাণে কমাইয়া দেওয়া হইবে। রাজ্যের বার্ষিক আয় ২৪ লক্ষ টাকা।

কাশীতে শ্রীযুত সুভাষচন্দ্রের জাতীয় পতাকা উত্তোলন

শ্রীযুত সুভাষচন্দ্র বসু একজন প্রাচীন কংগ্রেস কর্ম্মী কে টেলে এক মহা নারী [illegible] হইতে যে [illegible] উচ্চ সম্বন্ধে [illegible] করেন। সেখান হইতে তাঁকে [illegible] মহকে হে মাননীয় চরের [illegible] হইয়া [illegible] করা [illegible] মেরে [illegible] পাকে [illegible] হইলে, চিত্ত-রঞ্জন [illegible] কাগজটির প্রথম [illegible] শ্রীযুত বসু [illegible] পতাকা উত্তোলন করেন।

পাঁচ আনার [illegible] বৎসর সশ্রম কারাদণ্ড

[illegible] প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট মিঃ [illegible], বিশ্বনাথ [illegible] নামক [illegible] আনামের এক বৎসর সশ্রম কারাবাসের আদেশ দিয়াছেন। সে কর্পোরেশন [illegible] দোকান হইতে পাঁচ [illegible] করিয়াছিল। সেখ [illegible] পুরা এক পয়সা হওয়ায় পুলিশ [illegible] গ্রেপ্তার করে।

দেশের ভাগ্যাকাশ সম্বন্ধে
খাঁ বাহাদুর লোহার অজ্ঞতা

খান আবদুল গফুর খান শ্রীযুত দেশবন্ধু গান্ধীর সহিত [illegible] তালুকের গ্রামে গ্রামে ঘুরিয়া বেড়াইতেছেন। বক্তৃতাপ্রদান কালে তিনি গ্রামবাসীগণ যে তাহাদের ভাগ্য দ্বারা মনস্থা গান্ধী ও সরাজ দলকভাই প্যাটেলের ভাগ্য [illegible] করিতে পারিয়াছে, তজ্জন্য তাহাদের প্রশংসা করেন। যদি প্রয়োজন হয় তবে ভবিষ্যতে অধিকতর [illegible] ত্যাগের নিমিত্ত প্রস্তুত থাকিতে তিনি তাহাদিগকে সনির্ব্বন্ধ অনুরোধ জানাইয়া বলেন, "আমরা গবর্ণমেণ্টের সহিত লড়াই করিতে চাহি না; কিন্তু যদি আমাদের দাবী পূরণ করা না হয়, তবে অহিংসা সংগ্রাম পুনরায় আরম্ভ করিতে হইবে।"

শ্রমিকের নিকটে পিস্তল ও টোটা

প্রকাশ, গত বুধবার অপরাহ্নে বাঙ্গলা পুলিশের গোয়েন্দা বিভাগের লোক শিয়ালদহ গবর্ণমেণ্ট পুলিশের সহযোগিতায় শিয়ালদহ যেন ষ্টেশনের তৃতীয় শ্রেণীর ওয়েটিং রুমে আবদুল জলিল ও শ্রীকিষেণ মালদা নামক জনৈক শ্রমিককে গ্রেপ্তার করিয়াছে। আরও প্রকাশ যে, তাহাদের শরীর তল্লাসী করিয়া একটী পিস্তল, পাঁচটি তাজা কার্ত্তুজ ও একখানা ছোরা পাওয়া গিয়াছে। ঐগুলির জন্য তাহাদের নিকট কোন লাইসেন্স ছিল না। তাহাদিগকে পুলিশ হাজতে রাখা হইয়াছে। তদন্ত চলিতেছে।

শিয়ালকোটে গুলী দুর্ঘটনার জের

প্রকাশ, শিয়ালকোটে গুলী দুর্ঘটনা সম্পর্কে পাঞ্জাব পুলিশ কোয়েটায় সাধীলাল, রোসনলাল এবং কেশরাম নামক তিনজন লোককে গ্রেপ্তার করিয়া পুনরায় ছাড়িয়া দেয়। বেলুচিস্থানের পুলিশ তাহাদিগকে পুনরায় গ্রেপ্তার করিয়াছে। এরূপ অনুমিত হয় যে, সীমান্ত প্রদেশের আইনের ৮৯ বেং ৪০ ধারানুযায়ী তাহাদের বিচার হইবে।

দারোগার কর্ম্মচ্যুতি
পেজ্জাপুরে লাঠি বাজির জের

গান্ধী-আরুইন চুক্তির পর পেজ্জাপুরে উচ্চ ইংরাজী বিদ্যালয়ে লাঠিবাজী করার সম্পর্কে দারোগা কৃষ্ণমূর্ত্তিকে নাকি কর্ম্মচ্যুত করা হইয়াছে।

কলিকাতা কর্পোরেশন

বুধবার দিন কলিকাতা কর্পোরেশনের সভায় পলতা জলের কলের কিস্তীর [illegible] বাবদ ৯১,১৫২ টাকার কাজের [illegible] কোম্পানী ই. সি. মুখার্জ্জি এণ্ড কোম্পানীর টেণ্ডার গ্রহণ করিয়াছেন। উক্ত ১৯৩১ সনের ১লা জুলাই হইতে আরম্ভ হইয়া ১৯৩২ সনের মে মাস পর্য্যন্ত স্থায়ী হইবে। তারপর ২।১ বৎসরের জন্য সময় বৃদ্ধি করা কর্পোরেশনের ইচ্ছাধীন।

১৯৩১ সনের জুলাই মাসে ম্যানচেষ্টারে [illegible] ইণ্ডিয়ান ইন্ষ্টিটিউটের উদ্যোগে কংগ্রেসে কলিকাতা কর্পোরেশনের পক্ষে ডাঃ কে, সি, ভট্টাচার্য্য ও ডাঃ কে, চক্রবর্ত্তীকে প্রতিনিধি নিযুক্ত করা হইল, তাঁহারা দুইজনেই বর্ত্তমানে লণ্ডনে আছেন।

কানপুরে আবার আতঙ্ক

চেলাম রথযাত্রার জন্য সহরে আবার আতঙ্কভাবের সৃষ্টি হইয়াছে। ফলে কর্ত্তৃপক্ষ ১৪৪ ধারা জারী করিয়াছেন। আবার কোন প্রকার অত্যাহিত ব্যাপার সংঘটিত না হয় সে জন্য সর্ব্বপ্রকার সতর্কতা অবলম্বন করা হইতেছে।

ধর্ম্মত্যাগিদের স্বধর্ম্মে স্থাপন

স্থানীয় প্রাদেশিক হিন্দু সভার সহকারী সম্পাদক প্রকাশ করিয়াছেন—সুনাম গঞ্জের নমঃশূদ্রগণ সীয় মুসলমান ধর্ম্মগ্রহণ করিলে, এই সংবাদ সম্পর্কে স্থানীয় প্রাদেশিক হিন্দু সভা কিশোরগঞ্জ হিন্দু সভার সম্পাদক শ্রীযুত মদনমোহন আদিত্যকে প্রেরণ করিয়াছেন। স্থানীয় প্রতিনিধি নমঃশূদ্র নেতাগণের সহিত তিনি উক্ত স্থানে যাত্রা করিয়াছেন। ঢাকা জিলার হিন্দু সভাও তাঁহাদের কর্ম্মী শ্রীযুত প্রাণেশচন্দ্র রায়কে সুনামগঞ্জে প্রেরণ করিয়াছেন। আবশ্যক উপযুক্ত ব্যবস্থা করিবার উদ্দেশ্যে প্রাদেশিক হিন্দু সভা উপযুক্ত পন্থা অবলম্বন করিয়াছেন।

ডাকঘরে বোমা প্রাপ্তির জের
২ জন পুলিসের হেপাজাতে

শ্যামবাজার ডাকঘরে পার্শেল গ্রহণ স্থানে একটী সাংঘাতিক বোমা প্রাপ্তি সম্পর্কে যে শ্রীযুক্ত কবীরুদ্দীন হাসনাত ও শ্রীযুক্ত প্রফুল্লকুমার সেকে গত মঙ্গলবারে পুনরায় জোড়াবাগানের অতিরিক্ত চীফ প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট খাঁ বাহাদুর নাসির উদ্দীন আমেদের আদালতে উপস্থিত করা হয়।

পুলিস তদন্ত অদ্যাপি শেষ না হওয়ায় সন্দেহক্রমে ধৃত উক্ত ব্যক্তিদ্বয়কে আগামী ২৩শে জুন পর্য্যন্ত পুলিসের হেপাজাতে রাখিবার আদেশ প্রদত্ত হইয়াছে। পুলিস তদন্ত চলিতেছে।

আখাউড়ায় মুসলমান সভা

ব্রাহ্মণপুরে আখাউড়া কংগ্রেস কমিটির প্রেসিডেন্টের বাড়ীতে সংপ্রতি মুসলমান মহিলাদিগের এক সভা হইয়া গিয়াছে। সভায় প্রায় দুই শত মুসলমান মহিলার সমাগম হইয়াছিল। মৌলভী আবদুল বাসক জাতীয় আন্দোলনে মহিলাদিগের কর্ত্তব্য সম্বন্ধে বক্তৃতা করিয়াছেন।

"শ্রীরাম"
নবদ্বীপ

Reg No C.1544

বিজ্ঞাপনের হার
প্রতিবার
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩৲
সিকি কলম ২৲
চুক্তির হার
স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

সাধারণ হার
আগ্রিম দেয়
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৷৷০
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৵৫

ভারতের সর্ব্বাধিক প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৬ষ্ঠ খণ্ড] সম্পাদক—শ্রীঅতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [৯৩তম সংখ্যা

শ্রীচৈতন্যাব্দ শ্রীরাম মায়াপুর—৭ই আষাঢ় সোমবার ১৩৩৮, ২২শে জুন ১৯৩১

নানা কথা

গান্ধীজি ও লণ্ডন বৈঠক

কংগ্রেস ওয়ার্কিং কমিটীর যে অধিবেশন হইয়া গিয়াছে তাহার আলোচনা বাহিরে প্রকাশ পায় নাই। কিন্তু মহাত্মাজী তাঁহার 'ইয়ং ইণ্ডিয়া' পত্রিকায় যে প্রবন্ধ লিখিয়াছেন তাহাতে তাহার কিছু কিছু আভাস পাওয়া গিয়াছে।

মহাত্মাজী এই প্রবন্ধে লিখিয়াছেন যে, "হিন্দু মুসলিম সমস্যার যদি সমাধান না হয় তাহা হইলে বর্ত্তমান গোলটেবিল বৈঠকের নিকট হইতে স্বরাজ প্রাপ্তির আশা কংগ্রেসকে ত্যাগ করিতে হইবে এবং যতদিন পর্য্যন্ত সর্ব্ব সম্প্রদায় নিছক জাতীয় সমস্যার সমাধানে উদ্যোগী না হইতেছে ততদিন পর্য্যন্ত কংগ্রেসকে অপেক্ষা করিয়া থাকিতে হইবে।

তিনি বলিয়াছেন যে, কংগ্রেস যতদিন অন্যান্য সম্প্রদায়ের নিকট সমভাবে প্রিয় না হইয়া উঠিতেছে ততদিন অপেক্ষা করিয়া থাকা ভাল। কৃত্রিম আবহাওয়ার মধ্যে জোর করিয়া স্বরাজ আনয়ন করা অপেক্ষা, অপেক্ষা করা অনেক ভাল। তিনি লিখিয়াছেন,—"কিন্তু আমি যখন কংগ্রেস কমিটীর প্রস্তাব বাহির করিয়াছি, তখন আমি পূর্ণ বিশ্বাসে উহার মর্ম্ম পালন করিয়া চলিব এবং গোলটেবিল বৈঠকে যোগদান করা যদি আমার কর্ত্তব্য বলে তাহা হইলে আমি তখনই উহা সাগ্রহে নিষ্পন্ন করিব।"

গান্ধীজী ও লণ্ডন বৈঠক

কৃষ্ণনগরে দেশবন্ধু স্মৃতিদিবস পালন

কৃষ্ণনগরে গ্রেপ্তার

কৃষকদের চাঞ্চল্যে পণ্ডিত জহরলাল নেহেরু

সমর-ঋণ

গুর্খাদের সাহায্যে চারটী গ্রামে ঘেরাও

নূতন ষড়যন্ত্র মামলা

স্বামী এবং সন্তান হত্যায় স্ত্রীলোকের ফাঁসী

বর্ম্মা বৈঠক

১৫ মাইল সন্তরণ প্রতিযোগিতা

কৃষ্ণনগরে দেশবন্ধু স্মৃতি দিবস

গত ১৭ই জুন কৃষ্ণনগরে দেশবন্ধু দিবস যথারীতি পালিত হইয়াছে। কৃষ্ণনগর কংগ্রেস কমিটীর উদ্যোগে একটি শোভাযাত্রা দেশবন্ধুর একখানি চিত্র ও জাতীয় পতাকাসহ সহরের রাজপথগুলি পরিভ্রমণ করে। রামযোগাল টাউন হল প্রাঙ্গণে বিপুল বন্দেমাতরম্ ধ্বনির মধ্যে মৌলভী আসরফউদ্দিন চৌধুরী জাতীয় পতাকা উত্তোলন করেন। জাতীয় মুসলিম দলের মৌলভী সামসুদ্দিন আমেদের সভানেতৃত্বে সন্ধ্যাকালে এক জনবহুল সভার অধিবেশন হয়।

কৃষ্ণনগরে গ্রেপ্তার

কৃষ্ণনগর পুলিস গত ১৭ই জুন প্রত্যূষে কৃষ্ণনগর এথেলেটিক ক্লাবের শ্রীযুত মন্মথনাথ প্রামাণিককে গ্রেপ্তার করিয়াছে। আরও প্রকাশ যে, তাঁহার বাটীতে খানাতল্লাসও করা হইয়াছিল, কিন্তু সন্দেহজনক কিছুই পাওয়া যায় নাই। জনরব এইরূপ যে, তাঁহাকে বঙ্গীয় অর্ডিনান্স অনুসারে গ্রেপ্তার করা হইয়াছে।

কৃষকদের চাঞ্চল্যে পণ্ডিত জহরলাল নেহেরু

রায়বেরিলীতে কৃষক চাঞ্চল্যের সূত্র দেখা যাইতেছে। পণ্ডিত মাতাপ্রসাদ মিশ্র ও শ্রীযুত শীতল সাহাই পণ্ডিত জহরলাল নেহরুর সহিত পরামর্শ করিবার জন্য এলাহাবাদে আসিয়াছেন। ইঁহারা প্রাদেশিক কংগ্রেস নেতাদের সহিত সাক্ষাৎ করিয়া এই ভয়ঙ্কর অবস্থা বিষয়ে আলোচনা করিবেন।

পণ্ডিত জহরলাল আগামী সপ্তাহে রায়বেরিলী পরিদর্শন করিতে যাইবেন। অতঃপর প্রাদেশিক কংগ্রেস কমিটী কর্ত্তব্য নির্দ্ধারণ করিবেন। এই সম্পর্কে গঠিত তদন্ত কমিটীও রায়বেরিলী যাইতেছেন।

সমরঋণ

পার্লামেণ্টের রিপোর্ট প্রকাশ, গত ১৫ই জুন পর্য্যন্ত গ্রেটবৃটেন ৬০ কো আর্থাণীর নিকট হইতে ১০,০৬,০০০,০০ পাউণ্ড পাইয়াছে।

ফ্রান্স এ পর্য্যন্ত গ্রেটবৃটেনকে দিয়াছে ৪০০০,০০০ পাউণ্ড এবং আমেরিকাকে দিয়াছে ৯১,২৫২,০০০ পাউণ্ড। ইটালী গ্রেটবৃটেনকে দিয়াছে ২০০০,০০০ পাউণ্ড এবং আমেরিকাকে দিয়াছে ৮,২৫২,০০০ পাউণ্ড।

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও আদর্শচরিত্র শিক্ষকগণ ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে। ছাত্র অতীব স্বাস্থ্যকর।

সবিস্তার সংবাদের জন্য নিম্নলিখিত ঠিকানা পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

—৫১ বৎসরের প্রতিষ্ঠিত—

ঔষধালয়ের প্রস্তুত বটীকা

যাবা শুক্রতারল্য, স্বপ্নদোষ, কোষ্ঠকাঠিন্য, অজীর্ণ, অম্লরস প্রভৃতি কত রোগীর রোগ নিরাময় হইয়াছে তাহা প্রকাশ করিলে বড় বড় পুস্তক হইয়া পড়ে।

ইহা

সকল ঋতুতে ব্যবহার চলে ও সমান ফল প্রদান করিয়া থাকে। প্রতি কৌটায় ৩২ বটিকা থাকে।

কেবলমাত্র

প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা। ইহার নাম "আতঙ্কনিগ্রহ বটীকা"।

অন্যান্য ঔষধের তালিকার জন্য পত্র লিখিলেই পাইবেন

প্রাপ্তিস্থান :—আতঙ্কনিগ্রহ ঔষধালয়

২১৩ নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

কবিতীর্থ পাচন

সর্ববিধ রোগের অব্যর্থ মহৌষধ

মফঃস্বলের সুবিধার জন্য ৩ আঃ শিশিতে ঘনীভূত অবস্থায় ছোটবোতলের ন্যায় ঔষধ ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ১০ আনা, পাঁইট ৷৷৵০ আনা, ছোতল ১৵০ আনা।

অফিস—১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

হোমিওপ্যাথিক

বাদন মঞ্জরী

টীকায় যন্ত্র ও বন্দুকিকার, ইঞ্জিরবাটিত হার্ট, ব্রোঙ্কো ব্রংকাইটিস, অম্লরস, বাতরোগ, মুখ পচা, কাশি, অম্বিয়া প্রভৃতি সকল সহজ নিরাময় হয়। বন্ধ, বীর্য্য, বেগ বৃদ্ধি করিতে অদ্বিতীয় টীকিত। মূল্য ৩০ ফাঁ ১৲ এক টাকা।

"অমৃতং সঞ্জীবানি সুরা"

শিবরাত্রি রোগে যাদুমন্ত্রের ন্যায় আরোগ্য করে। পক্ষাঘাত রোগে অব্যর্থ। মূল্য ৭ ড্রাম ১৲ টাকা।

"মৃতসঞ্জীবনী অশনিবিলাসিনী বাটিকা"

টীকায়োগে অতি সত্বর রোগমুক্তি ধারী ও বৃদ্ধি করিতে অদ্বিতীয়। মূল্য ১০ ফাঁ ১৲ এক টাকা।

ঔষধের জন্য আজ্ঞা—শ্রীশ্রীজী, ম্যানেজারজী

৩ নং ১৭৭নং হারিসন রোড, কলিকাতা।

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস্, এম্, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈদ্যুতিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

৯৮ নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা,

।।

যক্ষায় হতাশ হইবেন না

দৈবপ্রাপ্ত যক্ষার একমাত্র মহৌষধ

পনর দিনে সম্পূর্ণ আরোগ্য

রোগী দেখাইতে হইবে। অগ্রিম পাথেয় পত্র (যাতায়াত এবং আহার) পাঠাইলে গিয়া রোগী দেখা হয় অথবা এখানে আসিলে রোগী দেখিয়া ঔষধ দেওয়া হয় আরোগ্য না হওয়া পর্য্যন্ত পারিশ্রমিক দিতে হইবে না। গভীর রোগীদের যত্ন বহন করিয়া চিকিৎসা করা হয়। বিস্তারিত বিবরণের জন্য এক আনার ডাক টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীকিশোরীমোহন উকীল, যক্ষ্মা-চিকিৎসক, পোঃ নৈকাটী, ব্রহ্মপাড়া।

অথবা নিম্ন ঠিকানায় সাক্ষাৎ করিয়া বিস্তারিত জানিতে পারেন।

শ্রীযুত রাধাগোপাল বসু এম্, এ, কৃষ্ণনগর, নদীয়া। শ্রীযুক্ত ধরণীধর সিংহ, ১১৭, বেণিয়াটোলা ষ্ট্রীট, হাটখোলা, কলিকাতা।

একখানি পত্র! আমার জ্যেষ্ঠপুত্র গত ৬২ মাস যাবৎ রাজযক্ষ্মায় ভুগিয়া মৃতপ্রায় হইয়াছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাহার জীবনের আশা ত্যাগ করিয়া শেষ মুহূর্ত্তের জন্য অপেক্ষা করিতেছিলেন এই সময় শ্রীযুত কিশোরীচন্দ্র উকিল মহাশয় মাত্র ১০ দিন চিকিৎসা করিয়া সম্পূর্ণ আরোগ্য করিয়া দিয়াছেন। (সাঃ) শ্রীবীরেন্দ্র কিশোর রায় চৌধুরী (জমিদার পাবনা) ৪নং ষ্ট্রীট, নিউ বিল্ডিং। করপোরেশন ষ্ট্রীট ডিপার্টমেন্ট, কলিকাতা।

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার—গ্রন্থবিভাগ

শ্রীমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেন গ্রাহকগণ

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কসে

এত প্রশংসা করেন

—কারণ—

এখানে যাবতীয় ছাপার কার্য্য—

লেটার হেড, মেমো, ফরম্, খাম, ভিজিটারী চেক, বিল প্রভৃতিই বলুন,

বিবাহের নিমন্ত্রণ পত্র, কার্ড, সিলেবের পাতাই বলুন,

আর ৩ রং ও ৪ রংয়ের ডাকটোন ব্লকই বলুন, সকল কার্য্যই অতি শীঘ্র হয়, অথচ ছাপাইবার খরচ বাজার অপেক্ষা সুলভ।

আপনার কিছু ছাপার কার্য্য থাকিলে নিম্নঠিকানায় জানাইলেই হয় পাইবেন।

ম্যানেজার—গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

২৪৩।২ নং আপার সারকুলার রোড, কলিকাতা।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

প্রথম ও দ্বিতীয় খণ্ড

ওঁবিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের লেই অবিদ্যাবিনাশিনী জীবাত্মস্বরূপবোধিনী কৃষ্ণকার্য্যনিষ্ঠাদায়িনী জীবন্মুক্তাবীর মূর্ত্তিমান্ বৈষ্ণবসিদ্ধান্তসরস্বতীর দৈব্যবাণী—সঙ্ঘ অভিধেয় ও প্রয়োজনতত্ত্বের বিজ্ঞানময়ী ভিক্ষা একত্রে ১৸০ আনা মাত্র।

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রেস হইতে—কৃষ্ণকান্তি ব্রহ্মচারী ভক্তিকুসুম এম্, এস্, এল্, কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

-:o:-

দৈনিক নদীয়া-প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠবার্ত্তাবহ

বেদাদি সমস্ত শাস্ত্রশাস্ত্রের অকৃত্রিম ব্যাখ্যাতা

সমগ্র ভারতে একমাত্র সুলভ

দৈনিক পারমার্থিক পত্র

শ্রীমায়াপুর—৭ই আষাঢ় সোমবার—১৩৩৮

অসাম্প্রদায়িক ইতিহাসের সহিত
সৎসাম্প্রদায়িকের তুলনামূলক

ধারাবাহিক গবেষণা

(১)

মহাত্মা তোতারামদাস বাবাজী
কথিত ১৮টী বিশ্বসম্প্রদায়ের মত

(৯) আর্থিক বা স্মার্ত্তবাদ

যাঁহারা কর্ম্মবিপাকমার্গে, কর্ম্মকাণ্ড পদ্ধতি, কৃষ্ণভট্টের কর্ম্মতত্ত্বদীপিকা, কবিরঞ্জনের কলিজকৌতুক, দেবদাসের কৃতাগম, কাম্যসামাজ-প্রয়োগতত্ত্ব, কমলাকরের নির্ণয়সিন্ধু, প্রায়শ্চিত্ত কমল, প্রায়শ্চিত্তপ্রদীপিকা, প্রেতপ্রদীপ, রঘুনাথের স্মার্ত্তব্যবস্থার্ণব, রঘুনন্দনের অষ্টাবিংশতিতত্ত্ব প্রভৃতি আর্থিক, নৈতিক বা কর্ম্মজড়স্মৃতির বিধানানুসারে কর্ত্তব্য নির্দ্ধারণ করেন, তাঁহাদের মতবাদকে আর্থিক বা কর্ম্মজড়-স্মার্ত্তবাদ। স্মার্ত্তগণ বর্ণাশ্রমধর্ম্মপালনের ছলে নিজস্বার্থকাম বা আত্মপ্রীতিরূপ মোক্ষের সন্ধান করিয়া থাকেন। তাহাতে বিষ্ণুপ্রীতির কোন কার্য্য পরিলক্ষিত হয় না। ইঁহারা বিষ্ণুকে 'পরম স্বতন্ত্রপুরুষ' জ্ঞান না করিয়া কর্ম্মফলের অধীন ফলদাতা দেবতাবিশেষ জানেন; বিষ্ণুর নিত্যসচ্চিদানন্দ স্বরূপ স্বীকার করেন না, বিষ্ণুর অবতারাবলীকে, বিষ্ণুবিগ্রহসমূহকে জন্মমৃত্যুর অধীন জ্ঞান করেন; বিষ্ণুভক্তিকে তাৎকালিক বা অন্যান্য নৈমিত্তিকধর্ম্মের অন্যতম মনে করেন; বিষ্ণুভক্তিই একমাত্র উপেয় ও সাধ্য—ইহা কাহাতঃ স্বীকার করেন না; কেবলমাত্র বাহিরের দিকে 'ঈশ্বর-সংস্তব', 'কৃষ্ণার্পণমস্তু', 'বিষ্ণুপ্রীতি' প্রভৃতির সত্তা সংরক্ষণ করিয়া কার্য্যতঃ বিষ্ণুকে গৌণ করিবার চেষ্টা করেন। অন্যান্য দেবতাকে ইঁহারা স্বতন্ত্র ঈশ্বর জ্ঞান করিয়া যৌগিক 'অধিবিষ্ণুক' বিষ্ণুপূজার আদর্শ প্রদর্শন করিয়া থাকেন। বিদ্ধা একাদশী, বিদ্ধা অষ্টমী, বিদ্ধা নবমী প্রভৃতির অনুধাবনে স্মার্ত্তের আদর দেখা যায়। ইঁহারা গঙ্গাকে জীবোদ্ধার পাপ, অশৌচ প্রভৃতি মলরাশি দৌত করিবার বস্তুবিশেষ বা প্রাকৃত তোয়-বস্তুর অন্তরঙ্গরূপে বিচার করেন। স্মার্ত্তসমূহে গঙ্গার ও বৈষ্ণবে দ্বেষবুদ্ধি বর্ত্তমান। শ্রীবিগ্রহ সম্বন্ধে ইঁহাদের ধারণা এই যে, কাষ্ঠপ্রস্তর বস্তুতঃ কাষ্ঠ, পাষাণ, মাটি, পিতল, দেবতারাম তাহাতে কল্পনাবলে ভগবত্তা আরোপিত হইয়াছে। শ্রীবিগ্রহের দেহ-দেবীতে ইঁহারা দ্বেষবুদ্ধি করিয়া থাকেন। স্মার্ত্ত মনে করেন, প্রাকৃত-উপকরণে গঠিত পাষাণাদির নির্দ্দিষ্ট দেহটী থাকিলেই আর মাথা উঠি, অশুচি বিচার থাকিলেই ভগবৎ-পূজার অধিকার লাভ হয়। 'মৃতগতি' অর্থে ইঁহারা বাহ্যদেহের শুদ্ধিকেই মনে করেন। মোট কথা স্মার্ত্তগণ কেবল স্থূল লিঙ্গ উপাধিক দেহবরে আপনাদের সম্বন্ধ যোজনা করিয়া কোন অভিধেয় বা সাধন অবলম্বন পূর্ব্বক আর্থিকধর্ম্মফলে ইহ বা দেবানন্দ বা ভোগানন্দের অনুসন্ধানেই করিয়া থাকেন।

(১০) জাতিগোস্বামীবাদ

ইঁহাদের মতে গোস্বামীর ও আচার্য্যের, গৌরকথাগায়ক—গুরু ও শিক্ষা জীবনাস-প্রথার ন্যায় গৌরকথাগায়ক। শ্রীকৃষ্ণচৈতন্যের অনুগৃহীত, রূপানুগ ব্রাহ্মণ সন্তানের বংশের যে-কোন ব্যক্তির যখন যাহা মত হইবে এবং যে যে বিধি স্থাপন করিবার চেষ্টা হইবে, তাহা বিনাবিচারে বৈষ্ণবসমাজেরই গ্রহণ করা কর্ত্তব্য। গোস্বামী সন্তান—আচার্য্য, সাহেবধনী বাউল, সহজিয়া, কর্ত্তাভজা, আই প্রভৃতি যে কোন মত যখন তিনি অনুসরণ পূর্ব্বক পালন করিতে আদেশ করিবেন, তাহাই গ্রহণ করিতে হইবে, ইহাই বৈষ্ণবতা, অবশিষ্ট যাহা কিছু যথেচ্ছাচারিতা।

(১১) অতিবাড়ীবাদ

উৎকলদেশে জগন্নাথদাস নামক একটী বৈষ্ণবাধম দ্বারা এই মতের উদয় হইয়াছে। শ্রীগৌরাঙ্গের উপদিষ্ট শিক্ষাকে অতিমার্জ্জিত ও অমসৃণ করিবার মানসে এই বাদ সৃষ্টি আবশ্যক হইয়াছিল। এজন্য অতিশয় বাড়িয়া যাওয়ার ইহাদের বাদটী অতিবাড়ি-বাদরূপে পরিচিত। ইহারা আপনাদের বিধিবিধান নিরূপণ করিয়া লইয়াছে। এতদ্ব্যতীত কোন কোন ব্যক্তিতে দুর্নৈতিক আচরণ দেখা যায়। ইহারা নিরাকারবাদী।

(১২) চূড়াধারীবাদ

এই মতটী মায়াবাদেরই প্রকারবিশেষ। ইহারা নিজকে কৃষ্ণ মনে করিয়া কৃষ্ণের ন্যায় শিরে চূড়া ধারণ করে এবং বাঁশী বাজাইতে থাকে। জগতের সকল বস্তুই উহাদের ভোগের উপকরণ। নানারূপ ব্যভিচারই উহাদের সাধন।

(১৩) গৌরনাগরীবাদ

এই মতবাদিগণ শ্রীগৌরসুন্দরের করিত নাগরমূর্ত্তি সৃষ্টি করিয়া তাঁহার নাম, গুণ, রূপ, লীলা সৃষ্ট করিবার প্রয়াস করেন। ইহারা কৃষ্ণের নিত্যা-উপাসনাময়ী মাঁ লাকে অনিত্যা মনে করিয়া সেই স্থানে মাধুর্য্যলীলা স্থাপন করিতে প্রয়াসী। গৌরনাগরীগণ গৌরসুন্দরকে 'নাগরীলম্পট', সন্ন্যাসি-শিরোমণিকে 'রাসক্রীড়ারত', লোকশিক্ষক গুরুকে 'কামুক', গুরুপত্নীকে কামুকী, ব্রজনাগরীভাবে গ্রামস্থ দুর্দ্দিকে 'বিপ্রাদি পরকীয়ারত নাগর', দ্বিভুজকে 'গোপ' বলিয়া কল্পনা করেন। গৌরনাগরী বলেন, গৌরই যখন কৃষ্ণ, তখন বিষ্ণুপ্রিয়াও রাধিকা! রাধিকা ও বিষ্ণুপ্রিয়াদেবীর পার্থক্য এই যে, রাধিকা পাকশাস্ত্রাভিমানী গোপনাগরীশিরোমণি, আর বিষ্ণুপ্রিয়া স্বকীয়াভিমানী নবীনানাগরী। রাধিকার আনুগত্যে গোপনাগরীগণ যেমন কৃষ্ণের ইন্দ্রিয়তর্পণ করিয়াছেন, বিষ্ণুপ্রিয়াকে গৌর-নাগরীশিরোমণি কল্পনা করিয়া আমরাও তদ্রূপ গৌরাঙ্গের ইন্দ্রিয়তর্পণ সাধন করিব। গৌরসুন্দরের নাগরলীলায় ও মহাভাবলীলায় গৌরনাগরীর নিত্য উপস্থিতি হয়। ইঁহারা কল্পনা-প্রভাবে বিষ্ণুপ্রিয়ার 'কাঞ্চনা' নাম্নী সখীর সৃষ্টি করেন। গৌর-নাগরী কৃষ্ণ ও গৌরে ভেদবুদ্ধি করিয়া মনে করেন, গৌরের হাতে যদি বাঁশী না দেওয়া যায়, বিজয়ার গৌরকে যদি গোপালকে পরিণত না করা যায়, সন্ন্যাসিশিরোমণি গৌরকে যদি ছেলেগৌর সাজান না যায়, তাহা হইলে গৌরই যে কৃষ্ণ, তাহা প্রমাণিত হয় না, কিম্বা গৌরের পূর্ব্বভাবা-ভাবও সন্দেহ উপস্থিত হয়। ইঁহারা গৌর-লীলার ও কৃষ্ণলীলার পরস্পর বৈশিষ্ট্য দর্শন করিতে কুণ্ঠিত হন। গৌরনাগরী নরীয়ানাগর পরকীয়াসম্পট এইরূপ অর্থে

ব্যবহার করিয়া মহাপ্রভুর উদ্দেশে ক
থাকেন,—"নদীয়ানাগর, ব্র
সাগর, যুবতীধরন চোর। মো সনে চা
করে ঠারাঠারি যৌবন নহে অন্তর।" ই
পৌত্তলিক, গৌড়ীয়, কেদারী, গৌ
বিলাসিনী তর্কপরাধী ও রসভত্ত্বাভ।

দুর্জ্জন

(শ্রীবঙ্কিমচন্দ্র ন্যায়াধিকারী ভক্তিশাস্ত্রী
সম্পাদক বৈষ্ণবাচার্য্য)

মায়াবদ্ধ সংসারে যাহাদের সুকৃতি অ
সেই ভাগ্যহীন জনগণ ভগবদ্ভজন বি
হইয়া ইন্দ্রিয়তোষণের জন্য কাম ক্রো
লোভ পরায়ণ হওয়ায় অসুর স্বভাব বি
তাহারা নরাধম বলিয়া গণ্য

মাৎসর্য্যপরায়ণ স্বভাবজাত পরহিংসে
ব্যক্তিগণ দুর্জ্জন। নিজের কোন ম
সাধিত না হইলেও অপরকে পীড়া দেওয়
তাহাদের স্বভাব। আবার অনেক স
নিজের কোন গূঢ় উদ্দেশ্য সিদ্ধির জ
অপরের ছোটোমোট করে, পরে তাহ
বিশ্বাস জন্মাইয়া অবসর ক্রমে তাহা
সর্ব্বনাশ করিয়া হিংসাবৃত্তি চরিতার্থ করে
দুর্জ্জন ব্যক্তি বিদ্বান হইলে আরও ভয়ঙ্কর
সেই বিদ্যাবলে অনেক অসৎ কার্য্য করিব
সুযোগ লাভ করে। সাধু মহাজনের নিকট
কপট ভক্ত সাজিয়া তাঁহাদের উপর দৌরা
করে। তাহারা কখনও সত্য আশ্রয়ক
নাই, দয়াগুণ না থাকায় নিষ্ঠুর, অসু
ইন্দ্রিয়পরায়ণ বাধায় তাহাদের সঙ্গ করি
তাহাদের সমস্ত সদ্‌গুণ নষ্ট হইয়া যাই
এবং অসৎকার্য্যে প্রবৃত্তি বৃদ্ধিহেতু আ
ঘাতী হইয়া অধোগতি লাভ করিবে
'দুর্জ্জনঃ পরিহর্ত্তব্যো বিদ্যয়ালঙ্কৃতোঽপি স
মণিনা ভূষিতঃ সর্পঃ কিমসৌ ন ভয়ঙ্করঃ।
সর্পের মস্তকে মূল্যবান মণি থাকিলে
যেমন সর্প হইতে লোকে দূরে অবস্থা
করে, সেইরূপ দুর্জ্জন ব্যক্তিগণ যদি হইলে
তাহার সঙ্গ পরিত্যাগ করিয়া দূরে অবস্থা
করিবে।

যাহারা ভগবৎসেবা হইতে দূরে অবস্থা
করে, তাহারা বড়ই নীতিপরায়ণ হউক ন
কেন তাহারা শ্রীগুরুদেবের অবজ্ঞা, অসূয়া
অসৎ, ইহাদের সঙ্গ সর্ব্বথা পরিত্যাজ্য
মঙ্গলাকাঙ্ক্ষী ভগবদ্ভজনোন্মুখ ব্যক্তি
বিমুখী দুর্জ্জন যোগিৎ সঙ্গীর সঙ্গে সংসার
দুঃখের নিবৃত্তির পরিবর্ত্তে শ্রীহরিগুরুবৈষ্ণবগণের প্রব
কীর্ত্তন করিবার সৌভাগ্য লাভে বঞ্চিত হইবেন

দুঃসঙ্গ ত্যাগ না করিলে সৎসঙ্গ হয় না
আবার সৎসঙ্গ না করিলেও অসৎসঙ্গ
বর্জ্জনে স্পৃহা হয় না। 'সৎসঙ্গ' একটি
মধ্যে মধ্যে অসৎসঙ্গও থাকিবে, তাহা নিষি
নহে। যদি একজন 'গৌড়ীয়' বৈষ্ণ

...ধারক ঔষধ সেবন করাইবার ফলে মধ্যে ...খা, তুলসী খাওয়ান যায়, তাহাতে ঔষধের ...শা না হইয়া বরং তুলসীর ফল স্বরূপ ...গ আরও বৃদ্ধি পাইয়া রোগীকে বিনাশের ...খে লইয়া যাইবে। সেইজন্য ভব-ব্যাধির ...ষধপ্রদাতা শ্রীল কবিরাজ গোস্বামী ...সিয়াছেন,—

...অসৎ সঙ্গ ত্যাগ এই বৈষ্ণব আচার।
...ষ্ণবী এক অসাধু কৃষ্ণাভক্ত আর॥

সৎসঙ্গ

(শ্রীযুক্তা অপর্ণা দেবী)

(১)

মায়াবদ্ধ জীবগণ স্ব-স্বরূপ বিস্মৃত হইয়া ...গারীর ন্যায় অকূল সংসার-...সিন্ধুতে ভ্রাম্যমাণ হইতেছে এবং স্বীয় ...ক্ষমার কর্তব্য শ্রীহরিসেবাদি বৈমুখ্য বশতঃ ...নাস্বরূপ পরিচর্যায় নিযুক্ত হইয়া অনন্ত ...সে নিমজ্জিত হইতেছে। তাহার বিদ্যা ...বুদ্ধির উপর স্থূল-সূক্ষ্মভেদে দেহমনের ...টী আবরণ আসিয়া উপস্থিত হওয়াতে ...ভনবৃত্তি সুপ্ত লক্ষিত হয়। অনাদি বহির্মুখ ...ীলন ভোগ জীবের স্বভাবতঃ অভিলাষ ...হনিগড়াবদ্ধ জড়াসক্ত জীব ইহার সঙ্গে ...শ্রীভগবানের পরাত্পরিক সেবন হইতে ...ত হইয়া সর্বদা বিকৃত স্বভাবের পরিচয় ...ন করিতেছে। ঔদরিকতা প্রভৃতি ...ভাব-স্বরূপের মধ্যে যত প্রকার অনর্থ ...য়া পড়িয়াছে। তৎসমুদয় হইতে মুক্ত ...য়া শুদ্ধাত্মা লাভ করিতে হইলে সাধুর ...সঙ্গের প্রয়োজন; যে নিত্যমঙ্গলপ্রদ ...সাধন-বলে জীবগণ সর্ববিধ আবিলতা-...ক্ত হইয়া পরমমঙ্গলপূর্ণ শ্রীকৃষ্ণপ্রেম ...পদে ধন্য হইতে পারেন—ব্রজেন্দ্রনন্দনাভিন্ন ...ৌরসুন্দর সেই অনর্পিতচর শ্রীনাম-...কীর্তনের অসমোর্দ্ধ মাধুর্য্যের কথা ...ষ্ণাইকে "চেতোদর্পণ মার্জ্জনং" শ্লোকে ...ক্ত করিয়াছেন। কিন্তু ভগবদ্ভক্ত ...সাধুদের অহৈতুকী কৃপাবলে শ্রীভগবান ...তে না পারিলে তাঁহার সম্বন্ধরূপে কৃষ্ণ-...র্জনের অধিকার লাভ করিতে পারেনা।

...দিও কেহ কেহ সাধুসঙ্গের প্রয়োজনী-...তা অস্বীকার পূর্বক অনাসক্ত অবস্থাতে ...ও অভিনিবেশ বশতঃ হইয়া কীর্তনে প্রবৃত্ত ...। কিন্তু তদ্দ্বারা পরমেশ্বর শব্দব্রহ্মের ...রাদরের পরিবর্ত্তে ভক্তের অর্থাৎ মায়ার ...ধনই হইয়া যায়। সুতরাং ঐ সকল ...ভিমান-মুগ্ধ অধিকাংশ নিষ্ঠোৎসাহ ...ভজনকালের মত বঞ্চিতই থাকিয়া যায়।

সমুদয় সংশাস্ত্রেই সাধুসঙ্গের অপার ...হিমা কীর্ত্তিত হইয়াছে। পরমহংস কুলের ...ত্যাগাশ্রম পূর্ণাধার শ্রীমদ্ভাগবত উচ্চৈঃ-...রে কহিয়াছেন-

"ততো দুঃসঙ্গমুৎসৃজ্য সৎসু সজ্জেত বুদ্ধিমান্
সন্ত এবাস্য ছিন্দন্তি মনোব্যাসঙ্গমুক্তিভিঃ॥"

মনোহারিণী মায়াদেবী, বহুরঙ্গিনী সজ্জা সাজিয়া বদ্ধজীবের নিকট বান্ধবের ন্যায় প্রতিভাত হন, কিন্তু বস্তুর মূর্ত্তি পরিগ্রহ করিয়া তিনি সর্বদাই জোকা-দিমাখা জীবকুলকে বঞ্চনা করিতেছেন।

অনাদি বহির্মুখ আমরা বাহ্যানুকূল ধন, বিত্ত, পুত্রাদি পাইলেই মায়াদেবীকে "দ্য-ময়ী" বলিয়া হৃদয়ের কৃতজ্ঞতার প্রসূন-ভারে পূজার অর্ঘ্য নিবেদন করি, কিন্তু সকল দুঃখহরণী সাধুগণ স্পষ্টাক্ষরে জানাইতেছেন—ঐ বঞ্চনাময়ী প্রকৃত দয়াময়ী নহেন—"মায়াময়ী"। সাধুগণই জীবের যথার্থ বান্ধব, শাস্ত্র-পুস্তিপূর্ণ উপদেশরূপ শাণ অস্ত্রিদ্বারা তাঁহারা সকল কাম পাঁড়ার ছেদন করিয়া দেন। তাঁহারা বলেন- হে বিস্মৃতস্বরূপ অনুসেবন, তুমি তোমার স্বধাম গতিতে চালিত হও, তোমার জীবনধারার ভগীরথি গঙ্গাকে তোমার প্রবে না যাওয়া পর্যন্ত তোমার প্রাণ-প্রবাহ স্থগিত করুক।

[illegible] মুক্তকুলের উপাস্য-মান [illegible] মালিকা না গাঁথিয়া কিছুতে থাকার সামগ্রী আহরণেই অমূল্য জীবন নষ্ট করিবে?

নিখিল বিদ্যাবলীর অধিষ্ঠাত্রী শ্লোকা কৃষ্ণক্ষেত্রে শ্রীকৃষ্ণের বাহ্যিত যত প্রকার অনুষ্ঠানের তোমার মধ্যে শ্রেষ্ঠি হইয়াছে, তদনুযুক্তই তোমার বর্তমান মালিন্যের [illegible]। অতএব ইহার কলনাকুল সঙ্কি-বিকল্প পরিবর্তন পূর্বক যথার্থতি নিজ [illegible] পাওয়ার অমিল চেষ্টা বিশিষ্ট হওয়াই তোমার স্বস্বরূপ প্রাপ্তির উপায়। তাঁহাদের নিত্যকল্যাণময় সদুক্তির উত্তর হও, তাঁহারাই প্রকৃত পরোপকারক সাধু ভক্তের চিরশরণে আশ্রয় স্থাপন করিয়া নিত্যকাল সম্পদের অধিকারী হন। মায়া পিশাচীর প্রলোভন তাঁহাদিগকে নিরস্ত করিয়া কুহক হইতে বিচলিত করিতে অসমর্থ। 'কৃষ্ণভক্তি জন্মমূল' যে অপ্রাকৃত শ্রদ্ধা, তাহা সাধুসঙ্গ প্রভাবেই সঞ্জাত হয়। "সতাং প্রসঙ্গান্মম বীর্যসংবিদো ভবন্তি হৃৎকর্ণরসায়নাঃ কথাঃ। তজ্জোষণাদাশ্বপবর্গবর্ত্মনি শ্রদ্ধারতির্ভক্তিরনুক্রমিষ্যতি॥ শ্রীভগবান্ স্বীয় শ্রীমুখে কহিয়াছেন,—"সাধুসঙ্গ ক্রমে আমার হৃৎকর্ণ রসায়ন কথাসমূহ আলোচিত হয়। সেই দুর্লভ মঙ্গল কথা নিরন্তর শ্রবণ ফলে অতিসত্বর অপবর্গ পথ স্বরূপ আমাতে প্রথমে শ্রদ্ধা, পরে রতি ও অবশেষে প্রেমভক্তির উদয় হয়।" বহু বহু জন্মের ভক্ত্যুন্মুখী সুকৃতির ফলে জীবের যখন সংসার বন্ধন অবোমুখ হয়, তখনই পরাগতি দায়ক সাধুসঙ্গ-সৌভাগ্য লাভ হইয়া থাকে। কলিপাবনা-বতারী শ্রীমন্মহাপ্রভু জীবের এই ভাগ্যো-দয়কে নদীপ্রবাহে ইতস্ততঃ ভাসমান কাষ্ঠ খণ্ডের তটভূমি প্রাপ্তির সহিত তুলনা করিয়াছেন। কর্মফলজর্জরিত জীবগণ জন্মমরণাবর্তে পতিত হইয়া কাল কর্তৃক চালিত হইতেছে এবং পুণ্যফলে কখনও দেব যোনি বা মনুষ্য যোনি, আবার পাপ-কর্মফলে কখনও পশুপক্ষী বা দৈত্য-দানবাদি যোনিতে বিচরণ করিয়া, মায়ার ভজন করিতেছেন; কিন্তু ভগবদ্ভক্তের সঙ্গ প্রসাদে জীব আপন দুরবস্থা অবগত হইয়া ভবসেবাপর নিতান্তঃপুর প্রতিপ্রযুক্ত পঞ্চম পুরুষার্থ লাভ করিয়া থাকেন।

এই কলি কলুষাবৃত যুগে অনেক অসাধু ব্যক্তি জাগতিক ধন সম্পদ ও জড় প্রতিষ্ঠাদি লাভ করে সাধুর ছদ্মবেশ গ্রহণপূর্বক আত্ম-বঞ্চনা ও পরবঞ্চনা কার্যে রত হইয়া থাকে। প্রকৃত সাধু নির্ণয় বদ্ধ জীবের পক্ষে একান্ত অসম্ভব। পরম করুণাসিন্ধু শ্রীগৌরসুন্দর এই নিমিত্তই নিজে স্বয়ং ভগবান হইয়াও ভগবদ্ভক্তের অলৌকিক লীলাচরণ দ্বারা জগজ্জীবকে প্রকৃত সাধুর পরিচয় প্রদান করিয়াছেন। যথা—

"সাধু পরীক্ষা কহে বড় জীবের জানিয়া।
সাধু ভক্ত রূপে কৃষ্ণ আইল নদীয়া॥"

সাধুগণ সাধারণ শ্রীভগবানের কি প্রকার আচার আচরণ করিবেন, তাহা শ্রীকৃষ্ণই সৌহৃদ্যেরূপে নিজে আচরণ করিয়া জগদ্বাসীকে মহান শিক্ষা প্রদান করিয়াছেন। সাধুর লক্ষণ বর্ণন প্রসঙ্গে, অসংখ্য গুণাবলীর মধ্যে ২৬টী প্রধান লক্ষণের কথা তিনি উল্লেখ করিয়াছেন। মনোধর্ম্ম পরিচালিত ভ্রান্তজীবগণ ভুক্তি মুক্তি সিদ্ধিকামী অসদ্ব্যক্তিবর্গকে সাধু মনে করিয়া, তাহাদের বিভ্রান্তিসঙ্কুলে নিজ পথের পথিক হয়। তাহারা খড়ি গোলাকে খাঁটি দুগ্ধ বলিয়া পান করে, নকল বস্তুবিশেষকে বিশুদ্ধ সুবর্ণ জ্ঞানে বহু মানন করে এবং প্রাণনাশিনী অবি-দ্যাকে সুধা ভ্রমে আস্বাদন করে। মুমুক্ষুর প্রলাপ বচনে মোহিত হইয়া তাহারা, বিদ্যুদ্বারি পরিপূরিত শৈবল সরোবর ভ্রমে জলন্ত অগ্নিকুণ্ডে নিপতিত হইয়া আত্ম-বিনাশ সাধন করে।

দয়ানিধি শ্রীকৃষ্ণ চৈতন্যদেবের শ্রীমুখ বিগলিত বাণীর সহিত তুলনামূলে সমা-লোচনা করিয়া যদি কেহ ধীরতার সহিত ঐ সকল সাধুদ্বেষী অসাধুর স্বরূপ চিনিতে চেষ্টাশীল হন তবে তাহারও কখনই প্রতারিত হইবার আশঙ্কা থাকিবে না;

"কৃপালু অকৃতদ্রোহ সত্য সার।
নির্দ্দোষ বদান্য মৃদু শুচি অকিঞ্চন॥
সর্বোপকারক শান্ত কৃষ্ণৈক শরণ।
অকাম নিরীহ স্থির বিজিতষড়্‌গুণ॥
মিতভুক্ অপ্রমত্ত মানদ অমানী।
গম্ভীর করুণ মৈত্র কবি দক্ষ মৌনী॥
সর্বমহাগুণে গুণি শুদ্ধভক্তের উত্তম"

উক্ত প্রধান গুণাবলীর দ্বারা কৃষ্ণৈকশরণত্ব স্বরূপ লক্ষণ, অবশিষ্ট গুণি তটস্থ লক্ষণ বলিয়া বিবিধ সদ্‌গুণরাজির দ্বারা অলঙ্কৃত হইয়া যদি কাহারও অন্তঃকরণে কৃষ্ণৈক শরণতার অভাব দৃষ্ট হয় তবে তাহাকে অসাধু জানিয়া তৎসঙ্গ বর্জনে দৃঢ় সংকল্প হইতে হইবে—নতুবা সাধুসঙ্গের প্রতিফল যে মায়া সঙ্গ হইয়া যাইবে ইহা সুনিশ্চিত।

ভগবৎপ্রেমরসময় চিত্ত সাধু বৈষ্ণব জীবকে নিত্যকল্যাণ পথের যাত্রী করি দেন,—অজ্ঞানতমসাচ্ছন্ন জীবকে বান্ধব সত্ত্ব সুযোর প্রতি আকৃষ্ট করেন,—জীবা যে অমূল্য রত্নরাশির অধীশ্বর হইয়াছে জীবকে ঠিক সেইরূপ অনুভব ক অধিকারী করিতে যত্ন করিয়া থাকেন তাই, তাঁহারা প্রোজ্ঝিত কৈতব প নির্মৎসর ভক্তিধর্ম্মের বৈজয়ন্তী শ্রী ব্যতীত কুযোগিগণের ছলনা-বাণী জী বঞ্চনা। সাধুগণ কৃপাপরবশ হই সর্বজন মানবের মঙ্গলের জন্য উচ্চ ঢাৎকার করিয়া কহিতেছেন,—

" অসৎ সঙ্গের নাম করিয়ে কৈতব।
ধন্য অর্থ কাম বাঞ্ছা আদি এই সব॥
তারমধ্যে মোক্ষ বাঞ্ছা কৈতব প্রধান।
যাহা হৈতে কৃষ্ণভক্তি হয় অন্তর্ধান॥"

নিশীথের ঘনান্ধকারে সংস্র সহ প্রদীপ প্রজ্বলিত করিয়াও সবিতৃদেবে মঙ্গলবৃত্তি দর্শন হয়কি? সূর্য্য দেবে কিরণালোকেই স্বরূপ সূর্য্য দর্শন সম্ভব হয়, তদ্রূপ অপ্রাকৃত চিদালোক বিতরি সাধুভক্তের অহৈতুক কৃপা প্রসাদেই আম চিন্ময়ভাস্কর শ্রীরাধাগোবিন্দের শ্রীচরণারবি দর্শনের পরম সৌভাগ্য লাভকরিতে পারি ধর্ম্মার্থ-কাম-মোক্ষাভিলাষিদিগের কৈতব ভীষণ স্বরূপ জ্ঞাত হইতে পারি—একম সাধুর কৃপাতেই আমরা সমগ্র ইতর বা সমূলে উৎসাদনপূর্বক অপ্রাকৃত কামদে কামসেবার জীবনকে নৈবেদ্যস্বরূপে প্রদ করিতে পারি। নিত্যবান্ধব সাধুগণ জীবকে মোক্ষ বা নির্ব্বাণরূপ সাধনাদে কথা বলিতে পারেন? নিখিল চেত সম্রাট শ্রীচৈতন্যদেবের চরণ-চারণ পরি বাস্তব চৈতন্যের একনিষ্ঠ উপাসকগণ চে রহিত জীবমাত্রকে নিত্যস্বরূপে উদ্ব করিবার জন্য গাহিতেছেন—

'উত্তিষ্ঠত জাগ্রত প্রাপ্য বরান্ নিবোধত

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীমন্মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস-প্রণীত মূল, শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ-কৃত সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, সংস্কৃত অন্বয় ও প্রতিশব্দ, তথ্য ও বিবৃত্যাদিযুক্ত। প্রতি স্কন্ধের আদিতে সেই স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ অধ্যায়ের সারসহ সবিস্তৃত তাৎপর্য্যাদি বিবৃত। শ্লোকসূচী, অধ্যায়বিবরণ, পাত্র ও স্থানসূচীসহ উত্তম কাগজে উত্তম অক্ষরে মুদ্রিত। প্রথম হইতে ১০ম স্কন্ধ ছাপা ছাপা সম্পূর্ণরূপে শেষ হইয়াছে। ভিক্ষা প্রথম হইতে ৯ম স্কন্ধ পর্য্যন্ত ২১৸০; দশম স্কন্ধ ১২৲; বৃহদ্গ্রন্থ ৪০৲।

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদঠাকুর-রচিত 'অমৃতপ্রবাহভাষ্য' শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত নূতনভাষ্যে শ্রুতি-স্মৃত্যাদি বহু শাস্ত্রপ্রমাণ-সম্বলিত হইয়া প্রকাশিত হইয়াছেন। শ্লোকের সান্বয়ব্যাখ্যা, বঙ্গানুবাদও প্রত্যেক পয়ারের পূর্ব্বে সন্নিবিষ্ট অভিনব সংযোজিত। প্রত্যেক অধ্যায়-প্রারম্ভে কথাসার দেওয়া আছে। শ্লোক, পয়ার, পদ, স্থান, পাত্র প্রভৃতির সুবৃহৎ সূচী ও গ্রন্থকারের সংক্ষিপ্ত জীবনী সম্বলিত এইরূপ অভূতপূর্ব্ব সংস্করণ ইতঃপূর্ব্বে আর প্রকাশিত হয় নাই। উত্তম কাগজে পাইকাপাটোর টাইপে সুন্দর সুন্দর মূলাংশ মুদ্রিত হইয়াছে। গ্রন্থ প্রায় ৭০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা বর্ত্তমানে ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত টীকা, তাৎপর্য্য, শব্দসূচী, পয়ারসূচী, বিষয়-জ্ঞান পাত্রাদি-সূচী, প্রভৃতি বিবিধ বিষয়-সংবলিত সুবিরাট দ্বিতীয় সংস্করণ রয়েল ক্রাউন ৮ পেজী আকারে আদিলীলা ও মধ্যের কিয়দংশ প্রকাশিত হইয়াছেন। ক্রমে ক্রমে প্রকাশিত হইতেছেন। অগ্রিম ভিক্ষা ৫৲ টাকা, আদি লীলার ভিক্ষা ৫৲।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের এরূপ অভিনব সুন্দর সংস্করণ আর কুত্রাপি প্রকাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকাংশের অন্বয়, বঙ্গানুবাদ, তথ্য, কথাসার, তত্ত্ব প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। মূল মোটা অক্ষরে ডবল ক্রাউন আটপেজী আকারে ছাপা হইয়াছে। মূল্য ২৷৷০ টাকা। নদীয়া প্রকাশ ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১৷৷০ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

—শ্রীগৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিঠাকুর গোস্বামিকৃতা সারার্থবর্ষিণী টীকাসমেতা ও শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'প্রমিক-রঞ্জন' নামক ভাষাভাষ্যসম্বিতা। অধ্যায়সূচী, শ্লোকক্রমে শব্দার্থ-সূচী, বিষয়-সূচী, গ্রন্থকারের জীবনী ও অবতরণিকাদি-জ্ঞাতব্যবিষয়-সহ উৎকৃষ্ট বাঁধাই তৃতীয় সংস্করণ—এই গ্রন্থ সংস্করণের ভিক্ষা ২৲ টাকা মাত্র, সাধারণ সংস্করণ—১৷৷০ টাকা মাত্র

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ **শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের** সেই অবিদ্যা-বিনাশিনী জীবাত্মস্বরূপোদ্বোধিনী কৃষ্ণ-কার্ষ্ণানন্দদায়িনী জীবন্ত-বাণীর মূর্ত্ত-বিগ্রহ—বৈষ্ণবসিদ্ধান্ত-রত্নমালার কৌস্তুভমণি—সম্প্রদায় বৈভববিজ্ঞানাগারের মৌলিক উপাদান—পঞ্চরাত্র ও ভাগবতের সমন্বয়গুরু—মহাজন-জীবনচরিত-শিক্ষক—চিদ্বিলাসচিন্মাত্র-অচিন্মাত্র-বিচারক—ঐশ্বর্য্য ও মাধুর্য্যরসের মৌলিক গবেষণার—সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন-তত্ত্বের সিদ্ধান্ত-সমূহ।

১। **প্রথম খণ্ড**—বৈষ্ণবদর্শন, শ্রীগুরুতত্ত্ব, কাল-ধর্ম্ম, শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব, শ্রীবার্ষভানবী, পাঞ্চরাত্রিকী দীক্ষা ও বর্ণ-বিচার, আত্মধর্ম্ম ও মনোধর্ম্ম, শ্রীচৈতন্যদেব ও তাঁহার শিক্ষা, অপ্রাকৃত সহজধর্ম্ম ও প্রাকৃত সহজিয়া প্রভৃতি বিংশতি সংখ্যক রত্নে সুশোভিত। ভিক্ষা মাত্র ৸০ বার আনা।

২। **দ্বিতীয় খণ্ড**—শুদ্ধা ও বিদ্ধা ভক্তি, মন্দিরের শ্রেষ্ঠতা কোথায়, আত্মার নিত্যবৃত্তি, ঈশ্বর স্বামিপাদ ও মায়াবাদ, শ্রীগৌর-নিত্যানন্দপ্রসঙ্গ, ত্রিপুণ্ড্র বস্ত্র ও নাম-কীর্ত্তন, শ্রীবাসগৃহদ্বার শ্রীমহাপ্রভুর কীর্ত্তন, শ্রীমন্দিরের মহিমা, মহাপ্রসাদ, শ্রীগুরু শিষ্য, শ্রীগুরুপাদপদ্মভজন-পথ, জীবনী সুরভাগবদ্দিনী, শ্রীচৈতন্যের ধর্ম্ম, গৌরহরি ও কৃষ্ণসঙ্কীর্ত্তন—চতুর্দ্দশ অপূর্ব্ব মধুরিমাপূর্ণ-বক্তৃতা-বিভূষিত ভিক্ষা ২৲ এক টাকা মাত্র।

প্রথম ও দ্বিতীয় দুই খণ্ড একত্রে লইলে ভিক্ষা ১৷৷০ দেড় টাকা, ডাক খরচ স্বতন্ত্র।

শ্রীমদ্ভগবদ্গীতা

গৌড়ীয়-বৈষ্ণবধর্ম্মাচার্য্য-কেশরী শ্রীশ্রীমদ্ বলদেব বিদ্যাভূষণকৃত ভাষ্য ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের প্রাঞ্জল বঙ্গ-ভাষায় বিস্তৃত 'বিমলরঞ্জন' নামক ভাষ্যানুবাদ। অধ্যায়-সূচী, বিষয়সূচী, ও প্রতি শ্লোকের প্রথম ও তৃতীয় পাদ ভাষ্যকারের জীবনী প্রভৃতি সম্বলিত। উৎকৃষ্ট বাঁধাই, রাজসংস্করণ (তৃতীয় সংস্করণ) গ্রন্থের ভিক্ষা ২৲ টাকা।

প্রমেয়রত্নাবলী

শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ-প্রণীত বৈষ্ণবদর্শন, সনন্দ ও গৌড়ীয় ভাষ্যাদি পড়িবার প্রথম গ্রন্থ। উৎকৃষ্ট কালিতে ছাপা। সুবিস্তৃত টীকা ও প্রাঞ্জলবঙ্গানুবাদ-সাহায্যে অতি সহজে বালকেরও বোধগম্য হইয়া থাকে। ভিক্ষা ।৵০ আনা মাত্র।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

(প্রমাণখণ্ড) সানুবাদ। শ্রুতি-স্মৃত্যাদি গ্রন্থে শ্রীনবদ্বীপের যে মহিমা কীর্ত্তিত আছে, তাহার মূল সংস্কৃত ও অনুবাদ। ভিক্ষা ৶০ আনা।

শ্রীশ্রীনবদ্বীপভাবতরঙ্গ

শ্রীঠাকুর ভক্তিবিনোদ লিখিত। সুললিত গীতাকারে পরিক্রমার ভ্রমব্যাধি-বিষয়ক। ভিক্ষা ।০ আনা।

ভক্তিরত্নাকর ও নবদ্বীপ পরিক্রমা

শ্রীল নরহরি চক্রবর্ত্তি-ঠাকুর রচিত। ভক্তিরত্নাকর হইতে পরিক্রমাংশ মাত্র গৃহীত; শ্রীজীব গোস্বামী কি প্রকারে শ্রীনবদ্বীপধামের পরিক্রমা করিয়াছিলেন, তাহাই পদ্যে বিবৃত। ভিক্ষা ।৵০ আনা

শ্রীচৈতন্যমনীষা-মনীষিত্ব

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। ইহাতে শ্রীচৈতন্য-শিক্ষাপ্রণালী—কৃষ্ণ, কৃষ্ণশক্তি ও জীব—বদ্ধ ও মুক্ত জীব, অচিন্ত্য-ভেদাভেদ-তত্ত্ব—সাধন-নির্ণয়—প্রয়োজন-তত্ত্ব, [illegible] কাণ্ড, আশ্রমাদির বিচার—বৈধী ভক্তি, ভাবভক্তি প্রেমভক্তির নামভজন-প্রণালী ও অষ্টকালীয় নী পর্য্যন্ত দি প্রথম শিক্ষার্থীর উপযোগী করিয়া সরল ভা [illegible] যুক্তিপ্রমাণসহ লিখিত আছে। চতুর্থ সংস্করণ বা ২৲ টাকা, আবার ১৸০ টাকা মাত্র।

গৌড়ীয়কণ্ঠহার

শ্রীগৌড়ীয়-বৈষ্ণবগণের অনুকণ্ঠ কণ্ঠে গাহিবার শ্রুতি স্মৃতি পুরাণ-পঞ্চরাত্রাদি সাধন-শাস্ত্রগ্রন্থের প্রমাণাব বিভাগিভাগক্রমে সাধুবাক্য উদ্ধৃত। [illegible] সিদ্ধান্তের সারসমন্বয় অন্য কুত্রাপি এত [illegible] হয় নাই ইহাতে তত্ত্বতত্ত্ব—তাৎপর্য্য—বৈষ্ণব—গুরু—নিত্যানন্দ অদ্বৈত—কৃষ্ণ—শক্তি—ভগবত্তত্ত্ব—জীব—অচিন্ত্যভেদাভে —অভিধেয়—সাধনভক্তি—স্বধর্ম্ম—আশ্রম-ধর্ম্ম—শুদ্ধ —প্রেমা—প্রয়োজন ও প্রমাণ-তত্ত্বগুলি পৃথক্ অধ্যা [illegible] শ্লোকাদি সূচীসহ উৎকৃষ্ট এটিক কাগজে রে [illegible] কালিতে মুদ্রিত, উৎকৃষ্ট বাঁধা সোনার জলে নাম লেখ গ্রন্থ প্রায় ৪০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা ২৲ টাকা মাত্র।

শ্রীনবদ্বীপধাম-গ্রন্থাবলী

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত 'ধামমাহাত্ম্য—শা মাহাত্ম্যের সানুবাদ প্রমাণ খণ্ড—শ্রীল নরহরিসরকা ঠাকুরের ধাম-পরিক্রমাংশ—শ্রীধাম নবদ্বীপ পরিক্রমা—ভী যাত্রা পদ্ধতি—শ্রীমৎ প্রবোধানন্দকৃত নবদ্বীপশতকম্ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ প্রভৃ গ্রন্থ একত্র ভিক্ষা ৸০ আনা মাত্র।

শ্রীহরিনামামৃত ব্যাকরণ

শ্রীজীব গোস্বামী প্রভুপাদ-বিরচিত সূত্র ও বৃ তৎসঙ্গে ওঁবিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বা মহারাজের বিস্তৃত ভূমিকা ও সূচী প্রভৃতি সা অপ্রত্যাশিতভাবে সুলভ। ভিক্ষা ২৲ টাকা, ডাকমাশু পক্ষে ১৷৷০ টাকা মাত্র।

বেদান্ততত্ত্বসার

শ্রীমদ্রামানুজাচার্য্য রচিত। বেদান্তের বিশিষ্টাদ্বৈতবা প্রচারক শ্রীভাষ্য প্রণেতা আচার্য্যপ্রবর বেদান্তদর্শন পাঠ উপযোগী বরদার্থ এই উপায় করিয়াছেন। ইহা বঙ্গানুবাদ ও সূচীপত্রাদি সংযোজিত করা হইয়াছে নাম মাত্র ভিক্ষা ।০ আনা।

শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও নবদ্বীপশতক

গৌরপার্ষদ দ্বিতীয় শ্রীমৎ প্রবোধানন্দ সরস্বতী-প্রণী মূল, প্রভুপাদ শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারা সম্পাদিত অন্বয়মুখে ব্যাখ্যা ও বঙ্গানুবাদ সম্বলি নবদ্বীপশতকের শ্রীভক্তিবিনোদ ঠাকুরের পদ্যানুবাদ তৎসহ শ্রীমদ্ভাগবতের একটী ত্রিংশৎশ্লোকী অলৌকিক ভি প্রদত্ত হইয়াছে। মূল ও কাগজ উৎকৃষ্ট (২ খা একত্রে) ভিক্ষা ৸০ আনা, অতি সুরম্য বাঁধাই রাজসংস্ক ১৲ টাকা মাত্র।

ভক্তবর্ম্ম

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। এই একমাত্র গ্রন্থের জ্ঞান লাভ করিলে পারমার্থিক ভালো কিছুতেই জ্ঞান বা সংশয় থাকিবে না। পরম গূঢ় ধর্ম্মবিষয়ক এইরূপ সরল ও সুন্দরপাশী গ্রন্থ এ পর্য্যন্ত প্রকাশিত হয় নাই। বিরুদ্ধযোগাস্বামি-শাস্ত্র-মতোদধি-মন্থনফলে এই গ্রন্থামৃত উত্থিত হইয়াছেন। আবার সুবিস্তৃত সূচী, কথাসার প্রভৃতি দ্বারা বিশেষ সুলভ করা হইয়াছে। বিরাট গ্রন্থ... জলে নাম লেখা, উৎকৃষ্ট বাঁধাই—চতুর্থ সংস্করণ ডিঃ পিঃ ২৲ টাকা মাত্র।

প্রেমবিবর্ত্ত

শ্রীমন্মহাপ্রভুর অন্তরঙ্গ পার্ষদ শ্রীল কবিকর্ণপুর প্রভু প্রণীত। এই পুস্তকে অতি সুবোধ্য ভাষায় মহাপ্রভুর ভক্তিপূর্ণ লীলাসহ বৈষ্ণবাচার, একাদশী ও নামভজন-প্রণালী প্রভৃতি অনেক বৈষ্ণবতত্ত্বের সুমীমাংসা দেখিতে পাইবেন। পয়ারটীকায় কৃষ্ণ স্মরণের বিশদার্থ ও ভক্তগণের পরিচর্য্যাদি-সম্বলিত চতুর্থ সংস্করণ ডিঃ ৷৶০ আনা মাত্র।

ভজনরহস্য

ভজনকারীর নিত্যসঙ্গী ; ঠাকুর ভক্তিবিনোদের অমূল্য দান ; নিখিল শাস্ত্রের নির্য্যাস। গ্রন্থখানি না দেখা পর্য্যন্ত হৃদয়ঙ্গম করিতে পারিবেন না। তৃতীয় সংস্করণ ডিঃ ৷৹।

হরিনামচিন্তামণি

নামাচার্য্য শ্রীল হরিদাস ঠাকুরের মুখে শ্রীমন্মহাপ্রভুর নাম-মাহাত্ম্য, নামাভাস, নামাপরাধ প্রভৃতি বিষয়ের সুগভীর বিচার শ্রবণ করিয়াছিলেন। এই বিষয়গুলির অতি সরল পয়ারে সংক্ষিপ্ত আকারে পরিপাটিভাবে মুদ্রিত। ইহা ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। পঞ্চম সংস্করণ ডিঃ ৸৹

কল্যাণকল্পতরু

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। প্রত্যেক ভগবদ্-অন্বেষী ও জ্ঞানপথের পথিকের একান্ত প্রয়োজনীয় উপদেশাবলীপূর্ণ পুস্তিকা। সামান্য লেখাপড়া জানা লোকেও এই ভজনরাজ্যের পুস্তিকাসমূহের দ্বারা অনর্পনিমুক্তি ভগবৎসেবা লাভ করিবার সুবিধা পাইবেন। ৭ম সংস্করণ, ডিঃ ৴৹ আনা মাত্র।

শরণাগতি

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। ভগবানে আত্মসমর্পণ, ঋজুবৃত্তি, ভজনলালসা, যত্নবিধা শরণাগতি ও সিদ্ধি-লালসা-প্রভৃতিপূর্ণ, ডিঃ ৴৹ আনা মাত্র।

গীতাবলী

শ্রীঠাকুর ভক্তিবিনোদ-প্রণীত। নিত্য ভজন, আরাত্রিক প্রভাত-বৈষ্ণবাদি-পিপাসুর মধুর গীতামৃত একত্রে গ্রথিত। ডিঃ ৴৹ আনা মাত্র

সজ্জনকণ্ঠমণি

পরিব্রাজকাচার্য্যচূড়ামণি শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-বিরচিত মূলগ্রন্থ। শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের অনুবাদ-সহ। ডিঃ ৷৹ আনা মাত্র।

সাধনপথ

শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ও শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর প্রতি শ্রীরূপ গোস্বামীর উপদেশবাণী, ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিষয়ে সুবিচারিত সমাধান ভাষ্য, বিস্তৃত বিবৃতি, চরিতামৃতের প্রমাণ, সারার্থ ব্যাখ্যা ও মর্ম্মোদ্ঘাটন-প্রণীত ভজনোপযোগী শিক্ষামৃত প্রত্যেক শ্লোকের সহিত সন্নিবেশিত হইয়াছে। ৩য় সংস্করণ ডিঃ ৷৵০ আনা।

সাধন-কণ

শ্রীরঘুনাথ দাস গোস্বামীর মনঃশিক্ষা, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-চরিত পদ্যানুবাদসহ। ডিঃ ৴০ আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা

শ্রীল ঠাকুর নরোত্তমের সুপ্রসিদ্ধ প্রেমভক্তিবিষয়ক গানের পুস্তক। ডিঃ ৴০ আনা মাত্র।

মনঃশিক্ষাশতক

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপাদের সংস্কৃত নবদ্বীপশতকের সুললিত পদ্যানুবাদ। ডিঃ ৴০ আনা মাত্র।

অর্থপঞ্চক

শ্রীল লোকাচার্য্য রচিত। বৈষ্ণবতা-জ্ঞানের আকর পুস্তক। ডিঃ ৴০ আনা মাত্র।

সদাচারস্মৃতি

শ্রীল মন্বাচার্য্য-প্রণীত। বৈষ্ণবের নিত্যকর্ম্মাদি সদাচারাবলী, বঙ্গানুবাদ সহিত। ডিঃ ৴০ আনা মাত্র।

মণিমঞ্জরী

কবিকুলকেশরী শ্রীমদ্রাঘবাচার্য্য রচিত। শ্রীমদ্রূপ আচার্য্যের সংক্ষিপ্ত জীবনলীলা ও মূল বৈষ্ণবধর্ম্মমত। সাদুবাদ ডিঃ ৴০ আনা মাত্র।

গৌরকৃষ্ণোদয়

প্রাচীন কবি শ্রীগোবিন্দ দেব প্রণীত শ্রীগৌরাবতারের প্রমাণাবলী-সংবলিত সংস্কৃত গ্রন্থ। ডিঃ ৸০ আনা।

যুক্তিমল্লিকা (গুপ্তসৌরভ)

শ্রীমদ্ভক্তিপ্রদায়ানুগত শ্রীমদ্বাদিরাজ স্বামিকৃত। বঙ্গাক্ষরে সানুবাদ এই গ্রন্থের প্রকাশ পারমার্থিক সাহিত্য-জগতে এই সর্ব্বপ্রথম। শ্রীমন্মধ্বাচার্য্য হইতে ষোড়শাধস্তন দ্বিতীয় মধ্বাচার্য্য নামে খ্যাত, শ্রীবাদিরাজতীর্থ স্বামী এই গ্রন্থে সাধারণ যুক্তি ও লৌকিক ন্যায়ানুসারে কিরূপ সুন্দরভাবে ভক্তিবিরোধি-মতবাদ সমূহ খণ্ডন করিয়াছে, তাহা পাঠ করিতে করিতে আশ্চর্য্যান্বিত হইতে হয়। ইহাতে যুক্তির দ্বারা চার্ব্বাক, জৈন, বৌদ্ধ, মীমাংসক ও মায়াবাদিমত-সমূহের সুন্দর খণ্ডন রহিয়াছে। ডিঃ ২৲ টাকা মাত্র।

গোস্বামী শ্রীল রঘুনাথ দাস

(ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত ভূমিকা সহ) গৌরপ্রেষ্ঠ স্বরূপ-রূপের একমাত্র প্রিয়তম শ্রীল দাস গোস্বামী প্রভুর অপূর্ব্ব চরিতামৃত ও শিক্ষা অতীব প্রাঞ্জল ও সরল ভাষায় বর্ণিত এবং পরিশিষ্টে দাসগোস্বামী প্রভুর বিরচিত কতকগুলি সাধুবাদ মধুরতম স্তব ও মনঃশিক্ষা-সহলিত। ডিঃ পাঁধাই ৷৹ আনা, আবাধাই ৷৵০ আনা মাত্র।

চিত্রে নবদ্বীপ

প্রাচীন নবদ্বীপের অবস্থিতি, তথ্য, ঐতিহ্য, প্রেত ও ঐতিহাসিক প্রমাণ-সম্বলিত, নদীয়া-লীলার সচিত্র বিবরণ-গ্রন্থ। ডাঃ বি রাওলাসের কুমার শ্রীযুক্ত পঙ্কজিনী নারায়ণ রায় এম, এ, প্রাজ (লণ্ডন); মেসার্স্তরূপ মহোদয় কর্ত্তৃক সঙ্কলিত এবং ৪৭ খানি, বিভিন্ন বর্ণের অপূর্ব্ব চিত্র ও মানচিত্র-সম্বলিত ; প্রাচ্যবিদ্যামহার্ণব রায় শ্রীযুক্ত শ্রীশ নগেন্দ্র নাথ বসু বিশ্বকোষসম্পাদক মহাশয়ের বিদ্বৎ-ভূমিকা সহ। উৎকৃষ্ট (ইং) সরজে বাঁধাই মূল্য ১৷৹, ডিঃ পিঃ খ ২৲ টাকা মাত্র

সাধক-কণ্ঠমালা

গুরুবন্দনা, বৈষ্ণব-বন্দনা, বৈষ্ণবস্মরণ, বাঙ্গালার শ্রীনামহট্ট, শ্রীমন্মহাপ্রভুর অষ্টোত্তরশত নাম, নামকীর্ত্তন, শ্রীনামসঙ্কীর্ত্তন, প্রেমধ্বনি, নবদ্বীপ-মহিমা, শ্রীমায়াপুর মহিমা, শ্রীনরোত্তম-প্রভুর আচার্য্য-বন্দনা, ষড় গোস্বামীর অষ্টক, প্রেমভক্তিচন্দ্রিকা উপদেশমালা, নামভজন-প্রণালী, মহাপ্রভু ও রায় রামানন্দ সংবাদ, মনঃশিক্ষা, শ্রীগুরুপ্রণতি, শ্রীগুরু-পরম্পরা মহাপ্রভুর বন্দনা প্রভৃতি সাধক ও সিদ্ধজীবনের নিত্যপাঠ্য বৈষ্ণবগণের কণ্ঠাশ্রিত সুললিতমালায় ন্যায় অলঙ্কৃত করিবার যোগ্য অপূর্ব্ব গ্রন্থ। ডিঃ ৷৵০, বাঁধাই ৷৹ মাত্র।

গৌড়ীয়-গৌরব

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয়-সম্পাদক শ্রীপাদ সুন্দরানন্দ পরিব্রাজকাচার্য্য-প্রদত্ত বক্তৃতার বিবরণ গ্রন্থাকারে প্রকাশিত। ইহাতে গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ের ইতিহাস সুন্দরাকারে প্রথিত হইয়াছে। ডিঃ ৷৵০ মাত্র।

গৌড়ীয়-সাহিত্য

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয়-সম্পাদক শ্রীপাদ সুন্দরানন্দ পরিব্রাজকাচার্য্য-প্রদত্ত বক্তৃতার বিবরণ গ্রন্থাকারে প্রকাশিত। ইহাতে সাহিত্য-শব্দের অর্থ এবং গৌড়ীয়-সাহিত্যের বিষয় সুন্দরাকারে বর্ণিত হইয়াছে। ডিঃ ৷৵০ আনা মাত্র।

শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা-দর্পণ

শ্রীগৌড়দেশের যে সকল স্থানে সপরিকর শ্রীমন্মহাপ্রভু এবং তদনুগ পরমভক্ত মুহূর্ত্তমধ্যে লীলা করিয়া গিয়াছেন সেই সব আধুনিক ভৌগোলিক পরিচয় ও রেলবিভাগীয় পরিচয় সহ যাতায়াতের সুবিধা নির্দ্দেশ ইত্যাদি বিষয়গুলি সন্নিবেশিত আছে। ডিঃ ৷৹ আনা।

THE HARMONIST OR SHREE SAJJANATOSHANI

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রতিষ্ঠিত এবং শ্রীল ভক্তি সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত "সজ্জনতোষণী" মাসিক পত্র। এইটি ইংরাজী ভাষায় অষ্টাবিংশ বর্ষ ডবলক্রাউন ৮ পেজী ৪ ফর্ম্মা আকারে প্রতি মাসে ৪ তারিখে বিবর-বৈচিত্র্যময়ী সচিত্রা উপন্যাস, ছোটগল্প, কাব্য, ভ্রমণ-পারিপাট্য ও চিত্রাদি সহায় বিদ্বজ্জনের এই প্রকার উৎকৃষ্ট প্রবন্ধ আর কোথাও সচরাচর দেখিতে পাইবেন না। বার্ষিক ডিঃ ভাকমাশুল সহ ৩ টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর

বিশ্ববৈষ্ণব রাজসভার শুদ্ধভক্তিমঠসমূহ

শ্রীচৈতন্য মঠ

শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর

শ্রীধাম মায়াপুর, নদীয়া

শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি শ্রীধাম মায়াপুর, নবদ্বীপ

শ্রীমন্মহাপ্রভুর জন্মস্থান শ্রীযোগপীঠ

চট্টগ্রামে ডুর্থাদের সাহায্যে চারিটি গ্রাম ঘেরাও

গত ১৮ই জুনের সংবাদে প্রকাশ, বহু তথ্য ও সংবাদ পুলিস যোগাই একটি মোটরলরি এবং সরকারী ষ্টীমার ১৫ই জুন রাত্রিতে বোয়ালখালি থানার অন্তর্গত শ্রীপুরঘাট অভিমুখে যাত্রা করে। প্রকাশ, এই বাহিনী ভিন্ন শ্রীপুর, মৈত্রীপুর, ধুলে ও কাঞ্চনপোপুর গ্রাম এবং পাহাড়ের নিকটবর্তী স্থানগুলি ঘিরিয়া ফেলে, তাহার পর অস্ত্রাগার আক্রমণ মামলার পলাতক আসামীদের সন্ধানে গৃহে গৃহে খানাতল্লাস আরম্ভ হয়। কোন ব্যক্তিকে সেই অঞ্চল হইতে বাহিরে আসিতে দেওয়া হয় নাই। আর একটি ষ্টীমারে জিলা ম্যাজিষ্ট্রেটও সেইখানে অভিমুখে যাত্রা করেন। পুলিশদল এখনও সহরে ফিরিয়া আসে নাই।

বোয়ালখালি থানার অন্তর্গত শ্রীযুত সুধেন্দুবিকাশ দস্তিদার নামে প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ এক ছাত্রকে রবিবার দিন প্রাতে পুলিস গ্রেপ্তার করিয়াছে। গ্রেপ্তারের সময় সুধেন্দু প্রবল জ্বরে ভুগিতেছিল। পুলিস তাহাকে ঘাড় ধরিয়া নদীর ঘাটে লইয়া যায়। সেখান হইতে শ্রীপুর ম্যালেরিয়া নিবারণ সমিতির একজন ডাক্তারের সহিত তাহাকে সহরে লইয়া আসা হয়।

১৬ হইতে ২৬ বৎসর বয়সের হিন্দু ভদ্রলোকদের অবস্থা শোচনীয় হইয়া দাঁড়াইয়াছে। সন্ধ্যার অন্ধকার সঙ্গে সঙ্গেই তাহাদের [illegible] করিতে হয়।

নূতন ষড়যন্ত্র মামলা

এক জনরব শুনা যাইতেছে যে, শীঘ্রই চট্টগ্রামে একটি বিরাট ষড়যন্ত্র মামলা আরম্ভ হইবে এবং বহু যুবক সেই মামলায় জড়িত থাকিবেন। শুনা গিয়াছে যে, কোন এজেন্টের স্বীকারোক্তির ফলেই এইরূপ ব্যাপকভাবে খানাতল্লাস ও ধর পাকড় হইতেছে।

কাঁথিতে আবার গ্রেপ্তার

তমলুকের খানার পুলিস গত ১৬ই জুন কাকার, চোরাচোর কংগ্রেস অফিসে হানা দিয়া কিছিনিসপত্র যাহা পাইয়াছিল, সব লইয়া গিয়াছে। সাতিশা আদালত সংক্রান্ত কাগিজ পর্যন্ত তাহারা ফেলিয়া যায় নাই। প্রকাশ, কংগ্রেস অফিসটিতে তালাচাবী দেওয়া ছিল।

পুলিস দল অকস্মাৎ, কংগ্রেস কর্মী শ্রীযুত ধরণীধর সাহুর বাটীতে উপস্থিত হয়। তাহারা তাঁহাকে গ্রেপ্তার করিয়া হাতে হতকড়ি ও কোমরে দড়ি দিয়া থানায় লইয়া যায়। প্রকাশ, আরও দুই কর্মীর নামে গ্রেপ্তারী পরোয়ানা ছিল।

গত ১৩ই তারিখে ভীমেশ্বরী শাখা কংগ্রেস কমিটীর অফিসে পুলিসের খানা-তল্লাসের সময় সভাপতি শ্রীযুত নরেন্দ্রনাথ দাস ও আশুতোষ মাইতি গ্রেপ্তার হন। স্থানীয় মহকুমা ম্যাজিষ্ট্রেট তাঁহাদিগকে জামীন দিতে অস্বীকার করিয়াছেন।

স্বামী হত্যায় স্ত্রীলোকের ফাঁসী

অষ্ট্রীয়ার বুডাপেষ্ট সহরে দুই জন স্ত্রীলোকের ফাঁসী হইয়া গিয়াছে। স্ত্রীলোক দুইজন তাহাদের স্বামিদ্বয়কে বিষপ্রয়োগে হত্যা করিয়াছিল।

ঘটনার বিবরণ এই যে, একজন ধাত্রী স্ত্রীলোক দুইটিকে বলে "তোমরা খুব সহজেই খুবের হাত হইতে অব্যাহতি পাইতে পারিবে। তোমাদের পুরুষগুলিকে হত্যা করিলেই তোমাদের কার্য্য সিদ্ধ হইবে।" স্ত্রীলোক দুইটি ধাত্রীর পরামর্শানুসারে নিজেদের স্বামী ও পুত্র গুলিকে হত্যা করিতে আরম্ভ করে। এই বীভৎস এবং অমানুষিক ঘটনা কর্তৃপক্ষের গোচর হওয়ায় ১৯১১ অব্দের জানুয়ারী মাসে ৩১টি স্ত্রীলোক গ্রেপ্তার হইয়া বিচারার্থ প্রেরিত হয়।

এই ৩১ জনের মধ্যে কয়েকজন স্ত্রীলোক খালাস পাইয়াছে। কয়েকজনের ৩০ বৎসর পর্য্যন্ত কারাদণ্ড হইয়াছে। এবং দুই জনের ফাঁসীর হুকুম হইয়াছে।

জলমগ্ন পোতের মৃতদেহ সনাক্ত

ফ্রান্সের উপকূলে যে জাহাজ জলমগ্ন হইয়াছে, তাহার ৪৫৫ জনের নাম পাওয়া গিয়াছে। মার্সে বন্দরের একটি উচ্চস্থানে মৃতদেহগুলি সারি দেওয়া হইয়াছে। মৃত ব্যক্তির আত্মীয়েরা আসিয়া তাহাদিগকে সনাক্ত করিলে, এই ব্যবস্থা হইয়াছে। ব্যবস্থা হইয়াছে বটে, কিন্তু মৃতদেহগুলির হাত পা এতই বিকৃত হইয়াছে যে, সহজে তাহাদিগকে চিনিবার উপায় নাই।

রেলওয়ে কারখানায় সত্যাগ্রহ

খড়্গপুর ও সাউথ মারহাট্টা রেলওয়ের পরিচালক কারখানায় যে শ্রমিক ধর্ম্মঘট আরম্ভ হইয়াছিল তাহা এখনও চলিতেছে। শ্রমিকরা কারখানায় প্রবেশ করিয়াছিল বটে, কিন্তু তাহারা কার্য্য যোগদান করে নাই। অন্য সকালে ঠিক মেস্টোনকাল [illegible] একটি ঘণ্টা লটকাইয়া দিয়াছে। সেইটি দেখিয়া শ্রমিকরা কাজ করিবে কিনা বুঝিতে পারিবে। এই ঘণ্টা প্রতিদিন ঠিক ঘণ্টার করিয়াছে তবু তাঁহারাই কারখানায় প্রবেশ করিতে পাইবে। অধিকাংশ শ্রমিক প্রতিশ্রুতি-পত্রে স্বাক্ষর করিয়া কারখানায় প্রবেশ করিয়াছিল, কিন্তু তাহাদের মধ্যে আবার কেহ কেহ পুনরায় সত্যাগ্রহ করিতে আরম্ভ করিয়াছে। প্রকাশ, কর্তৃপক্ষ স্থির করিয়াছেন যে, শ্রমিকরা যদি মতি পরিবর্ত্তন না করে, তাহা হইলে তাঁহারা কারখানা বন্ধ করিয়া দিবেন।

সাম্প্রদায়িক দাঙ্গার জের কাশীতে দুই জনের কঠোর দণ্ড

গত ১৮ই জুন বারাণসীর সেসন জজ গত কাশী সাম্প্রদায়িক দাঙ্গা সম্পর্কে অভিযুক্ত নটে এবং হরিহরকে দোষী সাব্যস্ত ক [illegible] তাহাদের প্রতি তিন বৎসর সশ্রম কারাদণ্ড ও একশত টাকা করিয়া অর্থদণ্ডের আদেশ দিয়াছেন। অনাদায়ে তাহাদিগকে আরও তিন মাস করিয়া কারাদণ্ড ভোগ করিতে হইবে।

চাঁদপুর মহিলা সভা

চাঁদপুর মাতৃমঙ্গল সমিতির উদ্যোগে বাকলিয়ায় একটি বিরাট মহিলা সভার অধিবেশন হয়। ৯০ বৎসর বয়স্কা শ্রীযুক্তা আনন্দময়ী দেবী সভানেত্রীর আসন পরিগ্রহ করেন। শ্রীযুক্তা বিভাবতী ঘোষ বর্ত্তমান রাজনীতিক আন্দোলনের ইতিহাস এবং ইহার প্রতি মহিলাদিগের কর্ত্তব্য সম্বন্ধে বক্তৃতা করেন। তিনি ছোরাগুলীকে চরকায় সূতা কাটিয়া বস্ত্র বয়ন করিতে অনুরোধ করেন।

স্থানীয় মহিলাদিগের মধ্যে চরকার বহুল প্রচারোদ্দেশ্যে মহিলাদের ইচ্ছানুযায়ী বাকলিয়া মাতৃমঙ্গল সমিতি নামক একটি নূতন মহিলা সমিতি গঠন করা হইয়াছে। কংগ্রেসের কার্য্যে আত্ম নিয়োগ করিবার জন্য স্থানীয় মহিলাগণ বিশেষ আগ্রহ প্রকাশ করিতেছেন।

---

১৫ মাইল সন্তরণ প্রতিযোগিতা

সম্প্রতি বেনারস নিখিল-ভারত ১৫ মাইল সন্তরণ প্রতিযোগিতা হইয়াছে। বেনারস রয়েল ইউনিয়ন ক্লাবের শ্রীযুত বাসুদেব চক্রবর্ত্তী ও বেনারস হীনবন্ধু নাট্যসমাজের মিঠার মহলাল যথাক্রমে প্রথম ও দ্বিতীয় স্থান অধিকার করিয়াছেন। গন্তব্য স্থানে পৌঁছিতে শ্রীযুত চক্রবর্ত্তীর ৩ ঘণ্টা ১০ মিনিট লাগিয়াছিল।

ঢাকায় মজীর মুস্লিম কনফারেন্স

আগামী ১১ই ও ১২ই জুলাই তারিখে ঢাকায় মজীর মুস্লিম কনফারেন্সের অধিবেশন হইবে স্থির হইয়াছে।

নিখিলভারত মুস্লিম কনফারেন্সের কার্য্যনির্ব্বাহক সমিতির সভ্য মাননীয় মহম্মদ ইক্‌বালকে সভাপতির আসনগ্রহণ করিতে আমন্ত্রণ করা হইয়াছে।

বর্ষা বৈঠক

বর্ষা বিস্তারের আলোচনা করিবার জন্য এ [illegible] সিমির সৈন্য বসিবার জন্য হইয়াছে। ভারতীয় ও বৃটিশ সরকারের মধ্যে এই বিষয় লইয়া তর্ক বিতর্ক হওয়ায় বৈঠক এখন কবে বসিবে, তাহা স্থির নাই। খুব সম্ভব সেপ্টেম্বর মাসে এই গোল টেবিল বৈঠক, ঠিক সেই সময় এই বৈঠকেরও অধিবেশন হইবে।

সুলতানদীঘিতে সশস্ত্র ডাকাতি

খোয়াট থানার অন্তর্গাতী সুলতানদীঘিগ্রামে এক সশস্ত্র ডাকাতি হইয়া বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। ডাকাতগণ নগদে ও অলঙ্কারে প্রায় ১ হাজার টাকা লইয়া চলিয়া গিয়াছে। সংবাদে প্রকাশ গত ১৩ই জুন ডাকাতগণ জনৈক অস্ত্রশস্ত্র লইয়া উক্ত গ্রামের জীবচন্দ্র ঘোষের বাড়ীতে পড়ে এবং গৃহের অধিবাসীদিগকে ভয় দেখাইয়া উক্ত টাকা লইয়া সরিয়া পড়ে। পুলিসের তদন্ত চলিতেছে। তবে এখনও কোন ডাকাতের সন্ধান পাওয়া যায় নাই।

সিরাজগঞ্জে ভীষণ দুর্ভিক্ষ

অনশনে মৃত্যু, মাতার পুত্র বিক্রয়

স্ত্রীর স্বামী গৃহত্যাগ

সিরাজগঞ্জে দুর্ভিক্ষের অবস্থা অত্যন্ত ভয়াবহ হইয়া উঠিয়াছে। চার পাঁচ থানায় জনসাধারণের দুর্দ্দশা বিশেষ শোচনীয় হইয়া উঠিয়াছে পচিশ [illegible] হালায় লোকের গৃহে অন্ন নাই। স্ত্রী পরিবার লইয়া সকলে অনশনে আছে। কোন কোন গ্রামে ইতিমধ্যেই লোক খাইতে না পাইয়া মারা গিয়াছে। ছেলেকে বিক্রয় করিতেছে, স্ত্রী স্বামী গৃহ পরিত্যাগ করিয়া চলিয়া যাইতেছে। এখন এরূপ দাঁড়াইয়াছে যে, যাহারা সাহায্য ছাড়া লোকের প্রাণরক্ষা অসম্ভব প্রতিদিনই অন্তত অধিকসংখ্যক [illegible] হইয়া উঠিতেছে।

Reg No. C.1544

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৯৲
অর্দ্ধ কলম ৫৲০
সিকি কলম ২৲
চুক্তির হার
স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

সাধারণ ছার
আগাম দেয়
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸০
মাসিক ১৲
নমুনা
প্রতি সংখ্যা ৵০

ভারতের সর্ব্বত্র মঙ্গল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৬ষ্ঠ খণ্ড] সম্পাদক—শ্রীঅতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [৯৪তম সংখ্যা

শ্রীচৈতন্যাব্দ ৪৪৯ বাংলা আষাঢ়স্য ৫ই আষাঢ় মঙ্গলবার ১৩৫৮, ২৩শে জুন ১৯৩১

শান্তিপুর সংবাদ

গোলটেবিল বৈঠকে ভারতীয়ের সংখ্যা বৃদ্ধি

মহাত্মা গান্ধীর উপদেশ

নেতাদের সঙ্গে লাটের পরামর্শ

কনষ্টেবল গ্রেপ্তার

বিষ মিশ্রিত খাদ্য ভক্ষণে নাগাসন্ন্যাসীর মৃত্যু

বন্দীদের মুক্তির দাবী

দিল্লী মহিলা সম্মেলনে লেডী-উইলিংডন্

সন্ধির সর্ত্তে জহরলাল

প্রধান মন্ত্রীর বার্লিন যাত্রা স্থির

নানা কথা

শান্তিপুর সংবাদ

আলি ইস্‌লাম লাইব্রেরী

শান্তিপুর আলিইস্‌লাম লাইব্রেরীর বাৎসরিক অনুষ্ঠান মহা সমারোহের সহিত সুসম্পন্ন হইয়াছে।

প্রতিকৃতি উন্মোচন

গত ২৪শে জ্যৈষ্ঠ রবিবার অপরাহ্ণ ৫॥০ ঘটিকার সময় শান্তিপুর মিউনিসিপাল স্কুলহলে পরলোকগত কেদারমোহন মুখোপাধ্যায় মহাশয়ের স্মৃতিপূজা ও প্রতিকৃতি উন্মোচন উপলক্ষে এক সভার আয়োজন হইয়াছিল। শ্রীযুক্ত নলিনীমোহন রায়চাল এম্ এ, ভাগীরথীর মহাশয় সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন। বৃষ্টির জন্য তেমন লোক সমাগম হয় নাই।

রাস্তা ও আলো

শান্তিপুর ছাটশোলা পাড়ায় ডাঃ বিশ্বরঞ্জন রায় চৌধুরী মহাশয়ের বাড়ীর উত্তরের রাস্তাটির অবস্থা শোচনীয়। ড্রেণেজের তো কথাই নাই। বহু রাস্তার অবস্থাই খারাপ। রাস্তায় আলো তো নাইই—বন্ধ হইয়াছে।

গোল টেবিল বৈঠক

ভারতীয় প্রতিনিধিগণের সংখ্যা বৃদ্ধি

গোল টেবিল বৈঠকে প্রতিনিধির সংখ্যা বৃদ্ধি করা হইবে ও ভারতীয় ব্যবসায়ী ও কলকারখানায় শ্রমিকশ্রেণীর সংখ্যা বাড়িবে। এই সম্বন্ধে শ্রমিক ভারতীয় শ্রমিকগণের পক্ষ হইতেও প্রতিনিধির সংখ্যা বৃদ্ধি করিবার জন্য ভারত সচিবের নিকট আবেদন করা হইয়াছে। পার্লামেণ্টের ট্রেড ইউনিয়ন পক্ষের সভ্যগণ ব্যবস্থা সংখ্যা বৃদ্ধি হয় তদ্বিষয়ে যত্নবান হইয়াছেন। মিঃ কোটস্ এক পত্রে এই সম্পর্কে মাঃ ভারত সচিবকে পত্র লিখিয়াছেন।

শ্রমিকদলের মুখপত্র 'ডেলি হেরাল্ড' এই বিষয় সম্পর্কে মন্তব্য প্রকাশ করিয়াছেন। 'ডেলি হেরাল্ডের' বক্তব্য এই যে পূর্ব্বের গোলটেবিল বৈঠকে শ্রমিক অপেক্ষা ধনিকের প্রতিনিধি সংখ্যা অধিক হইয়াছিল। অভিযোগ দূর করিবার এ সময় উপস্থিত হইয়াছে। সুতরাং শ্রমি প্রতিনিধির সংখ্যা বৃদ্ধি করাই মিঃ কো পক্ষে সমীচীন।

মহাত্মা গান্ধীর উপদেশ

ফুমিকর নিধি অনুযায়ী ছটর্ণিবের ম খাদনা মহুদের মত মহাত্মা গা কলেক্টরের সহিত যে কথাবা চালাইতেছেন, সেই সম্পর্কে আম তালুকের সম্বেহসর এবং গণ্য নামক গ্র তাঁহার পরিবর্ত্তন সম্বন্ধে কথা ছিল মহাত্মাজীর সময় সংক্ষেপের নিমিত্ত সমস্ত গ্রামের প্রতিনিধি স্থানীয় ব্যক্তি ২৩শে জুন সন্ধ্যাকালে মহাত্মাজীর সহি সাক্ষাৎ করেন। মহাত্মাজী তাঁহাদিগ বলিয়াছেন, যাঁহাদের খাজনা দিব ক্ষমতা আছে তাঁহারা যেন অবিল খাজনা দিয়া দেন। বন্যার ফলে তাঁহ দের ফসলের শস্য নষ্ট হইয়া গেলে গ্রামবাসিগণ যেন অর্থ বাঁচাইবার নিমি প্রবঞ্চনার আশ্রয় গ্রহণ না করেন।

প্রতিনিধিগণ মহাত্মাজীর স কে প্রতিপালন করিতে প্রতিজ্ঞা করিয়া হে যে, যাহাদের সাধ্য ছিল তাহারা ই পূর্ব্বেই খাজনা দিয়া দিয়াছে।

নিম্নেদের প্রকৃত অবস্থা খোল করিতেছে, যে সমস্ত গ্রামবাসীর সম্বে এইরূপ সন্দে হ, মহাত্মা গান্ধী রাজ কর্ত্তৃপক্ষের নি ভাদিগকে ছ দিয়াছেন। প্রকাশ, মহাত্মা আশা করেন যে, বোরসাদ এবং আন তালুকের এবং অপরাপর বিষয়সমূ আপোষে মীমাংসা হইয়া যাইবে।

ভোগবাসনা রহিত হইলে কেবল চেতন ধর্ম অবস্থান করে। তাহা হরি-সেবার কাজে না লাগে, তাহা হইলে উহা সম্পূর্ণ নিরর্থক। যে কর্ম ধর্মের উদ্দেশে অনুষ্ঠিত হয় না, যে ধর্মাখ্যকাম বিরাগপর জ্ঞানের উদ্দেশে অনুষ্ঠিত হয় না যে বৈরাগ্যপূর্ণ ভক্তি-বিকাশ ভগবৎ পাদপদ্ম সেবায় নিযুক্ত হয় না, তাহাই জড় বা অচিৎ, চেতন রহিত প্রাকৃত মাত্র। সকাম্য অচ্যুত হইতে চ্যুত হইয়া তাদৃশ নৈষ্কর্ম্য-জ্ঞান কখন মুক্তি প্রদান করে না। গোময় যজ্ঞের পবিত্রতা সাধন করে, বস্তুশিক্ষা প্রদান করে না, সেই প্রকার পরিত্রাণের কর্মীগণের অনুষ্ঠিত নশ্বর কর্ম নিজ আনুষঙ্গিক বৃত্তির চরিতার্থতা সম্পাদন করিলেও তাহা ভগবদ্বিমুখ চেষ্টা হওয়ায় সম্পূর্ণ অকিঞ্চিৎকর।

হরিসেবা কর্ম বা হরি-সেবন জ্ঞান সর্বদা অখণ্ডরূপে বর্তমান। নিত্য হরি-সেবা ছাড়িয়া যে জীব নশ্বর ভোগ প্রবৃত্তিকে সেবা করেন, তাঁহার সেই অসৎ জ্ঞান কখনই চরম মঙ্গল সাধন করিতে সমর্থ হয় না। সচ্চিদানন্দ বস্তু বঞ্চিত অসৎ অচিৎ নিরানন্দময় বিষয়বুদ্ধিজাত কর্ম ও জ্ঞান বৃত্তিদ্বয় জীবকে ঔপসেবাধিমুখ করায়। সেবোন্মুখই জীবের যাবতীয় অসুবিধা আনয়ন করে। সেই ঔপসেবোন্মুখ-প্রকাশ নৈষ্কর্ম্য-জ্ঞান ভগবানের উদ্দেশে হরিসেবায় নিযুক্ত হওয়াকাল পর্যন্ত তাহা পঞ্চম পুরুষার্থ প্রেমের উৎপাদন করিতে সমর্থ হয় না।

ভগবানের লীলা চেষ্টা হইতে ভক্তদত্ত অর্থাৎ ভগবানের মহিমার কথা বাদ দিয়া বর্ণনের প্রতি দৃষ্টি না রাখিয়া যে কোন প্রকার ভগবদ্বহির্মুখ কথাচ্ছলের কথা শ্রবণ বা কীর্তনে বিরত করিলে তখন যে নাম রূপ বস্তুব্যক্তিরূপে স্ফুরিত হয়, সেগুলি বিক্ষিপ্ত চঞ্চল বুদ্ধি বাদুবেগে ঘুর্ণায়মান চক্রের ন্যায় কখনও কোথাও স্থির হইতে পারে না।

ভগবানের ঔপসেবনে বা শ্রবণে ভগবদ্বিমুখ কথা প্রসঙ্গে হইতে সে শ্রবণ কীর্তনে জীব নিত্যানন্দ হইতে বিচ্যুত। অন্য জ্ঞান ভগবদ্বহির্মুখ বিষের অন্ন খাওয়ান করাইতে জীবের যে অজ্ঞান হয়, তাহা অন্যান্য বস্তু প্রতীতি অনর্থের ন্যায় নহে। মনোধর্মের বশীভূত হইয়া ভগবান প্রীতি কৃষ্ণলীলা আবৃত হইয়া সম্ভোগকামনোত্থ প্রবৃত্তি কামনাকে রূপে আনয়ন করে, তাহাতে চিত্ত ভগবান। ভোগময়ী প্রতীতি কখনই ভগবানের স্মরণ করিতে সমর্থ হয় না।

কর্মিগণ কর্ম যে বুঝা, তাহাতে সন্দেহ নাই; কর্মিজ্ঞানই বিষ্ণুভক্তিবিরোধী।

হইলে তত অধিক শোভা পায় না, তখন সাধন ও ফল এই উভয়কালে দুঃখরূপ কর্ম, নিষ্কাম হইলেও ভগবানে সমর্পিত না হইলে ভগবদ্বহির্মুখ ও সম্বন্ধোদকভাবহীন হেতু কেন শোভা পাইবে? ভগবদ্ভক্তাস্বাবর্ণনোপলক্ষিত ভক্তি হইতে ব্রহ্মজ্ঞানই যখন নিকৃষ্ট, তখন সকাম ও নিষ্কাম কর্ম উভয়েই তদপেক্ষা নিকৃষ্ট, তাহাতে আর সন্দেহ কি অর্থাৎ তাহা বলা বাহুল্য। যথাহি শ্রীমদ্ভাগবতের ১ম স্কন্ধে ৫ম অধ্যায় দ্বাদশ শ্লোকোক্তি,—

নৈষ্কর্ম্যমপ্যচ্যুত ভাববর্জিতং
ন শোভতে জ্ঞাননয় নিরঞ্জনম্।
কুতঃ পুনঃ শশ্বদভদ্রমীশ্বরে
ন চার্পিতং কর্ম যদপ্যকারণম্॥

অর্থাৎ বস্তু নিষ্কাম, তাহার একাকার নিষ্কপটতার ভাবই নৈষ্কর্ম্য। কামনাময় কর্মহীন বস্তুজ্ঞান যথাযথ নিষ্কর্ম হইলেও অচ্যুতভাব ভক্তিবিরহিত হইলে অধিক শোভা পায় না। তখন সাধন ও সিদ্ধকালে ভক্তের কামাকর্ম এবং অকাম কর্ম ও ভগবানে সমর্পিত না হয়, তাহা হইলে আবার শক্তিসঞ্চারে শোভা পায় অর্থাৎ তাহা যে শোভা পায় না তাহা বলা, কেন না উহা বহির্মুখী ও সম্বন্ধোদকভাব হীন।

সৎসঙ্গ

প্রাপ্তিস্থান অর্থাৎ

মহাত্মাগণ রচিত পেয়ালেলো সুশোভিত অক্ষরবিন্যাসে যে সকল চিত্র 'ভাল ভাল' বলিয়া আমাদের চক্ষু নিবারিত করিতেছে— প্রেয়স্কামী জীবের কামনার অনুকূল সকল কথা বর্তমান মতে বাহ্য কথা বলিয়া সরল লোকের ভ্রম উৎপাদন করিতেছে, যথার্থ হিতৈষী সাধুগণ আমাদিগকে তাহা হইতে আকৃষ্ট করিয়া সাধুসঙ্গ রত্নের —অনির্বাণ আনন্দপূর্ণ প্রেমধনের কেন্দ্র হইতে উপদেশ করিতেছেন। পেয়ার নিত্যানন্দের করুণার কণা বিনা আর কোন ভাল কথা নাই, কোনও দিন ছিল না বা থাকিতে পারে না, এই যথার্থ সত্য কথা আমরা পরম ভাগ্যে সাধুগণের নিকটেই শ্রবণ করিতেছি। একমাত্র সাধুগণই অকপট সত্যের প্রচারক। পৃথিবীর অন্যান্য সম্প্রদায়িগণ স্ব স্ব স্বার্থসিদ্ধি উদ্দেশ্যে বহির্বৃত্তি অবলম্বন করিয়াছেন; সুতরাং তাঁহাদের বাক্য তাঁহাদের ব্যবসায়ের অনিষ্ট উৎপাদক।

ভগবদ্ভক্ত সাধুগণ কিন্তু অপরাপর ব্যক্তিগণ কেহ কেহ জ্ঞানী, কেহ বা মনোধর্মী। দৈতে ভদ্রাভদ্র জ্ঞান সব মনোধর্ম এই ভাল এই মন্দ, এই সব ভ্রম।' এই বাস্তব বাক্যানুসারে ভুক্তি মুক্তি সিদ্ধি কামী অভক্ত মনোধর্মিগণ অস্থিরতা প্রযুক্ত সতত পরিবর্তনশীল ভ্রমত পোষণকারী। তাহারা কৃষ্ণভোগ্য বিষয়সমূহের প্রভু অর্থাৎ নিজেরাই কৃষ্ণ সাজিয়া বিষয় সেবা করিতে করিতে অতিরিক্ত ঔদরিকের ন্যায় ভোগ-প্রাচুর্যের প্রতিক্রিয়াফলে শ্বাস রুদ্ধ হইয়া মৃত্যুমুখে পতিত হয়; আবার কখনও বা ভক্তত্যাগীর পদানুসরণে প্রতিষ্ঠাসাগর ইত্যাদি সুস্বভোগের কামনাপীড়িত তাহারা মনোধর্মের দ্বারা তাড়িত হইয়া ঐকৃষ্ণ ভোগ্য সেবোপকরণসমূহ লইয়া বিরক্তিভরে পরিত্যাগ করিয়া অপরিণামদর্শী প্রায়োপবেশন এতাবলম্বীর ন্যায় আত্মহননের অমঙ্গল রাশিকে বরণ করে। ত্রিগুণময়ী প্রকৃতিজাত বিষয়ভোগলিপ্সু, আমাদের নিকট অসাধুর মধ্যুপস্থিত কৃষ্ণবহির্মুখ রুচিপ্রদ বোধ হয়। মঙ্গলনিধান সংসঙ্গে উদাসীনতা বশতঃ অসতে আসক্তিই আমাদের বর্তমান অকল্যাণজনক অবস্থা আনয়ন করিয়াছে।

সাধুসঙ্গ প্রিয় নরোত্তম ঠাকুর মহাশয় অন্ধ ব্যক্তির ন্যায় অসৎদর্শী জীবের জ্ঞানচক্ষু উন্মীলনের জন্য কীর্তন করিয়াছেন,—

"অনলে অনল করি দিল তেয়াগিয়
আপন করম দোষে আপনি ডুবিনু॥
সৎসঙ্গ ছাড়ি' কৈনু অসতে বিলাস।
তে কারণে লাগিল যে কর্মবন্ধফাঁস।"

শ্রীশ্রীগৌরসুন্দর যখন শ্রীপাদ রামানন্দ রায়কে জীবের শ্রেষ্ঠ শ্রেয়ঃ সম্বন্ধে প্রশ্ন করিয়াছিলেন, তখন রায় রামানন্দ উত্তর দিয়াছিলেন—"কৃষ্ণভক্তসঙ্গ বিনা শ্রেয়ঃ নাহি আর।" অনুরূপ সাধুসঙ্গ প্রভাবে অবিদ্যা তিমির তিরোহিত হয়। সাধুকৃপায় আমরা মরণপথ হইতে ত্রাণ পাই। নিত্য নবনবায়মান সেবা-সুধাপূর্ণ অমর জীবন লাভ করিতেপারি। সাধুর শাস্ত্রে সাধু-সঙ্গের প্রকৃষ্ট মহিমা গীত হইয়াছে। ঔপনিষদ মহিমারাশি সম্বন্ধে আমরা ক্ষুদ্র বুদ্ধিতে আর কতটুকু স্তুতি করিতে পারি; জিহ্বার ফলই বিষ্ণুবৈষ্ণবের গুণগানে; এই নিমিত্ত সম্পূর্ণ অযোগ্যতা সত্ত্বেও লইয়াই এইরূপ প্রয়াস। কোন্ও বৈষ্ণব কবি কীর্তন করিয়াছেন,—

"ওহেরে ভাই, সাধুসঙ্গ কর ভাল হইয়া।
চৌরাশী লক্ষ জনম, ভ্রমণ করিয়া শ্রম,
তাহাই তুমার দেহ পাইয়া

ভগবদ্ভক্ত সাধুগণের ভক্তিরস-সম্পদ চিত্তভূমি ঔকৃষ্ণের নিত্য বিশ্রামস্থলী; শ্রীভগবানের ভক্তাপেক্ষা প্রিয় আর কেহই নাই। ভক্তের শ্রীকৃষ্ণ স্বীয় শ্রীবদনে করিতেছেন—,

"সাধবো হৃদয়ং মহ্যং সাধূনাং হৃদয়ত্বহম্।
মদন্যত্তে ন জানন্তি নাহং তেভ্যো মনাগপি।"

সুমেধস্তিথি পালন

দিল্লী গৌড়ীয়মঠে

গত ১লা আষাঢ় ১৬ই জুন মঙ্গলবার দিবস নিউদিল্লী গৌড়ীয়মঠ কার্যালয়ে বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর সপ্তদশ বার্ষিক বিরহ মহামহোৎসব সমারোহের সহিত সুসম্পন্ন হইয়া গিয়াছে। সভার স্থানীয় অনেকগুলি বিশিষ্ট বাঙ্গালী পাঞ্জাবী ও হিন্দুস্থানী ভদ্রলোক যোগদান করিয়াছিলেন। উৎসব উপলক্ষে ঠাকুরের জগদ্গুরুত্ব ও মাহাত্ম্য কীর্তন, চৈতন্য ভাগবত পাঠ ও ব্যাখ্যা এবং অবশেষে কীর্তনমুখে সমবেত ভদ্রমহোদয়গণকে মহা প্রসাদ বিতরণ করা হইয়াছিল। এতদ্ভিন্ন পরম ভক্ত শ্রীযুত নন্দলাল দুগীরালা সেবোন্মুখতা বিশেষ উল্লেখযোগ্য এ বয়োবৃদ্ধি রাধারমণ চরণ পরশের অক্লান্ত পরিশ্রমে উৎসব সর্বসাফল্য মণ্ডিত হইয়াছিল।

এলাহাবাদ শ্রীরূপগৌড়ীয় মঠে

এলাহাবাদ হইতে শ্রীপাদ সর্বেশ্বরানন্দ ব্রহ্মচারী জানাইতেছেন—গত ১লা আষাঢ় মঙ্গলবার ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের বিরহ উৎসব শ্রীরূপগৌড়ীয়মঠে যথারীতি অনুষ্ঠিত হইয়াছে। ঐদিবস সন্ধ্যার পর শ্রীশ্রীরাধাবিনোদকিশোরজীর আরতি সমাপনান্তে গুরুবন্দনা, কীর্তন ও পাঠ বক্তৃতাদি হইয়াছিল। রাত্রি প্রায় ১০টার সময় সমাগত শ্রোতৃবৃন্দকে চতুর্বিধ রস সমন্বিত মহাপ্রসাদ বিতরণ করা হইয়াছিল। সকলেই ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের জয় গান করিতে করিতে মহানন্দে মহাপ্রসাদ সম্মান করিতেছিলেন।

উৎসবের যাবতীয় ব্যয় ভার শ্রীযুত বাবু গণেশ চন্দ্র দেব বহন করিয়াছেন। তাঁহার সেবা-চেষ্টা বাস্তবিকই প্রশংসা এবং উল্লেখ যোগ্য।

আমলাজোড়া প্রপন্নাশ্রম মঠে

বর্দ্ধমান জেলাস্থ আমলাজোড়া হইতে শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ সরকার মহাশয় লিখিতেছেন—আমলাজোড়া প্রপন্নাশ্রম মঠে গত ১লা আষাঢ় মঙ্গলবার ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের তিরোভাব উপলক্ষে একটী বিরহ মহোৎসবের অনুষ্ঠান হইয়াছিল। সন্ধ্যারাত্রিকের পর শ্রীপাদ হরিকিশোর প্রভু প্রায় ১॥ ঘণ্টা কাল ঠাকুরের উদার চরিত্রের বিষয় পাঠ করিয়াছিলেন, পরে কীর্তনাদি ভক্তি অঙ্গ অনুষ্ঠিত হয়। তৎপরে প্রায় দুই শত যুবক, বালক, বৃদ্ধ ও স্ত্রীলোকদিগকে মহাপ্রসাদ বিতরণ করা হইয়াছে। শ্রীপাদ ধৃতিরাজ প্রভু ও শ্রীপাদ হরেকৃষ্ণ প্রভু উৎসাহে এবং যত্নে উৎসবকার্য্য সুসম্পন্ন হ

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীমদ্ভাগবতম্ ... শ্রীমন্মধ্বাচার্য্য-কৃতা তাৎপর্য্য-নির্ণয়টীকা, শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-কৃত সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, সংস্কৃত অন্বয় ও অতিসরল, ভাব্য ও বিবৃত্যাদিযুক্ত। প্রতি স্কন্ধের আদিতে ঐ স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ অধ্যায়ের সারসহ সুবিস্তৃত তাৎপর্য্যাদি বিবৃত। শ্লোকসূচী বিষয়সূচী, অধ্যায়বিবরণ, পাত্র ও স্থানসূচীসহ উত্তম কাগজে উত্তম অক্ষরে মুদ্রিত। প্রথম হইতে ১০ম স্কন্ধ ডবল ক্রাউন ৮ পেজী আকারে ছাপা সম্পূর্ণরূপে শেষ হইয়াছে। ভিক্ষা প্রথম হইতে ৯ম স্কন্ধ পর্য্যন্ত ২১৷৵০; দশম স্কন্ধ ১২৲; একত্র ৪০৲।

শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদঠাকুর-রচিত 'অমৃতপ্রবাহভাষ্য' শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত সুভাষ্যে শ্রুতি-স্মৃত্যাদি বহু শাস্ত্রপ্রমাণ-সম্বলিত হইয়া প্রকাশিত হইয়াছেন। শ্লোকের সাধ্বয়ব্যাখ্যা, বঙ্গানুবাদও শ্লোক পয়ারের পূর্ব্বে সংক্ষিপ্ত অভিধেয় সংযোজিত। প্রত্যেক অধ্যায়-প্রারম্ভে কথাসার দেওয়া আছে। শ্লোক, পদ, স্থান, পাত্র প্রভৃতির সুবৃহৎ সূচী ও গ্রন্থকারের সংক্ষিপ্ত জীবনী সম্বলিত এইরূপ অপূর্ব্বসুন্দর সংস্করণ ইতঃপূর্ব্বে আদৌ প্রকাশিত হয় নাই। উত্তম কাগজে পরিপাটীরূপে সুন্দর অক্ষরে মুদ্রিত হইয়াছে। গ্রন্থ প্রায় ৯০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা বঙ্গদেশে ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত টীকা, ভাষ্য, শব্দসূচী, পয়ারসূচী, বিষয়-সূচীপত্র, প্রভৃতি বিবিধ বিষয়-সম্বলিত বিরাট দ্বিতীয় সংস্করণ ডবল ক্রাউন ৮ পেজী আকার। আদিলীলা ও মধ্যের কিয়দংশ প্রকাশিত হইয়াছে। ক্রমে ক্রমে প্রকাশিত হইতেছেন। অগ্রিম ভিক্ষা ৫৲ টাকা, আদি লীলার মূল্য ৩৲।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের এরূপ অভিনব সুন্দর সংস্করণ আর কখনও প্রকাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকাংশের অন্বয়, বঙ্গানুবাদ, টীকা, কথাসার, ভাষ্য প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। মূল মোটা ফুলস্কেপ ডবল ক্রাউন আটপেজী আকারে ছাপা হইয়াছে। মূল্য ১৯০ টাকা। নদীয়া প্রকাশ ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১৷০ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

—শ্রীগৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিঠাকুর গোস্বামিকৃতা সারার্থবর্ষিণী টীকানুগতা ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'রসিক-রঞ্জন' নামক ভাষ্যানুযায়িনী। অধ্যায়সূচী, শ্লোকক্রমে শব্দ-সূচী, বিষয়-সূচী, গ্রন্থকারের জীবনী ও অবতরণিকাদি সম্বলিত অভিধেয়-বিষয়-নয় উৎকৃষ্ট বাঁধাই তৃতীয় সংস্করণ—এই গ্রন্থ রত্নের ভিক্ষা ২৲ টাকা মাত্র, সাধারণ সংস্করণ—১৷০ মাত্র

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের সেই অবিদ্যা-বিধ্বংসিনী জীবাত্মস্বরূপোদ্বোধিনী কৃষ্ণ-কার্ষ্ণ-নিন্দবাহিনী জীবন্ত-বাণীর মূর্ত্ত-বিগ্রহ—বৈষ্ণবসিদ্ধান্ত-রত্নমালার কৌস্তুভমণি—সম্প্রদায় বৈভববিজ্ঞানাগারের মৌলিক তথ্য—পঞ্চরাত্র ও ভাগবতের সমন্বয়কৃৎ—মহাজন-জীবনচরিত-শিক্ষক—চিদ্বিলাসচিন্তাত্ত-অচিন্ত্যাত্ত-বিচারক—ঐশ্বর্য্য ও মাধুর্য্যরসের মৌলিক পরেষণার—সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন-তত্ত্বের সিদ্ধান্ত-সমুদ্র।

১। প্রথম খণ্ড—বৈষ্ণবদর্শন, শ্রীগুরুতত্ত্ব, কাল-ধর্ম্ম, শ্রীমন্মহাপ্রভাব, শ্রীবার্ষভানবী, পাঞ্চরাত্রিকী দীক্ষা ও বর্ণ-বিচার, আত্মধর্ম্ম ও মনোধর্ম্ম, শ্রীচৈতন্যদেব ও তাঁহার শিক্ষা, অপ্রাকৃত সহজধর্ম্ম ও প্রাকৃত সহজধর্ম্ম, প্রভৃতি বিংশতি সংখ্যক রত্নে সুশোভিত। ভিক্ষা মাত্র ৸০ বার আনা।

২। দ্বিতীয় খণ্ড—শুদ্ধা ও বিদ্ধা ভক্তি, মন্ত্রদাতা শ্রেষ্ঠতা কোথায়, আত্মার নিত্যবৃত্তি, শ্রীনর স্বামিপাদ ও মায়াবাদ, শ্রীগৌর-নিত্যানন্দপ্রসঙ্গ, জিহুদের দম্ভ ও কৃষ্ণ-কীর্ত্তন, শ্রীব্যাসপূজায় শ্রীমদ্ভাগবতের কীর্ত্তন, শ্রীগৌর-নামের মহিমা, মহাপ্রসাদ, শ্রীগোবিন্দ, শ্রীগুরুপাদপদ্মভজন-পথ, শ্রীমতী তুলসীদেবী, শ্রীচৈতন্যদেবের কথা, গৌরকথা ও কৃষ্ণকীর্ত্তন—চতুর্দ্দশ অপূর্ব্ব মধুরিমাপূর্ণ বক্তৃতা-বিভূষিত। ভিক্ষা ১৲ এক টাকা মাত্র।

প্রথম ও দ্বিতীয়—দুই খণ্ড একত্রে লইলে ভিক্ষা দেড় টাকা, ডাক খরচ স্বতন্ত্র।

শ্রীমদ্ভগবদ্গীতা

গৌড়ীয়-বৈষ্ণবধর্ম্মনিকেতন শ্রীশ্রীমদনমোহনের বিদ্যাভূষণকৃত ভাষ্য ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরপ্রণীত বঙ্গ-ভাষায় বিস্তৃত 'বিদগ্ধরঞ্জন' নামক ভাষ্যযুক্ত। অধ্যায়-সূচী, বিষয়সূচী, ও প্রতি শ্লোকের প্রথম ও তৃতীয় পাদ সূচী, গ্রন্থকারের জীবনী প্রভৃতি সম্বলিত। উৎকৃষ্ট বাঁধাই, রাজসংস্করণ (তৃতীয় সংস্করণ) গ্রন্থের ভিক্ষা ২৲ টাকা।

প্রমেয়রত্নাবলী

শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ-প্রণীত বৈষ্ণবদর্শন, সন্দর্ভ ও গোবিন্দ-ভাষ্যাদি পড়িবার প্রথম গ্রন্থ। উৎকৃষ্ট কালিতে ছাপা। সুবিস্তৃত টীকা ও প্রাঞ্জলবঙ্গানুবাদ-সাহায্যে অতি সহজে বালকেরও বোধগম্য হইয়া থাকে। ভিক্ষা ৸০ আনা মাত্র।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

(প্রমাণখণ্ড) সানুবাদ। শ্রুতি-স্মৃত্যাদি গ্রন্থে শ্রীনবদ্বীপের যে মহিমা কীর্ত্তিত আছে, তাহার মূল সংস্কৃত ও অনুবাদ। ভিক্ষা ৵০ আনা।

শ্রীশ্রীনবদ্বীপভাবতরঙ্গ

শ্রীঠাকুর ভক্তিবিনোদ লিখিত। সুললিত গীতাকারে পরিক্রমার দ্রষ্টব্যাদি-বিষয়ক। ভিক্ষা ।০ আনা।

ভক্তিরত্নাকর ও নবদ্বীপ পরিক্রমা

শ্রীল নরহরি চক্রবর্ত্তি-ঠাকুর-রচিত। ভক্তিরত্নাকর হইতে পরিক্রমাংশ মাত্র গৃহীত; শ্রীজীব গোস্বামী কি প্রকারে শ্রীনবদ্বীপধামের পরিক্রমা করিয়াছিলেন, তাহাই পদ্যে বিবৃত। ভিক্ষা ৵০ আনা

শ্রীচৈতন্যশিক্ষামৃত

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। ইহাতে শ্রীচৈতন্যদেবের শিক্ষাপ্রণালী—কৃষ্ণ, কৃষ্ণশক্তি ও জীব—বদ্ধ ও মুক্ত জীব-অচিন্ত্য-ভেদাভেদ-তত্ত্ব—সাধ্য-নির্ণয়—প্রয়োজন-তত্ত্ব, কর্ম্ম, আত্মসাধিত বিচার—দৈবী ভক্তি, ভাবভক্তি প্রেমভক্তিসহ নামভজন-প্রণালী ও অষ্টকালীয় লী পরিচয়াদি প্রথম শিক্ষার্থীর উপযোগ করিয়া সরল ভাষা সমুদয় যুক্তিপ্রমাণসহ লিখিত আছে। চতুর্থ সংস্করণ বা ২৲ টাকা, আধমণে ১৫০ টাকা মাত্র।

গৌড়ীয়কণ্ঠহার

শ্রীগৌড়ীয়-বৈষ্ণবগণের অমূল্য কণ্ঠে দারুণগোর শ্রুতি স্মৃতি পুরাণ-পঞ্চরাত্রাদি সাত্বত-শাস্ত্রসমূহের প্রমাণাব বিচারবিভাগক্রমে সানুবাদ গুম্ফিত। এইরূপ বৈষ্ণ সিদ্ধান্তের সারসমন্বয় অন্য কুত্রাপি প্রকাশিত হয় নাই ইহাতে শুদ্ধতত্ত্ব—ভাগবত—বৈষ্ণব—গৌর—নিত্যানন্দ অদ্বৈত—কৃষ্ণ—শক্তি—ভগবত্তত্ত্ব—জীব—অচিন্ত্যভেদাভে —অভিধেয়—সাধনভক্তি—বর্ণাশ্রম—আশ্রম-ধর্ম্ম—শুদ্ধভ —শ্রীনাম—প্রয়োজন ও প্রমাণ-তত্ত্বাদি পৃথক অধ্যা সুবৃহৎ মোবাদি সূচীসহ উৎকৃষ্ট এন্টিক কাগজে রো রু কালিতে মুদ্রিত, উৎকৃষ্ট বাঁধা সোনার জলে নাম লেখা গ্রন্থ প্রায় ৯০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা ২৲ টাকা মাত্র।

শ্রীনবদ্বীপধাম-গ্রন্থাবলী

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত 'ধামমাহাত্ম্য'—গৌ মাহাত্ম্যের সম্পূর্ণ প্রমাণ খণ্ড—শ্রীল নরহরি চক্রবর্ত্ত ঠাকুরের নাম-পরিক্রমাংশ—শ্রীধাম নবদ্বীপ পরিক্রমা—গৌ যাত্রা পদ্ধতি—শ্রীমৎ প্রবোধানন্দকৃত নবদ্বীপশতকম্ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ প্রভৃতি গ্রন্থ একত্র ভিক্ষা ৸০ আনা মাত্র।

শ্রীহরিনামামৃত ব্যাকরণ

শ্রীজীব গোস্বামী প্রভুপাদ-বিরচিত সূত্র ও বৃত্তি উৎসঙ্গে ওঁবিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের বিস্তৃত ভূমিকা ও সূচী প্রভৃতি সহ অপ্রত্যাশিতভাবে সুলভ। ভিক্ষা ২৲ টাকা, ছাত্রগণে পক্ষে ১৷০ টাকা মাত্র।

বেদান্তসূত্রসার

শ্রীমদ্রামানুজাচার্য্য-রচিত। বেদান্তের বিশিষ্টাদ্বৈতবা প্রচারক শ্রীরামানুজ প্রণেতা আচার্য্যপ্রবর বেদান্তদর্শন পাঠে উপযোগী করণার্থ এই উদ্যম করিয়াছেন। উৎ বঙ্গানুবাদ ও সূচীপত্রাদি সংযোজিত করা হইয়াছে নাম মাত্র ভিক্ষা ৵০ আনা।

শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও নবদ্বীপশতক

গৌরপার্ষদ ত্রিকালী শ্রীমৎ প্রবোধানন্দ সরস্বতী-প্রণী মূল, প্রভুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারা সম্পাদিত অন্বয়মুখে ব্যাখ্যা ও বঙ্গানুবাদ সম্বলিত নবদ্বীপশতকের শ্রীভক্তিবিনোদ ঠাকুরের পদ্যানুবাদ ও তৎসহ শ্রীমন্মহাপ্রভুর ৩ কটী নিজস্বরচিত অলৌকিক চি প্রদত্ত হইয়াছে। মুদ্রণ ও কাগজ উৎকৃষ্ট (২ খা একত্রে) ভিক্ষা ৸০ আনা, অতি সুন্দর বাঁধাই রাজসংস্ক ২৲ টাকা মাত্র।

ধ্রুবধর্ম্ম

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। এই একমাত্র গ্রন্থ-পাঠ করিলে পারমার্থিক বাক্যে কিছুমাত্র সন্দেহ বা সংশয় থাকিবে না। পরম ধ্রুব ধর্ম্মবিজ্ঞাপক এই-রূপ বেদ ও মহদনুশীলন গ্রন্থ এ পর্য্যন্ত প্রকাশিত হয় নাই। শ্রী-গৌরাঙ্গ-শাস্ত্র-মহোদধি-মন্থনফলে এই গ্রন্থরত্ন উত্থিত হইয়াছেন। আবার সুবিস্তৃত সূচী, কথাসার প্রভৃতি দ্বারা বিশেষ সমৃদ্ধ করা হইয়াছে। দ্বিতীয় খণ্ড, নামের জন্মে নাম লেখা, উৎকৃষ্ট বাঁধাই—চতুর্থ সংস্করণ মূল্য ২৲ টাকা মাত্র।

প্রেমবিবর্ত্ত

শ্রীমন্মহাপ্রভুর অন্তরঙ্গ পার্ষদ শ্রীল জগদানন্দ প্রভু-বিরচিত। এই পুস্তকে অতি সুবোধ্য ভাষায় মহাপ্রভুর কথা লীলাসহ বৈষ্ণবাচার, একাদশী ও নামভজন-প্রণালী প্রভৃতি অনেক বৈষ্ণবতত্ত্বের সুমীমাংসা দেখিতে পাইবেন। পাণ্ডিত্যপূর্ণ ভূমিকা স্থানের বিশদার্থ ও গ্রন্থকর্ত্তার পরিচয়াদি-সম্বলিত চতুর্থ সংস্করণ মূল্য ৷৶০ আনা মাত্র।

ভজনরহস্য

ভজনকারীর নিত্যসঙ্গী; ঠাকুর ভক্তিবিনোদের অমূল্য দান; নিখিল শাস্ত্রের নির্য্যাস। গ্রন্থখানি না দেখা পর্য্যন্ত ইহা বুঝিতে পারিবেন না। তৃতীয় সংস্করণ মূল্য ৷৹।

হরিনামচিন্তামণি

নামাচার্য্য শ্রীল হরিদাস ঠাকুরের মুখে শ্রীমন্মহাপ্রভু নাম-মাহাত্ম্য, নামাভাস, নামাপরাধ প্রভৃতি বিষয়ের তত্ত্বীয় বিচার শ্রবণ করিয়াছিলেন। এই বিষয়গুলির সরল পয়ারে সংক্ষিপ্ত আলোচনা পরিপাটিভাবে মুদ্রিত। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। পঞ্চম সংস্করণ মূল্য ৷৸০

কল্যাণকল্পতরু

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। প্রত্যেক ভগবদ্-ভক্তি ও জ্ঞানপথের পথিকের একান্ত প্রয়োজনীয় উপদেশাবলীপূর্ণ গীতিগ্রন্থ। সামান্য লেখাপড়া জানা লোকেও এই ভজনরাজ্যের ঐতিহ্যসমূহের দ্বারা অনর্থনিবৃত্তি ও ভগবৎসেবা লাভ করিবার সুবিধা পাইবেন। সপ্তম সংস্করণ, মূল্য ৵০ আনা মাত্র।

শরণাগতি

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। ভগবানে আত্মসমর্পণ, ভক্তিপ্রাপ্তি, ভজনলালসা, ষড়্‌বিধা শরণাগতি ও বিধি-লালসা-প্রভৃতি পূর্ণ, মূল্য ৵০ আনা মাত্র।

গীতাবলী

শ্রীঠাকুর ভক্তিবিনোদ-প্রণীত। নিত্য ভজন, আরাত্রিক প্রভৃতি সেবাদি-বিষয়ক মধুর গীতসমূহ একত্রে গ্রথিত। মূল্য ৵০ আনা মাত্র।

শ্রীসঙ্কল্পকল্পদ্রুম

ত্রিদণ্ডিকেশরত্নকুটমৌলি শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-বিরচিত রসগ্রন্থ। শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের অনুবাদ-সহ। মূল্য ৷৹ আনা মাত্র।

শ্রীশিক্ষাষ্টক

শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ও শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর প্রতি ঐকৃষ্ণ চৈতন্য গোস্বামীর উপদেশবাণী, ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিষয়ে সুবিচারিত সমালোচন ভাষ্য, বিস্তৃত নিবৃত্তি, চরিতামৃতের প্রমাণ, সাধ্য সাধনা ও মহাজন-প্রণীত অনুপদেশ বাঁহাদের প্রত্যেক শ্লোকের সহিত সন্নিবেশিত হইয়াছে। এই সংস্করণ মূল্য ৷৵০ আনা।

সাধন-কণ

শ্রীরঘুনাথ দাস গোস্বামীর মনঃশিক্ষা, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-চরিত পদ্যানুবাদসহ। মূল্য ৵০ আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা

শ্রীল নরোত্তমের সুপ্রসিদ্ধ প্রেমভক্তিবিষয়ক গানের পুস্তক। মূল্য আনা মাত্র।

নবদ্বীপশতক

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপাদের সংস্কৃত নবদ্বীপশতকের সুললিত পদ্যানুবাদ। মূল্য ৵০ আনা মাত্র

অর্থপঞ্চক

শ্রীল লোকাচার্য্য রচিত। বৈষ্ণবতা-জ্ঞানের আকর পুস্তক। মূল্য ৵০ আনা মাত্র।

সদাচারস্মৃতি

শ্রীল মন্ত্রাচার্য্য প্রণীত। বৈষ্ণবের নিত্যকর্ম্মাদি সদাচারাবলী, বঙ্গানুবাদ সহিত। মূল্য ৵০ আনা মাত্র।

মণিমঞ্জরী

কবিকুলকেশরী শ্রীমন্নারায়ণাচার্য্য রচিত। শ্রীমদ্ভক্তি-চার্য্যের নাকিল জীবনলীলা ও মূল বৈষ্ণবতত্ত্বমত। সানুবাদ মূল্য ।০ আনা মাত্র।

গৌরকুতোদয়

প্রাচীন কবি শ্রীগোবিন্দ দেব প্রণীত শ্রীগৌরবন্দনার প্রমাণাবলী-সংবলিত সংস্কৃত গ্রন্থ। মূল্য ৷৹ আনা।

যুক্তিমল্লিকা (অপসৌরভ)

শ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামিপাদ স্বামিকৃত। বঙ্গাক্ষরে সানুবাদ এই গ্রন্থের প্রকাশ পারমার্থিক সাহিত্য-জগতে এই সর্ব্বপ্রথম। শ্রীমদ্ভক্তিবিনোদাচার্য্য হইতে গৌড়ীয়গণের দ্বিতীয় মদ্ভক্তিবিনোদাচার্য্য নামে খ্যাত শ্রীমদ্ভক্তিসিদ্ধান্তরত্নতীর্থ স্বামী এই গ্রন্থে সাধারণ যুক্তি ও লৌকিক ন্যায়ানুসারে কিরূপ সুন্দরভাবে ভক্তিবিরোধি-মতবাদ সমূহ খণ্ডন করিয়াছেন, তাহা পাঠ করিতে করিতে আশ্চর্য্যান্বিত হইতে হয়। ইহাতে যুক্তির দ্বারা চার্ব্বাক, জৈন, বৌদ্ধ, মীমাংসক ও মায়াবাদিমত-সমূহের সুন্দর খণ্ডন রহিয়াছে। মূল্য ২৲ টাকা মাত্র।

গোস্বামী শ্রীল রঘুনাথ দাস

(ও বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত ভূমিকা সহ) গৌরপ্রেষ্ঠ স্বরূপ-রূপের একমাত্র প্রিয়তম শ্রীল দাস গোস্বামী প্রভুর অপূর্ব্ব চরিতামৃত ও শিক্ষা অতীব প্রাঞ্জল ও সরল ভাষায় সন্নিবিষ্ট এবং পরিশিষ্টে দাসগোস্বামী প্রভুর বিরচিত কএকটী সাধুস্বাদ মধুরতম স্তব ও মনঃশিক্ষা-সম্বলিত। মূল্য বাঁধাই ৷৹ আনা, আবাধাই ৵০ আনা মাত্র।

চিত্রে নবদ্বীপ

প্রাচীন নবদ্বীপের অবস্থিতি, তথা, ঐতিহ্য, শ্রৌত ঐতিহাসিক প্রমাণসম্বলিত নয়টী দ্বীপের সচিত্র বিবরণ গ্রন্থ। রায়বাহাদুর কুমার শ্রীযুক্ত পরিমল নারায়ণ রায় এম, এ, প্রাক্ত (লাহোর), বেদান্তভূষণ মহোদয় কর্ত্তৃক সঙ্কলিত এবং ৪৭ খানি বিভিন্ন বর্ণের অপূর্ব্ব চিত্র মানচিত্র-সমন্বিত; প্রাচ্যবিদ্যামহার্ণব রায় সাহেব শ্রীযুক্ত নগেন্দ্র নাথ বসু বিশ্বকোষসম্পাদক মহাশয়ের বিস্তৃত ভূমিকা সহ। উৎকৃষ্ট (ইং) মরক্কো বাঁধাই মূল্য ১৷০, ভিঃ পিঃ ২৲ টাকা মাত্র।

সাধক-কণ্ঠমালা

গুরুবন্দনা, বৈষ্ণব-বন্দনা, বৈষ্ণবস্মরণ, ধামালের পূর্ব্ব শ্রীনামতত্ত্ব, শ্রীমন্মহাপ্রভুর অষ্টোত্তরশত নাম, অষ্টপ্রহর নামকীর্ত্তন, শ্রীনামসঙ্কীর্ত্তন, প্রেমধ্বনি, বাউলসঙ্গীত, নবদ্বীপ-মহিমা, শ্রীমায়াপুর মহিমা, শ্রীনরোত্তম-প্রভুর আচার্য্য-বন্দনা, ষড়্‌গোস্বামীর অষ্টক, প্রেমভক্তিচন্দ্রিকা উপদেশমালা নামভজন-প্রণালী, মহাপ্রভু ও রায় রামানন্দ সংবাদ, মনঃশিক্ষা, শ্রীগুরুপ্রণতি, শ্রীগুরু-পরম্পরা, মহাপ্রভুর বন্দনা প্রভৃতি সাধক ও সিদ্ধজীবনের নিত্যপাঠ্য বৈষ্ণবগণের কণ্ঠশোভিত তুলসীমালার ন্যায় অনুপম ও সারগর্ভোদ্যা অপূর্ব্ব গ্রন্থ। মূল্য ৷৵০, বাঁধাই ৷০ মাত্র।

গৌড়ীয়-গৌরব

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয়-সম্পাদক শ্রীপাদ সুন্দরানন্দ পরবিদ্যাবিনোদ প্রভুর বক্তৃতার লিপি গ্রন্থকারে প্রকাশিত। ইহাতে গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ের ইতিহাস সূত্রাকারে গ্রথিত হইয়াছে। মূল্য ৵০ মাত্র।

গৌড়ীয় সাহিত্য

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয়-সম্পাদক শ্রীপাদ সুন্দরানন্দ পরবিদ্যাবিনোদপ্রভু প্রদত্ত বক্তৃতার লিপি গ্রন্থাকারে প্রকাশিত। ইহাতে সাহিত্য-শব্দের অর্থ ও গৌড়ীয়-সাহিত্যের বিষয় সূত্রকারে বর্ণিত হইয়াছে। মূল্য ৵০ আনা মাত্র।

শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা-দর্পণ

শ্রীগৌড়দেশের যে সকল স্থানে সপরিকর শ্রীমন্মহাপ্রভু এবং তদনুগ পরবর্ত্তী মহাজনগণ লীলা করিয়া গিয়াছেন সেই সব আধুনিক ভৌগোলিক পরিচয় ও দেবদিপ্রহরাদি পরিচয় সহ যাতায়াতের সুবিধা নির্দ্দেশ ইত্যাদি বিষয় সন্নিবেশিত আছে। মূল্য ।০ আনা।

THE HARMONIST
OR SHREE SAJJANATOSHANI

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রতিষ্ঠিত এবং শ্রীল ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত পারমার্থিক মাসিক পত্র। একণে ইংরাজী ভাষায় অষ্টাত্রিংশ ভবদ্রাজ্যে ৮ পেজী ও ক্রাউন আকারে প্রতি বারে নামের বিজয়-বৈজয়ন্তী লইয়া উপস্থিত হইতেছে। কাগজ, মুদ্রণ-পারিপাট্য ও চিত্রাদি অতীব চিত্তাকর্ষক। এই প্রকার উৎকৃষ্ট প্রবন্ধ আর কোন মাসিক পত্রিকায় দেখিতে পাইবেন না। বার্ষিক ভিক্ষা ডাকমাশুলসহ ৩ টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর নদীয়া

শ্রীবৈষ্ণব রাজসভা

শ্রীচৈতন্য মঠ

আচার্য্য অতীন্দ্রিয়

গ্রন্থকীর্ত্তন সম্রাট, ভাগবত শ্রীধাম মায়াপুর, নদীয়া

শ্রীমন্মহাপ্রভুর ৪৫০ বর্ষ পূর্বে যে স্থানে শ্রীজগন্নাথ আচার্য্যের শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীশ্রীবৈষ্ণব-মঠ বিরাজমান।

এই স্থান যা অতি প্রাচীন, পুরবিদ্যাপীঠ বা সাধক ভজনস্থলী। এই মহাতীর্থে শ্রীগৌরাঙ্গের আবির্ভাব, আবাল্য-লীলা, সন্ন্যাস, নীলাচল-গমন, পুরীধাম অবস্থিতি কাল, নাটক, অলঙ্কার, কথা প্রমাণ-উপনিষদ-বিচার-সূত্র-ভাষ্য-টীকাদির অধ্যয়ন ও অধ্যাপনা এবং তথায় শ্রীগৌরাঙ্গ-পার্ষদ ও পরবর্তি-বিভিন্ন ও সাধক সাম্প্রদায়িক-আচার্য-চক্রবর্তী তাঁহাদের নিজস্ব বিশ্লেষণে বিশ্ব 'অন্য দেখি' করেছেন। এই মহাস্থানে পারমার্থিক বৈষ্ণবগণের সাধক সম্প্রদায়ের অপ্রকাশিত ও পুরাতন প্রচারাদি প্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' বহুদিন যাবৎ প্রকাশ করিতেছেন। বার্ষিকোৎসব শ্রীধাম-পরিক্রমাদি ও অন্যান্য মহোৎসবে কীর্তন প্রচারমুখে মহাপ্রভোৎসবাদি করাও অনুষ্ঠিত হয়ে থাকে। মহন্ত—ব্রহ্মচারী শ্রীপাদ মহর্ষিকী। সহকারী—শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী, পণ্ডিত শ্রীপাদ গৌরহরি ব্রহ্মচারী কাব্যতীর্থ, শ্রীপাদ গৌরহরি ব্রহ্মচারী, শ্রীপাদ নন্দগোপাল ব্রহ্মচারী, শ্রীঅধরমন ব্রহ্মচারী, শ্রীমদনগোপাল ব্রহ্মচারী, ভক্ত নরেন্দ্র, কাঞ্চন, দেবকীমোহন প্রমুখ সেবকগণ।

[শ্রীবিগ্রহগণ শ্রীবৃন্দাবন শ্রীধাম মায়াপুর এখানে বিভিন্ন গৌর-নিতাই]

(৩) যোগপীঠ শ্রীমন্দির

এই স্থান শ্রীজগন্নাথমিশ্রের ভবন ও শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। এখানে শ্রীমন্মহাপ্রভু ও শ্রীবিষ্ণুপ্রিয়ার শ্রীগৌরনিতাই এবং শ্রীচৈতন্য ও শ্রীগৌরাঙ্গের নিত্য সেবা হয়, শ্রীনবদ্বীপের সেবা করেন। ভক্ত—গোকুলানন্দ গোস্বামী, ভট্টাচার্য, শ্রীপাদ শ্রীমধুসূদন ব্রহ্মচারী, সহকারী, শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী, শ্রীজগন্নিবাসের ভক্তিকুমুদ, শ্রীবাসবাস ব্রহ্মচারী, শ্রীনারায়ণ আধিকারী, অনেকগুলি ভক্তবৃন্দ।

(৪) শ্রীবাস-অঙ্গন

শ্রীমন্মহাপ্রভুর কীর্তন-বিলাস ও শ্রীগৌরলীলার ভজনস্থলী। এখানে শ্রীশ্রীগৌর নিত্যানন্দ ও পঞ্চতত্ত্বের সেবা বর্তমান। ভক্ত—শ্রীমদ্ভাগবতকুমার ব্রহ্মচারী।

(৫) অদ্বৈত-ভবন

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্তমান।

ভক্ত—শ্রীঅদ্বৈতানন্দ ঘোষাধিকারী, শ্রীগদাধরদাস বাবাজী।

(৬) কাজীর সমাধি পীঠ

প্রাচীন মায়াপুর, বামনপুকুর (নদীয়া) শ্রীগৌরকৃপাপাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

ব্রহ্মচারী, বিশ্বম্ভরব্রহ্মচারী।

(৭) ভাবাবেশ প্রভু-কুঞ্জ

শ্রীবাসাঙ্গন, মধ্যপাড়া (নদীয়া)

শ্রীগৌরাঙ্গপার্ষদ শ্রীল ভক্তিবিনোদঠাকুরের সমাধিস্থান শ্রীগৌরাঙ্গের এবং শ্রীরাধা-বিনোদজীউ বিগ্রহ।

ভক্ত—ভক্তিসুন্দর ভাগবত ব্রহ্মচারী, কৃষ্ণকান্তিবিহারী ব্রহ্ম, খাদ্য, খাদ্য।

(৮) শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

মধ্যপাড়া।

ভক্ত—বিষ্ণুপদ ভক্তিশাস্ত্রী এম, এ, বি, এল, সহকারী—শ্রীউদ্ধবদাস ভক্তিশাস্ত্রী, শ্রীউদ্ধবদাস অধিকারী প্রভৃতি।

(৯) শ্রীগৌড়-মাধবদাস মঠ

চাঁদপাড়া (শ্রীবাসাঙ্গন সংলগ্ন), নবদ্বীপ।

শ্রীমন্মহাপ্রভুর সাক্ষাৎ পার্ষদ শ্রীগৌরাঙ্গের সেবা। ভক্ত—শ্রীমাধবদাস ব্রহ্মচারী, ভক্ত শ্রীনারায়ণ দাস।

(১০) শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

বাগবাজার, কলিকাতা।

ভক্ত—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী, সহকারী—শ্রীভক্তিসুন্দর ব্রহ্মচারী।

(১১) শ্রীগৌরাঙ্গমন্দির—

মাইথান, বারাসত, বসিরহাট।

শ্রীমন্মহাপ্রভুর সাক্ষাৎ কৃষ্ণবাসের স্থান।

ভক্ত—শ্রীনারায়ণী ব্রহ্মচারী, ভক্ত শ্রীনন্দলাল।

(১২) আগমেশ্বর আসন

শ্রীআগমেশ্বর গ্রাম, কৃষ্ণনগর, নদীয়া।

আগমবিদ্যার প্রবর্তকীয় প্রাচীন-ক্ষেত্র।

ভক্ত—শ্রীকৃষ্ণানন্দ ব্রহ্মচারী কাব্যতীর্থ

(১৩) শ্রীপ্রকাশন মঠ

গোবিন্দপুর, হাসখালী, নদীয়া।

ভক্ত—শ্রীমধুসূদন ব্রহ্মচারী। সহকারী শ্রীহরিহর ব্রহ্মচারী, শ্রীমদনগোপাল ঘোষাধিকারী, শ্রীমধুনাথ পাত্র, ভক্ত বিশ্বনাথ

(১৪) শ্রীমায়াপুর গৌড়ীয় মঠ

ঈশোদ্যান মায়াপুর, হাট, চাকা।

পুণ্যক্ষেত্রের প্রচার-কেন্দ্র, এখানে শ্রীগৌর-গৌরাঙ্গ, পাঞ্চরাত্র-বিধিমতের সেবা বর্তমান ভক্ত—শ্রীনারায়ণ ব্রহ্মচারী, শ্রীপাদ সেবানন্দ পরিব্রাজিনোদ বি-এ, শ্রীপ্রাণগোর ব্রহ্মচারী, শ্রীনবগোরাঙ্গ ব্রহ্মচারী, শ্রীপতিতপাবন ভক্ত।

(১৫) শ্রীগোপালজী মঠ

কমলাপুর, ঢাকা।

গোপালজীর শ্রীবিগ্রহের প্রাচীন সেবা

ভক্ত—শ্রীদামোদর ব্রহ্মচারী।

(১৬) শ্রীগদাই-গৌরাঙ্গ মঠ

কলিকাতা-দমদম রোড, বালিগঞ্জ ঢাকা

শ্রীগদাধর-গৌরাঙ্গ নিত্য সেবা

ভক্ত—শ্রীপূর্ণচন্দ্র ব্রহ্মচারী, শ্রীমুকুন্দলাল ব্রহ্মচারী

(১৭) শ্রীভাগবতরঞ্জনানন্দ মঠ

ডিকলিয়া, বাসুদেবপুর, নোয়াখালী।

এখানে শ্রীগৌর-গোরাঙ্গ-পাঞ্চরাত্রিকা-বিধিমতের নিত্যসেবা বর্তমান। ভক্ত—ব্রহ্মচারী শ্রীনারায়ণদাসজী।

(১৮) আমলাযোড়া প্রপন্নাশ্রম

রাজবাঁধ গোঃ বর্তমান।

শ্রীগৌরগৌরাঙ্গ-শ্রীরাধিকা পাঞ্চরাত্রী নিত্যসেবা। ভক্ত—ব্রহ্মচারী শ্রীকৃষ্ণকিশোর।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

স্বর্গদ্বার, পুরী, উড়িষ্যা।

এখানে শ্রীগৌর-বিনোদবাণীর নিত্যসেবা বর্তমান। ভক্ত—ব্রহ্মচারী শ্রীপরমানন্দ বিদ্যারত্ন, ব্রহ্মচারী শ্রীনরোত্তমানন্দ, শ্রীপরমেশ্বরভক্ত ব্রহ্মচারী শ্রীবাসবানন্দ ব্রহ্মচারী, ভক্ত শ্রীকৃষ্ণদাস।

(২০) শ্রীব্রজ-গৌড়ীয় মঠ

আলবলনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী।

জগন্নাথদেবের অনবসর সময়ে শ্রীমন্দির প্রভৃতি অবস্থান। ভক্ত—ব্রহ্মচারী শ্রীপরমেশ্বরী প্রসাদজী। সহকারী—ব্রহ্মচারী বংশীবিহারী

(২১) শ্রীসচ্চিদানন্দ মঠ

উত্তরপাড়া, কটক।

এখানে শ্রীভক্ত-প্রাণ-বিনোদরমণজীর সেবা-পূজা বর্তমান। ভক্ত—ব্রহ্মচারী শ্রীমদন, শ্রীনারায়ণ ব্রহ্মচারী

(২২) শ্রীসনাতন-গৌড়ীয় মঠ

বন্দ জগন্নাথপুর, কাশী।

গোস্বামিপাদপুর সনাতন-শিক্ষাস্থল। এখানে গৌরসেবা বর্তমান। ভক্ত—শ্রীজানকীবল্লভজী শ্রীগোপালন ব্রহ্মচারী।

(২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

শ্রীমুসাবন্দাস কুল, গ্রাম কুশাবন।

শ্রীশ্রীগান্ধর্বা-গোবিন্দজীর সেবা।

ভক্ত—শ্রীমধুসূদনদাস ব্রহ্মচারী

(২৪) শ্রীগৌরসুন্দর মঠ

নৈবিয়াবন্দা, সীতাকুণ্ড

এখানে শ্রীজগন্নাথ শালগ্রামা ও শ্রীগৌর বিনোদ বিগ্রহদ্বয়ের সেবা বর্তমান ভক্ত—ব্রহ্মচারী বিশ্বম্ভরানন্দ ও ব্রহ্মচারী শ্রীনন্দদুলাল।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ

চুমুরকুণ্ডা, চাঁদকুণ্ডা, বালেশ্বর। শ্রীশ্রীচৈতন্য-গৌর নাম। ভক্ত—শ্রীমধুসূদন নাথ বাবা, শ্রীবেণুগোপাল ব্রহ্মচারী, শ্রীবলদেব দাস অধিকারী।

(২৬) ব্যাসগৌড়ীয় মঠ

কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল। এখানে শ্রীগৌরকিশোর-বিগ্রহের সেবা বর্তমান ভক্ত—ব্রহ্মচারী বিশ্বম্ভরজী, শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

(২৭) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রম-ম

ব্রাহ্মণপাড়া, পোঃ মাধু, কাঁথি।

এখানে বহু দেবদেবী শ্রীবিগ্রহাদির সেবা বর্তমান। ভক্ত—ব্রহ্মচারী শ্রীনারায়ণদাস, শ্রীগদাধর ব্রহ্মচারী।

(২৮) বিল্ব গৌড়ীয় মঠ—কাব্যতী ই-ই গোস্বামী ভক্ত, ডাক্তার সেন, বাঁকুড়া।

ভক্ত—ব্রহ্মচারী শ্রীগোকুল, শ্রীমুকুন্দ শ্রীরাধাবল্লভদাস

(২৯) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

ভক্ত—ব্রহ্মচারী শ্রীগোকুলানন্দ

শুদ্ধভক্তিমঠসমূহ

(২) শ্রীগৌড়ীয় মঠ

১৬ নং কানিপ্রসাদ চক্রবর্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

টেলিফোন বি, বি, ৪১১৫

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর প্রচারিত শুদ্ধভক্তি-প্রচারকেন্দ্রে গৌড়মণ্ডলের সর্বপ্রধান নগরী কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত আছেন। এই মঠ-সম্প্রদায়ে শ্রীগুরু-গৌরাঙ্গ-শ্রীবিনোদানন্দ ভাই সম্বোধনে নিজ সেবক জন। গৌড়ীয় আচার্যগণের বাণীর প্রচারণীর শুদ্ধপ্রচারকেন্দ্রে শ্রীমঠ সারস্বত একটী শুদ্ধতম মুদ্রণ-যন্ত্রালয় সংস্থাপিত করিয়াছেন। পৃথিবীর সকল শ্রীগৌরাঙ্গ প্রচারার্থ এই যন্ত্রালয় হইতে 'গৌড়ীয়' সাপ্তাহিক পত্র, যে কয়খানিই মাসিক পত্রিকা ইংরাজী ভাষায় নিয়মিতরূপে প্রকাশিত হইতেছেন। শ্রীমঠে পাঠ কীর্তন, সঙ্কীর্তন-চক্রবর্তন-মোহন, শ্রীমদ্ভাগবত, শ্রীচৈতন্য-চরিতামৃতাদি-লীলা ও তত্ত্বগ্রন্থের সমাক আলোচনা হইয়া থাকে। মহন্তক—আচার্যাদিত্য শ্রীপাদ ভক্তিবল্লভ তীর্থ মহারাজ। সহকারী—পণ্ডিত শ্রীপাদ অমলবাণীমুনি পরিব্রাজকবর্য বি-এ, শ্রীপাদ ভক্তিসুন্দর ভাগবত ব্রহ্মচারী, শ্রীপাদ ভক্তিকুমুদ সাধু বি-এ, শ্রীপাদ ভক্তিবল্লভ ব্রহ্মচারী, শ্রীকীর্তনানন্দ, ব্রহ্মচারী শ্রীসারঙ্গমোহন, ব্রহ্মচারী শ্রীমধুসূদন, পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ পরিব্রাজকাচার্য সম্প্রদায়বৈভবশাস্ত্রী, শ্রীঅধরমন সাহিত্যরত্ন বি-এ, শ্রীবনবন্ধু ব্রহ্মচারী বি-এল, শ্রীভক্তপ্রিয় জ্ঞানযোগিন্দ্র, শ্রীবিশ্বম্ভর ব্রহ্মচারী, শ্রীহরগোবিন্দ ব্রহ্মচারী প্রভৃতি।

নেতাদের সঙ্গে লাটের পরামর্শ

গত ১৯শে জুন অপরাহ্ণ ২ ঘটিকায় রাজের লাটের সহিত স্থানীয় নেতৃবৃন্দের এক পরামর্শ বৈঠক বসিয়াছিল।

নেতারা বলেন যে, তাঁহারা বিদ্রোহের অবসান ঘটাইবার উদ্দেশ্যেই লাটের সহিত সাক্ষাৎ করিতে আসিয়াছেন। তাঁহারা লাটকে জানাইয়াছেন যে একদল রাষ্ট্রবিপ্লবের সম্প্রতি বর্তমান বিদ্রোহের জন্য দুঃখ প্রকাশ করিতেছেন। কারণ অন্যথা দীর্ঘস্থায়ী হইবার সম্ভাবনা। এই হেতু তাঁহারা সরকারের সহিত সহযোগিতা করিতে উদ্যত হইয়াছেন।

লাট বাহাদুর বলেন যে নেতাদের বক্তব্য কি তাহা শুনা করিবার জন্য তিনি উৎসুক হইয়াছেন। তবে তিনি বলিয়াছেন যে, যে সরকারী সংস্থাগুলির সহিত বিদ্রোহ করিয়া নেতাদের কথার মধ্যে উত্তর দিতে পারিবেন না। তিনি এতদিন ও বিবেচনা করিবেন যে নেতাদের উদ্দেশ্য বিশেষভাবে বিচার করিয়া দেখা হইবে।

লাটপ্রাসাদে আড়াই ঘণ্টা ধরিয়া আলোচনা হইয়াছে। আলোচনার প্রধান কথা এই যে কি উপায় অবলম্বন করিলে বিদ্রোহের আগুন উপশম হয়। নেতারা অবশ্য বুঝিয়াছেন যে, বিদ্রোহ এমন ভাবে সমাপ্ত হওয়া উচিত নহে, যাহাতে বিদ্রোহীরা মনে করিতে পারে যে তাহারা বিদ্রোহ করিয়া লাভবান হইয়াছে। সরকার ক্ষমা করিবেন বলিয়া যে ঘোষণা করিয়াছেন সেই ঘোষণা নেতাদের মনঃপূত হইয়াছে, তবে তাঁহারা বলিয়াছেন যে ঘোষণার ভাষা ভাল হয় নাই এবং ক্ষমা আরও বিস্তৃত হইলে ভাল হইত। নেতারা বলেন যে কয়েকজন সর্দারের নাম নির্দেশ করিতে হইবে। তাঁহাদিগকে আর সকল বিদ্রোহীকে ক্ষমা করা হইবে বলিয়া ঘোষণা করিতে হইবে। এই ঘোষণা তাঁহারা আদায়ের চেষ্টা করিতেছেন। এই সকল কথা হইয়াছে মাত্র কিন্তু এখনও পর্যন্ত কোন মীমাংসা হয় নাই।

বৈঠকে নেতারা আরও বলিয়াছেন আক্রান্ত সকলে মোহান্তদের অবস্থকতা এবং বিদ্রোহীরা যদি আত্মসমর্পণ করে, তাহা হইলেও তাহাদিগকে রক্ষার ব্যবস্থা করিতে হইবে। বিদ্রোহীদিগকে কবি কার্যে নিযুক্ত করাই শ্রেষ্ঠ উপায়। সুতরাং কবি ঋণের পরিমাণ আরও বাড়াইতে হইবে।

লাট বাহাদুর নেতাদের ঐ সকল প্রস্তাব বিবেচনা করিবেন। বৈঠকে আরও কয়েকটি বিষয়ের আলোচনা হওয়ার পর বৈঠকের কার্য্য শেষ হয়।

মুক্তির সর্ত্তে জহরলাল

১৯শে জুন সন্ধ্যাকালে পুরুষোত্তম দাস পার্কে একটি সভায় পণ্ডিত জহরলাল নেহরু বক্তৃতা করিয়াছেন। বক্তৃতার প্রারম্ভে তিনি নানা ক্লেশ স্বীকার করিয়া যে অভিজ্ঞতা অর্জ্জন করিয়াছেন তাহার বর্ণনা করেন। তিনি বলেন যে নির্দ্দিষ্ট কালের পূর্বেই প্রয়োজন বশে তাঁহার এলাহাবাদে প্রত্যাবর্ত্তন করিতে হইল।

গোলটেবিল বৈঠকের কথা উল্লেখ করিয়া পণ্ডিতজী বলেন যে তাঁহার মহাত্মাজীর উপর নির্ভর করিয়া আছেন। মহাত্মা গান্ধী একাই সমগ্র জাতির প্রতি-

নিধিত্ব করিতেছেন। তাঁহার মুক্তির সর্ত্ত কি তাহা তিনি বলেন নাই।

পুরুষোত্তম দাস পার্কের ঘটনার কথা উল্লেখ করিয়া তিনি বলেন যে তাহার দুঃখনা মোচনের জন্য তিনি ঈশ্বরের নিকট প্রার্থনা করিবেন।

পণ্ডিতজী আরও বলেন যে তাঁহাকে গ্রেপ্তার করার আইন অমান্য আন্দোলন চালাইবার জন্য অনুষ্ঠান করা হইবে, কিন্তু তিনি বলেন যে, তিনি মহাত্মাজীর আদেশ পালন করিবেন ও মুক্তির সর্ত্ত পালন করিয়া চলিবেন।

প্রধান মন্ত্রীর প্যারিস যাত্রা স্থির

আগামী ১৫ই জুলাই ফ্রান্স বা ফ্রান্সের রাষ্ট্রীয় উৎসবের প্রধান অতিথি মিঃ মুসোলিনি এবং পররাষ্ট্র সচিব মিঃ টমসনকে বাদ দিয়া হইবার জন্য নিমন্ত্রণ করিয়াছেন বলিয়া জানা গিয়াছে। ঐ উপলক্ষে মিঃ ম্যাকডোনাল্ড এবং মিঃ হেণ্ডারসন প্যারিস যাত্রা করিবেন।

'ভগৎসিং' পুস্তক জব্দ মামলা
আসামিগণ জামিনে খালাস

এলাহাবাদের সেসন জজ 'ভগৎসিং' পুস্তক মামলার আসামী মে, এন, সাহানী ও মিসেস্ পাণ্ডেকে গত ১৮ই জুন জামীনে খালাস দিয়াছেন।

মেদিনীপুরে বিদেশী বস্ত্র

মেদিনীপুরের বস্ত্র ব্যবসায়ীরা প্রায় ৬ মাস পূর্ব্বে তাহাদের মজুত বিদেশী বস্ত্রগুলি কংগ্রেসের লোকদিগের দ্বারা স্বেচ্ছাপ্রণোদিত ভাবে পোড়াইয়া ফেলিয়াছিলেন। কিন্তু এ ব্যাপারকার পরে ঐ সকল পোড়াইবার মূল্য কংগ্রেসের মোড়ল দেওয়া হয় নাই। গত সপ্তাহে কংগ্রেসের কর্ত্তারা ঐ সকল বস্ত্র মোহরাঙ্কিত করিয়া দিয়াছিলেন। বর্ত্তমানে মেদিনীপুরে বিদেশী বস্ত্রের বিক্রয় একেবারে নাই।

দেশীয় রাজ্যের উদারতা

কপূরতলার মহারাজা রবি সঙ্ঘের জন্য তাঁহার রাজ্যের প্রজাদিগের বহন পরিমাণে জমির খাজনা মকুব করিয়াছেন। মোট খাজনা মকুবের পরিমাণ এক লক্ষ টাকা। ক্রমে ক্রমে এই সাহায্য দেওয়া হইবে। সামান্য জমির মালিকরা খাজনা প্রদানের দায় হইতে অব্যাহতি পাইয়া কৃতজ্ঞতা প্রকাশ করিতেছে। পঞ্জাবের দেশীয় রাজ্যের মধ্যে সর্ব্বপ্রথম এই রাজ্যে প্রজাদিগের দাবী সহানুভূতি ও উদারভাবে বিবেচনা করা হইয়াছে।

বিষ মিশ্রিত খাদ্য ভক্ষণে
নাগা সন্ন্যাসীর মৃত্যু

কিয়দ্দিবস পূর্ব্বে ঢাকায় কতিপয় নাগা সন্ন্যাসী আগমন করেন। কলুটোলা আখড়ায় স্থানীয় একজন বাসিন্দা ঐ সাধুদিগকে দুধিচোকনে আপ্যায়িত করেন। ইহার অল্পক্ষণ পরেই তাঁহারা সকলেই পীড়িত হইয়া পড়েন। ফলে ৩ জনের এসিয়াটিক কলেরায় মৃত্যু হইয়াছে। বিষ মিশ্রিত খাদ্য ভক্ষণের ফলে তাঁহাদের মৃত্যু হইয়াছে বলিয়া সন্দেহ করা হইতেছে।

রায়বেরিলিতে ১৪৪ ধারা
অমান্যের সঙ্কল্প

রায়বেরিলি জিলায় ১৪৪ ধারার আদেশ জারীর জন্য কংগ্রেসের কাজে বাধা পড়িতেছে। ওদিকে খাজনা আদায়ের যে সকল উপায় অবলম্বন করা হইতেছে, তাহাতে প্রজারাও অসন্তুষ্ট হইয়া উঠিয়াছে। এইরূপ অবস্থার জন্য কংগ্রেস কর্ম্মীদের মধ্যে এইরূপ প্রবল অসন্তোষ রটিয়াছে যে, ১৪৪ ধারার আদেশ অমান্য করা হইবে। প্রকাশ এ বিষয়ে পণ্ডিত জহরলাল নেহরুর পরামর্শ লওয়া হইতেছে। তিনি আগামী সপ্তাহে রায়বেরিলি আসিবেন। একটি তদন্ত কমিটীও অনতিবিলম্বে তদন্ত করিবেন।

দিল্লী মহিলা সম্মিলনে লেডী
উইলিংডন

১৮ই জুন অপরাহ্ণে দিল্লীর প্রাদেশিক মহিলা পরিষদ লেডী উইলিংডনের জন্য এক প্রীতিসম্মিলনের ব্যবস্থা করিয়াছিলেন। সম্মিলনের পক্ষ হইতে অভিনন্দনের আকারে কাউন্সেসকে আন্তরিকতার সহিত অভ্যর্থনা জ্ঞাপন করা হয়। গত তিন বৎসরের মধ্যে মহিলা পরিষদ কি কাজ করিয়াছেন এবং সামাজিক গঠনকার্য্যের জন্য আরও কি করা কর্ত্তব্য, তাহাও উহাতে উল্লেখ করা হইয়াছিল।

উত্তরে লেডী উইলিংডন বলেন—এই বিরাট দেশের ভবিষ্যৎ সম্বন্ধে পূর্ব্ব হইতে কিছুই বলিবার উপায় নাই। গবর্ণমেণ্টের উপর যে দায়িত্ব রহিয়াছে, তাহা বড় তাঁহার নিজের স্কন্ধে পড়িবে, তত্রাই তাঁহার জনসাধারণের ভিতর সহযোগিতা সর্ব্বপ্রয়োজনীয় হইবে। ভবিষ্যতে ভারত যে সুখ ও শান্তি লাভ করিবে বলিয়া আমরা সকলেই আশা করি, তাহা সম্ভব করিবার জন্য ভারতের নারী সমাজকে মহত্তর দান করিতে হইবে।

কনেষ্টবল গ্রেপ্তার
পিস্তল চুরির জের

বিদায় প্রাপ্ত মুন্সেফ শ্রীযুক্ত সতীশচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের বাসভবন হইতে একটি কলের পিস্তলসহ একটি টিনের বাক্স অপহরণ সম্পর্কে ওয়ারি পুলিস থানার কনষ্টেবল নবীন সিং ধৃত হইয়াছে। পুলিস তদন্ত চলিতেছে।

কানপুরে সশস্ত্র ডাকাতি

কানপুরের বড় বস্ত্র বাজারের চৌ কালুকোনীর প্রসিদ্ধ বস্ত্র বিক্রেতা রা ভরসা লক্ষ্মীনারায়ণ নামক দোকানে কেশিয়ার একদল সশস্ত্র ডাকাতের গুলীতে নিহত হইয়াছে। ডাকাত তাঁহাকে হত্যা করিয়া টাকার থলি লইয়া চলিয়া গিয়াছে। ডাকাতের সংখ্যায় ৩ জন ছিল।

ঘটনার বিবরণে প্রকাশ রাত্রি ৮।৩ ঘটিকার সময় ৩ ব্যক্তি পিস্তল লই দোকানে প্রবেশ করে এবং কেশিয়ারে হাত হইতে টাকার থলিয়া ছিনাই লয়। ঐ সময়ে ঘরে আর কেহ ছিল না তিনি সাহায্যের জন্য চীৎকার করিতে থাকেন ও ডাকাতদের অনুসরণ করিতে থাকেন। ডাকাতরা তাঁহাকে গুলী করে। গুলীর আঘাতে ৩ মিনিটের মধ্যে তাঁহার মৃত্যু ঘটে। আততায়ীদের এখনও কোন সন্ধান পাওয়া যায় নাই।

ভারত সরকারের ব্যয় সঙ্কোচ
সাব কমিটীর অধিবেশন

শিমলা হইতে সংবাদে প্রকাশ সাধারণ বিষয়ে ব্যয় সঙ্কোচের উদ্দেশ্যে যে সাব কমিটী নিয়োগ করা হইয়াছে তাহার অধিবেশন আগামী ২৩শে জুলাই হইবে।

দৈনিক "নদীয়া-প্রকাশ"
নবদ্বীপ

Reg No C.1544

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৮৲
অর্দ্ধ কলম ৩৷০
সিকি কলম ২৲
চুক্তির হার
স্বতন্ত্র।

গ্রাহকদের হার
অগ্রিম দেয়
বার্ষিক ৯৲
ষাণ্মাষিক ৫৲
ত্রৈমাসিক ২৷৷০
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৵৫

ভারতের সর্ব্বত্র বঙ্গদেশ—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

খণ্ড] সম্পাদক—শ্রীঅতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [৯৮তম সংখ্যা

শ্রীচৈতন্যাব্দ শ্রীলাভ মাঘাপূর্ণিমা ৯ই আষাঢ় বুধবার ১৩৩৮, ২৮শে জুন ১৯৩১

নানা কথা

কৃষ্ণনগরে গ্রেপ্তার

কৃষ্ণনগর ব্যায়াম সমিতির শ্রীমান মদনমোহন প্রামাণিক গত ১৭ই জুন পুলিশ কর্ত্তৃক নিরুদ্দেশে গ্রেপ্তার হইয়াছেন। খানাতল্লাস করা হইয়াছিল কিন্তু কিছু পাওয়া যায় নাই। গ্রেপ্তারের কারণ এখনও জানা যায় নাই, পুনঃ পুলিশ আরও দুইবার তাঁহাকে গ্রেপ্তার করিয়া ছাড়িয়া দিয়াছিল।

বিলাতী দ্রব্য বর্জ্জন
শ্রীযুত ওয়ালচাঁদের উক্তি

"ভারত যতদিন পূর্ণ স্বরাজ লাভ না করে, ততদিন পর্য্যন্ত পূর্ণোদ্যমে বিলাতী বর্জ্জন আন্দোলন চলিতে থাকিবে।" জাতিসঙ্ঘের সভায় ভারতীয় মালিকগণের প্রতিনিধি শ্রীযুত ওয়ালচাঁদ হীরাচাঁদ উক্ত মর্ম্মে এক বিবৃতি প্রদান করেন। "বিদেশী শাসকগণের সহিত ভারতবর্ষ অহিংস সংগ্রাম চালাইতেছেন, বিদেশী শাসক নিরস্ত্র দেশবাসীর উপর বেপরোয়া অত্যাচার করিতেছে, কিন্তু তথাপি ভারতের সঙ্কল্প ভঙ্গ হয় নাই। যতদিন পর্য্যন্ত স্বাধীনতা অর্জ্জিত না হয়, ততদিন ভারত বিলাতী দ্রব্য বর্জ্জন করিবে।

পাঁচশত বাড়ী ভস্মীভূত
হাজার লোক গৃহহীন

টিঙ্গেঙ্গেলী জেলার অন্তর্গত বাসুদেবানাল্লুর গ্রামের ইস্কুল পল্লীতে অগ্নি-

কৃষ্ণনগরে গ্রেপ্তার

বিলাতী বর্জ্জনে শ্রীযুত ওয়ালচাঁদের উক্তি

পাঁচশত বাড়ী ভস্মীভূত

মিঃ বলডুইনের হাহুতাশ—ভারত সম্বন্ধে আলোচনা

বিমানযান ভূপতিত

নরহত্যার সহিত সশস্ত্র ডাকাতি

বঙ্গে অর্ডিন্যান্সের প্রকোপ

স্বরাজগঠন সমিতিতে নেতৃবর্গ

১ দিনে ১৮টি ডাকাতি

কাণ্ডের ফলে প্রায় এক হাজার লোক গৃহহীন হইয়াছে এবং একজন বৃদ্ধ হৃদ্‌রোগে মারা গিয়াছে। প্রায় পাঁচশত বাড়ী ভস্মে পরিণত হইয়াছে।

মিঃ বলডুইনের হাহুতাশ
ভারত সম্বন্ধে আলোচনা

ষ্টক্‌হোমের এক সংবাদে প্রকাশ গত ১৮ই জুন ম্যানচেষ্টারের বক্তৃতা প্রসঙ্গে ভূতপূর্ব্ব প্রধান মন্ত্রী মিঃ বলডুইন বলিয়াছেন, আজ ভারতের সমস্যাই আমাদের মাথাকে অধিক আলোড়িত করিয়াছে। যদি ভারতের সমস্যা সমাধান করিতে না পারি, তাহা হইলে সমগ্র ব্রিটিশ সাম্রাজ্য ধ্বংস হইবে। প্রাচী আজ প্রতীচি অপেক্ষা দ্রুতগতিতে পরিবর্ত্তনের দিকে অগ্রসর হইতেছে। এই পরিবর্ত্তনকে আর ঠেকাইয়া রাখা চলে না। তবে ব্রেণ্টউডের গোলটেবিল বৈঠকে [illegible] নৈতিক সংরক্ষণ, ব্রিটিশ বাণিজ্যের [illegible] শাসন ও শৃঙ্খলার [illegible] —এই চারি প্রশ্ন [illegible] করিতে হইবে। তাহার সমস্ত, নই, আলোচনা [illegible] এবং ইংলণ্ডের সাধারণের মস্তিষ্ক বি[illegible] লোকদের প্রয়োজন।

বিমান যান ভূপতিত

দিল্লীর সেন্ট্রাল জেলের সম্মুখে ১২ই জুন হিন্দু কলেজের কোন [illegible] কর্ত্তৃক পরিচালিত একখানা এরো[illegible] ভূপতিত পরিলক্ষিত যায়।

ঘটনার বিস্তৃত বিবরণে প্রকাশ, হি[illegible] কলেজের ৪র্থ বার্ষিক শ্রেণীর ছাত্র [illegible] সিং বিমান-চালনার বি শ্রেণীর [illegible] পাইয়াছিলেন। তিনি তাঁহার বিমা[illegible] পরিচালনা দেখিবার জন্য তাঁহার বন্ধু [illegible] জন বন্ধুকে নিমন্ত্রণ করেন। কিছুক্ষণ [illegible] নির্বিঘ্নে কাটে, কিন্তু হঠাৎ ২ হা[illegible] ফিট উপর হইতে এরোপ্লেন টি পড়ি[illegible] নীচে পড়ে। বিমা[illegible]চালক ভ[illegible] হন নাই, বিমান অল্প ক্ষতিগ্রস্ত হইয়াছে।

১২ হাজার টাকা [illegible]
ডেপুটিম্যাজিষ্ট্রেটের বাটীতে চুরি

গত [illegible] রাত্রিতে দেওয়ানগঞ্জ ম্যাজিষ্ট্রেট শ্রীযুক্ত শিব নন্দন প্রসাদের বাটীতে একটী চুরি হইয়া গিয়াছে। ইহা[illegible] নগদ টাকা ও অলঙ্কারে প্রায় ১২ হাজার টাকা অপহৃত হইয়াছে।

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও আদর্শচরিত্র শিক্ষকগণ ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

বিস্তারিত বিবরণের জন্য নিম্নলিখিত ঠিকানা পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্

শ্রীচৈতন্য মঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

—৫১ বৎসরের প্রতিষ্ঠিত—

ঊনধাসহরে প্রস্তুত বটীকা

যাহা শুক্রমারল্য, প্রমেহ, ক্ষোভকাশি, অম্বাশ, লিভারের প্রভৃতি কত রোগীর রোগ নিরাময় হইয়াছে তাহা প্রকাশ করিলে বড় বড় পুস্তক হইয়া পড়ে।

ইচ্ছা

সকল ঋতুতে ব্যবহার চলে ও সমান ফল প্রদান করিয়া থাকে। প্রতি কৌটায় ৩২টী বটীকা থাকে।

কেবলমাত্র

প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা। ইহার নাম "আতঙ্কনিগ্রহ বটীকা"।

অন্যান্য ঔষধের তালিকার জন্য পত্র লিখিলে পাইবেন

প্রাপ্তিস্থান :—আতঙ্কনিগ্রহ ঔষধালয়

২১১ নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible]

মফঃস্বলের যে সময় জন্য ৬ আঃ শিশিতে ঘনীভূত অবস্থায় ছোটবোতলের ঔষধটি ঔষধ ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ৪০ আনা, পার্শেল ৸৵০ আনা, রেজেষ্টরী ১৵০ আনা।

অফিস—১১৯নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

[illegible]

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস্, এন্, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈদ্যুতিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

৮৮ নং কটন ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈব প্রাপ্ত যক্ষ্মার একমাত্র মহৌষধ

পনর দিনে সম্পূর্ণ আরোগ্য

রোগী দেখাইতে হবে। অগ্রিম পাথেয় ৬৲ (যাতায়াত এবং আহার) পাঠাইলে গিয়া রোগী দেখা হয় অথবা এখানে আসিলে, রোগী দেখিয়া ঔষধ দেওয়া হয় আরোগ্য না হওয়া পর্য্যন্ত পারিশ্রমিক দিতে হইবে না। গরীব রোগীদের খরচ লইয়া চিকিৎসা করা হয়। বিস্তারিত বিবরণের জন্য এক আনার ডাক টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীহিতীশচন্দ্র উকীল, যক্ষ্মা-চিকিৎসক, পোঃ নৈকাঠী, বরিশাল।

অথবা নিম্ন ঠিকানায় সাক্ষাৎ করিয়া বিস্তারিত জানিতে পারেন।

শ্রীযুক্ত রাসগোপাল দত্ত এম্, এ, কৃষ্ণনগর, নদীয়া। শ্রীযুক্ত ইণ্ডিয়ান মিরর, ১১৩, বেণিয়াটোলা ষ্ট্রীট, শ্যামবাজার, কলিকাতা।

একখানি পত্র। আমার ভ্রাতুষ্পুত্র গত ছয় মাস যাবৎ রাজ যক্ষ্মায় কুণিয়া মৃতপ্রায় হইয়াছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাহার জীবনের আশা ত্যাগ করিয়া গেলে মুমূর্ষুর অন্ত অপেক্ষা করিতেছিলেন এই সময় শ্রীযুক্ত হিতীশচন্দ্র উকীল মহাশয় মাত্র ১৫ দিন চিকিৎসা করিয়া সম্পূর্ণ আরোগ্য করিয়া দিয়াছেন। (সাঃ) শ্রীবীরেন্দ্র কিশোর রায় চৌধুরী (জমিদার খাগড়া) ৪নং ষ্ট্রীট, নিউ বিল্ডিং। অবজারভেশন হাউস কলিকাতা।

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার—গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্য মঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেন গ্রাহকগণ

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কসের

এত প্রশংসা করেন

—কারণ—

এখানে যাবতীয় ছাপার কার্য্য—

কেটার হেড, মেমো, ফরম, খাম, জমিদারী চেক, বিল প্রভৃতিই বলুন,

বিবাহের নিমন্ত্রণ পত্র, কার্ড বিবাহের পত্রই বলুন,

আর ৩ রং ও ৪ রংয়ের কাফটোন ব্লকই বলুন, সকল কার্য্যই অতি শীঘ্র ছাপা হয়, অথচ ছাপাইবার পরে বাজার অপেক্ষা সুলভ।

আপনার কিছু ছাপার কার্য্য থাকিলে নিম্নঠিকানায় জানাইলেই হয় পাইবেন।

ম্যানেজার—গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

২৫৷১ নং আপার সারকুলার রোড, কলিকাতা।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

প্রথম ও দ্বিতীয় খণ্ড

ওঁবিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের সেই অবিস্মরণীয় বিজয়িনী ভাষায় ভক্তিরসোদ্দীপিনী হৃদয়গ্রাহিনী ভাষায় ভক্তিরসের মূর্ত্তবিগ্রহ—বৈষ্ণবসিদ্ধান্তসমন্বয়ের কোষ্ঠী ধরি—সহজ অভিধেয় ও প্রয়োজনতত্ত্বের বিশ্লেষণ।

বিক্রয় একত্রে ১৸০ আনা মাত্র।

প্রথম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে—ব্রহ্মচারী ভক্তিকুসুম এম্, এস্, এল্ কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠবার্ত্তাবহ

বেদাদি সমস্ত সাত্বত-শাস্ত্রের অকৃত্রিম ব্যাখ্যাতা

সমগ্র ভারতে একমাত্র সুলভ

দৈনিক পারমার্থিক পত্র

শ্রীধাম-মায়াপুর—৯ই আষাঢ় বুধবার—১৩৩৮

...সাম্প্রদায়িক ইতিবৃত্তের সহিত
...সাম্প্রদায়িকের তুলনামূলক
...ধারাবাহিক গবেষণা।

(১১)

...বঙ্গাব্দ অসংখ্য অপসম্প্রদায়ের
মধ্যে কয়েকটী—
গৌরাঙ্গসামাজিকবাদ

...ইহাদের মতে—হরিনামকীর্ত্তন, গৌর-
...ার ও জীবে দয়া—এই তিনটী
...ধেয়। ত্রিগৌরাত্মক অবতার স্বীকার
...লেই সামাজিক হওয়া যায়।
...দের মধ্যে বাউল, সহজিয়া, কর্ত্তাভজা,
...ই, দরবেশ, নবগৌরাঙ্গ, মায়াবাদী
...ভৃতি হইতে রক্ষা করিয়া সামাজিক
...রার প্রকাশ দিদি নাই। ইহারা
...লেই গৌরাঙ্গকে অবতার বলিয়া স্বীকার
...রন। তবে ইহাদের অনেকেই নিজকে
...বানের অবতার বলিয়া ঘোষণা করেন না।
...াজের কতৃ কর্ণধারের ইচ্ছা হইলে
...কোন ব্যক্তিকে গোস্বামী-উপাধী দিতে
...পারে। কোনক প্রকার প্রতি
...মতে আবদ্ধ।

প্রাকৃতসহজিয়াবাদ

...এই মতে— নদী, সরোবর, যম, নৈরাশ্য
...ম গ্রামদেবতাকে কলাবাতা মনে করিয়া।
...কারের পূজা করিলে হইবেন থাকে না,
...কল বিচার গ্রাম্য সরলবিশ্বাসের বিশ্বাস
...রন। অনেক স্থলে গ্রাম্য দেবতাকে
...তন্ত্র ঈশ্বরজ্ঞে গ্রামদেবতাদি গুরুস্থিত
...। গ্রামদেবতাবাদের আশ্রয় গ্র
...লেই নিখিলের নিরাকারবাদ,
...ন্ত শিবাদি পৌত্তলিকতার উপাসনা
...তীত অন্য উচ্চ চিন্তা করিতে চাহে না।
...ীন নিরাকার নিরবয়ব ব্রহ্মবাদীর বিরুদ্ধে
...মাদেবতাবাদিগণ সদাই তর্ক বিতর্ক
...রিয়া থাকেন।

জৈনবাদ

...জৈন সম্প্রদায়ের মধ্যে এই মত প্রচ-
...ত। অর্হৎগণ সাধারণের পূজা,
...হারা সংখ্যায় ২৪টী। এতদাতীত আরও
...কেকী আচার্য্যের ইহারা সম্মান করেন।
...ই মতে জীবহিংসা নিষিদ্ধ। পুষ্পাদি
...রা ইহারা কোন একটী অর্হৎকে পূজা
...রিয়া থাকেন। পরেশনাথ প্রভৃতি
...কেই স্বর্ণমূর্ত্তির পূজা ইহাদের মধ্যে
...চলিত আছে।

তান্ত্রিকবাদ

...তন্ত্রে নিগম-নিখিত বিধানের আর্য্য-
...দি বিস্তৃতভাবে লিখিত আছে। শিব
বক্তা, পার্ব্বতী শ্রোত্রী। যে তন্ত্রে আত্ম-বিজ্ঞানের কথা লিখিত আছে, উহা সাত্বত তন্ত্র। যেখানে আত্মার জড়াসক্তি, সেখানেই বেদবহির্ভূত মত। শক্তিবাদ অবলম্বন করিয়া তান্ত্রিকবাদ বহু বিস্তৃতি লাভ করে। তান্ত্রিকগণের কোন কোন সম্প্রদায়ে কাম্যকর্ম্ম মহাযাগ ও পঞ্চমকারের সাধনের প্রক্রিয়া আছে। কা-লিকা সাধন, ভৈরবী সাধন, কুমারী সাধন ও নানাপ্রকার প্রেতসাধনের সেবা বিভিন্ন সম্প্রদায়ে দেখা যায়। বীরাদি আচার ভেদে ভিন্ন ভিন্ন বিধান আছে। শক্তিই 'সাকারাদি নিরাকারা মা ...' বহুরূপিণী ইত্যাদি। এইরূপ উপাসনাবলে কখনে নানা মঙ্গল ও অমঙ্গল উৎপন্ন হইতে পারে, ইহা শাক্তগণের বিশ্বাস। দক্ষিণাচারে, ভৈরবী সাধনে, নানাপ্রকার ভোগ্যবস্তু সিদ্ধির আধিক্য লাভ করেন, শুনা যায়। ইহার মধ্যে স্বকীয়ে, উৎকট বামাচার বিমোহন প্রভৃতি নানা প্রকার অনাচারিক কর্ম্ম তান্ত্রিকগণের মধ্যে চলিতেছে।

ত্রিবেদবাদ

ঋক্, যজুঃ ও সাম—এই তিন বেদে যাহা বিধিবদ্ধ হইয়াছে এবং তদনুগ স্মার্ত্তবিধি উপাস্য। এই সকল শাস্ত্রে শ্রদ্ধাবান থাকিলেই ধর্ম্ম সাধিত হয়। ইহা ছাড়া অন্য ব্যবহার বেদানুমোদিত না হওয়ায় তাহার অনুষ্ঠান অনাবশ্যক এবং অনাবশ্যকীয় কর্ম্ম সাধন হইতে বিরত থাকিয়া ধর্ম্ম রক্ষিত হইলে ধর্ম্ম সাধিত হয়।

দয়ানন্দ মূর্ত্তিবিরোধবাদ

এই মতে—বেদই অপৌরুষেয়, দর্শন-শাস্ত্রাদি বেদানুগ। ধর্ম্মশাস্ত্র ও ব্যবহারিক সমাজের অনাদর ধর্ম্মাঙ্গ। পুরাণ ও তন্ত্রাদি শাস্ত্র অসত্যমূলক। বেদবিহিত ক্রিয়াই ধর্ম্মযাজন। ভাগবত মনু প্রভৃতি অন্যান্য স্মৃত্যাদি শাস্ত্র-বিধান বেদবিহিত নহে। ব্রহ্মের আকার নাই, মূর্ত্তিপূজার আবশ্যকতা নাই। অদ্বৈতবাদ বেদোক্ত মত নহে। দয়ানন্দ পাশ্চাত্যে ভক্তিবাদ শঙ্করবাদ প্রভৃতি খণ্ডন করত স্বমত প্রচার করেন।

দার্শনিকবাদ

এই মতে, বেদ, স্মৃতিমালা, ষড়্দর্শনে পারিভাষা থাকিলেই ধর্ম্ম করতলগত হয়। মন্বাদি শাস্ত্র, ব্রহ্মাদি পুরাণ ও যামলাদি তন্ত্রোপদিষ্ট ব্যবহারসকল অনর্থের অঙ্গ। বিগ্রহের পূজা, বর্ণের সাধন, প্রভৃতি চিন্তার আকার প্রভৃতি স্বীকার করা অনর্থ।

ধর্ম্মাভাববাদ

এই মতে—মানবগণের সহজাকার ধর্ম্ম-ভাব আছে বা হইবে, এজন্য কোনটীই গ্রহণ না করাই ধর্ম্ম। সাধারণ নীতিই একমাত্র পরমধর্ম্ম। অতীন্দ্রিয়িক বস্তুসকল স্বীকার করা দুর্নীতির পরিচয়, কারণ ধার্ম্মিক নামধারী ধর্ম্মযাজকের মধ্যে অনেক দুর্নীতিকারী দেখা যায়। সকল ধর্ম্মই স্ব-স্ব স্বার্থ হইতে উৎপন্ন। দণ্ডনীতি রক্ষা করিয়া যাবতীয় কার্য্যই শুভ ও ধর্ম্মানুমোদিত।

নবগৌরাঙ্গবাদ

শ্রীগৌরাঙ্গে তৃপ্ত না হইয়া কতকগুলি ব্যক্তি নিজ নিজ রুচি অনুসারে অহৈতুকী ভক্তিবিনাশ কামনায় শ্রীগৌরাঙ্গের সঙ্কীর্ত্ত উপলক্ষে বিস্তার করিবার মানসে গৌরাঙ্গের পুনঃপুনঃ অবতার কামনা করেন। বর্দ্ধমান, ডুবলী, কলিকাতা, নব-, পাবনা, শ্রীহট্ট প্রভৃতি নানাস্থানে বিভিন্ন নবগৌরাঙ্গদলে বহু নবগৌরাঙ্গের প্রকট করাইয়া তদীয় উপাসনায় ব্যস্ত থাকেন। এই ভিন্ন ভিন্ন নবগৌরাঙ্গদল একে অপরের সহিত স্বীয় স্বার্থ না থাকিলে সহানুভূতি করেন না। যে কোন প্রকারে সাত্বিকভাবসকল দেহে প্রকাশিত করিতে পারিলে ধর্ম্ম সিদ্ধ হয়। ইহারা বৈষ্ণবগণের ন্যায় কীর্ত্তনাদি সাধন করেন। কেহ কেহ বা বেদান্ত সাংখ্যাদি দার্শনিক পাণ্ডিত্যে মগ্ন থাকেন। আবার কেহ বা অনৈসর্গিক বিকারে বিকৃত থাকিয়া তাহে ভগবৎ ভাব দেখান এবং কেহ কেহ বা প্রতিষ্ঠাশায় সাধু নামে অভিহিত হইয়া অবতার সাজি-বার উদ্দেশে এই সম্প্রদায়ে প্রবেশ করেন।

সৌভাগ্য কি ?

(শ্রীকিশোরীমোহন ভক্তিবারিধি বি এস)

ব্যবহারিক জগতে আমরা আমাদের ...সকেই সুখ দুঃখের নিয়ামক বলিয়া ...ণ্য করিয়া থাকি অর্থাৎ ইষ্ট প্রকার সুখ ভোগের জন্য আমাদের যেন সম্পূর্ণ দাবী, আমাদের উপরে যেন কোন শক্তির নাই। "ধাতা, ফলাতি সর্ব্বত্র ন বিদ্ম: ন ও পৌরুষম্ ---এই বাণীর অনুসরণ করিয়া আমরা ভাবি কেহ সুখের বা দুঃখের কর্ত্তা বিধাতা বলিয়া মনে করি। মায়াকবলিত জনসাধারণ বহু জন আমরা, আমাদের বহু দুর্দ্দিবের অস্তিত্ব লইয়া ইষ্টি-জ্ঞানে করিয়াছেই বর্ত্তমান করিয়া থাকি। সদ্গুরু-সাধুসঙ্গের অভাবে আধ্যাত্মিক জ্ঞান অর্জ্জন করিয়া ইষ্টি হইতে অগ্রাহ্য দুর্দ্দিবের বিচার ও জীবের চরম অবস্থার বিষয় শ্রবণ করিবার সুযোগ আমাদের হয় না। তাই আমরা মনে করি যে, আমাদের নিজের কো... অভাব না থাকিলেও আমরা আমাদে... ইচ্ছার বিরুদ্ধে দুর্দ্দিবের দ্বারা সুখভোগে বাধাপ্রাপ্ত হইতেছি।

তাই মাদৃশ ক্ষুদ্রাদপি ব্যক্তিদের নিকট এই প্রশ্ন উত্থিত হইতে পারে যে, সৌভাগ্য কি ? গুরুবৈষ্ণবগণের চরণে প্রার্থনা, দরিদ্র ও সেবাবুদ্ধির ভাবে এই প্রশ্নের মী... মাংসার উপস্থিতি হইতে পারে। সদ্গুরু-পাদপদ্মে শরণাগতির অভাব হইলে আমা... এই প্রশ্নের প্রকৃত ভাব অবগত হইতে অক্ষম হই। শ্রীচৈতন্যচরিতামৃতে অপ্রাকৃ... বস্তুর প্রতি করিবার শ্রীল কবিরাজ গোস্বামী বর্ণনার চেষ্টিতে পারেন 'সম্ভ... ভূমিতে কোন পদার্থ কেহ হাসে। নি... প্রবাহে যেন কাঁচ সাগে ইহাতে ... ভাগ্য কাহে সংসার জড়োদয় হ... সা... সঙ্গ করে, তুচ্ছ ইষ্টি উপলব্ধি' এই ভাগ্য শব্দের অর্থ কি কেবল ... না, আর কিছু ?

শ্রীল পরমানন্দ, শ্রীকৃষ্ণগোস্বামী প্রভু প্রভৃতি মহাজনগণ কেবল বাক্যাড়ম্বরে নিষ্কপটতা প্রদর্শন করিয়া পরমসত্য পরমেশ্বরের জাগতিকী কথা জগতে বিস্তার করিয়াছেন, কর্ম্মী ভোগিকুল, জ্ঞানী ত্যাগিকুল বা যথেচ্ছাচারী ইন্দ্রিয়তরঙ্গগণ স্ব-স্ব ত্রৈগুণিকী বাসনা বা মোক্ষবাসনার বশে ভোগী বা ত্যাগীর সজ্জায় যে সকল ক্রিয়া-কলাপদ্বারা বিগত ৫০ বৎসর কাল বাঙ্গালা-দেশে অবতীর্ণ হইয়া গুরুগিরি চালাইয়াছেন, তাহাতে গোপনে তাঁহাদের প্রচ্ছন্ন ও অপ্রচ্ছন্ন ভোগের অনলবেদী বিস্ফিত হইয়াছে। ঠাকুর ভক্তিবিনোদ ও পরমহংস বাবাজী মহারাজ ঐ গুলির অকর্ম্মণ্যতা লোকের চোখে আঙ্গুল দিয়া দেখাইয়া দিয়াছেন।

তাঁহাদেরই পদাঙ্কানুসরণে ও পদরেণু শিরোভূষণ করিয়া গৌড়ীয়মঠ Exoteric চেষ্টা-বিশিষ্ট কর্ম্মকাণ্ডী জনগণের কর্ম্মযোগের ও Esoteric চালাক চতুর জনগণের জ্ঞানযোগ চাল ধরাইয়া দিয়া হরিসেবার কর্ত্তব্যতা জানাইতেছেন এবং চতুর্ব্বর্গাশসনাদি সমস্তই যে পার্থিব জড়ধারণাতেই অনুগত, তাহা দেখাইতেছেন

সেই গৌড়ীয়মঠের বিশেষ আচরণ করিবার জন্য সাম্প্রতিকগ্রাহ্য আধুনিকাদীর বা ভবিষ্যতের ভেক্তা বেরালের গৌরবিরোধিনী চেষ্টা বা দক্ষিণের লোকের তাৎকালিক অনিত্য Social service এর চেষ্টা গৌড়ীয়-মঠের প্রচার-প্রণালীর অনুকূল নহে। তবে প্রাতিকূল্যটুকি জিনিস, ইহা দেখাইবার জন্য ভগবান্ শ্রীগৌরসুন্দর উহাদিগকে নানা ছলে বলীয়ান্ করিয়া গৌড়ীয়মঠের সহিত সমরক্ষেত্রে আহ্বান করিতেছেন। সুতরাং চিন্ময়বল কাহার অধিক, তাহা দেখাইয়া শ্রীগৌরসুন্দর এইবার পূর্ণতার পরাকাষ্ঠা অর্থাৎ মানবজাতির সকলের নিকটই নূনাধিক অবতরণ করিবেন। তখন কলিকালে "নামরূপে কৃষ্ণ অবতার"—এই কথার সার্থকতা হইবে,—"কলৌনামবিধে রাজন্" শ্লোকের তাৎপর্য্য অবলম্বন হইবে।

গৌড়ীয়মঠের প্রচারপ্রণালীতে জগতের কাহারও নিন্দাবাদ নাই বটে, কিন্তু মঠ-বিরোধী ব্যক্তিগণের চেষ্টাসমূহ ভগবদ্ভক্তির প্রতিকূলা চেষ্টা মাত্র। এই অভক্তসম্প্রদায় কবে গৌড়ীয়মঠের দ্বারে উপনীত হইয়া, শ্রীশ্রীভগবানের চরণে অবলুণ্ঠিত হইয়া শুদ্ধ-ভক্তির সৌন্দর্য্য দেখিতে পারিবেন?

তাহাদের বহির্জগতের মূর্খদিগকে ভোগ দেওয়া সঙ্কীর্ণ বিচারতুল্য কবে গৌড়ীয়মঠের প্রচার্য্য পরম সত্যের প্রবল স্রোতের নিকট ভাসিয়া যাইবে? সেইদিন কি উপস্থিত হইয়াছে—যেদিন গৌড়ীয়-মঠের বিজয়পতাকা নিষ্কপট ভক্তির অপ-ব্যবহারকারী জনগণের কপট চেষ্টাসমূহ উন্মূলিত করিবে? কবে তাহারা ভোগময়ী কপটতার স্বর্গ ভেদ করিয়া ভর্গে হরি-নামের ধ্বনি বর্দ্ধিবে? অমে বর্ণাশ্রম প্রভৃতি বিচারে প্রবল করিয়া সকল ভক্তিবিরোধ-চেষ্টা দেখান হয়, স সত্যযুগ হইতে অদ্যাপি ভক্তিমঠের স্পর্শ করিতে সমর্থ হয় নাই। সোভাগ্যে বিষয়, আজ সেই ভুবন পাবন বেণুভগবা ও ভবিষ্যদ্বিশ্বাসী সকলেই পাই সুযোগ পাইতেছেন।

ভোগময় দর্শনে
ভগবানের অধিষ্ঠান না

(শ্রীযুত কিশোরীমোহন ভক্তিপ্রভাকর, বি,এ

জড়জগতের অধিবাসী আমরা জগতের যাবতীয় বস্তু লইয়াই আমা সম্পর্ক। যেরূপ পারিপার্শ্বিক অবস্থার বা কাল হইতে আমরা লালিত, পালিত বর্দ্ধিত হইতেছি বা হইয়াছি, তাহাতে বিষয়ের শ্রবণ, অধ্যয়ন, চিন্তন প্রভৃ চিন্তাস্রোতের হস্ত হইতে মুক্ত হই উপায় দেখিতে পাওয়া যায় না। জড় কোন অপ্রাকৃত রাজ্যের অস্তিত্ব থাকি পারে, তাহা আমাদের স্বপ্নাতীত বলি মনে হয়। তৃতীয় মানের বস্তু বাহি চতুর্থ বা তদূর্দ্ধ মানের বস্তুর অনুভূ আমাদের কল্পেন্দ্রিয়ের গোচরীভূত না। তাই শব্দাত্মক অভিজ্ঞ আমরা 'কৃ এই শব্দটীকেও অন্যান্য জড় শব্দেরই একটী অভিধানিক শব্দ বলিয়া মনে করি

...দ্ধ শ্রীকৃষ্ণ আমাদের ঐরূপ অক্ষজ ...রণার অন্তর্গত বস্তু নহেন।

যে কোন বস্তু বিষয়ে অভিজ্ঞান লাভ ...িতে হইলে, তাহার নাম, রূপ, গুণ ও ...ক্রিয়াই একমাত্র সহায়। উহাদের দ্বারাই ...স্তুর নিরর্থকতা দূরীভূত হইয়া সার্থকতা ...তিপাদিত হয়। জড়জগতের বস্তু ...মূহের নাম, রূপ, গুণ ও ক্রিয়া-...লুহ অনিত্য, নশ্বর ও পরস্পর ভিন্ন। ...াদের পরস্পরের মধ্যে মাত্রিক ব্যবধান ...উমান। জগতের কোন একটী বস্তুকে ...দ ধরা যায়, তাহা হইলে তাহার রূপ, ...ণ ও ক্রিয়া কিন্তু সেই সাক্ষাৎ বস্তুটী ...ন। যেমন 'অক্ষর' বলিয়া যদি কাহারও ...ম ধরা যায়, তাহা হইলে এই নামটী ...তে ঐ ব্যক্তির স্বরূপ ও উহার ব্যক্তিত্ব ...বহু। অক্ষয় এই নামটী উচ্চারণ করিলে ...ব্যক্তির ব্যক্তিত্ব বা রূপ, গুণ, ক্রিয়াদি ...লব্ধি বা উপভোগ করিতে পারা ...না।

কিন্তু 'কৃষ্ণ' এই নামটীতে কৃষ্ণস্বরূপ বা ...ৎ কৃষ্ণবিগ্রহের কোনই ভেদ নাই। ...জগতের নাম ও অপ্রাকৃত কৃষ্ণ-নামের ...খানে ভেদ। 'কৃষ্ণ' এই নামটীর কীর্ত্তনের ...া (নামাপরাধ বা নামাভাস বর্জ্জন পূর্ব্বক ...াক্ কীর্ত্তনের দ্বারা) সাক্ষাৎ কৃষ্ণ-...ৃষ্ণটী—কৃষ্ণের চিদ্বিলাসময় বিগ্রহটী ...লব্ধ হয়। প্রাকৃত বস্তুর নামের দ্বারা ...ন্তু ঐরূপ হয় না। সুতরাং কৃষ্ণই এক ...ত্র পরম অর্থ অর্থাৎ নিত্য রূপ, রস, ...স্পর্শ, শব্দযুক্ত নিত্য বাস্তব বস্তু। তিনি ...ত্তনের দ্বারা চিন্তনীয় বিষয় না হইয়া ...বল মাত্র চিন্ময় আত্মার চিন্তনীয় ...পার অর্থাৎ তিনি আত্মার চিদিন্দ্রিয়-...জ্য বাস্তব বস্তু।

আমাদের জড়েন্দ্রিয়সমূহ সাময়িকনিশ্চিত। ...াহাদ্বারা মাপিয়া লওয়া যায়, তাহারই নাম ...া। যাহা আমাদের ইন্দ্রিয়ের অতীত ...ু, তাহাকে আমরা মাপিয়া লইতে ...ারি না। শ্রীকৃষ্ণ মাত্রার অধীশ্বর। ...াপ্রাকৃত ইন্দ্রিয়ের দ্বারা মাত্রার অধীশ্বরকে ...পিয়া লওয়া যায় না। তাই শ্রীকৃষ্ণকে ...োক্ষজ বস্তু বলা হইয়া থাকে। অধো-...ক্ষজ বা অপ্রাকৃত বস্তু প্রাকৃত ইন্দ্রিয়ের ...ধঃকৃত হন না। তাহা হইলে শাস্ত্রে ...ার জয়াদের (ইন্দ্রিয়ের) দ্বারা হৃষীকেশের ...বার উল্লেখ দেখিতে পাওয়া যায়, তাহা ...ক প্রকার হৃ যে ইন্দ্রিয়ের দ্বারা হৃষীকেশের ...বার কথা উল্লেখ আছে, তাহা এই ...ন্তর্যামিনিবেশযুক্ত হৃষীকেশের দ্বারা ...ে। বর্ত্তমান কালে যে ইন্দ্রিয়ের দ্বারা, ...ক চক্ষু, কর্ণ, নাসা, জিহ্বা ও ত্বকের দ্বারা ...কাদা, জল, মাটী, গাছ, পাথর, স্ত্রী, পুত্র, ...পুকুর, শত্রু, মিত্র, বাড়ী, ধনদৌলতাদি ...োগ করিতেছি, সেই ইন্দ্রিয়সমূহের দ্বারা নহে। তাহা ছাড়া হৃষীকের দ্বারা হৃষীকেশের সেবার কথাই শাস্ত্র বলিয়াছেন। 'সেবা' কথাটী সেবা বস্তু শ্রীকৃষ্ণ সম্বন্ধে জীবাত্মার দ্বারাই সম্ভব। কারণ উভয়েই সমজাতীয় চিন্ময় বস্তু। সমজাতীয় বস্তু না হইলে সেবা সম্ভবপর হয় না। জগতের বস্তু এই চক্ষুকে আকর্ষণ করে, জগতের রূপে চক্ষু মুগ্ধ হয়, কিন্তু শ্রীকৃষ্ণ মুক্ত অর্থাৎ স্থূল ও সূক্ষ্ম উপাধিরহিত আত্মার বা জীবের অপ্রাকৃত চক্ষুর অর্থাৎ অপ্রাকৃত সেবোন্মিলাধী অক্ষির গোচরীভূত হইয়া থাকেন।

শ্রীকৃষ্ণ পরতত্ত্ব বস্তু। শ্রীমদ্ভাগবত বলিয়াছেন, এতে চাংশকলাঃ পুংসঃ কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ম্। শ্রীকৃষ্ণকে আংশিকভাবে ধারণা করিলে তাঁহার ধারণা পুষ্ট হইবে না। অপ্রাকৃত জগতে যাবতীয় নাম, রূপ, গুণ, লীলা সেই কৃষ্ণবস্তুরই। তাঁহারই ছেয় বিকৃত প্রতিফলন যাহা কিছু আমরা এই জগতে দেখিতে পাই। শ্রীকৃষ্ণচৈতন্যদেব আমাদিগকে সেই সমগ্র কৃষ্ণবস্তুটী প্রদান করিবার জন্য আসিয়াছিলেন। অপ্রাকৃত নামে, রূপে, গুণে ও ক্রিয়াতে যে আনন্দ বর্ত্তমান, তাহাই নিত্যানন্দ। কিন্তু উহার বিকৃত প্রতিফলন এই জগতে যে আনন্দ অনুভূত হয়, তাহাতে ক্ষুদ্রতা, অবস্তুতা, পরিচ্ছিন্নতা ও পরিমেয়তা প্রভৃতি ধর্ম্ম বর্ত্তমান। ঐ সকল ব্যাপার কালের মধ্যে আসে, আবার কালের মধ্যেই চলিয়া যায়। বুদ্ধিমান ব্যক্তিগণ ঐরূপ নশ্বর বস্তুতে আবদ্ধ হন না। ইন্দ্রিয়জগতের আনন্দস্রোত শুকাইয়া যায়, কেননা, উহা সীমাবিশিষ্ট ইন্দ্রিয়সমূহের দ্বারা গৃহীত হয়।

'কৃষ্ণ'শব্দ দ্বারা কেহ কোন একটী ঐতিহাসিক পুরুষের চিত্র হৃদয়ে অঙ্কিত করিতে পারেন, কিম্বা কোন কবির কল্পনা-প্রসূত একটী নায়ক বলিয়া কল্পনা করিতে পারেন, কেহ বা তাঁহাকে একটী ব্যক্তির সাম্বারা বিশ্লেষণ করিবার যোগ্য সামান্য নর বিশেষ বলিয়া মনে করিতে পারেন, কিন্তু ঐ সমস্ত বিচার অক্ষজবাদী মনোধর্ম্মিগণের অপরাবিদ্যা চেষ্টা মাত্র। শ্রীচৈতন্যদেব, যিনি স্বয়ং কৃষ্ণ হইয়া শ্রীকৃষ্ণ নামাশ্রয় সব বিশ্ব কৈলা দত্ত অর্থাৎ শ্রীকৃষ্ণকে জানাইয়া দিবার জন্য অবতীর্ণ হইয়াছিলেন, তিনি শ্রীকৃষ্ণসম্বন্ধে বলিয়াছেন এবং শ্রীব্রহ্ম-সংহিতা হইতেও দেখাইয়াছেন,—"ঈশ্বরঃ পরমঃ কৃষ্ণঃ সচ্চিদানন্দবিগ্রহঃ। অনাদি রাদির্গোবিন্দঃ সর্ব্বকারণকারণম্। শ্রীকৃষ্ণ সচ্চিদানন্দ বিগ্রহ, তিনি কালাধীন অসৎ অচিৎ তত্ত্ব নহেন। তিনি নিত্য পরাৎপর তত্ত্ব ও নিত্য সদ্বস্তু, কাল তাঁহার অধীন। তাঁহার আদিতে আর কেহ নাই। তিনি গোবিন্দ, 'গো' অর্থে পৃথিবী, ইন্দ্রিয়, বিদ্যা, গাভী প্রভৃতি। এই সকলের মূল পালনকর্ত্তা যিনি, তিনিই গোবিন্দ, তিনি সকল কারণের কারণ। তিনি পরিপূর্ণ সত্তা ও চেতনময় বস্তু, তিনি নিত্যানন্দ-বিশিষ্ট। 'সৎ' বলিতে একমাত্র তাঁহাকেই বুঝায়, নিত্যকাল আনন্দময় বস্তুই সৎ।

শ্রীকৃষ্ণ অন্বয় বস্তু এবং অসমোর্দ্ধ তত্ত্ব। তিনি জীবের মাপিয়া লইবার বস্তু নহেন। মাত্রিক বস্তু মাত্রেই মাপিয়া লইবার যোগ্য। যাঁহাকে মাপিয়া লওয়া যায় না, সেই অন্বয় তত্ত্বই জীবের অসমাক্ প্রতীতিতে ব্রহ্ম, আংশিক প্রতীতিতে পরমাত্মা এবং পূর্ণ প্রতীতিতে বৈকুণ্ঠ বা শ্রীভগবান্। মাপিয়া লওয়া ধর্ম্ম যেখানে বর্ত্তমান, সেখানে সেবা বস্তুর অনুশীলনের কোন কথা নাই, ঐরূপ ধর্ম্ম ভোগমাত্রে পর্য্যবসিত। সেটা জীবের পরম ধর্ম্ম নহে। যদি কেহ আত্মার স্বপ্রসন্নতা মানেন এবং ভগবৎস্বরূপের উপলব্ধিক্রমে ভগবৎসান্নিধ্য লাভ করিয়া ভগবানের নিত্যসেবার নিত্যানন্দ লাভের অভিলাষী হইতে ইচ্ছা করেন, তাহা হইলে শ্রীমদ্ভাগবতের 'স বৈ পুংসাং পরো ধর্ম্মো যতো ভক্তিরধোক্ষজে। অহৈতুক্যপ্রতিহতা যয়াত্মা সুপ্রসীদতি।' এই উপদেশানুযায়ী তাঁহাকে অধোক্ষজ ভগবানের সেবা করিতে হইবে।

জগতে হাজার হাজার মনীষি হাজার হাজার দর্শনের কথা বলিয়াছেন, কিন্তু শুক্তিতে যদি আমরা রজত ভ্রম করি, রজ্জুতে সর্প ভ্রম করি, আভিধানিক শব্দে বা অক্ষরকে 'কৃষ্ণ' বলিয়া ভুল করি, তাহা হইলে আমরা নিশ্চয়ই বঞ্চিত হইব। আত্ম-ধর্ম্মের কথায় ভোগবাঞ্ছামূলক ধারণা নাই। বুদ্ধিমান জনগণ হাজার হাজার লোকানলা-দিগের মনোহারী দ্রব্যে আকৃষ্ট না হইয়া বাস্তবসত্যের উপাসক হইয়া বাস্তব ভগবানে প্রপন্ন হন। কারণ তাঁহারা জানেন যে, এক মাত্র শরণাগত জনেরই নিকট সেই স্বয়ং-প্রকাশিত বস্তু কৃপাপূর্ব্বক তুষ্টি প্রাপ্ত হইয়া থাকেন।

আমাদের ইন্দ্রিয়তর্পণ করিবার যোগ্যতা ভগবদ্বস্তুর নাই। ঈশ্বরকে আমরা ইন্দ্রিয়-গ্রাহ্য বস্তুরূপে বর্ণন করিতে চাই। ভগবান্ আমাদের ইন্দ্রিয়গ্রাহ্য বস্তু হইলেই তিনি ভোগের বস্তু হইয়া পড়েন। কিন্তু তিনিই একমাত্র সেব্য বস্তু, আর সমুদয় পদার্থই তাঁহার ভোগের উপকরণ মাত্র। যেখানে ভোগ, সেখানে কৃষ্ণ নাই। তাই শ্রীমদ্-ভাগবত ও তদ্ভত্বপ্রচারকারী শ্রীশ্রীগৌর-সুন্দর বলিয়াছেন যে, ভোগময় জ্ঞানে বা দর্শনে ভগবানের অধিষ্ঠান নাই।

শ্রী শ্রীগুরুবৈষ্ণবচরণে

(২)

(গুরুদেব)

আর কি করুণা করি, এ জীবের ভেলে যা
দিবে স্থান ব্রজভূমে কভু ?
আর বা পামর কবে, নয়নেতে বিরহিত
উদ্ধাধারিপ্রবাহ নিত্য প্রভু ॥
মায়াপুরবাসী যত গৌর-ভক্তমূর্ত্তি-এ
কর সবে কৃপা বিলোকন।
ছেদি' মম কর্ম্ম পাশ কর শরণেরে
পতিত জনদিগে পতিহীন ॥
চির অন্ধ মম আঁখি কভু তাই নাহি দে
শ্রীধামের শোভা অপ্রাকৃত।
গৌড়ভূমি চিন্তামণি চিদানন্দ রসখ
লতাতরু চিদ্বিভাসিত ॥
চিন্ময় শ্রীযুগলা দেয় জীবে ভক্তিব
গঙ্গা গাহে বিপ্রলম্ভ-গীতি।
পশু পক্ষী মনুষ্যরে গৌরস্মৃতি গান ক
মোর তাহে মাত্রিক প্রতীতি ॥

শ্রীএকায়নমঠে নলকূপ

ঢাকা জেলার বিক্রমপুর পরগণা ...হাঁদারা গ্রামনিবাসিনী পরমা ভক্তিম ...শ্রীযুক্তা মনোমোহিনী রায় চৌধুরাণী মহো ...হা তদীয় স্বামী পরলোকগত সর্ব্ব ...রামকুমার রায় চৌধুরী জমিদার মহোদয় ...স্মৃতিরক্ষার্থ শ্রীধামমায়াপুর নবদ্বীপস্থ আ ...মঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্যতম শা ...হংসক্ষেত্রস্থ শ্রীএকায়ন মঠে একটী নলকূ ...স্থাপনের যাবতীয় ব্যয়ভার বহন করিয়াছে ...

জলদান সর্ব্বদানাপেক্ষা শ্রেষ্ঠ। বিশেষ ...জলের একটী নাম 'জীবন'। জলদান অ ...জীবনদান। দান অনেকেই করিতে পারে ...অনেকেই পুষ্করিণী খননাদি দ্বারা ই ...সাধারণের সেবার্থ জলদানের ব্যবস্থা করি ...পারেন; কিন্তু শ্রীহরিগুরুবৈষ্ণবের সেব ...যে দান, তাহা সামান্য দান মাত্র ন ...তাহাতেই দানের প্রকৃত সার্থকতা। ই ...দানের ফলে একটু পুণ্যসঞ্চয় হ ...তাহা ভোগান্তে ক্ষয় হইয়া যায়। কি ...বিষ্ণুবৈষ্ণবের সেবার্থে যে দান, তাহা অ ...ও অব্যয়।

শ্রীযুক্তা চৌধুরাণী মহোদয়া এই মহ ...সেবাফলে পরলোকগত স্বামীর এবং তৎস ...সঙ্গে নিজেরও যথেষ্ট মঙ্গল বিধান করিবে ...আশা করি, তাঁহার ঐরূপ বিষ্ণুবৈষ্ণবসে ...উত্তরোত্তর বর্দ্ধিত হইয়া অন্যান্য সজ্জন ...আদর্শস্থানীয় হইবে।

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীমদ্ভাগবতম্ ভগবৎপায়ন বেদব্যাস-প্রণীত মূল, শ্রীমদ্ বলদেব বিদ্যাভূষণ-কৃত তাৎপর্য্য-নির্ণয়টীকা; শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-কৃত সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, সংস্কৃত অন্বয় ও বিস্তৃত পদ, অন্বয় ও বিবৃত্যাদিযুক্ত। প্রতি স্কন্ধের আদিতে সেই স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ অধ্যায়ের সারসহ সুবিস্তৃত তাৎপর্য্যাদি বিবৃত। শ্লোকসূচী, বিষয়সূচী, অধ্যায়বিবরণ, পাত্র ও স্থানসূচীসহ উত্তম কাগজে উত্তম অক্ষরে মুদ্রিত। প্রথম হইতে ১০ম স্কন্ধ পর্য্যন্ত ছাপা সম্পূর্ণভাবে শেষ হইয়াছে। ভিক্ষা প্রথম হইতে ১ম স্কন্ধ পর্য্যন্ত ২১৷৵০; দশম স্কন্ধ ১২৲; ডাঃ মাঃ ৸৵০।

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদঠাকুর-রচিত 'অমৃতপ্রবাহভাষ্য' শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত সুভাষ্য শ্রুতি-স্মৃত্যাদি বহু শাস্ত্রপ্রমাণ-সম্বলিত হইয়া প্রকাশিত হইয়াছেন। শ্লোকের সাধয়ব্যাখ্যা, বঙ্গানুবাদও প্রত্যেক পয়ারের পূর্ব্বে সংক্ষিপ্ত অভিধেয় সংযোজিত। প্রত্যেক অধ্যায়-প্রারম্ভে কথাসার দেওয়া আছে। শ্লোক, পাত্র, শব্দ, স্থান, পাত্র প্রভৃতির সুবৃহৎ সূচী ও গ্রন্থকারের সংক্ষিপ্ত জীবনী সমন্বিত এইরূপ অদ্ভুতপূর্ব্ব সংস্করণ ইতঃপূর্ব্বে কোথাও প্রকাশিত হয় নাই। উত্তম কাগজে পারিপাট্যের সহিত সুন্দর অক্ষরে মুদ্রাংশ মুদ্রিত হইয়াছে। গ্রন্থ প্রায় ৯০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা বর্ত্তমানে ৫৲ মাত্র।

চতুঃসূত্রীভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত গৌড়ীয় ভাষ্য, শব্দসূচী, পয়ারসূচী, বিষয়-স্থান-পাত্রাদি-সূচী, প্রভৃতি বিবিধ বিষয়-সম্বলিত বিরাট দ্বিতীয় সংস্করণ রয়েল ক্রাউন ৮ পেজী আকার। আদিলীলা ও মধ্যের কিয়দংশ প্রকাশিত হইয়াছেন। ক্রমে ক্রমে প্রকাশিত হইতেছেন। অগ্রিম ভিক্ষা ৫৲ টাকা, আদি লীলার ভিক্ষা ৩৲।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের এরূপ অভিনব সুন্দর সংস্করণ আর কুত্রাপি প্রকাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকাংশের অন্বয়, বঙ্গানুবাদ, ভাষ্য, কথাসার, তথা প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইয়াছেন। মূল মোটা অক্ষরে ডবল ক্রাউন আটপেজী আকারে ছাপা হইয়াছে। মূল্য ২৷০ টাকা। নদীয়া প্রকাশ ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১৷০ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

—শ্রীগৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিঠাকুর গোস্বামিকৃতা সারার্থবর্ষিণী টীকাসমেতা ও শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'রসিক-রঞ্জন' নামক ভাষ্যভাষ্যসহিতা। অধ্যায়সূচী, মাতৃকাক্রমে শ্লোক-সূচী, বিষয়-সূচী, গ্রন্থকারের জীবনী ও অবতরণিকাদি ভাগবতব্যবিবরণ-সহ উৎকৃষ্ট বাঁধাই তৃতীয় সংস্করণ—এই রাজ সংস্করণের ভিক্ষা ২৲ টাকা মাত্র, সাধারণ সংস্করণ—১৷০ টাকা মাত্র

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের সেই অবিদ্যা-বিধ্বংসিনী জীবাত্মস্বরূপবোধিনী কৃষ্ণ-কার্ষ্ণানন্দদায়িনী জীবন্ত-বাণীর মূর্ত্ত-বিগ্রহ—বৈষ্ণবসিদ্ধান্ত-রত্নমালার কৌস্তুভমণি—সম্প্রদায় বৈভববিজ্ঞানাগারের মৌলিক তথ্য—পঞ্চরাত্র ও ভাগবতের সমন্বয়গুরু—মহাজন-জীবনচরিত-শিক্ষক—চিদ্বিলাসচিন্মাত্র-অচিন্মাত্র-বিচারক—ঐশ্বর্য্য ও মাধুর্য্যরসের মৌলিক গবেষণার—সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন-তত্ত্বের সিদ্ধান্ত-সমুদ্র।

১। **প্রথম খণ্ড**—বৈষ্ণবদর্শন, শ্রীগুরুতত্ত্ব, কাল-ধর্ম্ম, শ্রীমন্মহাবির্ভাব, শ্রীবার্ষভানবী, পাঞ্চরাত্রিকী দীক্ষা ও বর্ণ-বিচার, আত্মধর্ম্ম ও মনোধর্ম্ম, শ্রীচৈতন্যদেব ও তাঁহার শিক্ষা, অপ্রাকৃত সহজধর্ম্ম ও প্রাকৃত সহজধর্ম্ম, প্রভৃতি বিংশতি সংখ্যক রত্নে সুশোভিত। ভিক্ষা মাত্র ৸৵০ বার আনা।

২। **দ্বিতীয় খণ্ড**—শুদ্ধা ও বিদ্ধা ভক্তি, মনুষ্যের শ্রেষ্ঠতা কোথায়, আত্মার নিত্যবৃত্তি, ঈশ্বর স্বামিপাদ ও মায়াবাদ, শ্রীগৌর-নিত্যানন্দপ্রসঙ্গ, ত্রিগুণের ধর্ম্ম ও কৃষ্ণ-কীর্ত্তন, শ্রীব্যাসপূজায় শ্রীমদ্ভাগবতের কীর্ত্তন, শ্রীগৌর-নামের মহিমা, মহাপ্রসাদ, শ্রীগোবিন্দ, শ্রীরূপানুগভজন-পথ, শ্রীমতী বৃন্দাকুনন্দিনী, শ্রীচৈতন্যের দয়া, গৌরকথা ও কৃষ্ণসঙ্কীর্ত্তন—চতুষ্কন অপূর্ব্ব মধুরিমাপূর্ণ-বক্তৃতা-বিভূষিত। ভিক্ষা ২৲ এক টাকা মাত্র।

প্রথম ও দ্বিতীয়—দুই খণ্ড একত্রে লইলে ভিক্ষা ১৷০ দেড় টাকা, ডাক খরচ স্বতন্ত্র।

শ্রীমদ্ভগবদ্গীতা

গৌড়ীয়-বৈষ্ণবদার্শনিক-শেখর শ্রীশ্রীমদ্বলদেব বিদ্যা-ভূষণকৃত ভাষ্য ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরেরপ্রাঞ্জল বঙ্গ-ভাষায় বিবৃত 'বিবৃদ্রঞ্জন' নামক ভাষ্যদ্বয়। অধ্যায়-সূচী, বিষয়সূচী, ও প্রতি শ্লোকের প্রথম ও তৃতীয় পাদ সূচী, ভাষ্যকারের জীবনী প্রভৃতি সম্বলিত। উৎকৃষ্ট বাঁধাই, রাজসংস্করণ (তৃতীয় সংস্করণ) গ্রন্থের ভিক্ষা ২৲ টাকা।

প্রমেয়রত্নাবলী

শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ-প্রণীত বৈষ্ণবদর্শন, সন্ধর্ভ ও গোবিন্দ-ভাষ্যাদি পড়িবার প্রথম গ্রন্থ। উৎকৃষ্ট কাগজে ছাপা। সুবিস্তৃত টীকা ও প্রাঞ্জলবঙ্গানুবাদ-সাহায্যে অতি সহজে বালকেরও বোধগম্য হইয়া থাকে। ভিক্ষা ৷৵০ আনা মাত্র।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

(প্রমাণখণ্ড) সানুবাদ। শ্রুতি-স্মৃত্যাদি গ্রন্থে শ্রীনবদ্বীপের যে মহিমা কীর্ত্তিত আছে, তাহার মূল সংস্কৃত ও অনুবাদ। ভিক্ষা ৵০ আনা।

শ্রীশ্রীনবদ্বীপভাবতরঙ্গ

শ্রীঠাকুর ভক্তিবিনোদ লিখিত। সুললিত গীতাকারে পরিক্রমার ভ্রমব্যাদি-বিষয়ক। ভিক্ষা ।০ আনা।

ভক্তিরত্নাকর ও নবদ্বীপ পরিক্রমা

শ্রীল নরহরি চক্রবর্ত্তি-ঠাকুর-রচিত। ভক্তিরত্নাকর হইতে পরিক্রমাংশ মাত্র গৃহীত; শ্রীজীব গোস্বামী কি প্রকারে শ্রীনবদ্বীপধামের পরিক্রমা করিয়াছিলেন, তাহাই পদ্যে বিবৃত। ভিক্ষা ৷৵০ আনা

শ্রীচৈতন্যশিক্ষামৃত

শ্রী ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। শ্রীচৈতন্যদেবের শিক্ষাপ্রণালী—কৃষ্ণ, কৃষ্ণশক্তি ও রস—বদ্ধ ও মুক্ত জীব অচিন্ত্য-ভেদাভেদ-তত্ত্ব—সাধন-নির্ণয়—প্রয়োজন-তত্ত্ব, কাল, ধামাদির বিচার—বৈধী ভক্তি, ভাবভক্তি প্রেমভক্তির নামভজন-প্রণালী ও অষ্টকালীয় লী পরিচয়াদি প্রথম শিক্ষার্থীর উপযোগী করিয়া সকল ভা সুন্দর যুক্তিপ্রমাণসহ লিখিত আছে। চতুর্থ সংস্করণ ২৲ টাকা, আবাধা ১৷০ টাকা মাত্র।

গৌড়ীয়কণ্ঠহার

শ্রীগৌড়ীয়-বৈষ্ণবগণের অনুকণ কণ্ঠে ধারণযো শ্রুতি-স্মৃতি-পুরাণ-পঞ্চরাত্রাদি সাধত-শাস্ত্রসমূহের প্রমাণা বিষয়বিভাগক্রমে সানুবাদ গুম্ফিত। এইরূপ বৈষ্ণ সিদ্ধান্তের সারমর্ম্মময় অন্য কুত্রাপি প্রকাশিত হয় না ইহাতে গুরুতত্ত্ব—ভাগবত—বৈষ্ণব—গৌর—নিত্যানন্দ অদ্বৈত—কৃষ্ণ—শক্তি—ভগবদ্রস—জীব—অচিন্ত্যভেদাভে —অভিধেয়—সাধনভক্তি—বর্ণধর্ম্ম—আশ্রম-ধর্ম্ম—শুদ্ধভ —শ্রীনাম—প্রয়োজন ও প্রমাণ-তত্ত্বগুলি পৃথক্ অধ্যা সুবৃহৎ শ্লোকাদি সূচীসহ উৎকৃষ্ট এন্টিক কাগজে রে ব্লু কালিতে মুদ্রিত, উৎকৃষ্ট বাঁধা সোনার জলে নাম লেখ গ্রন্থ প্রায় ৪০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা ২৲ টাকা মাত্র।

শ্রীনবদ্বীপধাম-প্রদক্ষিণ

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত 'নামমাহাত্ম্য—ম মাহাত্ম্যের সানুবাদ প্রমাণ খণ্ড—শ্রীল নরহরিচক্রব ঠাকুরের নাম-পরিচয়াংশ—শ্রীধাম নবদ্বীপ পরিক্রমা—ভ যাত্রা পদ্ধতি—শ্রীমৎ প্রবোধানন্দকৃত নবদ্বীপশতকম্ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ প্রভৃ গ্রন্থ একত্র ভিক্ষা ৸০ আনা মাত্র।

শ্রীহরিনামামৃত ব্যাকরণ

শ্রীজীব গোস্বামী প্রভুপাদ-বিরচিত সূত্র ও বৃ তৎসঙ্গে ওঁবিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্ব মহারাজের বিস্তৃত ভূমিকা ও সূচী প্রভৃতি স অপ্রত্যাশিতভাবে সুলভ। ভিক্ষা ২৲ টাকা, ছাত্রগ পক্ষে ১৷০ টাকা মাত্র।

বেদান্তসূত্রসার

শ্রীমদ্রামানুজাচার্য্য-রচিত। বেদান্তের বিশিষ্টাদ্বৈতবা প্রচারক শ্রীভাষ্য-প্রণেতা আচার্য্যপ্রবর বেদান্তদর্শন পাঠে উপযোগী করণার্থ এই উত্তম করিয়াছেন। ইহা বঙ্গানুবাদ ও সূচীপত্রাদি সংযোজিত করা হইয়াছে নাম মাত্র ভিক্ষা ।০ আনা।

শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও নবদ্বীপশতক

গৌরপার্ষদ জিদণ্ডী শ্রীমৎ প্রবোধানন্দ সরস্বতী প্রণী মূল, প্রভুপাদ শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহার সম্পাদিত অন্বয়মুখে ব্যাখ্যা ও বঙ্গানুবাদ সম্বলি নবদ্বীপশতকের শ্রীভক্তিবিনোদ ঠাকুরের পদ্যানুবাদ তৎসহ শ্রীমন্মহাপ্রভুর একটি চিত্রোপরিত অপৌরিক চি প্রদত্ত হইয়াছে। মুদ্রণ ও কাগজ উৎকৃষ্ট (২ খা একত্রে) ভিক্ষা ৸০ আনা, অতি সুরম্য বাঁধাই রাজসংস্ক ১৲ টাকা মাত্র।

ভক্তিধর্ম্ম

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। এই একমাত্র গ্রন্থ-
র জ্ঞান লাভ করিলে পারমার্থিক বিষয়ে কিছুই
ান বা সংশয় থাকিবে না। পরম গুহ্যতত্ত্ববিষয়ক এ
সরল ও সরসভাষী গ্রন্থ এ পর্য্যন্ত প্রকাশিত হয় নাই।
...গোস্বামি-শাস্ত্র-মতোদ্ধরি-মন্থনতঃ ই গ্রন্থরত্ন
ার হইয়াছেন। আবার সুসিদ্ধান্ত চ ঃ কণ্ঠাসার
াদি দ্বারা বিশেষ সহজ করা হইয়া ছ। বিরাট গ্রন্থ,
নাথ অল্পে নাম লেখা, উৎকৃষ্ট বাঁ ই—চতুর্থ সংস্করণ
ল্য ১৲ টাকা মাত্র।

প্রেমবিবর্ত্ত

শ্রীমন্মহাপ্রভুর অন্যতম পার্ষদ শ্রীল জগদানন্দ প্রভু
রচিত। এই পুস্তকে অতি সুললিত ভাষায় মহাপ্রভুর
বিলয় লীলারহস্য বৈষ্ণবাচার, একাদশী ও নামভজন-
প্রণালী প্রভৃতি অনেক বৈষ্ণবতত্ত্বের সুমীমাংসা
দিতে পাইবেন। পাদটীকায় কঠিন স্থলের বিশদার্থ ও
ভক্তিভাব পরিচয়াদি-সম্বলিত চতুর্থ সংস্করণ মূল্য ৷৵০
৲ আনা মাত্র।

ভজনরহস্য

ভজনকারীর নিত্যসঙ্গী ; ঠাকুর ভক্তিবিনোদের অমূল্য
ন ; নিখিল শাস্ত্রের নির্য্যাস। গ্রন্থখানি না দেখা পর্য্যন্ত
ক্ষ বুঝিতে পারিবেন না। তৃতীয় সংস্করণ মূল্য ৷০।

হরিনামচিন্তামণি

নামাচার্য্য শ্রীল হরিদাস ঠাকুরের মুখে শ্রীমন্মহাপ্রভু
নাম-মাহাত্ম্য, নামাভাস, নামাপরাধ প্রভৃতি বিষয়ের
তত্ত্বীয় বিচার শ্রবণ করিয়াছিলেন। এই বিষয়গুলির
ও সরল পয়ারে সংক্ষিপ্ত আলোচনা পরিপাটিভাবে মুদ্রিত।
শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। পঞ্চম সংস্করণ মূল্য ৷৵০

কল্যাণকল্পতরু

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। প্রত্যেক ভগবদ-
...বাসী ও জ্ঞানপথের পথিকের একান্ত প্রয়োজনীয়
পদেশাবলীপূর্ণ নীতিগ্রন্থ। সামান্য লেখাপড়া-জানা
লোকেও এই ভজনরাজ্যের ঐতিহ্যসমূহের দ্বারা অনর্থনিবৃত্তি
ও ভগবৎসেবা লাভ করিবার সুবিধা পাইবেন। ষষ্ঠ
স্করণ, মূল্য ৵১০ আনা মাত্র।

শরণাগতি

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। ভগবানে আত্মসমর্পণ,
শিক্ষাদি, ভজনলালসা, ষড়্‌বিধা শরণাগতি ও সিদ্ধি-লালসা-
বিষয়ক নীতিপূর্ণ, মূল্য ৵০ আনা মাত্র।

গীতাবলী

শ্রীঠাকুর ভক্তিবিনোদ-প্রণীত। নিত্য ভজন, আরাত্রিক
ও প্রণাম-দেবতাদি-বিষয়ক মধুর গীতসমূহ একত্রে গ্রথিত।
মূল্য ৵০ আনা মাত্র।

শ্রীনবদ্বীপভাবতরঙ্গ

রসিকেন্দ্রচূড়ামণি শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-
বিরচিত রসগ্রন্থ। শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের অনুবাদ-
সহ। মূল্য ।০ আনা মাত্র।

সাধনপথ

শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ও শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর
প্রতি শ্রীরূপ গোস্বামীর উপদেশবাণী, ভক্তিপথের অনুকূল
ও প্রতিকূল বিষয়ে সুবিচারিত সদুপদেশ আশা, বিস্তৃত
বিবৃতি, চরিতামৃতের প্রমাণ, সাধন ব্যাখ্যা ও মহাজন-
প্রণীত তদুপযোগী গীতসমূহ প্রত্যেক শ্লোকের সহিত
সন্নিবেশিত হইয়াছে। ৩য় সংস্করণ মূল্য ৷৵০ আনা।

সাধন-কল্প

শ্রীরঘুনাথ দাস গোস্বামীর মনঃশিক্ষা, শ্রীল ঠাকুর
ভক্তিবিনোদ-চরিত পদ্যানুবাদসহ। মূল্য ৵০ আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা

শ্রীল ঠাকুর নরোত্তমের সুপ্রসিদ্ধ 'প্রেমভক্তিবিষয়ক
গানের পুস্তক। মূল্য ৵০ আনা মাত্র।

নবদ্বীপশতক

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত শ্রীল প্রবোধানন্দ
সরস্বতীপাদের সংস্কৃত নবদ্বীপশতকের সুললিত পদ্যানুবাদ।
মূল্য ৵০ আনা মাত্র।

অর্থপঞ্চক

শ্রীল লোকাচার্য্য রচিত। বৈষ্ণবতা জ্ঞানের আকর
পুস্তক। মূল্য ৵০ আনা মাত্র।

সদাচারস্মৃতি

শ্রীল মধ্বাচার্য্য-প্রণীত। বৈষ্ণবের নিত্যকর্ত্তব্যাদি সদাচার-
বলী, বঙ্গানুবাদ সহিত। মূল্য ৵০ আনা মাত্র।

মণিমঞ্জরী

কবিকুলকেশরী শ্রীবরদরাজাচার্য্য রচিত। শ্রীমদ্ভাগ-
বতোক্ত সাংখ্য ঔষধলীলা ও মূল বৈষ্ণবধর্ম্মমত। সানুবাদ
মূল্য ।০ আনা মাত্র।

গৌরকৃষ্ণোদয়

প্রাচীন কবি শ্রীগোবিন্দ দেব প্রণীত শ্রীগৌরাবতারের
প্রমাণাবলী-সম্বলিত সংস্কৃত গ্রন্থ। মূল্য ৷০ আনা।

যুক্তিমল্লিকা (গুপ্তগৌরত্ব)

শ্রীমদ্ভাগবতসন্দর্ভাদিপ্রণেতা শ্রীমদ্বিরাজ স্বামিকৃত। বঙ্গাক্ষরে
সানুবাদ এই গ্রন্থের প্রকাশ পারমার্থিক সাহিত্য-জগতে
এই সর্ব্বপ্রথম। শ্রীমদ্ভাগবাচার্য্য হইতে ষোড়শপুরুষ দ্বিতীয়
মধ্বাচার্য্য নামে খ্যাত শ্রীবাদিরাজ তীর্থ স্বামী এই গ্রন্থে
সাধারণ যুক্তি ও লৌকিক ন্যায়ানুসারে কিরূপ সুন্দরভাবে
ভক্তিবিরোধি-মতবাদ সমূহ খণ্ডন করিয়াছে, তাহা পাঠ
করিতে করিতে আশ্চর্য্যান্বিত হইতে হয়। ইহাতে যুক্তির
দ্বারা চার্ব্বাক, জৈন, বৌদ্ধ, মীমাংসক ও মায়াবাদিমত-
সমূহের সুন্দর খণ্ডন হইয়াছে। মূল্য ২৲ টাকা মাত্র।

গোস্বামী শ্রীল রঘুনাথ দাস

(ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী
প্রভুপাদ-লিখিত ভূমিকা সহ) গৌরপ্রেষ্ঠ স্বরূপ-রূপের
একমাত্র প্রিয়তম শ্রীল দাস গোস্বামী প্রভুর অপূর্ব্ব
চরিতামৃত ও শিক্ষা অতীব প্রাঞ্জল ও সরল ভাষায় সন্নিবিষ্ট
এবং পরিশিষ্টে দাসগোস্বামী প্রভুর বিরচিত কতকটী
সানুবাদ মধুরতম স্তব ও মনঃশিক্ষা-সম্বলিত। মূল্য
বাঁধাই ৷০ আনা, আবাঁধাই ।৵০ আনা মাত্র।

চিত্রে নবদ্বীপ

প্রাচীন নবদ্বীপের অবস্থিতি, কথা, ঐতিহ্য, শ্রোত ও
ঐতিহাসিক প্রমাণসম্বলিত নবতী পীঠের সচিত্র বিবরণ-
গ্রন্থ। রায়বি রাজবাহাদুর কুমার শ্রীযুক্ত শরদিন্দু নারায়ণ
রায় এম, এ, প্রাজ্ঞ (লাহোর), বেদান্তরত্নপ্রণ মহোদয় কর্ত্তৃক
সঙ্কলিত এবং ৪৭ খানি বিভিন্ন বর্ণের অপূর্ব্ব চিত্র ও
মানচিত্র-সমন্বিত ; প্রাচ্যবিদ্যামহার্ণব রায় সাহেব শ্রীযুক্ত
নগেন্দ্র নাথ বসু বিশ্বকোষসম্পাদক মহাশয়ের বিস্তৃত ভূমিকা
সহ। উৎকৃষ্ট (ইং) মরক্কো বাঁধাই মূল্য ১৷০, ভিঃ পিঃ তে
২৲ টাকা মাত্র।

সাধক-কণ্ঠমালা

গুরুবন্দনা, বৈষ্ণব-বন্দনা, বৈষ্ণবশরণ, হালালের গীত,
শ্রীনামতত্ত্ব, শ্রীমন্মহাপ্রভুর অষ্টোত্তরশত নাম, অষ্টপ্রহর
নামকীর্ত্তন, শ্রীনামসঙ্কীর্ত্তন, প্রেমধ্বনি, বাউলসঙ্গীত,
নবদ্বীপ-মহিমা, শ্রীমায়াপুর-মহিমা, শ্রীমদ্গোদ্রুম-প্রভুর অষ্টক
আচার্য্য-বন্দনা, ষড়্‌গোস্বামীর অষ্টক, প্রেমভক্তিচন্দ্রিকা,
উপদেশমালা, নামভজন-প্রণালী, মহাপ্রভু ও রায় রামানন্দ
সংবাদ, মনঃশিক্ষা, শ্রীগুরুপ্রণতি, শ্রীগুরু-পরম্পরা,
মহাপ্রভুর বন্দনা প্রভৃতি সাধক ও শিক্ষকীবনের নিত্যপাঠ্য,
বৈষ্ণবগণের কণ্ঠস্থিত তুলসীমালার ন্যায় অনুক্ষণ কণ্ঠে
ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ। মূল্য ৵০, বাঁধাই ৷০ মাত্র।

গৌড়ীয়-গৌরব

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয় সম্পাদক
শ্রীপাদ সুন্দরানন্দ পরিব্রাজকবিনোদপ্রভু প্রদত্ত বক্তৃতার বিষয়
গ্রন্থাকারে প্রকাশিত। ইহাতে গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ের
ইতিহাস সুন্দরাকারে গ্রথিত হইয়াছে। মূল্য ৵০ মাত্র।

গৌড়ীয় সাহিত্য

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয়-সম্পাদক
শ্রীপাদ সুন্দরানন্দ পরিব্রাজকবিনোদপ্রভু প্রদত্ত বক্তৃতার বিষয়
গ্রন্থাকারে প্রকাশিত। ইহাতে সাহিত্য-শব্দের অর্থ এবং
গৌড়ীয়-সাহিত্যের বিষয় সুন্দরাকারে বর্ণিত হইয়াছে। মূল্য
৵০ আনা মাত্র।

শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা-দর্পণ

শ্রীগৌড়দেশের যে সকল স্থানে সপরিকর শ্রীমন্মহাপ্রভু
এবং তদনুগ পরবর্ত্তী মহাজনগণ লীলা করিয়া বিরাজেন,
সেই সব আধুনিক ভৌগোলিক পরিচয় ও রেলবিমানাদির
পরিচয় সহ যাতায়াতের সুবিধা নির্দ্দেশ ইত্যাদি বিষয়গুলি
সন্নিবেশিত আছে। মূল্য ।০ আনা।

THE HARMONIST
OR SHREE SAJJANATOSHANI

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রতিষ্ঠিত এবং শ্রীল ভক্তি-
সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত পারমার্থিক
মাসিক পত্র। এক্ষণে ইংরাজী ভাষায় অষ্টাবিংশ বর্ষে
রয়েল অক্টেভো ৮ পেজী ৪ ফর্ম্মা আকারের প্রতি মাসে ত্রি-
বর্ণের বিচিত্র-বৈচিত্র্যময়ী সইয়া উপস্থিত হইতেছেন।
কাগজ, মুদ্রণ-পারিপাট্য ও চিত্রাদি অতীব চিত্তাকর্ষক।
এই প্রকার উৎকৃষ্ট প্রবন্ধ আর কোন মাসিক পত্রাদিতে
দেখিতে পাইবেন না। বার্ষিক ভিক্ষা ডাকমাশুলসহ ৩
টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর নবদ্বীপ

বিশ্ববৈষ্ণব রাজসভার শুদ্ধভক্তিমঠসমূহ

শ্রীচৈতন্য মঠ

আকর মঠরাজ

প্রতীর্থ নবদ্বীপ, ডাকঘর শ্রীধাম মায়াপুর, নদীয়া

শ্রীমদ্ভাগবতী) ৬৯৫৯ গাঃ ৩০ সন উদ্ধব-পুরে শ্রীব্রজপত্তনে আচার্যবর শ্রীভক্তি-ভবনে শ্রীচৈতন্যমঠ বিরাজমান।

এই স্থান সাংখ্য-যোগ, পরবিদ্যাপীঠ বা সাত্বত তন্ত্রপত্তনী। এই মহাতীর্থে শ্রীহরিনামসহ বাক্যপাঠিন্-বেদান্তসমূহ, পরবিদ্যার অন্তর্গত কাব্য, নাটক, অলঙ্কার, কথা আখ্যান-উপনিষদ-গীতা-সূত্র-ভাষ্য-চতুঃসূত্রের অধ্যয়ন ও অধ্যাপনা এবং সমগ্র শ্রীভক্তি-রসাত্মক-গীতিসমূহ ও সাত্বত সাম্প্রদায়িক-আচার-চতুষ্টয় তাঁহাদের উপাস্য ব্রজের নাটক মেলা অধিক হইয়াছেন। এই মহাকার্যে পারমার্থিক দৈনিকপত্র সাত্বত-প্রচারের অপরাপর ও পুরাতন প্রচারাদি প্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' গ্রন্থের প্রতিষ্ঠিত হইয়াছেন প্রতিবৎসর শ্রীধাম-পরিক্রমানুষ্ঠান ও অপরাপর উৎসবাদির বর্তন প্রচারমুখে মহামহোৎসবাদি উৎসব অনুষ্ঠিত হইয়া থাকে। ভক্ত—বহুসংখ্যক শ্রীধাম মহত্তিথী। সরকারী—শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী, পাণ্ডত শ্রীপাদ গৌরদাস ব্রহ্মচারী কাব্যব্যাকরণতীর্থ, শ্রীপাদ শ্রীচন্দ্র ব্রহ্মচারী, শ্রীপাদ নন্দগোপাল ব্রহ্মচারী, অধ্যয়ন ব্রহ্মচারী, শ্রীমদনগোপাল ব্রহ্মচারী, ভক্ত নরেন্দ্র, করিদর, দেবকীমোহন মুখ সজ্জনগণ।

ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবল্লভ তীর্থ মহারাজ এখানে বহুবিধ কীর্তন করিতেছেন।

(১) শ্রীগৌড়ীয় মঠ

১৬ নং কালিদাস চক্রবর্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

টেলিফোন নং, বি, ৪১১৫

শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত প্রচারিত স্থানিক অকিঞ্চন-প্রচারোদ্দেশে গৌড়মণ্ডলের সর্বপ্রধান নগরী কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত হইয়াছেন। এই ভক্ত-সমাগমে শ্রীগুরু-গৌরাঙ্গ-শ্রীবিনোদানন্দ জাতি সম্প্রদায় নির্বিশেষে সেবিত হন। গৌড়ীয় আচার্যবর্গের বাঙ্ময়ী গ্রন্থাবলীর সুপ্রচারোদ্দেশে শ্রীমঠে সাত্বত একটী সুবৃহৎ মুদ্রা-যন্ত্রালয় সংস্থাপিত হইয়াছেন। পৃথিবীর সর্বত্র শ্রীগৌড়ীয় প্রচারার্থ এই স্থানের হইতে 'গৌড়ীয়' সাপ্তাহিক পত্র, ত্রি ভক্তমিষ্ট মাসিক পত্রিকা তাঁহারা নিয়মিতভাবে প্রকাশিত হইতেছেন। শ্রীমঠে পাঠ, কীর্তন, সপ্রশ্ন-চতুষ্টয়-বেধাঃ, শ্রীমদ্ভাগবত, শ্রীচৈতন্য-চরিতামৃতাদি-লীলা ও তত্ত্বগ্রন্থের সমাক আলোচনা হইয়া থাকে। মঠরক্ষক—আচার্যবর্য শ্রীপাদ কৃষ্ণবল্লভ বিদ্যাভূষণ। সেবকগণ—পণ্ডিত শ্রীপাদ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ বি-এ, শ্রীপাদ রাসবিহারী ব্রহ্মচারী, শ্রীপাদ জগদ্বান্ধব রাসাধিকারী বি-এ, শ্রীপাদ ব্রজগোপাল রাসাধিকারী, ব্রহ্মচারী শ্রীকীর্তনানন্দ, ব্রহ্মচারী শ্রীগোষ্ঠবিহারী, ব্রহ্মচারী শ্রীগোপানন্দ, পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ পরবিদ্যালঙ্কার সম্পাদক বৈষ্ণবতোষণী, শ্রীঅমৃতজীবন রাসাধিকারী বি-এ, শ্রীবিশ্বম্ভরনিধি সেবকারী বি-এল, শ্রীমধুসূদন ভাগবতবিধি, শ্রীবিশ্বম্ভর ব্রহ্মচারী, শ্রীব্রজগোবিন্দ ব্রহ্মচারী প্রভৃতি।

(৩) যোগপীঠ শ্রীমন্দির

এই স্থান শ্রীজগন্নাথমিশ্রের ভবন বা মধ্যলীলার আবির্ভাব-ভূমি মহাযোগ-পীঠ। এখানে শ্রীলক্ষ্মীপ্রিয়া ও শ্রীবিষ্ণু-প্রিয়াসহ শ্রীগৌরনারায়ণ এবং শ্রীশ্রীরাধা-শ্রীরাধাকৃষ্ণের নিত্য সেবা তথা শ্রীপঞ্চ-তত্ত্বের সেবা বর্তমান। ভক্ত—লোক-নাথ গোস্বামী ভট্টাচার্য প্রভু শ্রীমধু-সূদন। সরকারী শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী, শ্রীরাধাবিনোদ ভক্তিকৃপণ, শ্রীগোবর্ধন ব্রহ্মচারী। শ্রীসাধনদাস অধিকারী, শ্রীবেদপতি ব্রহ্মচারী।

(৪) শ্রীবাস-অঙ্গন

শ্রীমন্মহাপ্রভুর কীর্তন-বিলাস ও পুরলীলার স্থানস্থলী। এখানে শ্রীশ্রীগৌর-নিত্যানন্দ ও পঞ্চতত্ত্বের সেবা বর্তমান।

ভক্ত—শ্রীপ্রাণকৃষ্ণ ব্রহ্মচারী।

(৫) অদ্বৈত-ভবন

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্তমান।

ভক্ত—শ্রীঅদ্বৈতানন্দ রসাধিকারী, শ্রীগোকুলদাস বাবাজী।

(৬) কাজীর সমাধি পীঠ

প্রাচীন মায়াপুর, যমলার্জুন (নদীয়া) গৌরকৃপাপাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

ভক্ত—ব্রহ্মচারী শ্রীবিনোদবিহারী।

(৭) আনন্দ সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, যমলার্জুন (নদীয়া)

এখানে ওঁবিষ্ণুপাদ শ্রীল ভক্তিবিনোদঠাকুরের সমাধি এবং শ্রীগৌরগদাধর এবং শ্রীশ্রীরাধা-মাধবের সেবা বর্তমান

ভক্ত—ভক্তিকুসুম ভারতী ব্রহ্মচারী কাব্যতীর্থ, এম, এল, এল।

(৮) শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

মহেশগঞ্জ।

ভক্ত—শ্রীউদ্ধব অধিকারী এম, এ, বি, এল, সরকারী—শ্রীউদ্ধবদাস অধিকারী, শ্রীউদ্ধবদাস অধিকারী প্রভৃতি।

(৯) শ্রীগৌর-গদাধর মঠ

চাঁপাহাটী, সমুদ্রগড়, (বর্দ্ধমান)

শ্রীল ঠাকুরদাসের প্রতিষ্ঠিত গৌরগদাধর-সেবা। ভক্ত—শ্রীহরেরাম ব্রহ্মচারী, ভক্ত শ্রীগদাধর দাস।

(১০) শ্রীরূপগৌড়ীয়-মঠ

বাগবাজার, প্রয়াগ ঘাট, পি

ভক্ত—শ্রীহরিদাস ব্রহ্মচারী, সরকারী—শ্রীসত্যেন্দ্র ব্রহ্মচারী।

(১১) শ্রীযোগাদ্যমন্দির—

মাউগাছি, আরগড়, বর্দ্ধমান।

শ্রীযোগাদ্যারাধ্যা ঠাকুর বৃন্দাবনের স্থান।

ভক্ত—শ্রীগতিবিহারী ব্রহ্মচারী, ভক্ত দীনবন্ধুদাস।

(১২) ভাগবত আসন

শ্রীভাগবত প্রেস, কক্ষ-নং, নদীয়া।

ভাগবত-সিদ্ধান্ত গ্রন্থাবলীর প্রচার-কেন্দ্র।

ভক্ত—শ্রীকৃষ্ণানন্দ ব্রহ্মচারী ভক্তিপাত্রী

(১৩) শ্রীএকায়ন মঠ

গোবিন্দপুর, ইলছোবা, নদীয়া।

ভক্ত—শ্রীঅকুণ্ঠানন্দ ব্রহ্মচারী। সরকারী শ্রীসচ্চিৎ ব্রহ্মচারী, শ্রীজগন্নাথের দাসাধিকারী, শ্রীজগন্নাথ পাত্র, ভক্ত বিশ্বনাথ

(১৪) শ্রীমাধ্ব গৌড়ীয় মঠ

১০নং নবাবপুর রোড, ঢাকা।

পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র, এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ গান্ধর্বা-গিরিধরের সেবা বর্তমান।

ভক্ত—শ্রীরাধাবল্লভ ব্রহ্মচারী, শ্রীপাদ সুন্দরানন্দ পরবিদ্যাবিনোদ বি-এ, শ্রীপাদ গোর ব্রহ্মচারী, শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী, শ্রীগতিকৃপাসন ভক্ত

(১৫) শ্রীগোপালজী মঠ

কমলাপুর, ঢাকা।

গোপালজীর শ্রীবিগ্রহের প্রাচীন সেবা

ভক্ত—শ্রীদামোদর ব্রহ্মচারী।

(১৬) শ্রীগদাই-গৌরাঙ্গ মঠ

চাঁদনিকি গরাণহাটা সড়ক, বালিয়াটী ঢাকা

শ্রীগদাই-গৌরাঙ্গের নিত্য সেবা

ভক্ত—শ্রীপূর্ণচন্দ্র ব্রহ্মচারী, শ্রীমধুসূদন ব্রহ্মচারী

(১৭) শ্রীভাগবতজনানন্দ মঠ

চকদিঘা, বাসুদেবপুর, মেদিনীপুর।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্বিকা-গিরিধারীর নিত্যসেবা বর্তমান। ভক্ত—ব্রজবাসী শ্রীনরহরিদাসজী।

(১৮) অমলাযোড়া প্রপন্নাশ্রম

বাগবাদ পোঃ বর্দ্ধমান।

শ্রীগুরুগৌরাঙ্গ-শ্রীগান্ধর্বিকা গিরিধারীর নিত্যসেবা। ভক্ত—ব্রজবাসী শ্রীহরি কিশোর।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

স্বর্গদ্বার, পুরী, উড়িষ্যা।

এখানে শ্রীগৌর-বিনোদগাদবজীর নিত্য-সেবা বর্তমান। ভক্ত—ব্রহ্মচারী শ্রীপরমানন্দ বিদ্যারত্ন, ব্রহ্মচারী শ্রীনবীনানন্দ, শ্রীপরমেশ্বরন ব্রহ্মচারী, শ্রীযাদবানন্দ ব্রহ্মচারী, ভক্ত শ্রীনিমাই।

(২০) শ্রীব্রজ-গৌড়ীয় মঠ

আলবরনাথ, ব্রহ্মাগার পোঃ, পুরী।

জগন্নাথদেবের অনবসর সময়ে শ্রীমঠের প্রকৃত অবস্থান। ভক্ত—ব্রহ্মচারী শ্রীপরমেশ্বরী প্রসাদজী। সরকারী—ব্রহ্মচারী শ্রীবিপিনবিহারী।

(২১) শ্রীসচ্চিদানন্দ মঠ

উঁচুবাজার, কটক।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-বিনোদমুখে-ঙ্গীয় নিত্যসেবা বর্তমান। ভক্ত—ব্রহ্মচারী শীলাদাস, শ্রীগোপাল ব্রহ্মচারী

(২২) শ্রীসনাতন-গৌড়ীয় মঠ

৯নং ভগবান্ পুরা, কাশী।

গৌর-গান্ধর্বিকা গিরিধারী-শিক্ষাস্থান।

এখানে গৌরসেবা বর্তমান। ভক্ত—শ্রীবানকীনাথজী শ্রী ভাগবত ব্রহ্মচারী।

(২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

শ্রীরাধাদেবাদাস কুঞ্জ, শ্রীধাম বৃন্দাবন।

শ্রীশ্রীরাধা-রাধাকান্তজীউর সেবা।

ভক্ত—শ্রীগোপীনাথদাস ব্রহ্মচারী

(২৪) শ্রীপরমহংস মঠ

নৈমিষারণ্য, সীতাপুর

এখানে শ্রীভাগবত পাঠশালা ও শ্রীগৌর-বিনোদ বিদ্যাপীঠের সেবা বর্তমান। ভক্ত—ব্রহ্মচারী শ্রীনরহরিদাস ও ব্রহ্মচারী শ্রীনন্দদুলাল।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ

চুঁচুড়া, চুঁচুড়া, হাবড়া, হুগলী। শ্রীচৈতন্যদেবের পাদ। ভক্ত—শ্রীরাধা নাথ বাবু, শ্রীচৈতন্যানন্দ ব্রহ্মচারী, শ্রীগোবিন্দ কৌর্য ভোগাধিকারী

(২৬) ব্যাসগৌড়ীয় মঠ

কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল। এখানে শ্রীগৌরবিনোদ-গ্রামের সেবা বর্তমান। ভক্ত—ব্রহ্মচারী শ্রীপুরুষোত্তম, শ্রীনন্দ গোপাল ব্রহ্মচারী

(২৭) ভক্তিপাড়া প্রপন্নাশ্রম-মঠ

ভক্তিপাড়া, পোঃ মাকু, পাবনা

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গের সেবা বর্তমান। ভক্ত—ব্রহ্মচারী শ্রীপ্রাণকৃষ্ণ দাস, শ্রীগোপাল ব্রহ্মচারী।

(২৮) শিল্প গৌড়ীয় মঠ—কার্য্যালয়

৫৮ গোপীকৃষ্ণ, ষ্ট্রীটস্থ সেন, শিবপুর হিল্লী

ভক্ত—ব্রহ্মচারী শ্রীগৌরকৃষ্ণ, শ্রীভূলপে শ্রীরাধারমণচরণপরায়ণ

(২৯) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

ভক্ত—ব্রহ্মচারী শ্রীরাধামোহন

পাদ্রীর বিরুদ্ধে অভিযোগ
আসামীর প্রতি সমন

ধান সিং নামক জনৈক ব্যক্তি ভারতীয় দণ্ডবিধির ৫০০ ধারানুসারে [illegible]পারের আর, ডি, এম, ইউ, হিগনের [illegible]দী মিষ্টার জি, জে ব্লক ও এডভোকেট মিঃ রামচন্দ্র সিংহের বিরুদ্ধে সদর হুকুমা ম্যাজিষ্ট্রেটের এজলাসে অভিযোগ আনয়ন করিয়াছেন। অভিযোগের বিবরণে প্রকাশ, বাদী ধর্ম প্রচারকের ও তাঁহার পত্নী মিষ্টার ব্লকের অধীনে [illegible]লিকা বিদ্যালয়ে শিক্ষয়িত্রীর কার্য্য [illegible]রিতেন। গত ১লা জুন তারিখে মিষ্টার ব্লক বিনা কারণে বাদী ও তাহার পত্নীকে পদচ্যুত করেন। বাদী ও তাহার [illegible] বাকী বেতন ও ক্ষতিপূরণ আদায়ের জন্য তাহাদের উকীল নমজুর আলির দ্বারা মিষ্টার ব্লকের প্রতি নোটিশ জারি করেন। বাদী আরও জানাইয়াছেন যে, গত ১৮ই জুন মিষ্টার ব্লকের পক্ষ হইতে [illegible]কল শ্রীমৎ রামচন্দ্র সিংহ তাহার [illegible]কিলকে জানান, বাদী ও তাহার পত্নীর [illegible]র্য্য অতীব অযোগ্য ও অসন্তোষজনক [illegible] তাহাদের শৈথিল্য, অবহেলার জন্য [illegible]নের কার্য্যের ক্ষতি হইতেছে। [illegible]রূপ ভাষা ব্যবহার করায় সাধারণের সম্মুখে বাদী ঐ প্রতিপন্ন হইয়াছেন। [illegible]রইয়ার দণ্ডবিধির ৫০০ ধারানুসারে [illegible]ইবার্থ হাজির হইবার জন্য এডভোকেট [illegible]টর প্রতি সমন জারী করা হইয়াছে।

ভারতের প্রস্তাবে পার্লামেণ্ট
মিঃ ম্যাকডোনাল্ডের আনন্দ

বৃটিশ সাম্রাজ্যের অন্তর্গত সকল রাজ্যই প্রেসিডেণ্ট হুভারের প্রস্তাব মানিয়া লইয়াছেন। ২৯শে জুন মিঃ ম্যাকডোনাল্ড পার্লামেণ্ট সভায় এই কথা প্রকাশ করিয়াছেন। দৃষ্টান্ত স্বরূপ তিনি বলিয়াছেন যে, কানাডা, অষ্ট্রেলিয়া, নিউজিলাণ্ড, দক্ষিণ আফ্রিকা ও ভারত মিঃ হুভারের প্রস্তাব মানিয়া লইয়া বলিয়াছেন যে, যুদ্ধপূর্বের টাকা প্রত্যর্পণ বন্ধ রাখা হইয়াছে সে সকল দেশ ক্ষতিপূরণের নিকট হইতে টাকা পাইবেন তাঁহারা যদি আগামী এক বৎসরের জন্য স্থগিত রাখেন তাহা হইলে কানাডা প্রভৃতি দেশসমূহ তাহাতে পূর্ণ সম্মত আছেন। সময়-গণ সম্বন্ধে বৃটেনের নিকট যে ঋণের ঐ ঋণের জন্য বৃটেন যে উদারতা দেখাইয়াছেন তজ্জন্য বৃটেনের অধীনস্থ রাজ্যসমূহ [illegible]জ্ঞ। তবে সময়-গণ সম্বন্ধে দক্ষিণ [illegible]ফ্রিকা সম্মতি দেন নাই।

হে সিরাজগঞ্জে ভীষণ ডাকাতী
২ জন আহত ও ২৯ জন ধৃত

সংপ্রতি হোসিয়ারপুর গ্রামে এক ভীষণ ডাকাতী হইয়া গিয়াছে। মাঠে গরু চরাইবার সম্পর্কে দুই দলে ঝগড়া-বিবাদ হয়। তারপর এক ডাকাতির সৃষ্টি হয়। সেই সময় একদল অন্য দলকে লক্ষ্য করিয়া গুলী ছোড়ে। ফলে দুইজন লোক আহত হইয়াছে। এই সম্পর্কে ১৯ জনকে গ্রেপ্তার করা হইয়াছে।

আকাশ যানে ২৫ হাজার মাইল

ইথিওপী ফ্লাইটলেফ্টেনাণ্ট গোর্ডন ওয়াটি বিমানযোগে লণ্ডন আসিয়া পঁহুছিয়াছেন।

খার্তুম হইতে ২৫ হাজার মাইল পথ ১৬ ঘণ্টা ১৫ মিনিটে ভ্রমণ সম্পন্ন করিয়াছে। বৈমানিকরা ৩ ঘণ্টা বিশ্রাম করিবার পর ফ্রেয়ারবাঙ্ক অভিমুখে পুনরায় যাত্রা করিয়াছেন।

ভীষণ মোটর দুর্ঘটনা
১ জন লোক হত ও ১ জন আহত

গ্রাণ্ড ট্রেভোরে এক ভীষণ মোটর দুর্ঘটনা ঘটিয়াছে। ফলে ১ জন [illegible]রের বাসক হত ও আর একজন [illegible]রের বালক আহত হইয়াছে।

কংগ্রেস সম্পাদক গ্রেপ্তার

বেঙ্গলের কিরা ম্যাজিষ্ট্রেটের পরোয়ানা বলে প্রাদেশিক কংগ্রেস কমিটির সাধারণ সম্পাদক, তিলক বিচারালয়ের প্রযুক্ত এস টি, রঙ্গস্বামীকারকে গত ২৯শে জুন রাত্রিতে নাগপুর রেলষ্টেশনে ১৮৮৮ ধারা অনুসারে গ্রেপ্তার করা হইয়াছে। তাঁহাকে [illegible]খনই বিচারের জন্য বেলুলে লইয়া যাওয়া হয়। প্রকাশ, তিনি বেলুল কনফারেন্সে যে বক্তৃতা করিয়াছিলেন, গ্রেপ্তার সেই সম্পর্কে।

বোমা প্রস্তুতকারক বালক
অপরাধীর দণ্ড

চট্টগ্রাম মিউনিসিপাল বিদ্যবিদ্যালয়ের প্রবেশিকা শ্রেণীর ছাত্র নারায়ণ প্রসাদ চৌধুরী (১৫ বৎসর বয়স) বিস্ফোরক পদার্থ আইনের ৪ 'খ' ধারা অনুসারে অভিযুক্ত হইয়াছিল। অতিরিক্ত দায়রা জজ শ্রীযুত এস, বসু তাহার প্রতি ৩ বৎসর বোরষ্টাল বিদ্যালয়ে বাস করিবার আদেশ দিয়াছেন। বিচারক বলেন যে, চট্টগ্রামের বর্তমান অবস্থার জন্য এবং বালকটি বোমা তৈয়ারী করিতে জানে বলিয়া, তাহাকে ছাড়িয়া দেওয়া যাইতে পারে না।

২৯শে জুন চৌধুরী জজের নিকট অপরাধ স্বীকার করে। জজ আসামীর পিতাকে জিজ্ঞাসা করেন যে, পুত্রের ভবিষ্যৎ আচরণ সম্বন্ধে তিনি দায়ী থাকিতে পারিবেন কিনা, পিতা তাহাতে সম্মত হইলে, জজ উপরিউক্ত প্রকার আদেশ প্রদান করেন।

প্রকাশ, গ্রেপ্তারের পর চৌধুরী যে স্বীকারোক্তি প্রদান করে, তাহাতে সে কি করিয়া বোমা তৈয়ারী করিতে শিখিল তাহা বর্ণনা করিয়াছিল।

খাদি প্রদর্শনী উদ্বোধন

আগামী ২৬শে জুলাই হইতে ১লা আগষ্ট পর্য্যন্ত নিখিল ভারত কাটুনী সমিতির বিক্রয় শাখার উদ্যোগে পাটনায় একটী প্রাদেশিক খাদি প্রদর্শনীর অনুষ্ঠান হইবে। ঐ সম্পর্কে এক গুরুত্ব সম্মিলন ও প্রাদেশিক মহিলা সমিতির অধিবেশনেরও আয়োজনের চেষ্টা করা হইতেছে। ঐ প্রদেশে মহিলাদের একটী কার্যকরী প্রতিষ্ঠান স্থাপনের উদ্দেশ্যে মহিলা সভা আহ্বানের উদ্যোগ চলিতেছে। পরিকল্পিত মহিলা প্রতিষ্ঠানের দ্বারা কেবল যে নারী জাতির অবস্থা উন্নত হইবে তাহা নহে সাম্প্রদায়িক ভাবে ভারতের [illegible] ও প্রসার লাভ করিবে।

সরকারী বিমান ব্যাপারে ভারত

বৃটিশ সাম্রাজ্যের বিমান বিভাগে ভারত সরকার যে আনুকূল্য করিতেছেন তাহা নিতান্ত শোচনীয়। পার্লামেণ্টের সভায় জনৈক সদস্য এই প্রশ্ন উত্থাপন করেন। প্রশ্নের উত্তরে মিঃ আর্থার হেণ্ডারসন বলেন যে, ভারত সরকার বর্তমান অবস্থায় শুধু সে সামরিক বিমান ব্যাপারে অর্থ ব্যয় করিবেন। আর যেটুকু পরিচালনা করা একান্ত অসম্ভব, শুধু সেটুকুতেই ভারত সরকার অর্থদান করিবেন। তবে বর্তমানে বৃটেন হইতে করাচিতে যে বিমান যাতায়াত চলিতেছে তাহা অব্যাহত থাকিবে। তবে মিঃ হেন বলিয়াছেন যে, আন্তর্জাতিক বিমান ব্যাপারে ভারতের যে দায়িত্ব আছে সে সম্বন্ধে তিনি পরে কথাবার্তা চালাইবেন।

ভারতীয় রক্ষণশীল দলের সভা
সার জন সাইমনের বক্তৃতা

সার জন সাইমন পার্লামেণ্ট সভায় ভারতীয় রক্ষণশীল কমিটীর সভায় এক অপ্রকাশ্য বক্তৃতা করিয়াছেন। তিনি রাউণ্ডটেবিল সমস্যা সম্বন্ধে বক্তৃতা করিয়াছেন সত্য, তবে তাহাতে সমালোচনার কোন আভাস পাওয়া যায় নাই। অতঃপর সভায় সাধারণ বিষয়ের আলোচনা হয়। রাষ্ট্র বিধি ঘটিত সমস্যার প্রতি এই সভা যেরূপ অনুকূল ভাব পোষণ করেন বলিয়া ঘোষণা করিতেছে।

ডাক্তার আমদারীর সম্বর্দ্ধনা

গত ২৮শে জুন সন্ধ্যাকালে অধিক ময়দানে ফরিদপুর জিলা কংগ্রেস কমিটী মহিলা রাষ্ট্রের সঙ্ঘ, জিলা যুবক সমিতি, বঙ্গীয় প্রাদেশিক ছাত্র সমিতি ও মিথিল বঙ্গ ছাত্র সমিতি, ডাক্তার এম, এ আম্বারীকে অভিনন্দনপত্র প্রদান করেন। সহরের বিশিষ্ট সম্ভ্রান্ত ব্যক্তিগণ সভায় উপস্থিত ছিলেন।

ডাক্তার আম্বারী গত ২৮শে জুন রাত্রে ঢাকা মেলে কলিকাতাভিমুখে যাত্রা করিয়াছেন। তাঁহার যাত্রার পূর্বে স্বেচ্ছাসেবকবাহিনী সামরিক প্রথায় তাঁহাকে অভিবাদন করে

বঙ্গীয় বাস সিণ্ডিকেট

গত ২৮শে জুন অপরাহ্ণ ৩টার সময় বঙ্গীয় বাস সিণ্ডিকেটের একটী সাধারণ সভার অধিবেশন হয়। ঐ সভায় নিম্নলিখিত ব্যক্তিগণ ১৯৩১—৩২ খৃষ্টাব্দের জন্য আগামী বার্ষিক সাধারণ সভার অধিবেশন পর্য্যন্ত সিণ্ডিকেটের কর্ম্মচারী ও সাধারণ সদস্য নির্ব্বাচিত হইয়াছেন,—সভাপতি—মিষ্টার এ, এইচ, সি, রবুন, সহকারী সভাপতি—শ্রীযুক্ত আর, পি, মুখোপাধ্যায়, মিষ্টার কে, ডব্লিউ রস, সম্পাদক—মিষ্টার আর, এন, সিল্কা কোষাধ্যক্ষ মিষ্টার বি, সি, নাথক, আমলার পরামর্শদাতা শ্রীযুত কে, সি, চক্রবর্ত্তী, কনসালটিং ইঞ্জিনীয়ার মিষ্টার আর, কে, চন্দিকা সাধারণ সদস্য শ্রীযুত চমন সিং গিল ইত্যাদি ব্যক্তিবার সিং, শ্রীযুত নারায়ণ সিং, মিষ্টার ডি, ডি, খান্না, যুত পি, টি, রায়, শ্রীযুত এম, এম, বসু, মিষ্টার এ, এ, স্তকান, শ্রীযুত মহেন্দ্র সিং, মিষ্টার এন, ফেব্রুক।

বড়বাজারে ৫৫ শিশি কোকেন
প্রাপ্তি

বড়বাজার থানার পুলিস সংবাদ প্রাপ্ত হইয়া গত রবিবারে বড়বাজার থানার অধীন রায় লেনে অবৈধভাবে প্রচুর পরিমাণে কোকেন রাখিবার অভিযোগে বলদেও পাণ্ডেকে গ্রেপ্তার করিয়াছে। থানাতল্লাসের ফলে পুলিস একটী কাঠের বাক্সের মধ্য হইতে ৫৫ শিশি কোকেন পাইয়াছে।

টেলি— "শ্রীবাস" নবদ্বীপ

Reg No C.1544

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩৲০
সিকি কলম ২৲
চুক্তির হার স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

সাধারণের হার
অগ্রিম দেয়
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৷৷০
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ।৫

ভারতের সর্ব্বত্র বঙ্গদেশ—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৬ষ্ঠ খণ্ড] সম্পাদক—শ্রীঅতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [১০৫ম সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—২১শে আষাঢ় সোমবার, ১৩৩৮, ৬ই জুলাই ১৯৩১

নানা কথা

নদীয়া জিলা ছাত্র সম্মিলন

বর্ত্তমান মাসের শেষ সপ্তাহে নদীয়া জিলা ছাত্র সম্মিলনের অধিবেশন হইবে উক্ত সম্মিলন সাফল্যমণ্ডিত করিবার জন্য আবশ্যক পন্থা অবলম্বনের যথোপযুক্ত ব্যবস্থা করিবার নিমিত্ত গত ৩০শে জুন কৃষ্টিয়া ডাক্তারখানার এক সভায় শ্রীযুত নিশীথরঞ্জন আচার্য্যকে সভাপতি ও শ্রীযুক্ত বীরেন্দ্রনাথ দাসগুপ্ত এবং শ্রীযুত বীরেন্দ্রনাথ ভৌমিককে যুক্ত সম্পাদক নির্ব্বাচিত করিয়া একটি অস্থায়ী অভ্যর্থনা সমিতি গঠন করা হইয়াছে।

আরও জানা গিয়াছে, নদীয়া যুবক সম্মিলনের অধিবেশনও এক সময়ে আরম্ভ হইবে।

মিঃ ভি, ভি, গিরির বিরাট সভায় বক্তৃতা

ভারতীয় রেলওয়ের শ্রমিক সঙ্ঘের প্রেসিডেন্ট মিঃ গিরি গত বুধবার রাত্রে খড়্গপুরে পৌঁছিয়া খড়্গপুর শাখার কার্য্য নির্ব্বাহক কমিটীর সভ্যদের সহিত সাক্ষাৎ করেন; পরবর্ত্তী দিবস তিনি প্রায় ১৫ হাজার রেলওয়ে শ্রমিকদের সভায় বক্তৃতা করেন। বক্তৃতা প্রসঙ্গে তিনি এই বলিয়া রেলওয়ে বোর্ডের নিন্দা করেন যে, তাঁহারা সালিশী বোর্ড গঠনে অস্বীকৃত হইয়াছেন। তিনি শ্রোতৃবর্গকে বলেন, ভারত গভর্ণমেণ্টের চেষ্টায় আগামী ৬ই আগষ্ট তারিখে তাঁহার ও রেলওয়ে বোর্ডের মধ্যে কথাবার্ত্তা বলার বন্দোবস্ত হইয়াছে। এই বৈঠকের ফল সম্বন্ধে তিনি বড় আশান্বিত নহেন। উপসংহারে তিনি রেলওয়ে কর্ম্মীগণকে বলেন, আবশ্যক হইলে নিজস্ব উপায় অবলম্বন করিতে হইবে।

ইন্‌স্পেক্টর নিহত

খোরেদা বিভাগের ডেপুটি ইন্‌স্পেক্টর জেনারেল অব পুলিসের নিকট বিহার উড়িষ্যার গভর্ণর নিম্নলিখিত তার প্রেরণ করিয়াছেন:—

সদাশিবদ গভর্ণর শ্রীযুত রামনারায়ণ সিং নামক এক ইন্‌স্পেক্টরের মৃত্যু সংবাদ পাইয়া গভীর শোক প্রকাশ করিতেছেন। স্বয়ং তাঁহার আত্মীয়বর্গের নিকট তাঁহার সমবেদনা জ্ঞাপন করিবার জন্য তিনি আপনাকে অনুরোধ করিতেছেন তাঁহার বিশ্বাস যে, ডেপুটি কমিশনার বীরেন্দ্রনাথ সেন তাঁহার শুভেচ্ছার আঘাত হইতে আরোগ্যলাভে করিবেন। আপনি সমস্ত পুলিস কর্ম্মচারীর নিকট তাঁহার বীরত্বের প্রশংসা জ্ঞাপন করিবেন।

রিভলভার দেখাইয়া সরকারী অর্থ লুণ্ঠন

আসাম বেঙ্গল রেলপথে খোকীপুর মলম্‌সিংহ আসনের নিকট আবার এক ট্রেণ ডাকাতি হইয়া গিয়াছে। অনুসন্ধানে জানা গিয়াছে, দেওয়ানগঞ্জ আদালতের লোকজন ঈশ্বরগঞ্জে দেওয়ানী আদালতের কর্ম্মচারীবর্গের মাহিনা দিবার জন্য ১৯২৬ টাকা কয়েক আনা সরকারী অর্থ লইয়া যাইতেছিলেন। তাঁহারা খোকীপুর হইতে ডাউনে ও জন লোক চলন্ত ট্রেণে উঠে। তাহাদের ২ জনের নিকট রিভলভার ও একজনের নিকট ছোরা ছিল। তাহারা রিভলভার দেখাইয়া টাকাগুলি দাবী করে। অমনি সমস্ত টাকা তাহাদের দিয়া দেওয়া হয় এবং তাহারাও ট্রেণ হইতে নামিয়া পলাইয়া যায়। লোকগুলি ট্রেণ হইতে নামিয়া যাওয়ার পূর্ব্বে মাহীনিয়া সাবধান করিয়া দেয় যে, তাহারা এই বিষয় লইয়া চৈচৈ না করে।

সুভাষবাবুর মালাবার গমন

শ্রীযুত সুভাষচন্দ্র বসু কৃষ্ণাগার ওয়েহ্নে সব ডিসট্রিক্ট কংগ্রেস কমিটির সভাপতিত্ব করিবার জন্য আগামী জুলাই মাসের মাঝামাঝি কেরালে আসিবেন বলিয়া শুনা যাইতেছে। তিনি প্রায় সপ্তাহকাল মালাবারে থাকিতে পারেন।

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনস্টিটিউট" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও আদর্শচরিত্র শিক্ষকমণ্ডলী ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য নিম্না লাহো সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

বিস্তারিত সংবাদের জন্য নিম্নলিখিত ঠিকানা পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌স্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈবপ্রাপ্ত যক্ষ্মার একমাত্র মহৌষধ

পনর দিনে সম্পূর্ণ আরোগ্য

দেখাইতে হইবে। অগ্রিম পয়সা পত্র (রাজা এবং আসার) পাঠাইলে পিয়া রোগী দেখা হয় অথবা এখানে আনিলে রোগী দেখিয়া ঔষধ দেওয়া হয় আরোগ্য না হওয়া পর্য্যন্ত পারিশ্রমিক দিতে হইবে না। গরীব রোগীদের খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়। বিস্তারিত বিবরণের জন্য এক আনার ডাক টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীকিশোরীমোহন উকীল, যক্ষ্মা-চিকিৎসক, পোঃ মৈকারী, বরিশাল।

অথবা নিম্ন ঠিকানায় সাক্ষাৎ করিয়া বিস্তারিত জানিতে পারেন।

শ্রীযুক্ত রাধাগোপাল দত্ত এম, এ, কৃষ্ণনগর, নদীয়া। শ্রীযুক্ত ধরিণ মিত্র, ১১৭, মণিরামেলা ষ্ট্রীট, হাটখোলা, কলিকাতা।

একখানি পত্র! আমার স্ত্রীপুত্র গত ৬২ মাস যাবৎ রাজ যক্ষ্মায় ভুগিয়া মৃতপ্রায় হইয়াছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাহার জীবনের আশা ত্যাগ করিয়া শেষ মুহূর্তের জন্য অপেক্ষা করিতেছিলেন এই সময় শ্রীযুক্ত কিশোরীমোহন উকিল মহাশয় মাত্র ১০ দিন চিকিৎসা করিয়া সম্পূর্ণ আরোগ্য করিয়া দিয়াছেন। (সাঃ) শ্রীযতীন্দ্র কিশোর রায় চৌধুরী (জমিদার দানিয়া) ৪নং ষ্ট্রীট, নিউ বিল্ডিং। করপোরেশন ষ্ট্রীট কিম্বা টমেন্ট, কলিকাতা।

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার—গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible]

মফঃস্বলের গুঁড়ার জন্য ৬ আঃ শিশিতে ঘনীভূত অবস্থায় ছোটবোতলের ঔষধটি ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ১০ আনা, পাঁচটি ৪/০ আনা, ডোজন ১৵০ আনা।

অফিস—১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

কেন্দ্র গ্রাহকগণ

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কসে

এত প্রশংসা করেন

—কারণ—

এখানে যাবতীয় ছাপার কার্য্য—

মোটর হেডিং, মেমো, ফরম, খাম, জমিদারী চেক, বিল প্রভৃতিই বলুন,

বিবাহের নিমন্ত্রণ পত্র, কার্ড, বিবাহের পত্রই বলুন,

আর ৩ ফর্ম ও ৪ রংয়ের কাফটোন ব্লকই বলুন, সকল কার্য্যই অতি শীঘ্র ও সুন্দর, অথচ ছাপাইবার খরচ বাজার অপেক্ষা সুলভ।

আপনার কিছু ছাপার কার্য্য থাকিলে নিম্নঠিকানায় জানাইলেই বক্স পাইবেন।

ম্যানেজার—গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

২৪৩।২ নং আপার সারকুলার রোড, কলিকাতা।

[illegible] মঞ্জরী

[illegible] ও বাতব্যাধির, ইন্দ্রিয়দৌর্ব্বল্য হাস, [illegible] অকালবার্দ্ধক্য, অম্বলপিত্ত, মুখ দিয়া [illegible] আসা প্রভৃতি সকল রকম বিশেষ [illegible] হয়। মূল্য, শীঘ্রই, মেলা বৃদ্ধি করিতে [illegible] টনিক। মূল্য ৪০ বটী ১৲ এক টাকা।

"অপুৎসন্তানোৎপত্তি ঔষধ"

[illegible] রোগে ব্যবহারের দ্বারা আরোগ্য [illegible] পরীক্ষিত সত্য। মূল্য ৭ ডোজ ১৲ টাকা।

"স্ত্রীরোগবিনাশিনী বটিকা"

[illegible] ও বৃদ্ধি করিতে [illegible] মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

[illegible] আরোগ্যাশ্রম, কেশবজী

[illegible] ১৭৭নং হারিসন রোড, কলিকাতা।

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস্, এন্, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈজ্ঞানিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

১৮নং বটমলীষ্ট, বড়বাজার, কলিকাতা।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

প্রথম ও দ্বিতীয় খণ্ড

ওঁবিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের এই অমিয় নিঃসরিণী জীবাত্মস্বরূপমোহিনী কৃষ্ণকার্ত্তনলম্পটিনী জীবন্তবাণীর মূর্ত্তবিগ্রহ বৈষ্ণবসিদ্ধান্ত-প্রচারাগার কৌড়মধ্যি—নবদ্বীপ অফিসের ও প্রয়োজনস্থলের ঠিকানায় ভিক্ষা একত্রে ১৸০ আনা মাত্র।

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিং ওং ওয়ার্কস্ হইতে—কৃষ্ণকান্তি ব্রহ্মচারী ভক্তিকুসুম এম, এস, এস, কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ



দৈনিক নদীয়া-প্রকাশ



একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম - মায়াপুর - নদীয়া

ষষ্ঠবর্ষ | ২০ পুরুষোত্তম গৌরাব্দ ৪৯৫, ২১শে আষাঢ় বঙ্গাব্দ ১৩৩৮, ৬ জুলাই ইং ১৯৩১ সোমবার | ১০২তম সংখ্যা

বিষয়-বাসনা

যত দিন যাইতেছে, বিষয়-বাসনা ক্রমে বাড়িয়াই চলিয়াছে। জানিতাম, বয়োবৃদ্ধির সঙ্গে সঙ্গে অভিজ্ঞতা-ক্রমে বিষয়াসক্তি শিথিল হইয়া আসিবে, লোকে তাপে তাপে রাগে বহুবার দুঃখে বিপদে জর্জ্জরিত হইয়া সংসারসাগরে যত কাদাডুবু খাইতে থাকিবে, ততই বিষয়বৈরাগ্য আসিয়া জাঁকিয়া অধিকার করিয়া বসিবে। কিন্তু হায়, তাহা হইল কই? তাপ ত' যথেষ্টই পাইতেছি, দুঃখের আঘাতে দিগ্বিদিগ্‌জ্ঞানশূন্য হইয়া ততক্ষণই যত ছটাছুটী করিতেছি, মায়াপিশাচীর করালগত হইয়া নিরাশার গভীর অন্ধকারে তত বেশী নিমজ্জিত হইয়া কেবল ব্যক্ত যন্ত্রণাই উপভোগ করিতেছি।

দুঃখের কথা কাহাকে বলিব? আমার জনের দরদী হইয়া আমার প্রতি একটুখানি সহানুভূতি-কার্য্যতঃ না হউক—মৌখিক সহানুভূতি প্রকাশ করিয়া হৃদয়ের ভার কথঞ্চিৎ লঘু করিয়া দিবে, এমন কোন জনের চিহ্নও বড় একটা আজ পর্য্যন্ত চোখে পড়িল না। তবু যাহাকে দেখিতে পাই, তাহারই নিকট ছুটিয়া গিয়া হৃদয়ের গুরুভার উন্মুক্ত করিয়া দিতে পাইবার যথাসাধ্য প্রয়াস করি; শেষে মনে হয়, আমার ব্যথার কথাগুলি ঠিকমত বলা হইল না; আর যাহাকে বলিলাম, সেও ভাল বুঝিল না। এমনি করিয়া দিনের পর দিনগুলি আমাকে ব্যঙ্গ করিতে করিতে চলিয়া যাইতেছে, আমার দুরবস্থার কোন প্রতিকার হয় নাই, বরং যে অবস্থায় ছিলাম, তাহা হইতে আরও অধিক দুর্দ্দশায় নিপতিত হইয়াছি। তথাপি আমার বিষয়বাসনা, বিষয় আসক্তি লেশমাত্রও হ্রাস প্রাপ্ত হয় নাই।

কেন?—বিষয় আমাকে এমন কি সুখ বা সুখের আশা প্রদান করে, যাহার জন্য এত দুঃখ-যন্ত্রণার মধ্যেও বিষয়কথা, বিষয়-চিন্তা ত্যাগ করিতে পারিতেছি না? হা—সুখ বোধ হয় কি! ঘন জলদাবৃত অমানিশার গাঢ় অন্ধকারের মধ্যে জ্যোতির্ম্ময়ীর ন্যায় কিম্বা 'হাউসে সৈকতে বারিবিন্দু সম' ক্ষণেকের তরে একটু আলোর আভাস, একটু মরীচিকার রস, একটু প্রতিবিম্বিত সুখের আশা দিয়া যাও বৈ কি! সেই সুখের আশার নেশা আমাকে এমনই পাই। বলিয়াছে যে, এই মায়ারাজ্যের শত শাসন-সহস্র যাতনা—অযুত উপেক্ষা কেমন করিয়া যে সহিয়া চলিয়াছি, তাহা আমি অনেক সময় ঠেরই পাই না।

আমার এই দুরবস্থার কথা খুব গভীর ভাবে চিন্তা করিতে করিতে মনে হয়, আমি যেন ঠিক এই নিরানন্দ রাজ্যের লোক নই, বিশেষ কিছু অন্যায়—বিশেষ কোন অপরাধের ফলে কোন্ অজানা অনাদি কাল হইতে কোন অচিন্ত্য শক্তিমান কর্ত্তৃক এই দুঃখার দুঃখসাগরে নিক্ষিপ্ত হইয়াছি। এই দুঃখসাগরে ডুবিতে ডুবিতে যখন নিতান্তই হাঁপাইয়া উঠি, যখন একান্ত কাতর হইয়া 'ত্রাহি ত্রাহি' বলিয়া চীৎকার করিতে থাকি, তখন কে যেন একটু আলো—একটু আশা—একটু সুখাভাস প্রদান করিয়া কিয়ৎক্ষণ নিশ্বাস ফেলিবার অবসর দেয়। সেই একটু বল লাভ করি, অমনি সুখের মোহে আত্মবিস্মৃত হইয়া পূর্ব্বদুঃখের কথাগুলি প্রায়ই ভুলিয়া যাই। এই সুযোগে আমার ক্ষীণ ইন্দ্রিয়গুলি সবল হইয়া সুপ্রোথিত কৃষ্ণকর্ণের ন্যায় বিশ্বগ্রাসে ক্ষুধা লইয়া সর্ব্বসাধ্য জগৎ ভোগ করিতে প্রস্তুত হয়। দেখিতে দেখিতে এই সুখের দিনগুলি পুনরায় কোন অঘটনঘটনে সহসা অন্তর্হিত হইয়া যায়, আবার পূর্ব্বের মত দুঃখ-মহাসাগরে নিমজ্জিত হই।

এখনও কি অবিশ্বাস করিব—ভগবান নাই? আমার পশ্চাতে সম্মুখে পার্শ্বে ঊর্দ্ধে এক সর্ব্বশক্তিমান দৃষ্টি সর্ব্বক্ষণ নিবদ্ধ আছে। একটু অনুধাবন করিলে যাহা সর্ব্বদাই উপলব্ধি হয়, আজ তাহা কোন সাহসে, কোন যুক্তিবলে অস্বীকার করিব? সুতরাং ভগবান্ যে সত্য সত্যই আছেন এবং তাঁহার সহিত আমার যে একটা বিশেষ রকম ঘনিষ্ঠ সম্বন্ধ আছে, তৎসম্বন্ধে সন্দেহ করিবার হেতু কি আছে? তাই স্বভাবতই প্রশ্ন উদয় হয়, আমি কে? কোথা হইতে আসিয়াছি? এত দুঃখরাশি আমাকে আমার একান্ত অনিচ্ছা সত্ত্বেও ভোগ করিতে হইতেছে কেন? ভগবানের সহিত আমার কি সম্বন্ধ? কল্পনানেত্রে বা মানসনেত্রে তাঁহার অস্তিত্ব উপলব্ধি বা অনুমান ব্যতীত তাঁহাকে এই সকল নেত্রে প্রত্যক্ষ করিতে পারিতেছি না কেন? এই প্রশ্নগুলির সদুত্তর পাইবার জন্য আমার ব্যথিত অন্তর অতিমাত্রায় ব্যাকুল হইয়াছে।

অনেক মঠ মন্দির, আখড়া আশ্রম—অনেক বন জঙ্গল, কুটির গুহা—নানা দেশ, নানাস্থান পরিভ্রমণ করিয়া অবশেষে মহাসৌভাগ্যবলে এক অতিমর্ত্ত্য মহাপুরুষের কৃপায় এই সব প্রশ্নের সদুত্তর পাইয়াছি। এক্ষণে বুঝিতে পারিয়াছি—আমি চরাচর নিখিল বিশ্বের একমাত্র অধীশ্বর সর্ব্বশক্তিমান স্বতন্ত্র স্বেচ্ছাময় স্বরাট্ ভগবান শ্রীকৃষ্ণের নিত্যসেবক দাসানুদাস মাত্র, কোন এক পরম অশুভ মুহূর্ত্তে আমার মনের মোহে কোনে আমার নিত্যপ্রভুর নিত্যানন্দময় সেবাসেঠার পরিবর্ত্তে কৃষ্ণভোগ্য বস্তুতে ভোগবুদ্ধি জন্ম লাভ করিয়াছিল, মঙ্গলময় অন্তর্যামী সেই দুষ্কৃতি তাহা জানিতে পারিয়া আমাকে সুচির কালের জন্য মর্ত্ত্যলোক বৈকুণ্ঠলোকের বিকৃত প্রতিফলন হেয় নশ্বর দুঃখবহুল এই মায়িক প্রপঞ্চে নির্ব্বাসিত করিয়াছেন। তদবধি এই কামনা-বাসনাময় ভোগরাজ্যের অধিবাসী হইয়া ভোগলিপ্সা চরিতার্থ করিবার জন্য মায়ার লাথি খাইয়া ঘুরিয়া বেড়াইতেছি। এই বিশ্ব ব্রহ্মাণ্ড আমার নিত্য বাসভূমি নয়, আমার দুষ্কৃতিসমূহের প্রায়শ্চিত্তের শিক্ষায়তন কারাগৃহ মাত্র। শ্রীকৃষ্ণের ছায়াশক্তিস্বরূপিণী কারাকর্ত্রী ঠাকুরাণী আমার স্বাতন্ত্র্যধর্ম্মে হস্তক্ষেপ না করিয়া আমার মন বুঝিয়া আমার রোগে উপযুক্ত ঔষধ প্রয়োগ করিতেছেন। তাঁহার চিকিৎসাধীনে থাকিয়া আমার ব্যাধির উপশম হইলে—শোকে তাপে জর্জ্জরিত হইয়া 'আর নাবে বাপ' বলিয়া বিষয়-ভোগবাসনার কাথমনোবাক্যে নিবৃত্তি উপস্থিত হইলে কারাকর্ত্রী ঠাকুরাণী প্রসন্না হইয়া মুক্তি প্রদান করিবেন। তখন আমার কৃষ্ণসেবায় পুনরধিকার জন্মিবে। তখন প্রকৃত সুখ, অনাবিল আনন্দের অধিকারী হইতে পারিব।

এমনই একদিন বৈকুণ্ঠের দ্বারপ

বৎসরাধিক অক্ষ-বিজয়ের অন্যতম মহা-
রাবণ তপোবলে বলী হইয়া বৈকুণ্ঠ-
শ্রী সীতাদেবীর প্রতি ভোগবুদ্ধি পোষণ
করিয়াছিল। অন্তর্যামী তাহার সম্মুখে
সীতা উপস্থাপিত করিয়া তাহার
পরাধের প্রায়শ্চিত্তস্বরূপ তাহাকে সবংশে
ন পূর্ব্বক সমুচিত দণ্ডবানলীলা বিস্তার
রিয়া লোকশিক্ষা বিধান করিয়াছিলেন।
ক রাবণের ক্ষুদ্র সংস্করণ আমার ন্যায়
াগপিপাসু জনগণের নয়নসমক্ষে প্রকৃত
ুষ্ঠবস্তুর পরিবর্ত্তে মায়িক জগৎ
াজমান। রাবণ সীতাভোগের দুষ্কর
াঙ্ক্ষা সত্ত্বেও নলকুবরের অভিশাপভয়ে
ন তাহার ভোগপিপাসা চরিতার্থ করিতে
রে ক্ষম হয় নাই, আজ আমিও এই বিশ্ব-
ণ্ডে ভজনীয় ভোগপিপাসা লইয়া মরু-
রীচিকার পশ্চাতে নামমাত্র অভিশপ্তের
ন্য অবস্থাপ্রাপ্ত—ভোগ করিতেও পারি-
ছি না, পিপাসাতেও নিষ্কৃতি হইতেছে
। আমার উপায় কি হইবে? করুণাময়
াগবতপরমহংস বৈষ্ণবগণের কৃপার
রবিন্দর তিন জন্মেই নিষ্কৃতি পাইয়া-
লেন, বৈষ্ণবকৃপালেশহীন নিতান্ত
ামার পক্ষে লক্ষ লক্ষ জন্মেও উদ্ধারের
শা দেখিতেছি না। এখনও কি আমার
াগের ঔষধ, আমার অপরাধের যথো-
ক্ত শাস্তি প্রস্তুত হয় নাই? জানি না,
রও কতদিনে আমার চিত্তের প্রধান
ধি অহং-মমবুদ্ধি অপগত হইয়া যথার্থ
ক্ষসেবাভিমান এবং চলার যাবতীয়
স্তে রুক্ষভোগে বুদ্ধি উদিত হইবে।
নিনা আমার ন্যায় বৈষ্ণবসেবাবিমুখ
াবের ভাগ্যে আরও কতদিনে কৃপা পরা-
র সহেন্দ্র বৈষ্ণব ঠাকুরের নিষ্কপট কৃপা
ন্দিত হইবে?

উল্‌টা বুঝিলি রাম

শাস্ত্র বলিয়াছেন, "ধর্ম্মস্য তত্ত্বং নিহিতং
হায়াং মহাজনো যেন গতঃ স পন্থা"
র্থাৎ ধর্ম্মের তত্ত্ব অতিশয় গুহ্য বস্তু,
তএব মহাজনগণের পথই প্রকৃত পথ।
নধৃক্ত ও ভক্তাভিমানপ্রমত্ত আমরা
অচিরানন্দপ্ত হইয়া শাস্ত্রের যথার্থ মর্ম্মার্থ
পলব্ধি করিতে গিয়া অনেক সময় বিপথ-
স্ত হইয়া থাকি, প্রাকৃত জ্ঞান পরি-
ত্র ও সীমাবিশিষ্ট। বিভিন্নজ্ঞ শাস্ত্রকার
ণের সমাধিলব্ধ জ্ঞানরাশির সহিত
নাথ প্রাকৃত জ্ঞান অতি তুচ্ছ এবং হেয়,
স্তু তথাপি আমাদিগের এমনই দুর্দ্দৈব
, আমরা ঐরূপ প্রাকৃত জ্ঞানের অভিমান
ইয়া অপ্রাকৃত শাস্ত্রের উপদেশগুলিকে
বিনাশ করিবার চেষ্টায় উদ্যতদিগকে নিজ
ভোগোন্নতির উপযোগী করিবার জন্য
অনেক সময় শাস্ত্রবাক্যের দোহাই দিয়া
থাকি। আমাদের ঐরূপ বুদ্ধির দোষে
আমরা শিব গড়িতে বাঁদর গড়িয়া বসি।

সাধু মহাজনগণের সম্বন্ধাভাব বশতঃ
বুঝিবার অবকাশ হয় না যে, সদ্‌গুরু-
পাদপদ্মে প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবাবৃত্তি-
সহ প্রশ্ন হইয়া সেবোন্মুখ না হওয়া পর্য্যন্ত
শাস্ত্রতাৎপর্য্যের গুহ্য তত্ত্বগুলি জীবের হৃদয়ে
ভুগিয়া মৃতপ্রায় হইয়াছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাহার
জীবনের আশা ত্যাগ করিয়া শেষ মুহূর্ত্তের জন্য অপেক্ষা করিতেছিলেন
এই সময় শ্রীযুত কিশোরীলাল উকিল মহাশয় মাত্র ১০ দিন চিকিৎসা
করিয়া সম্পূর্ণ আরোগ্য করিয়া দিয়াছেন। (সাঃ) শ্রীযতীন্দ্র কিশোর
রায় চৌধুরী (জমিদার শালিয়া) ৩নং ষ্ট্রীট, নিউ বিল্ডিং। কর্ণওয়ালিস
ষ্টেটিং ডিপা টমেন্ট, কলিকাতা।

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ভাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার—গ্রন্থনির্ভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেন গ্রাহকগণ

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কসে

এত প্রশংসা করেন

—কারণ—

এখানে যাবতীয় ছাপার কার্য্য—

লেটার হেডিং, মেমো, ফরম, খাম, অফিসারী চেক, বিল প্রভৃতিই বলুন,
বিবাহের নিমন্ত্রণ পত্র, কার্ড, বিবাহের পত্রই বলুন,
আর ৩ রং ও ৪ রংয়ের লাফটোন ব্লকই বলুন, সকল ছাপাই অতি শীঘ্র ও
হয়, অথচ ছাপাইবার খরচ বাজার অপেক্ষা সুলভ।

আপনার কিছু ছাপার কার্য্য থাকিলে নিম্নঠিকানায় আমাইলেই হয় পাইবেন।

ম্যানেজার—গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

২৫৩।২ নং আপার সারকুলার রোড, কলিকাতা।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

প্রথম ও দ্বিতীয় খণ্ড

ওঁবিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের সেই অমিয়
বিমণ্ডিনী ভাগবতধর্ম্মপ্রচারিণী কৃষ্ণকথা-নিস্যন্দিনী শ্রীমদ্ভগবদ্গীতার মূলতাৎপর্য্য
বৈকবসিদ্ধান্ত মহাবাণীর কৌড় ভবনি—সকল অভিনয়ের ও প্রয়োজনমতের নিত্যসাধ্য

ভিক্ষা এখনে ১৲ আনা মাত্র।

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে—কৃষ্ণকান্তি ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী এম্, এস্, এস্, কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

শ্রী শ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ



ষষ্ঠবর্ষ ২৪ পুরুষোত্তম গৌরাব্দ ৪৪২, ২৫শে আষাঢ় বঙ্গাব্দ ১৩৩৮, ১০ জুলাই ইং ১৯৩১ শুক্রবার ১০৯তম সংখ্যা

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউটে বক্তৃতা

বিষয়—স্বাস্থ্য ও অর্থ

গত ১৯শে আষাঢ় ৪ঠা জুলাই শনিবার পরাহ্ণ ২ ঘটিকায় শ্রীধাম মায়াপুর ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট উচ্চ ইংরেজি স্কুলগৃহে ত্রিদণ্ডিভিক্ষু শ্রীভক্তিসুন্দর শ্রৌতী শ্রীগুরুগৌরাঙ্গ-বদ্ধনানন্তর শ্রীগুরুপাদপদ্ম শ্রীমদ্‌ভক্তিবিনোদ ঠাকুরের পাদপদ্মের 'স্বাস্থ্য ও অর্থ' বিষয়ে যে শ্রৌতবাণী কীর্ত্তন করিয়াছিলেন, তাহা নিম্নে প্রকাশিত হইল,—

অদ্যকার সভায় আলোচ্য বিষয় সম্বন্ধে কিছু বলিবার যোগ্যতা আমার নাই। তবে ত্রিদণ্ডিগোস্বামী শ্রীমদ্‌ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ এবং বিশ্ববৈষ্ণবরাজসভার পার্ষদবর শ্রীপাদ ভক্তিসারঙ্গ গোস্বামী মহারাজ প্রভৃতি গুরুবর্গের আদেশ মস্তকে ধারণ ক'রে, শ্রীগুরুপাদপদ্মকৃপা সম্বল নিয়ে কিছু বলবার চেষ্টা করব।

'স্বাস্থ্য ও অর্থ'সম্বন্ধে আমার পূর্ব্ববর্ত্তী বক্তৃগণ যা ব'ল্‌লেন, জাগতিক বিচারে খুবই ঠিক অর্থাৎ জগতে থাকতে হ'লে স্বাস্থ্য ও অর্থ দুয়েরই আবশ্যকতা আছে। জাগতিক প্রয়োজনীয়তার সঙ্গে সঙ্গে ঐ দুটী বিষয়ের দ্বারা যে আরও কিছু অধিক প্রয়োজন সম্পাদিত হতে পারে, সেই সম্বন্ধেই আমি কিছু বলতে ইচ্ছা করি।

প্রথমতঃ স্বাস্থ্য-সম্বন্ধে প্রকৃত অর্থ কি, তাই জানা দরকার। 'স্বাস্থ্য' কথাটী শুনেই আমরা মনে করি যে, দেহের স্বাস্থ্য অর্থাৎ বেশ সবল-সুস্থভাবে জীবিত থাকা। কিন্তু বাস্তবিক ক'রে আমরা কি দৈহিক স্বাস্থ্য লাভ ক'রে নিত্যকাল বেঁচে থাকতে পারি অথবা যতদিন বাঁচব, ততদিন বেশ সুস্থভাবে অবস্থান করতে পারি? তা পারি না, কারণ "শরীরং ব্যাধিমন্দিরম্" এ শরীরটী ব্যাধির আগার। আমাদের বর্ত্তমান ফলে মায়াদেবীর প্রদত্ত ত্রিতাপ যন্ত্রণার অন্যতম আধ্যাত্মিক তাপ আমরা ভোগ করতে বাধ্য অর্থাৎ যতদিন বাঁচব, আধ্যাত্মিক তাপের যন্ত্রণা দৈহিক রোগ ও মানসিক শোকাদি রোগ না ক'রে পারব না। তা ছাড়া এ দেহ নিত্য এক ভাবে থাকে না। শাস্ত্রমতে দেহের স্বভাবে ছয়টী অবস্থা বর্ত্তমান—"জায়তে, অস্তি, বর্দ্ধতে, পরিণমতে, অপক্ষীয়তে, নশ্যতীতি ষড়্‌ভাব বিকারঃ" অর্থাৎ—দেহের জন্ম হয়, জন্মের সঙ্গে সঙ্গে বুদ্বুদের ন্যায় বিনাশ প্রাপ্ত হয় না, কিন্তু জগতে কিছুকাল এর অস্তিত্ব থাকে, আবার ইহা এক ভাবে অবস্থান করে না, ক্রমে ক্রমে বৃদ্ধি এবং একটী একটী পরিণামপ্রাপ্ত হয় অর্থাৎ শিশু থেকে বালক, কৈশোর, যৌবন, প্রৌঢ়, বার্দ্ধক্য প্রভৃতিতে পরিণতি লাভ করে। তৎপরে 'অপক্ষয়', যেমন ক্রমভাবে বর্দ্ধিত হ'য়েছিল, সেইরূপ ভাবেই শক্তি প্রভৃতির হ্রাস হতে থাকে, পরিশেষে বিনাশ প্রাপ্ত হয়, তখন হাজার হাজার চিকিৎসক এসে, লক্ষ লক্ষ টাকা ব্যয় ক'রে, এমন কি দুনিয়ার যাবতীয় ঐশ্বর্য্যের বিনিময়েও এদেহের স্বাস্থ্যরক্ষা করতে সমর্থ হয় না। সেই জন্য 'স্বাস্থ্য' কথাটী দেহের জন্য প্রয়োগ করা যায় না। তবে তাহার একটী গূঢ় অর্থ আছে, আমরা যে বিষয়ের অনুসন্ধান করি না। বড় বড় পণ্ডিতও স্বাস্থ্যের কাঙ্গাল, কিন্তু 'স্বাস্থ্য'-শব্দের বুৎপত্তিগত অর্থ টা তলিয়ে বুঝবার চেষ্টা করেন না। স্বস্থ + স্বার্থে ষ্ণ্য ক'রে স্বাস্থ্য-পদ নিষ্পন্ন হয়েছে। স্বস্থের ভাবকে 'স্বাস্থ্য' বলে। 'স্ব' অর্থাৎ আত্মা, স্থ অর্থাৎ অবস্থিতি। আত্মার স্থিত হতে পারলেই স্বাস্থ্য লাভ করা যায়। যাঁহারা আত্মজ্ঞ, আত্মারাম, তাঁহারাই স্বাস্থ্যবান্।

দ্বিতীয়তঃ, 'অর্থ' শব্দে কি বুঝায়? আমরা অর্থ বললেই 'টাকা' বুঝি, কিন্তু শাস্ত্রে ব'লেছেন—

সর্ব্বরত্নাকরা ভূমি ধান্যাদি পশবস্ত্রিয়ঃ।
অর্থস্য কার্য্যযোগিত্বাৎ অর্থইত্যভিধীয়তে॥

সর্ব্বরত্নাকরা ভূমি, ধান্য, (গৃহপালিত) পশু স্ত্রী (পুত্রাদি আত্মীয়স্বজন) প্রভৃতিও অর্থের কার্য্যযোগী ব'লে এ সমস্তকেই অর্থ বা প্রয়োজনীয় বস্তু বলে। যে বস্তু আমাদের স্বার্থসিদ্ধির সহায়ক, তাহাই অর্থ। জাগতিক বিচারে অর্থের যথেষ্ট প্রয়োজন আছে, সংসারী লোকের নানাপ্রকার ব্যয়নির্ব্বাহের জন্য বহু অর্থের দরকার। তজ্জন্য অনেক ক্লেশও স্বীকার করতে হয়। কিন্তু অর্থের প্রকৃত সদ্ব্যবহার তাতে হয় না। টাকা-কড়ি খরচ ক'রে ঘেরে ঘেরে যদি মরেই গেলাম, তবে আর তাতে অর্থের কি সার্থকতা হল?

অর্থ দুইপ্রকার—এক জাগতিক অর্থ, আর এক পরমার্থ। জাগতিক বা লৌকিক অর্থ—অনিত্য, তা থাকে না, বহু ক্লেশ স্বীকার ক'রে প্রাণঢালা পরিশ্রমের ফলে যে অর্থ সংগ্রহ করলাম, তা একমুহূর্ত্তে চোর-ডাকাতে নিয়ে যেতে পারে, আগুনে পুড়ে ছাই হয়ে যেতে পারে কিম্বা অকস্মাৎ ভূমিকম্প হয়ে অর্থ নিয় আধার সহ পৃথিবীর অতল গর্ভে প্রবেশ করতে পারে। কিন্তু পরমার্থ কেউ কেড়ে নিতে পারে না। তাহা নিত্য, তা একটুকু সঞ্চয় করতে পারলেও অনন্তকাল ধরে তা অক্ষয়, অব্যয়ভাবে অবস্থান করে কিছুতেই নষ্ট হয় না। কারণ স্বয়ং শ্রীহরি এর রক্ষক। জাগতিক অর্থ খরচ করলে ফুরিয়ে যায়, আর পরমার্থ যতই খরচ করুন না কেন, ক্রমেই বৃদ্ধি পেয়ে থাকে।

জাগতিক অর্থে পঞ্চদশ প্রকার অর্থ আছে। ত্রিদণ্ডিভিক্ষুর চরিত্র আলোচনা করলে আমরা এবিষয়ে যথেষ্ট জ্ঞান লাভ করিতে পারি।

পূর্ব্বকালে অবন্তীনগরীতে একজন ধনাঢ্য ব্রাহ্মণ ছিলেন, তিনি বাণিজ্যাদি দ্বারা কিছু ধন সঞ্চয় করেছিলেন, কিন্তু জ্ঞাতি বা অতিথিগণের অর্থের দ্বারা কোন রূপ সেবা করা দূরের কথা, মিষ্টবাক্যে তাদের সৎকার করতেন না। এজন্য তাঁর গৃহে কেউ যাতায়াত করত না। তিনি একাই স্বর্ণের ন্যায় ধন আগলে বসে থাকতেন। এই রকমে বর্ণাশ্রমবিহীন সেই ব্রাহ্মণের কৃপণতার জন্য পঞ্চযজ্ঞাদি দেবতারা পর্য্যন্ত ক্রুদ্ধ হয়ে উঠেছিলেন। কর্ত্তব্য কর্ম্মে অনাদর করায় পুণ্যরাশি সেই ব্রাহ্মণের অর্থ সকলও নষ্ট হয়ে গেল। কতক জ্ঞাতিগণ, কিছু দস্যুতস্করাদিতে কিছু অগ্নিদাহে, কিছু অন্য লোকে কতকটা রাজা গ্রহণ করায় তিনি একেবারে নিঃস্ব হয়ে পড়লেন। তখন সেই

ধনহীন ব্রাহ্মণের পরম দুঃখ ও নৈরাশ্যফলে নির্বেদে উপস্থিত হওয়ায় তিনি বলতে লাগলেন,—আমি এতদিন যথার্থকামাদি কোন কিছুই সাধন না ক'রে বৃথা অর্থের জন্য প্রয়াস করলাম। কিন্তু ধনে সুখ পেলাম না। কৃপণ লোকের ধনসম্পত্তি প্রায়ই সুখের নিমিত্ত হয় না, তাদের ইহলোকে প্রায় অনুতাপ এবং পরলোকে নরক লাভ হ'য়ে থাকে। যেমন সামান্য মাত্র দুষ্ট পরম উপবাসেরও ফল নষ্ট ক'রে ফেলে, তেমনি ধনলোভে যদুষ্টিদোষেরও বল এবং স্বজনদের সুখ বিনষ্ট হয়ে যায়। অর্থ সর্বদাই কষ্টদায়ক, তার সাধন ও বর্দ্ধনে আয়াস, রক্ষণে চিন্তা, ব্যয় ও উপভোগে ত্রাস এবং আগে ভ্রম হ'য়ে থাকে। আর চৌর্য্য, হিংসা, মিথ্যা, দম্ভ, কাম, ক্রোধ, বিস্ময়, মত্ততা, ভেদ, শত্রুতা, অবিশ্বাস, স্পর্দ্ধা, স্ত্রী, দ্যূত ও মদ এই পঞ্চদশ প্রকার অনর্থ অর্থের মধ্যে আছে, সুতরাং শ্রেয়স্কামী ব্যক্তি দূর হ'তে এই অনর্থরূপ অর্থকে পরিত্যাগ করবেন। ধনের জন্য ভ্রাতৃভেদ হয়। স্ত্রী, পুত্র, পিতা, বান্ধব সকলের সঙ্গেই অপ্রীতি হয় এবং অতিপ্রিয় লোকও শত্রু হয়ে উঠে। ধন থাকতে যে ব্যক্তি দেবতা, ঋষি, পিতৃ, ভূত, জ্ঞাতি, বন্ধু এবং আত্মাকে বিভাগ ক'রে না দিয়ে রক্ষিত অবলম্বন করে, সে অধঃপতিত হয়। এতকাল ব্যর্থ অর্থচিন্তার প্রমত্ত হ'য়ে আমার অর্থ, বয়স, সবই গেল, এখন বৃদ্ধকালে আমি কি করি? বিদ্বান্ ব্যক্তিও অর্থের চিন্তায় নানা ক্লেশ ভোগ করে। অতএব যে ভগবান্ভক্তঃ সকলেরমনো হরিঃ। নীতো দশামেতাং নিষেদপ্তায়নো প্রবঃ॥ যাঁর বিশ্বাস আছে সর্বদেবময় শ্রীহরি আমার প্রতি সন্তুষ্ট হয়েছেন, যেহেতু আমার প্রশ্নের উত্তরণের উপায়স্বরূপ এই নির্বেদ উপস্থিত হ'য়েছে, এটী শ্রীভগবৎকৃপা ব্যতীত আর কিছুই নয়।

এইরূপে ঐ ব্রাহ্মণ অনর্থকর অর্থের পরিণাম দর্শন ক'রে তা মনোবাক্যে ভগবৎসাধনপরমসেবায় আত্মনিয়োগ করেছিলেন। (ক্রমশঃ)

ব্রহ্মলোকের পথে

আত্মবের দেব

(৩)

ঋষিকুলগণ নিখিল বিষয়সমূহের ধারণা বিষয়ের শ্রীকৃষ্ণের অন্তর্নিহিত জ্ঞানে নাই তাঁহারা জীবন্মুক্ত। ব্রহ্মসূত্রের ভাষ্য শ্রীশ্রীমন্মধ্বাচার্য উত্তম শ্লোকের ব্যাখ্যা কীর্তনপ্রসঙ্গে করিতেছেন,—"ঈহা যস্যেহা জনস্য মনসা গিরা। জীবন্মুক্তাঃ স উচ্যতে॥" সম্বন্ধে নিষ্কলুষ শুদ্ধকৃষ্ণদাস ব্যতীত কেহই কনকাদি বিষয়ের যথার্থ সদ্ব্যবহার জানেন না। ৫ই জন্যই গৌরপার্ষদশ্রেষ্ঠ ঔদন ভগবোত্থায়ী প্রভু "প্রাপঞ্চিকতয়া বুদ্ধ্যা হরিসম্বন্ধিবস্তুনঃ। মুমুক্ষুভি পরিত্যাগো বৈরাগ্যং ফল্গু কথ্যতে॥" —এই শ্লোকের অবতারণা দ্বারা ফল্গুত্যাগ চেষ্টার নিরর্থকতা ব্যক্ত করিয়াছেন। অহৈতুক দয়াময় গোস্বামিবরের সিদ্ধান্তমর্ম আরও সুবিস্তৃত করিয়া জাত জগদ্বাসীর হিতসাধনকল্পে ভক্তপ্রাণ চিত্ত ভগবাচার্য শ্রীশ্রীল প্রাণকৃষ্ণ অতি সহজ ভাষায় অপ্রাকৃত সুরে গাহিলেন,—"শ্রীহরিসেবায় যাহা অনুকূল। 'বিষয়' বলিয়া ত্যাগে হয় ভুল॥" শ্রীহরিসেবার আনুকূল্যকারী বিষয়সমূহ প্রাপঞ্চিকবোধে বর্জন করা যে অজ্ঞানের ভ্রান্তি উৎপাদন করিয়াও জড়প্রতিষ্ঠা সংগ্রহেরই কুবাসনা, তাহা শ্রীল আচার্যদেবের পাদপদ্মপরাগলব্ধ ভাগ্যবান্ জন ভিন্ন কোথী বা তাহাকে বুঝিতে পারে না। "তোমার জনক, তোমার জনক, জনকের দ্বারে সেবহ মাধব। আসক্তি রহিত, সম্বন্ধ সহিত, বিষয়সমূহ সকলই মাধব॥" প্রাকৃত মনোধর্মীসঙ্ঘের প্রচারিত অসত্যের তমিস্রাবৃত ধ্বনিকা ভেদ করিয়া উপরিউক্ত পরম বাস্তব সনাতন বাণী-সূর্য্যের অমল আভা ভূলোকে গোলোকের সম্পৎশোভা বিতরণ করিতেছে। মহাবদান্য গৌরপ্রেষ্ঠ আচার্যবরের করুণাবিগলিত এই শ্রীমুখবাণী, ভুক্তি মুক্তি-পিশাচীর মনোহর রূপমুগ্ধ জীবসমূহকে মায়াগর্ত্ত হইতে উদ্ধার করিয়া পরম সেব্য অপ্রাকৃত কাম প্রেমের কামতর্পণ-চেষ্টায় নিযুক্ত করিতেছে। নিখিল জগতের সারভূত বস্তু যাহা নিরন্তর করিলেও করাই যে শুদ্ধজীবস্বরূপের একমাত্র কৃত্য, তাহাই যে অর্থবাদের পরমার্থ সেবন, এই অলৌকিক রহস্যধারা প্রোজ্ঝিতকৈতব ভাগবতসঙ্ঘের সুদৃঢ়তম আচারবান প্রচারক আচার্যদেব ভিন্ন কে জানাইতে পারিত? অনর্থের মূলক-বিপণি অর্থ যে ভোগের চরম লক্ষ্য ভোগবতী স্বর্গ বা মোক্ষের বিপুল প্রলোভন ত্যাগ করিয়া আত্মারাম মুনিগণেরও অসাধ্য কৃষ্ণপাদপদ্মসেবা-সৌভাগ্যে সুরক্ষিত পরমার্থের অকূলসম্ভারে সুশোভিত হইতে পারে, ইহা যিনি বাস্তব দৃষ্টান্তের দ্বারা মুক্ত কণ্ঠে কীর্তন করিতেছেন, সেই পরমোদার মহাপুরুষের অপূর্ব করুণালোক আমাদের অন্ধকার চিত্তগুহাকে উদ্ভাসিত করুন। তাঁহার পারমহংস্যসুধাসিক্ত শ্রীচরণের শ্রীচরণেই আমরা কনকের ব্যবহার সম্বন্ধে শিক্ষা পাইতে পারিব, কপটের অক্ষয় নহে

কলিযুগে ধ্যান অসম্ভব

(শ্রীপাদ কিশোরীমোহন ভক্তিশাস্ত্রী বি,এল)

আমাদের অনেকেরই ধারণা—ধ্যানই শ্রেষ্ঠ সাধন; কারণ উহাতেই প্রকৃত ফল লাভ হইয়া থাকে, প্রাণারামের দ্বারা বায়ুবারি বাধাই চিত্ত স্থির হইয়া থাকে। আমাদের চিত্তবৃত্তি যতই চঞ্চল চিত্তবৃত্তিকে নিরোধ করা বা স্থির করা যতই দুষ্কর। আমাদের বিশ্বাস, বায়ুর দ্বার চঞ্চল চিত্তবৃত্তিকে দমন করিতে হইলে নির্জনে ধ্যান দ্বারাই বিক্ষিপ্ত চিত্তকে প্রত্যাহৃত করা ব্যতীত অন্য উপায় নাই। অতএব ধ্যানই শ্রেষ্ঠ সাধন। বর্ত্তমান কাল—কলি অর্থাৎ বিবাদ বা তর্কের যুগ। এখন শ্রৌতপথের পরিবর্ত্তে তর্কপথেরই অধিক আদর। তাই প্রত্যেক কথাতেই আমরা যুক্তিতর্কের আবাহন করিয়া থাকি। কলিযুগে ধ্যান অসম্ভব' এই কথাটী সহজে আমরা গলাধঃকরণ করিতে প্রস্তুত হই না, যুক্তি-তর্কের দ্বারা ইহার মীমাংসার আবাহন করিতে থাকি

শাস্ত্রকার কিন্তু বলিতেছেন যে, কলিকালে ধ্যানের পথ রুদ্ধ হইয়াছে। লোকের চিত্তবৃত্তি সদাই বিক্ষিপ্ত সুতরাং এখন বিষ্ণুর ধ্যান করিতে গিয়া ইন্দ্রিয়তর্পণপর বিষয়ে আমরা অজ্ঞাতসারে ধ্যানের প্রারম্ভে বিষয়ই আমাদের ধ্যানের গোচরীভূত বস্তু হইয়া পড়ে। কাজেই অযোক্ষজ ধ্যানের সম্ভাবনা অতি অল্প। ধ্যানপ্রণালী আরম্ভ করিবার পূর্বেই আমাদের বিচার করা আবশ্যক যে, কে ধ্যান করিতেছেন, কাহার ধ্যান করিতেছেন এবং সেই ধ্যানই বা কি? আমরা মনোধর্মী জীব, মনোধর্মই আমাদের প্রবল। আমাদের মন যখন বিষয়কার্য্যে পরিশ্রান্ত হইয়া পড়ে, তখন তাহাকে সাময়িক বিশ্রাম দিবার যে চেষ্টা বা আত্মেন্দ্রিয়প্রীতিবাঞ্ছা, তাহাই মনোধর্মী সম্প্রদায়ের 'ধ্যান' বলিয়া কথিত। যেখানে বাঞ্ছা ও ভোগের নিবৃত্তি নাই, সেখানে ধ্যানটীও অনিত্য উপাস্যবিশেষ, উহা নিত্য উপেয় নহে। ঐরূপ সাময়িক নশ্বর ধ্যানদ্বারা কোন লাভ হয় না।

ধ্যানধারণাদি দ্বারা চিত্তের পরিশ্রান্ত ভাবের ক্ষণিক লাঘব ঘটিলেও তদ্মুহূর্ত্তেই চঞ্চলস্বভাব মন ধ্যানীকে নানাপ্রকার বিষয়সাগরে মগ্ন করায়। ভোগ বস্তুর স্থিরতা রাখিতে না দিয়া ধ্যান প্রতিমুহূর্তে নূতন নূতন ভোগ বস্তু গ্রহণ করে ও পুরাতন ভোগ বস্তুকে ভাসিয়া যায়। ধ্যানী নিজের মনের উপর আধিপত্য বিস্তার করিতে না পারায় সে জানিতে পারে না যে, কখন মনের পাল্লায় পড়িয়া সে কোথায় চলিয়া গিয়াছে। মনকে বশীভূত করিতে গিয়া, মনের প্রভু সাজিতে গিয়া, ধ্যানী মনের বশ বা দাস হইয়া পড়ে। বিষয়ের ধ্যানকেই সে 'ধ্যান' বলিয়া মনে করে এবং বিষয়গুলিই তাহার ভোগ—এইরূপ আত্মবঞ্চনামূলক একটিও আশিয়া উপস্থিত হয়। ধ্যানধারণাদি আয়োদ্যমের চেষ্টায় পরমার্থ দুর্লভ, তাহাতে অমূল্যজীবনের অতি মূল্যবান্ সময় নষ্ট, ফল লাভ। যে ধ্যানে ধ্যাতা ও ধ্যেয়ের বিভাগ নাই, সেইরূপ শুদ্ধ চিন্ময় তত্ত্বসাগর কখনও আমাদের হইতে পারে না।

ধ্যানের দ্বারা বাহ্যিক ভোগ বা প্রাকৃত ভোগ হইলেও অন্তরের ভোগ অর্থাৎ হৃদনিহিত বাসনা দূর হয় না। আয়োদ্যমী ধ্যানী অজিত ভগবানকে ধীর হৃদয় পুরুষকার দ্বারা জয় করিবার বৃথা চেষ্টা দেখাইয়া ভগবচ্চরণে অপরাধী এবং ঘাসপুত্র হইয়া পড়েন। অনধিকার-প্রাপ্তির বাসনায় নিজ চেষ্টায় ভগবানকে দর্শন করিতে সমর্থ হন না। অন্তর্যামী রূপিতে নিজ চেষ্টায় সূর্য্যদর্শন করিবার চেষ্টার ন্যায় ভগবানকে দর্শন করিবার ঐরূপ চেষ্টা একবারে নিষ্ফল হইয়া থাকে। তাঁহার কৃপারশ্মিতে পুনঃ পুনঃ আঘাত করিয়া তণ্ডুল পাইবার আশায় বৃথা ক্লেশ স্বীকার করেন মাত্র। কলিযুগে হরিকীর্ত্তন যেমন একমাত্র উপায় এবং উপেয় উভয়ই, ধ্যান কিন্তু সেরূপ নহে। ধ্যান অধিকারী ও অনধিকারী বিচার করে, তাই ধ্যান সকল অবস্থার সকলের পক্ষে সম্ভব হয় না।

ধ্যেয় বস্তু বাস্তববস্তু হওয়া আবশ্যক, ধ্যানের বাস্তব নিত্যসত্ত্বা থাকা আবশ্যক এবং ধ্যানক্রিয়াও নিরবচ্ছিন্ন তৈলধারার ন্যায় অপ্রতিহতভাবে বিশিষ্ট হওয়া আবশ্যক। নতুবা প্রকৃত ধ্যান হয় না। বর্ত্তমানকালে বিক্ষিপ্ত চিত্তবৃত্তিতে কলিকলুষপূর্ণ হৃদয়ে ধ্যেয় বস্তু সর্বদা বিভিন্নরূপ পরিবর্তন করিতেছে। যে সকল বিষয় আমরা অক্ষেত্রিয় দ্বারা দেখি, তাহাই আমরা ধ্যান করি। আমাদের অক্ষেত্রিয় গ্রাহ্য বিষয়গুলিই আমাদের ধ্যেয় বস্তু হয়, নিত্য বাস্তব অধোক্ষজ বস্তু আমাদের ধ্যানের গোচরীভূত হন না। সত্যযুগে যাজ্ঞবল্ক্যাদি ধ্যানের গোচরীভূত হইতেন, কিন্তু বর্ত্তমান বিবাদযুগে সত্য অনেকটা তিরোহিত হইয়াছে, সুতরাং সত্যের সাধনপ্রণালী কলিযুগের বিক্ষিপ্তচিত্তের পক্ষে কর্ত্তব্যকরী হয় না; বিক্ষিপ্ত মনের দ্বারা প্রাকৃত ধ্যেয় বস্তুর ধ্যান হইয়া যায়। আমরা কর্ম্মমার্গের পথিকসূত্রে যে সকল বিষয় ধ্যান করি, তাহা ধ্যান করিলে আমাদের কর্ম্মপ্রবৃত্তিই বাড়িয়া যাইবে। কলিযুগে আমাদের ধ্যেয়বস্তুর নিত্যত্ব, নিরবচ্ছিন্ন অবিক্ষিপ্ত চিত্তের অত্যাবশ্যকতা ধ্যান দিবার বন্দোবস্ত নাই। তজ্জন্যই শ্রীমন্মধ্বাচার্য বলেন,—

হরেঃ স্মরণমেবাস্য বিষ্ণোর্নৈবেদ্যভোজনম্।
যাত্রায়াং পদিকত্বঞ্চ কলৌ ধর্মাঃ প্রকীর্তিতাঃ॥

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীমদ্ভাগবতম্ কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস-প্রণীত মূল, শ্রীমদ্ বলদেব বিদ্যাভূষণ-কৃত ভাষ্যপত্র-নির্ণয়টীকা; শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-কৃত সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, সংস্কৃত অন্বয় ও ক্রমভঙ্গ, তথ্য ও বিবৃত্যাদিযুক্ত। প্রতি স্কন্ধের আদিতে সেই স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ অধ্যায়ের সারমর্ম সুবিস্তৃত তাৎপর্য্যাদি বিবৃত। শ্লোকসূচী, বিষয়সূচী, অধ্যায়বিবরণ, পাত্র ও স্থানসূচীসহ উত্তম কাগজে উত্তম অক্ষরে মুদ্রিত। প্রথম হইতে ১০ম স্কন্ধ ছাপা সম্পূর্ণরূপে শেষ হইয়াছে। ভিক্ষা প্রথম হইতে ৯ম স্কন্ধ পর্য্যন্ত ২১৸০; দশম স্কন্ধ ১২৲; একত্র ৪৩৲।

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীযুক্ত নোদোঠাকুর-রচিত 'অমৃতপ্রবাহভাষ্য' ও শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত অনুভাষ্য প্রভৃতি-সম্বলিত হইয়া শাস্ত্রপ্রমাণ-সম্বলিত হইয়া প্রকাশিত হইয়াছেন। শ্লোকের সান্বয়ব্যাখ্যা, বঙ্গানুবাদও ত্যক্ত পয়ারের পূর্ণে সংক্ষিপ্ত অভিধেয় সংযোজিত। ত্যক্ত অধ্যায়-প্রারম্ভে কথাসার দেওয়া আছে। শ্লোক, ধাতু, পদ, স্থান, পাত্র প্রভৃতির সুবৃহৎ সূচী ও গ্রন্থকারের বিস্তৃত জীবনী-সম্বলিত এইরূপ অদ্ভুতপূর্ব্ব সংস্করণ ইতঃপূর্ব্বে কখনও প্রকাশিত হয় নাই। উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত বৃহৎ বৃহৎ অক্ষরে মুদ্রাংশ মুদ্রিত হইয়াছে। গ্রন্থ প্রায় ৯০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা বর্ত্তমানে ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত টীকার ভাষ্য, শব্দসূচী, পয়ারসূচী, বিষয়-স্থান-পাত্রাধি-সূচী, প্রভৃতি বিবিধ বিষয়-সম্বলিত বিরাট দ্বিতীয় সংস্করণ ডবল ক্রাউন ৮ পেজী আকারে। আদিলীলা ও মধ্যের কিয়দংশ প্রকাশিত হইয়াছেন। ক্রমে ক্রমে প্রকাশিত হইবেন। অগ্রিম ভিক্ষা ৫৲ টাকা, আদি লীলার মূল্য ৭৲।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের এরূপ অভিনব সুন্দর সংস্করণ আর কখনও প্রকাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকাংশের অন্বয়, বঙ্গানুবাদ, টীকা, ভাষ্য, তথ্য প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছে। মূল শ্লোক বড় অক্ষরে ডবল ক্রাউন আটপেজী আকারে ছাপা হইয়াছে। মূল্য ২৷০ টাকা। নদীয়া প্রকাশ ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১৷০ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

—শ্রীগৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিঠাকুর গোস্বামিকৃত সারার্থবর্ষিণী টীকানুসারে ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'রসিক-রঞ্জন' নামক ভাষ্যানুযায়িনী অন্বয়সূচী, মাতৃকাক্রমে শ্লোক-সূচী, বিষয়-সূচী, গ্রন্থকারের জীবনী ও অবতরণিকাদি সম্বন্ধবিষয়-সহ উৎকৃষ্ট বাঁধাই তৃতীয় সংস্করণ—এই গ্রন্থের ভিক্ষা ২৲ টাকা মাত্র, সাধারণ সংস্করণ—১৷০ মাত্র

প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের সেই অবিদ্যা-বিধ্বংসিনী জীবাত্মস্বরূপোদ্বোধিনী কৃষ্ণ-কার্ষ্ণ্যানন্দদায়িনী জীবন্ত-বাণীর মূর্ত্ত-বিগ্রহ—বৈষ্ণবসিদ্ধান্ত-রত্নমালার কৌস্তুভমণি—সম্প্রদায় বৈষ্ণবসিদ্ধান্তাগারের মৌলিক তথ্য—পঞ্চরাত্র ও ভাগবতের সমন্বয়-গুরু—মহাজন-জীবনচরিত-শিক্ষক—চিদ্বিলাসচিন্মাত্র-অচিন্মাত্র-বিচারক— ঐশ্বর্য্য ও মাধুর্য্যরসের মৌলিক গবেষণায় —সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন-তত্ত্বের সিদ্ধান্ত-সমুদ্র।

১। **প্রথম খণ্ড**—বৈষ্ণবদর্শন, শ্রীগুরুতত্ত্ব, কাল-ধর্ম্ম, শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব, শ্রীবার্ষভানবী, পাঞ্চরাত্রিকী দীক্ষা ও তার বিচার, আত্মধর্ম্ম ও মনোধর্ম্ম, শ্রীচৈতন্যদেব ও তাঁহার শিক্ষা, অপ্রাকৃত সহজধর্ম্ম ও প্রাকৃত সহজধর্ম্ম, প্রভৃতি বিংশতি সংখ্যক রত্নে সুশোভিত। ভিক্ষা মাত্র ৸০ বার আনা।

২। **দ্বিতীয় খণ্ড**—শ্রদ্ধা ও বিদ্বা ভক্তি, মনুষ্যের শ্রেষ্ঠতা কোথায়, আত্মার নিত্যবৃত্তি, শ্রীগুরু স্বামিপাদ ও মায়াবাদ, শ্রীগৌর-নিত্যানন্দপ্রসঙ্গ, জিনুপের ধর্ম্ম ও কৃষ্ণ-কীর্ত্তন, শ্রীব্যাসপূজায় শ্রীমন্মহাপ্রভুর কীর্ত্তন, শ্রীগৌর-ধামের মহিমা, মহাপ্রসাদ, শ্রীগোবিন্দ, শ্রীরূপানুগভজন-পথ, শ্রীমতী বৃষভানুনন্দিনী, শ্রীচৈতন্যের দয়া, গৌরকৃপা ও কৃষ্ণসঙ্কীর্ত্তন—চতুর্দ্দশ অপূর্ব্ব মধুরিমাপূর্ণ-বক্তৃতা-বিভূষিত। ভিক্ষা ১৲ এক টাকা মাত্র।

প্রথম ও দ্বিতীয়—দুই খণ্ড একত্রে লইলে ভিক্ষা ১৷০ দেড় টাকা, ডাক খরচ স্বতন্ত্র।

শ্রীমদ্ভগবদ্গীতা

গৌড়ীয়-বৈষ্ণবদার্শনিক-শেখর শ্রীশ্রীমদ্বলদেব বিদ্যা-ভূষণকৃত ভাষ্য ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরেরপ্রাঞ্জল বঙ্গ-ভাষায় বিবৃত 'বিদ্বদ্রঞ্জন' নামক ভাষ্যানুযায়ী। অধ্যায়-সূচী, বিষয়সূচী, ও প্রতি শ্লোকের প্রথম ও তৃতীয় পাদ সূচী, ভাষ্যকারের জীবনী প্রভৃতি সম্বলিত। উৎকৃষ্ট বাঁধাই, ব্রাহ্মসংস্করণ (তৃতীয় সংস্করণ) গ্রন্থের ভিক্ষা ২৲ টাকা।

প্রমেয়রত্নাবলী

শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ-প্রণীত বৈষ্ণবদর্শন, সন্দর্ভ ও গোবিন্দ-ভাষ্যাদি পত্রিকায় প্রথম গ্রন্থ। উৎকৃষ্ট কালিতে ছাপা। সুবিস্তৃত টীকা ও প্রাঞ্জলবঙ্গানুবাদ-সাহায্যে অতি সহজে বালকেরও বোধগম্য হইয়া থাকে। ভিক্ষা ৷৵০ আনা মাত্র।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

(প্রমাণখণ্ড) সানুবাদ। শ্রুতি-স্মৃত্যাদি গ্রন্থে শ্রীনবদ্বীপের যে মহিমা কীর্ত্তিত আছে, তাহার মূল সংস্কৃত ও অনুবাদ। ভিক্ষা ৵০ আনা।

শ্রীশ্রীনবদ্বীপভাবতরঙ্গ

শ্রীঠাকুর ভক্তিবিনোদ লিখিত। সুললিত গীতাকারে পরিক্রমার ফলশ্রুত্যাদি-বিবরক। ভিক্ষা ৷০ আনা।

ভক্তিরত্নাকর ও নবদ্বীপ পরিক্রমা

শ্রীল নরহরি চক্রবর্ত্তি-ঠাকুর-রচিত। ভক্তিরত্নাকর হইতে পরিক্রমাংশ মাত্র গৃহীত; শ্রীজীব গোস্বামী কি প্রকারে শ্রীনবদ্বীপধামের পরিক্রমা করিয়াছিলেন, তাহাই পত্রে বিবৃত। ভিক্ষা ৷৵০ আনা

শ্রীচৈতন্যশিক্ষামৃত

শ্রী ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। শ্রীচৈতন্যদেবের শিক্ষাপ্রণালী—কৃষ্ণ, কৃষ্ণশক্তি ও রস—বদ্ধ ও মুক্ত জীব, অচিন্ত্য-ভেদাভেদ-তত্ত্ব—সাধন-নির্ণয়—প্রয়োজন-তত্ত্ব, কর্ম্ম-কাণ্ড, জ্ঞানাদির বিচার—বৈধী ভক্তি, ভাবভক্তি ও প্রেমভক্তিসহ নামভজন-প্রণালী ও অষ্টকালীয় লীলা-পরিচয়াদি প্রথম শিক্ষার্থীর উপযোগী করিয়া সরল ভাষায় সমুদয় যুক্তিপ্রমাণসহ লিখিত আছে। চতুর্থ সংস্করণ মূল্য ২৲ টাকা, আবাধা ১৷০ টাকা মাত্র।

গৌড়ীয়কণ্ঠহার

শ্রীগৌড়ীয়-বৈষ্ণবগণের অনুক্ষণ কণ্ঠে ধারণযোগ্য শ্রুতি স্মৃতি-পুরাণ-পঞ্চরাত্রাদি-সম্মত-শাস্ত্রসমূহের প্রমাণাদি বিষয়বিভাগক্রমে সানুবাদ গুম্ফিত। এইরূপ বৈষ্ণব-সিদ্ধান্তের সারসমন্বয় অদ্য কুত্রাপি প্রকাশিত হয় নাই। ইহাতে গুরুতত্ত্ব—ভাগবত—বৈষ্ণব—গৌর—নিত্যানন্দ—অদ্বৈত—কৃষ্ণ—শক্তি—ভগবত্তত্ত্ব—জীব—অচিন্ত্যভেদাভেদ—অভিধেয়—সাধনভক্তি—বর্ণধর্ম্ম—আশ্রম-ধর্ম্ম—গুরুত্ব—নাম—প্রয়োজন ও প্রমাণ-তত্ত্বগুলি পৃথক্ অধ্যায়ে সুবৃহৎ শ্লোকাদি সূচীসহ উৎকৃষ্ট এন্টিক কাগজে ক্রাউন ১৬ কালিতে মুদ্রিত, উৎকৃষ্ট বাঁধা সোনায় জলে নাম লেখা। গ্রন্থ প্রায় ৪০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা ২৲ টাকা মাত্র।

শ্রীনবদ্বীপধাম-প্রদক্ষিণাবলী

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত 'ধামমাহাত্ম্য—বারাহাত্মের সানুবাদ প্রমাণ খণ্ড—শ্রীল নরহরি চক্রবর্ত্তি ঠাকুরের ধাম-পরিক্রমাংশ—শ্রীধাম নবদ্বীপ পরিক্রমা—তীর্থযাত্রা পদ্ধতি—শ্রীমৎ প্রবোধানন্দকৃত নবদ্বীপশতকম্—শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ প্রভৃতি গ্রন্থ একত্র ভিক্ষা ৸০ আনা মাত্র।

শ্রীহরিনামামৃত ব্যাকরণ

শ্রীজীব গোস্বামী প্রভুপাদ-বিরচিত সূত্র ও বৃত্তি তৎসঙ্গে ওঁবিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের বিস্তৃত ভূমিকা ও সূচী প্রভৃতি সহ অপ্রত্যাশিতভাবে সুলভ। ভিক্ষা ২৲ টাকা, ব্রাহ্মণগণের পক্ষে ১৷০ টাকা মাত্র।

বেদান্তসূত্রসার

শ্রীমদ্রামানুজাচার্য্য-রচিত। বেদান্তের বিশিষ্টাদ্বৈতবাদ প্রচারক শ্রীভাষ্য-প্রণেতা আচার্য্যপ্রবর বেদান্তদর্শন পাঠের উপযোগী করণার্থ এই উত্তম কবিয়াছেন। ইহাতে বঙ্গানুবাদ ও সূচীপত্রাদি সংযোজিত করা হইয়াছে। নাম মাত্র ভিক্ষা ৷০ আনা।

শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও নবদ্বীপশতক

গৌরপার্ষদ ত্রিকণ্ডী শ্রীমৎ প্রবোধানন্দ সরস্বতী-প্রণীত মূল, প্রভুপাদ শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ সম্পাদিত অন্বয়মুখে ব্যাখ্যা ও বঙ্গানুবাদ সম্বলিত নবদ্বীপশতকের শ্রীভক্তিবিনোদ ঠাকুরের পদ্যানুবাদ সহ তৎসহ শ্রীমন্মহাপ্রভুর একটী ত্রিবর্ণরঞ্জিত অলৌকিক চিত্র প্রদত্ত হইয়াছে। মুদ্রণ ও কাগজ উৎকৃষ্ট (২ খানা একত্রে) ভিক্ষা ৸০ আনা, অতি সুরমা বাঁধাই ব্রাহ্মসংস্করণ ১৲ টাকা মাত্র।

ধর্ম্ম

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। এই একমাত্র গ্রন্থের জ্ঞান লাভ করিলে পারমার্থিক রাজ্যে কিছুতেই বিজ্ঞান বা সংশয় থাকিবে না। পরম গুহ্য বিষয়ক এই-রূপ সরল ও হৃদয়স্পর্শী গ্রন্থ এ' পর্য্যন্ত প্রকাশিত হয় নাই। নিখিলযোগাচার্য্য-শাস্ত্র-মহোদধি-মন্থনফলে এই গ্রন্থামৃত থিত হইয়াছেন। আবার সুবিস্তৃত সূচী, কথাসার ত্যাদি দ্বারা বিশেষ সমৃদ্ধ করা হইয়াছে। বিরাট গ্রন্থ, সোনার জলে নাম লেখা, উৎকৃষ্ট বাঁধাই—চতুর্থ সংস্করণ ভিক্ষা ২৲ টাকা মাত্র।

প্রেমবিবর্ত্ত

শ্রীমন্মহাপ্রভুর অন্তরঙ্গ পার্ষদ শ্রীল জগদানন্দ প্রভু রচিত। এই পুস্তকে অতি সুবোধ্য ভাষায় মহাপ্রভুর তিপয় লীলাসহ বৈষ্ণবাচার, একাদশী ও নামভজন-প্রণালী প্রভৃতি অনেক বৈষ্ণবতত্ত্বের সুমীমাংসা দেখিতে পাইবেন। পাদটীকায় দুরূহ স্থানের বিশদার্থ ও গ্রন্থকর্ত্তার পরিচয়াদি-সম্বলিত চতুর্থ সংস্করণ ভিক্ষা ।৶০ র আনা মাত্র।

ভজনরহস্য

ভজনকারীর নিত্যসঙ্গী ; ঠাকুর ভক্তিবিনোদের অমূল্য দান ; নিখিল শাস্ত্রের নির্য্যাস। গ্রন্থখানি না দেখা পর্য্যন্ত কেহ বুঝিতে পারিবেন না। তৃতীয় সংস্করণ ভিক্ষা ৷৹।

হরিনামচিন্তামণি

নামাচার্য্য শ্রীল হরিদাস ঠাকুরের মুখে শ্রীমন্মহাপ্রভু শ্রীনাম-মাহাত্ম্য, নামাভাস, নামাপরাধ প্রভৃতি বিষয়ের যাবতীয় বিচার শ্রবণ করিয়াছিলেন। এই বিষয়গুলির অতি সরল পয়ারে সংক্ষিপ্ত আখ্যানসহ পরিপাটিভাবে মুদ্রিত। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। পঞ্চম সংস্করণ ভিক্ষা ৷৹

কল্যাণকল্পতরু

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। প্রত্যেক ভগবদ্-বিশ্বাসী ও জ্ঞানপথের পথিকের একান্ত প্রয়োজনীয় উপদেশাবলীপূর্ণ গীতিগ্রন্থ। সামান্য লেখাপড়া-জানা লোকেও এই ভজনরাজ্যের গীতিসমূহের দ্বারা অনর্থনিবৃত্তি ও ভগবৎসেবা লাভ করিবার সুবিধা পাইবেন। ষষ্ঠ সংস্করণ, ভিক্ষা /১০ আনা মাত্র।

শরণাগতি

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। ভগবানে আত্মসমর্পণ, বিজ্ঞপ্তি, ভজনলালসা, ষড়্‌বিধা শরণাগতি ও সিদ্ধি লালসা-বিষয়ক গীতিপূর্ণ, ভিক্ষা /১০ আনা মাত্র।

গীতাবলী

শ্রীঠাকুর ভক্তিবিনোদ-প্রণীত। নিত্য ভজন, আরাত্রিক ও প্রসাদ-সেবনাদি-বিষয়ক মধুর গীতসমূহ একত্রে গ্রথিত। ভিক্ষা /১০ আনা মাত্র।

শ্রীদশমূলকক্রম

রসিকেন্দ্রচূড়ামণি শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-বিরচিত রসগ্রন্থ। শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের অনুবাদ-সহ। ভিক্ষা ।৹ আনা মাত্র।

জীবনপথ

শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ও শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর প্রতি শ্রীরূপ গোস্বামীর উপদেশবাণী, ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিষয়ে সুবিচারিত সদুপদেশ ভাষ্য, বিস্তৃত বিবৃতি, চরিতামৃতের প্রমাণ, সারার্থ ব্যাখ্যা ও মহাজন-প্রণীত তদুপযোগী গীতামৃত প্রত্যেক শ্লোকের সহিত সন্নিবেশিত হইয়াছে। ৩য় সংস্করণ ভিক্ষা ৷৶০ আনা।

সাধন-কল্প

শ্রীরঘুনাথ দাস গোস্বামীর মনঃশিক্ষা, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-চরিত পদ্যানুবাদসহ। ভিক্ষা /০ আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা

শ্রীল ঠাকুর নরোত্তমের সুপ্রসিদ্ধ প্রেমভক্তিবিষয়ক গানের পুস্তক। ভিক্ষা /০ আনা মাত্র।

নবদ্বীপশতক

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপাদের সংস্কৃত নবদ্বীপশতকের সুললিত পদ্যানুবাদ। ভিক্ষা /০ আনা মাত্র।

অর্থপঞ্চক

শ্রীল লোকাচার্য্য রচিত। বৈষ্ণবতা-জ্ঞানের আকর পুস্তক। ভিক্ষা /০ আনা মাত্র।

সদাচারস্মৃতি

শ্রীল মধ্বাচার্য্য-প্রণীত। বৈষ্ণবের নিত্যকর্ম্মাদি সদাচারাবলী, বঙ্গানুবাদ সহিত। ভিক্ষা /০ আনা মাত্র।

মণিমঞ্জরী

কবিকুলকেশরী শ্রীবরদাচারণাচার্য্য-রচিত। শ্রীমদ্ভাগবতার্য্যের সংক্ষিপ্ত জীবনলীলা ও মূল বৈষ্ণবধর্ম্মমত। সানুবাদ ভিক্ষা ।০ আনা মাত্র।

গৌরকৃষ্ণোদয়

প্রাচীন কবি শ্রীগোবিন্দ দেব প্রণীত শ্রীগৌরাবতারের প্রমাণাবলী-সংবলিত সংস্কৃত গ্রন্থ। ভিক্ষা ৷৹ আনা।

মুক্তিমল্লিকা (গুণলৌরভ)

শ্রীমদ্ভাগবতসম্প্রদায়ানুগত শ্রীমদ্বাদিরাজ স্বামিকৃত। বঙ্গাক্ষরে সানুবাদ এই গ্রন্থের প্রকাশ পারমার্থিক সাহিত্য-জগতে এই সর্ব্বপ্রথম। শ্রীমদ্ভাগবতাচার্য্য হইতে ষোড়শাধস্তন দ্বিতীয় মধ্বাচার্য্য নামে খ্যাত শ্রীবাদিরাজতীর্থ স্বামী এই গ্রন্থে সাধারণ যুক্তি ও লৌকিক ন্যায়ানুসারে কিরূপ সুন্দরভাবে ভক্তিবিরোধি-মতবাদ সমূহ খণ্ডন করিয়াছে, তাহা পাঠ করিতে করিতে আশ্চর্য্যান্বিত হইতে হয়। ইহাতে যুক্তির দ্বারা তার্কিক, জৈন, বৌদ্ধ, শ্রীমায়াবাদিমত-সমূহের সুন্দর খণ্ডন রহিয়াছে। ভিক্ষা ২৲ টাকা মাত্র।

গোস্বামী শ্রীল রঘুনাথ দাস

(ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত ভূমিকা সহ) গৌরপ্রেষ্ঠ স্বরূপ-রূপের একমাত্র প্রিয়তম শ্রীল দাস গোস্বামী প্রভুর অপূর্ব্ব চরিতামৃত ও শিক্ষা অতীব প্রাঞ্জল ও সরল ভাষায় সন্নিবিষ্ট এবং পরিশিষ্টে দাসগোস্বামী প্রভুর বিরচিত কতকগুলি সানুবাদ মধুরতম স্তব ও মনঃশিক্ষা-সম্বলিত। ভিক্ষা বাঁধাই ৷৹ আনা, আবাধাই ৷৶০ আনা মাত্র।

চিত্রে নবদ্বীপ

প্রাচীন নবদ্বীপের অবস্থিতি, তথ্য, ঐতিহ্য, শ্রোত ও ঐতিহাসিক প্রমাণসম্বলিত নয়টী দ্বীপের সচিত্র বিবরণ গ্রন্থ। রাজর্ষি রায়সাহেব কুমার শ্রীযুক্ত শরদিন্দু নারায়ণ রায় এম, এ, প্রাচ্য (লাহোর), মেদাস্তরূপ মহোদয় কর্ত্তৃক সঙ্কলিত এবং ৪৭ খানি বিভিন্ন বর্ণের অপূর্ব্ব চিত্র মানচিত্র-সমন্বিত ; প্রাচ্যবিদ্যামহার্ণব রায় সাহেব শ্রীযুক্ত নগেন্দ্র নাথ বসু বিশ্বকোষসম্পাদক মহাশয়ের বিস্তৃত ভূমিকা সহ। উৎকৃষ্ট (ইং) মলাটে বাঁধাই মূল্য ১৷৹, ভিঃ পিঃ ২৲ টাকা মাত্র।

সাধক-কণ্ঠমালা

গুরুবন্দনা, বৈষ্ণব-বন্দনা, বৈষ্ণবপরম, দাসাদের শ্রীনামহট্ট, শ্রীমন্মহাপ্রভুর অষ্টোত্তরশত নাম, অষ্টপ্রহর নামকীর্ত্তন, শ্রীনামসঙ্কীর্ত্তন, প্রেমধ্বনি, শ্রীবাসঅঙ্গীর নবদ্বীপ-মহিমা, শ্রীমায়াপুর মহিমা, শ্রীপুরুষোত্তম-প্রভুর অষ্ট আচার্য্য-বন্দনা, ষড়্‌গোস্বামীর অষ্টক, প্রেমভক্তিচন্দ্রিকা উপদেশমালা নামভজন-প্রণালী, মহাপ্রভু ও রায় রামানন্দ সংবাদ, মনঃশিক্ষা, শ্রীগুরুপ্রণতি, শ্রীগুরু-পরম্পরা মহাপ্রভুর বন্দনা প্রভৃতি সাধক ও সিদ্ধজীবনের নিত্যপাঠ্য বৈষ্ণবগণের কণ্ঠাশ্রিত তুলসীমালার ন্যায় অনুক্ষণ ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ। ভিক্ষা ৷৶০, বাঁধাই ৷০ মাত্র।

গৌড়ীয়-গৌরব

কলিকাতায় সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয় সম্পা শ্রীপাদ সুন্দরানন্দ পরবিদ্যাবিনোদপ্রভু প্রদত্ত বক্তৃতায় বি গ্রন্থকারে প্রকাশিত। ইহাতে গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদা ইতিহাস সূত্রাকারে গ্রথিত হইয়াছে। ভিক্ষা ৶০ মাত্র।

গৌড়ীয় সাহিত্য

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয়-সম্পা শ্রীপাদ সুন্দরানন্দ পরবিদ্যাবিনোদপ্রভু প্রদত্ত বক্তৃতায় বি গ্রন্থাকারে প্রকাশিত। ইহাতে সাহিত্য-সঙ্ঘের অর্থ গৌড়ীয়-সাহিত্যের বিষয় সূত্রকারে বর্ণিত হইয়াছে। ভি ৶০ আনা মাত্র।

শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা-দর্পণ

শ্রীগৌড়দেশের যে সকল স্থানে সপরিকর শ্রীমন্মহা এবং তদনুগ পরবর্ত্তী মহাজনগণ লীলা করিয়া বিরাজ সেই সব আধুনিক ভৌগোলিক পরিচয় ও সেবাবিগ্রহ পরিচয় সহ যাতায়াতের সুবিধা নির্দ্দেশ ইত্যাদি বিষয় সন্নিবেশিত আছে। ভিক্ষা ।০ আনা।

THE HARMONIST
OR SHREE SAJJANATOSHANI

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রতিষ্ঠিত এবং শ্রীল ভ সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত পারমা মাসিক পত্র। এক্ষণে ইংরাজী ভাষায় অষ্টাবিংশ ডবলক্রাউন ৮ পেজী ৪ ফর্ম্মা আকারে প্রতি গ্রাহ নামের বিদগ্ধ-বৈষ্ণবগণ লইয়া উপস্থিত হইতেছে কাগজ, মুদ্রণ-পারিপাট্য ও চিত্রাদি অতীব চিত্তাক এই প্রকার উৎকৃষ্ট প্রবন্ধ আর কোন মাসিক পত্রি দেখিতে পাইবেন না। বার্ষিক ভিক্ষা ডাকমাশুলস টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর নদীয়া

বিশ্ববৈষ্ণব রাজসভার শুদ্ধভাক্তমঠসমূহ

শ্রীচৈতন্য মঠ

আচার্য্য অদ্বৈতাব্জ

প্রাচীন নবদ্বীপ, জাহ্নবা শ্রীধাম মায়াপুর, নদীয়া

শ্রীমন্মহাপ্রভুর প্রকটের পরে ৩০০ বছর উত্তর-পূর্বে শ্রীজগন্নাথদাসে আচার্যাবতার শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীশ্রীচৈতন্য-মঠ বিরাজমান।

এই স্থান সাধনক-পীঠ, পরবিদ্যাপীঠ বা সাধক ভজনস্থলী। এই মহাতীর্থে শ্রীগৌরাঙ্গমুক্ত যাবতপারি-বেদান্তসমূহ, পরবিদ্যার অন্তর্গত কাব্য, নাটক, অলঙ্কার, কথা ভাষ্য-উপনিষদ্-ব্রহ্ম-সূত্র-প্রস্থান-চতুষ্টয়ের অধ্যয়ন ও অধ্যাপনা এবং তথায় শ্রীগুরু-গৌরাঙ্গ-রাধাকৃষ্ণ-বিগ্রহের ও সাধক সাম্প্রদায়িক-আচার্য্য-চতুষ্টয় তাঁহাদের উপাস্য বিগ্রহের সহিত নিত্য সেবিত হইতেছেন। এই মঠস্থানে পারমার্থিক বৈদিকপত্র সাধক-সম্প্রদায়ের অত্যাবশ্যক ও পুরাতন গ্রন্থরাজি প্রচারকল্পে 'নবীন-প্রকাশ' যন্ত্রালয় প্রতিষ্ঠিত হইয়াছেন প্রতিবৎসর শ্রীধাম-পরিক্রমারম্ভে ও অন্যান্য বহুগোষ্ঠীর কীর্ত্তন প্রচারমুখে মহামহোৎসবাদি তখায় অনুষ্ঠিত হইয়া থাকে। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপাদ নরহরিজী। সহকারী—শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী, পণ্ডিত শ্রীপাদ গৌরদাস ব্রহ্মচারী কাব্যব্যাকরণতীর্থ, শ্রীপাদ বীরচন্দ্র ব্রহ্মচারী, শ্রীপাদ নন্দগোপাল ব্রহ্মচারী, শ্রীঅমরেন্দ্র ব্রহ্মচারী, শ্রীমদনগোপাল ব্রহ্মচারী, ভক্ত নরেন্দ্র, হরিপদ, রেবতীমোহন প্রভৃতি সজ্জনগণ।

ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ এখানে হরিকথা কীর্ত্তন করিতেছেন।

(৩) যোগপীঠ শ্রীমন্দির

এই স্থান শ্রীজগন্নাথমিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগ-পীঠ। এখানে শ্রীলক্ষ্মীপ্রিয়া ও শ্রীবিষ্ণুপ্রিয়াসহ শ্রীগৌরনারায়ণ এবং শ্রীচৈতন্য ও শ্রীরাধাকৃষ্ণের নিত্য সেবা তথা পঞ্চতত্ত্বের সেবা বর্ত্তমান। রক্ষক—লোকনাথদাস গোস্বামী ভট্টাচার্য্য প্রভু শ্রীজগন্নাথ। সহকারী শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী, শ্রীরাধাবিনোদ ভক্তিভূষণ, শ্রীগোপাল ব্রহ্মচারী। শ্রীসাধনদাস অধিকারী, দেবদত্ত শ্রীহরিব্রহ্ম।

(৪) শ্রীবাস-অঙ্গন

শ্রীমন্মহাপ্রভুর কীর্ত্তন-বিলাস বা শ্রীগৌরলীলার স্থানস্থলী। এখানে শ্রীশ্রীগৌর-নিত্যানন্দ ও পঞ্চতত্ত্বের সেবা বর্ত্তমান।

রক্ষক—শ্রীপ্রভাকুসুম ব্রহ্মচারী।

(৫) অদ্বৈত-ভবন

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান।

রক্ষক—শ্রীঅদ্বৈতানন্দ দাসাধিকারী, শ্রীগোকুলদাস বাবাজী।

(৬) কাজীর সমাধি পীঠ

প্রাচীন মায়াপুর, হাসনপুকুর (নদীয়া)

শ্রীগৌরসুন্দরের শ্রীচরণকমলের সমাধি।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীবিনোদবিহারী।

(৭) আনন্দ সুরভি-কুঞ্জ

শ্রীগোদ্রুম, মায়াপুর (নদীয়া)

এখানে শ্রীবিষ্ণুপ্রিয়া দেবী ভক্তিবিনোদাসনপ্রভুর আরাধ্য শ্রীশ্রীগৌরনিতাই এবং শ্রীশ্রীরাধা-মাধবের সেবা বর্ত্তমান

রক্ষক—ভক্তিভূষণ ভাগবত ব্রহ্মচারী এম, এস, এল।

(৮) শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

মহমনসিংহ।

রক্ষক—শ্রীযুক্ত ভক্তিশাস্ত্রী এম, এ, বি, এল, সহকারী—শ্রীউদ্ধারণ ভক্তিশাস্ত্রী, শ্রীউদ্ধব অধিকারী প্রভৃতি।

(৯) শ্রীগৌর-গদাধর মঠ

চাঁদাকাঠী, সমুদ্রগড়, (বর্দ্ধমান)

শ্রীল বাসুদেবের প্রতিষ্ঠিত গৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরেরাম ব্রহ্মচারী, ভক্ত শ্রীগদাধর দাস।

(১০) শ্রীরূপ-গৌড়ীয়-মঠ

বাগবাজার, কলিকাতা ৩ই পি

রক্ষক—শ্রীকৃষ্ণদাস ব্রহ্মচারী, সহকারী—শ্রীসর্ব্বেশ্বর ব্রহ্মচারী।

(১১) শ্রীমোহন্তমন্দির

মাউথাট, কাশিপুর, বর্দ্ধমান।

শ্রীগদাধরদাস ঠাকুর বৃন্দাবনের স্থান।

রক্ষক—শ্রীভক্তিবাসী ব্রহ্মচারী, ভক্ত দীনবন্ধুদাস।

(১২) ভাগবত আশ্রম

শ্রীভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।

ভাগবতনিষ্ঠাত্ত গ্রন্থাবলীর প্রচার-কেন্দ্র।

রক্ষক—শ্রীকৃষ্ণানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(১৩) শ্রীঅকায়ন মঠ

গোবিন্দপুর, হাসখালী, নদীয়া।

রক্ষক—শ্রীমকুন্দানন্দ ব্রহ্মচারী। সহকারী শ্রীভক্তিহৃদ ব্রহ্মচারী, শ্রীজগন্নাথদাসাধিকারী শ্রীজগন্নাথ পাণ্ডা, ভক্ত বিষ্ণুদাস

(১৪) শ্রীমাধব গৌড়ীয় মঠ

৯নং নবাবপুর রোড, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র, এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ রাধাকৃষ্ণ-বিগ্রহের সেবা বর্ত্তমান।

রক্ষক—শ্রীনারায়ণ ব্রহ্মচারী, শ্রীপাদ ভক্তিপ্রমোদ পরিব্রাজিবিনোদ বি-এ, শ্রীপ্রাণগোর ব্রহ্মচারী, শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী, শ্রীনিতাইপাবন ভক্ত।

(১৫) শ্রীগোপালজী মঠ

কমলাপুর, ঢাকা।

গোপালজীর শ্রীবিগ্রহের প্রাচীন সেবা

রক্ষক—শ্রীরাধাশ্যাম ব্রহ্মচারী।

(১৬) শ্রীগৌরাই-গুণারঙ্গ মঠ

৮৫নং কলুটোলা মেন রোড, কলিকাতা ৯

শ্রীগৌরাঙ্গ-গৌরাঙ্গের নিত্য সেবা

রক্ষক—শ্রীপূর্ণপ্রজ্ঞ ব্রহ্মচারী, ভিন্ন ভারতী ব্রহ্মচারী

(১৭) শ্রীভাগবতভক্তানন্দ মঠ

কিরণদিঘা, বাঙ্গাবেলপুর, মোরদীপুর।

এখানে শ্রীযুক্ত-গৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীর নিত্যসেবা বর্ত্তমান। রক্ষক—ব্রজবাসী শ্রীগোবর্দ্ধনদাসাধিকারী।

(১৮) শ্রীমনোহরা প্রপন্নাশ্রম

রাজবাঁধ পোঃ বর্দ্ধমান।

শ্রীগুরুগৌরাঙ্গ-শ্রীগান্ধর্ব্বিকা-গিরিধারীর নিত্যসেবা। রক্ষক—ব্রজবাসী শ্রীগোবিন্দকিশোর।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

পুরীধাম, পুরী, উড়িষ্যা।

এখানে শ্রীগৌর-বিনোদরাধাবল্লভীর নিত্যসেবা বর্ত্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমানন্দ বিদ্যারত্ন, ব্রহ্মচারী শ্রীনবীনানন্দ, শ্রীগরেন্দ্রসাহুকর ব্রহ্মচারী শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী, ভক্ত শ্রীনিমাই।

(২০) শ্রীব্রহ্ম-গৌড়ীয় মঠ

আলবরনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী।

জগন্নাথদেবের অবসর সময়ে শ্রীমন্মহা প্রভুর অবস্থান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমেশ্বরী প্রসাদজী। সহকারী—ব্রহ্মচারী শ্রীবিপিনবিহারী।

(২) মঠ

১৬ নং কানিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

টেলিফোন বি, বি, ৪১১৫

শ্রীমদ্ভক্তিসুন্দর প্রচারিত ত্রিদণ্ডিস্বামী-প্রচারোদ্দেশে গৌড়মণ্ডলের সর্ব্বপ্রধান নগরী কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত আছেন। এই ভক্ত-সঙ্ঘারামে শ্রীগুরু-গৌরাঙ্গ-শ্রীবিনোদানন্দ ভাই সপ্তাহের নিত্য সেবক হন। গৌড়ীয় আচার্য্যবর্গের যাবতীয় গ্রন্থাবলীর প্রচারোদ্দেশে ইহাতে সর্ব্বদা একটী সুবৃহৎ মুদ্রণ-যন্ত্রালয় সংরক্ষিত হইয়াছেন। পৃথিবীর সর্ব্বত্র শ্রীগৌরবাণী প্রচারার্থ এই যন্ত্রালয় হইতে 'গৌড়ীয়' সাপ্তাহিক পত্র, ত্রি ভক্তিমিষ্ট মাসিক পত্রিকা হরণাজী ভাষায় নিয়মিতভাবে প্রকাশিত হইতেছেন। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, সপ্তাহন-চতুষ্টয়-সেবাদি, শ্রীমদ্ভাগবত, শ্রীচৈতন্য-চরিতামৃতাদি-লীলা ও বক্তৃতাদির সমাক্ আলোচনা হইয়া থাকে। মঠরক্ষক—আচার্য্যাভিমানী শ্রীপাদ কৃষ্ণকিশোর বিদ্যাভূষণ। সহকারী—পণ্ডিত শ্রীপাদ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ বি-এ, শ্রীপাদ হালিসহরী ব্রহ্মচারী, শ্রীপাদ ভক্তিসুন্দর দাসাধিকারী বি-এ, শ্রীপাদ ভক্তিগোপাল দাসাধিকারী, ব্রহ্মচারী শ্রীলোকানন্দ, ব্রহ্মচারী শ্রীগোষ্ঠীমোহন, ব্রহ্মচারী শ্রীমধুসূদন, পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ পরবিদ্যাভূষণ সম্পাদকবৈষ্ণবাচার্য্য, শ্রীমদ্ভক্তসর্ব্বস্বাধিকারী বি-এ, শ্রীভক্তবন্ধুমল্লিক বি-এল, শ্রীমধুসূদন ভাগবতকোবিদ, শ্রীবিশ্বম্ভর ব্রহ্মচারী, শ্রীগুরুগোবিন্দ ব্রহ্মচারী প্রভৃতি।

(২১) শ্রীসচ্চিদানন্দ মঠ

কাঁড়াবাজার, কটক।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-বিনোদরাধা-গোবিন্দের নিত্যসেবা বর্ত্তমান। রক্ষক—ব্রহ্মচারী নীলমণি শ্রীবিনোদ ব্রহ্মচারী

(২২) শ্রীগৌরাঙ্গ-গৌড়ীয় মঠ

৯নং কণ্ডাক্টারপুরা, কাশী।

গৌড়ীয়সম্প্রদায়ের সনাতন-শিক্ষাপ্রচার।

এখানে শ্রীবিগ্রহের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীজ্ঞানকিশোরদাসজী, শ্রীগোপীনন্দন ব্রহ্মচারী।

(২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

শ্রীবৃন্দাবন ধাম, কৃষ্ণ-বলরাম মন্দির।

শ্রীগুরু-গৌরাঙ্গ-রাধাকৃষ্ণের সেবা।

রক্ষক—শ্রীগণপতিনাথ ব্রহ্মচারী

(২৪) শ্রীপরমহংস মঠ

নৈমিষারণ্য, সীতাপুর

এখানে শ্রীভাগবত পাঠশালা ও শ্রীগৌর বিনোদ বিলাস-কুঞ্জের সেবা বর্ত্তমান

রক্ষক—ব্রহ্মচারী শ্রীনৃসিংহানন্দ ও ব্রহ্মচারী দীনবন্ধুদাস।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ

কুমুরকুণ্ডা, চিরকুণ্ডা, মানভূম। ঈশ্বর শ্রীচৈতন্য-মঠের শাখা। রক্ষক—শ্রীরঘুনাথ দাস, শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী, শ্রীরাধাতীর্থ ব্রজবাসিনী।

(২৬) ব্যাসগৌড়ীয় মঠ

কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল। এখানে শ্রীগৌরবিনোদ-গ্রামের সেবা বর্ত্তমান

রক্ষক—ব্রহ্মচারী, শ্রীগুরুপদজী, শ্রীনন্দগোপাল ব্রজবাসী

(২৭) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রম-মঠ

ব্রাহ্মণপাড়া, পোঃ মাহু, হাবড়া

এখানে শ্রীকৃষ্ণচৈতন্য শ্রীগৌরাঙ্গের সেবা বর্ত্তমান। রক্ষক—ব্রজবাসী শ্রীপ্রাণকৃষ্ণ দাস, শ্রীব্রজ কিশোর সন্ন্যাসী।

(২৮) নিম্ন গৌড়ীয় মঠ—কার্য্যালয়

৫নং গোপীমোহন লেন, কলিকাতা ৪

রক্ষক—ব্রহ্মচারী শ্রীগৌরকৃষ্ণ, শ্রীকুলশেখর শ্রীরাধারমণচরণদাস

(২৯) গোপীরমণপাড়া প্রপন্নাশ্রম

রক্ষক—ব্রহ্মচারী শ্রীব্রজমোহন

জনসভায় পণ্ডিত জহরলাল

বোম্বাইয়ে ওয়ার্কিং কমিটীর যে সভা
বে, তাহাতে যোগদান করিতে যাইবার
র্বে কোন গ্রামের এক জনসভায়
ক্তভাবে পণ্ডিত জহরলাল নেহরু
লন—কবে আমাদের আবার যুদ্ধ আরম্ভ
রিতে হইবে, কবে শান্তি প্রতিষ্ঠিত
বে, তাহার কোনই স্থিরতা নাই।
নি ইতিমধ্যে কৃষকদিগকে তাহাদের
গঠন শক্তিবৃদ্ধি করিতে বলেন,
ওজী আরও বলেন যে, অত্যাচারের
দুখে জনসাধারণ যে নির্ভীক হইতে
খিয়াছে, গত আন্দোলনই তাহার
াণ এবং গবর্ণমেণ্ট বিব্রত হইয়া শান্তির
াবার্ত্তা করিবার জন্য আপোষ ব্যবস্থা
রিয়াছেন। তিনি প্রজাদের অহিংস
বার উপদেশ দিয়া বলেন যে, স্বরাজ
'সত্যাগ্রহীরাজ' প্রতিষ্ঠিত হইলে
হাদের ও অভাব দূর করা হইবে।

ডাকাতের সঙ্গে বৃদ্ধের লড়াই

ডিব্রুগড় হইতে ৭ মাইল দূরবর্ত্তী
পাখুলি নামক স্থানের জনৈক মাড়
ী দোকানদারের বাড়ীতে ডাকাতি
বার উপক্রম হইয়াছিল ঘটনার দিন
ত্রিতে পঁচজন লোক দাও লাঠি লইয়া
বাড়ীতে প্রবেশ করে কিন্তু অধিবাসিগণ
গৃহস্বামী তাহাদিগকে বাধা দিতে
া করেন ডাকাতেরা তাঁহাকে কয়েক
ঘা দাঁর কোপ মারে বৃদ্ধের চীৎকার
াও আসিয়া পিতাকে সাহায্য করে
ও দাঁর আঘাতে ডাকাতদলের একজন
ঘটনার দিন রাত্রিতে একজন অতিথি
য়া ঐ বাড়ীতে আশ্রয় লইয়াছিল সেই
ক্তি ও ডাকাতদের সহিত ষড়যন্ত্রাদি
বার চেষ্টা করিলে চতুরতা তাহার
ও কয়েকস্থানে প্রচণ্ড কোপ মারে
শেষে ডাকাতেরা ভীত হইয়া কিছু না
য়াই মোটরে আরোহণ করিয়া পলায়ন
রে।

ওড়া জেলা কংগ্রেসে গোলযোগ

গত ৫ই জুলাই শ্রীযুত নরেশচন্দ্র বসুর
া সেরপুরে বগুড়া কাংগ্রেস কমিটীর
সাধারণ ভার অধিবেশন হইয়া
ছে। সভাস্থলে, প্রবেশের জন্য
কিট প্রথা প্রচলন করা হইয়াছিল।
া সত্ত্বেও আনুমানিক পাঁচশত লোক
ক কংগ্রেস সভায় যোগদান করিয়া
ল। কলিকাতা হইতে এই উপলক্ষে
কায় দাশগুপ্ত তথায় গমন করিয়া-
লেন খাঁটী কংগ্রেস সভ্যগণ ব্যতীত
হারা সভায় যোগদান করিয়াছিল
াহাদের উদ্দেশ্য ছিল সভার কার্য্য পণ্ড
করা। এই উদ্দেশ্যে তাহারা এক স্থগিত
প্রস্তাব উপস্থাপিত করে। প্রতিপক্ষের
ভোটে উহা বাতিল হইয়া যায় এবং
সভার উদ্দেশ্য সিদ্ধ হইলে তুমুল অহঙ্কারের
মধ্যে সভা শেষ হয়।

শিউড়ী জেলে অনশন

চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠন মামলার
বিচারাধীন আসামী অম্বিকা বাবু যিনি
বর্ত্তমানে চিকিৎসার জন্য শিউড়ী জেলে
আছেন। গত ২৮শে জুন হইতে সকালে
৯টা, বেলা ১০টা ও বৈকালে ৪টায়
দৈনিক এই তিনবার করিয়া তাঁহার
পাত্রবস্ত্র তল্লাস করা হয় বলিয়া প্রতিবাদ-
স্বরূপ তিনি প্রায়োপবেশন আরম্ভ করিয়া-
ছেন।

আগ্নেয়াস্ত্র ও অপরাপর অস্ত্র তাঁহার
কক্ষের প্রাঙ্গণে রহস্যপূর্ণভাবে আমিনা
পৌঁছিয়াছে বলিয়া জেল কর্ত্তৃপক্ষের
সন্দেহ হওয়ায় এই পুঙ্খানুপুঙ্খরূপে তল্লাসের
ব্যবস্থা হইয়াছে বলিয়া জানা গিয়াছে।

অম্বিকা বাবু অন্য জেলে অনশনের
স্বাস্থ্য দিনের পর দিন প্রায়োপবেশনের
ফলে মারাত্মক ভাবে দুর্বল হইয়া পড়িয়া-
ছেন।

খাজাঞ্চী খানা জেওয়ার ও তিনি পত্র
কলিকাতার গোমেন্দাদের তদারকের ফলে
তাঁহার নিকট পৌঁছায় না বলিয়া প্রতি-
বাদস্বরূপ অম্বিকাবাবু প্রায় এক মাস
পূর্ব্বে একদিনের জন্য প্রায়োপবেশন
করিয়াছিলেন কিন্তু কোন ফল হয়
নাই।

দেশীয় রাজ্যে সত্যাগ্রহ

ভারতীয় রাজ্য ও সত্যাগ্রহী শীর্ষক
প্রবন্ধে মহাত্মা গান্ধী জীবন" পত্রে
লিখিয়াছেন, সরকার ও কংগ্রেসের মধ্যে
যে আপোষ হইয়াছে; ভারতীয় রাজ্য
সম্বন্ধে তাহা প্রযোজ্য নহে। ভারতীয়
রাজ্যে আইন অমান্য আন্দোলন চালান
হয় নাই। ইচ্ছা করিলেও সরকার
বর্ত্তমান আপোষের সর্ত্তে ভারতীয় রাজ্য-
গুলিকে বাধ্য করিতে পারিতেন না।
আপোষের সর্ত্তে দেশীয় রাজ্যগুলির
প্রজারা ও শাসকগণ কেহই বাধ্য নন,
কাহাকেও উহার নীতিতে বাধ্য করা
যাইবে না। প্রজারা সত্যাগ্রহ চালাইতে
ও আইন অমান্য করিতে পারেন। কিন্তু
তাঁহারা যদি অবথা ভাবে সত্যাগ্রহ
করিয়া তাঁহাদের শক্তি ক্ষয় করেন, তাহা
হইলে স্বরাজ বিলম্বিত হইবে।

মহাত্মাজী প্রকাশ করিয়াছেন যে,
ভারতীয় রাজ্যের প্রজারা যদি আপাততঃ
সন্তুষ্ট থাকেন এবং তাঁহারা গঠন কার্য্যে
মনোযোগ দেন, তাহা হইলে উদ্দেশ্যটা
সহজেই সিদ্ধ হইবে। বৃটিশ ভারত যখন
স্বরাজ লাভ করিবে, তখন ভারতীয়
রাজ্যের অনেক সমস্যার সমাধান আপনা-
আপনিই হইয়া যাইবে।

করাচীতে বিস্ফোরণ

সিন্ধ ক্লবের হুইলার্ড মিঃ ও, স্কুচার
ষ্টীমার স্ত্রী ও বম্বে সেন্ট্রাল হোটেলের
ম্যানেজারের সহিত শনিবার রাত্রিতে
ভিক্টোরিয়া রোডে বেড়াইতেছিলেন।
এমন সময় পশ্চাদ্দিক হইতে এক ব্যক্তি
সাইকেলে আসিয়া কি একটা জিনিষ
তাঁহাদের উপর নিক্ষেপ করে। জিনিষটা
খুব শব্দ করিয়া ফাটিয়া যায়। তাঁহাদের
মধ্যে কেহ আহত হয় নাই। কিন্তু তাঁহারা
ধাক্কা সামলাইয়া উঠিবার পূর্ব্বে সাইকেল-
চারী অন্তর্হিত হয়। তিনিটা পটকা
বলিয়া মনে হয়। বিস্ফোরণটা সিন্ধুর
কমিশনারের অফিসের সম্মুখে ঘটে।
রাস্তার অপর পারে ইউনিয়ন ক্লাব।
ক্লাবের লাটি সশস্ত্র এই নিক্ষিপ্ত হইয়াছে।
ক্লাবটি সৈন্যদের উপকারার্থে।

বোম্বাই মিলে ধর্ম্মঘট
২৫ হাজার শ্রমিকের কর্ম্মত্যাগ

বোম্বাইয়ের ডায়াপোরায় মিলের ২৫
হাজার শ্রমিক বেতন বৃদ্ধি দাবী করে।
পরে তাহারা কাজ করিতে অমত করে ও
মিল ছাড়িয়া বাহিরে চলিয়া যায়। ফলে
৭ই জুলাই ঐ মিল একেবারে বন্ধ হইয়া
যায়।

পেণ্ডী হত্যার মামলা

মেদিনীপুরের ম্যাজিষ্ট্রেট মিঃ পেণ্ডীর
হত্যার মামলার দিন গত ২রা জুলাই
তারিখে ধার্য্য ছিল। জ্যোতিঃজীবন
ঘোষ, অমরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়।
রামশঙ্কর চক্রবর্ত্তী ও বিবেকানন্দ বসু—
এই ৪ জন আসামীকে ঐদিন বিচারক
ডেপুটী ম্যাজিষ্ট্রেটের আদালতে সময়
প্রার্থনা করিয়া বলেন যে, পুলিস এখনও
তদন্ত শেষ করিতে পারে নাই।

আগামী ১৬ই জুলাই পর্য্যন্ত এই মামলা
পুনরায় মুলতুবী রহিল।

রেঙ্গুনে বিদ্রোহী নিহত

ব্রহ্মের বিদ্রোহের যে বিস্তৃত সংবাদ
পাওয়া গিয়াছে তাহাতে প্রকাশ গত
শনিবারে বিদ্রোহীদিগের সহিত শান
রাজ্যে সরকারী সৈন্যের যে সংগ্রাম
হইয়া গিয়াছে তাহাতে ১৫০জন বিদ্রোহীর
মধ্যে ৪০ জন নিহত হইয়াছে। বিদ্রোহী-
দের ২১টি বন্দুক ও অন্যান্য অস্ত্রশস্ত্র
হস্তগত হইয়াছে।

বেলুচি বাহিনী চেনডাঙ্গা জিলার ইয়ে
চৌনের ৪ মাইল উত্তরে অবস্থিত বিদ্রোহী
দের একটী শিবির আক্রমণ করিতে
বিদ্রোহীরা দেশী কামানের সাহায্যে
গোলা বর্ষণ করিতে থাকে।

বেলুচি বাহিনীর আর একটী দল
গভীর জঙ্গলের মধ্যে বিদ্রোহীদের আ
১টি দলকে আক্রমণ করে। এইদলে
১৫ জন বিদ্রোহীর প্রতি তৎক্ষণাৎ গুলী
বর্ষণ করা হয়।

উক্ত উভয় সংগ্রামে বিদ্রোহী দলে
যে হতাহত হইয়াছে তাহা জানা
যায় নাই, তবে সরকারপক্ষে কেহ হতাহত
হয় নাই।

পাগাবন্ডি জিলায় সশস্ত্র বিদ্রোহীরা
অলঙ্কারাদি লুট করিয়াছে এক স্থানে পুলি
সহ এক ব্যক্তিকে ধরিয়া লইয়া গিয়াছে
উহারা পরে পিতাকে হত্যা করিয়াছে
কিন্তু তাহার পুত্রকে ছাড়িয়া দিয়াছে।

ইনসিন জিলায় সশস্ত্র ডাকাতেরা ২টী
স্থানে ডাকাতি করিয়াছে। একটী স্থানে
তাহারা গৃহস্বামীকে হত্যা করিয়াছে।

প্রোমে গত সপ্তাহে আরও ২০৯ জন
বিদ্রোহী আত্ম-সমর্পণ করিয়াছে।

ব্রহ্মের গভর্ণর ও রাঙ্গুনের কমিশনার গত ৫ই জুলাই প্রোম যাত্রা
করিয়াছেন। ৬ই সকালে তিনি থাই
টেটমাইক পঁহুছেন।

পাবনায় সতীশচন্দ্র দাস গুপ্ত

থাকী বালিকা বিদ্যালয়ের বাৎসরিক
সভায় নির্ব্বাচিত সভাপতি শ্রীযুত সতীশ
চন্দ্র দাসগুপ্ত এই জুলাই প্রাতে উত্তরবঙ্গ
এক্সপ্রেসে পাবনায় আগমন করিলে পর
তাঁহাকে বিশেষ ভাবে অভ্যর্থনা করা
হয়।

কংগ্রেস কার্য্যালয় প্রাঙ্গণে জিলা
কংগ্রেস কমিটী এবং পাবনা নারীসত্যাগ্রহ
কমিটী শ্রীযুত দাসগুপ্তকে অভিনন্দন
প্রদান করেন। অভিনন্দনপত্র স্বর্ণখচিত
মুদ্রিত ছিল এবং সভায় বহু জনসমাগম
হইয়াছিল।

শ্রীযুত দাসগুপ্ত উভয় অভিনন্দনের
উত্তর যুক্তভাবে প্রদান করেন এবং সভা
সকলকে চরকা ও খদ্দর ব্যবহার করিতে
অনুরোধ করিয়া বলেন চরকা ও খদ্দর
ভিন্ন স্বরাজ লাভ অসম্ভব। প্রসঙ্গক্রমে
তিনি কংগ্রেস কমিটীর বর্ত্তমান শোচনীয়
অবস্থার উল্লেখ করিয়া সকল কংগ্রেসকে
প্রাণিপুঞ্জ করার জন্য সকলকে অনুরোধ
করেন। তিনি ইহাও বলেন যে
কেবল মাত্র সত্যের ভিত্তির উপর
আমাদের বর্ত্তমান সংগ্রাম অগ্রসর হইতে
পারে।

Reg No C.1544

দৈনিক নদীয়া-প্রকাশ

সাধারণের হিতার্থে প্রকাশিত

বার্ষিক ৯৲

ষাণ্মাষিক ৫৲

ত্রৈমাসিক ২৷৷০

মাসিক ১৲

নগদ প্রতি সংখ্যা ৵০

ভারতের সর্ব্বশ্রেষ্ঠ মঙ্গল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৬] সম্পাদক—শ্রীযতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [১১০তম সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—২৬শে আষাঢ় শনিবার, ১৩৩৮, ১১ই জুলাই ১৯৩১

নানা কথা

বর্ম্মা সমস্যায় মহাত্মাজী

বর্ম্মার শাসনীয়ের প্রতিনিধি-মণ্ডলীর [illegible] এল, এম, হাণ্ডী, অন্ধ্র, গোপাল [illegible] ও অন্য আর, কি [illegible]— [illegible] বর্ম্মার বর্ত্তমান অবস্থা সম্পর্কে [illegible] সহিত সাক্ষাৎ করিয়াছিলেন, তাঁহারা গত ৭ই তারিখ মহাত্মাজীর বাসভবনে যাইয়া তাঁহার সহিত সাক্ষাৎ করেন। তাঁহারা বর্ম্মার বর্ত্তমান অবস্থা, বিশেষতঃ ভারতবর্ষ হইতে বর্ম্মায় [illegible] সংক্রান্ত ব্যাপার সম্পর্কে আলোচনা করেন।

হারেমে ৯টী অপহৃতা যুবতী আবিষ্কার

নবাব নাসিরজঙ্গ বাহাদুর নামক হায়দ্রাবাদের একজন বিখ্যাত সম্ভ্রান্ত ব্যক্তি ও আলীবারের প্রাসাদের মধ্যে পুলিস ৯টী অপহৃতা যুবতীর সন্ধান পাইয়াছে। যুবতীদের মধ্যে ৮ জন মুসলমান এবং এক জন হিন্দু। এই ব্যাপার অবলম্বনে হায়দ্রাবাদের জনসাধারণের মধ্যে যুগপৎ রোষ ও আতঙ্কের সঞ্চার হইয়াছে। ঐ যুবতীদিগকে কিছু [illegible] পুলিস ৮ জন [illegible] করিয়াছে। এই [illegible] অপহরণের [illegible] ব্যাপার অবলম্বনে বেশ চাঞ্চল্যের [illegible] হইয়াছে।

বর্ম্মা সমস্যায় মহাত্মাজী

নবাবের হারেমে ৯টী অপহৃতা যুবতী আবিষ্কার

ডাকাত ও পুলিশে লড়াই

বড় লাটের কথায় আপত্তি

মহিলা সভায় মালব্যজী

মহাত্মাজী কর্ত্তৃক বোর্ড স্থাপনের প্রস্তাব

বোম্বাই যুব সঙ্ঘ

আমেদাবাদ জনসভায় মালব্যজী

শান্তিসর্ত্ত পালনে গান্ধীজী

ডাকাত ও পুলিসে লড়াই

লাহোর লাধিয়ানা নামক স্থানে ডাকাত ও পুলিসদের মধ্যে লড়াই হইয়া গিয়াছে এবং সেই সংঘর্ষের মধ্যে উভয় পক্ষই গুলী চালাইয়াছিল। প্রকাশ, একদল ডাকাত উক্ত গ্রামে হানা দিতে যাইতেছে শুনিয়া মোবার ডেপুটী পুলিস সুপারিণ্টেণ্ডেণ্ট একদল পুলিস লইয়া তথায় যান এবং যে স্থানে ডাকাতগণ লুকাইয়াছিল, তাহা ঘিরিয়া ফেলেন। প্রায় ৪ ঘণ্টা ধরিয়া উভয় পক্ষের গুলী-বর্ষণ চলিয়াছিল।

লড়াইয়ের ফলে সুন্দর নামক একজন ডাকাতের মৃত্যু হয়। ৪টি ৩০বোর বন্দুক এবং ১৪টি ডাকাতী সম্পর্কে পুলিস তাহার খোঁজ করিতেছিল। তাহার সহিগণ কয়েকটি ছুনলা বন্দুক ও ১৮টী অব্যবহৃত কার্ত্তুজ ফেলিয়া রাখিয়া পলায়ন করে।

বড় লাটের কথায় আপত্তি

পার্লামেণ্ট মহাসভার রক্ষণশীল দলের সদস্য মিঃ র‍্যাকেন এই মর্ম্মের এক প্রস্তাবের নোটীশ দিয়াছেন যে, ব্রাকপ্রতিনিধি লর্ড উইলিংডনের ২৮শে জুনের বক্তৃতা নিন্দনীয়। মিঃ র‍্যাকেন এইরূপ যুক্তি প্রদর্শন করিয়াছেন যে, অধিকন্তু শাসন সংস্কারের সাহায্যে ভারত স্বরাজের অনেক কাছ করিয়া যাইবে বুঝিয়া তিনি আশা করেন, লর্ড উইলিংডনের এইরূপ কথায় লঘুতা ও পরাজয়ের ভাব সূচিত হয়। তাহাতে ভারত সরকারের কর্ত্তব্য নিশ্চয় দূর হইবে।

শান্তিসর্ত্ত পালনে গান্ধীজী

মহাত্মাজীর সেক্রেটারী শ্রীযুক্ত মহাদেব দেশাইয়ের নিকট গান্ধীজী গতকল্য কোথায় আসিবেন, এই প্রশ্ন করা হইলে তিনি বলেন যে, [illegible] কিছুই স্থির করা হয় নাই। তিনি আরও বলেন যে, কিছুদিন পূর্ব্বে তিনি মিস্ মুজিয়েল লেষ্টারের নিকট তাঁহার বাড়ীতে একটু থাকিবার স্থান হইবে কিনা, এইরূপ পত্র লিখিয়াছিলেন। এতদ্ভিন্ন আর [illegible] কিছুই স্থির করা হয় নাই। মহাত্মা গান্ধী বড় লাটের নিকট শান্তি সর্ত্ত সম্পূর্ণরূপে পালিত হইয়াছে কিনা, তাহা বিচার করিবার জন্য সাবরমতী বোর্ডের প্রার্থনা করিয়া শেষ ঘোষণা প্রেরণ করিয়াছেন—এইরূপ যে সংবাদ রটিয়াছিল, মিঃ দেশাই তাহা অস্বীকার করেন। কিন্তু তিনি ইহা বলেন যে, মহাত্মা গান্ধী শান্তি সর্ত্ত সংক্রান্ত সকল ব্যাপারই ওয়ার্কিং কমিটীর নিকট উপস্থাপিত করিয়া ইহার বিচার [illegible]

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও আদর্শচরিত্র শিক্ষকগণ ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

সবিস্তার সংবাদের জন্য নিম্নলিখিত ঠিকানা পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

—৫১ বৎসরের প্রাতা

ঔষধালয়ে প্রস্তুত বটীকা

হাঁপা শুষ্ককাশি, স্বরভঙ্গ, কোষ্ঠকাঠিন্য, অম্বল, অরুচি প্রভৃতি কত রোগীর রোগ নিয়মিত হইয়াছে তাহা প্রকাশ করিলে বড় বড় পুস্তক হইয়া পড়ে।

ইহা

সকল ঋতুতে ব্যবহার চলে ও সমান ফল প্রদান করিয়া থাকে। প্রতি কৌটায় ৩২টী বটীকা থাকে।

কেবলমাত্র

প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা। ইহার নাম "আতঙ্কনিগ্রহ বটীকা"।

অন্যান্য ঔষধের তালিকার জন্য পত্র লিখিলেই পাইবেন

প্রাপ্তিস্থান :—আতঙ্কনিগ্রহ ঔষধালয়

২১৬ নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বিহারীর পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

মফঃস্বলের ও বিদেশের জন্য ৬ আঃ শিশিতে ঘনীভূত অবস্থায় ফোটোবোতলে ডিসপেন্সি ঔষধ ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ১৷০ আনা, ১/২ ডজন ৷৷৵০ আনা, ১ ডজন ১৵০ আনা।

অফিস— ১১নং উলটাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

নন্দন মঞ্জরী

টীকার বদ ও বাদুবিকার, ইন্দ্রিয়দৌর্ব্বল্য হাস, অজীর্ণে ক্ষুধামান্দ্য, অম্বরোগ, মাথাঘোরা, মুখ শুষ্কতা, অনিদ্রা প্রভৃতি সকল সময় নির্দ্দোষ আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ৪০ বটী ১৲ এক টাকা।

"নন্দন মঞ্জরী তৈল"

পুরাতন সর্দ্দি রোগে মস্তকের ব্যথা আরোগ্য করিয়া থাকিলেও করে। মূল্য ৪ ড্রাম ১৲ টাকা।

"নন্দন মঞ্জরী বটিকা"

নীরোগাবস্থায় বয়স অনুযায়ী মাত্রা ও বৃদ্ধি করিতে অদ্বিতীয়। মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

ডাইরেক্ট আয়ুর্ব্বেদাশ্রমঔষধালয়, হেডঅফিস ১৭৭নং হারিসন রোড, কলিকাতা।

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস্, এন্, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈজ্ঞানিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

১৮ নং বটন ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈবপ্রাপ্ত যক্ষ্মার একমাত্র মহৌষধ

পনর দিনে সম্পূর্ণ আরোগ্য

রোগী দেখাইতে হইবে। অগ্রিম পত্রের মাশুল (বারআনা এগার আনার) পাঠাইলে বিনা রোগী দেখা হয় অথবা এখানে আসিলে রোগী দেখিয়া ঔষধ দেওয়া হয় আরোগ্য না হওয়া পর্য্যন্ত পারিশ্রমিক দিতে হইবে না। ধনীর রোগীদের খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়। বিস্তারিত বিবরণের জন্য এক আনার ডাক টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীকিশোরচন্দ্র উকীল, যক্ষ্মা-চিকিৎসক, পোঃ মৈকাড়ী, বরিশাল।

অথবা নিম্ন ঠিকানায় সাক্ষাৎ করিয়া বিস্তারিত জানিতে পারেন।

শ্রীযুক্ত রামগোপাল দত্ত এম্, এ, কৃষ্ণনগর, নদীয়া। শ্রীযুক্ত ললিত সিংহ, ১১৭, বেলিয়াটোলা ষ্ট্রীট, বাটরোলা, কলিকাতা।

একখানি পত্র! আমার ভ্রাতুষ্পুত্র গত ৩য় মাস যাবৎ রাজ যক্ষ্মায় ভুগিয়া মৃতপ্রায় হইয়াছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাহার জীবনের আশা ত্যাগ করিয়া শেষ মুহূর্ত্তের জন্য অপেক্ষা করিতেছিলেন এই সময় শ্রীযুক্ত কিশোর উকিল মহাশয় মাত্র ১০ দিন চিকিৎসা করিয়া সম্পূর্ণ আরোগ্য করিয়া দিয়াছেন। (সাঃ) শ্রীযতীন্দ্র কিশোর রায় চৌধুরী (জমিদার খালিয়া) ৩নং ষ্ট্রীট, নিউ বিল্ডিং। কর্পোরেশন ষ্ট্রীট ডিসপেন্সারী, কলিকাতা।

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার—গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেন গ্রাহকগণ

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কসে

এত প্রশংসা করেন

—কারণ—

এখানে যাবতীয় ছাপার কার্য্য—

পেটার পেপার, মেমো, ফরম, খাম, চিঠির হেড, বিল প্রভৃতি বলুন,

বিবাহের নিমন্ত্রণ পত্র, কার্ড, বিবাহের পদ্য বলুন,

আর ৩ নং ও ৪ নং রয়েলের হাফটোন ব্লকই বলুন, সকল কার্য্যই অতি শীঘ্র হয়, অথচ ছাপাইবার পক্ষে বাজার অপেক্ষা সুলভ।

আপনার কিছু ছাপার কার্য্য থাকিলে নিম্নঠিকানায় জানাইলেই হয় পাইবেন।

ম্যানেজার—গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

২৪৩।২ নং আপার সার্কুলার রোড, কলিকাতা।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

প্রথম ও দ্বিতীয় খণ্ড

ওঁবিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের সেই অমিয় বিশ্বমোদিনী ভাগবতপরপোষিণী কৃষ্ণকথাকীর্ত্তনাত্মিকা ভাষণাবলীর মুদ্রিত বৈষ্ণবসিদ্ধান্ত সম্বলিত গৌড় ধ্বনি—নবম অধিবেশন ও প্রয়োজনতত্ত্বের বিশ্লেষণময়

ভিক্ষা প্রত্যেক ১৷৷০ আনা মাত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া



বর্ষবর্ষ | ২৫ পুরুষোত্তম গৌরাব্দ ৪৪৫, ২৬শে আষাঢ় বঙ্গাব্দ ১৩৩৮, ১১ জুলাই ইং ১৯৩১ শনিবার | ১১০তম সংখ্যা

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌স্টিটিউটে বক্তৃতা

বিষয়—স্বাস্থ্য ও অর্থ

(পূর্বপ্রকাশিত ১০৯তম সংখ্যার পর)

পাঁচ বৎসরের বালক প্রহ্লাদ তাঁর
পাঠশালাদিগের নিকট যে উপদেশ দিয়ে-
ছিলেন, সেই কথাগুলি শিক্ষার্থীমাত্রেরই
জানা দরকার। তা'হলে তাঁরাও প্রহ্লাদের
ন্যায় ধর্মে জীবন গঠন করতে পারবেন। অর্থ-
সম্বন্ধে তাঁর বাণী এই (ভাঃ ৭।৬।১০)—

কাম্যেঽনর্থাপমর্জনং বিমুক্তেঃ প্রাণেভ্যোঽপি
য উদ্যতঃ।

ন জীণাত্যনুমৃতিঃ প্রেষ্ঠৈস্তদ্ধরঃ
সেবকো বণিক্॥

যে অর্থ প্রাণাপেক্ষাও অতীতত্তর, সেই
অর্থের তৃষ্ণা কোন্ অজিতেন্দ্রিয় ব্যক্তি
ত্যাগ করতে সমর্থ হয়। তদ্ভর, সেবক
নয়ং বণিক্—ইহারা নিজের প্রিয়তম
প্রাণকে বিপন্ন ক'রেও অর্থোপার্জনের
চেষ্টা বন্ধ করে।

পুনরায় বলছেন,—

যাবঃ ফলন্ত পশবঃ সুতাদয়ো
গৃহা মহী কুঞ্জরকোষকৃত্যঃ।
সর্বেঽর্থকামা ক্ষণভঙ্গুরায়ুষ
কুর্বন্তি মর্ত্যস্য কিয়ৎ প্রিয়ং চলাঃ॥

অর্থ, ভার্যা, পশ্বাদি পশু, পুত্রাদি,
ভূমি, হস্তী, অশ্বাগার, ঐশ্বর্য, অর্থ,
ধন এবং মানুষের পরমায়ু—সমস্তই
ক্ষণভঙ্গুর; সুতরাং ঐ সকল অন-
ত্যবস্তু মানুষের কি প্রিয়কার্য করতে
পারে? বিশেষতঃ তা'র দুর্লভ মনুষ্যদেহ
নিয়ে।

সেইজন্যই প্রহ্লাদ অসুরবালকগণকে
ব'লেছিলেন,—

কৌমার আচরেৎ প্রাজ্ঞো ধর্মান্
ভাগবতানিহ।
দুর্লভং মানুষং জন্ম তদপ্যধ্রুবমর্থদম্॥

বুদ্ধিমান্ ব্যক্তি মনুষ্য জন্ম লাভ ক'রে
সুখার্থ অন্য প্রয়াস পরিত্যাগ ক'রে
কৌমার বয়সেই ভাগবতধর্মের অনুষ্ঠান
করবেন। কারণ, সংসারে মনুষ্যজন্ম অতি
দুর্লভ, তাতে আবার অনিত্য; কিন্তু
অর্থদ অর্থাৎ ক্ষণস্থায়ী হলেও তার দ্বারা
অর্থ লাভ করতে পারা যায়। কি 'অর্থ'?
মনুষ্যজীবনের চরম ও পরম প্রয়োজন কৃষ্ণ
প্রেম, এই অর্থ সাধনের জন্যই মানবজন্ম।

পূর্বেই বলেছি যে, অর্থ দুই প্রকার
অর্থ ও পরমার্থ। যাঁরা পরমার্থ সাধন
করেন, তাঁদের আর অর্থ সাধন করতে
হয় না। পরমার্থের মধ্যে অর্থ টাও
রয়েছে। পরমার্থ—পরম অর্থ অর্থাৎ
যেমন টাকা, আর অর্থ—একটা পয়সা।
অনন্ত টাকা ও পয়সার পরিমাণ অনুপাতে
যে কেবল পরমার্থের শ্রেষ্ঠতা, তা
নয়, তদপেক্ষা অনেক গুণে—অনন্ত
অসংখ্য গুণে পরমার্থ অর্থের চেয়ে বড়।
তবে জাগতিক ভাব প্রবণ আমরা জাগতিক
দৃষ্টান্ত না হ'লে গ্রহণ করতে পারি না ব'লে
টাকা-পয়সার উদাহরণ দেওয়া গেল।
পরমার্থ লাভ হলে যে তার অর্থটাও পাওয়া
হয়ে যায়, তার অনন্ত দৃষ্টান্ত ধ্রুব মহারাজ।
তিনি যখন শ্রীহরির আরাধনা ক'রে ভগবৎ-
পাদপদ্ম দর্শন পেলেন, তখন ভগবান্
ধ্রুবকে বর চাইতে বললেন। ধ্রুব তার
উত্তরে কি বললেন,—

স্থানাভিলাষী তপসি স্থিতোঽহং
ত্বাং প্রাপ্তবান্ দেবমুনীন্দ্রগুহ্যম্।
কাচং বিচিন্বন্নপি দিব্যরত্নং
স্বামিন্ কৃতার্থোঽস্মি বরং ন যাচে॥

ধ্রুব বললেন,—আমি স্থানাভিলাষী হয়ে
আপনার আরাধনায় নিযুক্ত ছিলাম, বড় বড়
মুনিগণ এবং দেবতাগণের নিকটেও যে
আপনি গুহ্যভাবে অবস্থান করেন, আমি
সেই আপনাকেই লাভ করেছি, সুতরাং
কৃতার্থ হয়েছি। সামান্য কাচ অন্বেষণ
করতে গিয়ে দিব্য রত্ন (অপ্রাকৃত চিন্তামণি
স্বরূপ) আপনাকে পেয়েছি, আর কিছুই আমার
প্রার্থনা নাই। যাঁরা বুদ্ধিমান, তাঁরাও
এই ধ্রুবকে অনুসরণ ক'রে থাকেন অর্থাৎ
সামান্য অর্থের জঞ্জাল না হতে পরমার্থ
সাধনের জন্য চেষ্টা করেন।

আমরা যতটা অর্থের জন্য পরিশ্রম
করি, আমাদের দুর্লভ মনুষ্যজন্মের মহা-
মূল্য সময় ব্যয় করি, ততটা অর্থচেষ্টায়
আমাদের কি প্রয়োজন? অর্থী ও পর
মার্থীর মধ্যে ভেদ এই যে, অর্থী যে কদিন
বাঁচবে, তদনুযায়ী নিজ প্রাসাচ্ছাদনের জন্য
চেষ্টা না ক'রে সারা জীবন 'অর্থ' 'অর্থ'
করে কেবল অনর্থই বৃদ্ধি করে; কিন্তু পর-
মার্থীর বুদ্ধি হচ্ছে—

যাবতা স্যাৎ স্বনির্বাহঃ স্বীকুর্যাত্তাবদর্থবিৎ।
আধিক্যে ন্যূনতারাঙ্ক্ষে তদ্বতে পরমার্থতঃ॥

তাঁরা নিজেদের দেহরক্ষার জন্য যে-
টুকু অর্থের দরকার হয়, ততটুকু অর্থ সংগ্রহ
ক'রে অবশিষ্ট সময় পরমার্থলাভে ব্যয়
করেন, ভোগীর ন্যায় অধিক সংগ্রহে ব্যস্ত
হতে গিয়ে দুর্লভ সময়ের অপব্যবহারও
করেন না, আর মুমুক্ষুর ন্যায় সব ছেড়ে
ছুড়ে দিয়ে শুকিয়েও মরেন না, তাঁরা যুক্ত
বৈরাগী।

অর্থের দ্বারা আমরা দুইপ্রকার
সাধন করতে পারি। এক হচ্ছে—অন
আর একটা—পরমার্থ. অর্থ যখন আমাদে
নিজভোগে নিযুক্ত করি, তখনই তা' অন
বৃদ্ধি করে, কিন্তু সেই অর্থ কৃষ্ণেন্দ্রিয়তৃপ্তিতে
নিযুক্ত করলে তা'র দ্বারাই পরমার্থ লা
করা যায়। তাই মহাজন বলেছেন,—

তোমার কনক ভোগের জনক
কনকের দ্বারে সেবক মাধব।

অর্থ দিয়ে ভগবৎসেবা ক'রে আন
ভগবানের কোন একটা বস্তুর অভা
মিটিয়ে দিতে পারি না। তাঁর ত কো
বস্তুরই অভাব নাই, তিনি যে নিজসাক্ষপু
তবে আমরা তাঁর সেবা করলে তিনি তা
বিনিময়ে তাঁকেই বিলিয়ে দেন। কি
তার মধ্যে একটা কথা আছে। মনীষ
ধার্মিকতার সহিত লক্ষ লক্ষ মুদ্রার দ্বা
ভগবৎসেবাভিনয়েও ভগবানের কিছুমা
প্রীতি বিধান করতে পারে না। কিন্তু দীন
ভক্তিমাখান একটী কপর্দক, কেবল এক
কপর্দক কেন, অতিতুচ্ছ বস্তু একগণ্ডূষ
আর একটী তুলসী মঞ্জরী দ্বারাও ভগবান
আকর্ষণ ক'রে আনতে পারে।

গীতার "পত্রং পুষ্পং ফলং তোয়ং" শ্লোক
এস্থলে আলোচ্য।

শিবাবতার আচার্য শঙ্কর তাঁর মোহ
মুদ্গরের মধ্যে অর্থের অনর্থত্বই বর্ণ
ক'রেছেন এবং অর্থের অন্বিতাভা চি
ক'রে দুর্লভ সাধুসঙ্গ করতেই উপদে
দিয়েছেন। যথা—

অর্থমনর্থং ভাবয় নিত্যং
নাস্তি ততঃ সুখলেশঃ সত্যম্।
পুত্রাদপি ধনভাজাং ভীতিঃ
সর্ব্বত্রৈষা বিহিতা রীতিঃ॥
উদ্যৎ চিন্তয় সততং চিত্তে
পরিহর চিন্তাং নশ্বর-বিত্তে।
কথমিহ মজ্জনসম্ভতিরেকা
ভবতি ভবার্ণবতরণে নৌকা॥

অর্থকে নিত্য 'অনর্থকর' ব'লেই চিন্তা কর, তাতে বাস্তবিক সুখের লেশমাত্রও নাই। ধনবান্‌দিগের পুত্র থেকেও ভয় আছে, সর্ব্বত্রই এই প্রকার রীতি দেখতে পাওয়া যায়।

সর্ব্বদা মনোমধ্যে উদ্ধবস্তর (অহরহ ঈশ্বরের) চিন্তা কর, আর ক্ষণভঙ্গুর অর্থের চিন্তা পরিত্যাগ কর। এই সংসারে ক্ষণকাল মাত্র সাধুসঙ্গ ভবসাগরের নৌকাস্বরূপ হ'য়ে থাকে অর্থাৎ কেবল সাধুসঙ্গফলেই এই দুস্তর ভবজলধি উত্তীর্ণ হওয়া যায়; কিন্তু অর্থের দ্বারায় কিছু লাভ হয় না।

শঙ্করাচার্য্য আবার বল্‌লেন,—

যাবন্নিজোপার্জ্জনশক্ত-
স্তাবন্নিজপরিবার-রক্তঃ।
তদনু চ জরয়া জর্জ্জরদেহে
বার্ত্তাং কোঽপি ন পৃচ্ছতি গেহে॥

যতদিন পর্য্যন্ত মানুষ নিজোপার্জ্জনে সমর্থ হয়, ততদিন তার নিজ পরিবারবর্গ তাকে ভালবাসে, তার পরে যখন বার্দ্ধক্যে দেহ জর্জ্জরিত হয়, তখন আর কেউ বড় একটা কথাও জিজ্ঞাসা করে না।

সুতরাং উপসংহারে আমার বক্তব্য এই যে, স্বাস্থ্য ও অর্থ এই দুইটী যদি সংসারের সেবায় নিযুক্ত হয় তাহলেই মঙ্গল, নতুবা বৃথা দেহের পোষণ ক'রে শৃগাল কুকুরের খাদ্যের যোগাড় ক'রে দেওয়া হয় মাত্র।

এতৎপ্রসঙ্গে শ্রীল দাসগোস্বামী প্রভুর এই শ্লোকটি আলোচনা করা কর্ত্তব্য,—

স্বাস্থ্যান্ন চেদ্বিজানীয়াৎ পরং জ্ঞানমুতাশয়ং।
অনর্থং ভক্ত বা হেতোর্দ্ধেয় পুরুষার্থি পামরঃ॥

জ্ঞান দ্বারা বিবেকচ্যুত ব্যক্তি আত্মাকে জানতে পারলে যখন সমস্তই লাভ করতে পারেন, তখন তা' না ক'রে পামরগণ কি কারণেই বা কেবল দেহপুষ্টির জন্য ব্যস্ত হয়?

"পোষাকী নারদ"

('শ্রীম'-লিখিত)

(১)

বর্ষণমুখর আষাঢ়ের এই বাদ্‌লা সাঁঝে হঠাৎ পুরাতন একটা গল্প বার বার মনের কাণে উঁকি দিতেছে। বস্তুতঃ এই ছোট গল্পের আমার মত অলস কারো কারো, কিম্বা সকল আষাঢ়ের দীর্ঘ-বেলায় একটু অংশ অধিকার করিয়া কিঞ্চিৎ প্রীতিদায়ক হইতে পারে; এই আশাতেই বলিতে প্রবৃত্ত হইলাম। সে অনেকদিনের কথা, এখনকার মত তখন থিয়েটার বায়স্কোপের ছড়াছড়ি ছিল না। বড় বড় যাত্রার দলই তখন সব দেশে সমাদর পাইত। দুর্গোৎসব, বিবাহ, উপনয়ন উপলক্ষে বায়না দিয়া যাত্রার দল বাড়ীতে আনিয়া আমোদের ব্যবস্থা করিতেন।

জনকপুর একটী ক্ষুদ্র গ্রাম। গ্রামের মল্লিকেরা বিশেষ বর্দ্ধিষ্ণু ব্যক্তি। মল্লিক বাড়ীর বৃদ্ধ কর্ত্তা মহাশয়ের গঙ্গাপ্রাপ্তি হইলে, উপযুক্ত চারি পুত্র বিশেষ ঘটা করিয়া দানসাগর শ্রাদ্ধ করিলেন। ভূরি ভোজনে তৃপ্ত হইয়া সমাজের ব্রাহ্মণেরা 'সাধু সাধু' বাক্যে মল্লিকদের মুক্তকণ্ঠে প্রশংসা করিতে লাগিলেন। কিন্তু গ্রামস্থ ছেলেরা শুধু আহারে তৃপ্ত নয়, তাহারা আমোদ-প্রমোদের ব্যবস্থার জন্য জেদ ধরিল। ছেলেদের আগ্রহে ও জোরে নাম করিবার জন্য কর্ত্তৃপক্ষ তখনকার দিনের প্রসিদ্ধ যাত্রার দলকে আনাইলেন, চুক্তি হইল তিন রাত্রির অভিনয়ে ৩০০৲ টাকা ও একখানি কাশ্মীরী শাল। উৎসাহী ছেলের দলে আনন্দের রোল পড়িল, সকলেই যাত্রার সাজ দেখিতে ব্যস্ত। একটু বড় ছেলেরা দশাননের দশ মুণ্ড, বিশ হাত কিওপে হইল, তার গবেষণা করে। তার চেয়ে ছোটর দল হনুমানের লেজ ও বিদূষকের পাকা দাড়ি কি করিয়া হইল, চোখ ডাগর করিয়া তাই ভাবে। কেউ রাণীমার ওরির সাজ, কেউ বা রাজামশাইর বাবরি চুলের তারিফ করে, কোন ছোট ছেলে বিস্ময়ে স্তব্ধ হইয়া 'সং' গুলির হাব ভাব দেখে। অভিনয় দেখার চেয়ে 'সাজ' দেখিতেই তা'দের বেশী লোভ। গ্রামের বৃদ্ধদের মুখে আবার পোষাকের চেয়ে অভিনয়েরই বেশী প্রশংসা। সমস্তটা দিন তাহারাও রাত্রি আগমনের আকুল অপেক্ষায় কাটায়।

উৎসবের দিন শীঘ্রই ফুরায়; অনেক পুরস্কার লইয়া 'ঘোষেদের দল' গ্রাম হইতে চলিয়া গিয়াছে। আবাল-বৃদ্ধ-বনিতা সকলের মুখেই ঐ যাত্রার কথা। তখন পৌষমাস কনকনে শীতের সুযোগেরা সন্ধ্যাবেলায় দত্তদের বৈঠকখানা-গৃহ পল্লীর বৃদ্ধদের হাসি-গল্পে বেশ জমিয়া উঠিয়াছে। কেহ বা রাঙ্গাপার গায়ে, কেহবা শাল জড়াইয়া গল্পের নেশায় মসগুল। নানা কথার মধ্যে ঘোষ-দলের অদ্ভুত কৃতিত্বের কথা উঠিল।

একজন বলিলেন—"ভাই যাই বল, আমার কিন্তু নারদকে সব চেয়ে মনে ধরেছে। কি গানই যে ক'রেছিল, যেন সুধাবৃষ্টি, কাণে যেন লেগে রয়েছে। কীর্ত্তন করতে করতে কাণে গদ্‌গদ হ'য়ে যে ভাবে ঢ'লেছিল, তা' কি বেশনি? বায়নের টাকার কি মিষ্টি হাসি, কখন ঠাকুরের ব্যাখ্যার যে মুহূর্ত্তের টীকা যাচ্ছিলাম কথা ভাবেছিলাম, ওইদিন তা' সত্যি বেশে বদ্ধ হ'য়েছি।" এতক্ষণে যাহার বেশী ভাল লাগিয়াছিল, সে সেইটীর সমালোচনা করিয়া আরোও উপভোগ করিতেছে। এমন সময় বাহির বাড়ীর একটী ছোট ছেলে ভয়ে ভয়ে কোণ হইতে 'কচিগলা'য় বলিয়া উঠিল—"ও জ্যেঠামশায়, নারদ শুধুই বীণা বাজায় না, আমি দুপুরবেলা তা'দের ঘরে গিয়ে দেখেছি, পোষাক খুলে, হাতের বীণা রেখে আবার তামাকও খায়।" সরল ছেলেটীর কথা শুনিয়া চারিদিকে হাসির একটা তরল স্রোত বহিয়া গেল। ছোট ছেলে, কাজেই সে ত অপ্রস্তুত; আরো ছেলেটি বলিতে লাগিল—"বলুন না জ্যেঠামশায়, অমন সুন্দর গান ফেলে, অমন বীণা বাজানো ছেড়ে নারদ আবার তামাক খাচ্ছিল কেন?" ছেলেটির বাবাও ঐ দলেই ছিলেন, তিনি বলিলেন, "ওরে বোকা ছেলে, ওকি সত্যিকারের সেই নারদ নাকি, যে সর্ব্বসময়ই ভগবানের গুণ গান করে? ওরে যাত্রার দলের "পোষাকী নারদ," যখন দরকার, তখন সেজে আসরে আসে।"

ক্রমে রাত্রি বেশী হইয়া উঠিল, কিন্নরীকণ্ঠ-মুখরিত নীরব গ্রামাপথ দিয়া যে যাহার ঘরে ফিরিয়া গেল। যতক্ষণ পর্য্যন্ত ঐ ছেলেটীর উপর নিদ্রাদেবীর কৃপাবরণ সঞ্চারিত না হইয়াছিল, সে ভাবিতেছিল, তাইত "সে যে পোষাকী নারদ।" এখন গল্পের কথা ছাড়িয়া আমাদের পারিপার্শ্বিক আবেষ্টনের কিছু সমালোচনার কথা বলিব।

এই সুফলা সুফলা বাংলার সরস হাওয়ার গুণে, দেশবাসীর আয়ুষ্কাল(?) প্রায় বড়ই সরস?; ইহাতে আর সংশয়ই বা কি? কেননা, ফুলের সাজে সজ্জিত ভাগবতপাঠক গোস্বামী (?) মহোদয়ের নাগর ছাঁদের দিব্য বেশভূষা, তাদের নাকি বৃন্দাবিপিনচন্দ্র নবীন মদনের অপ্রাকৃত রূপমাধুরীই ক্ষণে ক্ষণে স্মরণ করাইয়া দেয়। তাই বেশি,—পল্লীর কোনও গৃহের যখন বৃন্দাবনতুল্য (?) ভাগ্যোদয় হয়, অর্থাৎ অতিথি বৃন্দাবন-রসশেখর (?) গোঁসাইটাদের শুভ পদার্পণে যখন গৃহবাসীর আনন্দের আর পরিসীমা থাকে না—তখন চারিদিকে একটা কোলাহল পড়িয়া যায়। সকলেরই মুখে শুনি—'একি রে সে বস্তু, প্রভু যে সাক্ষাৎ অধোক্ষজ-বস্তু, শান্তিপুরে প্রভুর বিলাস, কি ভাগবত ব্যাখ্যা, যেন মধু ঝরে, যতনের কি ত্রুটী ভাই, রাধারাণীরই মিঠে বুলি!" এ-প্রকার পতিতপাবন গোস্বামীদের

(?) গ্রাহকসংখ্যাই বা কি কম? বাড়ীর বড়, ছোট, মাঝারী সব রকমের পায়ওলি পালনে ভর্ত্তি করিয়া আবার অনেকগুলির বাড়ী বয়ে, বাজারে কেন ফাইবার ঝাড়ুদারটী, পর্য্যন্ত চাহিয়া আনিতে হয়। অবশেষে 'আড়াই' বাড়ীর একটী মুদ্রণ বন্ধ, যৌথকারবার কোন বাড়ীর ছোট মেয়েটী বসে বাদ্য করিতে সাধিয়াছিল, তাহা নিবারণ করিয়াছিল,—"ওর চলনসই কি হয় ঠাকুরঝী? ও'দিকে যে লোক ডুবে যাবার মত হয়েছে হয়ে যাক! বউটী বিলাতী ঘরানায় মেয়ে, আনিত না কিছু, তাই এমনটী বলিয়া ছিল। তদুত্তরে মেয়েটি কিন্তু যেন ঝাঁঝিয়া উত্তর দিয়েছিল,—"বৌদিদি ত ঠেস, চড়ন জলের মহিমে কি জানবে ছাই? সেতার বাড়ী-বাড়ী না বিলুলে যে 'ঝাঁবে' ধরা হয় না; গোঁসাই ঠাকুরের সেবাদীক্ষা আর 'চরামৃত' না বিলুলে যা হলেছে আবার নাকি ক্ষণ ব'লে বিশ্বের হয়। গোঁসাই মহোদয়ের চরণামৃতের মাহাত্ম্য সম্বন্ধে আমাদের হরত একটু চক্ষু ফুটিল এখন দেখা যাক, সাক্ষাৎ আচার্যসন্তানের দ্বারা 'রসমন্ত্র' প্রাপ্তির ফলাফল পাঠকের অন্তঃকরণ গলে কিনা?

অনবসর-উৎসব

গত ৪৫ পুরুষোত্তম ২৭শে আষাঢ় শনিবার প্রাতে শ্রীপুরুষোত্তমক্ষেত্রস্থ শ্রীপুরুষোত্তম মঠ হইতে শ্রীশ্রীমন্মহাপ্রভুর বিরহ-বিধুর শ্রীমদ্ভক্তগণ এবং অন্যান্য বহু ভক্ত সমবিব্যবহারে 'অনবসর' উপলক্ষে বিশুদ্ধি বিপ্রলম্ভ ক্ষেত্রে শ্রীআলালনাথে শুভ বিজয় করিয়াছেন।

আলালনাথের সেবকগণ এবং তথাকার বহু ভক্ত শ্রীমন্মহাপ্রভুকে লইবার জন্য পূর্ব্বাহ্নেই শ্রীপুরুষোত্তম মঠে উপস্থিত হইয়া অপেক্ষা করিতেছিলেন। উপরিউক্ত বিগ্রহ বেলা প্রায় ১১ ঘটিকার সময় শ্রীমন্মহাপ্রভুর বিজয়বিগ্রহ সহিত শ্রীআলালনাথে পৌঁছিয়াছেন। তথায় গত শনিবার হইতে বিংসব্যাপী অনবসর মহামহোৎসব হইতেছে। এতদুপলক্ষে কীর্ত্তন ও মহোৎসবাদি বিবিধ অনুষ্ঠান হইতেছে।

শ্রীল প্রভুপাদ

ওঁবিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্য বর্য শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ গত পূর্ণিমায় ইংরেজী আষাঢ় পূর্ণাই তারিখে শ্রীপুরুষোত্তমধামের শুভ বিজয় করিয়াছেন। পতিত শ্রীল অদ্বৈত বাসুদেব পরিক্রমাপূর্বক, শ্রীল আচার্য্য ভক্তিপ্রসাদ গোস্বামী প্রভু আদি শ্রীল অনুগমন করিয়াছেন।

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীমদ্ভাগবতম্ ... ...

ভজন-রহস্য

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। এই একমাত্র গ্রন্থ-
র জ্ঞান লাভ করিলে পারমার্থিক রাজ্যে কিছুতেই
ান বা সংশয় থাকিবে না। পরম গুহ্য ধর্ম্মবিষয়ক এই-
া সরল ও হৃদয়গ্রাহী গ্রন্থ এ পর্য্যন্ত প্রকাশিত হয় নাই।
বিলগোস্বামি-পাদ-মহোদধি-মন্থনফলে এই গ্রন্থরত্ন
ত হইয়াছেন। আবার সুবিস্তৃত সূচী, কথাসার
াদি দ্বারা বিশেষ সমৃদ্ধ করা হইয়াছে। বিরাট গ্রন্থ,
নার জন্যে নাম লেখা, উৎকৃষ্ট বাঁধাই—চতুর্থ সংস্করণ
ল্য ২৲ টাকা মাত্র।

প্রেমবিবর্ত্ত

শ্রীমন্মহাপ্রভুর অন্তরঙ্গ পার্ষদ শ্রীল জগদানন্দ প্রভু
রচিত। এই পুস্তকে অতি সুখবোধ্য ভাষায় মহাপ্রভুর
তিপর লীলাসহ বৈষ্ণবাচার, একাদশী ও নামভজন-
পালী প্রভৃতি অনেক বৈষ্ণবতত্ত্বের সুমীমাংসা
থিতে পাইবেন। পাদটীকায় দুরূহ স্থানের বিশদার্থ ও
হকর্ত্তার পরিচয়াদি-সম্বলিত চতুর্থ সংস্করণ ডিক্ষা ৷৶০
৷ আনা মাত্র।

ভজনরহস্য

ভজনকারীর নিত্যসঙ্গী ; ঠাকুর ভক্তিবিনোদের অমূল্য
ন ; নিখিল শাস্ত্রের নির্য্যাস। গ্রন্থখানি না দেখা পর্য্যন্ত
হ বুঝিতে পারিবেন না। তৃতীয় সংস্করণ ডিক্ষা ৷৹।

হরিনামচিন্তামণি

নামাচার্য্য শ্রীল হরিদাস ঠাকুরের মুখে শ্রীমন্মহাপ্রভু
নাম-মাহাত্ম্য, নামাভাস, নামাপরাধ প্রভৃতি বিষয়ের
বত্তর বিচার শ্রবণ করিয়াছিলেন। এই বিষয়গুলির
তি সরল পয়ারে সংক্ষিপ্ত আশয়সহ পরিপাটিভাবে মুদ্রিত।
ল ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। পঞ্চম সংস্করণ ডিক্ষা ৷৹

কল্যাণকল্পতরু

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। প্রত্যেক ভগবদ্-
শ্বাসী ও জ্ঞানপথের পথিকের একান্ত প্রয়োজনীয়
পদেশাবলীপূর্ণ নীতিগ্রন্থ। সামান্য লেখাপড়া-জানা
াকেও এই ভজনরাজ্যের নীতিসমূহের দ্বারা অনর্থনিবৃত্তি
ভগবৎসেবা লাভ করিবার সুবিধা পাইবেন। ষষ্ঠ
স্করণ, ডিক্ষা ৵১০ আনা মাত্র।

শরণাগতি

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। ভগবানে আত্মসমর্পণ,
বিজ্ঞপ্তি, ভজনলালসা, ষড়্‌বিধা শরণাগতি ও সিদ্ধি-লালসা-
বিষয়ক নীতিপূর্ণ, ডিক্ষা ৵০ আনা মাত্র।

গীতাবলী

শ্রীঠাকুর ভক্তিবিনোদ-প্রণীত। নিত্য ভজন, আরাত্রিক
প্রসাদ-সেবনাদি-বিষয়ক মধুর গীতসমূহ একত্রে গ্রথিত।
ডিক্ষা ৵০ আনা মাত্র।

শ্রীসজ্জনকল্পদ্রুম

রসিকেন্দ্রচূড়ামণি শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-
বিরচিত রসগ্রন্থ। শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের অনুবাদ-
সহ। ডিক্ষা ৷৹ আনা মাত্র।

সাধন-পথ

শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ও শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর প্রতি শ্রীরূপ গোস্বামীর উপদেশবাণী, ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিষয়ে সুবিচারিত সম্মোদন ভাষ্য, বিস্তৃত বিবৃতি, চরিতামৃতের প্রমাণ, সাধন ব্যাখ্যা ও মহাজন-প্রণীত তদনুযোগী গীতসমূহ প্রত্যেক শ্লোকের সহিত সন্নিবেশিত হইয়াছে। ৩য় সংস্করণ ডিক্ষা ৷৵০ আনা।

সাধন-কল্প

শ্রীরঘুনাথ দাস গোস্বামীর মনঃশিক্ষা, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-চরিত পদ্যানুবাদসহ। ডিক্ষা ৵০ আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা

শ্রীল ঠাকুর নরোত্তমের সুপ্রসিদ্ধ প্রেমভক্তিবিষয়ক গানের পুস্তক। ডিক্ষা ৵০ আনা মাত্র।

নবদ্বীপশতক

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপাদের সংস্কৃত নবদ্বীপশতকের সুললিত পদ্যানুবাদ। ডিক্ষা ৵০ আনা মাত্র।

অর্থপঞ্চক

শ্রীল লোকাচার্য্য-রচিত। বৈষ্ণবতা-জ্ঞানের আকর পুস্তক। ডিক্ষা ৵০ আনা মাত্র।

সদাচারস্মৃতি

শ্রীল মধ্বাচার্য্য-প্রণীত। বৈষ্ণবের নিত্যকর্ম্মাদি সদাচারা-বলী, বঙ্গানুবাদ সহিত। ডিক্ষা ৵০ আনা মাত্র।

মণিমঞ্জরী

কবিকুলকেশরী শ্রীমন্নারায়ণাচার্য্য-রচিত। শ্রীমদ্ধ্বা চার্য্যের সংক্ষিপ্ত জীবনলীলা ও মূল বৈষ্ণবধর্ম্মমত। সানুবাদ ডিক্ষা ।০ আনা মাত্র।

গৌরকৃষ্ণোদয়

প্রাচীন কবি শ্রীগোবিন্দ দেব প্রণীত শ্রীগৌরাবতারের প্রমাণাবলী-সংবলিত সংস্কৃত গ্রন্থ। ডিক্ষা ৷৹ আনা।

মুক্তিমল্লিকা (গুপ্তসৌরভ)

শ্রীমদ্ভগবদ্ধারানুগত শ্রীমদ্বাদিরাজ স্বামিকৃত। বঙ্গাক্ষরে সানুবাদ এই গ্রন্থের প্রকাশ পারমার্থিক সাহিত্য-জগতে এই সর্ব্বপ্রথম। শ্রীমদ্মধ্বাচার্য্য হইতে ষোড়শাধস্তন দ্বিতীয় মধ্বাচার্য্য নামে খ্যাত শ্রীবাদিরাজতীর্থ স্বামী এই গ্রন্থে সাধারণ যুক্তি ও লৌকিক ন্যায়ানুসারে কিরূপ সুন্দরভাবে ভক্তিবিরোধি-মতবাদ সমূহ খণ্ডন করিয়াছে, তাহা পাঠ করিতে করিতে আশ্চর্য্যান্বিত হইতে হয়। ইহাতে যুক্তির দ্বারা চার্ব্বাক, জৈন, বৌদ্ধ, মীমাংসক ও মায়াবাদিমত-সমূহের সুন্দর খণ্ডন রহিয়াছে। ডিক্ষা ২৲ টাকা মাত্র।

গোস্বামী শ্রীল রঘুনাথ দাস

(ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত ভূমিকা সহ) গৌরপ্রেষ্ঠ স্বরূপ-রূপের একমাত্র প্রিয়তম শ্রীল দাস গোস্বামী প্রভুর অপূর্ব্ব চরিতামৃত ও শিক্ষা অতীব প্রাঞ্জল ও সরল ভাষায় সন্নিবিষ্ট এবং পরিশিষ্টে দাসগোস্বামী প্রভুর বিরচিত কতকগুলি সানুবাদ অনুত্তম স্তব ও মনঃশিক্ষা-সম্বলিত। ডিক্ষা বাঁধাই ।০ আনা, আবাধাই ৷৵০ আনা মাত্র।

প্রাচীন নবদ্বীপের অবস্থিতি, তথ্য, ঐতিহ্য, শ্রৌত ও ঐতিহাসিক প্রমাণসম্বলিত নবদ্বীপ ধামের সচিত্র বিবরণ-গ্রন্থ। রায়বাহাদুর কুমার শ্রীযুক্ত শরদিন্দু নারায়ণ রায় এম, এ, প্রাক্ত (লাহোর), বেদান্তভূষণ মহোদয় কর্ত্তৃক সঙ্কলিত এবং ৪৭ খানি বিভিন্ন বর্ণের অপূর্ব্ব চিত্র ও মানচিত্র-সম্বলিত ; প্রাচ্যবিদ্যামহার্ণব রায় সাহেব শ্রীযুক্ত নগেন্দ্র নাথ বসু বিশ্বকোষসম্পাদক মহাশয়ের বিস্তৃত ভূমিকা সহ। উৎকৃষ্ট (ইং) মরক্কো বাঁধাই মূল্য ১৷০, ভিঃ পিঃ ৩৷০ ২৲ টাকা মাত্র।

সাধক-কণ্ঠমালা

গুরুবন্দনা, বৈষ্ণব-বন্দনা, বৈষ্ণবপ্রণাম, ধামাদের শ্রীনামহট্ট, শ্রীমন্মহাপ্রভুর অষ্টোত্তরশত নাম, অষ্টপ্রহর নামকীর্ত্তন, শ্রীনামসঙ্কীর্ত্তন, প্রেমধ্বনি, দাঁড়াপসঙ্কীর্ত্তন, নবদ্বীপ-মহিমা, শ্রীমায়াপুর-মহিমা, শ্রীনরোত্তম-প্রভুর অষ্টক, আচার্য্য-বন্দনা, ষড়্‌গোস্বামীর অষ্টক, প্রেমভক্তিচন্দ্রিকা, উপদেশমালা, নামভজন-প্রণালী, মহাপ্রভু ও রায় রামানন্দ সংবাদ, মনঃশিক্ষা, শ্রীগুরুপ্রণতি, শ্রীগুরু-পরম্পরা, মহাপ্রভুর বন্দনা প্রভৃতি সাধক ও সিদ্ধজীবনের নিত্যপাঠ্য বৈষ্ণবগণের কণ্ঠাশ্রিত তুলসীমালার ন্যায় অনুক্ষণ ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ। ডিক্ষা ৷৵০, বাঁধাই ।০ মাত্র।

গৌড়ীয়-গৌরব

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয়-সম্পাদক শ্রীযুক্ত সুন্দরানন্দ পরবিদ্যাবিনোদ-প্রদত্ত বক্তৃতার বিবরণ-গ্রন্থকারে প্রকাশিত। ইহাতে গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ের ইতিহাস সূত্রাকারে গ্রথিত হইয়াছে। ডিক্ষা ৷৵০ মাত্র।

গৌড়ীয় সাহিত্য

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয়-সম্পাদক শ্রীযুক্ত সুন্দরানন্দ পরবিদ্যাবিনোদপ্রভু প্রদত্ত বক্তৃতার বিবরণ গ্রন্থাকারে প্রকাশিত। ইহাতে সাহিত্য-শব্দের অর্থ ও গৌড়ীয়-সাহিত্যের বিষয় সূত্রাকারে বর্ণিত হইয়াছে। ডিক্ষা ৷৵০ আনা মাত্র।

শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা-দর্পণ

শ্রীগৌড়দেশের যে সকল স্থানে সপরিকর শ্রীমন্মহাপ্রভু এবং তদনুগ পরবর্ত্তী মহাজনগণ লীলা করিয়া বিরাজ করিতেছেন সেই সব আধুনিক ভৌগোলিক পরিচয় ও রেলবিবরণী পরিচয় সহ যাতায়াতের সুবিধা নির্দ্দেশ ইত্যাদি বিষয়ক সন্নিবেশিত আছে। ডিক্ষা ।০ আনা।

THE HARMONIST
OR SHREE SAJJANATOSHANI

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রতিষ্ঠিত এবং শ্রীল ভক্তি সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত পারমার্থিক মাসিক পত্র। একণে ইংরাজী ভাষায় অষ্টাবিংশ বর্ষ ডবলক্রাউন ৮ পেজী ৪ ফর্ম্মা আকারে প্রতি বারে ৪ নামের বিভক্ত-বৈজয়ন্তী লইয়া উপস্থিত হইতেছে। কাগজ, মুদ্রণ-পারিপাট্য ও চিত্রাদি অতীব চিত্তাকর্ষক। এই প্রকার উৎকৃষ্ট প্রবন্ধ আর কোন মাসিক পত্রিকায় দেখিতে পাইবেন না। বার্ষিক ডিক্ষা ডাকমাশুলসহ ৩ টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর নবদ্বীপ

বিশ্ববৈষ্ণব রাজসভার শুদ্ধভক্তিমঠসমূহ

শ্রীচৈতন্য মঠ

আচার্য্য অষ্টোত্তর

শ্রীচৈতন্য মঠ, শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীমায়াপুরস্থ ৺সদ্গুরু পাদ ৺ ভক্তিবিনোদ ঠাকুরের ভজন-স্থলে শ্রীশ্রীচৈতন্য-মঠ বিরাজমান।

এই স্থান সারস্বত-পীঠ, পরিক্রমা-পীঠ বা সাধক ভজনস্থলী। এই মহাতীর্থে শ্রীগৌরাঙ্গমুখ-অরবিন্দ-নিঃসৃত-সমস্ত, পরিক্রমার অন্তর্গত কাব্য, নাটক, অলঙ্কার, কথা প্রভৃতি-উপনিষদ্-গীতা-ভাগবত-ব্রহ্মসূত্রের অধ্যয়ন ও অধ্যাপনা এবং অন্যান্য শ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধর ও সাধক সাম্প্রদায়িক-আচার্য্য-ঠাকুর গোস্বামিগণের উপাস্য বিগ্রহের সেবা নিত্য সেবিত হইতেছেন। এই মঠস্থানে পারমার্থিক বৈষ্ণবগণ সাধক-বন্ধুগণের অধ্যয়নার্থ ও পুরাতন গ্রন্থরাজি প্রকাশকল্পে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় প্রতিষ্ঠিত হইয়াছেন। প্রতিবৎসর শ্রীব্যাস-পরিক্রমামহোৎসব ও অন্যান্য ভক্তাঙ্গাদিসহ কীর্ত্তন প্রচারমুখে অষ্টকালীয়-সেবাদি ভজন অনুষ্ঠিত হইয়া থাকে। রক্ষক—ব্রহ্মচারী শ্রীব্যাস মহাস্থবির। সহকারী—শ্রীব্যাস বিনোদবিহারী ব্রহ্মচারী, পণ্ডিত শ্রীব্যাস গৌরদাস ব্রহ্মচারী কাব্যব্যাকরণতীর্থ, শ্রীব্যাস গৌরচন্দ্র ব্রহ্মচারী, শ্রীব্যাস নন্দগোপাল ব্রহ্মচারী, শ্রীঅমলম ব্রহ্মচারী, শ্রীমদনগোপাল ব্রহ্মচারী, ভক্ত নরেন্দ্র, হরিপদ, রেবতীমোহন প্রভৃতি সজ্জনগণ।

জিরতিয়াবী শ্রীমদ্ভক্তিপ্রবীণ তীর্থ মহারাজ এখানে হরিকথা কীর্ত্তন করিতেছেন।

(২) শ্রীগৌড়ীয় মঠ

১৬ নং কানিসরায় চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ গামবাজার, কলিকাতা।

টেলিফোন বি, বি, ৪১১৫

শ্রীমদ্ভক্তিসুহৃদ্ পরিব্রাজক আচার্য্যপ্রবর শ্রীমদ্ভক্তিপ্রজ্ঞান কেশব গোস্বামিপাদের সঙ্ঘরক্ষক মহারাজ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ স্থাপিত করেন। এই মঠ-সম্প্রদায়ে শ্রীগুরু-গৌরাঙ্গ-শ্রীবিনোদানন্দ ভাই সম্প্রদায় নিত্য সেবিত হন। গৌড়ীয় আচার্য্যবর্গের যাবতীয় গ্রন্থাবলীর প্রচারোদ্দেশে শ্রীমঠে সংস্কৃত একটী প্রকাণ্ড মুদ্রাযন্ত্রালয় সংস্থাপিত হইয়াছেন। পৃথিবীর সকল শ্রীগৌরধামে প্রচারার্থ এই মঠালয় হইতে 'গৌড়ীয়' সাপ্তাহিক পত্র, ত্রি ভক্তমণ্ডলীর মাসিক পত্রিকা 'ভক্তি' নিয়মিতরূপে প্রকাশিত হইতেছেন। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, নগরসঙ্কীর্ত্তন-মহোৎসব, শ্রীমদ্ভাগবত, শ্রীচৈতন্য-চরিতামৃতাদি-লীলা ও তত্ত্বগ্রন্থের সাপ্তাহিক আলোচনা হইয়া থাকে। রক্ষক—আচার্য্যাত্রিদণ্ডি শ্রীমদ্ভক্তিবান্ধব বিষ্ণুস্বামী। সহকারী—পণ্ডিত শ্রীমদ্ভক্তিসুহৃদ পরিব্রাজক বি-ভ, শ্রীমদ্ভক্তিবিবেক ভারতী বি-ভ, শ্রীমদ্ভক্তিবিজ্ঞান ভারতী বি-ভ, শ্রীমদ্ভক্তিপ্রমোদ পুরী বি-ভ, শ্রীমদ্ভক্তিবিচার যাযাবর বি-ভ, শ্রীমদ্ভক্তিবিজ্ঞান আশ্রম বি-ভ, শ্রীমদ্ভক্তিবিচার জনার্দ্দন বি-ভ, শ্রীমদ্ভক্তিবিজ্ঞান ভারতী

কংগ্রেসকর্ম্মিগণের গ্রেপ্তার

ভবনগরের পুলিশ গ্রেপ্তারী পরোয়ানা লইয়া, কয়েকটি কংগ্রেস অফিস তল্লাস করিয়া কতিপয় কংগ্রেসকর্ম্মীকে গ্রেপ্তার করে। ফলে গত ২০শে জুন মহকুমা কংগ্রেসের কার্য্যনির্ব্বাহক সমিতির এক অধিবেশন হয়। ইহার সিদ্ধান্তানুযায়ী অদ্যি কংগ্রেস কমিটীর সম্পাদক শ্রীযুক্ত হরিপ্রসন্ন মাল, স্থানীয় আদালতের উকীল শ্রীযুক্ত আশুতোষ সিংহ ও শ্রীযুক্ত সত্যেন্দ্র সেনকে সঙ্গে লইয়া কংগ্রেসের কার্য্য সম্প্রতি পুলিস অনাচারের তদন্ত করিবার উদ্দেশ্যে ভবনগরে গমন করিয়াছেন। তাঁহারা সকল পরিদর্শন করেন। গোপীনাথপুর, চরহাট, ভাঁমেখরী, ভেরীয়ামার, ভবনপুর ও মহম্মদপুরে ছয়টি জনসভার অধিবেশনে বহু মহিলা যোগদান করেন। কৃষ্ণগর পুলিসের কংগ্রেস আফস ভঙ্গের চেষ্টা বিনা পরোয়ানায় কংগ্রেস অফিস তল্লাস ও কংগ্রেসকর্ম্মী গ্রেপ্তারের চেষ্টা এবং শ্রীযুক্ত রজনী কান্ত প্রধান ও শ্রীযুক্ত বলরাম সাহকে থানায় হাজতে প্রতিষ্ঠা করার তীব্র প্রতিবাদ করেন। তাঁহারা সমবেত শ্রোতৃমণ্ডলীর নিকট শান্তিভাবে গান্ধী-আরউইন চুক্তির ব্যাখ্যা করেন এবং সকলকে অহিংসা থাকিয়া বিশ্বস্তভাবে কংগ্রেসের আদেশ পালন করিতে অনুরোধ করেন।

বোম্বাই যুব সঙ্ঘ

এই জুলাই অপরাহ্নে বোম্বাই যুব সঙ্ঘের বার্ষিক অধিবেশনে মিঠার নরীম্যান সভাপতি ও মিঠার মেহের আলি সহকারী সভাপতি নির্ব্বাচিত হইয়াছেন।

বার্ষিক বিবরণীতে প্রকাশ, ১ হাজার ৭ শত সভ্যের মধ্যে ৫ শত জন সংগ্রহ করিয়া এবং কংগ্রেস বুলেটিনের সম্পাদকতা করিয়া ২০ জন কারাবরণ করেন।

সরকার সাময়িক মীমাংসার সর্ত্তগুলি প্রতিপালন না করায় পুনরায় সত্যাগ্রহ করিয়া বঙ্গের আন্দোলন আরম্ভ করিবার জন্য বঙ্গীয় প্রাদেশিক কংগ্রেস কমিটীর নিকট অনুরোধ করিয়া একটী প্রস্তাব গৃহীত হইয়াছে।

আহমেদাবাদ জনসভায় মালব্যজী

৬ই জুলাই সন্ধ্যায় এক জনসভায় বক্তৃতাকালে পণ্ডিত মদনমোহন মালব্য বলেন—"যখন স্বরাজ পাইব" তখনই কেবল পূর্ণ শান্তি প্রতিষ্ঠিত হইবে। যদি সাম্রাজ্যের দাবী পূরণ করা না হয়, তাহা হইলে আবার আন্দোলন সুরু করিবার সময় উপস্থিত হইতে পারে।"

পণ্ডিত মালব্য আরও বলেন যে, তাঁহারা যদি গোলটেবিল বৈঠক হইতে মহাত্মা গান্ধীর সাহায্যে সার বস্তু কিছু পাইতে চাহেন, তাহা হইলে তাঁহাদের তাঁহাকে সমর্থন করিতেই হইবে এবং যুদ্ধবিরতির সময় গঠনমূলক কার্য্য করিয়া তাঁহার বাহুবল বৃদ্ধি করিতে হইবে। গবর্ণমেণ্ট যদি তাঁহাদের দাবী পূরণ করেন, ভালই; নতুবা তাঁহাদের আবার খাদ্দা বন্ধের আন্দোলন আরম্ভ করিতে হইবে। হিন্দু ও মুসলমানকে একতা স্থাপন করিতে বলিয়া মালব্যজী বলেন যে, দাবী সম্মিলিতভাবে না করা হইলে তাঁহাদের কথায় কেহ কর্ণপাত করিবে না। সর্ব্বজনবাঞ্ছিত স্থায়ী একতা অর্জ্জনের পথে যে সব বাধা আছে, সেগুলি তিনি সকলকে দূর করিতে বলেন। তখন স্বরাজের জন্য তাঁহাদের যে দাবী, তাহা অগ্রাহ্য করা সম্ভব হইবে না।

পণ্ডিত মালব্যের মতে পৃথক্ নির্ব্বাচন ব্যবস্থা প্রবর্ত্তনই এই সকল গোলযোগের কারণ। যুদ্ধবিরতির সময় অলস ভাবে বসিয়া থাকিতে তিনি সকলকে নিষেধ করেন এবং তাঁহাদের খাদি প্রভৃতির প্রচার কার্য্য চালাইতে বলেন। কারণ, যুদ্ধ যদি আবার অপরিহার্য্য হইয়া উঠে, তাহা হইলে তাঁহারা যুদ্ধের পক্ষে অধিকতর উপযোগী হইয়া থাকিতে পারিবেন।

উপসংহারে মালব্যজী বলেন—"আপনাদের যাহা কর্ত্তব্য, তাহা করিয়া যান তাহা হইলেই স্বরাজ মাসের মধ্যে আপনারা স্বরাজ অর্জ্জন করিবেন।"

শ্রীযুক্ত রাজেন্দ্রপ্রসাদ ও সভার উপস্থিত ছিলেন। তিনিও একটি সংক্ষিপ্ত বক্তৃতা করেন।

টেগার্টের বিরুদ্ধে মামলা

কলিকাতার ভূতপূর্ব্ব পুলিশ কমিশনার সার চার্লস টেগার্টের বিরুদ্ধে চন্দননগর হাঙ্গামা সম্পর্কে শ্রীযুক্ত শশধর আচার্য্য ও তাঁহার পত্নীর পক্ষ হইতে মামলা আনয়নের অনুমতি চাহিয়া দরখাস্ত করা হইয়াছিল। গতকল্য প্রধান বিচারপতি এবং বিচারপতি পিয়ারসন উক্ত আবেদন অগ্রাহ্য করিয়াছেন। ইতিপূর্ব্বে আরও তিনবার হাইকোর্ট কর্ত্তৃক আলোচ্য মামলার বিচারের আবেদন অগ্রাহ্য হইয়াছিল।

গত ৭ই সেপ্টেম্বর রাত্রিকালে চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠন মামলায় কতিপয় ফেরারী আসামী গ্রেপ্তারের উদ্দেশ্যে সার চার্লস টেগার্ট কতিপয় বৃটিশ সমভিব্যাহারে শ্রীযুক্ত শশী আচার্য্যের বাড়ী ঘেরাও করিয়াছিলেন। ঐ সময়ে গোলাগুলী চলিয়াছিল এবং একজন যুবক হত ও কয়েকজন আহত হইয়াছিল। আবেদন কারিগণের পক্ষ হইতে বলা হয়, চন্দননগর হাঙ্গামা সম্পর্কে শ্রীযুক্ত শশধর আচার্য্যের পক্ষ হইতে যাহা ব্যক্ত করা হইয়াছে সেই তথ্য সম্বন্ধে কাহারও কিছু আপত্তি করিবার নাই। যাবতীয় ঘটনা স্বীকার করা হইলেও মোকদ্দমার গুনানী সম্বন্ধে আইনের নিষেধ বশতঃ এই মোকদ্দমার বিচার হইতে পারে নাই।

ট্রেড য়ুনিয়ন মিলন সমিতির অধিবেশন

বিভিন্ন ট্রেড য়ুনিয়নগুলি শ্রেণীগত ঐক্য সংস্থাপন সম্বন্ধে আন্তমতগুলির আলোচনা করিবার জন্য আগামী ১৯শে ও ২০শে জুলাই বোম্বাই ট্রেড য়ুনিয়ন মিলন কমিটীর অধিবেশন হইবে। পণ্ডিত জহরলাল নেহেরু উক্ত কমিটীর সভা হইতে সম্মত হইয়াছেন। তিনি উক্ত অধিবেশনে যোগদান করিবেন।

কংগ্রেসের প্রতি রোষ

জাতীয় পতাকা উত্তোলন সম্বন্ধে জিলা ম্যাজিষ্ট্রেট বাঙ্গালোর সিটি কংগ্রেস কমিটীর উপর এক কঠোর আদেশ জারি করিয়াছেন। সম্প্রতি মিউনিসিপ্যালটীর কমিশনারগণ একটি বিষয়কর আদেশ জারি করিয়াছেন। বাঙ্গালোর সিটি কংগ্রেস কমিটী ধর্ম্মঘট নগর নিরঙ্কুশ একখানি বাটী নির্ম্মাণ করিতেছেন। মিউনিসিপ্যালটী এই কমিটীর উপর এক আদেশ জারি করিয়া জানাইয়াছেন যে, ঐ বাটী যেন তাড়িয়া ফেলা হয়।

মহিলা সভায় মালব্যজী

গুজরাট প্রাদেশিক সম্মিলনে সভাপতিত্ব করিবার জন্য পণ্ডিত মদনমোহন মালব্য আমেদাবাদ আসিয়াছেন। গত ৫ই জুলাই অপরাহ্নে তিনি এক মহিলা সভায় বক্তৃতাকালে আইন অমান্য আন্দোলনের সময় গুজরাটী মহিলাদের কার্য্যের বিশেষ প্রশংসা করিয়া বলেন, আপনাদের অন্তঃকরণে একমাত্র অভিলাষ রাখিতে হইবে—সে অভিলাষ ভারতবর্ষকে স্বাধীন করা।

তিনি মহিলাদের বিদেশী বর্জ্জন করিতে স্বদেশজাত গ্রহণ করিতে এবং তরীদের শিক্ষা দিতে উপদেশ দেন।

সরকারী ফৌজ আক্রান্ত

সামিও হইতে সংবাদ আসিয়াছে যে, সরকারের একটী ছোট ফৌজ বিদ্রোহীদিগের দ্বারা আক্রান্ত হইয়াছিল। ৭ জন সিপাহী নিহত হইয়াছে ও ২ জন আহত হইয়াছে।

আর একটি সংবাদে প্রকাশ, ১৪ জন পলাতক বিদ্রোহীকে কয়েকখানি গ্রামে গ্রেপ্তার করা হইয়াছে।

জাতীয় পতাকার আপত্তি

বাঙ্গালোর সহরে এবং তাহার নিকটবর্ত্তী ৪৫ মাইল হইতে ৩ মাসকালের মত জাতীয় পতাকা উত্তোলন ও প্রদর্শন নিষিদ্ধ করিয়া জিলা ম্যাজিষ্ট্রেট পুলিস আইনানুসারে এক আদেশ প্রচার করিয়াছেন।

গত ৫ই জুন সন্ধ্যায় নারক এক ব্যক্তি নিষেধাজ্ঞা অগ্রাহ্য করিয়া জাতীয় পতাকা উত্তোলন করিয়াছিল বলিয়া তাহাকে গ্রেপ্তার করা হইয়াছে।

গান্ধীজীর সহিত এই বিষয়ে আলোচনা করিবার জন্য শ্রীযুক্ত তাম্বম এবং রামস্বামী আয়েঙ্গার বোম্বাই যাত্রা করিয়াছেন।

মহাজনী কর্ত্তৃক বোর্ড স্থাপনের প্রস্তাব

একখানি গুজরাটী পত্রিকায় প্রকাশ, ওয়ার্কিং কমিটীর আগামী অধিবেশনে মহাত্মাজী একটি মীমাংসা বোর্ড স্থাপনের প্রস্তাব করিবেন। সন্ধির সর্ত্ত যাহাতে যথাযথ ভাবে প্রতিপালিত হয় এই বোর্ড তাহা নিয়ন্ত্রণ করিবেন। নির্দ্দিষ্ট কালের মধ্যে যদি বোর্ড স্থাপিত না হয়, তাহা হইলে মহাত্মাজী গোল টেবিল বৈঠকে যোগদান করিবেন না। তিনি বড়লাটকে এই বিষয় পত্র লিখিয়া জানাইয়াছেন।

সরকারী উকিলকে গুলী উকীলের স্ত্রী নিহত

কলম্বো সংবাদপত্রে প্রকাশ যে, গত সোমবার রাত্রিতে সরকারী উকিল মিঃ পেরেরাকে যে বা কাহারা গুলী করিয়াছিল। তখন তিনি নিদ্রা যাইতেছিলেন। তাঁহার স্ত্রী গুলীর আঘাতে নিহত হইয়াছেন।

পাটনা বোমা বিস্ফোরণ

পাটনা থানায় সম্প্রতি যে বোমা বিস্ফোরণ হইয়াছে, তাহার সম্বন্ধে হাজারীলাল এবং অপর ব্যক্তি ধৃত হয়। বিস্ফোরণের ফলে হাজারীলাল গুরুতররূপে আহত হয়। হাসপাতাল হইতে থানায় পাঠাইবার পর তাহাকে বাঁকীপুর জেলে প্রেরণ করা হইয়াছে। হাসপাতালে অবস্থানকালে তাহার বাম হাত হইতে বোমার একটি টুকরা বাহির করা হইয়াছে।

Reg No C.1544

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
ষ্ট্রাক কলম ৭৲
অর্দ্ধ কলম ৩৷৹
সিকি কলম ২৲
চুক্তির হার
স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

সাধারণ হার
আগ্রিম বের
বার্ষিক ৯৲
ষাণ্মাষিক ৫৲
ত্রৈমাসিক ২৷৹
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৫

ভারতের সর্ব্বশ্রেষ্ঠ সচিত্র সচিত্র-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৬ষ্ঠ খণ্ড] সম্পাদক—শ্রীঅতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [১১১তম সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—২৮শে আষাঢ় সোমবার, ১৩৫৮, ১৩ই জুলাই ১৯৩১

নানা কথা

কৃষ্ণনগর বোমার মামলা
৫০ জনের সাক্ষ্য গ্রহণ

গত ৮ই জুলাই কৃষ্ণনগর সহর মহকুমা [illegible] এলাকায় কৃষ্ণনগর বোমার [illegible] আর এক ধারা শুনানী হইয়া [illegible]। অদ্যাবধি সরকার পক্ষ ৫০ [illegible] সাক্ষীর সাক্ষ্য গ্রহণ করিয়াছেন। [illegible] অবশিষ্ট সাক্ষিগণের মধ্যে কেহ-কেহ [illegible] আগ্রায় গিয়াছেন কিংবা হাইকোর্টের [illegible] মকর্দ্দমা বিচারে ব্যাপৃত থাকায়, সরকার [illegible] পক্ষের কৌঁসুলি খান বাহাদুর আজিজুর [illegible] ম্যাজিষ্ট্রেটকে বলেন, আসামীদিগের [illegible] অভিযোগ গঠন করা যাইতে [illegible] এবং নিয়মিত সাক্ষিগণের অবান- [illegible] পরে গ্রহণ করিলেও চলিবে। [illegible] ম্যাজিষ্ট্রেট আসামীগণের বর্ণনা [illegible] লিপিবদ্ধ করেন।

ধীরেন্দ্রকুমার বন্দ্যোপাধ্যায় নামক [illegible] আসামী পূর্ব্বে কলিকাতায় প্রেসি- [illegible] ম্যাজিষ্ট্রেটের নিকট যে স্বীকা- [illegible] করিয়াছিল, এখানেও তাহার [illegible] করিয়াছে, নূতন কিছুই বলে [illegible]।

আসামী আবদুল রসুল পরিজা ও সমর [illegible] ধীরেন্দ্রকুমার বন্দ্যোপাধ্যায় নিরপরাধ [illegible] বলিয়াছেন। ইন্সপেক্টারের কলে কেবল ধীরেন্দ্র [illegible] বিরুদ্ধে অভিযোগ করিয়াছে। [illegible] ম্যাজিষ্ট্রেট আসামীদের উক্তি লিপিবদ্ধ [illegible] করেন, আসামী ১৪ই জুলাই পর্য্যন্ত [illegible] মকর্দ্দমা স্থগিত রাখিবার আদেশ দেন। [illegible] মকর্দ্দমার শুনানী আরম্ভ হইলে আসামীদের বিরুদ্ধে অভিযোগ গঠন করা হইবে এবং সাক্ষী পাওয়া গেলে, তাহাদের জবানবন্দী গ্রহণ করা হইবে।

ক্ষুদ্রিরাম সংবাদ
ট্রেণ ডাকাতির চেষ্টার জের

কুমারখালি থানার অন্তর্গত মহুরকড়া গ্রামের অধিবাসী সমরেন্দ্রনাথ মুখী, শচীন্দ্রনাথ মুখী এবং মনীমোহন কর নামক তিনটী যুবককে গত সোমবার রাত্রিতে কুমারখালি রেল ষ্টেশনে ডাকাতীর চেষ্টা সম্পর্কে গ্রেপ্তার করা হইয়াছে।

৯ই জুলাই প্রাতঃকালের ট্রেণে ধৃত ব্যক্তিদের কুষ্টিয়ায় আনিয়া হাজতে রাখা হইয়াছে। তাঁহাদের হাতে হাতকড়া এবং কোমরে দড়ি বাঁধা ছিল।

কৃষ্ণনগরে বোমার মামলা

বিদ্রোহীদের ছাউনী ও দুর্গ সৈন্য দল কর্ত্তৃক দখল

হরতাল

নীতি পরিবর্ত্তন সম্বন্ধে মহাত্মাজীর নিকট প্রশ্ন

রামকৃষ্ণ বিশ্বাসের আপীল

চট্টগ্রাম জেলে আবার প্রায়োপবেশন

জাতীয় পতাকা সমস্যা

বড়লাটের নিকট অভিনন্দন

আত্মহত্যার চেষ্টা

মহাত্মাজীর বেশ সমস্যা

কুষ্টিয়ায় হরতাল

[illegible] দণ্ডের ফাঁসীর সংবাদ প্রাপ্তি [illegible] মাত্র ৮ই জুলাই কুষ্টিয়ায় হরতাল পালন করা হইয়াছে। বিদ্যালয়গুলি বন্ধ ছিল। অপরাহ্ণে একটী শোভাযাত্রা বাহির হয় ও একটী জনসভার অধিবেশন হয়।

রামকৃষ্ণ বিশ্বাসের আপীল

চাঁদপুরে পুলিস ইন্সপেক্টর তারিণী মুখোপাধ্যায়কে হত্যা করিবার অপরাধে রামকৃষ্ণ বিশ্বাস মৃত্যুদণ্ডে দণ্ডিত হইয়াছিল।

রামকৃষ্ণকে নাকি জেলে আবার সেলের মধ্যে আবদ্ধ রাখা হইয়াছে। মৃত দীনেশচন্দ্র যে সেলের মধ্যে আবদ্ধ থাকিত এই সেলটী তাহারই সংলগ্ন। গত ১০ই নাকি রামকৃষ্ণের ম্যালেরিয়া জ্বর হইয়াছিল। তবে সম্প্রতি সে বেশ ভাল ও প্রফুল্ল আছে।

রামকৃষ্ণের পক্ষে প্রিভি কাউন্সিলে যে আপীল করা হইয়াছিল ১১ই জুলাই ঐ আপীলের শুনানী আরম্ভ হয়।

শারদা ডাকাতীর মামলা

শারদা ডাকাতীর মামলার বিচার আগামী ২০শে জুলাই তারিখে আরম্ভ হইবে। স্পেশাল ট্রাইব্যুনাল এই মামলার বিচার করিবে। এই মামলায় ১০ জন আসামী ভারতীয় দণ্ডবিধির ৩৯৫ ও ১২০-বি ধারামতে অভিযুক্ত হইয়াছে। আসামীদের মধ্যে নাকি একজন এপ্রুভার রূপে দণ্ডায়মান হইয়াছে।

শ্রীধাম মায়াপুরে

'ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট' নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

ভিজ্ঞ ও আদর্শচরিত্র শিক্ষকগণ ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

সবিস্তার সংবাদের জন্য নিম্নলিখিত ঠিকানা পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

—৫১ বৎসরের প্রাতষ্ঠিত—

ঔষধালয়ে প্রস্তুত বটীকা

দ্বারা শুক্লকাশ, স্বরভেদ, কোষ্ঠকাঠিন্য, অজীর্ণ, অম্লশূল প্রভৃতি কত রোগীর রোগ নিরাময় হইয়াছে তাহা প্রকাশ করিলে বড় বড় পুস্তক হইয়া পড়ে।

ইহা

সকল ঋতুতে ব্যবহার চলে এ সমান ফল প্রদান করিয়া থাকে। প্রতি কৌটায় ৩২টী বটীকা থাকে।

কেবলমাত্র

প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা। ইহার নাম 'আশুরুনিগ্রহ বটীকা'।

অন্যান্য ঔষধের তালিকার জন্য পত্র লিখিলেই পাইবেন।

প্রাপ্তিস্থান :—আশুরুনিগ্রহ ঔষধালয়

২১৪ নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ফলিত পাঁচন

সর্ব্ববিধ রোগের অব্যর্থ মহৌষধ

মফঃস্বলের সুবিধার জন্য ৬ মাঃ শিশিতে ঘনীভূত অবস্থায় ছোটবোতলের ডাকমাশুল সহ ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ৪০ আনা, পাঁচটি ৯৵০ আনা, বোতল ১৵০ আনা।

অফিস—১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

মদন মঞ্জরী

টীকার বদ্ধ ও প্রস্তুতিকার, বীর্য্যস্তম্ভন ঔষধ, প্রমেহ অগ্নিমান্দ্য, বহুমূত্র, মাথাঘোরা, মুখ দিয়া জল পড়া, অরুচিতা প্রভৃতি যাবতীয় নরের বিশেষ উপকার হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় ঔষধ। মূল্য ৪০ পুরিয়া ১৲ এক টাকা।

"নলপুষ্প তৈলাক্তাদ্যাদি ঘৃত"

ইহা সেবনে অম্লপিত্ত রোগ আরোগ্য হইয়া পরিপুষ্ট করে। মূল্য ২ তোলা ১৲ টাকা।

"শুক্রমপরিবর্দ্ধিনী অষ্টিকা"

ইহা ব্যবহার করত সহবাসাদি দ্বারা ও বৃদ্ধি করিতে সক্ষম হইবে। মূল্য ১০ পুরিয়া ১৲ এক টাকা।

প্রাপ্তিস্থান শ্যামবাজার, কেশবজী ঔষধালয় ১৭৭নং হারিসন রোড, কলিকাতা।

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস্, এন্, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈজ্ঞানিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

৯৮ নং কটন ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

যক্ষায় হতাশ হইবেন না

একমাত্র মহৌষধ

পক্ষাঘাত সিরাপ সম্পূর্ণ আরোগ্য

রোগী দেখাইতে হইবে। অক্ষম পক্ষের ঔষধ (যাতায়াত খরচা) পাঠাইলে দিয়া রোগী দেখার পর অথবা এখানে আসিলে রোগী দেখিয়া ঔষধ দেওয়া হয় আরোগ্য না হওয়া পর্য্যন্ত পারিশ্রমিক লিতেহইবে না। গরীব রোগীদের খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়। নিম্নলিখিত বিবরণের জন্য এক আনার ডাক টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীকিতীশচন্দ্র উকীল, যক্ষ্মা-চিকিৎসক, পোঃ মৈকাড়ী, ফরিদপুর।

অথবা নিম্ন ঠিকানায় সাক্ষাৎ করিয়া বিস্তারিত জানিতে পারেন।

শ্রীযুক্ত রামগোপাল দত্ত এম্, এ, কৃষ্ণনগর, নদীয়া। শ্রীযুক্ত হরিপদ সিংহ, ১১৭, বেণিয়াটোলা ষ্ট্রীট, হাটখোলা, কলিকাতা।

একখানি পত্র! আমার জ্যেষ্ঠপুত্র গত ছয় মাস যাবৎ রাজ যক্ষ্মায় ভুগিয়া মৃতপ্রায় হইয়াছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাহার জীবনের আশা ত্যাগ করিয়া শেষ মুহূর্ত্তের জন্য অপেক্ষা করিতেছিলেন এই সময় শ্রীযুক্ত কিতীশচন্দ্র উকীল মহাশয় মাত্র ১০ দিন চিকিৎসা করিয়া সম্পূর্ণ আরোগ্য করিয়া দিয়াছেন। (সাঃ) শ্রীযতীন্দ্র কিশোর রায় চৌধুরী (জমিদার পাবনা) ৬নং ষ্ট্রীট, নিউ বিল্ডিং। কর্পোরেশন ষ্ট্রীট ডিপার্টমেণ্ট, কলিকাতা।

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার—গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেন গ্রাহকগণ

গৌড়ীয় প্রিণ্টিং

এত প্রশংসা করেন

—কারণ—

এখানে যাবতীয় ছাপার কার্য্য—

লেটার হেডিং, মেমো, ফরম, খাম, জমিদারী চেক, বিল প্রভৃতি যত্নের

বিবাহের নিমন্ত্রণ পত্র, কার্ড, বিবাহের পদ্যই বলুন,

আর ৩ ইং ও ৪ ইংরেজ হাফটোন ব্লকই বলুন, সকল কার্য্যই অতি শীঘ্র ও সুন্দর হয়, অথচ ছাপাইবার খরচ বাজার অপেক্ষা সুলভ।

আপনার কিছু ছাপার কার্য্য থাকিলে নিম্নঠিকানায় জানাইলেই ফর পাইবেন।

ম্যানেজার—গৌড়ীয় প্রিণ্টিং কলিকাতা

২৫৩।২ নং আপার সার্কুলার রোড, কলিকাতা।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

প্রথম ও দ্বিতীয় খণ্ড

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের বিদ্বৎসেবিনী শ্রীলমধুসূদনগোস্বামিনী কৃষ্ণকান্তবল্লভাদেবী শ্রীমদ্ভাগবত বৈষ্ণবসিদ্ধান্ত বক্তৃতাবলী ২খণ্ড—সমস্ত অভিধেয় ও

ভিক্ষা একত্রে ১৸০ আনা মাত্র।

প্রথম মায়াপুর সংস্করণ-প্রকাশ [৪র্থ খণ্ড] হইতে—কৃষ্ণকান্তি ব্রহ্মচারী অভিধেয়ানন্দ এম্, এস্, এস্, বন্ধুক মুদ্রিত ও প্রকাশিত

জয় জগন্নাথ জয় শচীসুত

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

বর্ষবর্ত | ২৬ পুরুষোত্তম গৌরাব্দ ৪৪৫, ২৭শে আষাঢ় বঙ্গাব্দ ১৩০৮, ১২ জুলাই ইং ১৯০১ সোমবার | ১১১তম সংখ্যা

ঐকান্তিকতা

গরুড় পুরাণ মুক্তকণ্ঠে একাদনবিচারের শ্রেষ্ঠতার স্থান সর্ব্বোপরি দিয়াছেন। গরুড় পুরাণ বলেন—মানবজাতির মধ্যে ব্রাহ্মণই সর্ব্বশ্রেষ্ঠ, সনীম পরিচ্ছিন্ন বস্তু-রাজ্যে বহু জনগণ অপেক্ষা সম্পূর্ণভাবে পূর্ণ বস্তুর সেবকগণই 'ব্রহ্মজ্ঞ' নামে পরিচিত। এরূপ সহস্র ব্রহ্মজ্ঞ অপেক্ষা বহুজ্ঞান-সম্পন্ন ব্যক্তিদের শ্রেষ্ঠতা আছে। সহস্র ব্রহ্মজ্ঞ আনুষ্ঠানিক ব্যক্তি অপেক্ষা বেদান্ত-বিৎ অদ্বিতীয়বিশেষরহিত-বিচারপর বৈষয়িক শ্রেষ্ঠ, কোটি বেদান্তবিৎ অপেক্ষা অনন্ত ঐশ্বর্য্যসম্পন্ন নারায়ণের ভক্তগণ শ্রেষ্ঠগণ। এরূপ সহস্র ভক্ত অপেক্ষা মধুর-রসাশ্রিত একনিষ্ঠ কেবলাভক্তির যাজী ঐকান্তিক ভক্তগণ শ্রেষ্ঠ।

বহির্বিষয়-বিচার ব্যক্তিগত রুচির পরিচায়ক। অন্তর্যোগাশ্রিত বিচার বিশুদ্ধ সত্ত্বের আদর করেন না। রজোগুণাশ্রিত জনগণ ও তমঃপ্রাধান্যে রজস্তমোগুণের সহিত সত্ত্ব-গুণের সমতা প্রকাশ করেন। রজঃ-সত্ত্ব-গুণের সহিত সত্ত্বগুণকে সর্ব্বতোভাবে সম্বন্ধশূন্য জানিলে যে বিষয়ের জল-লাভ ঘটে, তাহার ক্ষণবিধ্বংসত্ব দৃষ্ট আমরা প্রতি পদেপদেই দেখিতে পাই।

বসুমতী ভাতৃগণের চারিদিকে ভ্রমণ করেন, তখন তাহারা কখন অভিজ্ঞ ব্যক্তি অন্যের সংশোধন করিয়াছিলেন, তখন তাহাকে প্রহারও দিতে হইয়াছিল। পরমেশ্বরের কথা উল্লেখ দিয়া—পরমেশ্বরের কথায় অজ্ঞ ব্যক্তিকে ভাগবতধর্ম্ম-গ্রহণ করিবার জন্য [illegible] সম্প্রদায়কে পাপ হইতে মুক্ত করিবার জন্য যত্ন করিয়াছিলেন, তখন মুসলমানগণ তাঁহাকে বিবিধ-বিধান হইতে পার্থক্য লাভ করিতেছে জানিয়া ফেরিসিগণ ক্রুশবিদ্ধ করিয়া মরিয়মতনয়কে অশেষ যন্ত্রণা দিয়া বধ করিয়াছিলেন।

শ্রীলক্ষ্মণদেশিকাচার্য্য শ্রীবিষ্ণুস্বামী সম্প্রদায়ের পঞ্চবিধমত সাত্বত বিচারে যে কালে ভিন্নত গ্রহণ করিয়াছিলেন, তৎকালে তাঁহার অনিচ্ছুক বিভিন্ন পথের পথিক হওয়ায় তাঁহার শ্রাবকগণকে অশেষ যন্ত্রণায় বিপাতিত করিয়াছিলেন। রজস্তমোগুণের হিত সত্ত্বগুণের সমর্থায় বিচার অথবা শুদ্ধবিশিষ্ট সেবগণের মধ্যে বিষ্ণুর প্রাধান্যের কথা বলায় সেই অপরাধে শ্রীলক্ষ্মণদেশিকাচার্য্যকে ভিজনারায়ণপুরে বাদশবর্ষকাল অজ্ঞাতভাবে নির্বাসিত হইতে হইয়াছিল। ঐতিহ্যের পাঠকগণ এ সকল কথা সুষ্ঠুভাবে জানেন।

শ্রীনিম্বার্কদেব বেকালে স্বীয় আচরণদ্বারা অভিজ্ঞজনগণকে জানাইতেছিলেন যে, পুরুষোত্তম তত্ত্ব নিঃশঙ্কিক বিচারে আংশিক দর্শন মাত্র, কেবল আংশিক মাত্র নহে, ইহা অংশের বহুবৃত্তির মধ্যে অন্যতম একটিমাত্র বৃত্তিসূচক ধারণামাত্র, বস্তুধারণা হইতে পৃথক্। তজ্জন্য শ্রীগৌরসুন্দর সাত্বত ধর্ম্মশাস্ত্র হইতে—

"অর্চয়িত্বা তু গোবিন্দং তদীয়ানার্চয়েত্তু যঃ।
ন স ভাগবতো জ্ঞেয়ঃ কেবলং
দাম্ভিকঃ স্মৃতঃ॥"

—এই কথা প্রচার করিতে গিয়া গৌরীভক্তের কীর্ত্তনের বিষয় করিয়াছিলেন।

তদীয় সেবন বর্ণনে ভগবদ্বিমুখ জনসঙ্গ পরিত্যাগ করাই মানবের প্রয়োজনীয় বিষয়। এই কথার প্রচারক লীলাভিনয়কারী শ্রীগৌরসুন্দর একদিন পড়ুয়া অজ্ঞ বাস্তিকগণের দ্বারা তাড়াস্পদ হওয়ায় যে অসহিষ্ণুতা ধর্ম্ম প্রদর্শন করেন, তাহাতে শ্রীধাম নবদ্বীপ মায়াপুরবাসী অনেকের বীতরাগরঞ্জন হন এবং আক্রমণেরও পাত্র হইয়াছিলেন। ভগবান্ বা তদীয় ভক্তগণের প্রতি নিন্দা বিদ্বেষ বা আক্রমণকারিগণের অসচ্চেষ্টা কখনও সহ্য করা উচিত নহে। শ্রীরূপপ্রভু তজ্জন্যই চতুঃষষ্টী ভক্তাঙ্গ বর্ণন প্রসঙ্গে (ভাঃ ১০।৭৯।৩০)—

"নিন্দাং ভগবতঃ শৃণ্বন্ তৎপরস্য জনস্য বা।
ততো নাপৈতি যঃ সোঽপি যাত্যধঃ
সুকৃতাচ্চ্যুতঃ॥"

এই আকর প্রমাণ উদ্ধৃত করিতে গিয়া তদবলম্বনে ভক্তির প্রবেশ-দ্বারে উহাই পরম প্রয়োজন বলিয়া "কৃষ্ণ-ভক্তব্যতিরেক-বিনিমাদসহিষ্ণুতা" বাক্যের অবতারণা করিয়াছেন।

অভিজ্ঞজনগণ বলেন,—শ্রীকৃষ্ণই একমাত্র বিষয়, রাধাকৃষ্ণ মিলিত তত্ত্ব শ্রীগৌরসুন্দরই একমাত্র বিষয়। বিষয়ান্তরে যে কৃষ্ণেতর জ্ঞান, উহা রূপ-রস-গন্ধ-শব্দ-স্পর্শের চিন্তায় আবদ্ধ। এই সকল রূপরসাদি বিষয়ের সেবাকার্য্যে ভগবদ্বিমুখীভূতেন্দ্রিয়চক্ষুঃ প্রভৃতি জ্ঞানেন্দ্রিয়পঞ্চক ও মন, এই ছয়টী করণ নিযুক্ত থাকে অর্থাৎ জড় চক্ষুঃ প্রভৃতি কৃষ্ণের অচিৎ বস্তুরই সেবা করে। কৃষ্ণ অখণ্ড কেবলচেতন; বিষয়ান্তর—অচিৎ ও খণ্ডিত। যেস্থলে শ্রীকৃষ্ণের সেবা, সেস্থলে কর্ত্তার বিষয়-ভোগপিপাসা নাই। সেস্থলে বিষয়ভোগ-পিপাসা, সেস্থলে শ্রী[illegible] ব্যতীত রূপরসগন্ধাদির লোভে লুব্ধ [illegible] জ্ঞানক্রোধাদি ষড়্‌বিপুর দাস। যেস্থলে ঐকান্তিক ভজন, সেস্থলে কর্ত্তৃত্বমুখে [illegible] রসাদির ভোগপিপাসা থাকে না।

প্রহ্লাদ স্বীয় বিদ্বেষী পিতাকে বলিয়াছিলেন,—যাহাদের গৃহই একমাত্র [illegible] অর্থাৎ সংসারভোগ বাতীত যাহারা [illegible] কিছু বুঝে না, তাহাদের ইন্দ্রিয়বৃত্তিসমূহ কৃষ্ণেতর খণ্ডিত অচিদ্বস্তুর রূপরসাদি নিযুক্ত হইয়া অভক্তিগ্রাহ্যে গ্রহণ করিবার প্রবল চেষ্টা করে। তাহারা হৃষীকেশ পরিবর্জ্জন না করিয়া হৃষীকেশকে বহুমানন করিতে করিতে কৃষ্ণসেবায় বৈমুখ্য লাভ করে কিন্তু হৃষীকেশের সেবনই সমগ্র ইন্দ্রিয়গণের একমাত্র নিত্যবৃত্তি।

যাহারা ঐকান্তিকভাবে কৃষ্ণে [illegible] করে না, অব্যবসায়াত্মিকা বুদ্ধি তাহাদিগকে ব্যভিচারে নিযুক্ত করে। বৈকুণ্ঠ গোলোকে ব্যভিচার বলিয়া কোন [illegible] নাই, যেহেতু ঐসকল ধাম—ঐকান্তিক ভজনরাজ্যের অন্তর্ভুক্ত। অনৈকান্তিকগণ নানাপ্রকারে ভগবৎসেবাবৃত্তিরহিত হইয়া ক্ষুদ্র ক্ষুদ্র নশ্বর অচিদ্ বিষয়ে আবদ্ধ হয়। ঐকান্তিক ভক্ত তাহাদের এইরূপ চাঞ্চল্যে আদর করেন না। দ্বিতীয়াভিনিবেশই জাগতিক ভীতির কারণ। সেই নির্দ্ধারণের অভাবহেতু জীবের ভ্রান্তি বিবর্ত্তই ভয়, শোক ও মোহ উৎপাদন করে; অধোক্ষজ কৃষ্ণপাদপদ্ম-সেবনেই জীবের শোক, মোহ ও ভয় অপসারিত হয়।

অনেক সময় কৃষ্ণার্থে অখিলচেষ্টা-বিমুখ জনগণ ভেদ-জগতে অবস্থান করিয়া কৃষ্ণসেবা ব্যতীত অন্য ভাগ্য করে। তাহারা যে কৃষ্ণসেবকের সেবা না করিয়া ইতর কার্য্যে স্ব-স্ব চেষ্টা দেখাইয়া থাকে। তজ্জন্য তাহাদের কোন মঙ্গল হয় না। যাহারা কৃষ্ণ ও কৃষ্ণভক্তের নিন্দা করে, আক্রমণ করে বা আঘাত করে, তাহাদিগকে কৃষ্ণভক্তের সহিত বা কৃষ্ণের সহিত সমজ্ঞান করিয়া যে উদারতার ছলনা, তাহা ঐতিহাসিক ভক্তগণ আদর করেন না। উহা 'ব্যভিচার' বলিয়া তাঁহারা স্বতন্ত্র বিচার অবলম্বন করেন। তাঁহারা বলেন যে, অসহিষ্ণুতা-বৃত্তিটী যদি ঐরূপ ভগবান্ ও তদীয় ভক্তের প্রতি আক্রমণস্থলে প্রযোগ করা না যায়, তাহা হইলে রোগে গ্রস্ত হইবার সময় সংক্ষুব্ধা আসিয়া উপস্থিত হইলে ভক্তি-বিচ্যুতি বা মরণ অনিবার্য্য।

"পোষাকী নারদ"

('শ্রীম'-লিখিত)

(২)

প্রভু মহার্থ ব্যাসাসনে উপবেশনপূর্ব্বক ব্যাখ্যা করিতেছেন; ভক্ত শ্রোতৃমণ্ডলী ভক্তিযুক্তভাবে বিভোর হইয়া সাক্ষাৎ কৃষ্ণকেই যেন দেখিতেছেন আর কি? গোঁসাই প্রভুর 'প্রভুপরিয়ে' জন্মাভিন্ন শ্রীঅদ্বৈতাচার্য্যের অবিকৃত রক্তধারা (?) প্রবহমান কিনা, তাই রুদ্রের মতই তাঁর তাণ্ডবনৃত্যপানের যোগ্যতা! আর আমরাও শুনিয়াছি প্রভুপদজলসুধা পানে সে যোগ্যতা নাকি প্রেমরসরসিক (?) শ্রোতৃগণের হৃদয়ে তড়িৎ গতিতে সঞ্চারিত হইয়া থাকে! মহাভাবস্বরূপিণী-গোবিন্দানন্দিনী বার্ষভানবীর অপ্রাকৃত বিপ্রলম্ভ দশার এক একটী খেয়োক্তির মর্ম্ম বিন্যাস হইতেছে, আর কি প্রেম আস্বাদনের (?) ঘটা! এখন সকলেই যেন এক একটি গোপীদেহ (?) লাভ করিয়াছেন। অশ্রু, কম্প, পুলকাদি অষ্টসাত্ত্বিক বিকারের প্লাবন আসিয়াছে! নয়নের গঙ্গাধারা (?) মর্ম্মভেদী হা হুতাশ, আর প্রভুপদের চরণ-স্পর্শের নিমিত্ত বিজয়ীবীরের দুর্দ্দশনের অপেক্ষাও তুমুল 'ঝড়াঝড়ি' চক্ষুতে দেখিয়াও এমন নরাধম কেহ বা আছে, যে 'গোলোক' দর্শন হয় নাই বলিবে; এইরূপ রস আস্বাদন ও উদ্দণ্ড নর্ত্তন কীর্ত্তনের মধ্য দিয়া 'মহাভাবের' পাঠ ত শেষ হইল। এখন শ্রোতৃগণের বিদায় দণ্ডবতের পালা! মুগ্ধ জনমণ্ডলী 'প্রভুর' রূপ-গুণ-লীলারস পানে পরম পরিপূর্ণ হইয়াছেন; হইবেন না কেন? সোজা কথা! সাক্ষাৎ প্রভুপদে?

কেহ পাঁচ, কেহ দশ, এইরূপে দেখিতে দেখিতে ব্যাসাসনের-সম্মুখস্থ স্ফীতি ভক্ত পাত্রে [illegible] পরিপূর্ণ হইল। ঘূর্ণে ফিরিবার পথে একটি বৃদ্ধার কটির ক্রন্দনে উৎসুক হইয়া জিজ্ঞাসা করিলাম "মা কাঁদ কেন?" সে বলিল—"কাঁদবো না ত কি বল, কিছু এনেছেন, পাঁচ পর্য়সা গুনাচ্ছেন,—কত কিছু দিয়ে সেবা করালো—তা আমার গোড়া কপাল—একটা টাকা পাবে রেখে সত্যং কলুম কিনা, তাই কাঁদছি।" আমি বলিলাম—প্রভু ত অনেক টাকাকড়ি পেলেন, তবে এত চুপ করছ কেন? এত টাকা দিয়ে তিনি কি করবেন? এই বাক্যে বৃদ্ধা উৎসাহের সঙ্গে বলিতে লাগিল—একটি কথা, তাঁদের তো বেশী কিছুই দিতে হবে না, পাড়ার সকল সেটা ত আমাদেরই বাড়ির ওনারা কে গোঁসাই প্রভু, জানোনা, তাঁর যে 'পায়ে টাকা'। টাকা দিয়ে কত লোক, এবার ছেলেটির বিয়ে দেবেন, বউ-এর গয়না গড়াতেও তো হাজার পাঁচেক লাগবে। তা আমরি ভাগ্যে নাই! হরি বোল হরি বোল।

এখন আমরা বাল্যে যাত্রার সেই "পোষাকী নারদের" গল্পটীর একটু মনে পাইলাম। আমাদের প্রভুদেবও যাত্রার দলের নারদের মতই পোষাকী অপ্রাকৃত চিন্ময় প্রেমরসা আস্বাদনের সৌভাগ্য ও অপরকে প্রদানের যোগ্যতা দিবার ক্ষমতা ত বিন্দুমাত্রও নাই; পরন্তু এই গোস্বামী নামধারী আচার্য্য ভ্রবগণ জগতে প্রাণনাশিনী বিষের স্রোত প্রবাহিত করিতেছেন। ভাগবতের মর্ম্মার্থ ইহারা কস্মিন্ কালেও জানেন না। নিজেরই অনুরূপ শিষ্যসমাজে ইহাদের অবাধ প্রতিপত্তি, কলির মূর্ত্তিমান চরস্বরূপ ইহারা সর্ব্বোত্তম আসনে উপবিষ্ট হইয়া কি যে জগজ্জাল আনয়ন করিতেছেন, তাহা কি চক্ষুষ্মানগণ দেখিয়াও দেখিবেন না? অমল ভক্তি-ধর্ম্ম অপহরণকারী দস্যুতুল্য এই যুগল ভাগবতপাঠক আচার্য্যসন্তান, প্রভুপাদ-গণের অনুগমনে পরমার্থ ত দূরের কথা, নৈতিক চরিত্রের পর্য্যন্ত অবনতি কোন কোন স্থানে দৃষ্ট হয়। ইহারা—"গর্দ্দভ শৃথাস তুল্য শিষ্যগণ লক্ষ্য। কেহ বলে আমি রঘুনাথ ভাগ গিয়া।" শ্রীচৈতন্যভাগবত গ্রন্থে কবিকুলশেখর বৃন্দাবনদাস ঠাকুর কহিয়াছেন—"সে বা কেনে ভাগবত পড়ে বা পড়ায়। ভক্তির প্রভাব নাহি যাহার জিহ্বায়। শাস্ত্রের না জানি মর্ম্ম অধ্যাপনা করে। গর্দ্দভের প্রায় যেন শাস্ত্র বহি মরে। এই মত শাস্ত্র বহে অর্থ নাহি জানে। অধম সভার অর্থ অধম বাখানে।" অজ্ঞ লোকেরা প্রভুসন্তানদের কৃত্রিম অশ্রুকম্পাদি দেখিয়া তাঁদের প্রেমিকশিরোমণি জ্ঞান করিয়া বন্দিত হইতেছে। কিন্তু উহা ব্রজরসবিরোধের অকৃত্রিম আঘাত অপ্রাকৃত প্রেম নহে। উহা ইন্দ্রিয়-বৃত্তির তাণ্ডবনৃত্য। উহা ইন্দ্রিয়ের বহুপ্রসিদ্ধ বঞ্চনাকারিণী ছলনা। অপসম্প্রদায়ভুক্ত হেয় মনোবৃত্তিসম্পন্ন ব্যক্তির পক্ষেই ঐ প্রকার জঘন্য অভিনয় দেখাইয়া লোকের নিকট হইতে অর্থাদি সংগ্রহ করেন। কৃষ্ণবিদ্বেষী ভাগবতকে পদাঘাতে বিদায় করিয়া কার্ত্তিনীয়া সমবয়ের ঈথিন প্রোগ্রাম করেন। পরিশেষে বরাহরূপে ভাগবত গুমাইয়া পৃথিবীর কত লক্ষ-মুদ্রা লইয়াছিলেন? এঁর অন্ধ সমাজ-দোষার মানুষগুলি না অন্ধ জানেন-পন্থা করে? তুমি কি যাহার এই কৃষ্ণবিনিকা ভেদ করিয়া সত্যের অমলরশ্মি পাইবে? অনাদৃত ভেরেণ্ড আধ্যাত্মিক জগতের মুক্তমণি হইয়াছে!

শ্রীচৈতন্য চরিতামৃতের ত্রিবিধ পাঠক

(ভক্তিরত্ন শ্রীপাদ রাধাচরণগোস্বামী ভক্তিশাস্ত্রী সপ্রমাণ-বৈষ্ণবাচার্য্য)

শ্রীচৈতন্যচরিতামৃতের পাঠকগণকে সাধারণতঃ তিন ভাগে বিভক্ত করা যাইতে পারে। এক শ্রেণীর পাঠক কৌতূহলাক্রান্ত হইয়া গ্রন্থালোচনায় প্রবৃত্ত হন; কারণ, গ্রন্থখানি কি প্রকার? তাহার ভাষা কিরূপ? রচনা ও ভাবের সমাবেশ আছে কিনা? প্রভৃতি জানিবার জন্য অনেকের কৌতূহল জন্মে এবং সেই ভাবেই পাঠে নিযুক্ত হন।

আর এক শ্রেণীর ব্যক্তি স্বীয় অমঙ্গল লাভের জন্য বদ্ধ ব্যূহ হইয়া, দেহমনোবুদ্ধির অনুকূল প্রমাণাহরণে বদ্ধপরিকর থাকিয়া পাঠে প্রবৃত্ত হন। ইদানীং জগতের সর্ব্বত্রই তথাকথিত অমঙ্গলপিপাসু পাঠক ও শ্রোতার প্রাদুর্ভাব দেখা যাইতেছে। ইঁহারা শ্রীগ্রন্থে যাহাই পাঠ করুন না কেন, তাহাদের পূর্ব্বসংস্কারগত আউল, বাউল, সহজিয়াবাদের বদহজমের উদ্গারের পূতি-গন্ধ দেশময় ছড়াইয়া পড়িতেছে।

তৃতীয় শ্রেণীর পাঠক আত্মকল্যাণ-লাভের উদ্দেশ্যে ধৈর্য্য ও অভিনিবেশ সহকারে অধ্যয়নে বদ্ধপরিকর থাকিয়া সত্যানুশীলনের জন্য পাঠের যথার্থ ফল লাভ করেন। এই তিন প্রকার পাঠকের মধ্যে ইঁহারা উত্তম পাঠক। ইঁহাদিগের পাঠে আত্মপর-গন্ধনাশন প্রয়াস নাই। ইঁহারা কনক-কামিনী-প্রতিষ্ঠাসেবাশূন্য হইয়া পাঠে প্রবৃত্ত হইবার প্রবৃত্তি রাখেন না। বরং ভাঙারোষ অপনোদনার্থে শ্রীচৈতন্য চরিতামৃত গ্রন্থটিকে নিত্যপাঠ্য জ্ঞানে বরণ করেন। [illegible] ও পরিমাণমত উত্তরোত্তর প্রতিদিন [illegible] মঙ্গলময় মার্গে অগ্রসর হইতে [illegible] উপায়ে নিরত থাকেন।

প্রথমোক্ত কৌতূহলী পাঠকগণ [illegible] করিতে করিতে হয় বিতীয় শ্রেণীর পাঠক দ্বিতীয় স্তর আস্বাদনী অধিকারী নতুবা তৃতীয় শ্রেণীর আত্মকল্যাণকামী পাঠকগণের শ্রেণীতে পরিণত হইয়া পড়েন। কিন্তু সাধারণ পাঠক [illegible] যাঁহারা আত্মবান্ থাকেন বা শ্রীমুখবিগলিত শ্রীচৈতন্যচরিত-সুধা-আস্বাদন করিবার সুযোগ-সুবিধা পান নাই, তাঁহারা স্বীয় ভ্রান্ত ধারণায়, প্রমাদের তাড়না বঞ্চনেচ্ছাবশে ইন্দ্রিয়জ্ঞানের অপটু নিত্য (সনাতন) পূর্ণ শুদ্ধ ও নিরপেক্ষ সত্তা গ্রহণে অক্ষম।

ভ্রম, প্রমাদ, বিপ্রলিপ্সা ও করণাপাটবদোষচতুষ্টয়ের কবল হইতে মুক্তি লাভ করিতে হইলে শ্রৌতপন্থানুসরণ অবশ্য কর্ত্তব্য। অশ্রৌত বা তর্কপথ তাহাদিগকে প্রকৃত সত্তা উপলব্ধি হইতে দিবে না। সেই নিমিত্ত ভাগবতিক বিনয় সহকারে শ্রীচৈতন্যচরিতামৃত গ্রন্থ অধ্যয়ন করিবার ধৃষ্টতা বা প্রগল্ভতা প্রদর্শন করা উচিত নহে। বৈষয়িক পাণ্ডিত্যের বলে পারঙ্গত হইলেও শুদ্ধভক্তের আনুগত্যে শ্রীচৈতন্যচরিতামৃত পাঠে প্রবৃত্ত হইলে আত্মকল্যাণ সাধিত হইয়া থাকে।

— —

তুমি ও আমি

তুমি যদি চিন্ময় ভাস্কর।
চেতনের সম্পূর্ণ আকর॥
আমি তব কিরণের কণ।
তব জ্যোতি আমার জীবন॥
তুমি যেন অনন্ত অনন্ত।
পূর্ণ শক্তিধর মহাবল॥
অণু আমি বিস্ফুলিঙ্গপ্রায়।
চেতনতা তোমার কৃপায়॥
সাধারণ তুমি ভগবান্।
লীলাময় পুরুষ প্রধান॥
আমি দীন 'ভটস্থ' গঠন।
মায়াবশযোগ্য অনুক্ষণ॥
যদি তুমি ওহে বিশ্বপিতা।
হয় আমি তব গাত্রজিতা॥
নিয়ন্তৃত্ব ইচ্ছাময় তুমি।
মোর ইচ্ছা তব অনুগামী॥
নিত্য সেব্য প্রভু তুমি মম।
আমি তব নিত্য দাসাধম॥
ভয়হারী ওহে জনার্দ্দন।
(তুমি) জগতের একান্ত শরণ।

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীবলদেব বিদ্যাভূষণ-প্রণীত মূল, শ্রীল আচার্য্য-প্রভু তাৎপর্য্য-নির্ণয়িনী; শ্রীমদ্ভক্তিবল্লভ চক্রবর্ত্তী কৃত-সম্বন্ধ সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, সংস্কৃত অন্বয় ও তিলক; ভূমিকা ও বিস্তৃতসূচিপত্র। প্রতি স্কন্ধের আদিতে সেই স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ অধ্যায়ের সারমর্ম্ম-সুবিস্তৃত তাৎপর্য্যাদি বিবৃত। শ্লোকসূচী, অধ্যায়বিবরণ, পাত্র ও স্থানসূচীসহ উত্তম কাগজে উচ্চশ্রেণীর অক্ষরে মুদ্রিত। প্রথম হইতে ১০ম স্কন্ধ ছাপা সম্পূর্ণরূপে শেষ হইয়াছে। ভিক্ষা প্রথম হইতে ১ম স্কন্ধ পর্য্যন্ত ৫।৵০; দশম স্কন্ধ ১২৲; মূল্য ৮৲।

শ্রীশ্রীমদ্ভাগবত গোস্বামী-রচিত 'অমৃতপ্রবাহভাষ্য' শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত বঙ্গভাষ্যে প্রতি-শ্লোকাদি বহু শাস্ত্রপ্রমাণ-সম্বলিত হইয়া প্রকাশিত হইয়াছেন। শ্লোকের সান্বয়ব্যাখ্যা, বঙ্গানুবাদও প্রত্যেক পয়ারের পূর্ব্বে সংক্ষিপ্ত অন্বিতের সংযোজিত। প্রত্যেক অধ্যায়-প্রারম্ভে কথাসার দেওয়া আছে। শ্লোক, পয়ার, পদ্য, স্থান, পাত্র প্রভৃতির সুবৃহৎ সূচী ও গ্রন্থকারের সংক্ষিপ্ত জীবনী-সম্বলিত এইরূপ অপূর্ব্বসংস্করণ ইতঃপূর্ব্বে আর প্রকাশিত হয় নাই। উত্তম কাগজে পরিষ্কার টাইপের বড় বড় অক্ষরে মুদ্রিত হইয়াছে। গ্রন্থ প্রায় ১০০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা বর্ত্তমানে ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত গৌড়ীয় ভাষ্য, পদ্যসূচী, পয়ারসূচী, বিষয়-স্থান-পাত্রাদি-সূচী, গ্রন্থকৃতি বিবিধ চিত্র-সম্বলিত দ্বিতীয় সংস্করণ রয়েল ক্রাউন ৮ পেজী আকার। আদিখণ্ড ও মধ্যের কিয়দংশ প্রকাশিত হইয়াছে। ক্রমে ক্রমে প্রকাশিত হইতেছে। অগ্রিম ভিক্ষা ৫৲ টাকা, আদি লীলার মূল্য ৫৲।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের এরূপ অভিনব সুন্দর সংস্করণ আর কখনও প্রকাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকসমূহের অন্বয়, বঙ্গানুবাদ, ভাষ্য, কথাসার, তথ্য প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছে। মূল মোটা অক্ষরে ডবল ক্রাউন আটপেজী আকারে ছাপা হইয়াছে। মূল্য ২৷০ টাকা। নদীয়া প্রকাশ ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১৷০ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

—শ্রীগৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিঠাকুর গোস্বামিকৃতা সারার্থবর্ষিণী টীকানুগতা ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'রসিক-রঞ্জন' নামক ভাষ্যভাবানুবিদ্ধা। অধ্যায়সূচী, শ্লোকক্রমে শব্দ-সূচী, বিষয়-সূচী, গ্রন্থকারের জীবনী ও অবতরণিকাদি ভাষ্যসম্বন্ধীয় নানা উৎকৃষ্ট বাঁধাই তৃতীয় সংস্করণ—এই গ্রন্থ রয়েলে ভিক্ষা ২৲ টাকা মাত্র, সাধারণ সংস্করণ—১৷০ টাকা মাত্র

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের সেই অমিয়া-বিস্রাবিনী জীবাত্মস্বরূপোদ্বোধিনী দুঃখ-কার্পণ্যনিবর্ত্তিনী জীবন্ত-বাণীর মূর্ত্ত-বিগ্রহ—বৈষ্ণব-ভাব-রত্নমালার কৌস্তুভমণি—সম্প্রদায় বৈষ্ণবসিদ্ধান্তাম্বরের দৈবিক তথ্য—পঞ্চরাত্র ও ভাগবতের সমন্বয়গুরু—মহাজন-চরিতচর্চ্চিত-শিক্ষক—'ত্রিদণ্ডিপরিব্রাজক-আচার্য্য'-বিচারক—ঐশ্বর্য্য ও মাধুর্য্যরসের মৌলিক গবেষণার—সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন-তত্ত্বের ভাষ্য-সূত্র।

১। প্রথম খণ্ড—বৈষ্ণবদর্শন, শ্রীগুরুতত্ত্ব, কাল-ধর্ম্ম, শ্রীমন্মহাবির্ভাব, শ্রীগৌড়মণ্ডলী, পাঞ্চরাত্রিকী দীক্ষা ও বর্ণ-বিচার, আশ্রমধর্ম্ম ও মন্বোধর্ম্ম, শ্রীচৈতন্যদেব ও তাঁহার শিক্ষা, অপ্রাকৃত সহজধর্ম্ম ও প্রাকৃত সহজধর্ম্ম, প্রভৃতি বিংশতি সংখ্যক রত্নে সুশোভিত। ভিক্ষা মাত্র ৸০ বার আনা।

২। দ্বিতীয় খণ্ড—গুরু ও বিদ্যা [illegible] প্রেষ্ঠতা কোথায়, আত্মার নিত্যবৃত্তি, ঈশ্বর [illegible] ও মায়াবাদ, শ্রীগৌর-নিত্যানন্দপ্রভু, বিপ্রলম্ভের [illegible] ও কৃষ্ণ-কীর্ত্তন, শ্রীব্যাসপূজায় শ্রীমন্মহাপ্রভুর কীর্ত্তন প্রচারের গৌর-নামের মহিমা, মহাপ্রসাদ, শ্রীগোবিন্দ, শ্রীবৈষ্ণবগুরুজন-পদ, শ্রীমতী বৃন্দাবনেশ্বরী, শ্রীচৈতন্যের দয়া, গৌরকথা ও কৃষ্ণসঙ্কীর্ত্তন—চতুর্দ্দশ অপূর্ব্ব মধুরিমাপূর্ণ-বক্তৃতা-বিভূষিত। ভিক্ষা ১৲ এক টাকা মাত্র।

প্রথম ও দ্বিতীয়—দুই খণ্ড একত্রে লইলে ভিক্ষা ১৷০ দেড় টাকা, ডাক খরচ স্বতন্ত্র।

শ্রীমদ্ভগবদ্গীতা

গৌড়ীয়-বৈষ্ণবধর্ম্মাচার্য্য-কেশরী শ্রীশ্রীমদ্বলদেব বিদ্যা-ভূষণকৃত ভাষ্য ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরেরপ্রাঞ্জল বঙ্গ-ভাষায় বিস্তৃত 'বিদ্বদ্রঞ্জন' নামক ভাষ্যযুক্ত। অধ্যায়-সূচী, কিয়দ্বয়সূচী, ও প্রতি শ্লোকের প্রথম ও তৃতীয় পাদ সূচী, ভাষ্যকারের জীবনী প্রভৃতি সম্বলিত। উৎকৃষ্ট বাঁধাই, দ্বাদশসংস্করণ (তৃতীয় সংস্করণ) গ্রন্থের ভিক্ষা ২৲ টাকা।

প্রমেয়রত্নাবলী

শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ-প্রণীত বৈষ্ণবদর্শন, সম্বন্ধ ও গোবিন্দ-ভাষ্যাদি পড়িবার প্রথম গ্রন্থ। উৎকৃষ্ট কালিতে ছাপা। সুবিস্তৃত টীকা ও প্রাঞ্জলবঙ্গানুবাদ-সাহায্যে অতি সহজে বালকেরও বোধগম্য হইয়া থাকে। ভিক্ষা ৸০ আনা মাত্র।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

(প্রমাণখণ্ড) সানুবাদ। শ্রুতি-স্মৃত্যাদি গ্রন্থে শ্রীনবদ্বীপের যে মহিমা কীর্ত্তিত আছে, তাহার মূল সংস্কৃত ও অনুবাদ। ভিক্ষা ৵০ আনা।

শ্রীশ্রীনবদ্বীপভাবতরঙ্গ

শ্রীঠাকুর ভক্তিবিনোদ লিখিত। সুললিত গীতাকারে পরিক্রমার প্রণালী-বিষয়ক। ভিক্ষা ।০ আনা।

ভক্তিরত্নাকর ও নবদ্বীপ-পরিক্রমা

শ্রীল নরহরি চক্রবর্ত্তি-ঠাকুর রচিত। ভক্তিরত্নাকর হইতে পরিক্রমার অংশ মাত্র গৃহীত; শ্রীজীব গোস্বামী কি প্রকারে শ্রীনবদ্বীপধামের পরিক্রমা করিয়াছিলেন, তাহাই পদ্যে বিবৃত। ভিক্ষা ৵০ আনা

মাধুকরীকণা অমৃত

শ্রী ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। শ্রীচৈতন্যদেবের শিক্ষাপ্রণালী—কৃষ্ণ, কৃষ্ণশক্তি ও রস—বদ্ধ ও মুক্ত জীব, অচিন্ত্য-ভেদাভেদ-তত্ত্ব—সাধন-নির্ণয়—প্রয়োজন-তত্ত্ব, [illegible] কাণ্ড, নামাদির বিচার—বৈধী ভক্তি, ভাবভক্তি, প্রেমভক্তিসহ নামভজন-প্রণালী ও অষ্টকালীয় লী পরিচর্য্যাদি প্রথম শিক্ষার্থীর উপযোগী করিয়া সরল ভা সুন্দর যুক্তি-প্রমাণসহ লিখিত আছে। চতুর্থ সংস্করণ ম ২৲ টাকা, আবাধা ১৷০ টাকা মাত্র।

গৌড়ীয়কণ্ঠহার

শ্রীগৌড়ীয়-বৈষ্ণবগণের অনুক্ষণ কণ্ঠে ধারণযো শ্রুতি-স্মৃতি-পুরাণ-পঞ্চরাত্রাদি-সাধুত-শাস্ত্রসমূহের প্রমাণা বিষয়বিভাগক্রমে সানুবাদ গুম্ফিত। এইরূপ বৈষ্ণ সিদ্ধান্তের সারসমন্বয় অন্য কুত্রাপি প্রকাশিত হয় নাই ইহাতে গুরুতত্ত্ব—ভাগবত—বৈষ্ণব—গৌর—নিত্যানন্দ অদ্বৈত—কৃষ্ণ—শক্তি—ভগবত্তত্ত্ব—জীব—অচিন্ত্যভেদাভে —অভিধেয়—সাধনভক্তি—বর্ণধর্ম্ম—আশ্রম-ধর্ম্ম—শুদ্ধভ —প্রয়োজন ও প্রমাণ-তত্ত্বগুলি পৃথক্ অধ্যা সুন্দরং শ্লোকাদি সূচীসহ উৎকৃষ্ট এন্টিক কাগজে রো ব্লু কালিতে মুদ্রিত, উৎকৃষ্ট বাঁধা সোনার জলে নাম লেখ গ্রন্থ প্রায় ৪০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা ২৲ টাকা মাত্র।

শ্রীনবদ্বীপধাম-প্রদক্ষিণী

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত 'ধামমাহাত্ম্য—ধা মাহাত্ম্যের সানুবাদ প্রমাণ খণ্ড—শ্রীল নরহরি চক্রব ঠাকুরের ধামপরিক্রমাপদ্য—শ্রীধাম নবদ্বীপ পরিক্রমা—ভী যাত্রা পদ্ধতি—শ্রীমৎ প্রবোধানন্দকৃত নবদ্বীপশতক শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ প্রভৃ গ্রন্থ একত্র ভিক্ষা ৸০ আনা মাত্র।

শ্রীহরিনামামৃত ব্যাকরণ

শ্রীজীব গোস্বামী প্রভুপাদ-বিরচিত সূত্র ও বৃ তৎসহ ওঁবিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বা মহারাজের বিস্তৃত ভূমিকা ও সূচী প্রভৃতি স অপ্রত্যাশিতভাবে সুলভ। ভিক্ষা ২৲ টাকা, ছাত্রগণে পক্ষে ১৷০ টাকা মাত্র।

বেদান্তসূত্রসার

শ্রীমদ্রামানুজাচার্য্য-রচিত। জ্ঞানের বিশিষ্টাদ্বৈতবা প্রচারক শ্রীভাষ্য-প্রণেতা আচার্য্যপ্রবর বেদান্তদর্শন পাঠে উপযোগী করণার্থ এই উত্তম করিয়াছেন। ইহা বঙ্গানুবাদ ও সূচীপত্রাদি সংযোজিত করা হইয়াছে নাম মাত্র ভিক্ষা ।০ আনা।

শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও নবদ্বীপশতক

গৌরপার্ষদ জিদণ্ডী শ্রীমৎ প্রবোধানন্দ সরস্বতী-প্রণী মূল, প্রভুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারা সম্পাদিত অন্বয়মুখে ব্যাখ্যা ও বঙ্গানুবাদ সম্বলি নবদ্বীপশতকের শ্রীভক্তিবিনোদ ঠাকুরের পদ্যানুবাদ উৎসহ শ্রীমন্মহাপ্রভুর একটী জিগরঞ্জিত অলৌকিক চি প্রথম হইয়াছে। মূল ও ভাষ্য উৎকৃষ্ট (২ খা একত্রে) ভিক্ষা ৸০ আনা, অতি সুলভ বাঁধাই রাজসংস্ক ১৲ টাকা মাত্র।

শ্রীগ্রন্থসূচী

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। এই একমাত্র গ্রন্থদ্বয়ের জ্ঞান লাভ করিলে পারমার্থিক রাজ্যে কিছুতেই অজ্ঞান বা সংশয় থাকিবে না। পরম গূঢ় তত্ত্ববিষয়ক এইরূপ সরল ও জনয়ঙ্গমী গ্রন্থ এ পর্য্যন্ত প্রকাশিত হয় নাই। নিখিলগোস্বামি-শাস্ত্র-মতোদধি-মন্থনফলে এই গ্রন্থদ্বয় উত্থিত হইয়াছেন। আবার সুবিস্তৃত সূচী, কথাসার ইত্যাদি দ্বারা বিশেষ সমৃদ্ধ করা হইয়াছে। বিরাট গ্রন্থ, সোনার জলে নাম লেখা, উৎকৃষ্ট বাঁধাই—চতুর্থ সংস্করণ ভিক্ষা ২৲ টাকা মাত্র।

প্রেমবিবর্ত্ত

শ্রীমন্মহাপ্রভুর অন্তরঙ্গ পার্ষদ শ্রীল জগদানন্দ প্রভু বিরচিত। এই পুস্তকে অতি সুখবোধ্য ভাষায় মহাপ্রভুর কতিপয় লীলাসহ বৈষ্ণবাচার, একাদশী ও নামভজন-প্রণালী প্রভৃতি অনেক বৈষ্ণবতত্ত্বের সুমীমাংসা দেখিতে পাইবেন। পাদটীকায় দুরূহ স্থানের বিশদার্থ ও গ্রন্থকর্ত্তার পরিচয়াদি-সম্বলিত চতুর্থ সংস্করণ ভিক্ষা ৷৵০ দশ আনা মাত্র।

ভজনরহস্য

ভজনকারীর নিত্যসখী ; ঠাকুর ভক্তিবিনোদের অমূল্য দান ; নিখিল শাস্ত্রের নির্য্যাস। গ্রন্থখানি না দেখা পর্য্যন্ত কেহ বুঝিতে পারিবেন না। তৃতীয় সংস্করণ ভিক্ষা ৷৹।

হরিনামচিন্তামণি

নামাচার্য্য শ্রীল হরিদাস ঠাকুরের মুখে শ্রীমন্মহাপ্রভু শ্রীনাম-মাহাত্ম্য, নামাভাস, নামাপরাধ প্রভৃতি বিষয়ের যাবতীয় বিচার প্রবণ করিয়াছিলেন। এই বিষয়গুলির অতি সরল পয়ারে সংক্ষিপ্ত আলোচনা পরিশিষ্টাকারে মুদ্রিত। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। পঞ্চম সংস্করণ ভিক্ষা ৷৸০

কল্যাণকল্পতরু

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। প্রত্যেক ভগবদ্-বিশ্বাসী ও জ্ঞানপথের পথিকের একান্ত প্রয়োজনীয় উপদেশাবলীপূর্ণ গীতিগ্রন্থ। সামান্য লেখাপড়া-জানা লোকেও এই ভজনরাজ্যের গীতিসুধের দ্বারা অনর্থনিবৃত্তি ও ভগবৎসেবা লাভ করিবার সুবিধা পাইবেন। ষষ্ঠ সংস্করণ, ভিক্ষা ৵১০ আনা মাত্র।

শরণাগতি

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। ভগবানে আত্মসমর্পণ, জিজ্ঞাসা, ভজনলালসা, ষড়্‌বিধা শরণাগতি ও সিদ্ধি-লালসা-বিষয়ক গীতিপূর্ণ, ভিক্ষা ৵০ আনা মাত্র।

গীতাবলী

শ্রীঠাকুর ভক্তিবিনোদ-প্রণীত। নিত্য ভজন, আরাত্রিক ও প্রসাদ-সেবনাদি-বিষয়ক মধুর গীতসমূহ একত্রে গ্রথিত। ভিক্ষা ৵০ আনা মাত্র।

শ্রীসত্যকল্পদ্রুম

রসিকেন্দ্রচূড়ামণি শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-বিরচিত প্রসগ্রন্থ। শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের অনুবাদ-সহ। ভিক্ষা ৷৹ আনা মাত্র।

শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ও শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর প্রতি শ্রীরূপ গোস্বামীর উপদেশবাণী, ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিষয়ে সুবিচারিত সম্বোধন ভাষ্য, বিস্তৃত বিবৃতি, চরিতামৃতের প্রমাণ, সাধ্য ব্যাখ্যা ও মহাজন-প্রণীত তদুপযোগী গীতমধুর প্রত্যেক শ্লোকের সহিত সন্নিবেশিত হইয়াছে। ৩য় সংস্করণ ভিক্ষা ৷৵০ আনা।

সাধন-কল্প

শ্রীরঘুনাথ দাস গোস্বামীর মনঃশিক্ষা, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-চরিত পদ্যানুবাদসহ। ভিক্ষা /০ আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা

শ্রীল ঠাকুর নরোত্তমের সুপ্রসিদ্ধ প্রেমভক্তিবিষয়ক গানের পুস্তক। ভিক্ষা /০ আনা মাত্র।

নবদ্বীপশতক

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপাদের সংস্কৃত নবদ্বীপশতকের সুললিত পদ্যানুবাদ। ভিক্ষা /০ আনা মাত্র।

অর্চ্চনপদ্ধতি

শ্রীল লোকনাথ রচিত। বৈষ্ণবতা-জ্ঞানের আকর পুস্তক। ভিক্ষা /০ আনা মাত্র।

সদাচারস্মৃতি

শ্রীল মদ্বাচার্য্য-প্রণীত। বৈষ্ণবের নিত্যকর্ম্মাদি সদাচারাবলী, বঙ্গানুবাদ সহিত। ভিক্ষা /০ আনা মাত্র।

মণিমঞ্জরী

কবিকুলকেশরী শ্রীনারায়ণাচার্য্য রচিত। শ্রীমন্মধ্বাচার্য্যের সংক্ষিপ্ত জীবনলীলা ও মূল বৈষ্ণবধর্ম্মমত। সানুবাদ ভিক্ষা ।০ আনা মাত্র।

গৌরকৃষ্ণোদয়

প্রাচীন কবি শ্রীগোবিন্দ দেব প্রণীত শ্রীগৌরাবতারের প্রমাণাবলী-সংবলিত সংস্কৃত গ্রন্থ। ভিক্ষা ৷৹ আনা

যুক্তিমল্লিকা (তর্কসৌরভ)

শ্রীমদ্ভাগবতসম্প্রদায়ানুগত শ্রীমদ্বিরাজ স্বামিকৃত। যথাযথরে সানুবাদ এই গ্রন্থের প্রকাশ পারমার্থিক সাহিত্য-জগতে এই সর্ব্বপ্রথম। শ্রীমন্মধ্বাচার্য্য হইতে ষোড়শপুরুষ দ্বিতীয় মধ্বাচার্য্য নামে খ্যাত শ্রীবাদিরাজতীর্থ স্বামী এই গ্রন্থে সাধারণ যুক্তি ও লৌকিক ন্যায়ানুসারে কিরূপ সুন্দরভাবে ভক্তিবিরোধি-মতবাদ সমূহ খণ্ডন করিয়াছে, তাহা পাঠ করিতে করিতে আশ্চর্য্যান্বিত হইতে হয়। ইহাতে যুক্তির দ্বারা চার্ব্বাক, জৈন, বৌদ্ধ, নৈয়ায়িক ও মায়াবাদিমত-সমূহের মুণ্ডপাত করিয়াছে। ভিক্ষা ২৲ টাকা মাত্র।

গোস্বামী শ্রীল রঘুনাথ দাস

(ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত ভূমিকা সহ) গৌরপ্রেষ্ঠ স্বরূপ-রূপের একমাত্র প্রিয়তম শ্রীল দাস গোস্বামী প্রভুর অপূর্ব্ব চরিতামৃত ও শিক্ষা অতীব প্রাঞ্জল ও সরল ভাষায় লিখিত এবং পরিশিষ্টে দাসগোস্বামী প্রভুর বিরচিত কতকগুলি সানুবাদ মধুতম স্তব ও মনঃশিক্ষা-সম্বলিত। ভিক্ষা বাঁধাই ৷৹ আনা, মাথাবাঁই ৷৵০ আনা মাত্র।

চিত্রে নবদ্বীপ

প্রাচীন নবদ্বীপের অবস্থিতি, তথা, ঐতিহ্য, শ্রোত ও ঐতিহাসিক প্রমাণসম্বলিত নদীয়া দীপের সচিত্র বিবরণ-গ্রন্থ। রায়বাহাদুরের কুমার শ্রীযুক্ত শরদিন্দু নারায়ণ রায় এম, এ, প্রাণ্ড (লোহার), বেদান্তকুমুদ মহোদয় কর্ত্তৃক সঙ্কলিত এবং ৪৭ খানি বিভিন্ন বর্ণের অপূর্ব্ব চিত্র ও মানচিত্র-সমন্বিত ; প্রাচ্যবিদ্যামহার্ণব ন্যায় রায়ের শ্রীযুক্ত নগেন্দ্র নাথ বসু বিশ্বকোষসম্পাদক মহাশয়ের বিস্তৃত ভূমিকা সহ। উৎকৃষ্ট (ইং) মলাটে বাঁধাই মূল্য ১৷০, ভিঃ পিঃ তে ২৲ টাকা মাত্র।

সাধক-কণ্ঠমালা

গুরুবন্দনা, বৈষ্ণব-বন্দনা, বৈষ্ণবমহত্ত্ব, বাঙ্গালার গীত, শ্রীনামতত্ত্ব, শ্রীমন্মহাপ্রভুর অষ্টোত্তরশত নাম, অষ্টপ্রহর নামকীর্ত্তন, শ্রীনামসঙ্কীর্ত্তন, প্রেমধ্বনি, বাউলসঙ্গীত, নবদ্বীপ-মহিমা, শ্রীবাসপুর মহিমা, শ্রীনরোত্তম-প্রভুর অষ্টক আচার্য্য-বন্দনা, ষড়্‌গোস্বামীর অষ্টক, প্রেমভক্তিচন্দ্রিকা, উপদেশমালা, নামভজন-প্রণালী, মহাপ্রভু ও রায় রামানন্দ সংবাদ, মনঃশিক্ষা, শ্রীগুরুপ্রণতি, শ্রীগুরু-পঞ্চাশৎ, মহাপ্রভুর বন্দনা প্রভৃতি সাধক ও সিদ্ধজীবনের নিত্যপাঠ্য, বৈষ্ণবগণের কণ্ঠাশ্রিত ফুলমালার ন্যায় অনুক্ষণ কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ। ভিক্ষা ৷৵০, বাঁধাই ৷৹ মাত্র।

গৌড়ীয়-গৌরব

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয় সম্পাদক শ্রীপাদ সুন্দরানন্দ পরবিদ্যাবিনোদ-প্রদত্ত বক্তৃতার বিষয় গ্রন্থাকারে প্রকাশিত। ইহাতে গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ের ইতিহাস সূত্রাকারে গ্রথিত হইয়াছে। ভিক্ষা ৷৵০ মাত্র।

গৌড়ীয় সাহিত্য

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয়-সম্পাদক শ্রীপাদ সুন্দরানন্দ পরবিদ্যাবিনোদপ্রভু প্রদত্ত বক্তৃতার বিষয় গ্রন্থাকারে প্রকাশিত। ইহাতে সাহিত্য-শব্দের অর্থ এবং গৌড়ীয়-সাহিত্যের বিষয় সূত্রাকারে বর্ণিত হইয়াছে। ভিক্ষা ৷৵০ আনা মাত্র।

শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা-দর্পণ

শ্রীগৌড়ধামের যে সকল স্থানে সপরিকর শ্রীমন্মহাপ্রভু এবং তদনুগ পরবর্ত্তী মহাজনগণ লীলা করিয়া গিয়াছেন, সেই সব আধুনিক ভৌগোলিক পরিচয় ও দেবপ্রতিষ্ঠাদির পরিচয় সহ যাত্রীদিগের সুবিধা নির্দ্দেশ ইত্যাদি বিষয়গুলি সন্নিবেশিত আছে। ভিক্ষা ।০ আনা।

THE HARMONIST
OR SHREE SAJJANATOSHANI

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রতিষ্ঠিত এবং শ্রীল ভক্তি সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত পারমার্থিক মাসিক পত্র। এক্ষণে ইংরাজী ভাষায় অষ্টাবিংশ বর্ষে ডবলক্রাউন ৮ পেজী ৪ ফর্ম্মা আকারে প্রতি মাসে ৬৪ পৃষ্ঠা নানের বিবিধ-বৈষ্ণবতত্ত্ব লইয়া উপস্থিত হইতেছেন। কাগজ, মুদ্রণ-পারিপাট্য ও চিত্রাদি অতীব চিত্তাকর্ষক। এই প্রকার উৎকৃষ্ট প্রবন্ধ আর কোন মাসিক পত্রাদিতে দেখিতে পাইবেন না। বার্ষিক ভিক্ষা ডাকমাশুলসহ ৩ টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ

বিশ্ববৈষ্ণব রাজসভার শুদ্ধভক্তিমঠসমূহ

চন্দ্র মঠ

আচার্যদেব শ্রীমদ্ভক্তিপ্রজ্ঞান

প্রাচীন নবদ্বীপ, ভূমিখণ্ড শ্রীধাম মায়াপুর, নদীয়া

শ্রীমায়াপুরপীঠ হইতে প্রায় ৩০০ বছর উত্তর-পূর্বে শ্রীজলপথে আচার্যবর্য শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীশ্রীচৈতন্য-মঠ বিরাজমান।

এই স্থান সারস্বত-গৌড়, পরবিদ্যাপীঠ বা সাধক অন্তরঙ্গদী। এই মহাতীর্থে শ্রীহরি-নামাশ্রিত আচরণাদি-যোজনসমূহ, পরবিদ্যার অন্তর্গত ভাষা, নাটক, অলঙ্কার, তথা প্রমাণ-উপনিষদ্-গীতা-সূত্র-প্রধান-চতুষ্টয়ের অধ্যয়ন ও অধ্যাপনা এবং তথায় শ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্বিকা-গিরিধর ও সাধক সাম্প্রদায়িক-আচার্য-চতুষ্টয় তাঁহাদের উপাস্য বিগ্রহের সহিত নিত্য সেবিত হইতেছেন। এই মঠরাজে পারমার্থিক দৈনিকপত্র সাধক-সম্প্রদায়ের অত্রত্যস্থিত ও প্রাচীন গ্রন্থরাজি প্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় প্রতিষ্ঠিত রহিয়াছেন। প্রতিবৎসর শ্রীব্যাস-পরিক্রমানুষ্ঠান ও অপরাহ্ণ ভক্তগোষ্ঠীসহ কীর্তন প্রোগ্রামসহ মহামহোৎসবাদি ভক্তগণ অনুষ্ঠিত হইয়া থাকে। রক্ষক—ব্রহ্মচারী শ্রীধাম নবদ্বীপবাসী। সহকারী—শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী, পণ্ডিত শ্রীপাদ গৌরদাস ব্রহ্মচারী ভাগবতরত্নগর্ভ, শ্রীপাদ বীরচন্দ্র ব্রহ্মচারী, শ্রীপাদ নন্দগোপাল ব্রহ্মচারী, শ্রীমধুসূদন ব্রহ্মচারী, শ্রীমদনগোপাল ব্রহ্মচারী, ভক্ত নরেন্দ্র, হরিপদ, রেবতীমোহন প্রভৃতি সজ্জনগণ।

ত্রিপুরারী শ্রীমদ্ভক্তিপ্রবীণ তীর্থ মহারাজ এখানে হরিকথা কীর্তন করিতেছেন

---

(৩) যোগপীঠ শ্রীমন্দির

এই স্থান শ্রীজগন্নাথমিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগ-পীঠ। এখানে শ্রীলক্ষ্মীপ্রিয়া ও শ্রীবিষ্ণুপ্রিয়াসহ শ্রীগৌরনারায়ণ এবং শ্রীচৈতন্য ও শ্রীমহাপ্রভুর নিত্য সেবা তথা শ্রীমন্দির সেবা বর্তমান। রক্ষক—লোক-নাথের গোস্বামী ভট্টাচার্য প্রভু শ্রীমহা-প্রসাদ। সহকারী শ্রীবিশ্বানন্দ ব্রহ্মচারী, শ্রীমহাপ্রবিনোদ ভক্তিভূষণ, শ্রীমহাদাস ব্রহ্ম-চারী। শ্রীমাধবদাস অধিকারী, রেবতীমো

(৪) শ্রীবাস-অঙ্গন

শ্রীমন্মহাপ্রভুর কীর্তন-বিলাস বা শ্রীগৌরলীলার স্থানভূমি। এখানে শ্রীশ্রীগৌর-বিদ্যানন্দ ও পঞ্চতত্ত্বের সেবা বর্তমান।

রক্ষক—শ্রীপ্রভাকরভূষণ ব্রহ্মচারী।

(৫) অদ্বৈত-ভবন

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্তমান।

রক্ষক—শ্রীঅদ্বৈতানন্দ বাসাধিকারী, শ্রীগোকুলদাস বাবাজী।

(৬) কাজীর সমাধি গাছি

প্রাচীন মায়াপুর, বামনপুকুর (নদীয়া)

শ্রীগৌরসুন্দরের শ্রীনবদ্বীপলীলার সাক্ষি।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীবিশ্বাবিনোদী।

(৭) শ্রীবাসাদি-ভক্তবৃন্দ-ভূমি

শ্রীবাসাঙ্গন, বামনপাড়া (নদীয়া)

এখানে শ্রীমন্মহাপ্রভু নিজ ভক্তবিনোদাদিসহ।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীবিশ্বাবিনোদী।

(৮) শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

বরমনসিংহ।

রক্ষক—শ্রীবসুবর ভক্তিশাস্ত্রী এম, এ, বি, এল, সহকারী—শ্রীউদ্ধবদাস ভক্তি-শাস্ত্রী, শ্রীউজ্জ্বল অধিকারী প্রভৃতি।

(৯) শ্রীগৌর-গদাধর-মঠ

চাঁপাতলী, সরডাঙ্গা, (বর্ধমান)

শ্রীল গদাধরদাস প্রতিষ্ঠিত গৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরেরাম ব্রহ্মচারী, ভক্ত শ্রীগদাধর দাস।

১০ শ্রীরূপগৌড়ীয়-মঠ

বারাণসী, প্রয়াগ হইয়া, দিল্লী

রক্ষক—শ্রীবিলাস ব্রহ্মচারী, সহকারী—শ্রীসর্বেশ্বর ব্রহ্মচারী।

(১১) শ্রীমোক্ষদাশ্রম—

মাউখালি, ভাগলপুর, বর্তমান।

শ্রীব্যাসাবতার ঠাকুর কৃষ্ণদ্বৈপায়নের স্থান।

রক্ষক—শ্রীবংশীধারী ব্রহ্মচারী, ভক্ত শ্রীনারায়ণ।

(১২) ভাগবত আশ্রম

শ্রীভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।

ভাগবতসিদ্ধান্ত গ্রন্থাবলীর প্রচার-কেন্দ্র।

রক্ষক—শ্রীকৃষ্ণানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(১৩) শ্রীপ্রপন্নাশ্রম মঠ

গোবিন্দপুর, ইলামবাজার, নদীয়া।

রক্ষক—শ্রীঅনুপানন্দ ব্রহ্মচারী। সহকারী শ্রীনরসিংহ ব্রহ্মচারী, শ্রীলক্ষ্মীগোপীবাসাধিকারী, শ্রীমধুসূদন পাণ্ডা, ভক্ত বিশ্বনাথ

(১৪) শ্রীমায়াপুর-গৌড়ীয় মঠ

৯নং নবাবগঞ্জ রোড, ঢাকা।

পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র, এখানে শ্রীরূপ-গৌরাঙ্গ পাঞ্চরাত্রিকদের সেবা বর্তমান।

রক্ষক—শ্রীদামোদরদাস ব্রহ্মচারী, শ্রীপাদ বিশ্বানন্দ পরবিদ্যাবিনোদ বি-এ, শ্রীপ্রাণ-গৌর ব্রহ্মচারী, শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী, শ্রীপতিতপাবন ভক্ত।

(১৫) শ্রীগোপালজী মঠ

কমলাপুর, ঢাকা।

গোপালজীর শ্রীবিগ্রহের প্রাচীন সেবা

রক্ষক—শ্রীদামোদরদাস ব্রহ্মচারী।

(১৬) শ্রীগদাই-গৌরাঙ্গ মঠ

ভক্তিকুটি-প্রকাশিনী সভা, বালিয়াটি ঢাকা

শ্রীগদাই-গৌরাঙ্গের নিত্য সেবা

রক্ষক—শ্রীপূর্ণপ্রজ্ঞ ব্রহ্মচারী, শ্রীবিলাস ব্রহ্মচারী

(১৭) শ্রীভাগবতজনাশ্রম মঠ

ভিরুলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্বিকা-গিরিধারীর নিত্যসেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীনরহরিদাসজী।

(১৮) আমলাবোড়া প্রপন্নাশ্রম

রাজবাঁধ পোঃ বর্ধমান।

শ্রীগুরুগৌরাঙ্গ-শ্রীরাধিকা গিরিধারীর নিত্যসেবা। রক্ষক—ব্রহ্মচারী শ্রীহরি-কিশোর।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

পুরীধাম, পুরী, উড়িষ্যা।

এখানে শ্রীগৌর-বিনোদবাধবজীর নিত্য-সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমা-নন্দ বিদ্যারত্ন, ব্রহ্মচারী শ্রীনবীনানন্দ, শ্রীপরেশানুভব ব্রহ্মচারী, শ্রীরাধবানন্দ ব্রহ্মচারী, ভক্ত শ্রীবিশাই।

(২০) শ্রীগুরু-গৌড়ীয় মঠ

আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী।

ভগবদ্ধামোদের অন্তর্ধানের সময়ে শ্রীমদ্ভক্তি-প্রজ্ঞান মহারাজ। রক্ষক—ব্রহ্মচারী শ্রীনরমেধরী প্রাণজী। সহকারী—ব্রহ্মচারী শ্রীবিপিনবিহারী।

(২) শ্রীগৌড়ীয় মঠ

১৬ নং কালিপ্রসাদ চক্রবর্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

টেলিফোন বি, বি, ৪১১৫

শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর শ্রীমন্মহাপ্রভুর বাণী প্রচারকল্পে ১৯১৮ খৃষ্টাব্দে কলিকাতায় শ্রীগৌড়ীয় মঠ প্রতিষ্ঠা করেন। এই মঠ হইতে শ্রীগুরু-গৌরাঙ্গ-শ্রীবিনোদানন্দ গীত বিশ্বময় নিত্য সেবিত হন। গৌড়ীয় আচার্যবর্যের বাণীসমূহ প্রচারকল্পে শ্রীমঠে সংরক্ষিত একটি বৃহৎ মুদ্রণ যন্ত্রালয় সংস্থাপিত হইয়াছে। পৃথিবীর সর্বত্র শ্রীগৌরবাণী-প্রচারার্থ এই যন্ত্রালয় হইতে 'গৌড়ীয়' সাপ্তাহিক পত্র, দি হরমনিষ্ট মাসিক পত্রিকা ইংরাজী ভাষায় নিয়মিতভাবে প্রকাশিত হইতেছেন। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্তন, সপ্রকাশ-চতুষ্টয়-সেবা, শ্রীমদ্ভাগবত, শ্রীচৈতন্য-চরিতামৃতাদি-লীলা ও তত্ত্বগ্রন্থের সম্যক্ আলোচনা হইয়া থাকে। মঠরক্ষক—আচার্যাত্মিক শ্রীপাদ কৃষ্ণবিহারী বিদ্যাভূষণ। সহকারী—পণ্ডিত শ্রীপাদ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ বি-এ, শ্রীপাদ হরবিহারী ব্রহ্মচারী, শ্রীপাদ জগন্নাথ বাসাধিকারী বি-এ, শ্রীপাদ ভক্তগোপাল বাসাধিকারী, ব্রহ্মচারী শ্রীকীর্তনানন্দ, ব্রহ্মচারী শ্রীগোপীরমণ, ব্রহ্মচারী শ্রীবনবিহারী, পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ পরবিদ্যালঙ্কার সম্প্রদায়বৈষ্ণবাচার্য, শ্রীমদ্বয়জ্ঞানবাসাধিকারী বি-এ, শ্রীরূপরঞ্জনদাস বি-এল, শ্রীঅনুপম জ্ঞানকোবিদ, শ্রীবিশ্বম্ভর ব্রহ্মচারী, শ্রীনরহরিদাস ব্রহ্মচারী প্রভৃতি

(২১) শ্রীসচ্চিদানন্দ মঠ

কাঁঠরাবাজার, কটক।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-বিনোদবিহারী-জীর নিত্যসেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীগদাধর শ্রীবাসানন্দ ব্রহ্মচারী

(২২) শ্রীললাতন-গৌড়ীয় মঠ

ললা অমরজ্যোতিপুরা, কাশী।

গৌর-গোবিন্দপুর সনাতন-শিক্ষামৃত এখানে গৌরসেবা বর্তমান। রক্ষক—শ্রীজগদীশনাথজী, শ্রীপদ্মানন্দ ব্রহ্মচারী

(২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

শ্রীবৃন্দাবনধাম কুঞ্জ, শ্রীধাম বৃন্দাবন।

শ্রীরাধা-শ্রীকৃষ্ণ-যোগনাথ সেবা।

রক্ষক—শ্রীগণপতিনাথ ব্রহ্মচারী

(২৪) শ্রীপরমহংস মঠ

নৈমিষারণ্য, সীতাপুর

এখানে শ্রীমদ্ভাগবত পাঠশালা, শ্রীগৌর-বিনোদ বিলাসজীর সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীবৃন্দাবনানন্দ ও ব্রহ্মচারী শ্রীনন্দদুলাল।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ

চুপুরকুণ্ডা, চিতকুণ্ডা, ধানবাদ। শ্রীচৈতন্য-মঠের শাখা। রক্ষক—শ্রীরাধানাথ ব্রহ্মচারী, শ্রীরাধাকৃষ্ণ-পানন্দ ব্রহ্মচারী, শ্রীরাধাতীর্থ সেবাধিকারী

(২৬) ব্যাসগৌড়ীয় মঠ

ইকলেশ্বর, ধানেশ্বর, ওমান। এখানে শ্রীগৌরবিনোদ-বাণীর সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীনরহরিদাসজী, শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

(২৭) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রম-মঠ

ব্রাহ্মণপাড়া, পোঃ মাহু, বাঁকুড়া

এখানে শ্রীগুরুমূর্তি শ্রীগৌরাঙ্গের সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপ্রাণগোপাল দাস, শ্রীগরুড়ধ্বজ ব্রহ্মচারী।

(২৮) শিল্প গৌড়ীয় মঠ—কাঁকুরগাছি

৫নং গৌড়ীয় লেন, ডাকঘর বেলঘরিয়া, মিউ দিল্লী

রক্ষক—ব্রহ্মচারী শ্রীগৌরকৃষ্ণ, শ্রীকৃষ্ণপ্রেম শ্রীরাধারমণচরণপদ্ম

(২৯) মোয়ালপাড়া প্রপন্নাশ্রম

রক্ষক—ব্রহ্মচারী শ্রীরাধাগোবিন্দ

পাঞ্জাব সংখ্যালঘু সম্প্রদায় সম্মেলনের প্রস্তাব

"যদি কংগ্রেস এখনও তাঁহার কার্য্যধারার পরিবর্ত্তন করে এবং ভারতের বিশেষতঃ রাষ্ট্রে যদি জাতীয়তাবাদের সহিত সাম্প্রদায়িকতাবাদের কোনও আপোষ থাকে এবং প্রত্যেক ভারতবাসীই ভারতের জন্য কার্য্য করিবে বলিয়া ঘোষণা করা হয়, শুধু তখনই সংখ্যালঘু সম্প্রদায় সমস্যার সমাধান হইতে পারে।"

৪ঠা জুলাই সন্ধ্যায় পাঞ্জাবের সংখ্যালঘু সম্প্রদায় সমূহের (হিন্দু, শিখ, খৃষ্টান) সম্মেলনের অভ্যর্থনা সমিতির সভাপতি সর্দ্দার বাহাদুর মেজর সিং তাঁহার অভিভাষণে উপরোক্ত মন্তব্যটি প্রকাশ করেন।

অতঃপর তিনি সাম্প্রদায়িকতার তীব্র নিন্দা করিয়া বলেন যে, সাম্প্রদায়িক ভিত্তির অধীন কোনও সংখ্যালঘু সম্প্রদায় স্বাধীনভাবে কাজ করিতে পারিবে না।

সম্মেলনের সভাপতি মিঃ কে, এল, গউবা (খৃষ্টান) তাঁহার অভিভাষণে, মহাত্মা গান্ধী গোলটেবিল বৈঠকে যোগ দান করিতে সম্মত হইয়াছেন বলিয়া আনন্দ প্রকাশ করিয়া বলেন যে, ভারতের ভাবী চুক্তিতে সাম্প্রদায়িক নীতিতে বিশ্বাসক মণ্ডলী-চতুষ্টয়ের কথা মোটেই উল্লেখিত হয় নাই। কারণ সাম্প্রদায়িকতাবাদ সংস্কার কার্য্যে এক সম্প্রদায়কে অপর সম্প্রদায়ের বিরুদ্ধে চালিত করে। কংগ্রেসকে তিনি বহু সাম্প্রদায়িক দাঙ্গার জন্য দায়ী করেন।

সম্মেলনে প্রায় ২৫০ জন প্রতিনিধি যোগদান। রাজা নরেন্দ্রনাথ, ভাই পরমানন্দ এবং ডাঃ মুঞ্জে প্রভৃতিও সম্মেলনে যোগদান করিয়াছিলেন।

কেবল স্বদেশী লবণ বিক্রয়

দিনাজপুরের স্বদেশী লবণ বিক্রেতাগণ সভায় এই মর্ম্মে এক প্রস্তাব গ্রহণ করিয়াছেন যে, অতঃপর তাঁহারা স্বদেশী ভিন্ন আর কোনপ্রকার লবণ বিক্রয় করিবেন না। তাহাদের এই প্রস্তাবটী ঢোল সহরতে ঘোষণা করা হয়।

চট্টগ্রাম জেলে প্রায়োপবেশন

চট্টগ্রামের হেডগান বাজারের বিস্ফোরক দ্রব্য প্রাপ্তি সম্পর্কে বিমল নাগ, জ্ঞানরঞ্জন গুপ্ত, সুবিমল সেন, প্রমোদ দাশগুপ্ত প্রভৃতি ছয় জনকে গ্রেপ্তার করা হইয়াছে, সংবাদ পাঠকবর্গ অবগত আছেন। তাঁহাদিগের সকলকেই চট্টগ্রাম জেলে রাখা হইয়াছে সংপ্রতি সংবাদ পাওয়া গিয়াছে, গত ছয় দিবস যাবৎ তাহারা অনশন ব্রত গ্রহণ করিয়াছে গত ৩রা জুলাই হইতে নাকি তাহাদিগকে বলপূর্ব্বক খাওয়ান হইতেছে।

মেকী মুদ্রায় নয়মাস কারাদণ্ড

মজহর হোসেন নামক জনৈক লোক কলেজ ষ্ট্রীট মার্কেটে একটা মেকী টাকা ও একখানি মেকী আধুলী চালাইতে চেষ্টা করিয়াছিল বলিয়া জোড়াবাগানে চতুর্থ প্রেসিডেন্সী মিঃ এইচ. কে দের এজলাসে অভিযুক্ত হইয়াছিল। বিচারে তাহার প্রতি নয়মাস সশ্রম কারাদণ্ডের ব্যবস্থা হইয়াছে।

মিথ্যা টিকেট ব্যবহারে দণ্ড

সত্যচরণ অধিকারী নামক এক ব্যক্তি বিগত ২২শে এপ্রিল তারিখে ব্যবহৃত একখানা রেলওয়ে টিকেট লইয়া ই, বি, রেলওয়ের ৪৩ আপ ট্রেণে দমদমা হইতে ইচ্ছাপুর গমন করিতেছিল; অবশেষে ধৃত হওয়ায় শিয়ালদহের অনারারী ম্যাজিষ্ট্রেট মিঃ কোলার এজলাসে বিচারার্থ আনিতে হয়। বিচারক আসামীর প্রতি ২০ টাকা অর্থদণ্ডের অনুজ্ঞায় ১০ দিন বিনাশ্রম কারাবাসের আদেশ প্রদান করিয়াছেন।

ব্রহ্মে ক্ষমার যোগ্য বিদ্রোহী ব্যক্তিদের নাম প্রকাশপ্রায়

একখানি সরকারী ইস্তাহারে প্রকাশ, যে সকল বিদ্রোহী নেতা ও তাহাদের সহকারী, সরকার কর্ত্তৃক ক্ষমার যোগ্য বলিয়া বিবেচিত হইয়াছে তাহাদের নাম প্রস্তুত করা হইতেছে। এই সম্পর্কে সত্বরই এক বিজ্ঞাপন প্রচার করিয়া প্রতি জিলায় বিদ্রোহীদিগকে জানান হইবে। একজন স্পেশ্যাল কমিশনার উক্ত নামের তালিকা পরীক্ষা করিয়া দেখিতেছেন। অপরাধী নেতাদের সংখ্যা খর্ব্ব করিবার চেষ্টা করা হইতেছে।

প্রোম জিলায় এ পর্য্যন্ত ৬ শত বিদ্রোহী আত্মসমর্পণ করিয়াছে।

দক্ষিণ ভারতে ৫ হাজার তোলা চোরাই রৌপ্য ধৃত

পণ্ডিচেরী সরকারী কাষ্টম বিভাগের কর্ম্মচারীরা ৫ হাজার তোলা চোরাই রৌপ্য ধরিয়া ফেলিয়াছে। প্রকাশ, এই রৌপ্য নাকি পণ্ডিচেরী হইতে গোপনে আনীত হইয়াছিল। গত ২রা জুলাই রাত্রিতে উক্ত কর্ম্মচারীরা ভেল্লীধুরম, ভিলুপুরম ও কলাকুরে এই সকল রৌপ্য পাইয়াছে। এত অধিক পরিমাণ চোরাই রৌপ্য আর কখনও ধরা পড়ে নাই।

বিদেশী বস্ত্রের দোকানে পিকেটিং

একটী দলে ৩০ জন স্বেচ্ছাসেবক কোয়েম্বাটুর সহরের বিদেশী বস্ত্রের দোকানসমূহে পিকেটিং করিতেছেন। ব্যবসায়ীরা আর নূতন স্টক বিদেশীবস্ত্র আমদানি করিতেছেন না। কোয়াম্বাটুরের প্রায় সমস্ত কলগুলি কংগ্রেসের প্রতিশ্রুতি পত্রে স্বাক্ষর করিয়াছে।

পুষ্করিণীতে বালিকার মৃতদেহ

প্রকাশ, রংপুর দেওয়ানী আদালতের নকলনবীশ মৃত জনার্দ্দন দাসের ছয় বৎসর বয়স্কা পৌত্রীর মৃতদেহ তাহার গৃহ সন্নিকটস্থ পুষ্করিণীতে সন্দেহজনক অবস্থায় পাওয়া গিয়াছে। উক্ত স্থান সহর হইতে অধিক দূরে নহে এবং কোতোয়ালী থানার অন্তর্গত।

সংবাদ পাইয়া পুলিস অবিলম্বে ঘটনাস্থলে উপস্থিত হইয়া পুষ্করিণী হইতে মৃতদেহ বাহির করে। বিশেষভাবে পরীক্ষা করিয়া মৃতদেহের কয়েকটি স্থানে আঘাতের চিহ্ন দেখা যায় এবং অনুসন্ধেয় এই শোচনীয় কাণ্ড অনুষ্ঠিত হইয়াছে বলিয়া সন্দেহ করা হয়। পুলিশ মৃতদেহটি ময়না পরীক্ষার্থ প্রেরণ করে। প্রকাশ ধনঞ্জয় দাস নামক পরলোকগত জনার্দ্দন দাসের জনৈক প্রতিবেশীর তাহার পরিবারবর্গের সহিত শত্রুতা থাকায় তাহাকে সন্দেহবশতঃ গ্রেপ্তার করিয়া পুলিসের হেপাজতে রাখা হইয়াছে। এ বিষয়ে আরও তদন্ত চলিতেছে।

শিকাস্রাবাদ হাঙ্গামা সত্য সংবাদ

পাঞ্জাব সরকার একখানি ইস্তাহার প্রচার করিয়া জানাইয়াছেন যে, শিকাস্রাবাদের সাম্প্রদায়িক হাঙ্গামা সম্বন্ধে যে সংবাদ প্রচার করা হইয়াছে তাহা সত্য। মুলতান জিলার মুজাবাদের নিকট শিকাস্রাবাদ অবস্থিত।

ইস্তাহারে বলা হইয়াছে যে, টাকা লইয়া বাদানুবাদ হইবার পর হাঙ্গামা বাধে। এই হাঙ্গামায় ৪ জন মুসলমান আহত হইয়াছিল। অতঃপর কয়েকখানি বাড়ীতে লুঠ হয় ও কতকগুলি বাড়ী পোড়াইয়া দেওয়া হয় এবং ২০ জন হিন্দু ৫ জন মুসলমান আহত হইয়াছিল আহত ব্যক্তিদের মধ্যে কাহারও মৃত্যু ঘটে নাই অথবা কোন ধর্ম্মস্থানের কোন অনিষ্ট হয় নাই। কোন নারী বা বালক বালিকার অঙ্গে দাঙ্গাকারীরা হস্তক্ষেপ করে নাই। হাঙ্গামা বর্ত্তমানে ফয়ারত হইয়াছে।

সিকাস্রাবাদ হইতে পরবর্ত্তী সংবাদ প্রকাশ যে, পাঁচ শত মুসলমান [illegible] বাজাইতে বাজাইতে যে গ্রামে [illegible] বাহিয়াছিল সেই গ্রামে যাইয়া উপস্থিত হয়। অতঃপর শঙ্কাজনক দোকানে ও বাড়ীতে আগুন দেওয়া হয় ও দাঙ্গায় ৯ জন হিন্দু ও ৫ জন মুসলমান আহত হয় ও জন আহত ব্যক্তির অবস্থা সঙ্কটাপন্ন ৫ জন দাঙ্গাকারীকে গ্রেপ্তার করা হইয়াছে।

শুকদেবরাজের আবেদন গৃহীত

বিচারাধীন বন্দীরূপে গৃহীত হওয়ার জন্য শুকদেবরাজ যে আবেদন করিয়াছিলেন তাহা হাইকোর্ট কর্ত্তৃক গৃহীত হইয়াছে। হাইকোর্টের বিচারপতি জষ্টিস ভাইড এবং জষ্টিস টাপ এই মর্ম্মে প্রকাশ করিয়াছেন যে, আসামীকে কেন বিচারাধীন বন্দীরূপে রাখার জন্য আদেশ দেওয়ার ক্ষমতা ট্রাইবিউন্যালের আছে তদন্তের পক্ষে এ সম্বন্ধে আবশ্যক আদেশ প্রদান জন্য বিচারপতিদ্বয় ট্রাইবিউন্যাল আদেশ দিয়াছেন।

ট্রাইবিউন্যাল ইতঃপূর্ব্বে সুপারিশ করিয়াছিলেন যে, জেল কর্ত্তৃপক্ষের পক্ষে শুকদেবরাজকে বিচারাধীন বন্দীরূপে রাখা উচিত, কিন্তু আসামী-পক্ষে কাউন্সিল হাইকোর্টে এই বলিয়া আবেদন করেন যে, জেল কর্ত্তৃপক্ষ ট্রাইবিউন্যালের সুপারিশ অগ্রাহ্য করিয়াছেন।

মুসলমান যুবকদের মহোৎসাহে কংগ্রেসের প্রচার-কার্য্য

মৌলভী হাজি মহিঃ উদ্দিন, হাসাহী জেলা কংগ্রেস কমিটীর সম্পাদক শ্রীযুত শচীন্দ্রনাথ সেন ও সহ সভাপতি শ্রীযুত প্রভাসচন্দ্র লাহিড়ী বাখরগঞ্জ থানার অন্তর্গত শাকোরা নামক স্থানে এক জনবহুল সভায় লোকদিগকে স্বদেশী দ্রব্যাদি ব্যবহার করিতে অনুরোধ জানাইয়া বক্তৃতা করেন। শ্রীযুত লাহিড়ী সকলকে কংগ্রেসের লক্ষ্য এবং আদর্শ স্পষ্ট করিয়া বুঝাইয়া দেন এবং তাহাদিগকে কংগ্রেসে যোগ দিতে বলেন। ইহাতে বহু লোক কংগ্রেস সভ্যশ্রেণীভুক্ত হইয়াছে। প্রকাশ, অসহযোগ আন্দোলন শেষ হওয়াবধি জিলায় মুসলমান যুবকদের কংগ্রেসে যোগ দিবার জন্য পূর্ব্বে যেরূপ এত আগ্রহ ও উৎসাহ প্রকাশ পায় নাই। জিলার তরুণ কংগ্রেসকর্ম্মীরা মহোৎসাহে কংগ্রেসের প্রচারকার্য্য চালাইতেছেন।

Reg No C.1544

দৈনিক নদীয়া-প্রকাশ

সাধারণ হার
অগ্রিম বার্ষিক ৯৲
ষাণ্মাষিক ৫৲
ত্রৈমাসিক ২৷৷৹
মাসিক ১৲
মফঃ
প্রতি সংখ্যা ৵৫

নদীয়া জেলার একমাত্র মুখপত্র

খণ্ড] সম্পাদক—শ্রীঅতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [১০৮তম সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—২৪শে আষাঢ় বৃহস্পতিবার, ১৩৩৮, ৯ই জুলাই ১৯৩১

নানা কথা

কালেক্টর ও গান্ধীজী

গত ৫ই জুলাই রবিবার মহাত্মা গান্ধী কালেক্টরের সহিত তাঁহার ডাক বাংলোর [illegible] ঘণ্টাকাল কথা বার্তা বলেন।

প্রকাশ, উভয়ের মধ্যে যে সকল বিষয়ে মতভেদ ছিল, সে সকল সমস্যার সব গুলিরই সমাধান হইয়াছে। যে সকল গ্রামে অকেরা খাজনা দিতে অসমর্থ হইয়াছে তাহাদের একটা তালিকা প্রস্তুত করিবেন। বর্ত্তমান বৎসরের খাজনা সম্বন্ধে কালেক্টর এক তালিকা অনুযায়ী যেরূপ সুব্যবস্থা করিয়াছেন, বর্ত্তমানটির সম্বন্ধেও সেরূপ করিতে তাহার কোন অসুবিধা হইবে বলিয়া তিনি মনে করেন না।

বোরসাদ তালুকের গামা ও বণ্ডোলর গ্রামবাসিগণ সকল গ্রাম হইতে খাজনা আদায় করিতেছে। পেথোক্ত গ্রাম দুইটীকে [illegible] খাজনা হইতে রেহাই দিতে কালেক্টর এই বিষয় বিবেচনা করিবার প্রতিশ্রুতি দিয়াছেন।

বোরসাদে, প্রায় ৪০ হাজার টাকা আদায় হইতে বাকী। ইহার মধ্যে বাকী খাজনাও আছে। মহাত্মাজী [illegible] পালনের যে চেষ্টা করিতেছেন, কালেক্টর তাহাতে সম্মত। যে মাতব্বরগণ আইন অমান্য সমর্থন করিয়াছিলেন, পুলিশকে না করিবার [illegible] তাঁহাকে পুনরায় [illegible] রক্ষা করিবার চেষ্টা

কালেক্টর ও গান্ধীজী

ভারতবাসীদের প্রতি অত্যাচার

বোম্বাইয়ে ভীষণ দাঙ্গা

সৈনিক পুত্রের সমাধিস্থান পরিদর্শন

৬৭ ঘণ্টা ১৮ মিনিট সন্তরণ

মৈমনসিংহে স্ত্রী ও সন্তান হত্যা

হাথোয়া ডাকাতির মামলা

সংগ্রামের জন্য প্রস্তুত হইতে আহ্বান

মৈমনসিংহে ট্রেণ ডাকাতি

মাদ্রাজে লোমহর্ষণ হত্যাকাণ্ড

করলাপণ বিপন্ন হইবে বলিয়া আশঙ্কা করে। অন্যান্য গ্রামে পুরাতন সর্দ্দারদিগকেই পুনর্নিযুক্ত করা হইয়াছে। ইহাদিগকে স্থায়ীভাবে নিয়োগের আশ্বাস দিলেও মহাত্মাজী নাকি এই বিষয়ে বোম্বাই সরকারের সহিত আবার পত্র ব্যবহার করিতে ইচ্ছা করেন। গ্রামবাসীদের বিরুদ্ধে যে সকল মামলা ছিল, সে সকল প্রায় সব এমন কি, হিংসাত্মক কার্য্যের অভিযোগও স্থানীয় সরকারী কর্ম্মচারীরা শান্তিপূর্ণ অসহযোগ সমিতির প্রত্যাহৃত করিয়াছেন।

ভারতবাসীদের প্রতি অত্যাচার

ট্রিয়াংপিয়া এবং সিয়াপোম হইতে ভারতবাসীদের ঘরের গায়ে আলাইয়া দেওয়ার খবর আসিয়াছে। পিয়েটমিওতে প্রায় ৫০ জন বিদ্রোহী বন্দুকে সজ্জিত হইয়া আলানমিওর দক্ষিণে একখ গ্রামের ২২ খানা বাড়ী লুণ্ঠন করে। এরা জুলাই ৮৭ জন বিদ্রোহী প্রো আত্মসমর্পণ করিয়াছে। [illegible] রোড, পেক [illegible] খারাবাড়ী হই এখনও ডাকাতির খবর আসিতেছে।

হাথোয়া ডাকাতির মামলা

ডাপরায় দায়রা জজের এজলা হাথোয়া ডাকাতির মামলার রায় দে হইয়াছে। ১৫ জন আসামীর ম দুই জনকে খালাস দেওয়া হইয়াছে অপর সকলকে ৫ হইতে ৭ বৎসর করি সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করা হইয়াছে।

বোম্বাইয়ে ভীষণ দাঙ্গা

বোম্বাই সহরের কামাটীপুরা না পল্লীতে একদল হিন্দু ও একদল মুসলমা সাম্প্রদায়িক দাঙ্গার ফলে এক জন হি দ্বারা গিয়াছে এবং ৯ জন লোক আ হইয়াছে। গত ৫ই জুলাই রবি হিন্দু ও মুসলমান খেলোয়াড়ের ম মন্তব্যের ঘটে ও দাঙ্গার সম্ভাবনা দে দিয়াছিল। বহু চেষ্টায় ব্যাপ থামাইয়া দেওয়া হয়। কিন্তু ৬ই জু সন্ধ্যায় দুইদলে ঢিল ও বোতল সাহায্যে দাঙ্গা আরম্ভ করে। এবং ছোরাও চলিতে থাকে। পুলিস উপ স্থানে টহল দিয়া ফিরিতেছে। বর্ত্তমা অবস্থা অনেক শান্ত।

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট" নামে

উচ্চ ইংরেজি

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও আদর্শচরিত্র শিক্ষকগণ ছাত্রদিগকে নীতি শাস্ত্রের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য বিশেষ ব্যয়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইতেছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

বিস্তার সংবাদের জন্য নিম্নলিখিত ঠিকানায় পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

—৫১ বৎসরের প্রতিষ্ঠিত—

উষধালয়ে প্রস্তুত বটীকা

দাদ, শুক্লকাশনা, স্বপ্নদোষ, কোষ্ঠকাঠিন্য, অজীর্ণ, অম্লশূল প্রভৃতি কষ্টদায়ক রোগ নিরাময় হইয়াছে তাহা প্রকাশ করিলে বড় বড় পুস্তক হইয়া পড়ে।

ইহা

সকল অঙ্গুকে ব্যবহার চলে ও সমান ফল প্রদান করিয়া থাকে। প্রতি কৌটায় ৩২টী বটীকা থাকে।

কেবলমাত্র

প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা। ইহার নাম "আতঙ্কনিগ্রহ বটীকা"।

অন্যান্য ঔষধের তালিকার জন্য পত্র লিখিলেই পাইবেন

প্রাপ্তিস্থান :—আতঙ্কনিগ্রহ ঔষধালয়

২১৪ নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

শীতারি পাচন

সর্ব্বপ্রকার স্ত্রীরোগের অব্যর্থ মহৌষধ।

মফঃস্বলের সুবিধার জন্য ৬ আঃ শিশিতে ঘনীভূত অবস্থায় ছোটবোতলের সমপরিমাণ ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ১০ আনা, পাইট ৯৵০ আনা, বোতল ১৵০ আনা।

অফিস—১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

প্রেমোদ্যান

কদম মঞ্জরী

...ত্বক ও বাতব্যাধির, ইন্দ্রিয়শক্তির হ্রাস, ...ক্তপাত, বহুমূত্র, মাথাঘোরা, মুখ শুষ্ক, ...অনিদ্রা প্রভৃতি যখন যাহা বিশেষ ...হয়। মধু, বীর্য্য, দেহ বৃদ্ধি করিতে ...উহার। মূল্য ১০ ফাই ১৲ এক টাকা।

...সপুৎ সঞ্জীবনী ঘৃত"

...রোগে যাদুমন্ত্রের ন্যায় আরোগ্য ...করে। মূল্য ১ তোলা ১৲ টাকা।

...অশনিবিলাসিনী বাষ্টিকা"

...করে সমস্ত সংক্রামক ব্যাধি ও বৃদ্ধি করিতে ...করা। মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

...ও আন্ধ্রাক্সপল্লী, কেশরঞ্জনী

...পরম হাউসিস রোড, কলিকাতা।

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস্, এন্, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈদ্যুতিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

৬৮ নং কটন ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

যক্ষায় হতাশ হইবেন না

দৈবপ্রাপ্ত যক্ষার একমাত্র মহৌষধ

পনর দিনে সম্পূর্ণ আরোগ্য

রোগী দেখাইতে হইবে। অভিজ্ঞ-পরীক্ষক খরচ (যাতায়াত এবং আনার) পাঠাইলে গিয়া রোগী দেখা হইবে অথবা এখানে আনিলে রোগী দেখিয়া ঔষধ দেওয়া হয় আরোগ্য না হওয়া পর্য্যন্ত পারিশ্রমিক নিতে হইবে না। দরীব রোগীদের খরচ লইয়া চিকিৎসা করা হয়। বিস্তারিত বিবরণের জন্য এক আনার ডাক টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীকিশোরীমোহন উকীল, যক্ষা-চিকিৎসক, পোঃ বৈকাঠী, বরিশাল।

অথবা নিম্ন ঠিকানায় সাক্ষাৎ করিয়া বিস্তারিত জানিতে পারেন।

শ্রীযুক্ত রামগোপাল বসু এম্, এ, কৃষ্ণনগর, নদীয়া। শ্রীযুক্ত ললিত মিত্র, ১১৭, বেণিয়াটোলা ষ্ট্রীট, বাটোলা, কলিকাতা।

একখানি পত্র। আমার স্ত্রীকুসুম গত ছয় মাস যাবৎ রাজ যক্ষায় ভুগিয়া মৃতপ্রায় হইয়াছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাঁহার জীবনের আশা ত্যাগ করিয়া শেষ মুহূর্ত্তের জন্য অপেক্ষা করিতেছিলেন এই সময় শ্রীযুত কিশোরীমোহন উকিল মহাশয় মাত্র ১০ দিন চিকিৎসা করিয়া সম্পূর্ণ আরোগ্য করিয়া দিয়াছেন। (সাঃ) ধীরেন্দ্র কিশোর রায় চৌধুরী (জমিদার খানিয়া) ৬নং ষ্ট্রীট, নিউ বিল্ডিং। কমপোজিটর টাইপ ফিগার ফাউণ্ডেশন, কলিকাতা।

শ্রীনবদ্বীপ পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার—গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেন গ্রাহকগণ

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কসে

এত প্রশংসা করেন

—কারণ—

এখানে যাবতীয় ছাপার কার্য্য—

পোষ্টার পেম্ফিট, মেমো, ফরম, খাম, জমিদারী চেক, বিল প্রভৃতিই বলুন,

বিবাহের নিমন্ত্রণ পত্র, কার্ড, বিবাহের পছই বলুন,

আর ৩ ফুট, ৩ ৪ ফুটের হাফটোন ব্লকই বলুন, সকল কার্য্যই অতি শীঘ্র ও সুন্দর হয়, অথচ ছাপাইবার খরচ বাজার অপেক্ষা সুলভ।

আপনার কিছু ছাপার কার্য্য থাকিলে নিম্নঠিকানায় জানাইলেই হয় পাইবেন।

ম্যানেজার—গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

২৩০।২ নং আপার সারকুলার রোড, কলিকাতা।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

প্রথম ও দ্বিতীয় খণ্ড

ওঁবিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের সেই অমিয় বিশ্বপাবনী ভাগবতধর্ম্মপ্রচারিণী কৃষ্ণকথাকীর্ত্তনকারিণী জীবন্তবাণীর মূর্ত্তবিগ্রহ বৈকবসিদ্ধান্ত সরস্বতীর কৌস্তুভমণি—সমস্ত অভিধেয় ও প্রয়োজনতত্ত্বের বিশ্লেষণমূলক

ভিক্ষা একত্রে ১৸০ আনা মাত্র।

প্রথম মায়াপুর সমাধি-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে—কৃষ্ণকান্তি ব্রহ্মচারী ভক্তিসুহৃদ এম্, এস্, এম্, কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত



দৈনিক নদীয়া-প্রকাশ



একমাত্র পারমার্থিক

দৈনিক পত্র

শ্রীধাম – মায়াপুর – নদীয়া

বর্ষ ৪র্থ | ২৩ পুরুষোত্তম গৌরাব্দ ৪৪৫, ২৪শে আষাঢ় বঙ্গাব্দ ১৩৩৮, ৯ জুলাই ইং ১৯৩১ বৃহস্পতিবার | ১০৮তম সংখ্যা

ধর্ম্মের আবরণে
কলঙ্কাগ্নেয়গিরি

শ্রীনবদ্বীপ-ধাম-প্রচারিণী সভা আজ ৮ বৎসর পূর্ব্বে স্থাপিত হইয়াছে। এই সভা বঙ্গদেশের বহু শিক্ষিত সম্ভ্রান্ত নিরপেক্ষ ব্যক্তিগণের দ্বারা গঠিত। শ্রীধামপ্রচারিণী সভা মহদুদ্দেশ্য লইয়া প্রাচীন নবদ্বীপের বিলুপ্ত বিস্তৃত বিবরণসমূহের উদ্ধারের জন্য যথেষ্ট পরিশ্রম করিয়াছেন ও করিতেছেন।

বিদ্যমান জগতে প্রতিপক্ষের ও প্রতিদ্বন্দ্বী চেষ্টাবিশিষ্ট জনগণের অভাব নাই। এমন কি বৈকুণ্ঠজগতের নিত্যসত্যকেও আক্রমণ করিবার অযোগ্য জনগণের পরাধ্যতা না। সংপথিকদের প্রতিকূলে কুপথের—কাপটা-পথের যাত্রিগণ সেই পথে না চলিয়া নিজ নিজ কুপথ আবিষ্কার করে।

শ্রীধামপ্রচারিণী সভা—সাধারণ সভা, তার বড়যন্ত্রকারী কুচক্রিদলের কতিপয় ব্যক্তি সেই সাধারণ সভার সভ্যগণের প্রতি ব্যক্তিগতভাবে ঈর্ষায় প্রণোদিত হইয়া মৎসরতায় তাণ্ডব নৃত্য করে, তাহা দুরন্ত জগৎ।

শ্রীধামপ্রচারিণী সভায় বিশিষ্ট কএক-জন সভ্যের প্রতি ব্যক্তিগতভাবে ঈর্ষা ও মৎসরতা-চালিত হইয়া দুরভিসন্ধির বশবর্ত্তী হইয়া উক্ত সভার ইতিহাসপাঠকগণের অবিদিত নহে। তথাপি হুগলির দুষ্ট মক্কার কতিপয় রাঢ়ি, চূড়ার কদম-তলার সাহিত্যিক শৈবপিতারপ্রায় কতিপয় ভক্তিবিদ্বেষী কৃষ্ণ পুরুষ, শিয়ালকোলার সোসাইটীর ভূতক প্রচারক নীরদুমের মল্লিক মহাশয়, সাউথ্‌ডার কতিপয় ভেকধারী, কলিকাতার মা-গোস্বামীর বাড়ীর কতিপয় 'গোস্বামি'নামধারীর অনুগত দল, অথবা বাবাঠাকুরের সন্তান পরিচয়াকাঙ্ক্ষী ও সম্প্রতি পৃথিবাউলদলের নেতা কতিপয় ব্যবহারজীবী, 'না পড়িয়া পণ্ডিত' ও 'গাঁরে মানে না আপনি মোড়ল', বহু ভাগাবিৎ, সংবিষয়ে পল্লবগ্রাহী কতিপয় বিবদমান প্রভৃতি কতকগুলি লোকের ব্যক্তিগত ঈর্ষা ও মৎসরতা চরিতার্থতা করিবার জন্য কতিপয় প্রসিদ্ধনামা লোকপ্রিয় কপটপথের ভূমাধিকারী মহোদয় উক্ত মোতাবে বাণীত অন্যান্য লোকগুলির দ্বারা প্ররোচিত হইয়া এবং পাটোয়ার দুতাগণের দ্বারা উত্তেজিত হইয়া শ্রীধামপ্রচারিণী সভার সহিত গত পঞ্চদশ বর্ষকাল প্রবলভাবে বিরোধ করিয়াছিলেন।

শিষ্টাচারবিরুদ্ধ চেষ্টাকে কার্য্যে পরিণত করিতে গিয়া স্বদেশপিতৃবিদ্বিষণের ও ব্রহ্মাণ্ড বাসী ত্রিকালের সমগ্র মানবজাতির বিরুদ্ধে উহাদের আয়োজনের অনুসরণে ইদানীন্তন একটী অনরবর্ষ যুবক উঠিয়া পড়িয়া লাগিয়াছে। তাহাতে তাহার প্রকৃতি স্বভাব পরিচয় পাওয়া যায় না।

শুনা যায়, শ্রীধামপ্রচারিণী সভার সাধারণ বিভাগের সম্পাদক মহাশয়ের নিকট সম্প্রতি তিনি সম্পূর্ণ অশিষ্টাচার প্রদর্শন করিয়া বিকৃতমস্তিষ্ক-জনোচিত একখানি পত্র লিখিয়া নিজস্বরূপের পরিচয় দিয়াছেন। 'চিৎ-নদীয়া' নামক গুপ্ত সঙ্ঘসদস্যত্বহেতু সম্পাদকপ্রবরের নিকট ঐ প্রকার ভাকামি করিয়া পত্র লেখায় লেখকের মস্তিষ্কের প্যাচ ঠিক আছে, তাহা গৌড়ীয় হাসপাতালে অনেক চিকিৎসকের আলোচ্য বিষয় হইয়াছে। এই রোগী কি বৈদ্যক চিকিৎসায় পরিচিত, না স্বাভাবিক সহরিপুর বশবর্ত্তী হইয়া মাৎসর্য্য-রোগে পীড়িত, না অন্য কোন রোগে রোগী, তাহার নিদান সংগৃহীত হওয়া আবশ্যক।

ইহার পরিবিধি ৩৪ বৎসর পূর্ব্বেকার এসপাট হলের অবৈধ নবীন আলোচনী সভার কিছু পূর্ব্ব হইতে লক্ষিত হইতেছে। কখনও বা গ্রামবার্ত্তাবহাদির অন্ত ইহার উচ্চত অশিষ্টাচারে কলুষিত হইতেছে, কখনও বা নানাপ্রকার অপ্রাপ্য অশিষ্টাচারের কথা, মিথ্যা কথা, ভ্রাকামিজনক অপ্রস্তাব কথা শ্রীধামপ্রচারিণীসভার বিরুদ্ধে ও ব্যক্তিগতভাবে ঈর্ষার কথা নানা আকারে পল্লবিত হইয়া তাহা অবগতানপেক্ষা রক্ষাকর্ত্ত ব্যবহারজীবিগণের চেষ্টায় ফুটিয়া বাহির হইতেছে এবং কতিপয় ভূতপূর্ব্ব চালকের দ্বারা সমর্থিত হইতেছে। কি আশ্চর্য্য!

শ্রীধামপ্রচারিণীসভা এই প্রকার বড়যন্ত্রকারিগণের চক্রান্ত বা লোকবিদ্বেষকর কার্য্যকে জনহিতকর কার্য্য বলিয়া চালাইবার বাসনাকে স্তব্ধ নহেন। কৃষ্ণভজন না করিলে দুর্দ্দৈবগ্রস্ত জীবগণের এই প্রকার দুর্দ্দিষ্টই ঘটিয়া থাকে। তাহারা নিজ নিজ বিবেক, বৈকল্পিক বিচার, ভক্তির বিরোধ করিতে গিয়া স্বয়ং সমাধি রিপুটকে মহিমা প্রচারচ্ছলে তাণ্ডব নৃত্য করিয়া থাকেন। শ্রীধামপ্রচারিণীসভার সভ্যগণ এইরূপ কলঙ্কিত চিত্তাদ্যোতকে সহস্র যোজন দূরে রাখিয়া ভগবদ্দেবা করেন। Milton এর বর্ণনে যেরূপ পাপের কথা পাওয়া যায়, শাস্ত্রবর্ণিত প্রাকৃতিক জনগণে আধুনিক কিরাতকলাপে যেরূপ ঘৃণিত পাপের নিত্য পাপত্ব যায়, সেরূপ পাপাদ্যোতকারকে বন্ধুভাবাদি আসর করেন না। তবে কেন শ্রীধামপ্রচারিণী সভায় বিদ্বেষ লোকদিগের সভার চেষ্টা কলিকালে পুনঃ লাভ করিতেছে, বুঝা যায় না। গৌরসুন্দর কি ইহাদের জন্য ক্রূরতা প্রণয়িত করিয়া ইহাদিগকে নিজৈশ্বর্য্যের মহিমা জ্ঞানরহিত করাইবেন না?

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট ও
গোস্বামী ভক্তিসারঙ্গ

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার সম্পাদক শ্রীপাদ অতুলচন্দ্র বন্দ্যোপাধ্যায় ভক্তিসারঙ্গ গোস্বামী ভক্তিশাস্ত্রী প্রভু শ্রীধাম মায়াপুরে ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট পরিদর্শন করিয়া যাহা মন্তব্য প্রকাশ করিয়াছেন তাহা নিম্নে সাদরে প্রকাশিত হইল,—

Being invited by the revered Head Master—His Holiness Swami Bhakti Pradip Tirth Maharaj I attended today the conference of the teachers of the Thakur Bhakti Vinode Institute and as requested by His Holiness

occasion to address the
ly composed of the
s and the taught regarding
im aims and object of the
tion.

was present on the opening
d had the good fortune to
to the inaugural speech of
ine Grace, the President
Institution and this is the
ne I visited in its infant
when I was pleased to
the good demeanour of
chers which is a
le for the students to fol-
d to find that they had by
ort time been able to im-
en the minds of the young
s the fundamental ethical
istic principles on which it
d.

is justly named after that
Prophet—Thakur Bhakti-
e who appeared in this
in 1838 and was visible up
4. His whole life was devo-
weed out the field of devo-
sadly adulterated by the
-Vaishnabs in the middle
19th century. He also
hort before the world the
fe of a true devotee of the
ne Lord. It is He who
the Holy Birth-Site of
Chaitanya Mahaprabhu at
Mayapur and it was His
desire that such education
nd all over the world from
ntre like the old university
adwip—the then Oxford
gal.

the 21st April last while
ellency, the Governor of
was pleased to grant me
view, I spoke to His Ex-
about this Institution
eartol to impart true edu-
to young boys on the
religion and morals to
them from going astray.
ble Minister of Educa
haza Nizamuddin M. A.,
Law, was also delighted
n to the object of this
y and expressed his
y for such a unique noble

me, I fervently invoke the
s of His Divine Grace for
ress and welfare of this
ion.

Sd/ A. C. Banerjee Bhaktisastri
Preside it, Editorial Board "Gaudiya",

অনুবাদ—পূজ্যপাদ প্রথম শিক্ষক স্বামী ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ কর্তৃক আহূত হইয়া অদ্য আমি ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌স্টিটিউটের শিক্ষকবৃন্দের ছুল পরিচালনা-সম্বন্ধে যে সভা হয়, সেই সভায় যোগদান করি এবং তাঁহার অনুরোধে শিক্ষক এবং ছাত্রসম্পর্কিত সভার ইন্‌স্টিটিউশনের প্রধান উদ্দেশ্য সম্বন্ধে আমার কিছু বলিবার সুযোগ হইয়াছিল।

স্কুলের উদ্বোধন দিবসে আমি উপস্থিত ছিলাম এবং পূজ্যপাদ প্রেসিডেন্ট মহোদয়-প্রদত্ত প্রথম আনুষ্ঠানিক বক্তৃতা শ্রবণ করিবার আমার সৌভাগ্য হইয়াছিল। অদ্য আমার এই স্কুল পরিদর্শনের দ্বিতীয় দিবস। আমি শিক্ষকবৃন্দের আদর্শ চরিত্র এবং ব্যবহার দর্শনে অতীব সন্তুষ্ট হইলাম। তাঁহাদের চরিত্র বাস্তবিকই ছাত্রদের জীবন্ত আদর্শস্বরূপ। আরও আনন্দের বিষয় এই যে, তাঁহারা এই অল্পকাল মধ্যেই এই স্কুলের মূল উদ্দেশ্য নীতি এবং ঈশ্বরবিশ্বাস সম্বন্ধে কোমলমতি ছাত্রবৃন্দের চিত্তে বেশ দাগ কাটিতে সমর্থ হইয়াছেন।

আচার্যপ্রবর শ্রীঠাকুর ভক্তিবিনোদ মহোদয়ের নামানুসারে এই স্কুলের স্থাপন ঠিকই হইয়াছে। তিনি ১৮৩৮ খ্রীষ্টাব্দে ইং জগতে আবির্ভূত হইয়া ১৯ ও শতাব্দীর প্রকট ছিলেন। উনবিংশ শতাব্দীর মধ্যভাগে বিষ্ণবৈষ্ণবগণ কর্তৃক ভক্তিমার্গ দূষিত এবং কণ্টকিত হইলে সেই কণ্টকসমূহ সমূলে উৎপাটিত করিবার জন্য তিনি তাঁহার সমস্ত জীবন নিযুক্ত করিয়াছিলেন। তিনি জগৎ সমক্ষে ভাগবতের আদর্শ জীবন স্থাপন করিয়াছিলেন। তিনি শ্রীধাম মায়াপুরে শ্রীচৈতন্য মঠাদি ৬৪ পত্রের আবির্ভাবস্থলীর প্রকাশক। ইহাই তাঁহার আন্তরিক ইচ্ছা ছিল যে, তাৎকালিক শিক্ষাকেন্দ্র—বাঙ্গালার অক্সফোর্ড নবদ্বীপের ন্যায় এইরূপ শিক্ষা জগতের সর্বত্র প্রচারিত হউক।

গত ২১শে এপ্রিল তারিখে সদ্বন্ধু বাঙ্গালার গবর্ণর মাননীয় ব্যারোজ যখন আমাকে তাঁহার সহিত সাক্ষাৎ করিবার সুযোগ দিয়াছিলেন, সেই সময় আমি তাঁহাকে প্রসঙ্গক্রমে ধর্ম ও নীতির উপর প্রতিষ্ঠিত এবং কোমলমতি বালকদিগকে বিপথ গমন হইতে রক্ষা করত প্রকৃত শিক্ষাপ্রদানকারী এই মহৎ প্রতিষ্ঠানের কথা বলিয়াছিলাম।

মাননীয় শিক্ষাবিভাগের মন্ত্রী সাহেব খাজা নিজামউদ্দিন এম্ এ, বার-এট্-ল মহোদয়ও এই শিক্ষামন্দিরের উদ্দেশ্য অবগত হইয়া অতিশয় আনন্দিত হইয়াছিলেন এবং এই অতিথীর সদনুষ্ঠানের প্রতি সহানুভূতি প্রকাশ করিয়াছিলেন।

পরিশেষে আমি শ্রীভগবানের নিকট এই ইন্‌স্টিটিউশনের মঙ্গল এবং সফল প্রার্থনা করি।

শ্রীমায়াপুর
৪-৭-৩১

ভক্তিশাস্ত্রী
প্রেসিডেন্ট, এডিটোরিয়াল বোর্ড 'গৌড়ীয়'

ব্রহ্মস্পর্শের ছাপে
মাধবের সেবা
(২)

যাঁহারা উপাস্য, উপাসক ও উপাসনার নিত্যত্ব স্বীকার করেন না, সেই মায়াবাদী মুমুক্ষুগণ ব্রহ্মাকের সমুদয় দ্রব্যই মায়িক ও অসৎ বোধে কনকাদি ত্যাগের কণ্টকাবৃত। তাঁহার ফল্গুচেষ্টা প্রলয়মুখে নির্বিশেষব্রহ্ম-সাযুজ্য প্রাপ্তির অভিলাষী হইয়া শুষ্ক জড়ানন্দেরই প্রার্থী হন। স্বর্ণ রৌপ্যাদি ধাতুস্পর্শে কোন কোন ত্যাগীবেশের (?) হস্ত নাকি স্বভাবতই বক্রাকার ধারণ করে কেহ বা 'যেই টাকা সেই মাটী'—এইরূপ জপ করেন, অতএব তিনিই সর্বশ্রেষ্ঠ আদর্শ, ইত্যাকার বহুবিধ ফল্গুত্যাগ চেষ্টার ফুয়াটা মায়াহত জীবগণের ভ্রম উৎপাদন করিতেছে। জগৎ সংসারে কনকাশা ত্যাগী বলিয়া পরিচিত হওয়ার যে সুচতুর বাসনা, তাহাও যে জড়ভোগেচ্ছারই অন্য প্রকার পোষাকপরিহিত সজ্জা, স্থূল ভোগি-সমাজ তাহা জানে না বলিয়াই অভক্ত ত্যাগীকে শ্রদ্ধার অর্ঘ্য নিবেদন করে। ধর্মার্থকামী ভোগলুব্ধ কর্মী এবং আত্যন্তিক দুঃখনিবৃত্তিলিপ্সু, শুষ্কজ্ঞাননিষ্ঠ ত্যাগবাদী, উভয়েই মনোধর্মী; অচিৎ ধর্মের অনুশীলন দ্বারা অধোক্ষজ অবয়সেবাবিজ্ঞানে পারঙ্গত হওয়া যায় না। অসীম হরি গুরুবৈষ্ণবদাস্যনিপুণ ভক্তভক্ত ভিন্ন ইন্দ্রিয়-মনোমোহনের চিন্ময় ইন্দ্রিয়তোষণের অপূর্ব সুকৌশলটী আর কেহই অবগত নহেন। তাই প্রাকৃত জগতের কামচিন্তামণিস্বরূপ ভোগপ্রসূ কনকের সাহায্যে অধোক্ষজ কৃষ্ণ-চিন্তামণির সেবাসৌন্দর্যাসাধনের কথা,—ধনের সদ্ব্যবহারের দ্বারা অবিদ্যার ঐশ্বর্য-মাধুর্যবিগ্রহ অপ্রাকৃত কামদেবের কাম-পূর্তির কথা বোধী বা ত্যাগী জনসমাজ ধারণা করিতে পারেন না।

জড়কামনা-চঞ্চল নানাদেবদেবী-পূজা-নিষ্ঠ কর্মী জানেন,—'অর্থ না থাকিলে কোন ব্রত হয় না।' ভোগিগণ জড় ভোগ প্রাপ্তির অনুকূল লৌকিক ধর্মাচরণের নিমিত্তই কনক সংগ্রহকে প্রয়োজনীয় মুখ্য-কর্ম বলিয়া মনে করেন। প্রাকৃত জনগণের প্রত্যেক কার্য্যে লাভের চিন্তা, এমন কি মূলে আসলে বহু গুণে বঞ্চিত কণ্টকল প্রাপ্তির সম্ভাবনা না থাকিলে তাঁহারা বৃথা একটী পদক্ষেপও করেন না। তাই পুণ্য ফললাভেচ্ছু হইয়া তাঁহারা গঙ্গাসাগর বা পুরুষোত্তম তীর্থে গমন করেন, পরিণামে অক্ষয় স্বর্গবাস লাভেচ্ছায় অগ্নিহোত্রী ব্রত ইত্যাদি অনুষ্ঠান করিয়া থাকেন; তাঁহাদের ঐ সকল পুণ্য সঞ্চয়ের নিমিত্ত অর্থের বিশেষ আবশ্যক। অমর অক্ষয়তে কালিকাদেবীর পূজার আড়ম্বর করিয়া দেবীপ্রসাদ (?) লাভের আশায়ই ছাগ মহিষাদি দ্বারা উদর-পূর্তি করিয়াকলকলকে ভোজন করাইলে দেবীভক্ত ও সামাজিক বলিয়া খ্যাতি হয়, অতএব আপ্রাণের কনিষ্ঠদের মধ্যে ঐরূপ প্রয়োজনীয়তা রহিয়াছে।

বাস্তবতঃ উহাদিগকে ভক্তসঙ্গে পণ্ডিত দেখা যায়, শকোপাসকগণের অন্যতম বিষ্ণু-আরাধক যিনি বৈষ্ণব সম্প্রদায়ও উপরোক্ত কর্মিগণেরই সমপর্যায়ভুক্ত। তাঁহারাও নানা ইতর কামনাপ্রণোদিত হইয়াই বিষ্ণু-বিগ্রহ সমীপে ভোগরাগাদি প্রদানের অভিনয় করেন। 'কনকের দ্বারা মাধবের সেবা' এই অপূর্ব বাক্যটীর মর্ম গ্রহণে তাঁহারাও অসমর্থ। ফলৈকনয়নতাপূর্ণ অকিঞ্চন সেবাবৃত্তি বিনা বৈষ্ণবের মধ্যে নাই। "যদি পুরী বিশ্ববিদ্যালয়ের 'বি এ' ডিগ্রী পাই, পেঁড়া সন্দেশাদি দিয়া ঠাকুরের নৈবেদ্য একত্ত করিব" তাবাদেরও এই প্রকার কামকলুষিত চিত্তবৃত্তি দৃষ্ট হয়। অর্থাদি ব্যয় করিয়া ঐ প্রকার বিষ্ণুপূজনও অক্ষেত্রিয়তোষণেরই নামান্তর মাত্র।

চতুর্দশ ব্রহ্মাণ্ড সহ বৈকুণ্ঠ ও গোলোক-পুরের একমাত্র চিন্ময় নিত্যপতি শ্রীরাধা-মাধবের পাদপদ্মসেবায় এবং কৃষ্ণদাসগণের মনোহভীষ্ট-বৈকল্যে যে কনক বাঞ্ছিত হয়, তাহা প্রাকৃত গুণসম্বলিত সুবর্ণ নহে। স্বর্ণ নামক জড় ধাতুবিশেষ প্রাকৃত বদ্ধ-জীবের প্রধান ভোগসম্ভারকে হইয়া তাহাকে নরকের দিকে চালিত করে; আর যে কনকসাহায্যে হরিসেবায় যোগ্যতা হয়, সর্বজ্ঞোজ্ঞ ও মঙ্গলদের পরমাশ্চর্য্য করুণা-রাশির অমল বার্ত্তা দিকে দিকে বিঘোষিত করিয়া ধরাবাসীর নিত্যমঙ্গল বিধান করে, সে কনক মাধবসম্বন্ধীয় বস্তু চিন্তামণিরও সাক্ষাৎ চিন্তামণি স্বরূপ।

প্রচার-প্রসঙ্গ

শ্রীধাম মায়াপুর শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা দিল্লী গৌড়ীয়মঠের প্রচারক ত্রিদণ্ডি-স্বামী শ্রীমদ্ভক্তিসর্বস্ব গিরি মহারাজ হিন্দুস্থানের বিভিন্নস্থানে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত শুদ্ধ সনাতন ধর্মের কথা ইংরেজী, বাঙ্গালা ও হিন্দী প্রভৃতি বিভিন্ন ভাষায় প্রচার করিতেছেন। তিনি আগ্রা, মৈনপুরী, রাণীখেত প্রভৃতি স্থানে প্রচার করিয়া সম্প্রতি নিজধামে আগমন করিতেছেন।

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীমদ্ভাগবতম্ বেদব্যাস-প্রণীত মূল, শ্রীমদ্ বলদেব বিদ্যাভূষণ-কৃত তাৎপর্য্য-নির্ণয়টীকা; শ্রীমদ্ বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-কৃত সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, সংস্কৃত অন্বয় ও অভিনব, তথ্য ও বিস্তৃত্যাবিষ্কৃত। প্রতি স্কন্ধের আদিতে সেই স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ অধ্যায়ের সারসহ সুবিস্তৃত তাৎপর্য্যাদি বিবৃত। শ্লোকসূচী বিষয়সূচী, অধ্যায়বিবরণ, পাত্র ও স্থানসূচীসহ উত্তম কাগজে উত্তম অক্ষরে মুদ্রিত। প্রথম হইতে ১০ম স্কন্ধ পর্য্যন্ত ছাপা সম্পূর্ণরূপে শেষ হইয়াছে। ভিক্ষা প্রথম হইতে ৯ম স্কন্ধ পর্য্যন্ত ২১৸০; দশম স্কন্ধ ১২৲; সমগ্র ৩০৲।

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীমন্মহাপ্রভু লোকনাথ-রচিত 'অমৃতপ্রবাহভাষ্য' ও শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লিখিত অনুভাষ্যে শ্রুতি-স্মৃত্যাদি বহু শাস্ত্রপ্রমাণ-সম্বলিত হইয়া প্রকাশিত হইয়াছেন। শ্লোকের সান্বয়ব্যাখ্যা, বঙ্গানুবাদও প্রত্যেক পয়ারের পূর্ব্বে সংক্ষিপ্ত অভিধেয় সংযোজিত। প্রত্যেক অধ্যায়-প্রান্তে কথাসার দেওয়া আছে। শ্লোক, পয়ার, পদ্য, স্থান, পাত্র প্রভৃতির সুবৃহৎ সূচী ও গ্রন্থকারের বিস্তৃত জীবনী সমন্বিত এইরূপ অদ্ভুতপূর্ব্ব সংস্করণ ইতঃপূর্ব্বে কদাপি প্রকাশিত হয় নাই। উত্তম কাগজে পারিপাট্যের সহিত স্থূল ব্রহ্মাক্ষরে মুদ্রাংশ মুদ্রিত হইয়াছে। গ্রন্থ প্রায় ৫০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা বর্ত্তমানে ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত গৌড়ীয় ভাষ্য, পদ্যসূচী, পয়ারসূচী, বিষয়-স্থান পাত্রাদি-সূচী, প্রভৃতি বিবিধ বিষয় সম্বলিত বিরাট দ্বিতীয় সংস্করণ রয়েল ক্রাউন ৮ পেজী আকার। আদিলীলা ও মধ্যের কতদংশ প্রকাশিত হইয়াছেন। ক্রমে ক্রমে প্রকাশিত হইতেছেন। অগ্রিম ভিক্ষা ৫৲ টাকা, আদি লীলার ভিক্ষা ৭৲।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের এরূপ অভিনব সুন্দর সংস্করণ আর কদাপি প্রকাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকাংশের অন্বয়, বঙ্গানুবাদ, ভাষ্য, কথাসার, তথ্য প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইয়াছেন। মূল মোটা অক্ষরে ডবল ক্রাউন আটপেজী ফরমায়ে ছাপা হইয়াছে। মূল্য ২৷৹ টাকা। সভা ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১৷৹ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

—শ্রীগৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি শ্রীশ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিঠাকুর গোস্বামিকৃত সারার্থবর্ষিণী টীকানুযায়ী ও শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'প্রমেয়-রত্নং' নামক ভাষ্যানুযায়িনী। অধ্যায়সূচী, মাতৃকাক্রমে শ্লোক-সূচী, বিষয়-সূচী, শ্রীকাহের জীবনী ও অবতরণিকাদি ও-ভাষ্যবিষয়-সহ উৎকৃষ্ট বাঁধাই তৃতীয় সংস্করণ—এই গ্রন্থ সংস্করণের ভিক্ষা ২৲ টাকা মাত্র, সাধারণ সংস্করণ—১৷৹ টাকা মাত্র

প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের সেই অবিদ্যা বিনাশিনী, জীবাত্মস্বরূপপ্রবোধিনী কৃষ্ণ-কার্ত্তনময়ধারিনী জীবন্ত-বাণীর মূর্ত্ত-বিগ্রহ—বৈষ্ণবধর্ম্ম ভাব-তত্ত্বসমন্বয় কৌস্তুভমণি—সম্প্রদায় বৈভববিজ্ঞানাগারের মৌলিক তথ্য—পঞ্চরাত্র ও ভাগবতের সমন্বয় তত্ত্ব—মহাজন-জীবনচরিত-শিক্ষক—চিকিৎসাচিন্তামণি-অচিন্ত্য-বিচারক—ঐশ্বর্য্য ও মাধুর্য্যরসের মৌলিক গবেষণায় —সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন তত্ত্বের [illegible] সমুদ্র

১। প্রথম খণ্ড—বৈষ্ণবদর্শন, শ্রীগুরুতত্ত্ব, কাল-ধর্ম্ম, শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাবনী, পাঞ্চরাত্রিকী দীক্ষা ও বর্ণ বিচার, আত্মতত্ত্ব ও মনোধর্ম্ম, শ্রীচৈতন্যদেব ও তাঁহার শিক্ষা, অপ্রাকৃত সহজধর্ম্ম ও প্রাকৃত সহজধর্ম্ম, প্রভৃতি বিংশতি সংখ্যক তত্ত্বে সুশোভিত। ভিক্ষা মাত্র ৸০ বার আনা।

২। দ্বিতীয় খণ্ড—শুদ্ধা ও বিদ্ধা ভক্তি, মন্ত্রের শ্রেষ্ঠতা কোথায়, আত্মার নিত্যবৃত্তি, শ্রীহরি স্বামিপাদ ও মায়াবাদ, শ্রীগৌর-নিত্যানন্দপ্রসঙ্গ, ত্রিপুণ্ড্রের তত্ত্ব ও কৃষ্ণ-কীর্ত্তন, শ্রীবাসপূজায় শ্রীমন্মহাপ্রভুর কীর্ত্তন, শ্রীগৌর-ধামের মহিমা, মহাপ্রসাদ, শ্রীগোবিন্দ, শ্রীরূপানুগভজনপদ্ধতি, শ্রীমতী বৃষভানুনন্দিনী, শ্রীচৈতন্যের দয়া, গৌরকৃপা ও কৃষ্ণসঙ্কীর্ত্তন—৮টি কৃষ্ণপূর্ণ মধুরিমাপূর্ণ বক্তৃতা-বিভূষিত। ভিক্ষা ১৲ এক টাকা মাত্র।

প্রথম ও দ্বিতীয়—দুই খণ্ড একত্রে লইলে ভিক্ষা ১৷৹ দেড় টাকা, ডাক খরচ স্বতন্ত্র।

শ্রীমদ্ভগবদ্গীতা

গৌড়ীয়-বৈষ্ণবদার্শনিক-শেখর শ্রীশ্রীমদ্বলদেব বিদ্যাভূষণকৃত ভাষ্য ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের প্রাঞ্জল বঙ্গভাষায় বিস্তৃত 'বিদ্বদ্রঞ্জন' নামক ভাষ্যানুগ। অধ্যায়-সূচী, বিষয়সূচী, ও প্রতি শ্লোকের প্রথম ও তৃতীয় পদ সূচী, ভাষ্যকারের জীবনী প্রভৃতি সন্নিবিষ্ট। উৎকৃষ্ট বাঁধাই, রাজসংস্করণ (তৃতীয় সংস্করণ) গ্রন্থের ভিক্ষা ২৲ টাকা।

প্রমেয়রত্নাবলী

শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ-প্রণীত বৈষ্ণবদর্শন, সম্বন্ধ ও গোবিন্দ ভাষ্যাদি পঠিবার প্রথম গ্রন্থ। উৎকৃষ্ট কাগজে ছাপা। সুবিস্তৃত টীকা ও প্রাঞ্জলবঙ্গানুবাদ-সাহায্যে অতি সহজে বালকেরও বোধগম্য হইয়া থাকে ভিক্ষা ।৵০ আনা মাত্র।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

(প্রমাণখণ্ড) সানুবাদ। শ্রুতি-স্মৃত্যাদি গ্রন্থে শ্রীনবদ্বীপের যে মহিমা কীর্ত্তিত আছে, তাহার মূল সংস্কৃত ও অনুবাদ। ভিক্ষা ৵০ আনা।

শ্রীশ্রীনবদ্বীপভাবতরঙ্গ

শ্রীঠাকুর ভক্তিবিনোদ লিখিত। সুললিত খণ্ডকাব্যাকারে পরিক্রমার প্রত্যেক্ষ বিবরণ। ভিক্ষা ।০ আনা।

ভক্তিরত্নাকর ও নবদ্বীপ পরিক্রমা

শ্রীল নরহরি চক্রবর্ত্তি-ঠাকুর রচিত। ভক্তিরত্নাকর হইতে পরিক্রমাংশ মাত্র গৃহীত; শ্রীজীব গোস্বামী কি প্রকারে শ্রীনবদ্বীপধামের পরিক্রমা করিয়াছিলেন, তাহাই পত্রে বিবৃত। ভিক্ষা ।৵০ আনা

শ্রীচৈতন্যশিক্ষামৃত

শ্রী ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। শ্রীচৈতন্যদেবের শিক্ষাপ্রণালী—কৃষ্ণ, কৃষ্ণশক্তি ও জীব—বদ্ধ ও মুক্ত জীব—অভিধা-জ্ঞেয়তত্ত্ব—সাধন-নির্ণয়—প্রয়োজন-তত্ত্ব, কর্ম্ম, আশ্রমাদির বিচার—বৈধী ভক্তি, ভাবভক্তি, প্রেমভক্তির সাধনক্রম-প্রণালী ও আনুষঙ্গিক পরিচয়াদি প্রথম শিক্ষার্থীর উপযোগী করিয়া সরল ভাষায় সমুদয় যুক্তি-প্রমাণসহ লিখিত আছে। চতুর্থ সংস্করণ ২৲ টাকা, আধাধা ১৸০ টাকা মাত্র।

গৌড়ীয়কণ্ঠহার

শ্রীগৌড়ীয় বৈষ্ণবগণের অনুক্ষণ কণ্ঠে ধারণযোগ্য শ্রুতি-স্মৃতি-পুরাণ-পঞ্চরাত্রাদি সাধুশাস্ত্রসমূহের প্রমাণ-বিষয়বিভাগক্রমে সানুবাদ গুম্ফিত। এইরূপ বৈষ্ণব সিদ্ধান্তের সারসমন্বয় অন্য কুত্রাপি প্রকাশিত হয় নাই। ইহাতে তত্ত্বতত্ত্ব—ভাগবত—বৈষ্ণব—গৌর—নিত্যানন্দ—অদ্বৈত—কৃষ্ণ—শক্তি—জগদ্তত্ত্ব—জীব—অভিধাজ্ঞেয়—অভিধেয়—সাধনভক্তি—বর্ণাশ্রম—আশ্রম-ধর্ম্ম—শুদ্ধ—নাম—প্রয়োজন ও প্রমাণ-তত্ত্বাদি পৃথক্ অধ্যায়ে সুবৃহৎ শ্লোকাদি সূচীসহ উৎকৃষ্ট এন্টিক কাগজে উৎকৃষ্ট কালিতে মুদ্রিত, উৎকৃষ্ট বাঁধা সোনার জলে নাম লেখা। গ্রন্থ প্রায় ৪০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা ২৲ টাকা মাত্র।

শ্রীনবদ্বীপধাম-প্রদক্ষিণাবলী

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত 'ধামমাহাত্ম্য—[illegible] মাহাত্ম্যের সানুবাদ প্রমাণ খণ্ড—শ্রীল নরহরিচক্রবর্ত্তি ঠাকুরের ধাম-পরিক্রমাংশ—শ্রীধাম নবদ্বীপ পরিক্রমা—[illegible] যাত্রা পদ্ধতি—শ্রীমৎ প্রবোধানন্দকৃত নবদ্বীপশতক—শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ প্রভৃতি গ্রন্থ একত্র ভিক্ষা ৸০ আনা মাত্র।

শ্রীহরিনামামৃত ব্যাকরণ

শ্রীল গোস্বামী প্রভুপাদ-বিরচিত সূত্র ও [illegible] তৎসঙ্গে ওঁবিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের বিস্তৃত ভূমিকা ও সূচী প্রভৃতি [illegible] অপ্রত্যাশিতভাবে সুলভ। ভিক্ষা ২৲ টাকা, ছাত্রপক্ষে ১৷৹ টাকা মাত্র।

বেদান্তসূত্রসার

শ্রীমদ্রামানুজাচার্য্য-রচিত। বেদান্তের বিশিষ্টাদ্বৈতবাদ প্রচারক শ্রীভাষ্য-প্রণেতা আচার্য্যপ্রবর বেদান্তদর্শন পাঠে উপযোগী করণার্থ এই উত্তম করিয়াছেন। [illegible] বঙ্গানুবাদ ও সূচীপত্রাদি সংযোজিত করা হইয়াছে। নাম মাত্র ভিক্ষা ৸০ আনা।

শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও নবদ্বীপশতক

গৌরপার্ষদ ত্রিদণ্ডী শ্রীমৎ প্রবোধানন্দ সরস্বতী প্রভুর মূল; প্রভুপাদ শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ সম্পাদিত অন্বয়মুখে সানুবাদ ও বঙ্গানুবাদ সম্বলিত নবদ্বীপশতকের শ্রীভক্তিবিনোদ ঠাকুরের পদ্যানুবাদ, তৎসহ শ্রীমদ্ভক্তিপ্রজ্ঞান কেশব গোস্বামী মহারাজ বিরচিত অলৌকিক প্রসঙ্গ হইয়াছে। মূল ও বাঙ্গালা উৎকৃষ্ট (২ [illegible] একত্রে) ভিক্ষা ৸০ আনা, অতি সুলভ। বাঁধাই রাজসংস্করণ ১৲ টাকা মাত্র।

ভ্রাতার নিকট চিঠি

বাড়ী বজবজ, ৯।১১১

স্নেহের ভাইটী,

বেচু, তুমি আমাকে চিঠি লিখিতে লিখিতে বিষয় লিখিবার সুযোগ করিয়া দিতে ভুলিয়া গিয়াছ। তাই সন্ধ্যা হইয়া আসিল।

যাবার বেলায় তোমাকে আর কি লিখব? শুধু এইটুকু বলিয়া আজ তোমাকে আশীর্ব্বাদ করিতেছি, তুমি স্বার্থপর হও, পরের দুঃখে তোমার হৃদয়ে কখনো মন্দাকিনীধারা প্রবাহিত হউক।

আমি আজ তোমাদের ছাড়িয়া যাইতেছি বলিয়া দুঃখ করিও না, ভাই। এ দুঃখ ধরিয়া এই যাওয়া-আসাই বিশ্বকে চিরন্তন করিয়া রাখিয়াছে, তার বুকের স্পন্দনকে থামিতে দেয় নাই। আর কিছু লিখিবার নাই। আমার অশেষ শুভকামনা ও আশীর্ব্বাদ জানিবে।

তোমার "নীলেশ দা"

বৌদির নিকট চিঠি

৫-১৫ মিনিট, ৯।১০।২১

বৌদি,

এইমাত্র তোমার চিঠিখানা পাইলাম। আমার জীবন-কাহিনী জানাইবার তেমন কিছু নাই। কিই বা জানাইব বলতো। আমার সব কথাই তো তোমাদের বুকে চিরকাল আঁকা থাকিবে। তুচ্ছ কলির চঞ্চু কি তাহাকে আরও উজলে করিয়া দিতে পারিবে? আমার গত অপরাধ ক্ষমা করিবে—ছেলের মত বিদায়। ভালবাসা ও প্রণাম জানিবে।

তোমার—"হাবুলদা"

নীলেশ গুপ্তের ফাঁসীতে নানাস্থানে প্রতিবাদ

নীলেশ গুপ্তের ফাঁসির প্রতিবাদে এবং তাহার মৃত্যুতে শোক প্রকাশ করিয়া বহরা, মেদিনীপুর, তমলুক, ঘুরুটী, নারায়ণপুর, রামনগর, পুরুলিয়া, মেমারি, বর্দ্ধমান ও আমতা কোওড়ায় বাজারটী, উলুবেড়িয়া, ইংলিশপুর প্রভৃতি স্থানে সভা, হরতাল ও প্রার্থনা হইয়াছে।

গান্ধীজীর প্রতি ভারতবাসীর পরামর্শ

ইয়ং ইণ্ডিয়া পত্রিকায় গান্ধীজী এক দীর্ঘপত্র প্রবন্ধে কোন আমেরিকা প্রবাসী ভারতবাসীর দীর্ঘপত্রের কতকগুলি অংশ উদ্ধৃত করিয়াছেন। উহাতে উক্ত ভারতবাসী গান্ধীজীকে আমেরিকায় যাইতে নিষেধ করিয়াছেন, কারণ—আমেরিকার অধিবাসিগণ ডলার এবং কার ব্যতীত আর কিছুই ভাল বুঝে না। সাম্যবাদের ভাবীর আবশ্যকতার মত সহানুভূতি অঞ্চলের চেষ্টা না করিয়া আপনি যদি আমেরিকায় আসেন, তাহা হইলে ফল হয় ত সম্পূর্ণ বিপরীত হইতে পারে।

ম্যাজিষ্ট্রেটের কর্ত্তব্যবুদ্ধি

গত ৯ই জুলাই একটি উল্লেখযোগ্য ঘটনা ঘটিয়াছে। দীনেশ গুপ্তের ফাঁসী সম্পর্কে সভা ও শোভাযাত্রা হইবে বলিয়া কয়েকজন কংগ্রেসকর্ম্মী যখন হ্যাণ্ডবিল বিতরণ করিতেছিলেন, সেই সময় রাধা-সাহেব দিলা মহাম্মেট বিনাবিচারে কর্ম্মি-দলের সহিত মোটরে করিয়া সেই স্থান দিয়া যাইতেছিলেন।

হ্যাণ্ডবিল বিতরিত হইতে দেখিয়া তিনি কংগ্রেসকর্ম্মীদের [illegible] উপরে বর্ষিয়াছেন যাহা থামাইয়া হ্যাণ্ডবিলগুলি ফিরিয়া না দেওয়া চলিয়া যান।

৫৫ জন ডাকাত ধৃত

মেদিনীপুর জেলার পুলিসের উচ্চ অধিকারীর কর্তৃক ৫৫ জন ডাকাত ধৃত হইয়াছে। এক সময়ে বিভিন্ন স্থানে এবং বিভিন্নপ্রকারে যে ১৩টি ডাকাতি হইয়া গিয়াছে, তাহাদের সেই গ্রেপ্তার।

কংগ্রেস অফিসে তল্লাস

মেদিনীপুর কংগ্রেস আফিস ও কংগ্রেস কমিটির সম্পাদকের গৃহে পুলিস তল্লাস করিয়াছে এবং কংগ্রেস অফিসের সাইন বোর্ডখানা লইয়া গিয়াছে। বিস্তৃত বিবরণ পাওয়া যায় নাই।

পাটনা বোমার কেস

৫ ১৯শে জুন তারিখের পাটনায় যে বোমা বিস্ফোরণ হইয়া গিয়াছে, সেই সম্পর্কে পুলিসের তদন্ত শেষ হইয়া গিয়াছে। তবে এখনো শুধু বিস্ফোরক পদার্থের পরীক্ষকের রিপোর্টের অপেক্ষা মাত্র।

এই সময়ের শেষ ভাগে এই মামলার তদানীন্তন উঠিবে এরূপ সম্ভাবনা দেখা যাইতেছে।

আরও প্রকাশ, পুলিস মার্কি বক্সরবাগ ষড়যন্ত্রকারীদের সহিত এই বোমার ব্যাপারে একটা সংযোগ আবিষ্কার করিতে পারিয়াছে বক্সরবাগে একজন যুবক শিক্ষকের গুলীতে প্রাণ হারাইয়াছিল এবং ঐ ব্যাপার এখনও রহস্যাবৃত আছে।

আবগারী আইনে জরু

রাম সিং মেঘাণী এবং অমর সিং মেঘাণী গত বুধবার কেমেল সাউথ রোডের এক বাড়ীতে মদ প্রস্তুত করার কালে গ্রেপ্তার হয়। গতকল্য শিয়ালদহের পুলিস ম্যাজিষ্ট্রেট আবগারী আইনের ৪৭ (ক) ধারায় উভাদিগকে দোষী সাব্যস্ত করিয়া উহাদের প্রতি ৩ মাস সশ্রম কারাদণ্ড বিধান করিয়াছেন।

ধানবাদে কংগ্রেস সভা

ধানবাদ কংগ্রেস কমিটির উদ্যোগে ধানবাদ টাউনহলে এক জন-সভার অধিবেশন হইয়াছিল। ব্যারিষ্টার শ্রীযুক্ত কমলাকান্ত রায় ঐ সভায় বক্তৃতা করেন। ধানবাদ কংগ্রেস কমিটী ও কয়লা খনির ভারতীয় কর্ম্মচারী সমিতির সভাপতি শ্রীযুত কে, এন, সেনগুপ্ত সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন।

শ্রীযুত রায় বিস্তৃত ভাবে কংগ্রেস সংগ্রাম এবং দেশের বর্ত্তমান অবস্থা সম্বন্ধে বক্তৃতা করেন। তিনি যুবক-দিগকে স্বাধীনতা সংগ্রামে যোগদান করিয়া কংগ্রেস আন্দোলন সফল করিতে অনুরোধ করেন। সভাপতি শ্রীযুত সেনগুপ্ত সভায় বক্তৃতা করেন।

শ্রীযুত কমলাকান্ত রায় ধানবাদ ঘুরিয়া আরও কয়েকটি বক্তৃতা করিয়াছেন।

নূতন গ্রহ

পৃথিবী হইতে ১৮ কোটি ৫০ লক্ষ মাইল দূরে একটি নূতন গ্রহ আবিষ্কৃত হইয়াছে বলিয়া কিয়োটো মানমন্দির সংবাদ দিয়াছেন। 'আমোর' নামক তারকামণ্ডলের দক্ষিণ দিকে অবস্থিত এই গ্রহটির ব্যাস ১১ হাজার মাইল।

শিখদের প্রতি বড়লাট

শিখসম্প্রদায়ের প্রতিনিধিমণ্ডলী বড়লাটের নিকট যে সকল অভাব-অভিযোগ জ্ঞাপন করেন, তদুত্তরে বড়লাট আশ্বাস দিয়া বলেন যে, বিভিন্ন সাম্প্রদায় ও তাঁহাদের স্বার্থের প্রতি যাহাতে সুবিবেচনা করা হয়, সেজন্য তিনি সকল প্রকার চেষ্টা করিবেন। প্রাদেশিক মন্ত্রিসভার পক্ষ হইতে গোলটেবিল বৈঠকে শিখদের অতিরিক্ত প্রতিনিধি প্রেরণের যে প্রস্তাব করা হইয়াছে, তাহা তিনি ভারত-সচিবকে জানাইবেন। আইন-ব্যবসায়ে যদি কোন শিখ বিশেষ বিচক্ষণতা অর্জ্জন করিয়া থাকেন, তাহা হইলে তাঁহাদের হাইকোর্টের জজের পদে নিয়োগ করা সম্বন্ধে বিবেচনা করা হইবে।

উপসংহারে বড়লাট বলেন—আমার দৃঢ় বিশ্বাস বর্ত্তমানকালে পরস্পর বিরোধী দাবী, প্রতিদ্বন্দ্বী স্বার্থ, রাগ এবং জটিল তার যে ঘনমেঘ রাজনৈতিক আকাশকে আচ্ছন্ন করিয়া রাখিয়াছে, তাহা কাটিয়া গিয়া আবার নীল, নির্ম্মল আকাশ আত্ম প্রকাশ করিবে। পরস্পরের বোঝাপড়া এবং সহযোগিতাই কেবল এই দুরাসা দূর করিতে পারে; নির্ম্মল আকাশ আবার দেখা দিবে—আমার এই বিশ্বাসকে কার্য্যে পরিণত করিতে গিয়া আমি আপনাদের সাহায্যের উপর নির্ভর করিব এবং শান্তি ও সমৃদ্ধির যুগ ফিরাইয়া আনিতে চেষ্টা করিব।

লণ্ডনে বক্তৃতার আয়োজনে গান্ধীজী

মিঃ গান্ধীকে বক্তৃতা দিবার জন্য কমনওয়েলথ অফ ইণ্ডিয়া লীগ নিমন্ত্রণ করিয়াছেন, তিনি তাহা গ্রহণ করিয়াছেন। লীগের পক্ষ হইতে লণ্ডনের ম্যাঞ্চেষ্টারের মানস্থানে মিঃ গান্ধীর বক্তৃতার আয়োজন হইতেছে। গান্ধীজী লীগকে জানাইয়াছেন যে, লণ্ডন যাইয়া তিনি তাঁহাদের নিমন্ত্রণ রক্ষা করিবেন কিন্তু ভারতবর্ষে সাম্প্রদায়িক সমস্যার মীমাংসা সম্বন্ধে কোন যোগাযোগ দেখা যাইতেছে তাহাতে তাঁহার লণ্ডনে যাওয়া না হইতে পারে।

কংগ্রেসকর্ম্মীগণের মুক্তিলাভ

মেদিনীপুর কংগ্রেস কমিটীর সম্পাদক শ্রীযুত নিকুঞ্জ মিত্র, খুলনা জিলা ছাত্র সমিতির যুগ্ম সম্পাদক শ্রীযুত জগদীশচন্দ্র ঘোষ ও অন্যান্য ১৩ জনকে কয়েক ডাকাতির সম্পর্কে গত ১৩ই জুন গ্রেপ্তার করা হয়। সংবাদ পাওয়া গিয়াছে পুলিস তাঁহাদের বিরুদ্ধে কোন অভিযোগ উপস্থিত করিতে না পারায় তাঁহাদিগকে গত ৬ই জুলাই তারিখে বিনা সর্ত্তে মুক্তি দেওয়া হইয়াছে।

নিদ্রিত ব্যক্তিকে হত্যা

৬ই জুলাই তারিখে মাতিকাশ্ব অধিবাসী প্রহ্লাদচন্দ্র দাস নিদ্রিত অবস্থায় তাঁহার ঘরে নিহত হইয়াছেন। প্রকাশ কে বা কাহারা গভীর রাত্রিতে ঘরে ঢুকিয়া কোন অস্ত্রের সাহায্যে তাঁহাকে হত্যা করিয়া গিয়াছে। ট্রাঙ্ক প্রভৃতি তাঁহার কোমরে বাঁধা ছিল বলিয়া দুষ্কৃতকারীগণ তাহা লইতে পারে নাই। পুলিসের তদন্ত চলিতেছে, কিন্তু এখনও কাহাকেও গ্রেপ্তার করা হয় নাই।

Reg No C.1544

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৮৲
অর্দ্ধ কলম ৩৷৹
সিকি কলম ২৲
চুক্তির হার
স্বতন্ত্র।

সাধারণ হার
অগ্রিম দেয়
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸৹
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৵৫

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৬ষ্ঠ খণ্ড] সম্পাদক—শ্রীঅতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [১১৩তম সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—৩০শে আষাঢ় বুধবার, ১৩৪৮, ১৫ই জুলাই ১৯৪১

নানা কথা

গান্ধীজীর নিকট বড়লাটের চিঠি

মহাত্মা গান্ধী গত ১১ই জুলাই রাত্রে বড়লাটের নিকট হইতে এক চিঠি পাইয়াছেন। চিঠিখানি বোম্বাই গবর্ণমেণ্টের মারফত মহাত্মা গান্ধীর হাতে দেওয়া হইয়াছে ১২ই জুলাই সকাল বেলায় ওয়ার্কিং কমিটীর সভা আরম্ভ হইলে চিঠিখানি সম্বন্ধে আলোচনা হয়। কমিটী প্রকাশ, সদস্যগণ বড়লাটের উত্তরে সন্তুষ্ট হইয়াছেন।

মহাত্মা গান্ধী ১১ই রাত্রে সুরাট যাত্রা করিয়াছেন। সুরাট হইতে তিনি সিমলায় যাত্রা করিবেন এবং বড়লাটের সহিত সাক্ষাৎ করিয়া সমস্ত বিষয় সম্বন্ধে আলোচনা করিবেন।

ওয়ার্কিং কমিটী যে বড়লাটের চিঠিতে সন্তুষ্ট হইয়াছেন তাহার একটা স্পষ্ট প্রমাণ দেওয়া গিয়াছে।

লাহা কমিটীর রিপোর্ট

সাম্প্রদায়িক সমস্যার সমাধান সম্পর্কে লাহা কমিটী প্রস্তাবের যে খসড়া পেশ করিয়াছেন ওয়ার্কিং কমিটী সে বিষয়ে বিস্তৃত আলোচনা করিয়াছেন। অতঃপর ওয়ার্কিং কমিটির সভা ১১ই জুলাই বুধবারই শেষ হয়।

গান্ধীজীর লণ্ডন গমন নিশ্চিত

প্রকাশ, মহাত্মা গান্ধীর লণ্ডন যাওয়া সম্বন্ধে এখন আর কোন সংশয় নাই। গান্ধীজীর লণ্ডন যাত্রার ঠিক পূর্ব্বে—অর্থাৎ মাসের প্রথম সপ্তাহে সম্ভবতঃ নিখিল ভারত কংগ্রেস কমিটির অধিবেশন হইবে।

১৫ই তারিখ সিমলা গমন
বড়লাটের সহিত আলোচনা

বড়লাটের সহিত আলোচনা করিবার জন্য মহাত্মা গান্ধী ১৫ জুলাই সিমলায় গমন করিবেন।

কংগ্রেস কর্ম্মীদের প্রতি মহাত্মা গান্ধী

ভারতের বিভিন্ন প্রদেশে সরকারী কর্ম্মচারিগণ গান্ধী-আরউইন সন্ধি সর্ত্ত ভঙ্গ করিতেছেন—এইরূপ অভিযোগ করিয়া বহু কংগ্রেস নেতা এবং কর্ম্মী মহাত্মা গান্ধীর নিকট চিঠি লিখিতেছেন। মহাত্মাজী এই সব পত্রের অংশবিশেষ উদ্ধৃত করিয়া ৯ই জুলাই তারিখের "হরিজন" পত্রিকায় এক প্রব লিখিয়াছেন। উহাতে তিনি ব বলেছেন :—

"বহু স্থান হইতে অভিযোগ আসি বলেছে যে, স্থানীয় কর্ম্মচারিগণ সন্ধির চু ভঙ্গ করিয়া যথেচ্ছাচার করিতেছেন এ সমস্ত দেখিয়া শুনিয়া মনে হইতেছে, যে গবর্ণমেণ্ট কংগ্রেসের সহিত যুদ্ধে অবতী হইয়াছেন। সেইজন্য প্রায় প্রত্যে কংগ্রেস কর্ম্মীকেই তাঁহারা সন্দেহে চোখে দেখিতেছেন। আমি এই স চিঠি অনেক দিন চাপা দিয়া রাখি ছিলাম এই আশায় যে, স্থানীয় গ মেণ্টের নিকট ঐ সব অভিযোগ সম্ব দরখাস্ত করিলে তাঁহারা উহার প্রতিক করিবেন। কিন্তু আমার আশা ভ হইয়াছে।

অতঃপর মহাত্মাজী যুক্ত-প্রদেশে সুলতানপুর ও মথুরা, পাঞ্জাবের অমৃতস আম্বালা, লুধিয়ানা এবং বোম্বাইকে বহুকথানি চিঠি উদ্ধৃত করিয়া বলে অন্তর্গত কাঁদি কংগ্রেস কমিটীর একখা তার উদ্ধৃত করিয়াছেন।

উক্ত তারের তারিখ ২০শে জুন চিঠিতে বলা হইয়াছে—

"কাঁথির সরকারী কর্ম্মচারিগণ সন্ধি সর্ত্ত ভঙ্গ করিতেছেন এবং শান্তিপূ গঠন মূলক নিরস্ত্র কংগ্রেস কর্ম্মীদে গ্রেপ্তার করিতেছেন। স্থানীয় কংগ্রেস সাপ্লিমেণ্টারের সাফল্যে হইয়া পড়িতেছেন। তাঁহারা এই সম গ্রেপ্তার দ্বারা সন্ধি নষ্ট করিবার চে করিতেছেন। বড়লাটকে তার হইয়াছে।

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও আদর্শচরিত্র শিক্ষকগণ ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

সবিস্তার সংবাদের জন্য নিম্নলিখিত ঠিকানা পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

—৫১ বৎসরের প্রতিষ্ঠিত—

ঔষধালয়ে প্রস্তুত বটীকা

ধারা পুরাতন, স্বপ্নদোষ, কোষ্ঠকাঠিন্য, অম্বল, অজীর্ণ প্রভৃতি যত রোগের রোগ নিরাময় হইয়াছে তাহা প্রকাশ করিলে বড় বড় পুস্তক হইয়া পড়ে।

ইহা

সকল ঋতুতে ব্যবহার চলে ও সমান ফল প্রদান করিয়া থাকে। প্রতি কৌটায় ৩২টী বটীকা থাকে।

কেবলমাত্র

প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা। ইহার নাম "আতঙ্কনিগ্রহ বটীকা"।

অন্যান্য ঔষধের তালিকার জন্য পত্র লিখিলেই পাইবেন

প্রাপ্তিস্থান :—আতঙ্কনিগ্রহ ঔষধালয়

১১৪ নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

কেশোর্দ্ধ পাচিকা

সর্ব্ববিধ কেশের অব্যর্থ মহৌষধ

মফঃস্বলের গ্রাহকের জন্য ৬ আঃ শিশিতে ঘনীভূত অবস্থায় ষ্টেটবোরের ডিসপেচ ঔষধ ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ১০ আনা, পাঁইট ৸৹ আনা, বোতল ১৷৹ আনা।

আফিস—১১নং ভুলটাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

মদন মঞ্জরী

বটীকার বল ও বাজীকরণ, ইন্দ্রিয়শক্তির হ্রাস, প্রস্রাবে ধাতুপাত, স্বপ্নদোষ, অম্বলোগ, মুখ শুষ্কতা, অনিদ্রা প্রভৃতি যখন যখন বিশেষ আবশ্যক হয়। মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

"অপুৎসকাজ্ঞাক্তি মৃত"

পুরুষত্বহীনতা রোগে যাহাদের ধারা আরোগ্য করিয়া পরিতৃপ্ত করে। মূল্য ১ তোলা ১৲ টাকা।

"বৃহদশ্বিলাসিনী বটিকা"

বীর্য্যবান করত সন্তোষপ্রদ স্থায়ী ও বৃদ্ধি করিতে অদ্বিতীয়। মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

ডাইরেক্ট ম্যানেজারজী, কেশপ্রসাদী

৩ ১৭৭নং কর্ণওয়ালিস রোড, কলিকাতা।

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস্, এন্, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈজ্ঞানিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

১৮ নং কটন ষ্ট্রীট, বড়বাজার,

কলিকাতা।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈবপ্রাপ্ত যক্ষ্মার একমাত্র মহৌষধ

পনর দিনে সম্পূর্ণ আরোগ্য

রোগী দেখাইতে হইবে। অগ্রিম পাথেয় খরচ (যাওয়া এবং আসার) পাঠাইলে গিয়া রোগী দেখা হয় অথবা এখানে আসিলে রোগী দেখিয়া ঔষধ দেওয়া হয় আরোগ্য না হওয়া পর্য্যন্ত পারিশ্রমিক দিতে হইবে না। গরীব রোগীদের খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়। বিস্তারিত বিবরণের জন্য এক আনার ডাক টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীকালীশচন্দ্র উকীল, যক্ষ্মা-চিকিৎসক, পোঃ বৈকারী, বরিশাল।

অথবা নিম্ন ঠিকানায় সাক্ষাৎ করিয়া বিস্তারিত জানিতে পারেন।

শ্রীযুক্ত শ্যামগোপাল দত্ত এম্, এ, কৃষ্ণনগর, নদীয়া। শ্রীযুক্ত অরিন্দম মিত্র, ১১৭, বেণিয়াটোলা ষ্ট্রীট, শাটগোলা, কলিকাতা।

একখানি পত্র। আমার স্ত্রীপুত্র গত ছয় মাস যাবৎ রাজ যক্ষ্মায় মুমূর্ষুপ্রায় হইয়াছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাহার জীবনের আশা ত্যাগ করিয়া শেষ মুহূর্ত্তের জন্য অপেক্ষা করিতেছিলেন এই সময় শ্রীযুক্ত কালীশচন্দ্র উকীল মহাশয় মাত্র ১০ দিন চিকিৎসা করিয়া সম্পূর্ণ আরোগ্য করিয়া দিয়াছেন। (সাঃ) শ্রীহরেন্দ্র কিশোর রায় চৌধুরী (জমিদার পানিয়া) রয় ষ্ট্রীট, নিউ বিল্ডিং। করপোরেশন ষ্ট্রীট ডিপো ট্রেমেণ্ট, কলিকাতা।

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার—গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেন গ্রাহকগণ

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কসের

এত প্রশংসা করেন

—কারণ—

এখানে যাবতীয় ছাপার কার্য্য—

লেটার হেড, মেমো, ফরম, খাম, ভিজিটারী চেক, বিল প্রভৃতিই বলুন,

বিবাহের নিমন্ত্রণ পত্র, কার্ড, বিবাহের পদ্যই বলুন,

আর ৩ রং ও ৪ রংয়ের কাভারটোন ব্লকই বলুন, সকল কার্য্যই অতি শীঘ্র ছাপা হয়, অথচ ছাপাইবার খরচ বাজার অপেক্ষা সুলভ।

আপনার কিছু ছাপার কার্য্য থাকিলে নিম্নঠিকানায় জানাইলেই ফর পাইবেন।

ম্যানেজার—গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

২৪০।২ নং আপার সার্কুলার রোড, কলিকাতা।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

প্রথম ও দ্বিতীয় খণ্ড

ওঁবিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের সেই অমিয় বিশ্বমোহিনী ভাগবতপ্রচারিণী কৃষ্ণকীর্ত্তনমোদিনী ভারতবাণীর মূর্ত্তবিগ্রহ-বৈষ্ণবসিদ্ধান্ত রত্নাগার কৌস্তুভমণি—সহজ অভিধেয় ও প্রয়োজনতত্ত্বের সিদ্ধান্তসমূহ

ভিক্ষা একত্রে ১৸০ আনা মাত্র।

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে—কৃষ্ণকান্তি ব্রহ্মচারী ভক্তিকুসুম এম্, এম্, এল্, কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

শ্রী শ্রী গুরুগৌরাঙ্গৌ জয়তঃ



দৈনিক নদীয়া-প্রকাশ



একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম — মায়াপুর — নদীয়া

ষষ্ঠবর্ষ | ২৯ পুরুষোত্তম গৌরাব্দ ৪৪৫, ৩০শে আষাঢ় বঙ্গাব্দ ১৩৩৮, ১৫ জুলাই ইং ১৯৩১ বুধবার | ১১৩তম সংখ্যা

পুরীধামে শ্রীল প্রভুপাদ

(ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিদিবাকর ভারতী মহারাজ প্রেরিত)

গত ৮ই বৈশাখ হইতে পুরী শ্রীপুরুষোত্তম মঠে মাসব্যাপী মহামহোৎসব আরম্ভ হইয়াছে। বিষয়কার্য্যে ব্যস্ত জনগণকে জীবের একমাত্র বিষয় শ্রীকৃষ্ণকীর্ত্তন এবং তজ্জনপিপাসুগণকে কৃষ্ণকীর্ত্তনসেবায় নিরন্তর নিযুক্ত রাখিবার জন্যই কৃষ্ণকীর্ত্তনৈক জীবন, শ্রীকৃষ্ণের নিজজন পরমারাধ্য শ্রীল প্রভুপাদের ঊর্দ্ধ্বী জীবনারাধ্য আয়োজন। গত তিন মাস কাল যাবৎ ভারতের বিভিন্ন দেশ হইতে বহু সৌভাগ্যবন্ত জন এই মহাগ্রহণে বদ্ধাতিলক্ষ হইতেছেন।

শ্রীল প্রভুপাদ নিজের অনুগতজনের দ্বারা শ্রীপুরুষোত্তমে ঔগৌরবিহিত ভাগবত প্রচার করিয়াই নিশ্চিন্ত নহেন, স্বয়ং পঞ্চতত্ত্বশিখর চূড়ান্তলিঙ্গ, জলপাইগুড়ি প্রভৃতি স্থানে ভক্তবিজয় করিয়া নিজ প্রাণনাথের সেবা প্রচার করিতেছিলেন। কিন্তু শ্রীপুরুষোত্তম মঠবাসী ভক্তগণ ও স্থানীয় প্রবাসী সজ্জনমণ্ডলীর একান্ত প্রার্থনায়, বিশেষতঃ অবসরকালে আলবরনাথক্ষেত্রে গৌড়ীয়-নাথের লীলারোদে প্লাবিত হইয়া গত ৩০শে আষাঢ় ৮ই জুলাই বুধবার পুরী এক্সপ্রেস পরমারাধ্য প্রভুপাদ পুরীধামে যাত্রা করেন। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠের মহানাম্নপ্রভু বহু ভক্ত এবং পরমবাসী গণমান্য সজ্জন হাবড়া ষ্টেসনে তাঁহাকে অভ্যর্থনা করিয়াছিলেন। শ্রীল-প্রভুপাদের শ্রীহরি-কীর্ত্তনের বিরাম নাই। গাড়ীতে বসিয়াই সকলকে শ্রীহরিসেবার উপদেশ দিতেছেন। ক্রমে ক্রমে শ্রোতার সংখ্যা বৃদ্ধি পাইতে লাগিল। শ্রীল প্রভুপাদও হৃদয়ত চিত্তে কীর্ত্তন করিতেছেন। এমন সময় ট্রেণ ছাড়িবার শেষ ঘণ্টা পড়িল। সঙ্গে সঙ্গে সকলের মধ্যে একটু চাঞ্চল্য প্রকাশ পাইল। কেন না, অনতিবিলম্বেই অপার্থিব সঙ্গ ছাড়িয়া গোলোকের কীর্ত্তন শ্রবণ থেকে বঞ্চিত হইতে হইবে। সকলেই সভক্তি প্রণাম করিতেছেন, এমন সময় গাড়ী ছাড়িয়া দিল।

পরম দয়ালু প্রভুপাদ গাড়ীর জানালার ভিতর দিয়া ভক্তগণকে দর্শন দিতে লাগিলেন। গাড়ী চলিতেছে, সুতরাং অল্পক্ষণ পরে ভক্তগণ দূরে পড়িলেন।

গাড়ী দ্রুতবেগে চলিতে আরম্ভ করিল। শ্রীল প্রভুপাদ তখন শ্রীনামশিক্ষার সংখ্যা-নাম করিতেছেন। লোকশিক্ষক লোক-পাবন প্রভুপাদ শ্রীহরির প্রিয়তম জন হইয়াও সংখ্যানাম গ্রহণে আগ্রহ দেখাইয়া—

আপনি আচরি' ধর্ম্ম জীবেরে শিখায়।
আপনে না কৈলে ধর্ম্ম শিখান না যায়॥

—এই প্রভু-আচরণের অনুসরণ এবং সঙ্গে সঙ্গে শ্রীচৈতন্য-আদেশ —

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥

মর্ম্ম) প্রভু কহে কহিলাম এই মহামন্ত্র।
ইহা জপ গিয়া সবে করিয়া নির্ব্বন্ধ॥
ইহা হইতে সর্ব্বসিদ্ধি হইবে সবার।
সর্ব্বক্ষণ বল ইথে বিধি নাহি আর।

—পালনে শ্রীচৈতন্যমনোঽভীষ্ট প্রচারেরই আদর্শ দেখাইলেন।

সংখ্যানাম পূর্ণ হইলে পরিপূর্ণকাম বিজয়কারী প্রভুপাদ রাত্রি ১২ ঘটিকা পর্য্যন্ত মাদৃশ অধমের পতিত কথা পুরুক শ্রীরূপের বহু লীলাবিলাসের কথা কীর্ত্তন করিয়াছিলেন। কিন্তু আমি ভাগ্যহীন। কেননা:—

দৈবী মায়া বলাৎকারে, ঘুমাইয়া সেই ভে ে

তখনরূপে দিলেক ভাঙ্গিয়া।

নিদ্রাদেবী আমাকে জোরে আকর্ষণ করিলেন। পরম পাবন প্রভুপাদের শ্রীমুখে পরমপাবনী শ্রীকৃষ্ণকথা শ্রবণের সৌভাগ্য হারাইলাম। এই ভাবে অনেক সময় চলিয়া গেল। অতি প্রত্যূষে পরমপাদ আমাকে ডাকিলেন। আমি ব্যস্তভাবে উঠিয়া লজ্জিতভাবে তাঁহাকে দণ্ডবৎ প্রণাম করিলাম। দেখিলাম, তিনি ইলাহাবাদের শ্রীধাম প্রবণ করিতেছেন। একটু হাসিয়া বলিলেন—"ঘণ্টা বাজিয়াছে। গাড়ী কটক আসিল, দরজা খুলুন।" দরজা খুলিবার সঙ্গে সঙ্গে কটক র‍্যাভেন্সা কলেজের অধ্যাপক শ্রীযুক্ত নিবিকান্ত সান্যাল এম,এ. ভক্তিশাস্ত্রী, ভক্তিকুশলব মহোদয় আসিয়া প্রভুপাদকে প্রণাম করিলেন। কটক শ্রীগৌড়ীয়ানন্দ মঠের সেবকগণের ও সেবাদ্রব্যের সংবাদাদি লইতে লইতে গাড়ী ছাড়িল, সঙ্গে সঙ্গে প্রফেসর বাবুও বাহিরা গেলেন।

২৪শে আষাঢ়, ৯ই জুলাই বৃহস্পতিবার ৭টা ১৫ মিনিটের সময় পুরী ষ্টেসনে গাড়ী পৌঁছিল। পূর্ব্বদিবস শ্রীপুরুষোত্তম মঠের ভক্তগণ তারযোগে পরমারাধ্য শ্রীল প্রভুপাদের পুরীতে শুভাগমনের সংবাদ পাইয়া পূর্ব্বাহ্ণেই শ্রীপাদ পরমানন্দ ব্রহ্মচারী বিদ্যারত্ন-প্রমুখ ভক্তগণ ষ্টেসনে উপস্থিত ছিলেন। গাড়ী ষ্টেসনে থামিবার সঙ্গে সঙ্গেই সকলেই দিগ্ দিগন্ত কম্পিত করিয়া শ্রীল প্রভুপাদের জয় ঘোষণা করিলেন। পরিচিতগণ শ্রীল প্রভুপাদকে পু ে করিলেন। বানপ্রস্থ, গৃহস্থ ও ব্রহ্মচারি সাষ্টাঙ্গ দণ্ডবৎ প্রণামে শ্রীগৌরগৌরাঙ্গ পূজা করিলেন।

সুসজ্জিত মোটরযানে শ্রীল প্রভুপাদ উঠাইয়া শ্রীপুরুষোত্তম মঠে আনয়ন করিতে সঙ্গের ভক্তগণও প্রভুপাদের অনুস করিলেন। শ্রীল প্রভুপাদ মোটর হই আসিয়া সাষ্টাঙ্গে শ্রীগৌরাঙ্গ ও শ্রীরা বিনোদ মাধবজীউকে বন্দনা করিলে প্রভুপাদ পরে অল্পক্ষণ আসন গ্রহ করিলে সহরের বহু লোক আসিয়া তাঁহা দণ্ডবৎ প্রণাম করিলেন এবং প্রভুপাদ শুভাগমনে পরমানন্দ প্রকাশ করিলেন।

বৈকালে পরমারাধ্য শ্রীল প্রভু ব্যাসপূজা হইবেন। প্রথমে ঠাকুর হরিদাসে সমাধি মন্দিরে যাইয়া সাষ্টাঙ্গে দণ্ড প্রণাম করিয়া যোড়হস্তে সমাধি পরিক্র করিলেন। ভক্তগণও তদনুসরণ ক লেন। ভাবাবেশাক্রান্ত প্রভুপাদ কত ক কত কি জানিলেন, তাহা আমরা বুঝিলেও তাঁহার বদনমণ্ডলে অনেক প্রকাশিত হইল।

তৎপরে পাদবকুটীতে আসিয়া কো পাঠকীর্ত্তন হয়, লোক্ কোন্ ঘরে কে কোন্ ভক্ত অবস্থান করিবেন, সকান লই আসন পবিত্রং করিয়া সমুদ্রের দি তাকাইয়া একটী শ্লোক পড়িতে লাগিলে সমুদ্র দর্শনে যমুনাবিহারলীলা-ধর্ম্মক শ্রীচৈতন্যদেবের উক্তিই সেই শ্লোক। প্র পাদ ভাবাবিষ্ট হইয়া ব্যাখ্যা করি আরম্ভ করিতেছেন, এমন সময় সিন্ধুর

ঠের মহান্ত মহারাজ শ্রীবলভদ্র দাস স্বামী মহাশয় আসিলেন। তিনি ষ্ণবাচার্য্য প্রভুপাদকে যথাযোগ্য সম্মান দর্শন করিলে প্রভুপাদ আসন ছাড়িয়া ড়াইয়া তাঁহাকে অভ্যর্থনা করিলেন বং পুনঃ উচ্চাসনে বসিতে বলিলেন। ন্তু বৈষ্ণবাচার্য্যের সম্মানজ্ঞাতা মহান্ত রাজ সেই আসনে না বসিয়া ভূমিতেই সবেশন করিলেন। কৃষ্ণকথা সেবা-জ্ঞানপ্রদাতা প্রভুপাদও ভূমিতে উপবিষ্ট ইলেন।

মহান্ত মহারাজ নানাসেবাকার্য্যে ব্যস্ত কায় প্রাতে প্রভুপাদের অভ্যর্থনার ত্রুটি শনে ঘটিতে না পারার জন্য দুঃখ প্রকাশ রিলেন। প্রভুপাদও তাঁহাকে আশ্বস্ত রিয়া শ্রীহরিকথা আরম্ভ করিলেন। য় দেড় ঘণ্টাকাল হরিকথা কীর্ত্তন ইলে সন্ধ্যারাত্রিকের সময় উপস্থিত বিয়া মহান্ত মহারাজ অনিচ্ছাসত্ত্বে এবং থিতচিত্তে "আগামী কল্য পুনরায় আসিব", লিয়া বিদায় লইলেন।

রাজর্ষি-দুহিতা

দিনাজপুরের রাজর্ষি রাওসাহেব কুমার ক্ষ সরদিন্দুনারায়ণ রায় বেদান্তকুমুদ ন, এ, প্রাক্ত মহোদয়ের শুদ্ধভক্তিপ্রচারে ঐকান্তিকতা, বদান্যতা ও সেবোৎসাহিতার দর্শ শ্রীসহের পাঠকগণ অবগত আছেন। ষি মহাশয়ের অন্তর্গমনে তদীয় সুযোগ্যা ন্যা ভক্তিমতী দুহিতাও কলিযুগপাবনা-তারী ভগবান্ শ্রীগৌরসুন্দরের আচরিত প্রচারিত বিমল প্রেমধর্ম্মের কথা শ্রবণ ং শুদ্ধভক্তিপ্রচারে যেরূপ উৎসাহ প্রদর্শন রিয়াছেন ও করিতেছেন, তাহাও বাস্তবিক জগতে আদর্শস্থানীয়। রাজর্ষি প্রাক্ত ারের পরমা ভক্তিমতী কন্যা শ্রীগৌড়ীয়-কেই বর্ত্তমানকালে শ্রীমন্মহাপ্রভু ও কৃপা গোস্বামিবর্গের প্রবর্ত্তিত শুদ্ধভক্তি-ারপ্রচারের একমাত্র জীবন্ত প্রতিষ্ঠানরূপে পলব্ধি করিয়া কিছুদিন পূর্ব্বে শ্রীমদ্ভাগবত ম গুরু প্রচারের জন্য আনুকূল্য করিয়া-ন। আমরা শুনিয়া বিশেষ আনন্দিত লাম যে, ঐক্ত ভক্তিপ্রাণা মহোদয়া মানে কন্যাশোক-কাতরা ও পারীরিক দুস্থতা-নিবন্ধন রোগশয্যায় শায়িতা থাকার ং শ্রীগৌড়ীয় মঠে আগমন করিবার ান্ত ইচ্ছাসত্ত্বেও আসিতে অসমর্থ হওয়া গৌড়ীয়মঠরক্ষক প্রভুর নিকট শ্রীগুরু-বৈষ্ণবসেবার্থ ২৫০৲ টাকা প্রদান করিয়া-ন। তাদৃশ্যক পিতার আদর্শের অনুসরণ ারণ ভক্তিমতী দুহিতা জগতে দুর্লভ। ন্ত আজ রাজর্ষি প্রাক্ত মহোদয় ও তদীয় ন্যার মধ্যে এরূপ দৃষ্টান্তেরও আদর্শ দর্শন করিয়া আমাদের আনন্দের সীমা নাই। সুখের বিষয় এই যে, কুমার বাহাদুর রক্ষিজন ও প্রকৃতিজনের সঙ্গের না করিয়া এতদুভয়ের পার্থক্য জনঙ্গম করিতে পারিয়াছেন। ভগবান্ শ্রীগৌরসুন্দরের পাদপদ্মে আমাদের প্রার্থনা—এঁহেন শুদ্ধভগবদ্ভক্ত পিতার আদর্শে অনুপ্রাণিতা, গোলোকস্থা ভক্তিমতী দুহিতার চিত্তবৃত্তি একান্তভাবে গুরুগৌরাঙ্গ-সেবায় উত্তরোত্তর ধাবিত হউক।

ভক্তাঙ্ঘ্রিরেণু

(পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল কাব্যতীর্থ বিদ্যাসাগর বি, এ, ভক্তিশাস্ত্রী)

(২)

স্বীচরিত্র দেবগণেরও দুর্জ্ঞেয়, মনুষ্যের কথা কি ? দেবপ্রকৃতি যোগেও তাঁহাদের চিত্তহরণে সমর্থ। অতএব সাধুগণ ব্রহ্মচারী ও যতিদিগকে যোষিদ্মূর্ত্তির অবলোকন হইতেও অতি সতর্ক হইতে উপদেশ দান করিয়াছেন। এই নিমিত্ত শ্রীমন্মহাপ্রভুর ছোট হরিদাস-বর্জ্জনলীলা প্রত্যেকেরই স্মরণ করা আবশ্যক। ১ ম-চেষ্ট বিপ্রনারায়ণ দেবদেবের কাণ্টাপুরী বচনাবলীকে যথার্থ মনে করিয়া তাহাকে উদ্যানপালনে নিযুক্ত করিলেন। তদনন্তর দেবদেবী কাবেরীতে স্নিগ্ধ হিম যামান করিয়া, উর্দ্ধপুণ্ড্র ও তুলসীমালিকা দ্বারা সজ্জিত হইয়া বিপ্রনারায়ণের সহিত ত্রিকালবন্দনা সম্পাদন পূর্ব্বক তাঁহার নিয়োজিত সেবায় নিরত থাকিলা। বিপ্রও মাধুকরবৃত্তিতে প্রাপ্ত যাবতীয় ভিক্ষাদ্রব্য শ্রীবিষ্ণুকে সমর্পণ করিয়া নিজের ভোজনাবশেষ দেবদেবীকে ভোজন করাইতেন। এইপ্রকারে সমুদয় পুষ্প, তুলসী প্রভৃতি বৃক্ষের মূলখনন, আলবালবন্ধন, জলসেচন প্রভৃতি পরিচর্য্যায় নিরন্তর ব্যাপৃত থাকিয়া, প্রচণ্ড বায়ু, বর্ষা, শীত, আতপ সহন পূর্ব্বক দেবদেবী সর্ব্বভোগবর্জ্জন দ্বারা অগ্রজার খেলতুল্য বাক্য স্মরণ করিতে করিতে কিয়ৎকাল যাপন করিতে লাগিল।

এইপ্রকারে প্রায় বৎসর অতিক্রম হইতে চলিল, দেবদেবী নিজাভীষ্টসিদ্ধির কোন প্রকার লক্ষণ দেখিতে না পাইয়া অত্যন্ত চিন্তাগ্রস্ত হইল এবং রঙ্গেশ-সমীপে অতীব কাতরতাসহকারে সুধাক্ষরপূর্ণ প্রতিজ্ঞার বিষয়ে আপনাকে বিজ্ঞপ্ত করিতে লাগিল। সেই বিপ্রবরির কঠোর বৈরাগ্য, তাদৃশরূপ-লাবণ্যবতী কামিনীর দর্শনে পরাঙ্মুখতা, বহুবৎসরদীর্ঘত্বেও জিজ্ঞাসাভাব, আরাম-সেবানিমেষে বিরতি, এমন কি, বনরক্ষাদির তুল্য স্নেহসুস্বরে অনুযোগপূর্ব্বক শ্রীরঙ্গেশ্বরের শরণাগতা হইয়া পুনঃ পুনঃ প্রতিজ্ঞার সাফল্য প্রার্থনা করিতে লাগিল। শ্রীভগবান্ ভক্তবৎসল রঙ্গনাথও প্রকৃতিজনের শিক্ষার্থার্থ তাঁহার প্রার্থনা অঙ্গীকার করিলেন।

একদা বর্ষারাত্রিকালে কন্যাপ্রবাহের সঞ্চিত জীবন বারিপাত হইতে লাগিল। পুনঃ পুনঃ বিদ্যুৎস্ফুরণ ও অশনিসম্পাতে ধরিত্রিস্থিতা দেবদেবী জীবনত্যাগ হইবা পর্ণশালাস্থিত বিপ্রনারায়ণের দ্বারদেশে উপস্থিত হইল। রঙ্গেশপ্রসাদে তদীয় চিত্তে দেবদেবীর প্রতি করুণার অবির্ভাব হওয়ায় তিনি তাঁহাকে কুটীরাভ্যন্তরে আশ্রয় গ্রহণ করিতে উপদেশ দিলেন। সেই রাত্রিতেও সুযোগ পাইয়া মধুর বাক্য প্রয়োগ ও পাদসম্বাহনাদি কার্য্যে বিপ্রকে যথাসাধ্য আত্মসাৎ করিতে লাগিল। ক্রমশঃ অগ্নির নিকটস্থ ঘৃতের ন্যায় সেই শুষ্ক ঘৃতাক্ত সহযোগে যৌবনাক্ত বিপ্রনারায়ণের চিত্ত দ্রবীভূত হইল এবং উহাতে সম্পূর্ণরূপে কামবাণাগ্নি হইয়া নানাবিধ ক্রীড়া করিতে লাগিল। এইরূপে বৈরাগ্য-যান, আজন্ম লব্ধব্রত সেই ব্রহ্মচারী গোবিন্দ কৃপা বৈষ্ণবী মায়া অতিক্রম করিতে অকৃতকার্য্য হইয়া সেই কোকিলনাদিনী তমালনয়না কুটুম্ব স্নেহে একান্ত বশীভূত হইয়া তাহার পাণিগ্রহণ করিলেন। একণে দেবদেবী আপনাকে প্রাতঃকাল উত্তীর্ণা বিবেচনা করিয়া গৃহে আগমন পূর্ব্বক বিবিধ বসন ভূষণদ্বারা স্বীয় অঙ্গলাবণ্য বর্দ্ধিত করিয়া নানাবিধ ভোগোপকরণসহ সেই মদনতুল্য কাননের কুঞ্জমধ্যে বিপ্রনারায়ণের সহিত সুরতকেলিতে রত থাকিলে বিপ্রও ক্রমে সন্ধ্যাবন্দন, দেবসেবাদি স্বকার্য্যজ্ঞান বিস্মৃত হইয়া সেই পিশাচীর কবলে আত্মসমর্পণ করিলেন, সেই বিপ্র দ্বারবিনির্গতে সন্ধ্যা সেই বেশ্যাভোগে নিরত থাকিয়া স্বভিনিষ্ঠা রঙ্গেশসেবা একবারেই পরিত্যাগ করিলেন।

শ্রীকৃষ্ণসংকীর্ত্তন

(শ্রীযুক্তা আর্য্যা দেবী)

(১)

"বহির্ভিমিলিত্বা হরেকীর্ত্তনং তদেব সঙ্কীর্ত্তনম্।"—সাধুমহাজনগণ কৃষ্ণসংকীর্ত্তন শব্দের এইরূপ ব্যাখ্যা করিয়াছেন। শ্রীনামসঙ্কীর্ত্তন ব্যতীত কলিকলুষাবৃত মন্দমতি জীবের পক্ষে নিত্য নিঃশ্রেয়সপ্রদ অপর কোনও সাধন নাই। সঙ্কীর্ত্তনপিতা শ্রীগৌরসুন্দর সনাতন উপাসনার এই পরম সুকৌশলটি জানাইবার জন্য কলিযুগকে ধন্যাতিধন্য করিয়া প্রপঞ্চে শুভ প্রাকট্যলীলা সুবিস্তার করিয়াছিলেন। সত্য, ত্রেতা, দ্বাপর ও কলি—এই চতুর্যুগের অধিবেয় এযুগ নহে ; সত্যযুগে ধ্যান, ত্রেতাযুগে যজ্ঞ দ্বাপরে বিষ্ণুপরিচর্য্যা ও কলিতে হরিকীর্ত্তন সংপ্রাপ্তিনিমিত্ত চরমপন্থা। চারিযুগের এই চতুর্ব্বিধ নিতান্তত্ত্ব শুদ্ধযুগোচিত জীবে কৃষ্ণতোষণের উপযোগী।

পরমহংসকুলোপাস্য শ্রীমদ্ভাগবত বলেন,—

'কৃতে যদ্ধ্যায়তো বিষ্ণুং ত্রেতায়াং যজতো মখৈঃ। দ্বাপরে পরিচর্য্যায়াং কলৌ তদ্ধরিকীর্ত্তনাৎ॥"

শুদ্ধ স্বরূপে অবস্থিত হইয়া, দশবিধ নামাপরাধ বর্জ্জনপূর্ব্বক সাধুসঙ্গে নিরন্তর হরিকীর্ত্তনই সুসুকল কলিজীবের 'কৃষ্ণপ্রেম' লাভের একমাত্র উপায়। মায়াবৃত কলি জীবের ধ্যান, যজ্ঞ, অঙ্গন্যাদি সাধনের সম্পূর্ণ অসামর্থ্য দর্শনে মহাবদান্যশিরোমণি শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু এই নামপ্রেম-মহাদান বিতরণ দ্বারা সকল অবতারের অন্তর্গত পরম গোপ্য নিগূঢ়প্রধানকারী বালিশ পরিকীর্ত্তিত হইয়াছেন। শ্রীচৈতন্যাবতারে শ্রীহরি নিজে স্বভক্তিসুরসার প্রদাতা।

অধঃপ্রাপ্তির কলির মানব মনে নানাপ্রকার অসৎ চিন্তা, অসত্য কল্পনা আত্মপ্রিয়কে পূর্ণভাবে গ্রাস করিয়াছে। বিশুদ্ধ দশাক্ষর আমরা ধ্যান করিতে প্রস্তুত হইলে বাস্তব সত্যবস্তুর ধ্যানের পরিবর্ত্তে স্ত্রী, পুত্র, সংসার ও বিষয় সম্পত্তিরই ধ্যান করিব, মাতৃদেবীর বহুবিধ চিত্তমোহকারিণী লীলা আমাদের নিকট মোহ-বিগ্রহরূপে প্রতিভাত হইবে। আবার বিবাদশীল এই কলিযুগে ত্রেতাদ্বাপরের মানবের মত বহুবিধ যজ্ঞসম্ভারের দ্বারা ভগবদ্যজ্ঞ করিবার সামর্থ্য, সুযোগ ও আয়ু কাহারও নাই, সুতরাং যজ্ঞবিধি-পালনে যজ্ঞেশ্বর শ্রীবিষ্ণুর তুষ্টিসাধন কলির জীবের সাধ্যাতীত। দ্বাপরযুগে অনুষ্ঠিত বিধি পারচর্য্যাও এইকালের বহুজীবের পক্ষে অসম্ভব। কারণ, তাহাতে স্নান, কাচা পাত্র ও নৈবেদ্যাদির শুদ্ধাশুদ্ধির প্রতি বিশেষ সতর্ক দৃষ্টি ও সুসূক্ষ্মবিচারের অত্যাবশ্যকতা রহিয়াছে। কলির মন্দ সন্তান—স্বল্পায়ু ও দুর্ব্বল ; সংসার-নির্ব্বাহে তাড়নায় সর্ব্বদা ব্যতিব্যস্ত. তাহার জীবনে অল্প সময়ের মধ্যে শৌচাশৌচ ও কাল কালের বিশুদ্ধতা রক্ষা করিয়া পরিচর্য্য সাধনে নিঃশ্রেয়স লাভ সুদুষ্করসাধ্য। তজ্জন্য পরমকরুণানিধি অভিন্নব্রজেন্দ্রনন্দন নবদ্বীপ-পুরন্দর শ্রীগৌরহরি কলিকবলিত জন্তু জীবের পক্ষে সর্ব্বাপেক্ষা সহজ ও সুসাধ্য কৃষ্ণকীর্ত্তন-বিধিটী প্রবর্ত্তন করিয়া নিখিল জগতেরই মহদুপকার সাধন করিয়াছেন

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীমন্মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস প্রণীত মূল, শ্রীমন্মধ্বাচার্য্য-কৃতা তাৎপর্য্য-নির্ণয়টীকা; শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-কৃত সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, সংস্কৃত অন্বয় ও অভিনব, তথ্য ও বিবৃত্যাদিযুক্ত। প্রতি স্কন্ধের আদিতে সেই স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ অধ্যায়ের সারসহ সুবিস্তৃত তাৎপর্য্যাদি বিবৃত। শ্লোকসূচী, অধ্যায়বিবরণ, পাঠ ও স্থানসূচীসহ উত্তম কাগজে উত্তম অক্ষরে মুদ্রিত। প্রথম হইতে ১০ম স্কন্ধ ছাপা সম্পূর্ণরূপে শেষ হইয়াছে। ভিক্ষা প্রথম হইতে ৯ম স্কন্ধ পর্য্যন্ত ২১৷৵০; দশম স্কন্ধ ১২৲; ১১শ ৪০৲।

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীমদ্রাধাকৃষ্ণ গোস্বামিপাদ কৃষ্ণদাস কবিরাজ গোস্বামিপাদ-রচিত 'অমৃতপ্রবাহভাষ্য' শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লিখিত স্বভাষ্যে শ্রুতি-স্মৃত্যাদি বহু শাস্ত্রপ্রমাণ সম্বলিত হইয়া প্রকাশিত হইয়াছেন। শ্লোকের সান্বয়ব্যাখ্যা, বঙ্গানুবাদও প্রত্যেক পয়ারের পূর্ব্বে সারাংশ অভিনব ভাবে যোজিত। প্রত্যেক অধ্যায়-প্রারম্ভে কথাসার দেওয়া আছে। শ্লোক, পয়ার, পদ্য, স্থান, পাত্র প্রভৃতির সুবৃহৎ সূচী ও গ্রন্থকারের সংক্ষিপ্ত জীবনী সম্বলিত এইরূপ অনুপম সংস্করণ ইতঃপূর্ব্বে আর প্রকাশিত হয় নাই। উত্তম কাগজে পরিপাটীরূপে মুদ্রিত বৃহৎ দ্বিস্তম্ভাক্ষরে মুদ্রণ সুষ্ঠিত হইয়াছে। গ্রন্থ প্রায় ৯০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা এখানে ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত গৌড়ীয় ভাষ্য, শব্দসূচী, শ্লোকসূচী, বিষয়-সূচী প্রভৃতি বিবিধ বিষয়-সম্বলিত বিরাট দ্বিতীয় সংস্করণ বড় ক্রাউন ৮ পেজী আকার। আদিলীলা ও মধ্যের কিয়দংশ প্রকাশিত হইয়াছেন। ক্রমে ক্রমে প্রকাশিত হইতেছেন। অগ্রিম ভিক্ষা ৫৲ টাকা, আদি লীলার ভিক্ষা ৩৲।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের এরূপ অভিনব সুন্দর সংস্করণ আর কুত্রাপি প্রকাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকাংশের অন্বয়, বঙ্গানুবাদ, ভাষ্য, কথাসার, তথ্য প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। মূল মোটা অক্ষরে ডবল ক্রাউন আটপেজী আকারে ছাপা হইয়াছে। মূল্য ২৷০ টাকা। নদীয়া প্রকাশ ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১৷০ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

—শ্রীগৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিঠাকুর গোস্বামিকৃতা সারার্থবর্ষিণী টীকাসমেতা ও শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'রসিক-রঞ্জন' নামক ভাবাভাষ্যসহিতা। অধ্যায়সূচী, মাতৃকাক্রমে শ্লোক-সূচী, বিষয়-সূচী, গ্রন্থকারের জীবনী ও অবতরণিকাদি জ্ঞাতব্যবিষয়-সহ উৎকৃষ্ট বাঁধাই তৃতীয় সংস্করণ—এই রাজ সংস্করণের ভিক্ষা ২৲ টাকা মাত্র, সাধারণ সংস্করণ—১৷০ ভিক্ষা মাত্র

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের সেই অবিদ্যা বিধ্বংসিনী জীবাত্মস্তমোগোদিনী কৃষ্ণ-কাঞ্চনদায়িনী জীবন্ত-বাণীর মূর্ত্ত-বিগ্রহ—বেদান্তসিদ্ধান্ত-রত্নমালার কৌস্তুভমণি—সম্প্রদায় বৈভবনিয়ামাবলীর মৌলিক স্রষ্টা—পঞ্চরাত্র ও ভাগবতের সমন্বয়গুরু—মহাচার্য্য-চরিতচিত্র-শিক্ষক—চিন্তাসচিন্তাক্রান্ত-অচিন্ত্যাদ্বৈত-বিচারক—ঐশ্বর্য্য ও মাধুর্য্যরসের মৌলিক গবেষণার—সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন তত্ত্বের সিদ্ধান্ত-সমূহ।

১। **প্রথম খণ্ড**—বৈষ্ণবদর্শন, শ্রীগুরুতত্ত্ব, কাল-তত্ত্ব, শ্রীমন্নামাভিধেয়, শ্রীবার্ষভানবী, পাঞ্চরাত্রিকী দীক্ষা ও বর্ণ-বিচার, আত্মতত্ত্ব ও মনোধর্ম্ম, শ্রীচৈতন্যদেব ও তাঁহার শিক্ষা, অপ্রাকৃত সহজধর্ম্ম ও প্রাকৃত সহজিয়া, প্রভৃতি বিংশতি সংখ্যক রত্নে সুশোভিত। ভিক্ষা ১৲ ৷৵০ বার আনা।

২। **দ্বিতীয় খণ্ড**—শ্রদ্ধা ও বিদ্বা ভক্তি, মর্কটবৈরাগ্য প্রেষ্ঠতা কোথায়, আত্মার নিত্যস্থিতি, ঈশ্বর স্বামিপাদ ও মায়াবাদ, শ্রীগৌর-নিত্যানন্দপ্রসঙ্গ, হিংসুকের বন্ধ ও হরিকীর্ত্তন, শ্রীব্যাসপূজায় শ্রীমদ্ভাগবতের কীর্ত্তন, প্রাচীন-নামের মহিমা, মহাপ্রসাদ, শ্রীগোবিন্দ, শ্রীপ্রসাদসেবন-পথ, শ্রীমতী হরিবাসুন্দরী, শ্রীচৈতন্যের কথা, গৌরকথা ও হরিসঙ্কীর্ত্তন—চারিখণ্ড অপূর্ব্ব-মধুরিমাপূর্ণ-বক্তৃতা সন্নিবেশিত। মূল্য প্রতি খণ্ড এক টাকা মাত্র।

প্রথম ও দ্বিতীয়—দুই খণ্ড একত্রে লইলে ভিক্ষা ১৷০ দেড় টাকা, ডাক খরচ স্বতন্ত্র।

শ্রীমদ্ভগবদ্গীতা

গৌড়ীয়-বৈষ্ণবসার্ব্বভৌমিক-শেখর শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-কৃতা টীকা ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের প্রাঞ্জল বঙ্গ-ভাষায় বিস্তৃত 'বিদ্বদ্রঞ্জন' নামক ভাষ্যযুক্ত। অধ্যায়-সূচী, বিষয়সূচী, ও প্রতি শ্লোকের অন্বয় ও সুষ্ঠু পদ সূচী, ভাষ্যকারের জীবনী প্রভৃতি সন্নিবিষ্ট। উৎকৃষ্ট বাঁধাই, রাজসংস্করণ (তৃতীয় সংস্করণ) মূল্য ভিক্ষা ২৲ টাকা।

প্রমেয়রত্নাবলী

শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ-প্রণীত বৈষ্ণবদর্শন, সংস্কৃত ও গোবিন্দ-ভাষ্যাদি পড়িবার প্রথম গ্রন্থ। উৎকৃষ্ট কালিতে ছাপা। সুবিশুদ্ধ টীকা ও প্রাঞ্জলবঙ্গানুবাদ-সাহায্যে অতি সহজে বালকেরও বোধগম্য হইয়া থাকে। ভিক্ষা ৷৵০ আনা মাত্র।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

(প্রমাণখণ্ড) সানুবাদ। শ্রুতি-স্মৃত্যাদি গ্রন্থে শ্রীনবদ্বীপের যে মহিমা কীর্ত্তিত আছে, তাহার মূল সংস্কৃত ও অনুবাদ। ভিক্ষা ৫০ আনা।

শ্রীশ্রীনবদ্বীপভাবতরঙ্গ

শ্রীঠাকুর ভক্তিবিনোদ বিরচিত। সুললিত পয়ারাকারে পরিক্রমার ক্রমব্যাদি-বর্ণনক। ভিক্ষা ।০ আনা।

ভক্তিরত্নাকর ও নবদ্বীপ পরিক্রমা

শ্রীল নরহরি চক্রবর্ত্তি-ঠাকুর-রচিত। ভক্তিরত্নাকর হইতে পরিক্রমাংশ মাত্র গৃহীত; শ্রীজীব গোস্বামী কি প্রকারে শ্রীনবদ্বীপধামের পরিক্রমা করিয়াছিলেন, তাহাই পদ্যে বিবৃত। ভিক্ষা ৷৵০ আনা

শ্রীচৈতন্যশিক্ষামৃত

শ্রীভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। শ্রীচৈতন্যদেবের শিক্ষাপ্রণালী—কৃষ্ণ, কৃষ্ণশক্তি ও রস—বদ্ধ ও মুক্ত জীব অভিধা-ভেদাভেদ-তত্ত্ব—সাধন-নির্ণয়—প্রয়োজন-তত্ত্ব, কাল, দেশাদির বিচার—বৈধী ভক্তি, রাগভক্তি প্রেমভক্তির নামভজন-প্রণালী ও অষ্টকালীয় লীলা পরিচয়াদি প্রথম শিক্ষার্থীর উপযোগী করিয়া সরল ভাষায় সমুদয় যুক্তি-প্রমাণসহ লিখিত আছে। চতুর্থ সংস্করণ মূল্য ২৲ টাকা, আবাধা ১৷০ টাকা মাত্র।

গৌড়ীয়-কণ্ঠহার

শ্রীগৌড়ীয় বৈষ্ণবগণের অনুকূল কণ্ঠে ধারণযোগ্য শ্রুতি স্মৃতি পুরাণ-পঞ্চরাত্রাদি সাত্বত-শাস্ত্রসমূহের প্রমাণাদি বিষয়বিভাগক্রমে সন্নিবেশিত হইয়াছে। এইরূপ বৈষ্ণব সিদ্ধান্তের সারমর্ম্মের অন্য কুত্রাপি প্রকাশিত হয় নাই। ইহাতে গুরুতত্ত্ব—ভাগবত—বৈষ্ণব—গৌর—নিত্যানন্দ—অদ্বৈত—কৃষ্ণ—শক্তি—রসতত্ত্ব—জীব—অচিন্ত্যভেদাভেদ—অভিধেয়—সাধনভক্তি—বর্ণাশ্রম—আশ্রম-ধর্ম্ম—শুদ্ধভক্তি—শ্রীনাম—প্রয়োজন ও প্রমাণ-তত্ত্বগুলি পৃথক্ অধ্যায়ে সুবৃহৎ শ্লোকাদি সূচীসহ উৎকৃষ্ট এন্টিক কাগজে বেঙ্গল কালিতে মুদ্রিত, উৎকৃষ্ট বাঁধাই সোনার জলে নাম লেখা গ্রন্থ প্রায় ৪০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা ২৲ টাকা মাত্র।

শ্রীনবদ্বীপধাম-গ্রন্থাবলী

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত 'নামমাহাত্ম্য'—নাম মাহাত্ম্যের সাত্ত্বত প্রমাণ খণ্ড—শ্রীল নরহরিচক্রবর্ত্তি ঠাকুরের ধাম-পরিক্রমার্ণব—শ্রীধাম নবদ্বীপ পরিক্রমা—ভক্তি যাত্রা পদ্ধতি—শ্রীমৎ প্রবোধানন্দকৃত নবদ্বীপশতকম্ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ প্রভৃতি গ্রন্থ একত্র ভিক্ষা ৷৵০ আনা মাত্র।

শ্রীহরিনামামৃত ব্যাকরণ

শ্রীজীব গোস্বামী প্রভুপাদ-বিরচিত সূত্র ও বৃত্তি সহিত ওঁবিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের বিস্তৃত ভূমিকা ও সূচী প্রভৃতি সহ অত্যাবশ্যকভাবে মুদ্রিত। ভিক্ষা ২৲ টাকা, ছাত্রগণের পক্ষে ১৷০ টাকা মাত্র।

বেদান্তসূত্রসার

শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণাচার্য্য রচিত। বেদান্তের বিশিষ্টাদ্বৈতবাদ প্রচারক শ্রীরামানুজাচার্য্য প্রভৃতি আচার্য্যপ্রবর বেদান্তদর্শন পাঠে উপযোগী করণার্থ এই উত্তম করিয়াছেন। ইহার বঙ্গানুবাদ ও সূচীপত্রাদি সংযোজিত করা হইয়াছে। নাম মাত্র ভিক্ষা ৷০ আনা।

শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও নবদ্বীপশতক

গৌরপার্ষদ নিত্যস্থ শ্রীমৎ প্রবোধানন্দ সরস্বতী-প্রণীত মূল, প্রভুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ সম্পাদিত অন্বয়মুখে ব্যাখ্যা ও বঙ্গানুবাদ সম্বলিত নবদ্বীপশতকের শ্রীভক্তিবিনোদ ঠাকুরের পদ্যানুবাদ ও উৎসব শ্রীমন্মহাপ্রভুর একটী চিত্রসম্বলিত অলৌকিক চিত্র প্রদত্ত হইয়াছে। মুদ্রণ ও কাগজ উৎকৃষ্ট (২ খানা একত্রে)। ভিক্ষা ৷০ আনা, অতি সুরম্য বাঁধাই রাজসংস্করণ ১৲ টাকা মাত্র।

২৫ বর্ষের

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। এই একমাত্র গ্রন্থ-
ল জ্ঞান লাভ করিলে পারমার্থিক রাজ্যে কিছুরেই
ান বা সংশয় থাকিতে না। পরম খৃষ্টভক্তিমূলক এই-
সরল ও হৃদয়গ্রাহী গ্রন্থ এ পর্য্যন্ত প্রকাশিত হয় নাই।
শ্রীলবিশ্বনাথ চক্রবর্ত্তি-মহোদয়-কৃত মন্ত্রার্থদীপিকা এই গ্রন্থের
ত হইয়াছে। ... সুবিস্তৃত কথাসার
সমূহ করা হইয়াছে। বিরাট গ্রন্থ,
নার জন্যে নাম লেখা, উৎকৃষ্ট বাঁধাই—চতুর্থ সংস্করণ
া ২৲ টাকা মাত্র।

প্রেমবিবর্ত্ত

শ্রীমন্মহাপ্রভুর অন্তরঙ্গ পার্ষদ শ্রীল জগদানন্দ প্রভু
চিত। এই পুস্তকে অতি সুললিত ভাষায় মহাপ্রভুর
বিষয় লীলার বৈষ্ণবাচার্য্য, একাদশী ও নামভজন-
াদী প্রভৃতি অনেক বৈষ্ণবতত্ত্বের সুমীমাংসা
ত্তে পাইবেন। পাশ্চাত্য ভক্ত স্থানের বিশদার্থ ও
কর্ত্তার পরিচয়াদি-সম্বলিত চতুর্থ সংস্করণ ডিক্টা ৷৵০
আনা মাত্র।

ভজনরহস্য

ভজনকারীর নিত্যসঙ্গী; ঠাকুর ভক্তিবিনোদের অমূল্য
ন; নিখিল শাস্ত্রের নির্য্যাস। গ্রন্থখানি না দেখা পর্য্যন্ত
ই বুঝিতে পারিবেন না। তৃতীয় সংস্করণ ডিক্টা ৷৹।

কল্পিমার্গচিন্তামণি

নামাচার্য্য শ্রীল হরিদাস ঠাকুরের মুখে শ্রীমন্মহাপ্রভু
নাম মাহাত্ম্য, নামভেদ, নামাপরাধ প্রভৃতি বিষয়ের
ময়ীয় বিচার শ্রবণ করিয়াছিলেন। এই বিষয়গুলির
ত্তি সরল গদ্যের সংক্ষিপ্ত আলোচনা পরিশোধিতাকারে মুদ্রিত।
ল ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। পঞ্চম সংস্করণ ডিক্টা ৷৵০

কল্যাণকল্পতরু

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। প্রত্যেক ভজনকা-
ারী ও জ্ঞানপথ পথিকের একান্ত প্রয়োজনীয়
পদেশাবলীপূর্ণ ... গ্রন্থ। সামান্য লেখাপড়া-জানা
কেও এই ... ের রীতিসমূহের দ্বারা অনর্থনিবৃত্তি
ভগবৎসেবা লাভ করিবার সুবিধা পাইবেন। ২য়
রণ, ডিক্টা ৷৵০ আনা মাত্র।

শরণাগতি

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত। ভগবানে আত্মসমর্পণ,
ক্তি, ভজনলালসা, ষড়্বিধা শরণাগতি ও সিদ্ধি-লালসা-
ত্মক গীতিপূর্ণ। ডিক্টা ৷০ আনা মাত্র।

গীতাবলী

শ্রীঠাকুর ভক্তিবিনোদ-প্রণীত। নিত্য ভজন, আরাত্রিক
প্রণাম-দেবনাদি-বিষয়ক মধুর গীতসমূহ একত্রে গ্রথিত।
ডিক্টা ৷৵০ আনা মাত্র।

রসিকেন্দ্রচূড়ামণি শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-
বিরচিত রসগ্রন্থ। শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের অনুবাদ-
সহ। ডিক্টা ৷০ আনা মাত্র।

সাধনপথ

শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ও শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর
প্রতি শ্রীরূপ গোস্বামীর উপদেশবাণী, ভক্তিপথের অনুকূল
ও প্রতিকূল বিষয়ে সুবিচারিত সংজ্ঞোধন ভাষ্য, বিস্তৃত
বিবৃতি, চরিতামৃতের প্রমাণ, সারার্থ ব্যাখ্যা ও মহাজন-
প্রণীত ভজনযোগী পঞ্চমমুখ প্রত্যেক শ্লোকের সহিত
সন্নিবেশিত হইয়াছে। ৩য় সংস্করণ ডিক্টা ৷৵০ আনা।

সাধন-কল্প

শ্রীরঘুনাথ দাস গোস্বামীর মনঃশিক্ষা, শ্রীল ঠাকুর
ভক্তিবিনোদ-চরিত পদ্যানুবাদসহ। ডিক্টা ৴০ আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা

শ্রীল ঠাকুর নরোত্তমের সুপ্রসিদ্ধ প্রেমভক্তিবিষয়ক
গানের পুস্তক। ডিক্টা ৴০ আনা মাত্র।

নবদ্বীপশতক

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত শ্রীল প্রবোধানন্দ
সরস্বতীপাদের সংস্কৃত নবদ্বীপশতকের সুললিত পদ্যানুবাদ।
ডিক্টা ৴০ আনা মাত্র।

অর্থপঞ্চক

শ্রীল লোকাচার্য্য রচিত। বৈষ্ণবতা-জ্ঞানের আকর
পুস্তক। ডিক্টা ৴০ আনা মাত্র।

সদাচারস্মৃতি

শ্রীল মধ্বাচার্য্য-প্রণীত। বৈষ্ণবের নিত্যকর্ত্তব্য সদাচারা-
বলী, বঙ্গানুবাদ সহিত। ডিক্টা ৴০ আনা মাত্র।

মণিমঞ্জরী

কবিকুলকেশরী শ্রীমন্নারায়ণাচার্য্য রচিত। শ্রীমদ্ভক্তি-
চার্য্যের সংক্ষিপ্ত জীবনলীলা ও মূল বৈষ্ণবতত্ত্বসমন্বিত। সানুবাদ
ডিক্টা ৷০ আনা মাত্র।

গৌরকৃষ্ণোদয়

প্রাচীন কবি শ্রীগোবিন্দ দেব প্রণীত শ্রীগৌরাবতারের
প্রমাণাবলী-সংবলিত সংস্কৃত গ্রন্থ। ডিক্টা ৷৵০ আনা।

মুক্তিমল্লিকা (গুণসৌরভ)

শ্রীমদ্ভক্তিসম্প্রদায়ানুগত শ্রীমদ্বাদিরাজ স্বামিকৃত। বঙ্গাক্ষরে
সানুবাদ এই গ্রন্থের প্রকাশ পারমার্থিক সাহিত্য-জগতে
এই সর্ব্বপ্রথম। শ্রীমন্মধ্বাচার্য্য হইতে অষ্টোত্তরশতজন দ্বিতীয়
মধ্বাচার্য্য নামে খ্যাত শ্রীবাদিরাজতীর্থ স্বামী এই গ্রন্থে
সাধারণ যুক্তি ও লৌকিক ন্যায়ানুসারে কিরূপ সুন্দরভাবে
ভক্তিবিরোধি-মতবাদ সমূহ খণ্ডন করিয়াছে, তাহা পাঠ
করিতে করিতে আশ্চর্য্যান্বিত হইতে হয়। ইহাতে যুক্তির
দ্বারা চার্ব্বাক, জৈন, বৌদ্ধ, মীমাংসক ও মায়াবাদিমত-
সমূহের সুন্দর খণ্ডন রহিয়াছে। ডিক্টা ২৲ টাকা মাত্র।

গোস্বামী শ্রীল রঘুনাথ দাস

(ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী
প্রভুপাদ-লিখিত ভূমিকা সহ) গৌরপ্রেষ্ঠ স্বরূপ-রূপের
একমাত্র প্রিয়তম শ্রীল দাস গোস্বামী প্রভুর অপূর্ব্ব
চরিতামৃত ও শিক্ষা অতীব প্রাঞ্জল ও সরল ভাষায় পরিবিষ্ট
এবং পরিশিষ্টে দাসগোস্বামী প্রভুর বিরচিত কতকগুলি
সানুবাদ মধুরতম স্তব ও মনঃশিক্ষা-সম্বলিত। ডিক্টা
বাঁধাই ৷০ আনা, আবাবাঁই ৷৵০ আনা মাত্র।

চিত্রে নবদ্বীপ

প্রাচীন নবদ্বীপের অবস্থিতি, তথ্য, ঐতিহ্য, শ্রোত ও
ঐতিহাসিক প্রমাণসম্বলিত নদীয়া দীপের সচিত্র বিবরণ
গ্রন্থ। রাজর্ষি রাজাগণের কুমার শ্রীযুক্ত পরমেশ্বর নারায়ণ
রায় এম. এ, প্রাজ্ঞ (লাহোর), বেদান্তরত্ন মহোদয় কর্ত্তৃক
সঙ্কলিত এবং ৪৭ খানি বিভিন্ন বর্ণের অপূর্ব্ব চিত্র ও
মানচিত্র-সমন্বিত; প্রাচ্যবিদ্যামহার্ণব রায় সাহেব শ্রীযুক্ত
নগেন্দ্র নাথ বসু বিশ্বকোষসম্পাদক মহাশয়ের বিস্তৃত ভূমিকা
সহ। উৎকৃষ্ট (ইং) মলাটে বাঁধাই মূল্য ১৷০, ভিঃ পিঃ ডাকে
২৲ টাকা মাত্র।

সাধক-কণ্ঠমালা

গুরুবন্দনা, বৈষ্ণব-বন্দনা, বৈষ্ণবপঞ্চক, দাসত্বের বীজ
শ্রীনামাষ্টক, শ্রীমন্মহাপ্রভুর অষ্টোত্তরশত নাম, অষ্টপ্রহর
নাম কীর্ত্তন, শ্রীনামসঙ্কীর্ত্তন, প্রেমধ্বনি, বাউলসঙ্গীত,
নবদ্বীপ-মহিমা, শ্রীজগন্নাথপুর মহিমা, শ্রীমায়াপুর মহিমা, অষ্ট
আচার্য্য-বন্দনা, ষড়্গোস্বামীর অষ্টক, প্রেমভক্তিচন্দ্রিকা,
উপদেশমালা, নামভজন-প্রণালী, মহাপ্রভু ও তাঁর ভক্তগণ
সংবাদ, মনঃশিক্ষা, শ্রীগুরু-প্রণতি, শ্রীগুরু-পরম্পরা,
মহাপ্রভুর বন্দনা প্রভৃতি সাধক ও সিদ্ধজীবনের নিত্যপাঠ্য
বৈষ্ণবগণের কণ্ঠাশ্রিত তুলসীমালার ন্যায় অনুপম ও
সারবদোষা অপূর্ব্ব গ্রন্থ। ডিক্টা ৷৵০, বাঁধাই ৷০ মাত্র।

গৌড়ীয়-গৌরব

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয়-সম্পাদক
শ্রীপাদ সুন্দরানন্দ পদবিদ্যাবিনোদ প্রদত্ত বক্তৃতার বি
গ্রন্থাকারে প্রকাশিত। ইহাতে গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ে
ইতিহাস সূত্রাকারে গ্রথিত হইয়াছে। ডিক্টা ৷৵০ মাত্র।

গৌড়ীয় সাহিত্য

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয়-সম্পা
শ্রীপাদ সুন্দরানন্দ পদবিদ্যাবিনোদপ্রভু প্রদত্ত বক্তৃতার বি
গ্রন্থাকারে প্রকাশিত। ইহাতে সাহিত্য-শব্দের অর্থ এ
গৌড়ীয়-সাহিত্যের বিষয় সূত্রাকারে বর্ণিত হইয়াছে। ডি
৷৵০ আনা মাত্র।

শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা-বর্ণন

শ্রীগৌড়দেশের যে সকল স্থানে সপরিকর শ্রীমন্মহাপ্র
এবং তদনুগ পরবর্ত্তী মহাজনগণ লীলা করিয়া গিয়াছে
সেই সব আধুনিক ভৌগোলিক পরিচয় ও দেববিগ্রহা
পরিচয় সহ যাত্রীগণের সুবিধা নির্দ্দেশ ইত্যাদি বিষয়
সন্নিবেশিত আছে। ডিক্টা ৷০ আনা।

THE HARMONIST
OR SHREE SAJJANATOSHANI

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রতিষ্ঠিত এবং শ্রীল ভ
সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত পারমার্থি
মাসিক পত্র। একণে ইংরাজী ভাষায় অষ্টাবিংশ
ভবলক্রাউন ৮ পেজী ৪ ফর্ম্মা আকারে প্রতি বাং
মাসের বিংশ-বৈজয়ন্তী বহিয়া উপস্থিত হইতেছে
কাগজ, মুদ্রণ-পারিপাট্য ও চিত্রাদি অতীব চিত্তাক
এই প্রকার উৎকৃষ্ট প্রবন্ধ আর কোন মাসিক পত্রা
দেখিতে পাইবেন না। বার্ষিক ডিক্টা অগ্রিমপ্রদেয়
টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর (নদীয়া)

বিশ্ববৈষ্ণব রাজসভার শুদ্ধভক্তিমঠসমূহ

শ্রীচৈতন্য মঠ

আকর মঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীধাম মায়াপুর, নদীয়া

শ্রীমন্মহাপ্রভুর জন্মস্থান ও বহু উচ্চ-পুরে শ্রীমন্দিরে আচার্যবর্য শ্রীচক্রবর্তী-ঠাকুরের শ্রীশ্রীচৈতন্য মঠ বিরাজমান।

এই স্থান সাবয়ব-নীপ, পরবিদ্যাপীঠ বা সাম্বত তন্ত্রজননী। এই মহাতীর্থে শ্রীগৌড়ীয় বৈষ্ণবগণের বৈষ্ণবাভিধেয়-বোধকসমূহ, পরবিদ্যার অন্তর্গত ভাষা, নাটক, অলঙ্কার, তথা প্রমাণ-উপনিষদ্-ব্রহ্মসূত্র-গীতা-সূত্র-ভাষ্যাদি-চতুষ্টয়ের অধ্যয়ন ও অধ্যাপনা এবং তথায় শ্রীগুরু-পাদপদ্ম-পাদাশ্রয়-গিরিধর ও সাম্বত সাম্প্রদায়িক-আচার্য-চতুষ্টয় তাঁহাদের উপাস্য বিগ্রহের সাবত সিদ্ধা সেবিত্ব হইয়েছেন। এই মঠরাজে পারমার্থিক দৈনিকপত্র সাম্বত-সম্প্রদায়ের অসংকালত ও প্রাচীন গ্রন্থরাজি প্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় প্রতিষ্ঠিত হইয়াছেন। প্রতিবৎসর শ্রীধাম-পরিক্রমোপলক্ষে ও অন্যান্য ভক্তগোষ্ঠিসহ শ্রীবর্ষা প্রচারমুখে মহামহোৎসবাদি ভক্তাঙ্গ অনুষ্ঠিত হইয়া থাকে। সভাপতি—ব্রহ্মচারী শ্রীপাদ নরহরিজী। সহকারী—শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী, পণ্ডিত শ্রীপাদ গৌরদাস ব্রহ্মচারী ভাষ্যাচার্যকাব্যতীর্থ, শ্রীপাদ নীলচন্দ্র ব্রহ্মচারী, শ্রীপাদ নন্দগোপাল ব্রহ্মচারী, শ্রীমধুসূদন ব্রহ্মচারী, শ্রীমদনগোপাল ব্রহ্মচারী, ভক্ত নরেন্দ্র, হরিপদ, রেবতীমোহন প্রমুখ সজ্জনগণ।

ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ এখানে হরিকথা কীর্তন করিতেছেন।

(৩) যোগপীঠ শ্রীমন্দির

এই স্থান শ্রীজগন্নাথমিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। এখানে শ্রীলক্ষ্মীপ্রিয়া ও শ্রীবিষ্ণুপ্রিয়াসহ শ্রীগৌরনারায়ণ এবং শ্রীচৈতন্য মঠাধীশ্বরের নিত্য সেবা তথা শ্রীগুরু-বৈষ্ণবের সেবা বর্তমান। রক্ষক—লোকনাথদাস গোস্বামী ভট্টাচার্য প্রভু শ্রীরমানাথ। সহকারী শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী, শ্রীরাধাবিনোদ ভক্তিভূষণ, শ্রীগোবর্ধন ব্রহ্মচারী। শ্রীসাধনদাস অধিকারী, রেবতীমোহন ভক্তিরত্নব্রজ।

(৪) শ্রীবাস-অঙ্গন

শ্রীমন্মহাপ্রভুর কীর্তন-বিলাস বা গৌরলীলার রাসস্থলী। এখানে শ্রীশ্রীগৌর-নিত্যানন্দ ও পঞ্চতত্ত্বের সেবা বর্তমান। রক্ষক—শ্রীপ্রকাশকুসুম ব্রহ্মচারী।

(৫) অদ্বৈত-ভবন

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্তমান।

রক্ষক—শ্রীঅদ্বৈতানন্দ দাসাধিকারী, শ্রীগোকুলদাস বাবাজী।

(৬) কাজীর সমাধি পীঠ

প্রাচীন মায়াপুর, যমলার্জুন (নদীয়া)

গৌরকৃপাপাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীবিনোদবিহারী।

(৭) আনন্দ সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, সজ্জনগঞ্জ (নদীয়া)

গৌরে ঔবিষ্ণুপাদ শ্রীল ভক্তিবিনোদঠাকুরের সমাধি এবং শ্রীগৌরগদাধর এবং শ্রীশ্রীরাধা-মাধবের সেবা বর্তমান

রক্ষক—ভক্তিকুসুম ভারতী ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী এম, এম, বি, এল, ভক্ত।

(২) শ্রীগৌড়ীয় মঠ

১৩ নং মানিকতলার চক্রবর্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

টেলিফোন বি, বি, ৪১১৫

শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত স্বনিষ্কপট শুদ্ধভক্তি-প্রচারোদ্দেশে গৌড়দেশের সর্বপ্রধান নগরী কলিকাতার শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত আছেন। এই শুভ-সন্ধ্যাগমে শ্রীগুরু-গৌরাঙ্গ-শ্রীবিনোদানন্দ ভীষ্ট সম্প্রদানে নিত্য সেবিত হন। গৌড়ীয় আচার্যবর্গের যাবতীয় গ্রন্থাবলীর শুদ্ধপ্রচারোদ্দেশে শ্রীমঠে সংস্থ একটী শুদ্ধতর মুদ্রা-যন্ত্রালয় সংস্থাপিত হইয়াছেন। পূর্বিবীর সর্বত্র শ্রীগৌরনাম প্রচারার্থ এক যন্ত্রালয় হইতে 'গৌড়ীয়' সাপ্তাহিক পত্র, ত্রি ইংরাজি মাসিক পত্রিকা ইংরাজী ভাষায় নিয়মিতভাবে প্রকাশিত হইতেছেন। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্তন, সপ্রশ্নান-চতুষ্টয়-বেষাস, শ্রীমদ্ভাগবত, শ্রীচৈতন্য-চরিতামৃতাদি-লীলা ও তত্ত্বগ্রন্থের সনাক আলোচনা হইয়া থাকে। মঠরক্ষক—আচার্যাত্মিক শ্রীপাদ কৃষ্ণবিহারী বিদ্যাভূষণ। সহকারী—পণ্ডিত শ্রীপাদ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ বি-এ, শ্রীপাদ রাসবিহারী ব্রহ্মচারী, শ্রীপাদ জগচ্চন্দ্রন দাসাধিকারী বি-এ, শ্রীপাদ ভক্তগোপাল দাসাধিকারী, ব্রহ্মচারী শ্রীকীর্তনানন্দ, ব্রহ্মচারী শ্রীগোরীমোহন, ব্রহ্মচারী শ্রীনন্দানন্দ, পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ পরবিদ্যালঙ্কার সম্প্রদায়বৈভবাচার্য, শ্রীঅমরচন্দ্রানন্দদাসাধিকারী বি-এ, শ্রীঅবধূতানন্দ বি-এল, শ্রীমধুসূদন ভারতীবিদ্, শ্রীবিশ্বম্ভর ব্রহ্মচারী, শ্রীগুরুগোবিন্দ ব্রহ্মচারী প্রভৃতি।

(৮) শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

ময়মনসিংহ।

রক্ষক—শ্রীবল্লভ ভক্তিশাস্ত্রী এম, এ, বি, এল, সহকারী—শ্রীউদ্ধবদাস ভক্তিশাস্ত্রী, শ্রীউদ্ধব অধিকারী প্রভৃতি।

(৯) শ্রীগৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, সমুদ্রগড়, (বর্দ্ধমান)

শ্রীল বাসুদেবের প্রতিষ্ঠিত গৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরেরাম ব্রহ্মচারী, ভক্ত শ্রীগদাধর দাস।

(১০) শ্রীরূপগৌড়ীয়-মঠ

বারাণসী, প্রয়াগ ঘাট, পি

রক্ষক—শ্রীহরিদাস ব্রহ্মচারী, সহকারী—শ্রীসচ্চিদেশ্বর ব্রহ্মচারী।

(১১) শ্রীযোগজন্মমন্দির—

মাউগাছি, জাহানপুর, বর্দ্ধমান।

শ্রীযোগপীঠের ঠাকুর বৃন্দাবনের ধাম।

রক্ষক—শ্রীগুরুবিহারী ব্রহ্মচারী, ভক্ত দীনবন্ধুদাস।

(১২) ভাগবত আশ্রম

শ্রীভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।

ভাগবতসিদ্ধান্ত গ্রন্থাবলীর প্রচার-কেন্দ্র।

রক্ষক—শ্রীকৃষ্ণানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(১৩) শ্রীএকায়ন মঠ

গোবিন্দপুর, ইসলাবাদী, নদীয়া।

রক্ষক—শ্রীঅতুলানন্দ ব্রহ্মচারী। সহকারী শ্রীঅনিরুদ্ধ ব্রহ্মচারী, শ্রীজগন্নাথ দাসাধিকারী, শ্রীসত্যনাথ পাত্র, ভক্ত বিশ্বনাথ

(১৪) শ্রীমাধ্ব-গৌড়ীয় মঠ

১০নং নবাবপুর রোড, ঢাকা।

পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র, এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ গান্ধর্বা-গিরিধরের সেবা বর্তমান।

রক্ষক—শ্রীরাধাবল্লভ ব্রহ্মচারী, শ্রীপাদ সুন্দরানন্দ পরবিদ্যাবিনোদ বি-এ, শ্রীপ্রাণ-গৌর ব্রহ্মচারী, শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী, শ্রীপতিতপাবন ভক্ত।

(১৫) শ্রীগোপালজী মঠ

জমলাপুর, ঢাকা।

গোপালজীর শ্রীবিগ্রহের প্রাচীন সেবা

রক্ষক—শ্রীরাসবিহারী ব্রহ্মচারী।

(১৬) শ্রীগদাই-গৌরাঙ্গ মঠ

হরিভক্তি প্রদায়িনী সভা, বালিয়াটি ঢাকা

শ্রীগদাই-গৌরাঙ্গের নিত্য সেবা

রক্ষক—শ্রীপূর্ণপ্রজ্ঞ ব্রহ্মচারী, শ্রীমতিলাল ব্রহ্মচারী

(১৭) শ্রীভাগবতজনানন্দ মঠ

চিকলিয়া, বাসুদেবপুর, মোমেনশাহী।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্বিকা-গিরিধারীর নিত্যসেবা বর্তমান। রক্ষক—ব্রজবাসী শ্রীগুরুপদাশ্রয়জী।

(১৮) আমলাযোড়া শ্রীপদ্মাশ্রম

রাজবাঁধ পোঃ বর্দ্ধমান।

শ্রীগুরুগৌরাঙ্গ-শ্রীরাধিকা গিরিধারীর নিত্যসেবা। রক্ষক—ব্রজবাসী শ্রীগরি-কিশোর।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

স্বর্গদ্বার, পুরী, উড়িষ্যা।

এখানে শ্রীগৌর-বিনোদমাধবজীর নিত্য-সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপদ্মা-নন্দ বিদ্যারত্ন, ব্রহ্মচারী শ্রীনরহরিানন্দ, শ্রীপরেশানুভব ব্রহ্মচারী শ্রীযাদবানন্দ ব্রহ্মচারী, ভক্ত শ্রীনিমাই।

(২০) শ্রীব্রজ-গৌড়ীয় মঠ

আলবরনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী।

জগন্নাথদেবের অনবসর সময়ে শ্রীমন্মহা-প্রভুর অবস্থান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমেশ্বরী প্রসাদজী। সহকারী—ব্রহ্মচারী শ্রীবিপিনবিহারী।

(২১) শ্রীসচ্চিদানন্দ মঠ

উড়িয়াবাজার, কটক।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-গিরিধারীর নিত্যসেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীগদাধর শ্রীরামপদ ব্রহ্মচারী

(২২) শ্রীসনাতন-গৌড়ীয় মঠ

৯নং জগন্নাথপুরা, কাশী।

গৌর-গদাধরপুর সনাতন-শিক্ষাস্থল। এখানে গৌরসেবা বর্তমান। রক্ষক—শ্রীজ্ঞানকীনাথজী, শ্রীগোকানন্দ ব্রজবাসী।

(২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

শ্রীনৃসিংহবাস কুঞ্জ, শ্রীধাম বৃন্দাবন।

শ্রীশ্রীরাধা-ব্রজ-মোহনজীর সেবা।

রক্ষক—শ্রীগণপতিনাথ ব্রহ্মচারী

(২৪) শ্রীপরমহংস মঠ

নৈমিষারণ্য, সীতাপুর

এখানে শ্রীভাগবত পাঠশালা ও শ্রীগৌর-বিনোদ বিলাসজীর সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীনৃসিংহানন্দ ও ব্রহ্মচারী শ্রীনন্দদুলাল।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ

চুয়াডাঙ্গা, চিরকুণ্ডা, মানভূম। ইহা শ্রীচৈতন্য-মঠের শাখা। রক্ষক—শ্রীবেণী-নাথ রায়, শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী, শ্রীবাস তীর্থ বেদান্তরিত্ন।

(২৬) ব্যাসগৌড়ীয় মঠ

কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল। এখানে শ্রীগৌরবিনোদ-ব্যাসের সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীসুদর্শনজী, শ্রীনন্দ গোপাল ব্রজবাসী

(২৭) ব্রাহ্মণপাড়া শ্রীপদ্মাশ্রম-মঠ

ব্রাহ্মণপাড়া, পোঃ নাহু, ত্রিপুরা

এখানে যদুকুলধূলি শ্রীগোরাঙ্গের সেবা বর্তমান। রক্ষক—ব্রজবাসী শ্রীপ্রাণকৃষ্ণ দাস, শ্রীব্রজরাজ ব্রহ্মচারী।

(২৮) দিল্লি গৌড়ীয় মঠ—কার্য্যালয়

৫নং গোপীচরণ,ডাকঘর নেল, নিউ দিল্লী

রক্ষক—ব্রহ্মচারী শ্রীগৌরকৃষ্ণ, শ্রীকুলদেব শ্রীরাধারমণচরণদাস

(২৯) গোয়ালপাড়া শ্রীপদ্মাশ্রম

রক্ষক—ব্রহ্মচারী শ্রীরাধারমণ

সহিষ্ণুতাই শক্তি

মহাত্মাজী পর পর চিঠিগুলির আলোচনা করিয়া উপসংহারে বলিতেছেন :—

"অধৈর্য্য কংগ্রেস কর্ম্মিগণ এই সমস্ত অভিযোগের তালিকা পাঠ করিয়া হয়তো জিজ্ঞাসা করিবেন—আমরা কতদিন অপেক্ষা করিব এবং ইহা সহ্য করিব ?"

"গত সপ্তাহে আমি যে উত্তর দিয়াছিলাম এ সপ্তাহেও তাহাই দিতেছি—ওয়ার্কিং কমিটী যতক্ষণ প্রয়োজন মনে করিবেন ততক্ষণ তোমাদিগকে অপেক্ষা করিতেই হইবে। দুইটী অন্যায়ে একটি ন্যায় হইবে না। কোন কোন স্থানীয় গবর্ণমেণ্ট যদি অন্যায় করিয়াই থাকেন, তবে কংগ্রেসের সেরূপ করিবার কোন শক্তি নাই। সন্ধি সম্বন্ধে আমাদের যে কর্ত্তব্য তাহা আমরা করিতেই থাকিব। যদি ইহা ভাঙ্গিয়াই যায় তবে যেন তাহা কংগ্রেসের ভিন্নরূপ চেষ্টা সত্ত্বেও ভাঙ্গিয়া যায়। আমাদের সহিষ্ণুতা যত বেশী হইবে—আর সহিষ্ণুতা নিষ্ক্রিয়তা নহে—ততই শক্তিও আমাদের তত বৃদ্ধি পাইবে।

নবদ্বীপে শ্রীযুক্ত জ্ঞানাঞ্জন নিয়োগীর বক্তৃতা

গত ১২ই জুলাই রবিবার নবদ্বীপে এক মহতী সভায় জনপ্রিয় শ্রীযুক্ত জ্ঞানাঞ্জন নিয়োগী মহাশয় ম্যাজিক লণ্ঠনার্থ সহযোগে বক্তৃতা প্রদান করিয়াছেন। ঐ সভায় নদীয়া জেলার বিশিষ্ট ভদ্রবর্গ উপস্থিত ছিলেন। নবদ্বীপবাসী বহু মহিলা, ভদ্র মহোদয় এবং ছাত্রগণ এই সভায় যোগদান করিয়া উৎসাহিত করিয়াছেন।

মোস্লেম সম্মেলন বর্জ্জন

প্রকাশ, ঢাকা সাবাগে যে মোস্লেম সম্মেলনের আয়োজন হইয়াছে জাতীয়তাবাদী মোস্লেম দল তাহা বর্জ্জন করিবেন স্থির করিয়াছেন। উক্ত সম্মেলনের সভাপতি মৌলবী ইব্রাহিম সম্মেলনের অভ্যর্থনা সমিতির কেহ সদস্য হইয়াছেন। সম্মেলনের প্রস্তাব মৌলবী ইব্রাহিমের নিকট পাঠাইয়াছেন তিনি উক্ত প্রস্তাব অনুযায়ী কাজ করিতে অনিচ্ছুক। সেজন্য তিনি সভাপতির পদ পরিত্যাগ করিয়াছেন। তাঁহার পদত্যাগপত্র গৃহীত হইয়াছে।

অনশনে আত্মহত্যা

নোয়াখালী জিলার পূর্ব্বপ্রান্তস্থিত [illegible], বসুরহাট, সেনবাগ প্রভৃতি থানার এলাকাধীন গ্রামসমূহে ভীষণভাবে দুর্ভিক্ষ দেখা দিয়াছে। ঐ সকল অঞ্চলের লোকের আর্থিক অবস্থা কিরূপ চরমে উঠিয়াছে, তাহা ভাষায় প্রকাশ করা অসম্ভব। অধিকাংশ স্থান হইতে প্রায়ই দুর্গতপ্রস্ত ব্যক্তিগণের অনশনের সংবাদ পাওয়া যাইতেছে। বহু গ্রামের নরনারিগণ অনশনে বা অর্দ্ধাশনে কালাতিপাত করিতেছে—তাহাদের পরিধানে শতচ্ছিন্ন বস্ত্রখণ্ড। উচ্চ মূল্যে কোথাও ধারকর্জ্জ পাওয়া যায় না। সম্প্রতি বেনাগ থানার অন্তর্গত বদরপুর গ্রাম নিবাসী সেকেন্দার মিয়ার যুবতী স্ত্রী ক্ষুধার জ্বালা সহ্য করিতে না পারিয়া গলায় দড়ি দিয়া আত্মহত্যা করিয়াছে।

দিল্লী ষড়যন্ত্রের মামলা

দিল্লী ষড়যন্ত্র মামলার শুনানী উঠিলে আসামীগণ ট্রাইবুন্যালের প্রেসিডেন্টের প্রশ্নের উত্তরে বলেন যে, তাঁহারা তাঁহাদের কৌঁসুলী সম্বন্ধে এখনও কিছু স্থির করেন নাই। গত বৃহস্পতিবার তাঁহারা যাহা বলিয়াছেন তাহার অতিরিক্ত কিছুই বলিতে চান না।

ইহাতে প্রেসিডেন্ট তাঁহাদিগকে জানান যে, তাঁহারা কোন সিদ্ধান্ত করুন আর নাই করুন—সোমবার হইতে নিয়মিত শুনানী আরম্ভ হইবে।

মহাত্মা গান্ধীর লণ্ডন যাত্রা

বিশ্বস্তসূত্রে জানা গিয়াছে যে, মহাত্মা গান্ধী ভারত গবর্ণমেণ্টের স্বরাষ্ট্র বিভাগের সেক্রেটারী মিঃ এইচ, ডবলিউ, এমার্সনের নিকট হইতে তাঁহার পত্রের উত্তর পাইয়াছেন। তাহাতে সার্লিষ্ট বোর্ড গঠন জন্য মহাত্মাজীর অনুরোধ গ্রহণে গবর্ণমেণ্টের অক্ষমতা জ্ঞাপন করা হইয়াছে।

মিঃ এমার্সনকে এরূপ পত্র লেখা ছাড়া মহাত্মা গান্ধী বড়লাটকে জানান যে, ইতিমধ্যে কোনরূপ গোলযোগ না হইলে তিনি গোলটেবিল বৈঠকে যোগদান জন্য সম্ভবতঃ লণ্ডনে যাইবেন।

গতকল্য বড়লাটের নিকট হইতে মহাত্মাজী উত্তর পাইয়াছেন : মহাত্মাজীর লণ্ডন যাত্রার সিদ্ধান্তে বড়লাট আনন্দ প্রকাশ করিয়াছেন এবং কোন অসুবিধায় পড়িলে তাঁহার সাহায্য পাইবেন বলিয়া নিশ্চয়তা দিয়াছেন।

এই উত্তর পাইয়া মহাত্মা গান্ধী বড়লাটকে টেলিগ্রাফ করিয়া জানাইয়াছেন যে, স্থানীয় গবর্ণমেণ্টসমূহ কর্ত্তৃক সন্ধি সর্ত্ত ভঙ্গ তাঁহার অন্যতম অসুবিধা। মহাত্মা গান্ধী বড়লাটের নিকট হইতে উত্তরের প্রতীক্ষা করিতেছেন। উহা যদি অনুকূল হয়, তাহা হইলে বড়লাটের সহিত সাক্ষাৎ করিবার জন্য তিনি সীমলা যাত্রা করিতে পারেন।

যাঁহারা ভিতরের সংবাদ রাখেন তাঁহাদের বিশ্বাস, মহাত্মা গান্ধীর লণ্ডন যাত্রা একরূপ নিশ্চিত এবং তিনি ১৫ই আগষ্ট লণ্ডন যাত্রা করিবেন। সুতরাং অবস্থা সম্পূর্ণ আশাজনক।

অর্থের বদলে জীবন-নাশ

গত ৯ই জুলাই রাত্রে চারিজন বিদ্রোহী থারাবাড়ির উত্তর-পশ্চিম দিকস্থ এক গ্রামে যা'য়া উপস্থিত হয় এবং গ্রামবাসীদের নিকট টাকা পয়সা ও জিনিষপত্র দাবী করে। গ্রামবাসীরা তাহাদের আক্রমণ করিয়া দুইজনকে নিহত করে; বাকি দুইজন পলাইয়া যায়।

থারেটমাইওতে ৫০ জন বিদ্রোহী ৪০টী বন্দুক লইয়া গত ৮ই ও ৯ই জুলাই চারিটী গ্রাম আক্রমণ করে এবং কিছু টাকা লুট করিয়া লইয়া যায়।

গ্রামে একদল পুলিশ গভীর বনের মধ্যে একখানি কুটীরের ভিতর একজন বিদ্রোহীকে দেখিতে পায়, দেখিয়াই তাহাকে হত্যা করে।

গত দুই দিনের মধ্যে ৩৮জন বিদ্রোহী গ্রামে আত্মসমর্পণ করিয়াছে।

কাম্পিটা গ্রামে ভীষণ দাঙ্গা

গত ২৮শে জুন কটক জিলার আউল ষ্টেশনের কাম্পিটা গ্রামে খান্দায়ত এবং গোয়ালাদের মধ্যে এক দাঙ্গার ফলে দুইজন লোক নিহত এবং সাত জন আহত হইয়াছে।

প্রকাশ, খান্দায়েতগণ লাঠীসহ গোয়ালাগণকে আক্রমণ করে। প্রথমোক্ত দলে একশত এবং অপর দলে ৮০ জন লোক ছিল। দাঙ্গার কারণ এখনও জানা যায় নাই। কেন্দ্রাপাড়া মহকুমার মহকুমা হাকিম, পুলিশ সুপারিণ্টেণ্ডেণ্ট-সহ গ্রাম পাহারা দিতেছেন।

বড়লাটের লস্কর

বর্ত্তমান বন্দোবস্ত অনুসারে বড়লাট এবং লেডি উইলিংডন অল্প সংখ্যক কর্ম্মচারী সহ আগষ্ট মাসের মাঝামাঝি সিমলা ত্যাগ করিয়া পুনরায় এক মাস পরে ফিরিয়া আসিবেন।

তাঁহাদের এই স্বল্পকাল সময়ে তাঁহারা দিল্লী, কলিকাতা, রাঁচী, কানপুর এবং নৈনিতাল পরিদর্শন করিবেন।

চীন ও জাপানে যুদ্ধের সম্ভাবনা

কোরিয়ার দাঙ্গার ফলে চীন ও জাপানের মধ্যে মনান্তর ঘটিয়াছে। সম্প্রতি কোরিয়া হইতে যে সংবাদ আসিয়াছে, তাহাতে মনে হয় যে উক্ত দেশের মধ্যে যুদ্ধ আরম্ভ হওয়া একটা বিচিত্র নহে।

সিউলের সৈনিক দূতাবাসে প্রায় ১৫০০ জন সৈনিক জীত হইয়া আশ্রয় লইয়াছিল। কোরিয়ার অধিবাসীরা সেই দূতাবাস আক্রমণ করে। ফলে ৫০ জন সৈনিক আহত হইয়াছে এবং তাঁহারা দূত মিশে পলাইয়া যাইয়া গবর্ণর জেনারেলের বাড়ীতে আশ্রয় পাইয়াছেন।

তিন হাজার তোলা রূপা অপহরণ

কাষ্টম সার্ভ ইন্সপেক্টার পশ্চিমাঞ্চল হইতে অপহৃত তিন হাজার তোলা রূপা চারিজন লোক হইতে উদ্ধার করিয়াছেন। রূপাগুলি বাক্সেয়াপ্ত করা হয়। এই বিষয়ে আরও তদন্ত সাপেক্ষে অভিযুক্তগণকে জামিনে মুক্তিদান করা হইয়াছে।

৬৬৪ জন কয়েদীর মুক্তিলাভ

গত ১৯৩০ খৃষ্টাব্দের পাঞ্জাব জেল শাসন সম্পর্কে যে রিপোর্ট বাহির হইয়াছে, তাহাতে দেখা যায়, ঐ বৎসর সৎস্বভাবের জন্য ৬৬৪ জন কয়েদীকে মুক্তি দেওয়া হইয়াছে। উক্ত রিপোর্টে ইহাও দেখা যায় যে, ৩৫০৭ জনের তাহাদের দণ্ডকাল শেষ হওয়ায় পূর্বে ছাড়িয়া দেওয়ায় ঐ সংখ্যা আর বৃদ্ধি পায় নাই। না হয় আরও অনেক কয়েদীকে ছাড়িয়া দেওয়া হইত

লোহার বরগা কাঠ
করগেটটীন, জানালারগরাদে
দালানের ফুলদারবেলিংওথাম
বেড়াঘেরা কাঁটাতার ইত্যাদি
সুলভে বিক্রয় করি
কান্তিচন্দ্রমুখার্জ্জি এণ্ডসন্স
২৭।৩মেলিংটন ষ্ট্রীট (ফোন নং ৪৪৭)
ব্রাঞ্চ ৩৫।১৮ ৩৬নং কলিবাজার।

Reg No C.1544

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩৲
সিকি কলম ২৲
চুক্তির হার
স্বতন্ত্র।

সাহায্যের হার
আশ্রম দেয়
বার্ষিক
ষাণ্মাসিক ৩৲
ত্রৈমাসিক ২৸০
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৴৫

ভারতের সর্ব্বশ্রেষ্ঠ বঙ্গদেশ—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৬ষ্ঠ বর্ষ] সম্পাদক—শ্রীঅতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাগীশ [১১৪তম সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—৩১শে আষাঢ় বৃহস্পতিবার, ১৩৩৮, ১৬ই জুলাই ১৯৩১

কালীগঞ্জে রাহাজানি

কনষ্টেবলের প্রতি গুলীবর্ষণ

রেঙ্গুণে গীর্জ্জায় চুরি

গোলটেবিলবৈঠকের সদস্য নির্ব্বাচন

মোর্ভিরাজ্যে সত্যাগ্রহ

নৈশ পুলিসকর্ত্তৃক ডাকাতদল ধৃত

কাশীতে বঙ্গের গভর্ণর

বরিশাল ও নোয়াখালীতে আর্থিক দুর্দ্দশা

অর্থাভাবে জমিদারী নিলামে

মিঃ মং মংজীর কলিকাতা হইয়া রেঙ্গুণ যাত্রা

নানা কথা

কালীগঞ্জে দিবালোকে রাহাজানি

নদীয়া জেলার কালীগঞ্জ স্কুলের নৈক মুসলমান ছাত্র রাধাকান্তপুর গ্রাম তে কামারী আসিবার কালীন চাট ছার সন্নিকটে সকাল সাড়ে ৯টিকার ার তাহার নিকট হইতে এক মুসলমান বৃদ্ধ তের টাকা কয়েক আনা প্রকাশ্য বালোকে কাড়িয়া লইয়া গিয়াছে। নীয় পুলিশে সংবাদ দেওয়া হইয়াছে। সহবশতঃ এক ব্যক্তিকে পুলিশ পাহার করিয়া পরে ছাড়িয়া দিয়াছে।

কনষ্টেবলের প্রতি গুলীবর্ষণ

শ্রীযুক্ত নগেন্দ্রচন্দ্র দে, ময়মনসিংহের র বাহাদুর গ্রামাচরণ রায়ের পৌত্র ে সুধীন্দ্রকুমার রায় ও শ্রীযুক্ত সুকুমার মুদার জামালপুর খেয়াঘাটে জনৈক নষ্টেবলের প্রতি রিভলভারের গুলীবর্ষণ ার অপরাধে সদর মহকুমা হাকিমের লাসে অভিযুক্ত হন। প্রকাশ, উক্ত নষ্টেবল একজন পলাতক আসামীকে ান অনুসরণ করিতেছিল, তখন আসামী- া তাহার প্রতি গুলীবর্ষণ করেন। দীর্ঘ ন্তের পর সদর মহকুমা হাকিম শ্রীযুত কুমার মজুমদারকে মুক্তি দিয়াছেন ং অপর আসামীদ্বয়কে ভারতীয় দণ্ড- বির ৩০৭ ও অস্ত্র আইনের ১৯ এক াহুসারে ধারয়া সোপর্দ্দ করিয়াছেন।

রেঙ্গুণে গীর্জ্জায় চুরি

এক পক্ষ কালের মধ্যে রেঙ্গুণের ২টি াম গীর্জ্জা—রেঙ্গুণ ক্যাথিড্রাল ও সেণ্ট প্রাতঃকালীন উপাসনার জন্য গীর্জ্জার দ্বার খুলিতে যাইয়া ব্যাপারটা দেখিতে পায়।

সেণ্ট মেরির গীর্জ্জায় কিছু দিন পূর্ব্বে চুরি হয়। চোর এখনও ধরা পড়ে নাই।

বরিশালে আর্থিক দুর্দ্দশা

জমীদার এবং কৃষকদের আর্থিক অবস্থা অত্যন্ত শোচনীয় হইয়া উঠিয়াছে। শ্রমিকদের পারিশ্রমিক কমিয়া গিয়াছে এমন কি, এক মুঠা ভাত ও [illegible] সমস্ত দিন এক জনকে দিয়া কাজ করাই লইয়া যায়। উপবাসী কৃষকগণ কাজে সন্ধানে দলে দলে সহরে ছুটিতেছে।

প্রকাশ, সরকারের খাজনার দা কিস্তীর অঙ্কেও, এমন কি এক তৃতীয়া দিলেও জমিদারী এষ্টেটগুলি বিক্রয় হইবে না বলা হইয়াও, খাজনা দি না পারায়, ১৪টি জমিদারী এষ্টেট বি হইয়া গিয়াছে। সমস্ত জিলায় আর্থিক দুরবস্থা আত্মপ্রকাশ করিয়া তাহা ক্রমেই ভীষণতর হইয়া উঠিতেছে।

কাশীতে বঙ্গের গভর্ণর

পুলিশের বিশেষ সতর্কতা

সিমলা হইতে কলিকাতায় ফিরিব পথে বঙ্গের গবর্ণর বাহাদুর গত ১ সন্ধ্যায় কাশীতে আসিয়াছিলেন। কা ষ্টেটের কুমার সাহেব এবং ষ্টেট ও গভ মেণ্টের উচ্চপদস্থ কর্ম্মচারিগণ ক্যাণ্ট মেণ্ট ষ্টেশনে তাঁহার সম্বর্দ্ধনা করেন প্রথম হইতেই পুলিসের কড়া পাহার ব্যবস্থা করা হইয়াছিল এবং যে স্পেশ ট্রেণটিতে গভর্ণর বাহাদুর আসিয়াছিলে সশস্ত্র পুলিস ক্রমাগত উহা ঘিরিয়াছি রেলওয়ে ওয়ারলীজ ক্যাণ্টনমেণ্টটি কাশী ষ্টেটের টাকপালে পুলিশের বি ব্যবস্থা ছিল। প্রকাশ, গভর্ণর বাহা রামনগর প্রাসাদ পরিদর্শন করি কাশী হিন্দু বিশ্ববিদ্যালয় দেখিবার জ নাগেশ্বরে আসিয়াছিলেন। তাঁহার প তিনি স্পেশাল ট্রেণে কলিকাতা যা করেন।

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও আদর্শচরিত্র শিক্ষকগণ ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

সবিস্তার সংবাদের জন্য নিম্নলিখিত ঠিকানা পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

—৫১ বৎসরের প্রতিষ্ঠিত—

উষালালের প্রস্তুত বটীকা

ম্যা৷ ম্যালেরিয়া, স্প্লীহাযকৃৎ, কোষ্ঠকাঠিন্য, অম্বশূল, জ্বরভঙ্গ প্রভৃতি কত রোগীর রোগ নিরাময় হইয়াছে তাহা প্রকাশ করিলে বহু বড় পুস্তক হইয়া পড়ে।

ইহা

সকল ঋতুতে ব্যবহার চলে ও সমান ফল প্রদান করিয়া থাকে। প্রতি কৌটায় ৩২টী বটীকা থাকে।

কেবলমাত্র

প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা। ইহার নাম "আতঙ্কনিগ্রহ বটীকা"।

অন্যান্য ঔষধের তালিকার জন্য পত্র লিখিলেই পাইবেন

প্রাপ্তিস্থান :—আতঙ্কনিগ্রহ ঔষধালয়

২১৮ নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাঁচন

সর্ব্ববিধিব স্বজনের অব্যর্থ মহৌষধী

মফঃস্বলের সুবিধার জন্য ৬ আঃ শিশিতে ঘনীভূত অবস্থায় ছোটবোতলের চলমনি ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ১৷০ আনা, পাঁচটি ৬৷০ আনা, বোতল ১৷০ আনা।

আফিস—১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

রেজিষ্টার্ড

মদন মঞ্জরী

ইহার গুণ ও বহুবিধার, ইন্দ্রিয়শক্তির হ্রাস, প্রমেহে শুক্রপাত, স্বপ্নদোষ, মানসোদ্বেগ, মুখ শুষ্কতা, অধিক্রা প্রভৃতি সকল প্রকার বিশেষ আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় ঔষধ। মূল্য ১০ ঘটী ১৲ এক টাকা।

"বৃহৎ লক্ষ্মীবিলাস তৈল"

পুরুষত্বহানি রোগে যাদুমন্ত্রের ন্যায় আরোগ্য করিয়া থাকে। মূল্য ৫ তোলা ১৲ টাকা।

"বৃহৎ অশ্বগন্ধাদি চন্দ্রিকা"

বীর্য্যবান করত সন্তানোৎপত্তি শক্তি ও বৃদ্ধি করিতে অদ্বিতীয়। মূল্য ১০ ঘটী ১৲ এক টাকা।

ডাক্তার লালবিহারীজী, কেশবজী

৩৯ ১৭৭নং হ্যারিসন রোড, কলিকাতা।

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস্, এন্, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈজ্ঞানিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

১৮ নং কটন ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

হইবেন

দৈবপ্রাপ্ত যক্ষার একমাত্র মহৌষধ

পনের দিনে সম্পূর্ণ আরোগ্য

রোগী দেখাইতে হইবে। অগ্রিম পাঁচসিকা খরচ (যাওয়া এবং আসার) পাঠাইলে গিয়া রোগী দেখা হয় অথবা ঔষধ আসিলে রোগী দেখিয়া ঔষধ দেওয়া হয় আরোগ্য না হওয়া পর্য্যন্ত পারিশ্রমিক দিতে হইবে না। গরীব রোগীদের খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়। বিস্তারিত বিবরণের জন্য এক আনার ডাক টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীকালীশচন্দ্র উকীল, যক্ষ্মা-চিকিৎসক, পোঃ নৈকাটী, ব্যারিপাল।

অথবা নিম্ন ঠিকানায় সাক্ষাৎ করিয়া বিস্তারিত জানিতে পারেন :

শ্রীযুক্ত রামগোপাল দত্ত এম, এ, কৃষ্ণনগর, নদীয়া। শ্রীযুক্ত ওরিয়েণ্ট সিংহ, ১২৭, বেণিয়াটোলা ষ্ট্রীট, আটপোলা, কলিকাতা।

একখানি পত্র। আমার জ্যেষ্ঠপুত্র গত ছয় মাস যাবৎ রাজ যক্ষ্মায় দুগিয়া মৃত্যুপ্রায় হইয়াছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাহার জীবনের আশা ত্যাগ করিয়া শেষ মুহূর্ত্তের জন্য অপেক্ষা করিতেছিলেন এই সময় শ্রীযুক্ত কালীশচন্দ্র উকিল মহাশয় মাত্র ১০ দিন চিকিৎসা করিয়া সম্পূর্ণ আরোগ্য করিয়া দিয়াছেন। (সাঃ) শ্রীযতীন্দ্র কিশোর রায় চৌধুরী (জমিদার পাবনা) ৩৭ ষ্ট্রীট, নিউ বিল্ডিং। কর্পোরেশন ষ্ট্রীট ভিন্না টমেণ্ট, কলিকাতা।

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার—গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেন গ্রাহকগণ

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কসে

এত প্রশংসা করেন

—কারণ—

এখানে যাবতীয় ছাপার কার্য্য—

লেটার হেডিং, মেমো, ফরম, খাম, জমিদারী চেক, বিল প্রভৃতিই বলুন,

বিবাহের নিমন্ত্রণ পত্র, কার্ড, বিবাহের পত্রই বলুন,

আর ৩ ইং ও ৪ ইংয়ের কাটোন ব্লকই বলুন, সকল কার্য্যই অতি শীঘ্র হয়, অথচ ছাপাইবার খরচ বাজার অপেক্ষা সুলভ।

আপনার কিছু ছাপার কার্য্য থাকিলে নিম্নঠিকানায় জানাইলেই বশ পাইবেন

ম্যানেজার—গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

২৯নং নং আপার সারকুলার রোড, কলিকাতা

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

প্রথম ও দ্বিতীয় খণ্ড

ওঁবিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের সেই অ বিশ্লেষিনী জীবাত্মস্বরূপপ্রবোধিনী কৃষ্ণকথাবিলাসিনী শ্রীবক্তৃতাবলীর "পূর্ব্বি বৈষ্ণবসিদ্ধান্ত বক্তৃতার কৌতুকময়ি—সমস্ত অভিধেয় ও প্রয়োজনতত্ত্বের ভিক্ষা একত্রে ১৸০ আনা মাত্র।

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে—কৃষ্ণকান্তি ব্রহ্মচারী ভক্তিকুসুম এম্, এম্, এফ্, কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

শ্রী শ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক

দৈনিক পত্র

শ্রীধাম মায়াপুর—নদীয়া

ষষ্ঠবর্ষ | ১৭ বামন গৌরাব্দ ৪৯১, ৩১শে আষাঢ় বঙ্গাব্দ ১৩৩৮, ১৬ জুলাই ইং ১৯৩১ বৃহস্পতিবার | ১১শতম সংখ্যা

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউটে পরমহংস-স্বামী ভক্তিপ্রজ্ঞান প্রভুর বক্তৃতা।

গত ৯ঠা জুলাই শনিবার অপরাহ্ণে শ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার সম্পাদক এবং শ্রীধাম মায়াপুর সম্পত্তি শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিরঞ্জন গোস্বামী প্রভু শ্রীধাম মায়াপুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউটে একটী সারগর্ভ বক্তৃতা প্রদান করিয়াছিলেন, তাহাই সারাংশ নিম্নে প্রকাশিত হইল,—

(শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ বন্দনানন্তর) স্বাস্থ্য অর্থ সম্বন্ধে অনেক কথা শুনলাম। আমাদের বৈষ্ণব-স্কুল; সুতরাং বৈষ্ণবের আর কিছু বলব। আজকার আলোচ্য সম্বন্ধে লৌকিক ও পারমার্থিক উভয় প্রকারই অনেক কথা হয়েছে। আমারও সময় অল্প, সুতরাং একটু মাত্র বিষয়ের আলোচনা ক'রেই আমার বক্তব্য শেষ করব।

প্রত্যেক শব্দের তিনটী বৃত্তি—অজ বৃত্তি, সাধারণ বৃত্তি ও বিদগ্ধবৃত্তি। সেই হিসাবে স্বাস্থ্য সম্বন্ধে ঐ ত্রিবিধ বিচারে দেহের স্বাস্থ্য, মনের স্বাস্থ্য আর আত্মার স্বাস্থ্যকে পাওয়া যায়। অজ ও সাধারণ ব্যক্তিগণের তুলনায়াপেক্ষ বিদগ্ধগণের বিচার প্রেয়ঃ কথা। স্বাস্থ্য বলতে আত্মার স্বাস্থ্যকে লক্ষ্য করেন, যে কথা আমার পূর্ব্ববর্ত্তী বক্তা শ্রোতী মহারাজও বললেন। আত্মার স্বাস্থ্য—স্বরূপে অবস্থিতি। আত্মার স্বাস্থ্যবিধানের উপায়—শ্রীহরিসঙ্কীর্ত্তন। দেহ-মনের স্বাস্থ্য থাকলেও আত্মার স্বাস্থ্য প্রতিষ্ঠিত না হ'লে কোন মঙ্গল নাই। যখন আমরা স্বরূপে অবস্থিত হ'তে "পারব, তখন বুঝতে পারব আমাদের কর্ত্তব্য—শ্রীগুরুবৈষ্ণবসেবা; তাতেই আত্মার স্বাস্থ্য, আনন্দ।

ধনের বিষয়েও ঐকথা বলা যেতে পারে। ঠাকুর মহাশয় গেয়েছেন,—"ধন মোর নিত্যানন্দ"। জাগতিক অর্থ আপাতাদৃষ্টে নিত্য নয়; সুতরাং তাতে নিত্য আনন্দ নাই, কিন্তু নিত্য-নন্দকে 'ধন' ব'লে বরণ করতে পারলে নিত্য অফুরন্ত আনন্দ লাভ করতে পারা যায়। নিত্যানন্দ প্রভু আমাদের নিত্যানন্দ বিধান ক'রে থাকেন। যাঁরা নিত্যানন্দে অনুচর, তাঁদের যারা অনুচর হতে পেরেছেন,—তাঁদের যারা ধন করতে পেরেছেন, তাঁরাই প্রকৃত ধনী।

'অর্থ' বলতে প্রয়োজন বুঝায়। আমাদের কি প্রয়োজন? বলা যেতে পারে—আনন্দ। ছেলেপিলে লাড়ু বা খেলনা পেলে সন্তুষ্ট হয়, কিন্তু সে আনন্দ পরিবর্ত্তনশীল, কিছুক্ষণ পরে আর ভাল লাগে না। এমনই জগতের প্রত্যেক বস্তু, কোনটীতেই বাস্তব আনন্দ বা নিত্যানন্দ লাভ করা যায় না। কিন্তু যাঁরা "অয়ি নন্দতনুজ কিঙ্করং পতিতং মাং বিষমে ভবাম্বুধৌ কৃপয়া তব পাদপঙ্কজস্থিত ধূলি সদৃশং বিচিন্তয়" ব'লে কৃষ্ণপাদপদ্মকে বরণ করতে পেরেছেন, তাঁরাই প্রকৃত ধনের সন্ধান পেয়েছেন।

"যদি থাকে বহু ধন, নিজে হও অকিঞ্চন; বৈষ্ণবের কর উপকার।" অর্থ দিয়ে যদি বিষ্ণুবৈষ্ণবের সেবা হয়, তবে সেই অর্থই যথার্থ সার্থক, নতুবা তাতে অনর্থ বৃদ্ধি করে মাত্র; অর্থের অনর্থত্ব দূর ক'রে প্রকৃত অর্থে নিযুক্ত করা অর্থাৎ অপ্রেয়িতৃপদে নিযুক্ত না ক'রে পরমার্থে ন্যস্ত করাই অর্থের প্রকৃত ব্যবহার।

আত্মার স্বাস্থ্য বিধানের জন্যই এই বিদ্যালয় প্রতিষ্ঠিত। যাঁরা এই স্কুলে admission পেয়েছেন, তাঁরা বাস্তবিকই সৌভাগ্যবন্ত। এখানে ভর্ত্তি হ'য়েও যদি কেউ জড়জগতের বিষয়ে ধাবিত হন, তবে অনেক ঘাতপ্রতিঘাত সহ্য করতে হবে; আমরা জানাতে চাই যে, তাঁর ন্যায় দুর্ভাগা আর কেউ নেই। কিন্তু "মহাজনের যেই পথ, তাতে হও অনুগত।" শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের নামে প্রতিষ্ঠিত এই স্কুলে ভর্ত্তি হ'য়ে তাঁর অনুগমন করতে পারলেই প্রকৃত অনুগমন হবে। ঠাকুর ভক্তিবিনোদের প্রাণধন গৌরসুন্দরের সেবায় নিযুক্ত হ'তে পারলেই সব ঠিক, নতুবা জগতের অমঙ্গলকর তাদৃশ স্বাস্থ্য বা ধনে ধিক্। স্বাস্থ্য বা অর্থ নিশ্চয়ই অর্জ্জন করব, যদি তা' মাধবসেবায় লাগে, নচেৎ অনেক গুণ্ডাকে বেশ স্বাস্থ্যবান্ দেখতে পাওয়া যায়, কিন্তু তারা জগতের মঙ্গল না ক'রে অমঙ্গলই আনয়ন ক'রে। খুব ধন উপার্জ্জন ক'রে, খেয়ে দেহের স্বাস্থ্য অর্জ্জন করলাম। কিন্তু একদিন আমাদের মরণেই সব গেল।

দেহ-মনের স্বাস্থ্য বিধান ক'রেও যদি আত্মার স্বাস্থ্যবিধান না হয়, তবে কিরূপ জগজ্জাল উপস্থিত হয়, তদ্বিষয়ে একটি প্রত্যক্ষ ঘটনা আছে। কোনও এক বিধবা তার পুত্রটীকে সঙ্গে নিয়ে এক জমীদারের নিকট গিয়ে বললেন,—"আমার স্বামীর অর্থ কিছুই নাই, এই পুত্রটির ভরণপোষণ নি আমি বড়ই চিন্তিত ও বিপদ্‌গ্রস্ত হ'য়েছি আপনি কৃপা ক'রে আমাকে এ দায় থে নিষ্কৃতি দিন।" জমিদার তাঁর অ দেখে পুত্রটিকে নিজ সংসারে রেখে লে পড়া শিখালেন। ছেলেটী বেশ স্বাস্থ হ'ল; দেখে একজন গণ্যমান্য ব্য হ'ল, কিন্তু আত্মোপলব্ধি সম্বন্ধে তাঁর বিধবা মাতার চিন্তায় কালক্ষে অর্পণ ক'রে তিনি কৃতজ্ঞতার পরিচয় দিলে। জমিদার ছেলেটির বে স্বাস্থ্যোন্নতির জন্য যত্ন এবং মনের স্বাস্থ্য অপরাবিদ্যা প্রদান করলেন; কিন্তু আত্ম স্বাস্থ্যের জন্য কিছু না করায় তাঁ সর্ব্বনাশ করলে। সুতরাং বুঝতে পেরেছে যে, আত্মার স্বাস্থ্য না হ'লে দেহমনের স্বা দিয়ে চরমে হিত হ'তে এড়াতে পা যায় না, সুতরাং দুঃখও যায় না।

অনেকে মনে করেন, অর্থের পঞ্চা আনন্দ আছে, অর্থ পেলে কি না ক যায়? কিন্তু কেউ যদি বলে, হেমে ছেলেপিলে সব কেটে দিয়ে তোমা দু'কোটি টাকা দিচ্ছি, তা' হ'লে কে আনন্দ হয়?

জগতে প্রেয়ঃ ও শ্রেয়ঃ দুটী পথ। প্রে পন্থীদের অর্থ আসবে বস্তু হতে পা কিন্তু শ্রেয়ঃপন্থীর পরমার্থ তম বস্তু অর্থ ন সকল ইন্‌ষ্টিটিউসনে শ্রেয়ঃকথাই আলো হয়, দুনিয়ার সমস্ত ইন্‌ষ্টিটিউসনের ভি ভিত্তিই প্রেয়ঃ, আত্মেন্দ্রিয়তর্পণ; কিন্তু এ শ্রীধাম মায়াপুর বিষ্ণুক্ষেত্র। প্রভুপাদ এ স্কুলের মৃত্তিকা খনন ক'রে শ্রেয়ের বী

ন ক'রে গেছেন, তার একমাত্র উদ্দেশ্য
হগণ শ্রেয়ঃপথের অনুশীলন করুন।
মাধব—লক্ষ্মীপতি। রাবণ সেই জগন্মাতা
ীকে হরণ ক'রে ভোগ করবার ইচ্ছা
রেছিল, একথা মনে হ'লে কার না হৃদয়ে
াবের সঞ্চার হয়? লক্ষ্মী—রামভোগ্যা,
কে যে ভোগ করবার চেষ্টা করে, সে
সুর।
লক্ষ্মী—ধনাধিষ্ঠাত্রী। সুতরাং ধন দিয়ে
ীপতির সেবাই কর্ত্তব্য। তা' না
রে যদি আমরা নিজের ভোগে লাগাই,
বে আমরাও রাবণের এক একটী ক্ষুদ্র
রণবিশেষ।
দৈহিক স্বাস্থ্যবিশিষ্ট খুব হৃষ্ট পুষ্ট
াক দেখ্‌লে অনেকে ব'লে থাকে,—
সাকটা যেন অসুর।' বজ্রাঙ্গজী খুব
বান্ ছিলেন, কিন্তু কেউ তাঁকে অসুর
তো না; কারণ তিনি শ্রীরামচন্দ্রের
চর, তাঁর দেহ নারায়ণের সেবায় নিযুক্ত
রেছিল। সুতরাং দৈহিক আয়তন লাভ
রে শ্রীহরিসেবা না করলে 'অসুর' নামে
রিচিত হ'তে হয়।
উপসংহারে আমার বক্তব্য এই যে,
ক্তিতে যাঁর বিনোদ অর্থাৎ আনন্দ, সেই
ক্তিবিনোদ ঠাকুরের নামে এই স্কুল
তিষ্ঠিত। তাঁর স্কুলে প্রবেশাধিকার
রে যদি সকলেই ভক্তিবিনোদনের চেষ্টা
তে পারেন, তা'হ'লেই এ স্কুলে অধ্যয়ন-
াপনের সার্থকতা হবে, নতুবা তাহাই
জঞ্জালে আনয়ন করবে।

ভক্তাঙ্ঘ্রিরেণু

(৩)

এইরূপে দেবদেবী স্বপ্নে সাধ্বী স্ত্রীর
সেই বিপ্রের সেবাপরায়ণা থাকিলে
ার স্বামুখা মাতা বিপ্রনারায়ণের সমস্ত
অপরাধ করিয়া দারিদ্র্যহেতু তাঁহাকে
দেবীর গৃহ হইতে নির্দ্দয়ভাবে বাহির
য়া দিল। কিন্তু ঐবিপ্র সেই বেত্রাঘাত
হপাশে শুষ্কশির থাকিয়া অতীব লজ্জিত
বে ও সর্ব্বাঙ্গ আবরণপূর্ব্বক বহির্দেশে
স্থিত থাকিলেন। জগৎপতি রজেশ
ীসহ সেই রজনীতে সেই পথে ভ্রমণ
রিতে করিতে তাদৃশ মানব দেখিয়া
হার কৌতুহল নিবারণার্থ নিজভক্ত
মালাগ্রন্থ বিপ্রের দুর্দ্দশার বৃত্তান্ত বিদিত
রিলেন। জগন্নাথ রজেশবাক্যে অতীব
খিতা হইয়া ভক্তের দুঃখমোচনের
যোগ জানাইলেন। রজেশ স্বয়ং দাসবেশে
ণ্যন সুবর্ণনির্ম্মিত পঞ্চপাত্র হইতে একটী
র লইয়া দেবদেবীকে আহ্বানপূর্ব্বক
ই বিপ্রের প্রেরিত পরিচয়ে উহা প্রদান
করিলেন এবং প্রত্যাবর্ত্তন মার্গে বিপ্র-
নারায়ণকেও সেই দেবদেবীর প্রীতিপূর্ণ
আকর্ষণ জানাইলেন। পূর্ব্ববৎ উভয়ের
মিলনে রাত্রি অতিবাহিত হইল।
পরদিন প্রভাতে সেই সুবর্ণপাত্রের
অপহরণ-সংবাদ ক্রমশঃ চোলরাজের গোচর
হইলে তাঁহার আদেশে রজেশপরিচারকগণ
রজ্জুবদ্ধ হইয়া প্রহার লাভ করিতে
করিতে কারাগারে চলিল। দেবদেবীর
এক দাসী জলাহরণার্থ কলসকক্ষে বহির্গত
হইয়া বন্দিগণমধ্যে নিজ পিতাকে দেখিয়া
কারণজিজ্ঞাসায় সমস্ত বৃত্তান্ত লোকমুখে
অবগত হইল। অনন্তর উপপতির প্রতি
কশাঘাত-সহনে অসমর্থা দাসী দেবদেবীর
গৃহে সুবর্ণপাত্র প্রদান বিবরণ বিবৃত
করিল। তখন দণ্ডধারকগণ দেবদেবীর
গৃহে অনুসন্ধান করিয়া সেই সুবর্ণপাত্র
পাইলে বিপ্রনারায়ণের সহিত দেবদেবীকে
বন্ধনপূর্ব্বক রাজসমীপে উপস্থিত করিল।
রাজা স্বৈরিণীমুখে বিপ্রনারায়ণের কৃতা
রজনীর কর্ত্তৃক পাত্রপ্রদান এবং বিপ্রের
বাক্যে কৃতাঞ্জলি ও পত্নীবিরহে অজ্ঞানাদি
শ্রবণ করিয়া উভয়কেই অপরাধী বিবেচনায়
দেবদেবীর সমুদয় বিত্ত গ্রহণপূর্ব্বক রজে-
শ্বরকে প্রদান ক'রলেন ও বিপ্রের কারা-
দণ্ডের ব্যবস্থা করিলেন।
এদিকে ভক্তের ক্লেশে শ্রীরজেশের চিত্ত
চঞ্চল হইল। তিনি রাত্রিকালে স্বপ্নযোগে
কৃপালের প্রতি আনুকূল্য সুবর্ণপাত্রপ্রদান
লীলা নিবেদনপূর্ব্বক বিপ্রনারায়ণকে পূর্ব্ববৎ
শ্রীমালিপ্যসেবার নিয়োগের অনুমতি
করিলেন। নৃপতি প্রভাতে মন্ত্রিগণকে
সমস্ত অবগত করাইয়া, বিপ্রনারায়ণকে
সম্মুখে আনাইয়া স্বীয় অজ্ঞতাহেতু কৃতা-
পরাধের ক্ষমাপন পূর্ব্বক তদীয় পূর্ব্বসেবা
নির্দ্দেশ করিলেন। ইত্যবসরে বিপ্রও
অনুতাপগ্রস্ত হইয়া তদ্দোষনিবারণার্থ
অনুসন্ধান করিয়া বৈষ্ণবচরণের জলপান ও
ধূলি শীর্ষে ধারণ একমাত্র প্রায়শ্চিত্তস্বরূপে
অঙ্গীকার করিলেন। এক্ষণে বিপ্র আপনার
পূর্ব্বপরিচয় একান্ত বিস্মৃতির নিমিত্ত ভক্তা-
ঙ্ঘ্রিরেণু নামে পরিচিত হইতে একান্ত
বাসনা করিলেন। ভক্তবৎসল রজেশ
অর্চ্চকদ্বারা তাঁহাকে আহ্বান করিয়া
পূর্ব্ববৎ সেবায় নিরত থাকিতে উপদেশ
প্রদান পূর্ব্বক অতীষ্ট বর প্রার্থনা করিতে
বলিলেন। জগন্নাথদর্শনে সর্ব্বাভীষ্টের পূরণ
হইয়াছে, জানাইয়া বিপ্র কেবল ভক্তা-
ঙ্ঘ্রিরেণু নামে আপনাকে পরিচিত হইবার
বর যাচ্ঞা করিলেন। রজেশ তাঁহাকে
পরভক্তি, জ্ঞান ও বৈরাগ্যসহ অভীষ্ট বর
প্রদান পূর্ব্বক অন্তর্হিত হইলে ক্রমে
বিপ্রনারায়ণ 'ভক্তাঙ্ঘ্রিরেণু' নামে ও
বৈরাগ্য, জ্ঞান ও ভক্তির জন্য সর্ব্বত্র প্রথিত
হইলেন।
দেবদেবী ভক্তাঙ্ঘ্রিরেণুর এবম্বিধ মহৎ
পরিণামে আশ্চর্য্যান্বিত হইয়া মহাপ্রভুর
সহিত নিজবৈভবসমূহ শ্রীরজনাথকে সমর্পণ
করিল এবং পবিত্রচিত্তে সম্মার্জ্জনাদি ক্ষুদ্র-
কৈঙ্কর্য্যে রত হইল। কিয়ৎকাল গত হইলে
দেবদেবী রজেশসেবাকল্পে পুনর্জ্জন্মলাভ
উত্তরণপূর্ব্বক নিত্যদেহে বিষ্ণুলোকে গমন
করিল। ভক্তাঙ্ঘ্রিরেণু সম্যক্ জ্ঞান লাভ
করিয়া রজেশ্বরকেই মাতা, পিতা, সখা
ভ্রাতা, বন্ধু, গুরু, সম্পদ্, বিদ্যা ও সর্ব্বস্ব
মনে করিয়া নিরন্তর বিবিধ পুষ্প ও তুলসী
দ্বারা উৎকৃষ্ট মাল্য রচনা পূর্ব্বক প্রীতি-
সহকারে রজেশ-ভূষণসেবায় নিরত
থাকিলেন। অনন্তর তিনি 'শ্রীমালা'
নামে দিব্যপ্রবন্ধ রচনা করিয়া শ্রীরজেশকে
শ্রবণ করাইলেন। পুনরায় রজেশবিষয়ে
পঞ্চ [illegible] সমন্বিত গ্রন্থান্তর প্রণয়ন
করেন এবং তথায় নিত্যবাসরত ও সেবা-
নিষ্ঠাবিশিষ্ট [illegible] হইলে বহুকীর্ত্তি রাখিয়া
একশত বর্ষ বয়সে ইনজেশের নিত্যধামে
প্রয়াণ করিলেন। কথিত আছে যে,
এই 'শ্রীমালা' গ্রন্থ যিনি উত্তমরূপে
অধ্যয়ন বা করিয়াছেন, তাঁহার পরমার্থ
বিষয়ক চরম পরিণাম অত্যন্ত অধিক।
অতএব ভক্তাঙ্ঘ্রির প্রতি অনুগ্রহার্থ
শ্রীবিষ্ণুর নামান্তর অংশাবতার ভক্তাঙ্ঘ্রি-
রেণু নামে প্রসিদ্ধ রজেশমালাগ্রন্থ
"শ্রীমালা"প্রণেতা মহাভাগবতাগ্রগণ্য
নিত্যসিদ্ধ বিপ্রবরকে আমরা নিরন্তর সাষ্টাঙ্গ
প্রণিপাত বিধান করি।

শ্রীকৃষ্ণসংকীর্ত্তন

(২)

জড়বুদ্ধিগর্ব্বিত অনেকানেক অজ্ঞজন
বলেন,—"শ্রীগৌরসুন্দর শুধু ভাবপ্রবণ
বাঙ্গালীর প্রাণের ঠাকুর, তদীয় প্রসঙ্গিত
নামভজনও ভাবুক বঙ্গবাসীরই আদরের
ধন; অন্যদেশ বা ভিন্ন জাতীয়দের জন্য এ'
ব্যবস্থা চলিতে পারে না।" তাঁহারা অচেতন
সুপ্ত বিশ্ববাসীর চৈতন্যপ্রদাতা পরম চৈতন্য
পুরুষোত্তম শ্রীমন্মহাপ্রভুর মহামন্ত্র বলাক-
লীলার স্বরূপ জানেন না বলিয়াই
ঐপ্রকার ভ্রান্তমতের পদলেহী। শুধু বঙ্গ
বা উৎকলের জন্য নহে, সমুদয় জগতের,
ঊর্দ্ধ ও অধোদেশের সমগ্র স্থানের সমগ্র
প্রাণীর, এমন কি, বৃক্ষ, লতা, প্রস্তরাদির
পর্য্যন্ত যথার্থ মুক্তির জন্য শ্রীকৃষ্ণচৈতন্যপ্রভু
পরম রসপূর্ণ শ্রীকৃষ্ণসংকীর্ত্তনের ব্যবস্থা
করিয়াছেন। শুদ্ধভক্তের মুখে হীর্য্যবতী নাম-
সংকীর্ত্তন শ্রবণে অচেতন পদার্থও চেতনতা
প্রাপ্ত হয়। মায়াগ্রস্তাত্মিক মানবজাতি
শ্রীনামভজনের সুশীতল ছায়ায় বিশ্রাম না
করিতে পারিলে কখনই প্রকৃত কল্যা
পাইবেন না।
শ্রীনাম গ্রহণ করিতে দেশ, কাল
পাত্রের কোন প্রতিবন্ধক নাই। ব্রাহ্ম
ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র, ম্লেচ্ছ, অন্ত্যজ, গৃ
বালক, বৃদ্ধ, যুবা যে কোন ব্যক্তি ভোজ
শয়ন, জাগরণ, ভ্রমণ ইত্যাদি যে কো
অবস্থায় অবস্থিত হইয়া চিন্ময় নামপ্রভু
আরাধনা করিতে পারেন। শ্রীচৈতন্যলীল
মৃতপ্রবাহিনী শ্রীচৈতন্য-ভাগবতে উ
হইয়াছে যে,—
"খাইতে শুইতে যথা তথা নাম লয়।
দেশ কাল পাত্র নাহি সর্ব্বসিদ্ধি হয়॥
'কি ভোজনে কি শয়নে কিবা জাগরণে।
অহর্নিশ চিন্ত' কৃষ্ণ, বলহ বদনে॥"
লোকশিক্ষক শ্রীমন্মহাপ্রভু এতাদৃ
করুণাশক্তিসমন্বিত নামসাধনেও
জীবের অরুচি দর্শনে ব্যথিত হইয়া স্ব
শ্রীবদনে করিয়াছেন,
"নামামকারি বহুধা নিজ সর্ব্বশক্তি-
স্তত্রার্পিতা নিয়মিতঃ স্মরণে ন কালঃ।
এতাদৃশী তব কৃপা ভগবন্মমাপি।
দুর্দ্দৈবমীদৃশমিহাজনি নানুরাগঃ॥"
সোপাধিকৈতব শুষ্ক ত্যক্তীজ
অনুরাগের অভাবই আমাদের প্রম
দুর্দ্দৈব। যাঁহার যতটুকু শুদ্ধভগবদ্ভ
বৃদ্ধির উদয় হইবে, তিনি ততটুকু পরিমা
শ্রীনামে রুচিবিশিষ্ট হইবেন যদি আম
অন্তরে আত্মেন্দ্রিয়তৃপ্তির ঘোলআনা বাস
রাখিয়া লোকদেখানো ভাবে হরিনাম ক
তবে কোটী কল্পযুগেও শুদ্ধনামের ব
যে প্রেম, তাহা লাভ করিয়া কৃতার্থ
হইতে পারিব না। ইতর কামনার আবে
লিপ্তচিত্ত লইয়া হরি কীর্ত্তনের ছ
প্রদর্শনের দ্বারা বাহিরে কিছু প্রতি
সংগ্রহ হইতে পারে, কিন্তু নামাপরা
ফলে অতি শীঘ্র অমঙ্গলের বিভীষ
নিপতিত হইতে হইবে। আমরা
নামীপ্রভুর সেবার জন্য নামকীর্ত্তন
করিয়া অপর কোন বাঞ্ছাবলে মা
কীর্ত্তনের বহুমাননা করি, প্লেগ ও ওলাই
নিবারণের জন্য অনুষ্ঠিত বারোয়ারীতল
কীর্ত্তনকে যদি পরমনির্ম্মৎসর সাধুমুখকীর্ত্তি
শুদ্ধ শ্রীহরিনামের তুল্য জ্ঞান ক
অথবা যদি কনক কামিনী-প্রতিষ্ঠা-লো
ভাড়াটীয়ার হাটে মাঠে, ঘাটে
রাইকানুর রসকীর্ত্তনকে বৃন্দাবনীয় অপ্রা
রসকেলিবার্ত্তাধামে গ্রহণ করি, ত
কখনই পরম রসময়, নিত্যমুক্ত, শু
কৃষ্ণনামের কৃপাফল লাভের অধিকা
হইব না।

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীমদ্ঋষি কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস-প্রণীত মূল, শ্রীমদ্-[illegible]চার্য্য-কৃতা তাৎপর্য্য-নির্ণয়টীকা; শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-কৃত সারার্থদর্শিণী টীকা, বঙ্গানুবাদ, সংস্কৃত অন্বয় ও [illegible]তিপদ, তথ্য ও বিবৃত্যাদিযুক্ত। প্রতি স্কন্ধের আদিতে ই স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ [illegible]ায়ের সারসহ সুবিস্তৃত তাৎপর্য্যাদি বিবৃত। শ্লোকসূচী [illegible]য়সূচী, অধ্যায়বিবরণ, পাত্র ও স্থাননির্ণয় উত্তম [illegible]গজে উত্তম অক্ষরে মুদ্রিত। প্রথম হইতে ১০ম স্কন্ধ [illegible]ত্র ছাপা সম্পূর্ণরূপে শেষ হইয়াছে। ভিক্ষা প্রথম [illegible]তে ৯ম স্কন্ধ পর্য্যন্ত ২১৸০; দশম স্কন্ধ ১২৲; [illegible]ত্র ৮০৲।

শ্রীশ্রীমদ্ভক্তি [illegible]মোদঠাকুর রচিত 'অমৃতপ্রবাহভাষ্য' শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত [illegible]ম্বুভাষ্যে শ্রুতি-স্মৃত্যাদি বহু শাস্ত্রপ্রমাণ-সম্বলিত হইয়া [illegible]কাশিত হইয়াছেন। শ্লোকের সাধয়ব্যাখ্যা, বঙ্গানুবাদও [illegible]ত্যেক পয়ারের পূর্ব্বে সংক্ষিপ্ত অভিধেয় সংযোজিত। [illegible]ত্যেক অধ্যায়-প্রারম্ভে কথাসার দেওয়া আছে। শ্লোক, [illegible]য়, পদ্য, স্থান, পাত্র প্রভৃতির সুবৃহৎ সূচী ও গ্রন্থকারের [illegible]ক্ষিপ্ত জীবনী-সম্বলিত এইরূপ অদ্ভুতপূর্ব্ব সংস্করণ ইতঃপূর্ব্বে [illegible]াপি প্রকাশিত হয় নাই। উত্তম কাগজে পারিপাট্যের [illegible]হত মূল অক্ষরে মূলাংশ মুদ্রিত হইয়াছে। গ্রন্থ প্রায় [illegible]০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা বর্ত্তমানে ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত [illegible]ীয় ভাষ্য, শব্দসূচী, পয়ারসূচী, বিষয়-স্থান-পাত্রাদি-[illegible]ী, প্রভৃতি বিবিধ বিষয়-সম্বলিত বিরাট দ্বিতীয় সংস্করণ [illegible]ল ক্রাউন ৮ পেজী আকার। আদিলীলা ও মধ্যের [illegible]রধাংশ প্রকাশিত হইয়াছেন। ক্রমে ক্রমে প্রকাশিত [illegible]তেছেন। অগ্রিম ভিক্ষা ৫৲ টাকা, আদি লীলার [illegible]ক্ষা ৫৲।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের এরূপ অভিনব সুন্দর সংস্করণ আর কখনও [illegible]কাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকাংশের অন্বয়, বঙ্গানুবাদ, [illegible]য়, কথাসার, তথ্য প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত [illegible]য়াছেন। মূল মোটা অক্ষরে ডবল ক্রাউন আটপেজী [illegible]হাকারে ছাপা হইয়াছে। মূল্য ২৷০ টাকা। নদীয়া [illegible]কাশ ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১৷০ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

—শ্রীগৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি [illegible]শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিঠাকুর গোস্বামিকৃতা সারার্থবর্ষিণী [illegible]কাসমেতা ও শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'রসিক-[illegible]ন' নামক ভাষ্যভাষ্যসহিতা। অধ্যায়সূচী, মাতৃকাক্রমে [illegible]ক-সূচী, বিষয়-সূচী, গ্রন্থকারের জীবনী ও অবতরণিকাদি [illegible]ভাষ্যবিষয়-সহ উৎকৃষ্ট বাঁধাই তৃতীয় সংস্করণ—এই রাজ [illegible]রণের ভিক্ষা ২৲ টাকা মাত্র, সাধারণ সংস্করণ—১৷০ [illegible]া মাত্র

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের সেই অবিদ্যা-বিধ্বংসিনী ভীষ্মস্বয়ংপ্রোদ্বোধিনী কৃষ্ণ-কার্ষ্ণানন্দদায়িনী ভীষণ-বাণীর মূর্ত্ত-বিগ্রহ—বৈষ্ণবসিদ্ধান্ত-রত্নমালার কৌস্তুভমণি—সম্প্রদায় বৈষ্ণববিজ্ঞানাগারের মৌলিক তথ্য—পঞ্চরাত্র ও ভাগবতের সময়য়গুরু—মহাজন-চরিতচরিত-শিক্ষক—চিন্তিতাচিন্ত্যাত্ত-অচিন্ত্যাত্ত-বিচারক—ঐশ্বর্য্য ও মাধুর্য্যরসের মৌলিক গবেষণার —সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন-তত্ত্বের সিদ্ধান্ত-সমুদ্র।

১। প্রথম খণ্ড—বৈষ্ণবদর্শন, শ্রীগুরুতত্ত্ব, কাল-ধর্ম্ম, শ্রীমন্মহাপ্রভাব, শ্রীবার্ষভানবী, পাঞ্চরাত্রিকী দীক্ষা ও বর্ণ-বিচার, আত্মধর্ম্ম ও মনোধর্ম্ম, শ্রীচৈতন্যদেব ও তাঁহার শিক্ষা, অপ্রাকৃত সহজধর্ম্ম ও প্রাকৃত সহজধর্ম্ম, প্রভৃতি বিংশতি সংখ্যক রত্নে সুশোভিত। ভিক্ষা মাত্র ৸০ বার আনা।

২। দ্বিতীয় খণ্ড—শুদ্ধা ও বিদ্ধা ভক্তি, মনুষ্যের শ্রেষ্ঠতা কোথায়, আত্মার নিত্যবৃত্তি, ঈশ্বর স্বামিপাদ ও মায়াবাদ, শ্রীগৌর-নিত্যানন্দপ্রসঙ্গ, ত্রিগুণের ধর্ম্ম ও কৃষ্ণ-কীর্ত্তন, শ্রীব্যাসপূজায় শ্রীমদ্ভাগবতের কীর্ত্তন, শ্রীগৌর-ধামের মহিমা, মহাপ্রসাদ, শ্রীগোবিন্দ, শ্রীরূপানুগভজন-পথ, শ্রীমতী বৃষভানুনন্দিনী, শ্রীচৈতন্যের দয়া, গৌরকথা ও কৃষ্ণকীর্ত্তন—চতুর্দ্দশ অপূর্ব্ব মধুরিমাপূর্ণ-বক্তৃতা-বিভূষিত। ভিক্ষা ১৲ এক টাকা মাত্র।

প্রথম ও দ্বিতীয়—দুই খণ্ড একত্রে লইলে ভিক্ষা ১৷০ দেড় টাকা, ডাক খরচ স্বতন্ত্র।

শ্রীমদ্ভগবদ্গীতা

গৌড়ীয়-বৈষ্ণবধর্ম্মাচার্য্য-কেশরী শ্রীশ্রীমদ্বলদেব বিদ্যা-ভূষণকৃত ভাষ্য ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরেরপ্রাঞ্জল বঙ্গ-ভাষায় বিস্তৃত 'বিদ্বদ্রঞ্জন' নামক ভাষ্যযুক্ত। অধ্যায়-সূচী, বিষয়সূচী, ও প্রতি শ্লোকের প্রথম ও তৃতীয় পাদ সূচী, ভাষ্যকারের জীবনী প্রভৃতি সম্বলিত। উৎকৃষ্ট বাঁধাই, রাজসংস্করণ (তৃতীয় সংস্করণ) গ্রন্থের ভিক্ষা ২৲ টাকা।

প্রমেয়রত্নাবলী

শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ-প্রণীত বৈষ্ণবদর্শন, সন্দর্ভ ও গোবিন্দ-ভাষ্যাদি পড়িবার প্রথম গ্রন্থ। উৎকৃষ্ট কালিতে ছাপা। সুবিস্তৃত টীকা ও প্রাঞ্জলবঙ্গানুবাদে সাহায্যে অতি সহজে বালকেরও বোধগম্য হইয়া থাকে। ভিক্ষা ।৵০ আনা মাত্র।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

(প্রমাণখণ্ড) সানুবাদ। শ্রুতি-স্মৃত্যাদি গ্রন্থে শ্রীনব-দ্বীপের যে মহিমা কীর্ত্তিত আছে, তাহার মূল সংস্কৃত ও অনুবাদ। ভিক্ষা ৶০ আনা।

শ্রীশ্রীনবদ্বীপভাবতরঙ্গ

শ্রীঠাকুর ভক্তিবিনোদ লিখিত। সুললিত পদ্যাকারে পরিক্রমার দ্রব্যাদি-বিবরক। ভিক্ষা ।০ আনা।

ভক্তিরত্নাকর ও নবদ্বীপ পরিক্রমা

শ্রীল নরহরি চক্রবর্ত্তি-ঠাকুর-রচিত। ভক্তিরত্নাকর হইতে পরিক্রমাংশ মাত্র গৃহীত; শ্রীজীব গোস্বামী কি প্রকারে শ্রীনবদ্বীপধামের পরিক্রমা করিয়াছিলেন, তাহাই পদ্যে বিবৃত। ভিক্ষা ।৵০ আনা

শ্রীচৈতন্যশিক্ষামৃত

শ্রী ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। শ্রীচৈতন্যদেবের [illegible]শিক্ষাপ্রণালী—কৃষ্ণ, কৃষ্ণশক্তি ও রস—বদ্ধ ও মুক্ত জীব [illegible]অচিন্ত্য-ভেদাভেদ-তত্ত্ব—সাধন-নির্ণয়—প্রয়োজন-তত্ত্ব, [illegible]কাণ্ড, বাস্তবাস্তির বিচার—বৈধী ভক্তি, ভাবভক্তি প্রেমভক্তিসহ নামভজন-প্রণালী ও অষ্টকালীয় লী পরিচয়াদি প্রথম শিক্ষার্থীর উপযোগী করিয়া সরল ভা সমুদয় যুক্তিপ্রমাণসহ লিখিত আছে। চতুর্থ সংস্করণ ব ২৲ টাকা, আবাধা ১৷০ টাকা মাত্র।

গৌড়ীয়কণ্ঠহার

শ্রীগৌড়ীয়-বৈষ্ণবগণের অনুক্ষণ কণ্ঠে ধারণযো শ্রুতি স্মৃতি-পুরাণ-পঞ্চরাত্রাদি সাত্বত-শাস্ত্রসমূহের প্রমাণা বিশিষ্টক্রমে সানুবাদ শুম্ফিত। এইরূপ বৈষ্ণ সিদ্ধান্তের সমন্বয়ময় অন্য কোথাও প্রকাশিত হয় না ঈশতত্ত্ব গুরুতত্ত্ব—ভাগবত—বৈষ্ণব—গৌর—নিত্যানন্দ অদ্বৈত—কৃষ্ণ—শক্তি—ভগবত্তত্ত্ব—জীব—অচিন্ত্যভেদাভে —অভিধেয়—সাধনভক্তি—বর্ণধর্ম্ম—আশ্রম-ধর্ম্ম—শুদ্ধভ —শ্রীনাম—প্রয়োজন ও প্রমাণ-তত্ত্বগুলি পৃথক্ অধ্যা সুবৃহৎ শ্লোকাদি সূচীসহ উৎকৃষ্ট এন্টিক কাগজে রে রু কালিতে মুদ্রিত, উৎকৃষ্ট বাঁধা সোনার জলে নাম লেখ গ্রন্থ প্রায় ৪০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা ২৲ টাকা মাত্র।

শ্রীনবদ্বীপধাম-প্রদক্ষিণ

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত 'নামমাহাত্ম্য'—না মাহাত্ম্যের সানুবাদ প্রমাণ খণ্ড—শ্রীল নরহরিচক্রব ঠাকুরের নাম-পরিক্রমাংশ—শ্রীধাম নবদ্বীপ পরিক্রমা—ভী যাত্রা পদ্ধতি—শ্রীমৎ প্রবোধানন্দকৃত নবদ্বীপশতকম্ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ প্রভৃ গ্রন্থ একত্র ভিক্ষা ৸০ আনা মাত্র।

শ্রীহরিনামামৃত ব্যাকরণ

শ্রীজীব গোস্বামী প্রভুপাদ-বিরচিত সূত্র ও বৃ তৎসঙ্গে ওঁবিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বা মহারাজের বিস্তৃত ভূমিকা ও সূচী প্রভৃতি স অপ্রত্যাশিতভাবে সুলভ। ভিক্ষা ২৲ টাকা, ছাত্রগ পক্ষে ১৷০ টাকা মাত্র।

বেদান্ততত্ত্বসার

শ্রীমদ্রামানুজাচার্য্য-রচিত। বেদান্তের বিশিষ্টাদ্বৈতবা প্রচারক শ্রীভাষ্য-প্রণেতা আচার্য্যপ্রবর বেদান্তদর্শন পাঠে উপযোগ করণার্থ এই উত্তম করিয়াছেন। ইহা বঙ্গানুবাদ ও সূচীপত্রাদি সংযোজিত করা হইয়াছে নাম মাত্র ভিক্ষা ৸০ আনা।

শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও নবদ্বীপশতক

গৌরপার্ষদ ত্রিদণ্ডী শ্রীমৎ প্রবোধানন্দ সরস্বতী-প্রণী মূল, প্রভুপাদ শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহার সম্পাদিত অন্বয়মুখে ব্যাখ্যা ও বঙ্গানুবাদ সম্বলি নবদ্বীপশতকের শ্রীভক্তিবিনোদ ঠাকুরের পদ্যানুবাদ তৎসহ শ্রীমন্মহাপ্রভুর একটী চিত্রপটাঙ্কিত অলৌকিক চি প্রদত্ত হইয়াছে। মুদ্রণ ও কাগজ উৎকৃষ্ট (২ খা একত্রে) ভিক্ষা ৸০ আনা, অতি সুলভ। বাঁধাই রাজসংস্ক ১৲ টাকা মাত্র।

[illegible]

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। এই একমাত্র গ্রন্থ-[illegible] জ্ঞান লাভ করিলে পারমার্থিক রাজ্যে কিছুতেই [illegible] আর সংশয় থাকিবে না। পরম গুরু সম্বন্ধবিষয়ক এই-[illegible] সরল ও জ্ঞানগর্ভী গ্রন্থ এ পর্য্যন্ত প্রকাশিত হয় নাই। [illegible] শ্রীলগোস্বামি-শাস্ত্র-মহোদধি মন্থনক্রমে এই গ্রন্থটি [illegible] হইয়াছে। [illegible] কাগজের [illegible] দ্বারা বিশেষ সুদৃশ্য করা হইয়াছে। [illegible] গ্রন্থ, [illegible] নাম লেখা, উৎকৃষ্ট বাঁধাই—১৮৫ পৃষ্ঠা [illegible] মূল্য ২৲ টাকা মাত্র।

প্রেমবিবর্ত্ত

শ্রীমন্মহাপ্রভুর অন্তরঙ্গ পার্ষদ শ্রীল জগদানন্দ প্রভু [illegible] রচিত। এই পুস্তকে অতি সুবোধ্য ভাষায় মহাপ্রভুর [illegible] লিপিসহ বৈষ্ণবাচার, একাদশী ও নামভজন-[illegible] প্রণালী প্রভৃতি অনেক বৈষ্ণবতত্ত্বের সুমীমাংসা [illegible] পাইবেন। পাণ্ডিত্যপূর্ণ ভূমিকায় [illegible] বিশদভাবে গ্রন্থকর্ত্তার পরিচয়াদি-সম্বলিত চতুর্থ সংস্করণ। ডিক্ষা ৸৹ আনা মাত্র।

ভজনরহস্য

ভজনকালীন নিত্যসঙ্গী ; ঠাকুর ভক্তিবিনোদের অমূল্য [illegible] ; নিখিল শাস্ত্রের নির্য্যাস। গ্রন্থখানি না দেখা পর্য্যন্ত [illegible] বুঝিতে পারিবেন না। তৃতীয় সংস্করণ ডিক্ষা ৷৹।

হরিনামচিন্তামণি

নামাচার্য্য শ্রীল হরিদাস ঠাকুরের মুখে শ্রীমন্মহাপ্রভু [illegible] নাম-মাহাত্ম্য, নামাভাস, নামাপরাধ প্রভৃতি বিষয়ের [illegible] বিচার শ্রবণ করিয়াছিলেন। এই বিষয়গুলির [illegible] সরল পয়ারে সংক্ষিপ্ত আলোচনা পরিপাটিভাবে লিখিত। [illegible] ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। পঞ্চম সংস্করণ ডিক্ষা ।৹

কল্যাণকল্পতরু

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। প্রত্যেক ভগবদ্-[illegible] স্থানী ও জ্ঞানপথের পথিকের একান্ত প্রয়োজনীয় [illegible] পরমোপাদেয় ঐতিহাস্য। সামান্য লেখাপড়া জানা [illegible] এই ভজনরাজ্যের রীতিসমূহের দ্বারা অনর্থনিবৃত্তি [illegible] ভগবৎসেবা লাভ করিবার সুবিধা পাইবেন। [illegible] সংস্করণ, ডিক্ষা ৴৹ আনা মাত্র।

শরণাগতি

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। ভগবানে আত্মসমর্পণ, [illegible] ভজনলালসা, ষড়্‌বিধা শরণাগতি ও সিদ্ধি-লালসা-[illegible] ঐতিপূর্ণ, ডিক্ষা ৴৹ আনা মাত্র।

গীতাবলী

শ্রীঠাকুর ভক্তিবিনোদ-প্রণীত। নিত্য ভজন, আরাত্রিক [illegible] প্রসাদ-সেবনাদি-বিষয়ক মধুর গীতসমূহ একত্রে গ্রথিত। [illegible] ডিক্ষা ৴৹ আনা মাত্র।

শ্রীসজ্জনকল্পদ্রুম

রসিকেন্দ্রমুকুটমৌলি শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-[illegible] বিরচিত রসগ্রন্থ। শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের অনুবাদ-[illegible] সহ। ডিক্ষা ।৹ আনা মাত্র।

শ্রীশিক্ষামৃত।

শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ও শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর প্রতি শ্রীরূপ গোস্বামীর উপদেশাবলী, ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিষয়ে সুবিচারপূর্ণ সংক্ষেপে ভাষা, বিস্তৃত বিবৃতি, চারিচরণের প্রমাণ, সার ব্যাখ্যা ও মহাজন-গ্রন্থের তত্ত্বপর্য্যায়, গীতমুখ প্রত্যেক শ্লোকের সহিত সন্নিবেশিত হইয়াছে। ৩য় সংস্করণ ডিক্ষা ৷৵৹ আনা।

সাধন-কল্প

শ্রীরঘুনাথ দাস গোস্বামীর মনঃশিক্ষা, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-কৃত পদ্যানুবাদসহ। ডিক্ষা ৴৹ আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা

শ্রীল ঠাকুর নরোত্তমের সুপ্রসিদ্ধ প্রেমভক্তিবিষয়ক গানের পুস্তক। ডিক্ষা ।৹ আনা মাত্র।

নবদ্বীপশতক

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-কৃত প্রবোধানন্দ সরস্বতীপাদের সংস্কৃত নবদ্বীপশতকের সুললিত পদ্যানুবাদ। ডিক্ষা ৴৹ আনা মাত্র।

অর্থপঞ্চক

শ্রীল লোকাচার্য্য রচিত। বৈষ্ণবতা-জ্ঞানের আকর পুস্তক। ডিক্ষা ৴৹ আনা মাত্র।

সদাচারস্মৃতি

শ্রীল মহাপ্রভু প্রণীত। বৈষ্ণবের নিত্যকর্ম্মাদি সদাচারা-বলী, বঙ্গানুবাদ সহিত। ডিক্ষা ৴৹ আনা মাত্র।

মণিমঞ্জরী

কবিকুলকেশরী শ্রীমদ্রাঘবাচার্য্য রচিত। শ্রীমদ্ভক্তি চার্য্যের সংক্ষিপ্ত জীবনলীলা ও মূল বৈষ্ণবধর্ম্মমত। সানুবাদ ডিক্ষা ।৹ আনা মাত্র।

গৌরকৃষ্ণোদয়

প্রাচীন কবি শ্রীগোবিন্দ দেব প্রণীত শ্রীগৌরাবতারের প্রমাণাবলী-সংবলিত সংস্কৃত গ্রন্থ। ডিক্ষা ৷৹ আনা।

যুক্তিমল্লিকা (জগসৌরভ)

শ্রীমদ্ভক্তিসম্প্রদায়ানুগত শ্রীমদাদিরাজ স্বামিকৃত। বঙ্গাক্ষরে সানুবাদ এই গ্রন্থের প্রকাশ পারমার্থিক সাহিত্য-জগতে এই সর্ব্বপ্রথম। শ্রীমদ্ভক্তাচার্য্য হইতে মোড়শগণ দ্বিতীয় মধ্বাচার্য্য নামে খ্যাত শ্রীপাদিরাজতীর্থ স্বামী এই গ্রন্থে সাধারণ যুক্তি ও লৌকিক ন্যায়ানুসারে কিরূপ সুন্দরভাবে ভক্তিবিরোধি-মতবাদ সমূহ খণ্ডন করিয়াছেন, তাহা পাঠ করিতে করিতে আশ্চর্য্যান্বিত হইতে হয়। ইহাতে যুক্তির দ্বারা চার্ব্বাক, জৈন, বৌদ্ধ, মীমাংসক ও মায়াবাদিমত-সমূহের সুন্দর খণ্ডন রহিয়াছে। ডিক্ষা ২৲ টাকা মাত্র।

গোস্বামী শ্রীল রঘুনাথ দাস

(ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত ভূমিকা সহ) গৌরপ্রেষ্ঠ স্বরূপ-রূপের একমাত্র প্রিয়তম শ্রীল দাস গোস্বামী প্রভুর অপূর্ব্ব চরিতামৃত ও শিক্ষা অতীব প্রাঞ্জল ও সরল ভাষায় সন্নিবিষ্ট এবং পরিশিষ্টে দাসগোস্বামী প্রভুর বিরচিত কতকগুলি সানুবাদ মধুরতম স্তব ও মনঃশিক্ষা-সম্বলিত। ডিক্ষা বাঁধাই ৷৹ আনা, আবাধাই-৷৵৹ আনা মাত্র।

চিত্রে নবদ্বীপ

প্রাচীন নবদ্বীপের অবস্থিতি, তথা, ঐতিহ্য, প্রোত ও ঐতিহাসিক প্রমাণসম্বলিত নষ্টী দীপের সচিত্র বিবরণ গ্রন্থ। রাজর্ষি রাওসাহেব কুমার শ্রীযুক্ত পরমেন্দু নারায়ণ রায় এম্‌. এ, প্রাক্ত (লাহোর), বেদান্তরত্ন মহোদয় কর্ত্তৃক সঙ্কলিত এবং ৬৭ খানি বিভিন্ন বর্ণের অপূর্ব্ব চিত্র [illegible] মানচিত্র-সমন্বিত ; প্রাচ্যবিদ্যামহার্ণব রায় সাহেব শ্রীযুক্ত নগেন্দ্র নাথ বসু বিশ্বকোষসম্পাদক মহাশয়ের বিস্তৃত ভূমিকা সহ। উৎকৃষ্ট (ইং) মরক্কো বাঁধাই মূল্য ১৷৹, ভিঃ পিঃ [illegible] ২৲ টাকা মাত্র।

সাধক-কণ্ঠমালা

গুরুবন্দনা, বৈষ্ণব-বন্দনা, বৈষ্ণবশরণ, বাসালের বীর [illegible] শ্রীনামমাহাত্ম্য, শ্রীমন্মহাপ্রভুর অহৈতুকত্ব নাম, অষ্টপ্রহর [illegible] নামকীর্ত্তন, শ্রীনামসঙ্কীর্ত্তন, প্রেমধ্বনি, বাউলসঙ্গীত, [illegible] নবদ্বীপ-মহিমা, শ্রীমায়াপুর মহিমা, শ্রীনরোত্তম-প্রভুর অষ্ট [illegible] আচার্য্য বন্দনা, ষড়্‌গোস্বামীর অষ্টক, প্রেমভক্তিচন্দ্রিকা [illegible] উপদেশমালা, নামভজন-প্রণালী, মহাপ্রভু ও রায় রামানন্দ [illegible] সংবাদ, মনঃশিক্ষা, শ্রীগুরু-প্রণতি, শ্রীগুরু-পরম্পরা, [illegible] মহাপ্রভুর বন্দনা প্রভৃতি সাধক ও সিদ্ধজীবনের নিত্যপাঠ্য [illegible] বৈষ্ণবগণের কণ্ঠাশ্রিত তুলসীমালার ন্যায় অনুক্ষণ ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ। ডিক্ষা ৷৵৹, বাঁধাই ৷৹ মাত্র।

গৌড়ীয়-গৌরব

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয় সম্পাদক শ্রীপাদ সুন্দরানন্দ পরাবিদ্যাবিনোদ-প্রদত্ত বক্তৃতার বিবৃতি গ্রন্থকারে প্রকাশিত। ইহাতে গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ের ইতিহাস সংক্ষেপাকারে লিখিত হইয়াছে। ডিক্ষা ৷৵৹ মাত্র।

গৌড়ীয় সাহিত্য

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয় সম্পাদক শ্রীপাদ সুন্দরানন্দ পরাবিদ্যাবিনোদ-প্রদত্ত প্রবন্ধ বক্তৃতার বিবৃতি গ্রন্থকারে প্রকাশিত। ইহাতে সাহিত্য-শব্দের অর্থ ও গৌড়ীয়-সাহিত্যের বিষয় সুন্দরভাবে বর্ণিত হইয়াছে। ডিক্ষা ৷৵৹ আনা মাত্র।

শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা-দর্শন

শ্রীগৌরদেবের যে সকল স্থানে সপরিকর শ্রীমন্মহাপ্রভু এবং তদনুগ পরবর্ত্তী মহাজনগণ লীলা করিয়া গিয়াছেন সেই সব আধুনিক ভৌগোলিক পরিচয় ও দেববিগ্রহাদি পরিচয় সহ যাতায়াতের সুবিধা নির্দ্দেশ ইত্যাদি বিবরণ সন্নিবেশিত আছে। ডিক্ষা ।৹ আনা।

THE HARMONIST
OR SHREE SAJJANATOSHANI

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রতিষ্ঠিত এবং শ্রীল ভক্তি সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ সম্পাদিত পারমার্থিক মাসিক পত্র। এক্ষণে ইংরাজী ভাষায় অষ্টাবিংশ বর্ষ চলিতেছে। ডবলক্রাউন ৮ পেজী ৫০ ফর্ম্মা আকারের প্রতি খণ্ডে [illegible] গ্রন্থের বিজ্ঞ-বৈষ্ণবগণী লইয়া উপস্থিত হইতেছে। কাগজ, মুদ্রণ-পারিপাট্য ও চিত্রাদি অতীব চিত্তাকর্ষক। এই প্রকার উৎকৃষ্ট প্রবন্ধ আর কোন মাসিক পত্রিকায় দেখিতে পাইবেন না। বার্ষিক-ডিক্ষা ডাকমাশুলসহ [illegible] টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বিশ্ববৈষ্ণব রাজসভার শুদ্ধভক্তিমঠসমূহ

শ্রীচৈতন্য মঠ

আকর মঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীধাম মায়াপুর, নদীয়া

শ্রীমহাপ্রভুর জন্মস্থান হইতে প্রায় ৩০ হস্ত উত্তর-পূর্বে শ্রীজগন্নাথমন্দিরে আচার্যবর শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীশ্রীচৈতন্য মঠ বিরাজমান।

এই স্থান সাধনভজনের পরমবিশ্বাসীঠ বা সাধক ভজনস্থলী। এই মঠাধীশে শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত শ্রীমদ্ভাগবতামৃত, সপ্তবিংশতি অনুবর্দ্ধন আদি, নাটক, অলঙ্কার, কথা ও ব্যাকরণ-উপনিষদ-গীতা-ভক্তিরসামৃত-সিন্ধু-চতুষ্টয়ের অধ্যয়ন ও অধ্যাপনা এবং তদীয় শ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্বিকা-গিরিধর ও সাধক সম্প্রদায়িক-আচার্য-চতুষ্টয় তাঁহাদের উপাস্য গ্রন্থের সাধক নিত্য সেবিত হইতেছেন। এই মঠরাজে পারমার্থিক দৈনিকপত্র সাধক-সম্প্রদায়ের অধ্যবসায় ও প্রাচীন গ্রন্থরাজি প্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় প্রতিষ্ঠিত হইয়াছেন। প্রতিবৎসর শ্রীধাম-পরিক্রমানুষ্ঠান ও অগণিত সঙ্কীর্তন-প্রচারমুখে মহামহোৎসবাদি অনুষ্ঠান অনুষ্ঠিত হইয়া থাকে। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপাদ নরহরিজী। সহকারী—শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী, পণ্ডিত শ্রীপাদ গোরদাস ব্রহ্মচারী ব্যাখ্যাকরণতীর্থ, শ্রীপাদ নীলচন্দ্র ব্রহ্মচারী, শ্রীপাদ নন্দগোপাল ব্রহ্মচারী, শ্রীমধুসূদন ব্রহ্মচারী, শ্রীমদনগোপাল ব্রহ্মচারী, ভক্ত সুরেন্দ্র, হরিপদ, রেবতীমোহন প্রভৃতি সজ্জনগণ।

স্থিরস্থিতাশী শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ এখানে হরিকথা কীর্তন করিতেছেন।

(২) শ্রীগৌড়ীয় মঠ

১৬ নং কানিপ্রসাদ চক্রবর্তী ষ্ট্রীট, পোঃ গাওয়াগাছ, কলিকাতা।

টেলিফোন বি, বি, ৪১১৫

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর প্রচারিত পুনিয়ন কলিকাতা-পাঠবেরাজধানে গৌড়দেশের সর্বপ্রধান নগরী কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত আছেন। এই ভক্ত-সঙ্ঘারামে শ্রীগুরু-গৌরাঙ্গ-শ্রীবিনোদানন্দ জীউ সদাকাল নিত্য সেবিত হন। গৌড়ীয় আচার্যবর্গের যাবতীয় গ্রন্থাবলীর শুদ্ধপ্রচারোদ্দেশে শ্রীমঠে সরল একটী সুবৃহৎ মুদ্রাযন্ত্রালয় সংস্থাপিত হইয়াছেন। পৃথিবীর সমস্ত শ্রীগৌড়ীয়ার প্রচারার্থ এই যন্ত্রালয় হইতে 'গৌড়ীয়' সাপ্তাহিক পত্র, ইং ভক্তিসিদ্ধান্ত মাসিক পত্রিকা ইংরাজী ভাষায় নিয়মিতভাবে প্রকাশিত হইতেছেন। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্তন, সপ্তপ্রকার-চতুষ্ঠয়-বেদান্ত, শ্রীমদ্ভাগবত, শ্রীচৈতন্য-চরিতামৃতাদি-লীলা ও তত্ত্বগ্রন্থের সমস্ত আলোচনা হইয়া থাকে। মঠরক্ষক—আচার্যবর্য শ্রীপাদ কুঞ্জবিহারী বিদ্যাভূষণ। সহকারী—পণ্ডিত শ্রীপাদ অনন্তবাসুদেব সার্বভৌম বি-এ, শ্রীপাদ রাসবিহারী ব্রহ্মচারী, শ্রীপাদ জগদ্বান্ধব ধর্মাধিকারী বি-এ, শ্রীপাদ জয়গোপাল ন্যায়াধিকারী, ব্রহ্মচারী শ্রীকীর্তনানন্দ, ব্রহ্মচারী শ্রীগোরীমোহন, ব্রহ্মচারী শ্রীমদনানন্দ, পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ পরবিদ্যাবিনোদ সম্প্রদায়বৈভবাচার্য, শ্রীঅধরক্ষানন্দাধিকারী বি-এ, শ্রীভবমোহিনী বিদ্যাবিনোদ বি-এল, শ্রীঅনুপম জ্ঞানকোবিদ, শ্রীবিশ্বম্ভর ব্রহ্মচারী, শ্রীগুরুগোবিন্দ ব্রহ্মচারী প্রভৃতি।

(৩) যোগপীঠ শ্রীমন্দির

এই স্থান শ্রীজগন্নাথমিশ্রের ভবন বা শচীদেবীপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। এখানে শ্রীলক্ষ্মীপ্রিয়া ও শ্রীবিষ্ণুপ্রিয়ার শ্রীগৌরনারায়ণ এবং শ্রীচৈতন্য শ্রীরাধাকৃষ্ণের নিত্য সেবা তথা শ্রীপঞ্চতত্ত্বের সেবা বর্তমান। রক্ষক—গোলোকধাম গোস্বামী ভট্টাচার্য। প্রভু শ্রীমহাপ্রভু। সহকারী শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী, শ্রীরাধাবিনোদ ভক্তিভূষণ, শ্রীবাসদাস ব্রহ্মচারী। শ্রীসাধনদাস অধিকারী, দেবদেবা শ্রীভারতব্রজ।

(৪) শ্রীবাস-অঙ্গন

শ্রীমহাপ্রভুর কীর্তন-বিলাস বা গৌরলীলার রাসস্থলী। এখানে শ্রীশ্রীগৌর-নিত্যানন্দ ও পঞ্চতত্ত্বের সেবা বর্তমান।

রক্ষক—শ্রীপ্রভাকুসুম ব্রহ্মচারী।

(৫) অদ্বৈত-ভবন

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্তমান।

রক্ষক—শ্রীঅদ্বৈতানন্দ ন্যায়াধিকারী, শ্রীগোকুলদাস বাবাজী।

(৬) কাজীর সমাধি পাট

প্রাচীন মায়াপুর, বামনপুকুর (নদীয়া)

গৌরকৃপাপাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীবিনোদবিহারী।

(৭) আনন্দ সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, সজ্জনগঞ্জ (নদীয়া)

এখানে ওঁবিষ্ণুপাদ শ্রীল ভক্তিবিনোদঠাকুরের সমাধি এবং শ্রীগৌরদাসের এবং শ্রীশ্রীরাধা-মাধবের সেবা বর্তমান

রক্ষক—ভক্তিকুসুম ভারতী ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী বি, এস, এফ।

(৮) শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

ময়মনসিংহ।

রক্ষক—শ্রীবৈষ্ণব ভক্তিশাস্ত্রী এম, এ, বি, এল, সহকারী—শ্রীউদ্ধবদাস ভক্তিশাস্ত্রী, শ্রীউদ্ধব অধিকারী প্রভৃতি।

(৯) শ্রীগৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, সদরঘাট, (বর্দ্ধমান)

শ্রীল বাসীনাথের প্রতিষ্ঠিত গৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরেরাম ব্রহ্মচারী, ভক্ত শ্রীগদাধর দাস।

(১০) শ্রীরূপগৌড়ীয়-মঠ

দাতাগঞ্জ, প্রয়াগ ষ্টেশন, পি

রক্ষক—শ্রীহরিদাস ব্রহ্মচারী, সহকারী—শ্রীসঙ্কেশ্বর ব্রহ্মচারী।

(১১) শ্রীমোদদ্রুমমন্দির—

মাটিয়ারি, ভাগলপুর, বর্দ্ধমান।

শ্রীবাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান।

রক্ষক—শ্রীবংশিবিহারী ব্রহ্মচারী, ভক্ত দীনবন্ধুদাস।

(১২) ভাগবত আসন

শ্রীভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।

ভাগবতসিদ্ধান্ত গ্রন্থাবলীর প্রচার-কেন্দ্র।

রক্ষক—শ্রীকৃষ্ণানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(১৩) শ্রীঅঙ্গন মঠ

গোবিন্দপুর, হাবড়া-লী, নদীয়া।

রক্ষক—শ্রীঅকুলানন্দ ব্রহ্মচারী। সহকারী শ্রীনৃসিংহ ব্রহ্মচারী, শ্রীজগন্নাথ ন্যায়াধিকারী, শ্রীজগন্নাথ পাত্র, ভক্ত বিশ্বনাথ

(১৪) শ্রীমাধব-গৌড়ীয় মঠ

৯০নং নবাবপুর রোড, ঢাকা।

পূজ্যবরের প্রচার-কেন্দ্র, এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ গান্ধর্বা-গিরিধরের সেবা বর্তমান।

রক্ষক—শ্রীরাধাবল্লভ ব্রহ্মচারী, শ্রীপাদ ব্রহ্মানন্দ পরবিদ্যাবিনোদ বি-এ, শ্রীপ্রাণগোর ব্রহ্মচারী, শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী, শ্রীপতিতপাবন ভক্ত।

(১৫) শ্রীগোপালজী মঠ

কমলাপুর, ঢাকা।

গোপালজীর শ্রীবিগ্রহের প্রাচীন সেবা

রক্ষক—শ্রীরাধারমণ ব্রহ্মচারী।

(১৬) শ্রীগদাই-গৌরাঙ্গ মঠ

কলিকলিসন্দায়িনী সভা, বালিয়াটি ঢাকা

শ্রীগদাই-গৌরাঙ্গের নিত্য সেবা

রক্ষক—শ্রীপূর্ণচন্দ্র ব্রহ্মচারী, শ্রীমঙ্গলাল ব্রহ্মচারী

(১৭) শ্রীভাগবতজনানন্দ মঠ

ঝিকলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-পাদাব্জকা-গিরিধারীর নিত্যসেবা বর্তমান। রক্ষক—ব্রজবাসী শ্রীকৃষ্ণবল্লভজী।

(১৮) আমলাযোড়া প্রপন্নাশ্রম

রাজবাঁধ পোঃ বর্দ্ধমান।

শ্রীগুরুগৌরাঙ্গ-শ্রীরাধিকা গিরিধারীর নিত্যসেবা। রক্ষক—ব্রজবাসী শ্রীকলি-কিশোর।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

স্বর্গদ্বার, পুরী, উড়িষ্যা।

এখানে শ্রীগৌর-বিনোদবাণীজীর নিত্য-সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমানন্দ বিদ্যাভূষণ, ব্রহ্মচারী শ্রীনরীহরানন্দ, শ্রীপরেশানুভব ব্রহ্মচারী শ্রীহরিধামানন্দ ব্রহ্মচারী, ভক্ত শ্রীনিমাই।

(২০) শ্রীব্রজ-গৌড়ীয় মঠ

আলবরনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী।

জগন্নাথদেবের অনবসর সময়ে শ্রীমদ্ভক্তি প্রভুর অবস্থান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমেশ্বরী প্রসাদজী। সহকারী—ব্রহ্মচারী শ্রীবিপিনবিহারী।

(২১) শ্রীসচ্চিদানন্দ মঠ

উড়িষ্যাবাজার, কটক।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-রাধাকৃষ্ণ-জীউর নিত্যসেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীনন্দকর শ্রীরামদাস ব্রহ্মচারী

(২২) শ্রীসনাতন-গৌড়ীয় মঠ

৯নং জগন্নাথপুরী, কাশী।

গৌর-গদাধরসহ সনাতন-শিক্ষাস্থল।

এখানে গৌরসেবা বর্তমান। রক্ষক—শ্রীজানকীনাথজী, শ্রীগোকানন ব্রজবাসী।

(২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

শ্রীবৃন্দাবনদাস কুঞ্জ, শ্রীধাম বৃন্দাবন।

শ্রীশ্রীরাধা-ব্রজ-মোহনজীর সেবা।

রক্ষক—শ্রীগণপতিনাথ ব্রহ্মচারী

(২৪) শ্রীপরমহংস মঠ

নৈমিষারণ্য, সীতাপুর

এখানে শ্রীভাগবত পাঠশালা, শ্রীগৌর-বিনোদ বিদ্যাসভীর সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীনৃসিংহানন্দ ও ব্রহ্মচারী শ্রীনন্দদুলাল।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ

চুনুরকুণ্ডা, চিরকুণ্ডা, মানভূম। ইং শ্রীচৈতন্য-মঠের শাখা। রক্ষক—শ্রীরঘুনাথ রায়, শ্রীকৈবল্যানন্দ ব্রহ্মচারী, শ্রীরাধাকুণ্ড তীর্থ সেবাধিকারী

(২৬) ব্যাসগৌড়ীয় মঠ

কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল। এখানে শ্রীগৌরবিনোদ-রামের সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীসুন্দরলালজী, শ্রীনন্দগোপাল ব্রজবাসী

(২৭) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রম-মঠ

ব্রাহ্মণপাড়া, পোঃ মাধু, হাবড়া

এখানে বদ্ধকুণ্ডস্থিত শ্রীগৌরাঙ্গের সেবা বর্তমান। রক্ষক—ব্রজবাসী শ্রীপ্রাণকৃষ্ণ দাস, শ্রীবরদরাজ ব্রহ্মচারী।

(২৮) বিল্ল গৌড়ীয় মঠ—ন্যায়াল

এবং গৌড়ীয়ভবন,ঢাকার সেবা, নিত্য শ্রী

রক্ষক—ব্রহ্মচারী শ্রীনীরকৃষ্ণ, শ্রীতুলসী শ্রীরাধারমণচরণদাস

(২৯) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

রক্ষক—ব্রহ্মচারী শ্রীরাধামোহন

গোলটেবিল বৈঠকের সদস্য নির্ব্বাচন

পার্লামেণ্ট সভায় মিঃ ব্রাকেন যে প্রশ্ন জিজ্ঞাসা করেন, তাহার উত্তরে প্রধান মন্ত্রী বলেন যে, গোলটেবিল বৈঠকের আগামী অধিবেশনে কে কে উপস্থিত থাকিবেন তাহা এখনও স্থির হয় নাই। মিঃ ওয়েজউড বেন গত ৯ই জুলাই তারিখে যে উক্তি করিয়াছেন, প্রধান মন্ত্রী তদতিরিক্ত কিছু বলিতে পারেন না।

মিঃ ব্রাকেন তৎপরে জিজ্ঞাসা করেন যে, সার জনসাইমনকে কি বৈঠকে সদস্য রূপে লওয়া হইবে? প্রধান মন্ত্রী এই বিষয়ে কোন উত্তর দেন নাই।

কাশীতে বিদেশী বস্ত্র বর্জ্জন

সর্ব্বপ্রকার বিদেশী বস্ত্র পূর্ণভাবে বর্জ্জন করিবার জন্য কাশীতে উদ্যোগ আয়োজন চলিতেছে। সাধারণ বস্ত্র ও খদ্দর বস্ত্র ব্যবসায়ীদের মজুদ মাল পরীক্ষার জন্য কাশী টাউন কংগ্রেস কমিটী বিশেষ ব্যস্ত আছেন। পরিদর্শন কার্য্য পানিয়মে এবং পূর্ণোদ্যমে চলিতেছে, এই সঙ্গে, কয়েকজন বস্ত্রব্যবসায়ী নূতন মাল আমদানী করায় কয়েকটী দোকানে বার পিকেটিং আরম্ভ হইয়াছে এবং নূতন আমদানী মালগুলি কংগ্রেস সীল করিয়াছেন।

বাঙ্গালীটোলা কংগ্রেস কমিটীর সম্পাদক শ্রীযুত রামপতি চট্টোপাধ্যায়ও সাধারণকে সর্ব্বপ্রকার বিদেশী বস্ত্র বর্জ্জন করিতে অনুরোধ করিয়া এক নিবেদন বাহির করিয়াছেন।

মিঃ মংমংজীর বোম্বাই হইতে কলিকাতা হইয়া রেঙ্গুণ যাত্রা

ব্রহ্ম বিচ্ছেদ-বিরোধী দলের নেতা মিঃ মংমংজী বোম্বাই হইতে মহাত্মা গান্ধী, শ্রীযুত জহরলাল নেহেরু এবং কংগ্রেস ওয়ার্কিং কমিটির অন্যান্য সদস্যগণের সহিত ব্রহ্মের আধুনিক রাজনৈতিক অবস্থা এবং গোলটেবিল বৈঠক ও তাহার প্রতিনিধি নির্ব্বাচন কমিটিতে যথাযোগ্য প্রতিনিধি লইবার জন্য বিচ্ছেদ-বিরোধী দলের যুক্তি দাবী সম্বন্ধে আলোচনা শেষ করিয়া রবিবার প্রাতে কলিকাতায় পৌঁছেন।

তিনি তৎক্ষণাৎ মঙ্গলবার দিবস রেঙ্গুণ পৌঁছাইবার ডাক-ষ্টীমারে রেঙ্গুণ যাত্রা করিয়াছেন।

ব্রহ্মপ্রবাসী ভারতীয়গণের প্রতিনিধি মিঃ এস, এন, রায়; আর, ডি, আয়েঙ্গার; এবং ডাঃ আর, এ, সুব্বান রেঙ্গুণের পথে শনিবার কলিকাতায় পৌঁছেন। মঙ্গলবার তাঁহারা রেঙ্গুণে পৌঁছেন।

কলিকাতা, বোম্বাই, সিমলা প্রভৃতি স্থানে ভারতীয় নেতৃবৃন্দের সহিত সাক্ষাৎ করিয়া তাঁহারা তাঁহাদের যথেষ্ট সহানুভূতি পাইয়াছেন। যেখানে তাঁহারা গিয়াছেন, সেইখানেই নেতৃবৃন্দ মনোযোগের সহিত তাঁহাদের কথাবার্ত্তা শ্রবণকরিয়াছেন এবং ব্রহ্মে ভারতীয় বিদ্বেষ ও আগামী রাষ্ট্রতন্ত্রপ্রণয়নে ব্রহ্মপ্রবাসী ভারতীয়গণের প্রতিনিধি সমস্যা সম্বন্ধে সহানুভূতির সাহায্য করিতে স্বীকৃত হইয়াছেন।

গবর্ণর জেনারেল ও ভারতীয় গবর্ণমেণ্টের সদস্যগণের সহিত আলোচনা করিয়া তাঁহাদের ধারণা হইয়াছে যে, তাঁহাদের মনোরথ অচিরেই পূর্ণ হইবে।

বোম্বাইয়ে মহাত্মা গান্ধী, সর্দ্দার বল্লভভাই প্যাটেল এবং অন্যান্য কংগ্রেস ও মডারেট দলের নেতাগণের সহিত দীর্ঘ আলোচনার ফলে তাঁহারা তাঁহাদিগকে ব্রহ্মে ভারতীয়গণের আধুনিক অবস্থা সম্বন্ধে পরিষ্কার ধারণা করিবার সুযোগ প্রদান করিয়াছেন। ভারতীয় নেতৃবৃন্দ আশা করেন যে, রাজনৈতিক ও অর্থনৈতিক ব্যাপারে সর্ব্বপ্রকার সমস্যার সমাধান করিয়া ব্রহ্ম ভারতীয় গৌরব অক্ষুণ্ণ রাখিবে। তাঁহারা বলেন, তাঁহারা ভারতবর্ষের জনগণের প্রতিনিধি ও নেতৃবৃন্দের শুভেচ্ছা বহন করিয়া ব্রহ্মে যাইতেছেন।

নৈশ পুলিশ কর্ত্তৃক ডাকাতদল ধৃত

গত শুক্রবার গভীর নিশীথে পাহারায় নিযুক্ত একদল পুলিশ শিবপুরে আন্দুল রোডে যখন দলবদ্ধভাবে অগ্রসর হইতেছিল তখন এগারজন লোককে একত্রিত হইয়া উক্ত রাস্তা দিয়া অগ্রসর হইতে দেখিতে পায়। তাহাদের মধ্যে কয়েকজনের হস্তে অস্ত্রশস্ত্রাদি ছিল। পুলিশ দেখিবামাত্র উক্ত লোকগুলি ইতস্ততঃ পলায়ন করিতে থাকে। পুলিশের লোকেরা তাহাদের পশ্চাদ্ধাবন পূর্ব্বক কৌশলের সহিত দশজনকে ধরিয়া ফেলে একজন লোক পলায়ন করিয়াছে। ধৃত ব্যক্তিদের গাত্রবস্ত্র তল্লাস করিয়া দেখিতে পাওয়া যায় যে তাহারা জোড়ালী টর্চ লাইট এবং সিঁধ কাটিয়া ডাকাতি করিবার উপযোগী নানাবিধ অস্ত্রশস্ত্রে সুসজ্জিত হইয়াছে। ধৃত ব্যক্তিগণের মধ্যে একজন ভারতীয় খৃষ্টান ও একজন নেপালী। উহাদের বিরুদ্ধে বিভিন্ন আইনের ১০৯ ধারামতে মামলা আনয়ন করা হইয়াছে।

জজের সহিত জুরীগণের মতানৈক্য

রাজসাহীর অতিরিক্ত মুখোপাধ্যায় এবং গৌর দত্ত বিস্ফোরক আইনে ৩০৭ ধারা অনুযায়ী গ্রেপ্তার হইয়াছিলেন। আসামী পক্ষের উকীল শ্রীযুক্ত এন, মুন্সী তাঁহার সওয়াল জবাব শেষ করিয়াছেন। জজ সাহেবকে পাঁচঘণ্টাকাল-ব্যাপী জুরীগণকে চার্জ্জ বুঝাইয়াছেন। পাঁচজন ভদ্রলোক এই জুরীর সদস্য ছিলেন। তাঁহারা আসামীগণকে নির্দ্দোষ সাব্যস্ত করেন। কিন্তু জজসাহেব তাঁহাদের সহিত একমত হইতে না পারায় উহা হাইকোর্টে পাঠাইয়াছেন।

বরিশালে উকীলের ছেলে গ্রেপ্তার

গত ১০ই জুলাই রাত্রিতে আমানতগঞ্জস্থিত শ্রীযুত অবনী বন্দ্যোপাধ্যায় উকীলের বাড়ীতে পুলিশ হানা দেয় এবং তাহার ছেলে ভবানী শঙ্করকে গ্রেপ্তার করে। ভবানীকে ১২ই তারিখে আদালতে রাখা হইয়াছে।

অস্ত্র আইনানুযায়ী স্কুলের ছাত্র অভিযুক্ত

শেখরনগর হাইস্কুলের জনৈক ছাত্র জ্যোতিভূষণ চক্রকে গ্রেপ্তার করিয়া গত ১১ই জুলাই মুন্সীগঞ্জে আনয়ন করা হয় এবং ভারতীয় অস্ত্র আইনের ১৯ (এফ) ধারানুযায়ী অভিযুক্ত করিয়া সদর মহকুমা হাকিম শ্রীযুত দে, মৈত্রের এজলাসে হাজির করা হয়।

প্রকাশ, পুলিশ সংবাদ পাইয়া তাহার বাড়ী খানাতল্লাস করে এবং ২৭টি তাজা কার্ত্তুজ পায়। মুন্সীগঞ্জের চেয়ারম্যান ম্যাজিষ্ট্রেট শ্রীযুত এন, মজুমদারের নিকট জ্যোতিভূষণ স্বীকারোক্তি করিয়াছে বলিয়া প্রকাশ।

আসামীকে ৫০০ টাকার জামিনে মুক্তি দেওয়া হইয়াছে। আরও বিস্তৃত পুলিশ তদন্তের জন্য মামলা মুলতুবী রাখা হইয়াছে।

"ভগৎ সিংহের জীবনী" কংগ্রেস কর্ত্তীর গৃহে খানাতল্লাস

সিমলা কংগ্রেস কমিটীর প্রেসিডেণ্ট ডাঃ এন, এল, বর্ম্মার আবাস ভবনে "ভগৎ সিংহের জীবনী" নামক একখানা বহির তল্লাসে পুলিশ হানা দেয়, প্রকাশ সন্দেহজনক কিছুই পাওয়া যায় নাই

অর্থাভাবে বহু জমিদারী নীলামে

বরিশালের কৃষক জমিদারগণের আর্থিক অবস্থা অতিশয় শোচনীয়। অধিকাংশ পরগণাই ভ্রমিক পাওয়া যায়। একদিনের খোরাক দিলেই একজন লোককে খাটান যায়। অনশনক্লিষ্ট কৃষকগণ কাজের জন্য সহরে সমবেত হইতেছে।

প্রকাশ গবর্ণমেণ্টের রাজস্বের মাত্র কিস্তির অর্দ্ধেক বা এক তৃতীয়াংশ দিতে পারিলেই আর জমিদারী ইষ্টেট নিলামে উঠিবে না এই সুবিধা প্রদান করা সত্ত্বেও মাত্র কিস্তির রাজস্ব দিতে না পারায় অন্যূন ১৪টী ইষ্টেট নিলামে উঠিয়াছে। বৎসর ঘরই চলিতেছে সমগ্র জিলার আর্থিক দুরবস্থা ততই জটিলতর হইতেছে।

জ্যোতি রাজ্যে সত্যাগ্রহ শ্রীযুক্ত মহাদেব দেশাইয়ের যাত্রা

মহাত্মা গান্ধীর সেক্রেটারী শ্রীযুক্ত মহাদেব দেশাই গত ১১ই জুলাই আমেদাবাদ পৌঁছিয়াই জোতি যাত্রা করেন। তথায় স্বেচ্ছাসেবকগণ রাজ্যপ্রবেশের তাঁহাদের অধিকার প্রতিপন্ন করিবার জন্য দলে দলে সত্যাগ্রহ করিতে যাইতেছেন।

এপর্য্যন্ত ছয়দল সত্যাগ্রহ করিয়াছেন নেতৃগণ সকলেই ধৃত হইয়াছেন, কিন্তু স্বেচ্ছাসেবকগণকে দূরবর্ত্তী স্থানে লইয়া গিয়া ছাড়িয়া দেওয়া হইয়াছে।

জোতি রাজ্যের কর্ত্তৃপক্ষের সহিত আপোষের কথাবার্ত্তা চালানই শ্রীযুক্ত দেশাইয়ের পরিদর্শনের উদ্দেশ্য বলিয়া জানা গিয়াছে। ইতিমধ্যে মহাত্মা গান্ধীর আদেশে সত্যাগ্রহ স্থগিত রাখা হইয়াছে।

নোয়াখালীতে অর্থকষ্ট নিবারণার্থে রিলিফ কমিটি গঠিত

সমগ্র জিলার আর্থিক অসচ্ছলতার দরুণ সাধারণের মধ্যে যে ভীষণ অবস্থার সৃষ্টি হইয়াছে তাহা নিবারণকল্পে সেদিন প্রাতে জিলা ম্যাজিষ্ট্রেট মিঃ ঘি আর, সেনের সভাপতিত্বে সরকারী ও বে-সরকারী প্রধান প্রধান ব্যক্তিগণকে লইয়া এক সভা হইয়া গিয়াছে। কিয়ৎকাল আলোচনার পর জিলা ম্যাজিষ্ট্রেটকে সভাপতি ও উকীল শ্রীযুত নগেন্দ্র কুমার গুহ এবং মৌলভী মহম্মদ ফজলুল্লা এম, এল, সিকে যুক্ত সম্পাদক রূপে নির্ব্বাচিত করিয়া এক রিলিফ কমিটি গঠিত হইয়াছে।

টেলিঃ "শ্রীবাস"
নবদ্বীপ

Reg No C.1544

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৮৲
অর্দ্ধ কলম ৪৲
সিকি কলম ২৲
চুক্তির হার
স্বতন্ত্র।

সাধারণ হার
অগ্রিম দেয়
বার্ষিক ৯৲
ষাণ্মাষিক ৫৲
ত্রৈমাসিক ২৸০
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৵৫

ভারতের সর্ব্বশ্রেষ্ঠ বঙ্গদেশ-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৬ষ্ঠ খণ্ড] সম্পাদক—শ্রীঅতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [১১৫তম সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—১লা শ্রাবণ শুক্রবার, ১৩৩৮, ১৭ই জুলাই ১৯৩১

নানা কথা

গান্ধীজীর সিমলা যাত্রা

গান্ধীজী ১৪ই জুলাই প্রাতে সদলবলে স্ট্রেটার মেলে সিমলা যাত্রা করিয়াছেন। সর্দ্দারবল্লভভাই প্যাটেল বারদৌলী যাত্রা করিয়াছেন।

সুরাটের কালেক্টর গত ১০ই জুলাই রাত্রিতে ৯টার সময় স্বরাজ আশ্রমে মহাত্মা গান্ধীর সহিত সাক্ষাৎ করেন। সর্দ্দার বল্লভভাইও তথায় উপস্থিত ছিলেন। প্রায় দেড় ঘণ্টা ধরিয়া কথা-বার্ত্তা হয়।

কথা কি সম্বন্ধে হয়, তাহা সম্পূর্ণ গোপন রাখা হইয়াছে। তবে শুনা যাইতেছে বারদৌলী তালুকের কোন কোন গ্রামের কতিপয় কৃষকের খাজনা প্রদানের অক্ষমতা সম্বন্ধেই আলোচনা প্রধানতঃ হইয়াছিল। আরও জানা গিয়াছে যে, কথাবার্ত্তা বিশেষ সন্তোষ-জনক।

অনুমান তালুকে যে জমী বাজেয়াপ্ত করা হইয়াছে, সর্দ্দার বল্লভভাই প্যাটেল সেই সম্পর্কে গ্রেপ্তার হইয়াছিলেন; গত ১০ই জুলাই সন্ধ্যাকালে তিনি তথা হইতে ফিরিয়াছেন।

সেকেন্দ্রাবাদ দাঙ্গার জের
১৩ জন হিন্দু ও ১০ জন মুসলমান আহত।

পঞ্জাব সরকারের এক ইস্তাহারে মুলতান জিলার অন্তর্গত সেকেন্দ্রাবাদের হিন্দু মুসলমান হাঙ্গামার বিস্তৃত বিবরণ প্রকাশিত হইয়াছে। ১৩ জন হিন্দু ও ১০ জন মুসলমান আহত, ৮৭ খানা দোকান ও গৃহ লুণ্ঠিত তন্মধ্যে ৩২ খানা দোকানঘর ভস্মীভূত হইয়াছে বলিয়া প্রকাশ

গান্ধীজীর সিমলা যাত্রা

সেকেন্দ্রাবাদ দাঙ্গার জের—১৩ জন হিন্দু ও ১০ জন মুসলমান আহত

হিন্দু মুসলমানে ঐক্য

মতিহারীতে দুর্ভিক্ষ—অনশনে বালকের মৃত্যু

পুলিসের সহিত সংগ্রাম

প্রেমে ১০১৯ জনের আত্মসমর্পণ

ভারতীয়ের সহিত মিলন

বরিশালে অর্ডিন্যান্সের ধুম

ঢাকায় কৃষিমন্ত্রী

হিন্দু মুসলমানে ঐক্য
মৌলানা সৌকৎ আলির উক্তি

বাঙ্গালোর মিউনিসিপ্যালিটীর প্রদত্ত অভিনন্দনের উত্তরে মৌলানা সৌকৎ আলি হিন্দু মুসলমান সকলের উদ্দেশে বলিয়া ছিলেন যে, তাহাদের রাষ্ট্রনীতি ও আর্থিক উন্নতির পক্ষে ইহা [illegible] প্রয়োজন।

হিন্দু মুসলমান সমস্যা সম্পর্কে কংগ্রেস ওয়ার্কিং কমিটীর পরিত্যক্ত কর্ম্মপন্থা সম্বন্ধে তিনি বলেন যে, ইহাতে মুসলমান সন্তুষ্ট হইতে পারেন নাই। উদার অন্তঃকরণ ও দূরদৃষ্টি ব্যতীত ভারতের [illegible] পরিবর্ত্তিত হইবে না। তিনি শান্তি ভাল বাসেন কিন্তু যদি জোরপূর্ব্বক তাহার সম্মতি বলপূর্ব্বক আদায় করা হয় তাহা হইলে তিনি শেষ পর্য্যন্ত সংগ্রাম চালাইবেন। তিনি স্পষ্ট ভাষায় পুনরায় সর্দ্দার গান্ধীর গঠিত বিদ্রোহ বাদে তবে তিনি তাহার সহকর্ম্মীদের ন্যায় বিবেচনা করিবেন। ঐরূপ সংগ্রামে কোন আনন্দ নাই। সুতরাং তিনি সকল সম্প্রদায়ের মধ্যে সম্মানজনক শান্তি প্রতিষ্ঠার কামনা করিতেছেন।

রাজস্ব আদায়কারী আক্রান্ত

রায় বেরিলীর ডেপুটী কমিশনার জানাইতেছেন যে, একজন রাজস্ব আদায়কারী সরকারী কর্ম্মচারী মুন্তাফাবাদের অন্তর্গত কোন স্থানে সম্পত্তি ক্রোক করিতে গিয়াছিলেন। ইহার মাথা একটী হাতুড়ীর বাড়ি মারিয়া মাটীতে ফেলিয়া দেওয়া হয় এবং তৎপরে পাটকেল ছুড়িয়া উহাকে মারিতে আরম্ভ করা হয়। পুলিস সংবাদ পাইয়া ঘটনাস্থলে যাইয়া তাহাকে উদ্ধার করিতে চেষ্টা করিলে জনতা শাবল, হাতুড়ি ও লাঠি লইয়া তাহাদের আক্রমণ করে। পুলিস অশ্রু বর্ষণ করিতে আরম্ভ করে। তাহার ফলে ৩ ব্যক্তি মরিয়া যায়, তন্মধ্যে ২ জন পরে মারা যায়।

ডেপুটী কমিশনার ঘটনাস্থলে যাইয়া তদন্ত করেন। অবস্থা বর্ত্তমানে শান্ত রহিয়াছে।

শ্রীধাম মায়

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও আদর্শচরিত্র শিক্ষকগণ ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

সবিস্তার সংবাদের জন্য নিম্নলিখিত ঠিকানা পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

—৫১ বৎসরের প্রতিষ্ঠিত—

ঔষধালয়ের প্রস্তুত বটীকা

হাঁপানি, শুষ্ককাশি, যক্ষ্মাকাশি, কোষ্ঠকাঠিন্য, অম্বল, অজীর্ণ প্রভৃতি কত রোগীর রোগ নিবারণ হইয়াছে তাহা প্রকাশ করিলে বড় বড় পুস্তক হইয়া পড়ে।

ইহা

সকল ঋতুতে ব্যবহার চলে ও সমান ফল প্রদান করিয়া থাকে। প্রতি কৌটায় ৩২টী বটীকা থাকে।

কেবলমাত্র

প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা। ইহার নাম "আশুনিগ্রহ বটীকা"।

অন্যান্য ঔষধের তালিকার জন্য পত্র লিখিলেই পাইবেন

প্রাপ্তিস্থান:—আশুনিগ্রহ ঔষধালয়

২১৪ নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

কেশোদয় পাচিকা

সর্ব্ববিধ কেশের অত্যাশ্চর্য্য মনোরম

মফঃস্বলের যে কোন জায়গায় ৬ মাঃ শিশিতে পরীক্ষার অবস্থায় ভেটিবোলেও ডিসপ্যাচ ঔষধ ডাকে পাঠান হয়, ইহাতে পৈয়ারের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ১০ আনা, পাঁইট ৷৵০ আনা, বোতল ১৵০ আনা।

অফিস—১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

মেসার্স

মদন মঞ্জর

বটিকা বড় ও বাড়ুবিকার, ইন্দ্রিয়শক্তির হ্রাস, প্রস্রাবে শুক্রপাত, স্বপ্নদোষ, মাথাঘোর, বুক ধড়ফড়ানি, অনিদ্রা প্রভৃতি সকল প্রকার বিকার আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় ঔষধ। মূল্য ৩০ বটী ১৲ এক টাকা।

"অপুত্রসঞ্জীবনী ঘৃত"

পুরুষত্বহানি হেতু যাহাদের বন্ধ্যা আরোগ্য করিয়া পরিতৃপ্ত করে। মূল্য ৩ তোলা ১৲ টাকা।

"ব্রহ্মকপিলাসিনী বটিকা"

বীর্য্যধারণ করত সন্তোষপত্তি স্থায়ী ও বৃদ্ধি করিতে অদ্বিতীয়। মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

মালিক শ্যামাচরণজী, কেশবজী

১৭৭নং হারিসন রোড, কলিকাতা।

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস, এন, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈদ্যুতিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

১৮ নং কর্ণন ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈবপ্রাপ্ত-রক্ষার একমাত্র মহৌষধ

প্রিন্সের নিকট সম্পূর্ণ আরোগ্য

রোগী দেখাইতে হইবে। অন্তিম পক্ষের থুতু (বাসনা এবং আলার) পাঠাইলে বিনা রোগী দেখাইয়া অথবা এখানে আসিলে রোগী দেখিয়া ঔষধ দেওয়া হয় আরোগ্য না হওয়া পর্য্যন্ত পারিশ্রমিক দিতে হইবে না। গরীব রোগীদের খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়। বিস্তারিত বিবরণের জন্য এক আনার ডাক টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীকিতীশচন্দ্র উকীল, যক্ষ্মা-চিকিৎসক, পোঃ বৈকাঠী, বরিশাল।

অথবা নিম্ন ঠিকানায় সাক্ষাৎ করিয়া বিস্তারিত জানিতে পারেন।

শ্রীযুক্ত রামগোপাল দত্ত এম, এ, কৃষ্ণনগর, নদীয়া। শ্রীযুক্ত ললিতমোহন সিংহ, ১১৭, বেনিয়াটোলা ষ্ট্রীট, হাটখোলা, কলিকাতা।

একখানি পত্র:—আমার স্ত্রীপুত্রের গত ৬ মাস যাবৎ রাজ যক্ষ্মায় ভুগিয়া মুমূর্ষ্ প্রায় হইয়াছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাহার জীবনের আশা ত্যাগ করিয়া শেষ মুহূর্ত্তের জন্য অপেক্ষা করিতেছিলেন এই সময় শ্রীযুক্ত কিতীশচন্দ্র উকিল মহাশয় মাত্র ১০ দিন চিকিৎসা করিয়া সম্পূর্ণ আরোগ্য করিয়া দিয়াছেন। (সাঃ) শ্রীযতীন্দ্র কিশোর রায় চৌধুরী (জমিদার পাবনা) ৬নং ষ্ট্রীট, নিউ বিল্ডিং। কর্ণওয়ালিস ষ্ট্রীট: ডিগ্রা টমেন্ট, কলিকাতা।

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার—গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেন গ্রাহকগণ

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কসে

এত প্রশংসা করেন

—কারণ—

এখানে যাবতীয় ছাপার কার্য্য—

লেটার হেড, মেমো, ফরম, খাম, জমিদারী চেক, বিল প্রভৃতিই বলুন,

বিবাহের নিমন্ত্রণ পত্র, কার্ড, বিবাহের পদ্যই বলুন,

আর ৩ রং ও ৪ রংয়ের লাইটোগ্রাফ ব্লকই বলুন, সকল কার্য্যই অতি শীঘ্র হয়, অথচ ছাপাইবার খরচ বাজার অপেক্ষা সুলভ।

আপনার কিছু ছাপার কার্য্য থাকিলে নিম্নই জানাইলেই খরচ পাইবেন

ম্যানেজার—গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

২৪৩২ নং আপার সার্কুলার রোড, কলিকাতা

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

প্রথম ও দ্বিতীয় খণ্ড

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিবিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের সেই অ বিশ্ববাসিনী জীবাত্মস্বরূপোদ্বোধিনী কৃষ্ণকার্ত্তনিস্বরূপিনী জীবন্ময়ী বাণীর মূর্ত্তি বৈকল্পসিদ্ধান্ত প্রচারাগার কৌন্তমণি—সর্ব্বত্র অভিনব ও প্রয়োজনবন্ধের সিদ্ধান্ত

ভিক্ষা একত্রে ১৸০ আনা মাত্র।

প্রধান মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস হইতে—কৃষ্ণকান্তি ব্রহ্মচারী ভক্তিসুহৃদ এম, এস, এস, কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ



দৈনিক নদীয়া-প্রকাশ



একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম—মায়াপুর—নদীয়া

ষষ্ঠবর্ষ | ১৮ বামন গৌরাব্দ ৪৯৫, ১লা শ্রাবণ বঙ্গাব্দ ১৩৩৮, ১৭ জুলাই ইং ১৯৩১ শুক্রবার | ১১৫তম সংখ্যা

বক্তৃতার চুম্বক

(৫)

বিষয়—জনমত ও পরমার্থ

বক্তা—শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ

গুরুবন্দনা, বৈষ্ণব-বন্দনা, বৈষ্ণবস্মরণ, বাঙ্গালার বৈ শ্রীনামতত্ত্ব, শ্রীমন্মহাপ্রভুর অষ্টোত্তরশত নাম, অষ্ট নামকীর্ত্তন, শ্রীনামসঙ্কীর্ত্তন, প্রেমধ্বনি, 'হাউলসঙ্গী নবদ্বীপ-মহিমা, শ্রীরাধাপুর মহিমা, শ্রীনরোত্তম-প্রভুর আ আচার্য্য-বন্দনা, ষড়্‌গোস্বামীর অষ্টক, প্রেমভক্তিচন্দ্রি উপদেশমালা, নামকরণ-প্রণালী, মহাপ্রভু ও রায় রাম সংবাদ, মনঃশিক্ষা, শ্রীগুরুপ্রণতি, শ্রীগুরু-পরম্প মহাপ্রভুর বন্দনা প্রভৃতি সাধক ও সিদ্ধজীবনের নিত্যস বৈষ্ণবগণের কণ্ঠাভরণ কুলশীলমালার ন্যায় অনুপম ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ। মূল্য ৷৵০, বাঁধাই ৷০ মাত্র

গৌড়ীয়-গৌরব

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয় সম্প্র শ্রীপাদ শুদ্ধানন্দ পরিব্রাজকাচার্য্য-প্রবর মহাশয় গ্রন্থকারে প্রকাশিত। ইহাতে গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদা ইতিহাস সংক্ষেপে লিখিত হইয়াছে। মূল্য ৷৵০ মাত্র

গৌড়ীয় সাহিত্য

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয়-সম্প্র শ্রীপাদ শুদ্ধানন্দ পরিব্রাজকাচার্য্য-প্রবর মহাশয় গ্রন্থাকারে প্রকাশিত। ইহাতে সাহিত্য-শব্দের অর্থ গৌড়ীয়-সাহিত্যের বিষয় ও প্রকারে বর্ণিত হইয়াছে। মূল্য ৷৵০ আনা মাত্র।

শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা-দর্পণ

শ্রীগৌড়মণ্ডলের যে সকল স্থানে সপার্ষদক শ্রীমন্মহা এবং তদনুগ পরবর্ত্তী আচার্য্যগণ লীলা করিয়া গিয়া সেই সব আধুনিক ভৌগোলিক পারিচয় ও বৈষ্ণবপ্রভা পরিচয় সহ যাত্রাযাত্রের ভাবগা নির্দ্দেশ ইত্যাদি বিষ সন্নিবেশিত আছে। মূল্য ।০ আনা।

THE HARMONIST
OR SHREE SAJJANATOSHANI

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রতিষ্ঠিত এবং শ্রীল সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত পারম মাসিক পত্র। এক্ষণে ইহারা ভাগায় অষ্টাবিংশ চতুরস্রাকৃতি ৮ পেজী ও ফর্ম্মা আকারে প্রতি মাসে নামের বিষয়-বৈষ্ণবশ্রী লইয়া উপস্থিত হইবে কাগজ, ছাপা-পারিপাট্য ও চিত্রাদি অতীব চিত্তা এই প্রকার উৎকৃষ্ট প্রবন্ধ আর কোন মাসিক পত্র দেখিতে পাইবেন না। বার্ষিক ভিক্ষা ডাকমাশুলস টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর নদীয়া

বিশ্ববৈষ্ণব ভার শুদ্ধভক্তিমঠসমূহ

শ্রীচৈতন্য মঠ

আকর মঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীধাম মায়াপুর, নদীয়া

শ্রীমদ্ভাগবতী ১৪৯৫ গৌর ৩০০ বঙ্গ উত্তরণপুরে শ্রীজগন্নাথে আচার্যবর্য শ্রীচৈতন্য-বপু-মন্দিরে শ্রীবিষ্ণুতত্ত্ব-মঠ প্রতিষ্ঠাকারী।

এই স্থান সাবস্বত-পীঠ, পরবিদ্যাপীঠ বা সাত্বত ভজনস্থলী। এর প্রতীকে শ্রীচৈতন্য-ভাগবত, ভাগবতপুরাণ-বেদান্তময়; পরবিদ্যার অন্তর্গত কাব্য, নাটক, অলঙ্কার, দর্শন, ন্যায়-উপনিষদ-গীতা-ব্রহ্ম-সূত্র-ভজনীয়-তত্ত্বরীতের অনাদর ও অপ্রাপ্তিতে এবং তথায় শ্রীগুরু-গৌরাঙ্গ-গান অকাম-নিষ্কিঞ্চন ও সাত্বত সাম্প্রদায়িক-আচার্য-চতুষ্টয় ও তাঁহাদের উপাস্য শ্রীরূপে ঐক্য নিত্য সেবিত হইতেছেন। এই মঠরাজে পারমার্থিক শ্রৌতপন্থ সাত্বত-প্রধানের অপ্রাকৃতত্ব ও পুরাতন প্রকৃষ্টরূপে সংরক্ষণ ও সম্প্রচার হইতেছে। প্রতিবৎসর শ্রীধাম-পরিক্রমারম্ভে ও অন্যান্য শুভযোগে শ্রীগুরু-প্রচারমুখে মহামহোৎসবাদি ভজন অনুষ্ঠিত হয়া থাকে। বর্তমান—ত্রিদণ্ডী ভিক্ষু শ্রীমদ্ভক্তিবল্লভ তীর্থ মহারাজ, স্থানে ত্রিদণ্ডিগণ কীর্তন করিতেছেন।

(১) যোগপীঠ শ্রীমন্দির

এই স্থান শ্রীজগন্নাথমিশ্রের ভবন, যা ভক্তিরসপ্রকৃত আবির্ভাব-ভূমি, মহাযোগ-পীঠ। এখানে শ্রীলক্ষ্মীপ্রিয়া ও শ্রীবিষ্ণু-প্রিয়ার শ্রীগৌরনারায়ণ এবং শ্রীচৈতন্য শ্রীগান্ধর্বিকের নিত্য সেবা তথা শ্রীগুরু-বর্গের সেবা বর্তমান। বর্তমান—লোক-নাথের গোস্বামী অধ্যাচার্য প্রভু শ্রীমদ্ভক্তি-বল্লভ। সরকারী শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী, শ্রীরাধাবিনোদ ভক্তিভূষণ, শ্রীগদাধর ব্রহ্মচারী। শ্রীমাধবদাস অধিকারী; সেবকগণ ত্রিদণ্ডিস্বামিগণ।

(২) শ্রীবাস-অঙ্গন

শ্রীমদ্ভাগবত কীর্তন-বিলাস বা গৌরলীলার রাসস্থলী। এখানে শ্রীগৌর-সত্যানিত্য ও পঞ্চতত্ত্বের সেবা বর্তমান।

বর্তমান—শ্রীপ্রভাকুসুম ব্রহ্মচারী।

(৩) অদ্বৈত-ভবন

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্তমান।

বর্তমান—শ্রীঅদ্বৈতানন্দ ব্রাহ্মচিকারী, শ্রীবৃন্দাবন দাসাধী।

(৪) কোলদ্বীপ মায়া

প্রাচীন মায়াপুর, পরমহংস-কুটীর, গৌড়পাদাশ্রম শ্রীকৃষ্ণানন্দ নবদ্বীপ।

বর্তমান—ব্রহ্মচারী শ্রীনিত্যানন্দ বিদ্যার্থী।

(৫) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীমায়াপুর, পরমহংস

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর

বর্তমান—ভক্তিকুসুম ভারতী ব্রহ্মচারী এম, এস, বি।

(৬) শ্রীগোক্রম মঠ

ভারতীদাসবাবাজী, সমাধিমন্দির, শ্রীগোক্রম।

বর্তমান—শ্রীমদ্ভক্তিপ্রমোদ পুরী গোস্বামী মহারাজ।

(৭) শ্রীসীমন্তদ্বীপ মঠ

শ্রীমায়াপুর, সীমন্তদ্বীপ, নদীয়া।

বর্তমান—ত্রিদণ্ডী ভিক্ষু শ্রীমদ্ভক্তিবিবেক ভারতী মহারাজ।

(৮) শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

বহরমপুর।

বর্তমান—দীনবন্ধু ভক্তিশাস্ত্রী এম, এ, বি, এল, সরকারী—শ্রীউদ্ধবদাস ভক্তি-শাস্ত্রী, শ্রীউদ্ধব আধিকারী প্রভৃতি।

(৯) শ্রীগৌড়-গদাধর-মঠ

চাঁদাডাঙ্গা, সমুদ্রগড়, (বর্দ্ধমান)

শ্রীল গদাধরের প্রাকট্যস্থলে গৌরগদাধর-সেবা। বর্তমান—শ্রীবংশীদাস ব্রহ্মচারী, ভক্ত শ্রীগদাধর দাস।

(১০) শ্রীগুরুগৌড়ীয়-মঠ

বাগবাজার, এলাহাবাদ, ইউ, পি

বর্তমান—শ্রীকিশোর ব্রহ্মচারী, সরকারী—শ্রীসর্বেশ্বর ব্রহ্মচারী।

(১১) শ্রীমেদিনীমন্দির—

মাউথাড়ি, জাহানাবাদ, বর্দ্ধমান।

শ্রীবাসাঙ্গনের ঠাকুর বৃন্দাবনের স্থান।

বর্তমান—শ্রীকৃষ্ণকিশোরী ব্রজবাসী, ভক্ত শ্রীনন্দদুলাল।

(১২) ভাগবত আশ্রম

শ্রীভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।

ভাগবতবিদ্বান্ অধ্যাপকের প্রচার-কেন্দ্র।

বর্তমান—শ্রীকৃষ্ণানন্দ ব্রহ্মচারী ভাগবতী

(১৩) শ্রীব্রজরতন মঠ

গোবিন্দপুর, ইন্দাগাঁও, নদীয়া।

বর্তমান—শ্রীমধুসূদনানন্দ ব্রহ্মচারী। সরকারী শ্রীগোবিন্দ ব্রহ্মচারী, শ্রীজগন্নাথ ভক্তাধিকারী, শ্রীমধুসূদন পাত্র, ভক্ত বিশ্বনাথ

(১৪) শ্রীমায়াপুর গৌড়ীয় মঠ

১০নং নবদ্বীপপুর রোড, ঢাকা।

পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র, এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ আশ্রয়-বিগ্রহের সেবা বর্তমান।

বর্তমান—শ্রীবাধাবল্লভ ব্রজবাসী, শ্রীপাদ ভক্তিবেদান্ত পরিব্রাজকাচার্য বি-এ, শ্রীপ্রাণ-গোর ব্রহ্মচারী, শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী, শ্রীপতিতপাবন ভক্ত।

(১৫) শ্রীগোপালজী মঠ

কমলাপুর, ঢাকা।

গোপালজীর শ্রীবিগ্রহের প্রাচীন সেবা

বর্তমান—শ্রীরাধারমণ ব্রহ্মচারী।

(১৬) শ্রীগৌরাঙ্গ-গৌড়ীয় মঠ

ভক্তিভক্তি প্রচারিণী সভা, বালিগঞ্জ ঢাকা

শ্রীগৌরাঙ্গ-গৌড়ীয়ের নিত্য সেবা

বর্তমান—শ্রীপূর্ণচন্দ্র ব্রহ্মচারী, শ্রীমঙ্গলাল ব্রহ্মচারী

(১৭) শ্রীভাগবতজনানন্দ মঠ

চকদিঘা, বাসুদেবপুর, মেদিনীপুর।

এখানে শ্রীবর-গৌরাঙ্গ-যাত্রিকাশ্রিত গিরিধারীর নিত্যসেবা বর্তমান। বর্তমান—ব্রজবাসী শ্রী-গবানদাসজী।

(১৮) আমলাযোড়া প্রপন্নাশ্রম

রাজবাঁধ পোঃ বর্দ্ধমান।

শ্রীগুরুগৌরাঙ্গ-শ্রীরাধিকা গিরিধারীর নিত্যসেবা। বর্তমান—ব্রজবাসী শ্রীকিশোর।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

পর্ণশাল, পুরী, উড়িষ্যা।

এখানে শ্রীগৌর-বিনোদ-গান্ধর্বিকার নিত্য-সেবা বর্তমান। বর্তমান—ব্রহ্মচারী শ্রীনয়নানন্দ বিদ্যারত্ন, ব্রহ্মচারী শ্রীনবীনানন্দ শ্রীপ্রেমাস্পদ ব্রহ্মচারী, শ্রীরাধবানন্দ ব্রহ্মচারী, ভক্ত শ্রীনিমাই।

(২০) শ্রীব্রজ-গৌড়ীয় মঠ

আলবরনাথ, ব্রহ্মদীয় পোঃ, পুরী।

জগন্নাথদেবের অনবসর সময়ে শ্রীমন্মহা-প্রভুর অবস্থান। বর্তমান—ব্রহ্মচারী শ্রীনরমেশ্বরী প্রসাদজী। সরকারী—ব্রহ্মচারী শ্রীবিপিনবিহারী।

(২১) শ্রীসচ্চিদানন্দ মঠ

ভাঙ্গাবাজার, কটক।

এখানে শ্রীগুরু-গান্ধর্বিকাগিরিধারী-জীর নিত্যসেবা বর্তমান। বর্তমান—ব্রহ্মচারী সীতানাথ শ্রীবাসদাস ব্রহ্মচারী

(২২) শ্রীজনার্দন-গৌড়ীয় মঠ

জনা জগন্নাথপুরা, কাশী।

গোস্বামিগ্রন্থপূর্ণ সনাতন-শিক্ষাস্থল।

এখানে শ্রীভাগবত বর্তমান। বর্তমান—শ্রীজানকীনাথজী, শ্রীগোকানন্দ ব্রহ্মচারী।

(২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

শ্রীবৃন্দাবনদাস কুঞ্জ, শ্রীধাম বৃন্দাবন।

শ্রীইশান-ব্রজ-মোহনজীর সেবা।

বর্তমান—শ্রীগণপতিনাথ ব্রহ্মচারী

(২৪) শ্রীপরমহংস মঠ

নৈমিষারণ্য, সীতাপুর

এখানে শ্রীভাগবত পাঠশালা ও শ্রীগৌর নিত্যসেবা বিলাসজীর সেবা বর্তমান। বর্তমান—ব্রহ্মচারী শ্রীনৃসিংহানন্দ ও ব্রহ্মচারী শ্রীনন্দদুলাল।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ

দুধুরকুণ্ডা, ঝিরকুণ্ডা, মানভূম। শ্রীচৈতন্য-মঠের শাখা। বর্তমান—শ্রীবনমালী ব্রহ্মচারী, শ্রীরাধাকৃষ্ণ তীর্থ প্রবর্তিত।

(২৬) বাসগৌড়ীয় মঠ

কুলটিকর, বাসেশ্বর, কলাল। এখানে শ্রীগোপিনাথ-বাসের সেবা বর্তমান। বর্তমান—ব্রহ্মচারী শ্রীগুরুপদজী, শ্রীনবীনগোপাল ব্রজবাসী

(২৭) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রম-মঠ

ব্রাহ্মণপাড়া, পোঃ মাধু, কাবড়া

এখানে বহু কুলমূর্তি শ্রীগোরাঙ্গের সেবা বর্তমান। বর্তমান—ব্রজবাসী শ্রীপ্রাণকৃষ্ণ দাস, শ্রীবৃন্দাবন ব্রহ্মচারী।

(২৮) বিল্ল গৌড়ীয় মঠ—কাঁথাল

এবং গৌড়ীয়বস্ত্র, ভাঁকার সেবা, নিত্য-বিগ্রহ

বর্তমান—ব্রহ্মচারী শ্রীগোরকৃষ্ণ, শ্রীকুলদা শ্রীবাধাবল্লভচরণদাস

(২৯) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

বর্তমান—ব্রহ্মচারী শ্রীবাধাবল্লভ

মোটর চাপায় ২ জন নিহত ও ১৭ জন আহত

শাহদারা রোডে একটি ভীষণ মোটর দুর্ঘটনা হইয়া গিয়াছে। আরোহীপূর্ণ একখানা মোটরলরী ভীমবেগে ছুটিয়া যাইবার সময় একটি টোঙ্গার সহিত ধাক্কা লাগাইয়া উল্টাইয়া যায়। ফলে টোঙ্গার লোকগুলি আহত হয় বটে; কিন্তু তাহাদের আঘাত তেমন গুরুতর হয় নাই।

লরীখানি তবুও অগ্রাহ্য করিয়া চলিতে থাকে; একটা কুকুরকে চাপা দিয়া একটা গাছের সঙ্গে প্রচণ্ড ধাক্কা লাগায়। ইহারই ফলে লরীখানি তালিয়া চুরমার হইয়া যায়। আরোহীদের মধ্যে একটি স্ত্রীলোক এবং একটি শিখ পুরুষ মারা গিয়াছে। লরীর চালক সমেত আরও ১৭ জন গুরুতররূপে আহত হইয়াছে।

দারোগার অর্থদণ্ড

শ্রীহট্ট সহরের থানার দারোগা মৌলবী নাসির আলি শ্রীহট্ট সহরের নিকটবর্তী লালাতার কতিপয় মুসলমানকে প্রহার রূপ অপরাধে অতিরিক্ত জিলা ম্যাজিস্ট্রেটের বিচারে ৫৫ টাকা অর্থদণ্ডে দণ্ডিত হইয়াছেন।

বোম্বাই গভর্ণরের বিদায়-কালবৃদ্ধি

সংবাদ বিজ্ঞাপনের ডিরেক্টরের সংবাদে প্রকাশ, সম্প্রতি ভারত সচিব বোম্বাইর গভর্ণর সার ফ্রেডারিক সাইক্সের কার্যকাল আরও ২ মাস বর্দ্ধিত করিয়াছেন।

গোলটেবিলের ব্যয় মঞ্জুর ৫০ সহস্র পাউণ্ড

লণ্ডনের ১৮ই জুলাইর সংবাদে প্রকাশ, অতিরিক্ত বাজেটে আরও ৬ হাজার পাউণ্ড ব্যয় মঞ্জুর হইয়াছে। ইহা হইতে আগামী গোল টেবিল বৈঠকের জন্য ৫০ হাজার পাউণ্ড ব্যয় করা হইবে। এই পরিমাণ ব্যয় ভারতবর্ষকেও বহন করিতে হইবে।

রাজমহেন্দ্রীতে স্বেচ্ছাসেবক-দিগের লাঞ্ছনা

প্রকাশ, গত ১৭ই জুলাই রাত্রিতে স্বেচ্ছাসেবকেরা বিদেশী বস্ত্রের দোকানে পিকেটিং করার পর যখন প্রত্যাবর্ত্তন করিতেছিলেন তখন রিজার্ভ কনষ্টেবলগণ তাহাদিগকে লাঞ্ছিত করে। ডাঃ সুব্রাহ্মনিয়াম এ বিষয়টি শ্রীযুত গান্ধীজীর গোচরীভূত করিয়াছেন।

অব্যক্ত বদলী

প্রেসিডেন্সী কলেজের মিঃ আর, এন, সেন কৃষ্ণনগর কলেজের অধ্যক্ষের পদ গ্রহণ করিয়াছেন, ভূতপূর্ব্ব অধ্যক্ষ মিঃ এ, কে, চন্দ চট্টগ্রামে বদলী হইয়াছেন।

গীর্জ্জায় চুরি

রেঙ্গুণ হইতে প্রকাশ যে সহরের দুইটি প্রধান গীর্জ্জায় চুরী হইয়া গিয়াছে। পর পর, সেনা-নিবাসের মধ্যে অবস্থিত [illegible] জন রোমান ক্যাথলিক গীর্জ্জায় [illegible] হইয়া গিয়াছে। চোরগুলি প্রার্থনা প্রবেশপথের নিকটবর্তী দ্বার ভাঙ্গিয়া সাহায্য আদায়ের বাক্স হইতে টাকাকড়ি বাহির করিয়া লয়।

সরকারী উকীলের পদত্যাগ

বাখরগঞ্জের ভূতপূর্ব্ব সরকারী উকীল শ্রীযুত রাজেন্দ্রলাল বন্দ্যোপাধ্যায় গত ১৭ই জুলাই ত্যাগপত্র দাখিল করিয়াছেন। প্রকাশ, জিলা ম্যাজিস্ট্রেট মিঃ ডনোভান সি, আই, ই-র সহিত তাঁহার দীর্ঘকাল ধরিয়া যে মতভেদ চলিয়া আসিতেছিল তাহাই পদত্যাগের কারণ।

মৌলানা সিরাজীর মৃত্যুতে সুভাষচন্দ্র

কলিকাতা হইতে প্রকাশ যে বঙ্গীয় প্রাদেশিক কংগ্রেস কমিটীর সভাপতি শ্রীযুত সুভাষচন্দ্র বসু সিরাজগঞ্জে স্বর্গীয় মৌলানা ইস্মাইল হুসেন সিরাজীর পুত্র মৌলানা আসদুল্লা সিরাজীকে নিম্নলিখিত ভাবে তার করিয়াছেন—

"শোকাবহ সংবাদ পাইয়া অত্যন্ত দুঃখিত হইলাম। আমাদের গভীর সহানুভূতি গ্রহণ করুন। ক্ষতির জন্য বাঙ্গালা দুঃখ করিতেছে।

ওয়ার্কিং কমিটীর সিদ্ধান্তের প্রতিবাদ

সিমলা ত্রিলা রাজনৈতিক সম্মিলনে সভাপতিত্ব করিবার কালে ডাক্তার সত্যপাল সাম্প্রদায়িক সমস্যা সম্পর্কে কংগ্রেস ওয়ার্কিং কমিটীর সিদ্ধান্তের প্রতিবাদ করিয়া এই অভিমত প্রকাশ করেন, সাম্প্রদায়িকতার প্রশ্ন দিয়াছে বলিয়া ইহা আমাদিগকে গন্তব্য স্থানে উপনীত হইতে সাহায্য করিবে না। তিনি বয়স্ক ব্যক্তির ভোটাধিকার ও মিশ্র নির্ব্বাচনের অনুকূলে মত প্রকাশ করেন এবং সাম্প্রদায়িক প্রতিনিধিত্বের নিন্দা করেন। তিনি সমবেত শ্রোতৃবৃন্দকে বিদেশী চুক্তির মত অন্যান্য কাজ হয়ত না করিতে অনুরোধ করেন।

যুক্তপ্রদেশের কাউন্সিল

যুক্তপ্রদেশ ব্যবস্থাপক সভার আগামী অধিবেশন ২০শে জুলাই তারিখে লক্ষ্ণৌএ বসিবে। গবর্ণর সার ম্যালকম হেলী নাইনীতাল হইতে তথায় যাইতেছেন। ব্যবস্থাপক সভার উদ্বোধনে তিনি বক্তৃতা করিবেন।

ইন্দোরে ধর্ম্মঘট

ইন্দোরের সংবাদে প্রকাশ, কয়েকদিন যাবৎ স্বদেশী মিলে ধর্ম্মঘট চলিতেছে। প্রধান মন্ত্রী এই বিষয়ে হস্তক্ষেপ করিয়াছেন, ফলে তদন্ত কমিটী নিযুক্ত হইয়াছে। রাজ সরকারের কর্ম্মচারী শ্রীযুত তালচরকার আপোষের জন্য নিযুক্ত হইয়াছেন। শ্রমিক সমিতি ও কলের প্রতিনিধিদিগকে সেদিন শ্রম শিল্প ও বাণিজ্য বিভাগের অফিসে আহ্বান করা হইয়াছিল।

---

৬৮ দিন অনশনে

ভিজাগাপট্টম হইতে প্রকাশ রাজনৈতিক বন্দী শ্রীহরি রাওকে মুক্তি দেওয়া হয় নাই। ৬৮ দিন প্রায়োপবেশনের পর অদ্য প্রাদেশিক কংগ্রেস কমিটীর সেক্রেটারী শ্রীযুত কালেশ্বর রাওএর অনুরোধে আজ আহার গ্রহণ করিয়াছেন। রাজনৈতিক বন্দীর উপযুক্ত ব্যবহার না পাইয়া শ্রীহরি রাও অনশন করেন। সরকার তাঁহার অভিযোগের প্রতীকার না করায় তাহাতে প্রতিবাদ জানাইবার জন্য গত ১৮ই জুলাই একটী বিরাট শোভাযাত্রা বেলষ্টার পর্য্যন্ত গিয়াছিল। জেল কর্ত্তৃপক্ষ ২ শত রিজার্ভ পুলিস আনান। কিন্তু তাহারা জেলের ফটকে পৌঁছিবার পূর্ব্বেই শোভাযাত্রা শেষ হইয়া যায়।

কাঁচি চালনায় দুই বৎসর

পণ্ডিত জহরলাল নেহরুর সন্ত্রীক সিংহল ভ্রমণের পর প্রত্যাবর্ত্তনের দিন—১৭ই জুলাই রাত্রিতে আবদুল করিম নামে এক ব্যক্তি রেল ষ্টেশনে গোলযোগ করিয়াছিল। সে কাঁচির সাহায্যে ৩ জন লোককে জখম করিবার অভিযোগে অভিযুক্ত হয়। ১৭ই জুলাই রেলওয়ে ম্যাজিষ্ট্রেট রায় সাহেব লালমোহন বন্দ্যোপাধ্যায়ের বিচারে তাহার ২ বৎসর সশ্রম কারাদণ্ড হইয়াছে। ইহার মধ্যে এক মাস কাল তাহাকে নির্জ্জন কারাভোগ করিতে হইবে।

ম্যাজিষ্ট্রেট এইরূপ মন্তব্য প্রকাশ করিয়াছেন যে, লোকটা ধর্ম্মোন্মত্ত হইতে পারে, তবে পণ্ডিত জহরলাল নেহরুকে জখম করা যে তাহার উদ্দেশ্য ছিল, সে সাক্ষ্য প্রমাণ পাওয়া যায় নাই।

পাটনায় লোমহর্ষণ হত্যাকাণ্ড

পাটনা জিলায় ফুলওয়ারী থানার অন্তর্গত কায়মুদি গ্রামের সত্যপাল সিং ও রামরতন সিং নামক দুই ব্যক্তি [illegible] জুলাই রাত্রিতে নিহত হইয়াছে। ১৮ই তারিখে পুলিস সংবাদ পায়। এই ২টি লোক নিরুদ্দিষ্ট হইয়াছে। [illegible] অনুসন্ধানে পুলিস একটি কূপের [illegible] হইতে খলিয়ার মধ্যে বদ্ধ তাহাদের মৃতদেহ আবিষ্কার করে। শুনা যায় যে, ৭ বৎসর পূর্ব্বে এই লোক দুই [illegible] তাহাদের ২ জন আত্মীয়কে হত্যা করিয়াছিল। তখন হইতে এই ২ জন লোকের মধ্যে ভীষণ শত্রুতা ছিল। অবিবাহিত সত্যপাল সিং এবং রামরতন বিবাহিত জমিদার থাকায় পুলিস তাহাদের সকল প্রজার উপর সন্দেহ করিত তাহাদের বিরুদ্ধে কয়েকটি মামলা উত্থাপিত করিয়াছিল। এখন পর্য্যন্ত কাহাকেও গ্রেপ্তার করা হয় নাই। পুলিস এ সম্বন্ধে জোর তদন্ত করিতেছে।

আরকোণাম্ রেলওয়ে কারখানায় সত্যাগ্রহ

মাদ্রাজের আরকোণাম্ নামক স্থানে অবস্থিত এম, এস, এম, রেলওয়ে কারখানার ১২ শত শ্রমিক গত ১৭ই জুলাই সত্যাগ্রহ করিয়াছে। কারখানার কর্ত্তৃপক্ষ একপক্ষ কালের মধ্যে ২০ জন শ্রমিককে কর্ম্মচ্যুত করায় ইহা প্রকাশ করা সত্যাগ্রহের সৃষ্টি হয়। শ্রীযুত ভি, ভি গিরি রেলওয়ের এজেণ্ট ও অন্যান্য উচ্চপদস্থ কর্ম্মচারীদের সহিত গত ১৮ই অপরাহ্ণে দীর্ঘকাল আলোচনা করেন। সোমবারে কারখানা খুলিবার কথা।

লোহার কাজ
[illegible]
[illegible]
[illegible]
[illegible]
[illegible]

"শ্রীধাম"
টেলি— নবদ্বীপ

Reg No C.1544

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৮৲
অর্দ্ধ কলম ৩৷৹
সিকি কলম ২৲
চুক্তির হার
স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

সাধারণের হার
অগ্রিম দেয়
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৷৹
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৵৫

আসামের সর্ব্বপ্রাচীন বাঙ্গালা-প্রচারক—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

খণ্ড] সম্পাদক—শ্রীঅতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [১২০তম সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—৭ই শ্রাবণ বৃহস্পতিবার, ১৩৩৮, ২৩শে জুলাই ১৯৩১

কুষ্ঠিয়ায় দারুণ অন্নাভাব

লণ্ডনের পল্লীগ্রামে বাটী নির্ম্মাণ

নিগ্রো হাঙ্গামা

জাল মুদ্রা তৈয়ারীর অভিযোগে দুইজন গ্রেপ্তার

শ্বেতাঙ্গের প্রাণদণ্ড

বড়বাঁকীতে এখনও ধরপাকড়

ডাকলুট সম্পর্কে গ্রে

বাঙ্গালোরে ৫ জন নিহত ও ১০০ জন আহত

বৃটিশ কন্‌সাল নিরুদ্দেশ

বালিকা বিদ্যালয়ে অনশন ধর্ম্মঘট

নানা কথা

কুষ্ঠিয়ায় দারুণ অন্নাভাব

ভেড়ামারা হইতে প্রকাশ, কুষ্টিয়া মহকুমার আর্থিক দুরবস্থার সমাক প্রতিকারের জন্য কংগ্রেস কর্ত্তৃক গঠিত সাহায্যকারী সমিতি ইতোমধ্যে কয়া ও ভেড়ামারায় দুইটি কেন্দ্র স্থাপন করিয়া কার্য্যারম্ভ করেন। শ্রীযুত হরিপদ চট্টোপাধ্যায় ও শ্রীযুত অমরেন্দ্রনাথ চক্রবর্ত্তী নামক স্থানীয় ২ জন বিশেষ উদ্যোগকর্ম্মী এখন কলিকাতায় অবস্থান করিতেছেন। তাঁহারা কলিকাতার বিশিষ্ট ব্যক্তিগণের নিকট হইতে সাহায্য লইয়া অবিলম্বে কুষ্টিয়ায় আসিবার ব্যবস্থা করা হইয়াছে এবং ঐ সম্পর্কে আচার্য্য প্রফুল্লচন্দ্র রায়ের সহিত সাক্ষাৎ করিতে গিয়াছেন কুষ্টিয়ার লোক।

নিগ্রো হাঙ্গামা

এলবামা হইতে প্রাপ্ত সংবাদে প্রকাশ, আটজন নিগ্রোর প্রতি প্রাণদণ্ডের আদেশ হইয়াছে। এই আদেশের প্রতিবাদ করিয়া কয়েকজন নিগ্রো অসন্তোষ প্রদর্শন করিয়াছিল। ইহাতে কর্ত্তৃপক্ষের সহিত তাহাদিগের বিরোধ উপস্থিত হয়, গুলীবর্ষণ হইতে থাকে। ফলে একজন নিগ্রো মৃত্যুমুখে পতিত হয় এবং গবর্ণমেণ্টের দুইজন কর্ম্মচারী আহত হয়। আর একজন নিগ্রো আহত হইয়াও পলাইয়া যায়। কিন্তু পলায়নকারীর বাটীতে হানা দিয়া তাহাকে গ্রেপ্তার করিয়া আনিয়া হত্যা করা হয় এবং আরও আটজন নিগ্রোকে গ্রেপ্তার করা হয়। ফলিটনিষ্ট দলপতি বলিয়া কয়েকজন নিগ্রোকে অন্তর্ভুক্ত করা হইয়াছে। একদল সরকারী কর্ম্মচারী পলাতক নিগ্রোদিগের অনুসন্ধানে বহু সংখ্যক ডালকুত্তা লইয়া বাহির হইয়াছে।

শ্বেতাঙ্গের প্রাণদণ্ড

লাহোর হইতে প্রকাশ, হাওলাদিতির সেসন জজ পাঞ্জাবের অপরাধে উইলিয়ম ড্রামণ্ড নামক এক শ্বেতাঙ্গের প্রাণদণ্ডের আদেশ দিয়াছিলেন। হাইকোর্ট উক্ত আদেশ মঞ্জুর করিয়াছিলেন। ২৩শে জুলাই প্রাতঃকালে সেণ্ট্রাল জেলে তাহার ফাঁসী হইয়া গিয়াছে প্রকাশ, গত ২৩শে জুলাই সন্ধ্যাকালে ড্রামণ্ড খানা খাইবার ছুরীর দ্বারা পেটে খানায় আঘাত করিয়া আত্মহত্যা করিবার চেষ্টা করিয়া অজ্ঞান হইয়া পড়ে। জেল কর্ম্মচারীদের চেষ্টায় সে পথে জ্ঞানলাভ করিয়াছিল।

জাল মুদ্রা তৈয়ারীর অভিযোগে দুইজন গ্রেপ্তার

লক্ষ্ণৌ হইতে প্রকাশ যে ১৫ই জুলাই সন্ধ্যাকালে পুলিস ইন্সপেক্টর বিশ্বনাথ মিশ্র খানা দিয়া সিভিল ইঞ্জিনিয়ারিং কলেজের ডাক্তার ইন্দ্র সিংহের ঘরে থানাতল্লাস করিয়া জালমুদ্রা তৈয়ারীর অভিযোগে তাঁহাকে গ্রেপ্তার করেন। ইন্দ্র সিংহের চাকর বসির আলি বেগকেও গ্রেপ্তার করা হইয়াছে। প্রকাশ, ইন্দ্র সিংহের ঘর হইতে পুলিস কতকগুলি নকল রৌপ্যমুদ্রা পাইয়াছে। আরও তদন্ত চলিতেছে।

লণ্ডনের পল্লীগ্রামে বাটী নির্ম্মাণ

গ্রেট ব্রটেনের পল্লীগ্রাম ত্যাগ করিয়া বহু লক্ষ লোক সহরে আসিয়া আশ্রয় লইতেছে। ফলে সহরে বেকারের সংখ্যা বৃদ্ধি পাইতেছে। এই অবস্থার উন্নতি বিধানার্থ বৃটীশ গবর্ণমেণ্ট এক আইন পাশ করিয়াছেন। কমন্স সভায় এই আইনের তৃতীয় পঠন আলোচনা হইয়া গিয়াছে। পল্লী অঞ্চলে ৬০,০০০ বাড়ী নির্ম্মাণ করিবার জন্য গভর্ণমেণ্ট টাকা প্রদান করিবেন, এরূপ ব্যবস্থা করা হইয়াছে এই সমস্ত বাড়ীতে প্রায় ৩ লক্ষ লোক বাস করিতে পারিবে। ইহা হিসাবে কলিকাতার লোককে বসবাস করিতে দেওয়া হইবে। এই ব্যবস্থা করিলে প্রায় এক লক্ষ লোকের কাজের সংস্থান হইবে এবং প্রায় ৫ লক্ষ লোকের বাসস্থান নির্ম্মিত হইবে—গভর্ণমেণ্ট ইহাই স্থির করিয়াছেন।

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনস্টিটিউট" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও আদর্শচরিত্র শিক্ষকগণ ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

বিস্তারিত সংবাদের জন্য নিম্নলিখিত ঠিকানায় পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌স্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

—৫১ বৎসরের প্রতিষ্ঠিত—

উলাসাসরে প্রস্তুত বটীকা

যাবা শুষ্কতাবস্থা, অম্লাম্বেষ, কোষ্ঠকাঠিন্য, অর্শ, যকৃতদোষ প্রভৃতি অন্ত্র রোগের রোগ নিরাময় হইয়াছে তাহা প্রকাশ করিলে বহু বহু পুস্তক হইয়া পড়ে।

ইচ্ছা

সকল ঋতুতে ব্যবহার চলে ও সমানে ফল প্রদান করিয়া থাকে। প্রতি শৌচাগ্রে ২টী বটীকা থাকে।

কেবলমাত্র

প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা। ইহার নাম আতঙ্কনিগ্রহ বটীকা।

অধিক ঔষধের তালিকার জন্য পত্র লিখিলেই পাইবেন

প্রাপ্তিস্থান:—আতঙ্কনিগ্রহ উলাসাসরে

২১৮ নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

শ্বেতী পাটন

সর্ব্বপ্রকার শ্বেতরোগের অব্যর্থ মহৌষধ

২৩।২ বছরের পুরাতন রোগ ৭ দিনে নিশ্চিহ্নে বর্ণীকৃত। ৪ কৌটাতে রোগ নির্মূল হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্তন করিতে হয় নাই। মূল্য প্রতি শিশি ১৲ আনা, পাইট ৩৲ আনা, ডাকমাশুল ১৲ আনা।

আফিস- ১১নং ঈশ্বর ভট্টাচার্য্য রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

শ্রীভাগবত প্রেস

গোয়াড়ী হাইস্ট্রীট

কৃষ্ণনগর

এখানের বিবাহের নিমন্ত্রণ-পত্র, প্রীতি-উপহার, কার্ড, গ্রন্থ এবং অন্যান্য যাবতীয় কার্য্য ছাপা হইয়া থাকে। ছাপার দর বাজার দর অপেক্ষা সুলভ। পরীক্ষা প্রার্থনীয়।

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস, এন্, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈদ্যুতিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

৯৮ নং বউবাজার ষ্ট্রীট, বহুবাজার, কলিকাতা।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈবপ্রাপ্ত যক্ষ্মার একমাত্র মহৌষধ

পনর দিনে সম্পূর্ণ আরোগ্য

রোগী দেখাইতে হইবে। অগ্রিম পারের খরচ (যাওয়া এবং আসার) পাঠাইলে গিয়া রোগী দেখা হয় অথবা এখানে আসিলে রোগী দেখিয়া ঔষধ দেওয়া হয় আরোগ্য না হওয়া পর্য্যন্ত পারিশ্রমিক দিতে হইবে না। গরীব রোগীদের খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়। বিস্তারিত বিবরণের জন্য এক আনার ডাক টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীকিশোরচন্দ্র উকীল, যক্ষ্মা-চিকিৎসক, পোঃ বৈকাম্রী, বরিশাল।

অথবা নিম্ন ঠিকানায় সাক্ষাৎ করিয়া বিস্তারিত জানিতে পারেন।

শ্রীযুত রামগোপাল দত্ত এম, এ, কৃষ্ণনগর, নদীয়া। শ্রীযুত ললিত সিংহ, ১১৭, বেলিয়াঘাটা ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা।

একখানি পত্র:—আমার ভ্রাতুষ্পুত্র গত ৯ মাস যাবৎ রাজ যক্ষ্মায় ভুগিয়া মৃতপ্রায় হইয়াছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাহার জীবনের আশা ত্যাগ করিয়া শেষ মুহূর্ত্তের জন্য অপেক্ষা করিতেছিলেন এই সময় শ্রীযুত কিশোরচন্দ্র উকীল মহাশয় মাত্র ১০ দিন চিকিৎসা করিয়া সম্পূর্ণ আরোগ্য করিয়া দিয়াছেন। (নাম) শ্রীযতীন্দ্র কিশোর রায় চৌধুরী (জমিদার পাবনা) ৪৭ ষ্ট্রীট, নিউ থিয়েটার্স। কলপোরেশন ইষ্টিং ছিপা ইমেন্ট, কলিকাতা।

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার—গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেন গ্রাহকগণ

গৌড়ীয় প্রি ং ওয়ার্কসে

এত প্রশংসা করেন

—কারণ—

এখানে যাবতীয় ছাপার কার্য্য—

গ্রন্থাদির কার্য্যই বলুন,

বিবাহের নিমন্ত্রণ পত্র, কার্ড, বিবাহের পদ্ধতি বলুন,

আর ৩ রং ও ৪ রংএর হাফটোন ব্লকই বলুন, সকল কার্য্যই সত্বর ছাপা হয়, অথচ ছাপাইবার খরচ বাজার অপেক্ষা সুলভ।

আপনার কিছু ছাপার কার্য্য থাকিলে নিম্নঠিকানায় জানাইলে পাইবেন।

ম্যানেজার- গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

২৪৩।২ নং আপার সারকুলার রোড, কলিকাতা

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিঃ ওয়ার্কস্ হইতে—কৃষ্ণকান্তি ব্রহ্মচারী ভক্তিকুসুম এম, এস্, এম, কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক

দৈনিক সংবাদপত্র

শ্রীধাম—মায়াপুর—নদীয়া

বর্ষ ৫ম | ২৪ বামন গৌরাব্দ ৪৪৫, ৭ই শ্রাবণ বঙ্গাব্দ ১৩৩৮, ২৩ জুলাই ইং ১৯৩১ বৃহস্পতিবার | ১২০তম সংখ্যা

সাময়িক সন্দেশ

গত ১৫ই জুলাই বুধবার প্রাতে মানভূম জেলার জয়পুরের ভূমাধিকারী মহাশয় শ্রীধাম পুরুষোত্তম ক্ষেত্রে বর্তমান শুদ্ধভক্তিসম্প্রদায়ৈকসংরক্ষক আচার্যবর্য্য নিত্য প্রভুপাদের শ্রীমুখে প্রায় এক ঘণ্টাকাল গৌরসুন্দরের অমানোদার-দ্বার কথা শ্রবণ করিয়া শ্রীগৌড়ীয় মঠের প্রতি আন্তরিক সহানুভূতি প্রকাশ করিয়াছেন ও শুদ্ধগৌড়ীয়-সেবায় আনুকূল্য করিতে প্রতিশ্রুত হইয়াছেন।

ঐদিবস সন্ধ্যাকালে স্থানীয় এমার মঠের মহান্ত মহারাজ শ্রীযুত গদাধর রামানুজ দাস মহাশয় শ্রীল প্রভুপাদের নিকট আগমন করেন। তিনি আলোয়ারনাথের সিংহদ্বারের অসম্পূর্ণ কার্য্যটী সমাপ্ত করিতে অঙ্গীকার করিয়া শ্রীপাদ পরমানন্দ ব্রহ্মচারী বিদ্যারত্ন প্রভুর নিকট অর্থানুকূল্য করিতে প্রতিশ্রুতি দিয়া গিয়াছেন। এতদ্ব্যতীত তিনি শ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার প্রচারক সভ্যগণকে নানাভাবে সাহায্য ও আশ্রয় প্রদান করিতে সর্ব্বদা প্রস্তুত আছেন,—একথাও জানাইয়াছেন।

শ্রীযুত মহান্ত মহারাজ আলোয়ার-নাথের নিকট কিছুবর্ষ পূর্ব্বে যাঁহারা আলোয়ারনাথ দর্শন করিয়াছিলেন; যেখন তাঁহাদের যথাবিধি পুরোহিত চলিতেছে তখনি নিত্যানন্দ-প্রকাশ করিলেন। তিনি স্বয়ং শ্রীশ্রীজয়রঘুনাথজীউর সম্পত্তির তত্ত্বাবধায়ক এবং বর্তমান পুনঃ প্রাপ্তের কারণস্বরূপ।

আমরা আশা করি, মোহন্ত মহারাজ শ্রীসম্প্রদায়ৈক সমাচার-রাজন, শাস্ত্রনিপুণ ও সাম্প্রদায়িক মতবেত্তা পণ্ডিতের নিকট কেবলাদ্বৈত মতবাদ ও বিশিষ্টাদ্বৈতসিদ্ধান্তের পার্থক্য শ্রুতিবাদে অবগত করত ভবিষ্যতে ও সদ্বৈষ্ণবসম্প্রদায়ৈকসংরক্ষক সজ্জনগণের বিশ্ববৈষ্ণবসেবার প্রবৃত্তিতে উৎসাহ উদ্দীপনার বর্দ্ধন করিতে থাকুন।

বহস্পতিবার দিবস পাণ্ডুলিপির (পাণ্ডুলিপি) সম্পন্ন করিতে অপরাহ্ণ প্রায় ৪টা বাজিয়া যাওয়ায় আজ প্রকাশ হয় নাই। পর দিবস প্রাতে বন্ধ টানা হইয়াছিল। এতদুপলক্ষে ত্রিদণ্ডস্বামী শ্রীমদ্ ভক্তিবিবেক ভারতী মহারাজের নেতৃত্বে শ্রীচৈতন্যানুগ শুদ্ধভক্তসম্প্রদায় শ্রীরথাগ্রে নৃত্যকীর্ত্তন করিয়াছিলেন।

রথযাত্রা দিবস শ্রীপুরুষোত্তম মঠের শ্রীবিগ্রহের ভিন্ন ভিন্ন সংকীর্ত্তনদলে সংস্থাপিত হইয়াছে—এসংবাদ পাঠকগণ ইতঃপূর্ব্বেই অবগত আছেন। এতদুপলক্ষে বহু স্ত্রী-পুরুষ বর্ষার আরম্ভের হেতু উপযুক্ত কুটিতে দিবারাত্রি শ্রীল প্রভুপাদের শ্রীমুখে ভাগবত ব্যাখ্যা শ্রবণ করিবার সৌভাগ্য লাভ করিয়া ধন্য হইয়াছেন। শ্রীযুক্ত কৃষ্ণপ্রসাদ বাবু সমগ্র বৈষ্ণবজগতের একান্ত বান্ধব এবং গুরুগৌরাঙ্গসেবাপরতার জন্য কৃষ্ণকান্তি পাত্র বর্ত্তমান যুগাচার্য্য প্রবরই একমাত্র শুদ্ধ সংসম্প্রদায় সংরক্ষক জানিয়া কৃষ্ণপ্রসাদ বাবু প্রভুপাদের নিকট কৃপা প্রার্থনা করিয়া বৈষ্ণবী দীক্ষা লাভে কৃতার্থ হইয়াছেন।

ত্রিদণ্ডসন্ন্যাস গ্রহণ

শ্রীচৈতন্যমঠাশ্রিত ভক্তবৃন্দের অন্যতম শ্রীপাদ বৈষ্ণবদাস দাস অধিকারী মহোদয় গত ২রা আষাঢ় ১৮ জুলাই তারিখে শ্রীবিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য শ্রীশ্রীমদ্ ভক্তিবিজ্ঞান সরস্বতী গোস্বামী মহারাজের নিকট ত্রিদণ্ডসন্ন্যাস গ্রহণ করিয়াছেন। তিনি বাল্যাবধি সন্ন্যাসু-সঙ্কিৎসু ছিলেন। বহুজন প্রথমঃ কিন্তাথ অবলম্বন করতঃ তাহাতে প্রকৃত সারের পথ দেখিতে না পাইয়া চৈতন্যগুরু কৃপায় শুদ্ধভক্তিসম্প্রদায়ৈকসংরক্ষক শ্রীমৎ প্রভুপাদের সন্ধান লাভ করেন এবং অবিলম্বে তাঁহার পাদপদ্মসেবায় আত্মোৎসর্গ করেন। তাঁহার বৈষ্ণবসেবায় প্রবল অনুরাগ ও ঐকান্তিক আদর্শ দর্শনে শ্রীগুরুপাদপদ্ম তাঁহাকে 'শ্রীবৈষ্ণবানন্দ ব্রহ্মচারী'—এই আশীর্ব্বাদসূচক কৃষ্ণাশ্রমীর নাম প্রদান করেন। তিনি শ্রীচৈতন্যমঠে ভক্তিশাস্ত্রী পরীক্ষায় কৃতিত্ব প্রদর্শনে শ্রীবিশ্ববৈষ্ণবরাজসভা হইতে 'ভক্তিশাস্ত্রী' উপাধিতে বিভূষিত হন। তাঁহার ভগবদ্ভজনে উত্তরোত্তর ঐকান্তিক অনুরাগ ও দৃঢ়তা দর্শনে কায়-মনোবাক্যে শ্রীগুরুবৈষ্ণবসেবায় অধিকার প্রদানেচ্ছু হইয়া শ্রীল পরমহংস মহারাজ তাঁহাকে ত্রিদণ্ডসন্ন্যাস প্রদান করিয়া চতুর্থাশ্রমে উন্নীত করিলেন। শ্রীপাদ বৈষ্ণবানন্দ প্রভু 'মুকুন্দসেবনব্রত' অঙ্গীকার করিয়া ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তি-প্রসূন বোধায়ন নামে শ্রীবৈষ্ণবসন্ন্যাস গ্রহণ করিলেন।

গ্রন্থ সমালোচনা

আমরা মাদ্রাজের নর্থগোপালপুরম্ স্থানে অবস্থিত শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত তামিল ভাষায় অনূদিত এবং 'শরণাগতি'-গ্রন্থ প্রাপ্ত হইয়াছি। গ্রন্থটী দৈব দমাজমুকুটমণি নিত্যলীলাপ্রবিষ্ট বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের বঙ্গভাষায় রচিত 'শরণাগতি' নামক গীতি গ্রন্থেরই তামিল ভাষায় অনুবাদ পুস্তক। যাঁহারা শুদ্ধ বৈষ্ণবগ্রন্থাদৃতো ঠাকুর মহাশয়ের উক্ত গ্রন্থখানি পাঠের সুযোগ লাভ করিয়াছেন, তাঁহাদের নিকট উহার পরিচয় অবিদিত নাই। তাঁহারা গ্রন্থের মর্ম্মার্থ উপলব্ধি করিয়া যথেষ্ট লাভবান্ হইয়াছেন। বঙ্গদেশে এই গ্রন্থখানির ৭৫০০ সংখ্যার মধ্যে সংরক্ষণ ইতোমধ্যেই সমাপ্তপ্রায়। বিশেষতঃ গৌড়ভূমে ভজনরাজ্যের রহস্যগুলি সরল বঙ্গভাষায় পাঠ করিতে সকলেরই কৌতূহল জন্মে। উড়িষ্যা অঞ্চলেও উক্ত গ্রন্থের একটী অনুবাদ হইয়া উক্তিস্থানবাসী শরণাগতিলিপ্সু ভক্তের শরণাগতি-শিক্ষার যথেষ্ট সুযোগ প্রদান করিতেছে।

প্রায় সার্দ্ধ সপ্তশত বৎসর পূর্ব্বে যে দাক্ষিণাত্য-প্রদেশে একজন গৌরসুন্দরের পুত্র পদাঙ্ক বক্ষে ধারণ করি। কৃতকৃতার্থ হইয়াছিল—যেখানের অধিবাসিগণ নবদ্বীপ-বাসী অপেক্ষা গৌরসুন্দরের অধিক কৃপার অধিকারী হইয়াছিলেন, কালপ্রভাবে আজ তাঁহারা সেই অমন্দোদার-দ্বারহারী গৌরবিগ্রহের নাম পর্য্যন্ত বিস্মৃতির অতলে

...ভরে ডুবাইয়া দিয়াছিলেন। তাই ...বারিধি গৌরনিত্য-জন শ্রীল প্রভুপাদ ...হাদের পুণ্যসৌভাগ্য প্রদানে ইচ্ছুক ...য়া ইতোমধ্যেই খ্রীকিণাতোর বিভিন্ন ...ভলে গমন ও স্থানে স্থানে গৌরপাচার ...ন পূর্বক তাঁহাদের হৃদয়ে গৌরস্মৃতি ...জাগরণের ব্যবস্থা করিয়াছেন। শুধু ...তাই নহে, যাহাতে তথায় শ্রীচৈতন্যবাণী ...র স্তরে প্রচারিত হইতে পারে, তজ্জন্য ...ও অনুগত প্রচারকগণকে তথায় অবস্থান ...রাইয়া শ্রীকৃষ্ণসিদ্ধান্তবাণী প্রচারের ...বিধা করিয়া দিয়াছেন। তাঁহার অনু- ...ত শ্রীপাদ বন মহারাজপ্রমুখ ত্রিদণ্ডি- ...ভিক্ষুগণের ঐকান্তিকী চেষ্টার ফলে ...ন্ধ্রদেশের নরসোপালপুরম্ (সোঃ কাযে ...ল) নামক স্থানে, কয়েকমাসাধিক একটী ...কৃষ্ণভক্তিপ্রচার কেন্দ্র স্থাপিত হইয়াছে।

সম্প্রতি এই 'শ্রীকৃষ্ণচৈতন্য' প্রতিষ্ঠানটির ...মিল ভাষায় অনূদিত হওয়ায় তত্রত্য ...ত্রিবাসিগণের বিশেষ সুবিধা হইয়াছে। ...খানি শ্রীযুক্ত পি, এন, শঙ্করনারায়ণ ...হার বি, এ, বি, এল কর্তৃক তামিল ...ষায় অনূদিত ও শ্রীযুক্ত সি, ভি, রঙ্গস্বামী ...য়ার কর্তৃক সংশোধিত হইয়া ত্রিদণ্ডি-স্বামী শ্রীমদ্ ভক্তিসুন্দর বন মহারাজের ...পালকত্বে তত্রত্য শ্রীগৌড়ীয় মঠ হইতে ...কাশিত হইয়াছে। শ্রীবেঙ্কটাদ্রি পর্বতস্থ ত্রিস্রোতকাচার্যবর্য অষ্টোত্তরশত-শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের ...কটী ইংরেজী 'মুখবন্ধ' তাহাতে সন্নি- ...শিত হওয়ায় গ্রন্থটীর গৌরব ও মর্য্যাদা ...রও বৃদ্ধিপ্রাপ্ত হইয়াছে এবং সকলেরই ...ক্ত মুখবন্ধ পাঠমাত্রে গ্রন্থতাৎপর্য্য ...ঙ্গমের যথেষ্ট সুযোগ হইয়াছে। আশা ...রি, দাক্ষিণাত্যবাসী প্রত্যেক ব্যক্তিরই উহা ...রম অবিল বিবান করিবে।

মাদ্রাজ জর্জ্জটাউনে সঙ্কীর্ত্তন শোভাযাত্রা

মাদ্রাজ ৬ জুলাই ১৯৭১ তারিখের ...টের সংবাদে প্রকাশ,—গতকল্য পূর্বাহ্ণ ...টা হইতে ১১ ঘটিকা পর্য্যন্ত মাদ্রাজ ...গৌড়ীয় মঠের ত্রিদণ্ডিস্বামিগণ সহরের ...নীচেটী, পাল্টাচী ষ্ট্রীট এবং রাজাপুরম ...ামক-স্থানের কিয়দংশ দিয়া এক বিরাট্ ...মসঙ্কীর্ত্তন-শোভাযাত্রা পরিচালিত করেন। ...শেষাধিক লোক শোভাযাত্রায় যোগদান ...রেন। শ্রীগৌড়ীয় মঠের স্বামিপাদগণই ...ত্রমহাপ্রভু শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যদেবের প্রবর্ত্তিত ...কৃষ্ণকীর্ত্তনের রীতি সর্ব্বপ্রথমে এই সহরে ...চার করেন। খঞ্জনী, মৃদঙ্গ-বাদ্যের ...ধনিই এবং নামাবলীর ভাবে শ্রীকৃষ্ণ-কীর্ত্তনের রীতি দর্শকগণের এক অভিনব ...দয়কর্ষক ব্যাপার হইয়াছিল।

ত্রিদণ্ডিস্বামিপাদগণ জর্জ্জটাউনের বিভিন্ন রাজপথসমূহ অতিক্রম করিয়া ৭৮নং লিঙ্কীচেটী ষ্ট্রীটে উপস্থিত হন এবং প্রচলিত অনুষ্ঠান মহোৎসবের সহিত শ্রীরূপের সেবা শ্রীমূর্ত্তি তথায় স্থাপিত করেন।

জর্জ্জটাউনস্থ পাণ্ডারপুরের শ্রীতুকারাম জীর অনুচরবর্গ 'সঙ্কীর্ত্তনসংঘ' নামক একটী সম্প্রদায় গঠন পূর্বক মহোৎসবে যোগদান করেন। ১২ ঘটিকার সময় মহা সমারোহে অনুষ্ঠান-কার্য্য সুসম্পন্ন হয়।

ধর্ম্ম কি ?

(১)

...তাহে এই দ্বিতীয় উপাধির বিষয়-বিবৃতি। আধিদৈবিক ও আধিভৌতিক ...গৎ ও দেহকে—যে ত্রিগুণ সম্বন্ধে নিমিত্ত অস্থিতিবদ্ধ ফলাফল আবেশ। আজ এই ...ধর্ম্মাবলম্বী উপাধি- ...ভের মধ্য আমাদের শুদ্ধ চিৎস্বরূপ বিচুপ্তপ্রায়।

পূর্ব্বেই বলি...ছি, পরমপুরুষ বিষ্ণু ...ভেদের প্রতি লক্ষ্য ...ভাবে স্বাভাবিক প্রেমাকর্ষণই তাহার সন্ধান করায়, পরাই মানবের নিত্যধর্ম্ম। প্রথম উপাধিসম্ভূত ভেদমূলক বাসনা, কামনা, ক্রোধ ও বিতীয় বিভাবিত মানবের মানসধর্ম্ম, এবং তৃতীয়োক্ত বি... উপাধি সংযোগে যাবতীয় দেহধর্ম্মের উৎপত্তি।

মানবমনীষার স্বাভাবিক বিশ্বাসই এই যে, মানবের ধর্ম্ম কখনও সব হইতে পারে না। ধর্ম্ম—মানবের নিত্য বস্তু, শ্রুতরাং উহার ও দর্শন কেন্দ্রবিন্দুতে ধর্ম্মের পার্থক্য সম্ভবযোগ্য নহে। তবে ধর্ম্ম বহুরূপী কেন ?

ধর্ম্মের বহুত্ব সোপাধিক মানবের উপাধিগণ ব্যাধিপ্রসূত। নিরুপাধিক অবস্থার ধর্ম্ম একই এবং উহাই মানবের নিত্য সত্য সনাতন ধর্ম্ম—বিশ্বমানবের একমাত্র মহা সম্মিলনক্ষেত্র।

জড়োপাধিপ্রাপ্ত মানবের দেশ কাল-পাত্র ভেদে প্রকৃতি-পার্থক্যক্রমে সোপাধিক ধর্ম্ম সহজেই পৃথক্ ভাবাপন্ন। বস্তুজ্ঞান-বিহীন জড়ীয় দর্শনসম্ভূত উপাধিসমূহ ব্যাধিক্রমেই দর্শনজগতে বিদ্বেষবহ্নি প্রজ্বালিত করিতেছে এবং করিতে থাকিবে। প্রাকৃত কবির কল্পনাপ্রসূত বিশ্বধর্ম্ম সোপাধিক সমাজে শান্তির স্নিগ্ধ ছায়া বিস্তার করিতে পারে নাই এবং কখনও পারিবে না। মানবসমাজের নিরুপাধিক অবস্থাই একমাত্র ধর্ম্মসমন্বয় ও মহামিলনের শান্তিময় নিকেতন।

বিচার বিশ্লেষণ-ফলে আমরা দেখিতে পাইতেছি, মানবের বিবিধ অবস্থা—মুক্ত বা নিরুপাধিক অবস্থা এবং বদ্ধ বা সোপাধিক অবস্থা। মুক্ত ভূমিকায় শুদ্ধ আত্মার বিশুচেতনের আনুগত্য বা সেবা ব্যতীত অন্য কোন ধর্ম্ম নাই। কিন্তু বদ্ধাবস্থায় দেহমনোধর্ম্মের বহুবৈচিত্র্য-বশতঃ মানব বহুরূপী এবং ধর্ম্মও সেখানে বহুরূপী।

নিরুপাধিক আত্মধর্ম্মের নাম পারমার্থিক ধর্ম্ম, আর দেহমনোধর্ম্মের নামান্তর আধিক ধর্ম্ম। পারমার্থিক সাধনে মানবাত্মার একমাত্র পরমাত্মপ্রীতি ভিন্ন অন্য ইচ্ছা থাকে না। দেহের তৃপ্তিসাধন-প্রচেষ্টাই দেহমনোধর্ম্মের পরিচায়ক। আধিক ধর্ম্মফল অনিত্য জাগতিক অভ্যুদয় হয়। উহা শারীরিক, মানসিক ও সামাজিক বিলাসিক। আত্মধর্ম্মোচিত প্রেমাকর্ষণ যখন পরমপুরুষের সেবাপ্রবৃত্তিতে পর্য্যবসিত হয়, তখনই পারমার্থিক সত্তা স্বরূপ তাহাতে প্রকটিত হয়। পারমার্থিক অনুশীলনে আমাদের আত্মপ্রতিষ্ঠা—ব্যষ্টির ও সমষ্টিগত জীবনের চরম ও পরম কল্যাণ-প্রাপ্তি সম্বন্ধের লক্ষ্য স্থির থাকে। আর আধিক

এক বস্তু সেই পারমার্থিক সম্বন্ধের
না হয়ত আর
হাবের সম্পর্কে সাধনেরই। আমরা অনুশীলনে যখন পারমার্থিক আত্মা ও বন্ধন ও স্বাতন্ত্র্য লাভ করে, তখনই মানব সমাজে পারমার্থিক অধিকার সৃষ্টি হয়—তখনই প্রকৃত সুখ ঘোষণা হয় আমাদের শেষ কামনা—জীবনের প্রেয় পরিতৃপ্তি।

কাম ও প্রেম

(১)

কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ ও মাৎসর্য্য—এই ছয়টী মানবের প্রবল শত্রু। কিন্তু পাশ্চাত্য রিপুর নেতৃত্বপদ গ্রহণ করিয়া কামই সমগ্র পৃথিবীকে জগতে নিজ আধিপত্য বিশেষভাবে ঘোষণা করিতেছে। কামেরই প্রলোভনার অনুপ্রেরণায় চালিত হইয়া মনুষ্যের অনর্থ উৎপাদন করে। কামের ন্যায় ভীষণ রিপু মানবের আর নাই। ইহার দ্বারা আক্রান্ত হইলে এমন কোন অনর্থ বা অন্যায় কার্য্য নাই, যাহা মানুষ না করিতে পারে। ইহার প্রভাবে নিতান্ত গর্হিত আচরণকেও সদাচার বলিয়া বোধ হয়; পাপকর্ম্মকেও ধর্ম্ম, অকর্ত্তব্যকেও কর্ত্তব্য এবং অমঙ্গলের অমানিশাকেও মঙ্গলের সুপ্রভাতি বলিয়া বরণ করিতে একটুও কুণ্ঠা হয় না।

অষ্টাদশশতাব্দীর 'জেসুইট' পাদ্রীরা ভীরুত্ব মনুষ্যকে প্রজ্বলিত অগ্নিকুণ্ডে কামীকৃত করিয়া কি কামেরই তর্পণ করে নাই ? নরহবিরলোলুপ 'কাপালিক' দম্ভ দেবী-পূজা ও ধর্ম্মসাধনের নামে নরবলি দিয়া ঐ দুর্দ্ধান্ত কামদেবেরই পূজা করে। আমরা বুদ্ধিমান আপাতদৃষ্টিতে নৈতিক এবং ধার্ম্মিক বলিয়া মনে করিতেছি তথাপি নিজ সম্বন্ধজ্ঞানের অভাবে ব্যাবহারিক পরিণামে সকলেই কামের ক্রীতদাস হইয়া পড়িয়াছি। অর্থলাভে, ভোগময় বিগ্রহ শ্রীরাধাগোবিন্দের সেবাপ্রবৃত্তিতে আমরা নীতি ও ধর্ম্মবিচারের দোহাই দিয়া আর যাহাই করি না কেন, সকলই কামতর্পণ। আপাত প্রেম-উপলব্ধির অন্তরে শাস্ত্রের মধুপুষ্পিত বাক্যে শ্রীমদ্ভাগবত মতি আমরা যে চতুর্বর্গ সাধনকে এত সম্মান করি, সেই ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষও কৈতবাত্মক ভোগ কামের পূর্তি-গন্ধে পরিপূর্ণ। কাম্যাসম্বন্ধেই জীবের এই ছয়রিপুকর্তৃক সংসারগতি লাভ হইয়া থাকে এবং মায়ামোহিত জীবগণ নিত্যই নব নব কামকল্পনার দ্বারা নিজের অনন্ত দুঃখের সৃষ্টি করে। পরব্যোমময় সমুদয় মানব হইতে পারম্ভ করিয়া পশু, পক্ষী, কীট, পতঙ্গ সকল প্রাণিই এই মোহকর কামের রূপে মুগ্ধ।

উপভোগের দ্বারা কামের পরিতৃপ্তি হয় না; বরং অগ্নিতে ঘৃতাহুতির ন্যায় বাসনার শিখা প্রবলা হইয়া উঠে। জগতে যে বিষয়ানী কামনার 'ক্ষুধা' রব উত্থিত হইতেছে, তাহা এই অতৃপ্তিরই ফল। সে শাস্ত্র কহিতেছেন,—"ন জাতু কামঃ কামানামুপভোগেন শাম্যতি।" প্রবৃত্তি কামিগণের জন্য স্বর্গাদি, পশুগণ, ভূতাদির ব্যবস্থা শাস্ত্রে দৃষ্ট হইয়া থাকে নৈমিত্তিক প্রবল প্রবৃত্তিগুলি বীজে ধ্বংস করিয়া নিবৃত্তিমার্গে প্রবেশের উপযুক্ত হইবে, উহাই ঐ প্রকার বিধানের উদ্দেশ্য কিন্তু তাহা হইতে উদ্দেশ্যানুরূপ ফলপ্রাপ্তি সম্ভাবনা অতি অল্প। বহু ভোগে ভোগের ক্ষুধা মিটে না; কেবল বাড়িতে থাকে। তাই কামিগণ 'দেহি' 'দেহি' ধ্বনিতে গগনপবন মুখরিত করিয়াও শা হইতেছে না। তত্তদ্ভোগের নীলাভূমি ঘূর্ণাবর্ত্তগুলি কে বর্ণন করিতে পারে কামনার উদ্দাম স্রোতগুলিও অনন্ত অসীম সাধক শাস্ত্র ও জীবন্মুক্ত সাধুগণ কহিয়াছেন,—"কাম জীবের স্বরূপগত ধর্ম্ম নহে বিকল্পের উপাধিযুক্ত ভ্রান্ত জীব কামকে উপাস্যবিগ্রহ জ্ঞানে আরাধনা করে।

মায়িক ব্রহ্মাণ্ডে প্রেমের অস্তিত্ব নাই তবের হাটে, 'প্রেম' নামে যে চাকচিক্য যুক্ত দ্রব্যটির খরিদ-বিক্রয় হইতেছে, সে অন্ত-সারশূন্য কামেরই প্রতিমা। অ মূল্য অপব্যবহারে বিনিময়ে প্রেম ব... কামপণ্যের ব্যবসায় চলিয়াছে।

গ্রন্থ-পরিচয়

শ্রীমদ্ভাগবতম

শ্রীমদ্ভাগবতম্ বেদব্যাস-প্রণীত মূল, শ্রীমদ্ বলদেব বিদ্যাভূষণ-কৃত তাৎপর্য্য-নির্ণয়টীকা, শ্রীমদ্ বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-কৃত সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, সাধুর অন্বয় ও প্রতিশব্দ, ভূমিকা ও বিস্তৃত্যাদিযুক্ত। প্রতি স্কন্ধের আদিতে সেই স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ অধ্যায়ের সারসহ সুবিস্তৃত তাৎপর্য্যাদি বিবৃত। শ্লোকসূচী বিষয়সূচী, অধ্যায়বিবরণ, পাত্র ও স্থানসূচীসহ উত্তম কাগজে উত্তম অক্ষরে মুদ্রিত। প্রথম হইতে ১০ম স্কন্ধ পর্য্যন্ত ছাপা সম্পূর্ণরূপে শেষ হইয়াছে। ভিক্ষা প্রথম হইতে ৯ম স্কন্ধ পর্য্যন্ত ২১৸০; দশম স্কন্ধ ১২৲; মূল ৯০৲।

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীমদ্ভাকৃষ্ণ গোস্বামীকৃত রচিত 'অমৃতপ্রবাহভাষ্য' ও শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লিখিত অনুভাষ্যে শ্রুতি-স্মৃত্যাদি বহু শাস্ত্রপ্রমাণ সম্বলিত হইয়া প্রকাশিত হইয়াছেন। শ্লোকের সারসংখ্যা, বঙ্গানুবাদও প্রত্যেক পয়ারের পূর্ব্বে সন্নিবিষ্ট অভিধেয় সংযোজিত। প্রত্যেক অধ্যায়-প্রারম্ভে কথাসার দেওয়া আছে। শ্লোক, পাত্র, স্থান, পাত্র প্রভৃতির পৃথক্ পৃথক্ সূচী ও গ্রন্থকারের বিস্তৃত জীবনী সম্বলিত এইরূপ অপূর্ব্ব সংস্করণ ইতঃপূর্ব্বে আদৌ প্রকাশিত হয় নাই। উত্তম কাগজে পারিপাট্যের সহিত সুন্দর অক্ষরে মুদ্রিত হইয়াছে। গ্রন্থ প্রায় ৫০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা বর্ত্তমানে ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত টীকা ভাষা, শব্দসূচী, পয়ারসূচী, বিষয়-সূচীপত্র পাঠাদি-সূচী, প্রভৃতি বিবিধ বিষয় সম্বলিত বিরাট দ্বিতীয় সংস্করণ সুন্দর ক্রাউন ৮ পেজী আকার। আদিখণ্ড ও মধ্যের কিয়দংশ প্রকাশিত হইয়াছেন। ক্রমে ক্রমে প্রকাশিত হইতেছেন। আদ্যম ভিক্ষা ৫৲ টাকা, আদি লীলার ভিক্ষা ৩৲।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের এরূপ অভিনব সুন্দর সংস্করণ আর কখনও প্রকাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকাংশের অন্বয়, বঙ্গানুবাদ, ভাষ্য, কথাসার, ভূমিকা প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। মূল মোটা অক্ষরে উৎকৃষ্ট ক্রাউন আটপেজী আকারে ছাপা হইয়াছে। মূল্য ২৷৹ টাকা। নদীয়া প্রকাশ ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১৷৹ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

—শ্রীগৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিঠাকুর গোস্বামিকৃত সারার্থবর্ষিণী বঙ্গানুবাদ ও শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'রসিক-রঞ্জন' ভাষ্যভাষ্যসহিতা। অধ্যায়সূচী, মাতৃকাক্রমে শ্লোক-সূচী, বিষয়-সূচী, গ্রন্থকারের জীবনী ও অবতরণিকাদি ভাষ্যভাষ্যবিবরণ-সহ উৎকৃষ্ট বাঁধাই তৃতীয় সংস্করণ—এই রাজ সংস্করণের ভিক্ষা ৫৲ টাকা মাত্র; সাধারণ সংস্করণ—১৷৹ মাত্র।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের সেই অমিয়া বিশ্বপাবিনী ভীষণভক্তিপ্রোদ্বোধিনী কৃষ্ণ-কার্ত্তনমন্দাকিনী জীবন্ত-বাণীর মূর্ত্ত-বিগ্রহ—বেদান্ত-ভাষ্য-রত্নমালার কৌস্তুভমণি—সম্প্রদায় বৈভববিস্তারনাগানের মৌলিক তথ্য—পঞ্চরাত্র ও ভাগবতের সমন্বয়ভাষ্য—মহাভারত-ব্যাসচরিত্র-শিক্ষক—ত্রিবিলাসচিন্তাক্রান্ত-অচিন্ত্য-ভিন্নাভেদ-শিক্ষক—ঐক্য ও মাধুর্য্যরসের মৌলিক গবেষণার—সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন তত্ত্বের সিদ্ধান্ত সমূহ।

১। প্রথম খণ্ড—বৈষ্ণবদর্শন, শ্রীগুরুতত্ত্ব, কালধর্ম্ম, শ্রীমন্মহাপ্রভাব, শ্রীবার্ষভানবী, পাঞ্চরাত্রিকী দীক্ষা ও বর্ণ বিচার, আত্মধর্ম্ম ও মনোধর্ম্ম, শ্রীচৈতন্যদেব ও তাঁহার শিক্ষা, অপ্রাকৃত সহজধর্ম্ম ও প্রাকৃত সহজধর্ম্ম, প্রভৃতি বিংশতি সংখ্যক রত্নে সুশোভিত। ভিক্ষা মাত্র ৸০ বার আনা।

২। দ্বিতীয় খণ্ড—ভক্তি ও সিদ্ধা ভক্তি, মনুষ্যের শ্রেষ্ঠতা কোথায়, অদ্বয়ে নিষ্ঠাহীনতা, শ্রীনর স্বামিপাদ ও মায়াবাদ, শ্রীগৌর-নিত্যানন্দ-প্রসঙ্গ, হিংসুকের দম্ভ ও কৃষ্ণ-কীর্ত্তন, শ্রীবাসপুরায় শ্রীমহাপ্রভুর নব কীর্ত্তন, শ্রীগৌর-নামের মহিমা, মহাপ্রসাদ, শ্রীগোবিন্দ, শ্রীকৃষ্ণপ্রণতিমন্ত্র-পথ, শ্রীমতী বৃন্দাদেবিনী, শ্রীচৈতন্যের দয়া, গোপিকাগণ ও কৃষ্ণসঙ্কীর্ত্তন—চতুষ্টয় অপূর্ব্ব মহিমাপূর্ণ-বক্তৃতা বিদ্যমান। ভিক্ষা ১৲ এক টাকা মাত্র।

প্রথম ও দ্বিতীয়—দুই খণ্ড একত্রে লইলে ভিক্ষা ১৷৹ দেড় টাকা, ডাক খরচ স্বতন্ত্র।

শ্রীমদ্ভগবদ্গীতা

গৌড়ীয়-বৈষ্ণবসার্শনিক-শেখর শ্রীশ্রীমদ্বলদেব বিদ্যাভূষণকৃত ভাষ্য ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের বঙ্গভাষায় বিস্তৃত 'বিবরণ' নামক ভাষ্যভাষ্য। অধ্যায় সূচী, বিস্তৃতসূচী, প্রতি শ্লোকের প্রথম ও দ্বিতীয় পাদ ভাষ্যকারের জীবনী প্রভৃতি সকলই উৎকৃষ্ট বাঁধাই, রাজসংস্করণ (তৃতীয় সংস্করণ) গ্রন্থের ভিক্ষা ২৲ টাকা।

প্রমেয়রত্নাবলী

শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ-প্রণীত বৈষ্ণবদর্শন, সর্ব্বজ্ঞ ও গোবিন্দ-ভাষ্যাদি পড়িবার প্রথম গ্রন্থ। উৎকৃষ্ট কালিতে ছাপা। সুবিস্তৃত টীকা ও প্রাঞ্জলবঙ্গানুবাদ-সাহায্যে অতি সহজে বালকেরও বোধগম্য হইয়া থাকে। ভিক্ষা ।৵০ আনা মাত্র

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

(প্রমাণখণ্ড) সানুবাদ। শ্রুতি-স্মৃত্যাদি গ্রন্থে শ্রীনবদ্বীপের যে মহিমা কীর্ত্তিত আছে, তাহার মূল সংস্কৃত ও অনুবাদ। ভিক্ষা ৵০ আনা।

শ্রীশ্রীনবদ্বীপভাবতরঙ্গ

শ্রীঠাকুর ভক্তিবিনোদ বিরচিত। সুললিত গীতিকাব্যে পরিক্রমার প্রত্যহাদি বিবরণ। ভিক্ষা ।০ আনা।

ভক্তিরত্নাকর ও নবদ্বীপ পরিক্রমা

শ্রীল নরহরি চক্রবর্ত্তী-ঠাকুর রচিত। ভক্তিরত্নাকর হইতে পরিক্রমাংশ মাত্র গৃহীত। শ্রীজীব গোস্বামী কি প্রকারে শ্রীনবদ্বীপধামের পরিক্রমা করিয়াছিলেন, তাহাই পদ্যে বিবৃত। ভিক্ষা ।৵০ আনা

শ্রীচৈতন্যশিক্ষামৃত

শ্রী ভক্তিবিনোদ ঠাকুর প্রণীত। শ্রীচৈতন্যদেবের শিক্ষাপ্রণালী—কৃষ্ণ, কৃষ্ণশক্তি ও জীব—বদ্ধ ও মুক্ত জীব অভিন্ন সম্বন্ধের তত্ত্ব—সাধন-নির্ণয়—প্রয়োজন-তত্ত্ব, কাম, প্রেমাদির বিচার—বৈধী ভক্তি, ভাবভক্তি প্রেমভক্তির নামভজন-প্রণালী ও অষ্টকালীয় লীলা পরিচয়াদি প্রথম শিক্ষার্থীর উপযোগী করিয়া সরল ভাষায় সমুদয় যুক্তিপ্রমাণসহ লিখিত আছে। চতুর্থ সংস্করণ মূল্য ৸০ টাকা, আধাবাঁধা ১৲০ টাকা মাত্র।

গৌড়ীয়কণ্ঠহার

শ্রীগৌড়ীয় বৈষ্ণবগণের অনুষ্ঠান কল্পে যাবতীয় প্রতি স্মৃতি পুরাণ-পঞ্চরাত্রাদি শাস্ত্র-শাস্ত্রসমূহের প্রমাণাদি বিস্তারিতভাবে সন্নিবেশ করিয়া। এইরূপ বৈষ্ণব সিদ্ধান্তের সারসমন্বয় অন্য কুত্রাপি প্রকাশিত হয় নাই। ইহাতে শুদ্ধাদ্বৈত—ভাগবত—বৈষ্ণব—গৌর—নিত্যানন্দ অদ্বৈত—কৃষ্ণ—শক্তি—জীবতত্ত্ব—জীব—অচিন্ত্যভেদাভেদ —অভিধেয়—সাধনভক্তি—বর্ণাশ্রম—আশ্রম-ধর্ম্ম—শুদ্ধভক্তি —উপাসনা—প্রয়োজন ও প্রমাণ-তত্ত্বাদি পৃথক্ পৃথক্ অধ্যায়ে শ্লোকাদি সহিত উৎকৃষ্ট এন্টিক কাগজে রেশমী কালিতে মুদ্রিত, উৎকৃষ্ট বাঁধা সোনার জলে নাম লেখা গ্রন্থ প্রায় ৪০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা ২৲ টাকা মাত্র।

শ্রীনবদ্বীপধাম-গ্রন্থাবলী

ভক্তিবিনোদ ঠাকুর রচিত 'নামমাহাত্ম্য—নাম মাহাত্ম্যের সপ্ত দিবা প্রমাণ খণ্ড—শ্রীল নরহরি চক্রবর্ত্তি ঠাকুরের নাম পরিক্রমা—ইংরাজী নবদ্বীপ পরিক্রমা—শ্রীমৎ প্রবোধানন্দকৃত নবদ্বীপশতকম্—শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ প্রভৃতি গ্রন্থ একত্র ভিক্ষা ১৷০ আনা মাত্র।

শ্রীহরিনামামৃত ব্যাকরণ

শ্রীল গোস্বামী প্রভুপাদ-বিরচিত মূল ও সংস্কৃত টীকা শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের ভূমিকা ও সূচী প্রভৃতি সহ অপ্রাকৃতাক্ষরে ছাপা। ভিক্ষা ২৲ টাকা, ছাত্রগণের পক্ষে ১৲ টাকা মাত্র।

বেদান্তসূত্রসার

শ্রীমদ্ভাষ্যাচার্য্য রচিত। বেদান্তের নিগূঢ়তৈতবাদ প্রচারক শ্রীল প্রভুপাদ আচার্য্যগণের বেদান্তভাষ্য উপযোগ করিয়া এই উত্তম করিয়াছেন। মূল বঙ্গানুবাদ ও সূচীপত্রাদি সংযোজিত করা হইয়াছে। মূল্য মাত্র ভিক্ষা ।০ আনা।

শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও নবদ্বীপশতক

গৌরকাব্যে দিগ্বধূ শ্রীমদ্ প্রবোধানন্দ [illegible] মূল, প্রভুপাদ শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী [illegible] সম্বলিত অন্বয়মুখে ব্যাখ্যা ও বঙ্গানুবাদ সহিত নবদ্বীপবাসীর ঐকান্তিকতা ও ঠাকুরের [illegible] ভাবময় শ্রীমদ্ভক্তিপ্রজ্ঞান একটী বিবৃতিসহ [illegible] সুন্দর চিত্র প্রদত্ত হইয়াছে। মূল ও কাগজ উৎকৃষ্ট [illegible] খানা একত্রে) ভিক্ষা ১৲ আনা, অতি উত্তম [illegible] সংস্করণ ১৲ টাকা মাত্র।

ভক্তিধর্ম্ম

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। এই একমাত্র গ্রন্থের জ্ঞান লাভ করিলে পারমার্থিক রাজ্যে কিছুরই অজ্ঞান বা সংশয় থাকিবে না। পরম গুরু শ্রীবৈষ্ণবগণ এই সরল ও জনপ্রিয়ী গ্রন্থ এ পর্য্যন্ত প্রকাশিত হয় নাই। বিদ্যাবাগীশ পাণ্ডিত্যাভিমানে এই গ্রন্থের অবজ্ঞা করিয়াছেন। আবার ধনিগণ ধনী, কপাটাদি ধারা নিজের মুখ করিতেছে। বিরাট গ্রন্থ, তাহার উপর নাম শুনিয়া, উহাই বাঁধাই—চতুর্থ সংস্করণ মূল্য ১৲ টাকা মাত্র।

প্রেমবিবর্ত্ত

শ্রীমন্মহাপ্রভুর অন্তরঙ্গ পার্ষদ শ্রীল জগদানন্দ প্রভু রচিত। এই পুস্তকে অতি সুললিত ভাষায় মহাপ্রভুর বিচিত্র লীলারহস্য বৈষ্ণবাচার্য্য, একাদশী ও মাসমাহাত্ম্য-পালনী প্রভৃতি অনেক বৈষ্ণবগ্রন্থের সমালোচনা দেখিতে পাইবেন। পাঠকীয় ৬৩৩ স্থানের বিশদার্থ ও গ্রন্থকর্ত্তার পরিচয়াদি-সম্বলিত চতুর্থ সংস্করণ মূল্য ৷৷৵০ দশ আনা মাত্র।

ভজনরহস্য

ভজনকারীর নিত্যসঙ্গী ; ঠাকুর ভক্তিবিনোদের অমূল্য দান ; নিখিল শাস্ত্রের নির্য্যাস। গ্রন্থখানি না দেখিলে পাঠক কখনই বুঝিতে পারিবেন না। ৫ম সংস্করণ মূল্য ৷৷০।

হরিনামচিন্তামণি

নামাচার্য্য শ্রীল হরিদাস ঠাকুরের মুখে শ্রীমন্মহাপ্রভু শ্রীনাম মাহাত্ম্য, নামাভাস, নামাপরাধ প্রভৃতি বিষয়ের যাহাকিছু বিচার শ্রবণ করিয়াছিলেন। এই বিষয়গুলির অতি সরল পয়ারে সংক্ষিপ্ত আলোচনা পরিশোভিতরূপে মুদ্রিত। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। পঞ্চম সংস্করণ মূল্য ৷৷০

কল্যাণকল্পতরু

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত। প্রত্যেক ভগবদ্বিশ্বাসী ও জ্ঞানপথের পথিকের একান্ত প্রয়োজনীয় উপদেশাবলীপূর্ণ ইতিহাস। সমাজে দেখাইবার জন্য লোকের এই ভজনরাজ্যের গ্রন্থরত্নের দ্বারা অনর্থনিবৃত্তি ও ভগবৎসেবা লাভ করিবার সুবিধা পাইবেন। ৪র্থ সংস্করণ, মূল্য ৵১০ আনা মাত্র।

শরণাগতি

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। ভগবানে আত্মসমর্পণ, বিজ্ঞপ্তি, ভজনলালসা, গড়ুরিদা শরণাগতি ও সিদ্ধিলালসা-বিষয়ক গীতিপূর্ণ, মূল্য ৵০ আনা মাত্র।

গীতাবলী

শ্রীঠাকুর ভক্তিবিনোদ-প্রণীত। নিত্য ভজন, আরাত্রিক ও প্রভাত-গোষ্ঠবাদি-বিষয়ক মধুর গীতামৃত একত্রে গ্রথিত। মূল্য ৵০ আনা মাত্র।

শ্রীসজ্জনতোষণী

রসিকেন্দ্রচূড়ামণি শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-বিরচিত রসগ্রন্থ। শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের অনুবাদ-সহ। মূল্য ৷৷০ আনা মাত্র।

শ্রীশিক্ষাষ্টক

শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ও শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর প্রতি শ্রীরূপ গোস্বামীর উপদেশবাণী, ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিষয়ে প্রাবহারিক সম্বোধন ভাষ্য, বিস্তৃত বিবৃতি, চরিতামৃতের প্রমাণ, সারার্থ ব্যাখ্যা ও মহাজন-প্রোক্ত অনুপযোগী গীতসমূহ প্রত্যেক শ্লোকের সহিত সন্নিবেশিত হইয়াছে। ৩য় সংস্করণ মূল্য ৷৵০ আনা।

সাধন-কল্প

শ্রীরঘুনাথ দাস গোস্বামীর মনঃশিক্ষা, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-চর্চিত পদ্যানুবাদসহ। মূল্য ৵০ আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা

শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয়ের সুপ্রসিদ্ধ প্রেমভক্তিবিষয়ক গানের পুস্তক। মূল্য ৵০ আনা মাত্র।

নবদ্বীপশতক

ঠাকুর ভক্তিবিনোদ-রচিত শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপাদের সংস্কৃত নবদ্বীপশতকের মূল ও পদ্যানুবাদ। মূল্য ৵০ আনা মাত্র।

অর্থপঞ্চক

শ্রীল লোকাচার্য্য রচিত। বৈষ্ণবতা-জ্ঞানের আকর পুস্তক। মূল্য ৵০ আনা মাত্র।

সদাচারস্মৃতি

শ্রীল মন্ত্রগোপাল-প্রণীত ; বৈষ্ণবের নিত্যকর্ম্মাদি সদাচার-বলী, বঙ্গানুবাদ সহিত। মূল্য ৵০ আনা মাত্র।

মণিমঞ্জরী

কবিকুলকেশরী শ্রীমদ্রাধামোহন ঠাকুর রচিত। শ্রীমদ্ভাগবতের সংক্ষিপ্ত জীবনলীলা ও মূল বৈষ্ণবতত্ত্বময়। সানুবাদ মূল্য ৷৷০ আনা মাত্র।

গৌরকৃষ্ণোদয়

প্রাচীন কবি শ্রীগোবিন্দ দেব প্রণীত শ্রীগৌরাবতারের প্রমাণপঞ্জী-সম্বলিত সংস্কৃত কাব্য। মূল্য ৷৷০ আনা।

মুক্তিমল্লিকা (ধর্ম্মসৌরভ)

শ্রীমদ্ভাগবতাচার্য্যপ্রবর শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ রচিত। বঙ্গানুবাদ সহ। এই গ্রন্থের প্রকাশ পারমার্থিক সাহিত্য-জগতে এই সর্ব্বপ্রথম। শ্রীমদ্ভাগবতাচার্য্য ঠক্কুর গোড়পাদন বিতীয় মধ্বাচার্য্য নামে খ্যাত শ্রীবাদিবরীর্থ পাদ্য এই গ্রন্থে সাধারণ যুক্তি ও লৌকিক ভাষাদ্বারা কিরূপ সুন্দররূপে ভাষ্যকারোক্ত-মতবাদ সমূহ খণ্ডন করিয়াছে, তাহা পাঠ করিতে করিতে আশ্চর্য্যান্বিত হইতে হয়। ইহাতে যুক্তির দ্বারা চার্ব্বাক, বৌদ্ধ, বৌদ্ধ, মীমাংসক ও মায়াবাদিমত-সমূহের সুন্দর খণ্ডন রহিয়াছে। মূল্য ২৲ টাকা মাত্র।

গোস্বামী শ্রীল রঘুনাথ দাস

(৺ বিমলপদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত ভূমিকা সহ) গৌরপ্রেষ্ঠ স্বরূপ-রূপের একমাত্র প্রিয়তম শ্রীল দাস গোস্বামী প্রভুর অপূর্ব্ব চরিতামৃত ও শিক্ষা অতীব প্রাঞ্জল ও সরল ভাষায় সন্নিবিষ্ট এবং পরিশিষ্টে দাসগোস্বামী প্রভুর বিরচিত কতকটী সাধনের মধুরতম স্তব ও মনঃশিক্ষা-সম্বলিত। মূল্য বাঁধাই ১০ আনা, আবাঁধাই ৵০ আনা মাত্র।

চিত্রে নবদ্বীপ

প্রাচীন নবদ্বীপের অবস্থিতি, তত্ত্ব, ঐতিহ্য, প্রোত ও ঐতিহাসিক প্রমাণসম্বলিত নবদ্বীপের সচিত্র বিবরণ-গ্রন্থ। রায় বাহাদুর রাজেন্দ্রনাথ ঘোষ এম, এ, প্রাক্তন (লাহোর), বেঙ্গল্যাক্টরণ মহোদয়ের কর্ত্তৃক সঙ্কলিত এবং ৪৭ খানি বিভিন্ন বর্ণের অপূর্ব্ব চিত্র দ্বারা চিত্রিত-সমন্বিত। প্রাচ্যবিদ্যামহার্ণব ডাক্তার শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু বিদ্যাবিনোদসম্পাদক মহাশয়ের বিস্তৃত ভূমিকা সহ। উৎকৃষ্ট (ইং) মলাটে বাঁধাই মূল্য ১৷৷০, ভি, পি, তে ২৲ টাকা মাত্র।

সাধক-কণ্ঠমালা

গুরুবন্দনা, বৈষ্ণব-বন্দনা, বৈষ্ণবগুরু, বাঙ্গালার গীত, শ্রীনামতত্ত্ব, শ্রীমন্মহাপ্রভুর অবোধ্যপত নাম, অষ্টপ্রহর নামকীর্ত্তন, শ্রীনামসঙ্কীর্ত্তন, প্রেমধ্বনি, বাউলসঙ্গীত, নবদ্বীপ-মহিমা, শ্রীমায়াপুর মহিমা, শ্রীনরোত্তম-প্রভুর অষ্টক, আচার্য্য-বন্দনা, ষড়্গোস্বামীর অষ্টক, প্রেমভক্তিচন্দ্রিকা, উপদেশমালা, নামভজন-প্রণালী, মহাপ্রভু ও তাঁর ব্রাহ্মণ সংবাদ, মনঃশিক্ষা, শ্রীগুরুপ্রণতি, শ্রীগুরু-পরম্পরা, মহাপ্রভুর বন্দনা প্রভৃতি সাধক ও সিদ্ধজীবনের বিভূষণরূপ, বৈষ্ণবগণের কণ্ঠস্থিত তুলসীমালার ন্যায় অমূল্য ও ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ। মূল্য ৵০, বাঁধাই ১০ মাত্র।

গৌড়ীয়-গৌরব

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয় সম্পাদক শ্রীপাদ ভক্তিরক্ষক শ্রীধর মহারাজের প্রদত্ত বক্তৃতার বিবরণ গ্রন্থকারে প্রকাশিত। ইহাতে গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ের ইতিহাস সুন্দরাকারে গ্রথিত হইয়াছে। মূল্য ৵০ মাত্র।

গৌড়ীয় সাহিত্য

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয়-সম্পাদক শ্রীপাদ ভক্তিরক্ষক শ্রীধর মহারাজের প্রদত্ত বক্তৃতার বিবরণ গ্রন্থকারে প্রকাশিত। ইহাতে সাহিত্য-শব্দের অর্থ এবং গৌড়ীয়-সাহিত্যের বিষয় সুন্দরভাবে বর্ণিত হইয়াছে। মূল্য ৵০ আনা মাত্র।

শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা-দর্পণ

শ্রীগৌড়মণ্ডলের যে সকল স্থানে সপরিকর শ্রীমন্মহাপ্রভু এবং তদনুগ পরবর্ত্তী মহাজনগণ লীলা করিয়া বিরাজিত, সেই সব আধুনিক ভৌগোলিক পরিচয় ও বৈষ্ণবিপ্রকাশিত পঞ্জিকার সহ যাত্রীদিগের সুবিধা নির্দ্দেশ ইত্যাদি বিষয়ক সন্নিবেশিত আছে। মূল্য ৷৷০ আনা।

THE HARMONIST
OR SHREE SAJJANATOSHANI

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রতিষ্ঠিত এবং শ্রীল ভক্তি সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত পারমার্থিক মাসিক পত্র। এখনে ইংরাজী ভাষায় অষ্টাবিংশ বর্ষ ডবলক্রাউন ৮ পেজী ৪ ফর্ম্মা আকারে প্রতি মাসে ১ নাসের ফিজর-বৈষ্ণবশ্রী লইয়া উপস্থিত হইতেছে। কাগজ, মুদ্রণ-পারিপাট্য ও চিত্রাদি অতীব চিত্তাকর্ষক। এই প্রকার উৎকৃষ্ট প্রবন্ধ অন্য কোন মাসিক পত্রিকায় দেখিতে পাইবেন না। বার্ষিক মূল্য ডাকমাশুলসহ ৩ টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বিশ্ববৈষ্ণব রাজসভার শুদ্ধভক্তিমঠসমূহ

শ্রীচৈতন্য মঠ

আকর মঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীধাম মায়াপুর, নদীয়া

শ্রীমায়াপুরস্থ ইষ্টক হইতে প্রায় ৩০০ হস্ত উত্তর-পূর্বে শ্রীব্রহ্মপত্তনে আচার্যবর্য শ্রীভক্তি-সুধর-ভবনে শ্রীশ্রীচৈতন্য-মঠ বিরাজমান।

এই স্থান সাম্বত-তীর্থ, পরবিদ্যাপীঠ বা সাম্বত ভজনস্থলী। এই মহাতীর্থে শ্রীহরি-নামামৃত ব্যাকরণাদি-বেদাঙ্গসমূহ, পরবিদ্যার অন্তর্গত কাব্য, নাটক, অলঙ্কার, তথা প্রমাণ-উপনিষদ্-গীতা-সূত্র-প্রস্থান-চতুষ্টয়ের অধ্যয়ন ও অধ্যাপনা এবং তথায় শ্রীগুরু-গৌরাঙ্গ-রাধাকৃষ্ণ-গিরিধর ও সাম্বত সাম্প্রদায়িক-আচার্য-চতুষ্টয় তাঁহাদের উপাস্য বিগ্রহের সহিত নিত্য সেবিত হইতেছেন। এই মঠরাজে পারমার্থিক দৈনিকপত্র সাম্বত-সম্প্রদায়ের অপ্রকাশিত ও সুপ্রাচীন গ্রন্থরাজি প্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় প্রতিষ্ঠিত হইয়াছেন প্রতিবৎসর শ্রীধাম-পরিক্রমানুষ্ঠান ও অন্যান্য ভক্তগোষ্ঠীর কীর্তন প্রচারমুখে মহামহোৎসবাদি ভক্তগণ অনুষ্ঠিত হইয়া থাকে। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপাদ নরহরিজী। সহকারী—শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী, পণ্ডিত শ্রীপাদ গৌরদাস ব্রহ্মচারী কাব্যব্যাকরণতীর্থ, শ্রীপাদ গৌরচন্দ্র ব্রহ্মচারী, শ্রীপাদ নন্দগোপাল ব্রহ্মচারী, শ্রীমধুসূদন ব্রহ্মচারী, শ্রীমদনগোপাল ব্রহ্মচারী, ভক্ত নরেন্দ্র, রবিদাস, হরিদাস ও শ্রীমোহন রমুন সজ্জনগণ।

ত্রিপুরিস্থায়ী শ্রীমদ্ভক্তিসুধীন তীর্থ মহারাজ এখানে হরিকথা কীর্তন করিতেছেন।

(২) শ্রীগৌড়ীয় মঠ

১৬ নং কালিপ্রসাদ চক্রবর্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

টেলিফোন বি. বি. ৪১১৫

শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত শুদ্ধনাম ভক্তিধর্ম-প্রচারোদ্দেশে গৌড়মণ্ডলের সর্বপ্রধান নগরী কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত আছেন। এই ভক্ত-সম্প্রদায়ে শ্রীগুরু-গৌরাঙ্গ-শ্রীবিনোদানন্দ জীউ সপার্ষদে নিত্য সেবিত হন। গৌড়ীয় আচার্যবর্যের যাবতীয় গ্রন্থাবলীর সুপ্রচারোদ্দেশে শ্রীমঠে সংলগ্ন একটী সুবৃহৎ মুদ্রা-যন্ত্রালয় সংস্থাপিত হইয়াছেন। পৃথিবীর সর্বত্র শ্রীগৌরনাম-প্রচারার্থ এই যন্ত্রালয় হইতে 'গৌড়ীয়' সাপ্তাহিক পত্র, বি হরমনিষ্ট মাসিক পত্রিকা ইংরাজী ভাষায় নিয়মিতভাবে প্রকাশিত হইতেছেন। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্তন, সপ্রমাণ-চতুষ্টয়-বেদান্ত, শ্রীমদ্ভাগবত, শ্রীচৈতন্য-চরিতামৃতাদি-লীলা ও অন্যগ্রন্থের সম্যক্ আলোচনা হইয়া থাকে। মঠরক্ষক—আচার্যাত্মিক শ্রীপাদ কৃষ্ণবিহারী বিদ্যাভূষণ। সহকারী—পণ্ডিত শ্রীপাদ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ বি-এ, শ্রীপাদ হাসবিহারী ব্রহ্মচারী, শ্রীপাদ জগদ্গুরুদাস বাসাধিকারী বি-এ, শ্রীপাদ জয়গোপাল বাসাধিকারী, ব্রহ্মচারী শ্রীকীর্তনানন্দ, ব্রহ্মচারী শ্রীগোরীমোহন, ব্রহ্মচারী শ্রীমধুসূদন, পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ পরবিদ্যালঙ্কার সপ্রমাণবৈষ্ণবাচার্য, শ্রীমদ্ভক্তিবাসাধিকারী বি-এ, শ্রীবৈষ্ণবচন্দ্রিক বকারী বি-এল, শ্রীমধুসূদন ভাগবতাবিদ্, শ্রীবিশ্বম্ভর ব্রহ্মচারী, শ্রীহরগোবিন্দ ব্রহ্মচারী প্রভৃতি।

(৩) যোগপীঠ শ্রীমন্দির

এই স্থান শ্রীজগন্নাথমিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগ-পীঠ। এখানে শ্রীলক্ষ্মীপ্রিয়া ও শ্রীবিষ্ণু-প্রিয়াসহ শ্রীগৌরনারায়ণ এবং শ্রীচৈতন্য শ্রীরাধাকৃষ্ণের নিত্য সেবা তথা শ্রীনব-দ্বীপের সেবা বর্তমান। রক্ষক—গোক-বান্ধব গোস্বামী ভট্টাচার্য। প্রভু শ্রীজগন্নাথ। সহকারী শ্রীনিত্যানন্দ প্রভবাসী, শ্রীরাধাবিনোদ ভক্তিভূষণ, শ্রীগোবিন্দ ব্রহ্মচারী। শ্রীসনাতন দাস অধিকারী, শ্রীকৃষ্ণদাস শ্রীবাসকক্ষ।

(৪) শ্রীবাস-অঙ্গন

শ্রীমন্মহাপ্রভুর কীর্তন-বিলাস বা গৌরলীলার স্থানস্থলী। এখানে শ্রীশ্রীগৌর-নিত্যানন্দ ও পঞ্চতত্ত্বের সেবা বর্তমান। রক্ষক—শ্রীপ্রভাকুসুম ব্রহ্মচারী।

(৫) অদ্বৈত-ভবন

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্তমান।

রক্ষক—শ্রীঅদ্বৈতানন্দ বাসাধিকারী, শ্রীমধুসূদন দাবাজী।

(৬) কাজীর সমাধি পাট

প্রাচীন মায়াপুর, বামনপুকুর (নদীয়া) গৌরকৃপাপাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীবিনোদবিহারী।

(৭) শ্যামসুন্দর-সুবর্ণ-কুঞ্জ

শ্রীগৌরহরি, স্বরূপগঞ্জ (নদীয়া) গ্রামে ঔবিষ্ণুপ্রিয় শ্রীল ভক্তিবিনোদঠাকুরের আবির্ভাব এবং শ্রীগৌরসুন্দরের এবং শ্রীশ্রীরাধা-মাধবের সেবা বর্তমান।

রক্ষক—ভক্তিকুসুম জাভার ব্রহ্মচারী কৃষ্ণাঙ্গিণী এল, এম, বম্বে।

(৮) শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

মফঃস্বলস্থিত।

রক্ষক—শ্রীযুতবর ভক্তিশাস্ত্রী এম, এ, বি, এল, সহকারী—শ্রীউদ্ধারণ ভক্তি-শাস্ত্রী, শ্রীউত্তম অধিকারী প্রভৃতি।

(৯) শ্রীগৌর-গদাধর-মঠ

চাঁদাতলী, মফঃস্বল, (বর্ধমান)

শ্রীল বাসুদেবঘোষের প্রার্থিত গৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরেরাম ব্রহ্মচারী, ভক্ত শ্রীগদাধর দাস।

(১০) শ্রীরূপগৌড়ীয়-মঠ

বাহিরগাছ, প্রয়াগ ষ্টেশন, পি

রক্ষক—শ্রীহরিদাস ব্রহ্মচারী, সহকারী—শ্রীসর্বেশ্বর ব্রহ্মচারী।

(১১) শ্রীমোদদ্রুমচন্দ্র—

মাটিগাছি, আমাগড়, বর্ধমান।

শ্রীবাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান।

রক্ষক—শ্রীবঙ্কবিহারী ব্রহ্মবাসী, ভক্ত দীনবন্ধুদাস।

(১২) ভাগবত আসন

শ্রীভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।

ভাগবতসিদ্ধান্ত গ্রন্থাবলীর প্রচার-কেন্দ্র।

রক্ষক—শ্রীকৃষ্ণানন্দ ব্রহ্মচারী ভাক্তপাণ্ডী

(১৩) শ্রীএকায়ন মঠ

গোবিন্দপুর, ঈশাখালী, নদীয়া।

রক্ষক—শ্রীমধুসূদনানন্দ ব্রহ্মচারী। সহকারী শ্রীহরিহর ব্রহ্মচারী, শ্রীজগগৌর বাসাধিকারী, শ্রীজগন্নাথ পাত্র, ভক্ত বিশ্বনাথ

(১৪) শ্রীমাধব গৌড়ীয় মঠ

৯০নং নবাবপুর রোড, ঢাকা।

পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র, এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ রাধাকৃষ্ণ-গিরিধরের সেবা বর্তমান।

রক্ষক—শ্রীরাধাবল্লভ ব্রহ্মবাসী, শ্রীপাদ ব্রহ্মানন্দ পরবিদ্যাবিনোদ বি-এ, শ্রীপ্রাণ-গৌর ব্রহ্মচারী, শ্রীজগগৌরাঙ্গ ব্রহ্মচারী, শ্রীপতিতপাবন ভক্ত।

(১৫) শ্রীগোপালজী মঠ

কমলাপুর, ঢাকা।

গোপালজীর শ্রীবিগ্রহের প্রাচীন সেবা

রক্ষক—শ্রীরাধারমণ ব্রহ্মচারী।

(১৬) শ্রীগদাই-গৌরাঙ্গ মঠ

ধরিত্রিজ্ঞ প্রচারিণী সভা, বালিয়াটি ঢাকা

শ্রীগদাই-গৌরাঙ্গের নিত্য সেবা

রক্ষক—শ্রীপূর্ণপ্রজ্ঞ ব্রহ্মচারী, শ্রীমঙ্গলাল ব্রহ্মচারী

(১৭) শ্রীভাগবতজনালয় মঠ

চিকলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-রাধাকৃষ্ণা-গিরিধারীর নিত্যসেবা বর্তমান। রক্ষক—প্রভবাসী শ্রীবনবাসজী।

(১৮) আমলাযোড়া প্রপন্নাশ্রম

রাজবাঁধ পোঃ বর্দ্ধমান।

শ্রীগুরুগৌরাঙ্গ-শ্রীরাধাকৃষ্ণা গিরিধারীর নিত্যসেবা। রক্ষক—ব্রজবাসী শ্রীহরি-কিশোর।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

পুরীধাম, পুরী, উড়িষ্যা।

প্রথমবার লাট বাহাদুরের বক্ষঃস্থলে বাম পার্শ্বের পকেটের পুরু পকেটবুকে লাগু নির্দ্দিষ্ট ভেদ করিয়া ব্যর্থ হয়। দ্বিতীয় গুলী তাঁহার উপর দিয়া চলিয়া যায়। দুইটী গুলী বর্ষণের পরেই যুবক আততায়ীকে জাপটিয়া ধরিয়া ফেলে এবং তাহার হস্ত হইতে রিভলভার কাড়িয়া লন। পুলিশ অদূরেই ছিল তাহারা যুবককে ধরিয়া ফেলে। পিস্তলটী পরীক্ষা করিয়া উহার মধ্যে ১টী তাজা গুলী দেখিতে পাওয়া যায়।

আততায়ীর পকেটে আরও কতকগুলি রিভলভারের গুলী পাওয়া গিয়াছে। আসামীকে তৎক্ষণাৎ গ্রেপ্তার করা হয়। সৌভাগ্য বশতঃ গভর্ণর বাহাদুর কোন আঘাত প্রাপ্ত হন নাই। ঘটনার পরিচয় প্রকাশ যে ঐ যে ফার্গুসন কলেজে মধ্যে এইরূপ ব্যাপার সংঘটিত হইল প্রকাশ, পুলিশ আততায়ী গোখলেটে বাসগৃহ খানাতল্লাস করিয়া ৪টি কার্ত্তুজ পাইয়াছে।

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও আদর্শচরিত্র শিক্ষকগণ ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

সবিস্তার সংবাদের জন্য নিম্নলিখিত ঠিকানা পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

—৫১ বৎসরের প্রতিষ্ঠিত—

উমাপদাসবে প্রস্তুত বটীকা

যা। শুক্রকাশনা, স্বপ্নদোষ, কোষ্ঠকাঠিন্য, অর্শ, ভগন্দর প্রভৃতি কত রোগীর রোগ নিরাময় হইয়াছে তাহা প্রকাশ করিলে বড় বড় পুস্তক হইয়া পড়ে।

ইহা

সকল ঋতুতে ব্যবহার চলে ও সমান ফল প্রদান করিয়া থাকে। প্রতি কৌটায় ৩২টী বটীকা থাকে।

কেবলমাত্র

প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা। ইহার নাম "আতঙ্কনিগ্রহ বটীকা"।

অন্যান্য ঔষধের তালিকার জন্য পত্র লিখিলেই পাইবেন

প্রাপ্তিস্থান :—আতঙ্কনিগ্রহ ঔষধালয়

২১৯ নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বিহাগোদয় পীযূষ

সর্ব্ববিধ স্ত্রীরোগের অব্যর্থ মহৌষধ

মফঃস্বলের সুবিধার জন্য ৭ মাঃ শিশিতে ঘনীভূত অবস্থায় ছোটবোতলের ঔষধ ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ১৲ আনা, পাঁইট ৯৲ আনা, বোতল ১৵ আনা।

আফিস—১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

শ্রীভাগবত প্রেস

গোয়াড়ী ষ্ট্রীট

কৃষ্ণনগর

এখানের বিবাহের নিমন্ত্রণ-পত্র, প্রীতি-উপহার, কার্ড, গ্রন্থ এবং অন্যান্য যাবতীয় কার্য্য ছাপা হইয়া থাকে। ছাপার দর বাজার দর অপেক্ষা সুলভ। পরীক্ষা প্রার্থনীয়

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস্, এম্, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈদ্যুতিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

৯৮ নং কটন ষ্ট্রীট, বহুবাজার, কলিকাতা।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈবপ্রাপ্ত যক্ষ্মার একমাত্র মহৌষধ

পনর দিনে সম্পূর্ণ আরোগ্য

রোগী দেখাইতে হইবে। অগ্রিম পনের পয়সা (যাতায়াত খরচ) পাঠাইলে বিনা রোগী দেখা হয় অথবা এখানে আসিলে রোগী দেখিয়া ঔষধ দেওয়া হয় আরোগ্য না হওয়া পর্য্যন্ত পারিশ্রমিক দিতে হইবে না। গরীব রোগীদের খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়। বিস্তারিত বিবরণের জন্য এক আনার ডাক টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীকালীপদ্ম উকীল, যক্ষ্মা-চিকিৎসক, পোঃ নৈকাঠী, বরিশাল।

অথবা নিম্ন ঠিকানায় সাক্ষাৎ করিয়া বিস্তারিত জানিতে পারেন।

শ্রীযুত রামগোপাল দত্ত এম্, এ, কৃষ্ণনগর, নদীয়া। শ্রীযুত ধরণীধর সিংহ, ১২৭, বেণিয়াটোলা ষ্ট্রীট, হাটখোলা, কলিকাতা।

একখানি পত্র : মা আমার লাবণ্যপুর গত ছয় মাস যাবৎ রাজ যক্ষ্মায় ভুগিয়া ভুগিয়া হতাশার হইয়াছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাহার জীবনের আশা ত্যাগ করিয়া শেষ মুহূর্ত্তের জন্য অপেক্ষা করিতেছিলেন এই সময় শ্রীযুত কালীপদ্ম উকীল মহাশয় মাত্র ১০ দিন চিকিৎসা করিয়া সম্পূর্ণ আরোগ্য করিয়া দিয়াছেন। (সাঃ) শ্রীবরেন্দ্র কিশোর রায় চৌধুরী (জমিদার পাবনা) ৪৭ ষ্ট্রীট, নিউ বিল্ডিং। করপোরেশন ষ্ট্রীট ডিপো টমেন্ট, কলিকাতা।

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার—গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেন গ্রাহকগণ

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কসে

এত প্রশংসা করেন

—কারণ—

এখানে যাবতীয় ছাপার কার্য্য—

গ্রন্থাদির কার্য্যই বলুন,

বিবাহের নিমন্ত্রণ পত্র, কার্ড, বিবাহের পদ্যই বলুন,

আর ৩ রং ও ৪ রংএর হাফটোন ব্লকই বলুন, সকল কার্য্যই সত্বর ছাপা হয়, অথচ ছাপাইবার খরচ বাজার অপেক্ষা সুলভ।

আপনার কিছু ছাপার কার্য্য থাকিলে নিম্নঠিকানায় জানাইলেই পাইবেন।

ম্যানেজার—গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

২৪৩।২ নং আপার সারকুলার রোড, কলিকাতা

কৃষ্ণনগর নদীয়া প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস হইতে—শ্রীকৃষ্ণকিঙ্কর ব্রহ্মচারী ভক্তিকুসুম এম্ এস্ এস্ কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পায়

দৈনিক পত্র

ধাম—মায়াপুর—নদীয়া



৬ষ্ঠ বর্ষ | ২৬ বামন গৌরাব্দ ৪৯৭, ৯ই শ্রাবণ বঙ্গাব্দ ১৩৩৮, ২৫ জুলাই ইং ১৯৩১ শনিবার | ১২২তম সংখ্যা।

চিরনূতন

"প্রেমাঞ্জনচ্ছুরিতভক্তিবিলোচনেন
সন্তঃ সদৈব হৃদয়েষু বিলোকয়ন্তি।
যং শ্যামসুন্দরমচিন্ত্যগুণস্বরূপং
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি॥

অনেক মনোধর্মী ব্যক্তির মুখে প্রায়ই শুনা যায়,—"সকলে এক কথা কি ভাল লাগে? 'নবীন-প্রকাশ', গৌড়ীয় ইত্যাদি পত্রে ও প্রচারকবর্গের প্রচারে এক পরমতত্ত্বকথারই "চর্ব্বিত চর্ব্বণ" চলিতেছে, কটুকু অন্যান্য কথার সঙ্গে মিশাইলে নূতন ও রুচিকর হইত।" এই সকল 'নবীনের উপাসকগণ সতত পরিবর্ত্তনশীল অনিত্য ও অসদ্ বস্তুর বাহুরূপে বিমোহিত বলিয়াই ঐপ্রকার বলেন। ভক্তিরসযুক্ত (?) আত্মধর্ম্ম গলাধঃকরণ করিবার নিমিত্ত মনোধর্ম্মের চাটনীপূর্ণ 'চাটনী' প্রস্তুত করিব,—ভক্তকে আত্মস্থ করিবার জন্য জড়ের সহায়তা গ্রহণের দরকার আছে, নতুবা জনসাধারণের প্রীতিকর হয় না" একদল লোকের এইপ্রকারের ভ্রান্ত ধারণা আছে। কিন্তু জড়ধর্ম্ম যে চেতনের সম্পূর্ণ বিপরীত, তাহা তাহাদের বোধগম্য হয় না।

পূর্ণোন্মুখী ব্যক্তি যেরূপ পশ্চিম দেশের বিপরীতদিকেই অগ্রসর হইতে থাকে, তদ্রূপ আত্মধর্ম্মানুশীলনকারিগণ সতত যেন শ্রীভগবানে হোচখানা প্রবৃত্তি সহকারে সেবানুকূল-পথেই অভিগমন করেন, যাহাতে দেহমনোধর্ম্মরূপ ঔপাধিক বিরুদ্ধ ভাবের অবকাশ নাই। নিখিল সৌন্দর্য্য ও মাধুর্য্যরসের আলয় শ্রীশ্যামসুন্দরের নিত্য রূপ, নাম, গুণ, লীলা প্রভৃতি কীর্ত্তন করিতে যাইয়া প্রেমরসিক ভক্ত এত তন্ময় হইয়া পড়েন যে, প্রেমসঙ্গের মহিমাগানের নিমিত্ত কোটি জিহ্বা প্রার্থনা করেন, আবার সেই অপূর্ব্ব গুণাবলীর নিরন্তর শ্রবণলোলুপতাবশতঃ অন্ততঃ একটী শ্রবণেন্দ্রিয়কে বিধাতার প্রদান করিয়া অযুত শ্রবণপ্রাপ্তির লালসা হয়। শ্রীগোবিন্দের অপ্রাকৃত শোভা-সন্দর্শন-প্রয়াসিনী ব্রজরামাগণ পলকযুক্ত নয়নের নিন্দা করিয়া পলকহীন কোটি চক্ষুর প্রার্থনা করিয়াছেন। উপাস্য প্রভুর সেবার জন্য সর্ব্বস্ব নিবেদন করিয়াও ভক্তপ্রাণের তৃপ্তি যেন আর পরিতৃপ্ত হয় না। সেই প্রভুর স্বরূপই ক্রমবর্দ্ধনশীল। অভক্তগণ চিদ্বৈচিত্র্যের মর্ম্মাবধারণে সম্পূর্ণ অক্ষম। কবিকুলশেখর শ্রীল কবিরাজ গোস্বামী গাহিয়াছেন,—

"জনমে মরয়ে যেই চৈতন্য নিত্যানন্দ।
এসব সিদ্ধান্তে সেই পাইবে আনন্দ॥
এ'সব সিদ্ধান্ত হয় আমের পল্লব।
ভক্তগণ কোকিলের সর্ব্বদা বল্লভ॥"

যাঁহারা শুষ্ক জ্ঞানের 'পুঁজিপাটা'র বলে ভগবান্‌কে মাপিতে চেষ্টা করেন, তাঁহাদের সম্বন্ধে আবার অন্যত্র কহিয়াছেন—

"অজ্ঞানিনো জ্ঞানী আত্মমদে শুষ্কজ্ঞান।
কৃষ্ণপ্রেমামৃত পান করে ভাগ্যবান্॥
অসত্য কর্কশ তুচ্ছ জ্ঞাননিষ্ফলে।
রসজ্ঞ কোকিল খায় প্রেমাম্র-মুকুলে॥"

রসজ্ঞ ভক্ত কোকিলগণ কৃষ্ণভক্তিরসরূপ চূতমুকুলে বিহার করিয়া প্রেমোন্মুক্ত পঞ্চম তানে শ্রীভগবানের গুণগান করেন, জ্ঞানরূপ নিষ্ফলের বাহ্য চাকচিক্য তাঁহাদিগকে প্রলুব্ধ করিতে পারে না।

এই পরিদৃশ্যমান বিশ্বের সমস্ত সৌন্দর্য্য, ঐশ্বর্য্য ও মধুরিমা ভগবদ্ধামেরই বিকৃত প্রতিফলন এবং যে জড়রস সমূহ বদ্ধজীবের চিত্ত বিভ্রম উৎপাদন করিয়াছেন, তাহাও সর্ব্বপ্রকার আবিলতাশূন্য অতি উপাদেয় চিন্ময় গোলোকরসেরই কুণ্ঠাবগুণ্ঠিত হেয় প্রতিবিম্ব। যাহারা অনন্ত মাধুর্য্যবিগ্রহ শ্রীকৃষ্ণের অমৃত, অশোক, অভয়পদ আলোচনাতে পরিতোষ না পাইয়া জড়ীয় বিকৃত বিষয়ের 'চাটনি' দিয়া উহা মুখরোচক করিতে চাহেন, তাঁহাদের বিশেষ 'কুগ্রহের' সঞ্চার হইয়াছে, সন্দেহ নাই। নিখিল শাস্ত্রগণ তারস্বরে গাহিতেছেন,—কৃষ্ণই একমাত্র নবীন,—তিনি নিত্যসনাতন হইয়াও নিত্য নূতন, তিনি—নব নব নবীনতার আধি ও অক্ষয় প্রস্রবণ। তিনি—সমগ্র যশঃ, শ্রী, ঐশ্বর্য্য, জ্ঞান ও বৈরাগ্যের অবিনশ্বর আধার। চেতনাচেতন যাহা কিছু, তাঁহা হইতেই সম্প্রকাশিত, আবার তাঁহারই ইচ্ছা ক্রমে মহাপ্রলয়ে সমস্ত ধ্বংস হইয়াও একমাত্র তিনিই বিদ্যমান থাকিবেন। পরিপূর্ণ সৌন্দর্য্যময় শ্রীকৃষ্ণের প্রতি অযুত নিখিল চেতনের আকর্ষণকারী শোভা-বিশিষ্ট। তাহাতে জড়চেতনের মত খণ্ড ব্যাপার নাই। সেই সুন্দরতম শ্যামসুন্দরের "পরব্রহ্মতত্ত্বরূপ • ধাম্নোধিশেষাতে আছেই হইয়া জগদ্গুরু অর্থাৎ শ্রীমতী রাধিকা স্বয়ংরূপনিত্য সুখ লাভ করিতেছেন।"

হায়, জাগতিক নশ্বর রূপ-রসের মোহে আসক্ত মানব জানে না যে,—

"ন তত্র সূর্য্যো ভাতি ন চন্দ্র-তারকং
নেমা বিদ্যুতো ভান্তি কুতোঽয়মগ্নিঃ।
তমেব ভান্তমনুভাতি সর্ব্বং
তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতি॥"

শ্রীহরির গুণকর্ম্ম, নিত্য নবসুষমাময় কথা শ্রবণপূর্ব্বক নিত্যশ্রবণ কিম্বা কীর্ত্তনের ফলে শ্রীহরির প্রতি সত্বর স্বয়ং ভক্তের উদিত হন। হরিকথামৃতই চিত্তের পরম পাবন, বর্ষাকালীন বেগবতী জাহ্নবী প্লাবনে দিগ্‌দেশ নির্ম্মল হওয়ার ন্যায় হরিকথামৃত সরিৎপ্রবাহে চিত্তের সমস্ত অকল্প বাসনারাশি সমূলে ধ্বংস প্রাপ্ত হয়। হরিকথা শ্রবণের মাহাত্ম্য সম্বন্ধে শ্রীমদ্ভাগবত উচ্চরবে কহিতেছেন.—

"পিবন্তি যে ভগবত আত্মনঃ সতাং
কথামৃতং শ্রবণপুটেষু সম্ভৃতম্।
পুনন্তি তে বিষয়বিদূষিতাশয়ং
ব্রজন্তি তচ্চরণসরোরুহান্তিকম্॥"

কমলাসনবিহারী মধুকর কখনও বিষ্ঠাকূপে গমন করে না। যাঁহারা গৌড়ীয় নবীন প্রকাশে পাঠের অভিনয় করিয়া অন্ধ জড়েরই জয় গাহেন, তাঁহারা নিছাকড়ি মানবিধ মুদ্রা প্রদর্শন করিলেও ভক্তগণ তাহাদের "বিষকুম্ভ-পয়োমুখ" স্বভাব বুঝিতে পারেন।

নব নব রসধাম শ্রীভগবানের নাম-রূপ-গুণলীলা-পরিকরাদির কথাও নিত্য নবনবায়মান রসযুক্ত, যতই আলোচনা করিবেন, ততই নব নব স্বাদ অনুভব করিতে পারিবেন।

তারের সংবাদ

মাদ্রাজ হাইকোর্টের অবসরপ্রাপ্ত জজ পরমভাগবত সার সদাশিব আয়ারের কনিষ্ঠ পুত্র টি এস রামচন্দ্র আয়ার আই, সি, এস সার্ কলেক্টর মহোদয় আজ ষষ্ঠময়

শ্রীচৈতন্য মঠের শাখা মাদ্রাজ গৌড়ীয়মঠের শ্রীবিগ্রহের সেবার্থ প্রায় একবিঘা ভূমি দান করিয়াছেন। উক্ত মঠের সেবকগণ আরও একবিঘা ভূমি ক্রয় করিয়া আগামী রবিবার দিবস (২৯শে জুলাই) বিরাট সঙ্কীর্তন সহযোগে উক্ত জমি দখল করিবেন।

বিশ্বধর্ম্ম-প্রসঙ্গে

(শ্রীপাদ সুদর্শনসনাতন ভক্তিশাস্ত্রী)

আজ বিশ্ব-মানব-সমাজ ভোগের স্রোতে ভাসিয়া চলিয়াছে। প্রকাশ্য অথবা প্রচ্ছন্নভাবে ঐহিক ভোগ-সুখ-লিপ্সাই মানব-জীবনের একমাত্র উদ্দেশ্য হইয়া দাঁড়াইয়াছে। ব্যষ্টিগত-স্বার্থি মহাব্যাধিরূপে সমষ্টিতে সংক্রামিত হইয়া পড়িয়াছে। ভোগসুখ-লালসায় সমাজ আজ স্বার্থপর ও বিচ্ছিন্ন জ্ঞানশূন্য। সমাজ জীবনে ধর্ম্মের স্থান নাই। স্বেচ্ছাচারিতাই ধর্ম্মের স্থান অধিকার করিয়াছে। তাই ব্যক্তিচারের ভিষম পরিণাম আজ সমাজশরীরের সর্ব্বত্র প্রকটিত।

আমাদের দুর্ভাগ্য, নিরপেক্ষ বিচার এখন আর আমাদের নাই। পাশ্চাত্য সভ্যতাপ্রোত-প্রবাহে আমরা গড্ডলিকার ন্যায় ভাসিয়া যাইতেছি। পাশ্চাত্য সমাজ আমাদের জীবন-যজ্ঞের ভাগ্যনিয়ন্তা—শিক্ষা ও দীক্ষা-গুরু। নিত্য সত্য-স্বরূপ বেদধর্ম্মের ব্যাখ্যাতা—মোক্ষমূলর। বেবের, বেনফী, হুইটনী, মেসিনের, কীলহর্ণ, বর্থেল—আমাদের শাস্ত্রোপদেষ্টা। টলষ্টয় এখন মানবধর্ম্মশাস্ত্রপ্রণেতা ব্রহ্মার মানস পুত্র মনুর আসনে সমাসীন।

আমরা বিচারবিমূঢ় ও আত্মবিস্মৃত হইয়া এই পারমার্থিক ভারতে পাশ্চাত্যের ভোগবিলাসবিভ্রমরূপ মরণের পথকেই বরণ করিয়া লইয়াছি। মাস্তিক্যবাদমূলক স্বেচ্ছাচারিতামূলক ব্যক্তিচারের বিকট বীভৎস-তাণ্ডবলীলা আজ মনুষ্যত্বীনে সমাজের সর্ব্বত্র প্রকটিত।

স্বেচ্ছাচারিতার পূতিগন্ধময় ব্যক্তিচারের আবরণ কেহ কেহ দিয়া দেখাইবার আপ্রাণ চেষ্টা করিতেছে, সেখানে পারমার্থিক-ধর্ম্ম-সম্বন্ধস্মৃতি ভোগ-লালসার অতল তলে নিমজ্জিত। আধুনিক সমাজশাসনগুলি দেহ ও মনের প্রিয়কর প্রয়োজন সাধনে বিব্রত। মানবমনোবিজ্ঞানশাস্ত্রের প্রতি তাহাদের যে ভোগাত্মকপ্রবৃত্তিপরক নহে, বর্ণাশ্রম ধর্ম্মের যে আদর্শ হইতে আমরা পতিত। দৈববর্ণাশ্রমকে ভোগ-বুদ্ধিবশে যৌক্তবর্ণাশ্রমে পরিণত করিয়া স্বার্থসিদ্ধির পথ উন্মুক্ত করিয়া রাখিয়াছি। জড়দর্শনাক্রান্ত চেতন পুরুষ মানবাত্মার ভোগবুদ্ধি নিসর্গপ্রভাবে প্রবল হইতে প্রবলতর হইয়া উঠে। সেই ভোগ-পরায়ণতাকে সংযমের দ্বারা নিয়ন্ত্রিত করিয়া নিবৃত্তিপরায়ণ স্বরূপবৃত্তিরূপ আত্মধর্ম্মাভিমুখী করাই যে সংহিতাধর্ম্মের চরম লক্ষ্য, সে তত্ত্ব আজ আমাদের লক্ষ্যের বহির্ভূত। আমরা আজ পারমার্থিক স্বরূপ হইতে বিচ্যুত ও মায়ামরীচিকার পশ্চাতে প্রধাবিত।

প্রাকৃত জগতের ভোগ-বিলাস বুদ্ধি-বিজৃম্ভিত ভাবধারা আজ মানবজীবনের চরম ও পরম কল্যাণপ্রদ পারমার্থিক চিন্তাধারাকে বিলুপ্তপ্রায় করিয়া রাখিয়াছে। বিকৃতমস্তিষ্ক মানব যেমন তাহার অপ্রাকৃত-সঞ্জীবন-সামর্থ্য সত্ত্বেও জীবনের প্রকৃত প্রয়োজন সাধনে সক্ষম হইতে পারে না, সেইরূপ আজ আমাদের পারমার্থিক সম্বন্ধবিবর্জ্জিত কপটজীবনের সকল চেষ্টা, সকল অনুষ্ঠান জীবন-যজ্ঞের কোন সার্থকতা সম্পাদনে সমর্থ হইতে পারিতেছে না।

আমাদের স্বকপোলকল্পিত সংযোগ-কারিতা—অসৎশক্তিতত্ত্ববিদ্যা প্রভৃতি বিসদৃশ আদর্শের বিকৃত উদ্ভাবনগুলি প্রাকৃত জগৎকে উদ্বেলিত করিয়া একটী সাময়িক উত্তেজনার সৃষ্টি করিতেছে সত্য, কিন্তু মানবজগতের নিত্য কল্যাণসাধনের ক্ষেত্রে কেবল অনিত্য মায়ের পরিচয় হইয়া পড়িতেছে।

প্রাকৃত অথবা প্রচ্ছন্নভাবে জনক-জননী-প্রতিষ্ঠা-লোলুপ অপার মানব জীবনে বিশ্বপাতৃত্ব কল্পনা—অলীক স্বপ্ন মাত্র। সে নিজ জীবনের মঙ্গলের সন্ধান জানে না—দেশের মঙ্গল—দেশের মঙ্গল—বিশ্বের মঙ্গল তাহার পক্ষে শুধু বিড়ম্বনা নয়, বাতুলতার প্রকৃষ্ট দৃষ্টান্ত।

আমরা বর্ত্তমান শিক্ষাসভ্যতার নিষ্প্রাণ আদর্শে আত্মহারা হইয়া সমাজ-সংস্কারের চেষ্টার কখন কখন সমাজ-সংহারে প্রবৃত্ত হইতেছি। আর্য্য ঋষিগণের অমর অবদান আর্ষপ্রজ্ঞানসম্ভূত বিধিবিধান-বিচিত্র সংযম নিয়ন্ত্রিত দৈববর্ণাশ্রম-সমাজবন্ধন আজ আমাদের দেহ ও মনের প্রিয়কর নিবন্ধন ভোগবিলাস পথে বিষম অন্তরায় হইয়া উঠিয়াছে। স্বেচ্ছারাণী মনোরমা আমরা ধর্ম্মকে একটী কল্পনার বস্তু বলিয়া বোধ করি। ফলে ধর্ম্ম যখন আমাদের ভোগ-পথের পরিপন্থী হয়, তখন কাল্পনিকতার বলে ধর্ম্মাদর্শের রূপান্তর ঘটাইয়া সংস্কার-ছলে আমরা দেশের ও দেশের সর্ব্বনাশের পথ প্রশস্ত করিতে পশ্চাৎপদ হই না।

বিশ্বমানবতা বিশ্বমানবধর্ম্ম, চিরন্তন-সমন্বয় প্রভৃতি বৈদম্যময় জড়তত্ত্বের সাম্যবাদ বা সমন্বয়প্রচেষ্টা দ্বারা বিশ্বকল্যাণের বিবর্ত্তে আমরা অকল্যাণের মাত্রাই বৃদ্ধি করিয়া আসিতেছি।

একমাত্র বিশুদ্ধ নিত্য সত্য সনাতন আত্মধর্ম্মরূপ বিশ্বমানবের অকপটনিষ্কপটে নিত্যধর্ম্মের মহাসমন্বয় দিতে পারে। আর সেই আত্মধর্ম্মের অনুসরণই নিখিল পরম ও চরম কল্যাণপ্রদ।

আমাদিগের রাজনীতি, সমাজনীতি, অর্থনীতি, ধর্ম্মনীতি প্রভৃতি সকল নীতিই পারমার্থিক সত্যধর্ম্মনীতির আনুগত্যে পুষ্টতা লাভ করে। যেখানে পারমার্থিক ধর্ম্মের আনুগত্য নাই, সেখানে সকল শুভানুষ্ঠান-চেষ্টাই জগজ্জঞ্জাল সৃষ্টি করিয়া থাকে। এই পারমার্থিক ধর্ম্মই নিত্যসত্য সনাতন আত্মধর্ম্ম—শুদ্ধভক্তিধর্ম্ম বা বৈষ্ণবধর্ম্ম।

আজ আমাদের পরম সৌভাগ্য—বিশ্বগুরুর পরম সৌভাগ্য, এই পার-মার্থিক ভারতের প্রধান কেন্দ্র কলিকাতা মহানগরীতে বিশিষ্ট বৈদান্তিক বিদ্বজ্জনকে মিলিত করিয়া শ্রীগৌড়ীয়মঠ সেই নিত্য সত্য আত্মধর্ম্ম বা ভক্তিধর্ম্মের বিশ্ব-বৈষ্ণবসভা সংস্থাপিত হইয়াছে। আজ গৌড়ীয়-মঠাচার্য্য বিশ্বমানবকে বিশ্বমানবতার মূলতত্ত্ব বিশ্ব মঙ্গল বিশ্বমানবধর্ম্ম শ্রীশ্রীচৈতন্যমহাপ্রভুর মহাসঙ্কীর্ত্তনযজ্ঞের আহ্বান করিতেছেন।

হে ভারতবাসি, হে বিশ্ববাসি, আসুন সকলে আজ এই মহাসঙ্কীর্ত্তনে যোগদান পূর্ব্বক পরস্পর বিবদমান অশান্তিময় দেহ ও মনোধর্ম্মের কবল হইতে পরিত্রাণ লাভ করি। ভূমণ্ডল আত্মধর্ম্মের আশ্রয় গ্রহণ করি।

বেদান্ত সিদ্ধান্ত সমাদৃতি

(৬)

আনন্দময় পরম পুরুষই ব্রহ্ম। ব্রহ্ম নিত্যানন্দময় ও পরিপূর্ণতম বস্তু, তাঁহার কখন ব্যতীত জীব পূর্ণ হইতে পারে না। অক্ষিপুরুষ প্রতিবিম্ব নহেন, পুরুষটি অবস্থান না করিলে দর্পণে প্রতিবিম্ব পতিত হয় না। ছায়া—পরাধীন, স্বাধীন সত্তা তাহার নাই, সুতরাং অক্ষিপুরুষ প্রতি-বিম্ব হইলে তাহার ভজনের উপদেশ নিরর্থক হইত। অন্তর্য্যামী পদে জীব যোজিত হইতে না, কেন না জীব বিশেষজ্ঞ, সর্ব্বজ্ঞ নহেন, কিন্তু শাস্ত্রে বলিয়াছেন যে, অন্তর্য্যামী পুরুষ সর্ব্বলোক, সর্ব্বজ্ঞ এবং সর্ব্বদেবের অন্তরালে প্রবিষ্ট হইয়া তাহা-দিগকে প্রকাশ করিতেছেন,—স্বয়ং আনন্দ করিতেছেন। তিনি ব্রহ্মাণ্ডবিগ্রহ, সর্ব্বাত্মা, সর্ব্বজ্ঞ, সুতরাং সেই সত্যসঙ্কল্প পুরুষোত্তম ব্যতীত অপর কেহ অন্তর্য্যামী পদের বাচ্য হইতে পারে না।

যোগিগণের যোগবলে সকলের শরীরে প্রবেশ ও মনের ব্যাপার বিহিত হইবার কথা শ্রুত হয় বটে, কিন্তু তাহাদের সেই কিঞ্চিৎ সামর্থ্য অবিচিন্ত্যশক্তিশালী পরম পুরুষের শক্তিতেই লাভ হইয়া থাকে। তাঁহাতে এই সমস্ত ঐশ্বর্য্য পরিপূর্ণভাবে বর্ত্তমান। পরমাত্মপুরুষের অনুভবাদি গুণগুলি স্বতঃসিদ্ধ, উক্ত গুণাবলী অঙ্গসাধ্যে নাই, তাহাতেই আছে, সাধ্য এইরূপ করিয়াছেন। শ্রুতিতে পরমাত্মাকে সর্ব্বগত ও অতিসূক্ষ্ম বলিয়া বর্ণন করিয়াছেন। দ্বিতীয়াভিনিবেশবিশিষ্ট ইতর ব্যক্তি তাঁহার দর্শন পান না, কিন্তু শুদ্ধসত্ত্বনিষ্ঠ ভক্ত ভক্তিস্নিগ্ধচিত্তে প্রেমলোচনে তাঁহাকে দর্শন করিয়া থাকেন। তিনি প্রকৃতি ও পুরুষ হইতে ভিন্ন। প্রকৃতি ক্ষেত্র ব্যাপ্য, তিনি ব্যাপক। তাঁহার প্রাকৃত ইন্দ্রিয় না থাকিলেও অপ্রাকৃত চিন্ময় পাণিপাদ বিদ্যমান আছে। তাঁহার এক ইন্দ্রিয়ে সকল ইন্দ্রিয়ের কার্য্য সাধিত হইয়া থাকে।

প্রকৃতি ও জীব অন্তর্য্যামী নহেন, তাহার তাহাদের অন্তর্য্যামিত্বধর্ম্মের সম্ভাবনা নাই। বিশেষজ্ঞ ও ভেদবিজ্ঞানবান থাকায় প্রকৃতিও পরমাত্মা নহেন। "যঃ সর্ব্বজ্ঞ ইত্যাদি শ্রোতে যিনি এককালে সকলকে জানেন, এটি অন্তর্য্যামী পুরুষের বিশেষণ, অতএব বিশেষণ ও ভেদ নির্দ্দিষ্ট হওয়ায় প্রকৃতি বা পুরুষের অন্তর্য্যামিত্ব সম্ভবপর নহে—সুতরাং তাহারা ব্রহ্ম নহে।

প্রশ্নোত্তর

প্রঃ। চোখে ত বেশ দেখ্‌ছি কালো,
শুদ্ধ তবে বল্‌ছো কারে

উঃ। চাওয়া চোখও ঘুমিয়ে থাকে
সেই নিদালি অন্তরে॥

প্রঃ। ধরমবিহীন আচারভ্রষ্ট,
বল্‌ছো মোদের কোন্ দোষে

উঃ। ধরম তোদের স্বার্থপুজন,
আচার যত কপটবেশে॥

প্রঃ। জ্যান্ত জীবন কর্‌ছি ধারণ,
কইছ তবু অচেতন?

উঃ। চেতন কোথায় আসার প্রাণে,
(শুধু) প্রেতের নৃত্য অঙ্গসঙ্গে॥

প্রঃ। গড়্‌ছি না কি নূতন জগৎ,
নবীন আলোর অভ্যুদয়?

উঃ। খবরটি প্রভুর আসন বিনা
অতি বার্থ সমুদয়॥

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীমদ্মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস-প্রণীত মূল, শ্রীজীব-মন্ত্রাচার্য্য-কৃতা তাৎপর্য্য-নির্ণয়টীকা; শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-কৃত সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, সংস্কৃত অন্বয় ও প্রতিপদ, তথ্য ও বিস্তৃত্যাবিযুক্ত। প্রতি স্কন্ধের আরম্ভে সেই স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ অধ্যায়ের সারসহ সুবিস্তৃত তাৎপর্য্যাদি বিদ্যুত। শ্লোকসূচী বিষয়সূচী, অধ্যায়বিবরণ, পাত্র ও স্থানসূচীসহ উত্তম কাগজে উত্তম অক্ষরে মুদ্রিত। প্রথম হইতে ১০ম স্কন্ধ পর্য্যন্ত ছাপা সম্পূর্ণরূপে শেষ হইয়াছে। ভিক্ষা প্রথম হইতে ৯ম স্কন্ধ পর্য্যন্ত ২১৸৹; দশম স্কন্ধ ১২৲; সমগ্র ৯০৲।

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীমদ্রাধাকৃষ্ণ গোস্বামিঠাকুর-রচিত 'অমৃতপ্রবাহভাষ্য' ও শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লিখিত 'অনুভাষ্যে' শ্রুতি-স্মৃত্যাদি বহু শাস্ত্রপ্রমাণ-সম্বলিত হইয়া প্রকাশিত হইয়াছেন। শ্লোকের সাধ্বয়ব্যাখ্যা, বঙ্গানুবাদও প্রত্যেক পয়ারের পূর্ব্বে সংক্ষিপ্ত অভিধেয় সংযোজিত। প্রত্যেক অধ্যায়-প্রারম্ভে কথাসার দেওয়া আছে। শ্লোক, রাগ, লক্ষ, স্থান, পাত্র প্রভৃতির সুবৃহৎ সূচী ও গ্রন্থকারের বিস্তৃত জীবনী সম্বলিত এইরূপ অনুপম সংস্করণ ইতঃপূর্ব্বে কুত্রাপি প্রকাশিত হয় নাই। উত্তম কাগজে পারিপাট্যের সহিত মূল দুইস্তরে মুদ্রাঙ্কণ মুদ্রিত হইয়াছে। গ্রন্থ প্রায় ১৫০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা বর্ত্তমানে ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত গৌড়ীয় ভাষা, শব্দসূচী, পয়ারসূচী, বিষয়-জ্ঞান পয়ারাদি-সূচী, প্রভৃতি বিবিধ বিষয় সম্বলিত বিরাট দ্বিতীয় সংস্করণ ডবল ক্রাউন ৮ পেজী আকার। আদিলীলা ও মধ্যের কিয়দংশ প্রকাশিত হইয়াছেন। ক্রমে ক্রমে প্রকাশিত হইতেছেন। অগ্রিম ভিক্ষা ৫৲ টাকা, আদি লীলার ভিক্ষা ৩৲।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের এরূপ অভিনব সুন্দর সংস্করণ অদ্যাবধি কুত্রাপি প্রকাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকাংশের অন্বয়, বঙ্গানুবাদ, ভাষ্য, কথাসার, তথ্য প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইয়াছেন। মূল মোটা অক্ষরে ডবল ক্রাউন আটপেজী সুবৃহদাকারে ছাপা হইয়াছে। মূল্য ২৸৹ টাকা। নদীয়া প্রকাশ ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১৸৹ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

—শ্রীগৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি শ্রীশ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিঠাকুর গোস্বামিকৃতা সারার্থবর্ষিণী টীকাসমেতা ও শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'রসিক-রঞ্জন' নামক ভাষ্যভাষ্যসহিতা। অধ্যায়সূচী, মাতৃকাক্রমে শ্লোক-সূচী, বিষয়-সূচী, গ্রন্থকারের জীবনী ও অবতরণিকাদি বহু-জ্ঞাতব্যবিষয়-সহ উৎকৃষ্ট বাঁধাই তৃতীয় সংস্করণ—এই রাজ সংস্করণের ভিক্ষা ৪৲ টাকা মাত্র, সাধারণ সংস্করণ—১৸৹ টাকা মাত্র

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের সেই অবিদ্যা-বিধ্বংসিনী জীবাত্মস্বতঃপ্রবোধিনী কৃষ্ণ-সংকীর্ত্তনদায়িনী জীবন্ত-বাণীর মূল-বিগ্রহ—বৈষ্ণবসিদ্ধান্ত-রত্নসমূহের কৌস্তুভমণি—সম্প্রদায় বৈভববিজ্ঞানাগারের মৌলিক তথ্য—পরমার্থ ও ভাগবতের সমন্বয়-গুরু—মহাজন জীবনচরিত-শিক্ষক—ত্রিবিলাসচিত্তাম্বর-অচিন্ত্যাত্ম-বিচারক—ঐশ্বর্য্য ও মাধুর্য্যরসের মৌলিক গবেষণার—সমন্বয়, অভিধেয় ও প্রয়োজন তত্ত্বের সিদ্ধান্ত সমূহ।

১। প্রথম খণ্ড—বৈষ্ণবদর্শন, শ্রীগুরুতত্ত্ব, কাল-ধর্ম্ম, শ্রীমন্মহাপ্রভাব, শ্রীপার্থসারথী, পাঞ্চরাত্রিকী দীক্ষা ও বর্ণ বিচার, আত্মধর্ম্ম ও মনোধর্ম্ম, শ্রীচৈতন্যদেব ও তাঁহার শিক্ষা, অপ্রাকৃত সহজধর্ম্ম ও প্রাকৃত সহজধর্ম্ম, প্রভৃতি বিংশতি সাধক রত্নে সুশোভিত। ভিক্ষা মাত্র ৸৹ বার আনা।

২। দ্বিতীয় খণ্ড—ভক্তি ও বিদ্যা ভক্তি, মন্ত্রদাতার শ্রেষ্ঠতা কোথায়, আত্মার নিত্যস্থিতি, ঈশ্বর স্বামিদাস ও মায়াবাদ, শ্রীগৌর-নিত্যানন্দপ্রসঙ্গ, বিশ্বের ধর্ম্ম ও কৃষ্ণ-কীর্ত্তন, শ্রীব্যাসপূজায় শ্রীমহাপ্রভুর কীর্ত্তন, শ্রীগৌর-ধামের মহিমা, মহাপ্রসাদ, শ্রীগোবিন্দ, শ্রীপাদুকাভজন-পথ, শ্রীমতী রাধারাণিকী, শ্রীচৈতন্যের দয়া, গৌরকথা ও কৃষ্ণকীর্ত্তন—চতুর্দ্দশ অপূর্ব্ব মধুনিষ্যন্দপূর্ণ-বক্তৃতা-বিভূষিত। ভিক্ষা ১৲ এক টাকা মাত্র।

প্রথম ও দ্বিতীয়—দুই খণ্ড একত্রে লইলে ভিক্ষা ১৸৹ দেড় টাকা, ডাক মাশুল স্বতন্ত্র।

শ্রীমদ্ভগবদ্গীতা

গৌড়ীয়-বৈষ্ণবদার্শনিক-শেখর শ্রীশ্রীমদ্বলদেব বিদ্যা-ভূষণকৃত ভাষ্য ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের প্রাঞ্জল বঙ্গ-ভাষায় বিস্তৃত 'বিদ্বদ্রঞ্জন' নামক ভাষ্যভাষ্য। অধ্যায়-সূচী, বিষয়সূচী, ও প্রতি শ্লোকের প্রথম ও তৃতীয় পাদ সূচী, ভাষ্যকারের জীবনী প্রভৃতি সম্বলিত। উৎকৃষ্ট বাঁধাই, রাজসংস্করণ (তৃতীয় সংস্করণ) গ্রন্থের ভিক্ষা ২৲ টাকা।

প্রমেয়রত্নাবলী

শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ-প্রণীত বৈষ্ণবদর্শন, সম্বন্ধ ও গোবিন্দ-ভাষ্যাদি পড়িবার প্রথম গ্রন্থ। উৎকৃষ্ট কালিতে ছাপা। সুবিস্তৃত টীকা ও প্রাঞ্জলবঙ্গানুবাদ-সাহায্যে অতি সহজে বালকেরও বোধগম্য হইয়া থাকে। ভিক্ষা ।৵৹ আনা মাত্র।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

(প্রমাণখণ্ড) সানুবাদ। শ্রুতি-স্মৃত্যাদি গ্রন্থে শ্রীনবদ্বীপের যে মহিমা কীর্ত্তিত আছে, তাহার মূল সংস্কৃত ও অনুবাদ। ভিক্ষা ৵৹ আনা।

শ্রীশ্রীনবদ্বীপভাবতরঙ্গ

শ্রীঠাকুর ভক্তিবিনোদ বিরচিত। সুললিত ভাষাকারে পরিক্রমার দ্রষ্টব্যাদি-বিবরক। ভিক্ষা ।০ আনা।

ভক্তিরত্নাকর ও নবদ্বীপ পরিক্রমা

শ্রীল নরহরি চক্রবর্ত্তি-ঠাকুর রচিত। ভক্তিরত্নাকর হইতে পরিক্রমাংশ মাত্র গৃহীত; শ্রীজীব গোস্বামী কি প্রকারে শ্রীনবদ্বীপধামের পরিক্রমা করিয়াছিলেন, তাহাই পদ্যে বিবৃত। ভিক্ষা ।৵৹ আনা

শ্রীচৈতন্যশিক্ষামৃত

শ্রী ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। শ্রীচৈতন্যদেবের শিক্ষাপ্রণালী—কৃষ্ণ, কৃষ্ণশক্তি ও রস—বদ্ধ ও মুক্ত জীব—অচিন্ত্য-ভেদাভেদ-তত্ত্ব—সাধন-নির্ণয়—প্রয়োজন-তত্ত্ব, কর্ম্ম-কাণ্ড, দার্শনিক বিচার—বৈধী ভক্তি, ভাবভক্তি ও প্রেমভক্তির নামভজন-প্রণালী ও অষ্টকালীয় লীলা-পরিচয়াদি প্রশ্ন শিক্ষার্থীর উপযোগী করিয়া সরল ভাষায় সুন্দর যুক্তিপ্রমাণাদি লিখিত আছে। চতুর্থ সংস্করণ বাধা ২৲ টাকা, আবাধা ১৸৹ টাকা মাত্র।

গৌড়ীয়কণ্ঠহার

শ্রীগৌড়ীয়-বৈষ্ণবগণের অনুকূল কণ্ঠে ধারণযোগ্য শ্রুতি-স্মৃতি-পুরাণ-পঞ্চরাত্রাদি সাত্বত-শাস্ত্রসমূহের প্রমাণাবলী বিন্যাসবিক্রমক্রমে সানুবাদ গুম্ফিত। এরূপ বৈষ্ণব-সিদ্ধান্তের সারসময় অন্য কুত্রাপি প্রকাশিত হয় নাই। ইহাতে গুরুতত্ত্ব—ভাগবত—বৈষ্ণব—গৌর—নিত্যানন্দ—অদ্বৈত—কৃষ্ণ—শক্তি—তত্ত্বপঞ্চক—জীব—অচিন্ত্যভেদাভেদ—অভিধেয়—সাধনভক্তি—বর্ণধর্ম্ম—আশ্রমধর্ম্ম—শুদ্ধনাম—প্রেমনাম—প্রয়োজন ও প্রমাণ-তত্ত্বগুলি পৃথক্ অধ্যায়ে সুন্দর শ্লোকাদি সূচীসহ উৎকৃষ্ট এন্টিক কাগজে রোয়েল কালিতে মুদ্রিত, উৎকৃষ্ট বাঁধা সোনার জলে নাম লেখা। গ্রন্থ প্রায় ৬০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা ২৲ টাকা মাত্র।

শ্রীনবদ্বীপধাম-প্রদক্ষিণী

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত 'ধামমাহাত্ম্য—ধাম-মাহাত্ম্যের শাস্ত্রবাক্য প্রমাণ খণ্ড—শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরের ধাম পরিক্রমাংশ—শ্রীধাম নবদ্বীপ পরিক্রমা—হরিদাসী পদ্ধতি—শ্রীমৎ প্রবোধানন্দকৃত নবদ্বীপশতকম্—শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ প্রভৃতি গ্রন্থ একত্র ভিক্ষা ৸৹ আনা মাত্র।

শ্রীহরিনামামৃত ব্যাকরণ

শ্রীজীব গোস্বামী প্রভুপাদ-বিরচিত সূত্র ও বৃত্তি, ওঁবিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের বিস্তৃত ভূমিকা ও সূচী প্রভৃতি সহ। অপ্রকাশিতভাবে সুলভ। ভিক্ষা ২৲ টাকা, ছাত্রগণের পক্ষে ১৸৹ টাকা মাত্র।

বেদান্তসূত্রসার

শ্রীমদ্রামানুজাচার্য্য-রচিত। বেদান্তের বিশিষ্টাদ্বৈতবাদ-প্রচারক শ্রীভাষ্য প্রণেতা আচার্য্যপ্রবর বেদান্তদর্শন পাঠের উপযোগ করণার্থ এই উত্তম করিয়াছেন। ইহাতে বঙ্গানুবাদ ও সূচীপত্রাদি সংযোজিত করা হইয়াছে নাম মাত্র ভিক্ষা ।০ আনা।

শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও নবদ্বীপশতক

গৌড়পাদ্য ত্রিদণ্ডী শ্রীমৎ প্রবোধানন্দ সরস্বতী-প্রণীত মূল, প্রভুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ কর্ত্তৃক সম্পাদিত অন্বয়মুখে ব্যাখ্যা ও বঙ্গানুবাদ সম্বলিত। নবদ্বীপশতকের শ্রীভক্তিবিনোদ ঠাকুরের পদ্যানুবাদ ও তদ্বারা শ্রীমন্মহাপ্রভুর একটী ত্রিবর্ণরঞ্জিত অলৌকিক চিত্র প্রদত্ত হইয়াছে। মূল ও কাগজ উৎকৃষ্ট (২ খানা একত্রে) ভিক্ষা ।৵৹ আনা, অতি সুলভ্য বাঁধাই রাজসংস্করণ ১৲ টাকা মাত্র।

ভক্তিধর্ম্ম

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। এই একমাত্র গ্রন্থ-[illegible] ভাল লাভ করিলে পারমার্থিক রাজ্যে কিছুতেই [illegible] থাকিবে না। গ্রাম্য দুষ্টবুদ্ধিনাশক এই-[illegible] ও ভবরোগী গ্রন্থ প্রণয়ন প্রকাশিত হয় নাই। [illegible]গোস্বামি শাস্ত্র-মতোদ্ধার [illegible] এই প্রকাণ্ড [illegible] হইয়াছেন। [illegible] কথাদার [illegible] দ্বারা বিশেষ [illegible] হইয়াছে। সিরাট গ্রন্থ, [illegible] ভুলে নাম লেখা, উৎকৃষ্ট বাঁধাই—চতুর্থ সংস্করণ [illegible] ২৲ টাকা মাত্র।

প্রেমবিবর্ত্ত

শ্রীমন্মহাপ্রভুর অন্তরঙ্গ পার্ষদ শ্রীল জগদানন্দ প্রভু [illegible] রচিত। এই পুস্তকে অতি সুবোধ্য ভাষায় মহাপ্রভুর [illegible] লীলাসহ বৈষ্ণবাচার, প্রকাশবাদ ও নামকীর্ত্তন-[illegible] প্রভৃতি অনেক বৈষ্ণবতত্ত্বের সুমীমাংসা [illegible] পাইবেন। পাদটীকায় ছয় রকম বিশুদ্ধ ও [illegible] পরিচ্ছাদি-সম্বলিত চতুর্থ সংস্করণ ভিক্ষা ৷৵০ আনা মাত্র।

ভজনরহস্য

ভজনকারীর নিত্যসঙ্গী; ঠাকুর ভক্তিবিনোদের অমূল্য [illegible]; নিখিল শাস্ত্রের নির্য্যাস। গ্রন্থখানি না দেখা পর্য্যন্ত [illegible] বুঝিতে পারিবেন না। তৃতীয় সংস্করণ ভিক্ষা ৷৹।

হরিনামচিন্তামণি

নমাচার্য্য হরিদাস ঠাকুরের মুখে শ্রীমন্মহাপ্রভু [illegible] নাম-মাহাত্ম্য, নামাভাস, নামাপরাধ প্রভৃতি বিষয়ের [illegible] বিচার শ্রবণ করিয়াছিলেন। এই বিষয়গুলির [illegible] সরল পয়ারে সংক্ষিপ্ত আলোচনা পরিপাটিভাবে মুদ্রিত। [illegible] ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। পঞ্চম সংস্করণ ভিক্ষা ৷৵০

কল্যাণকল্পতরু

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত। প্রত্যেক ভগবদ্-[illegible] ও জনসাধারণের পক্ষিকের একান্ত প্রয়োজনীয় [illegible] উপদেশাবলীপূর্ণ পুঁথিগ্রন্থ। সম্বন্ধে লেখাপড়া-জানা [illegible] এই ভজনরাজ্যের পুঁথিসমূহের দ্বারা অনর্থনিবৃত্তি [illegible] ভগবৎসেবা লাভ করিবার সুবিধা পাইবেন। [illegible] ভজন, ভিক্ষা ৴৹ আনা মাত্র।

শরণাগতি

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। ভগবানে আত্মসমর্পণ, [illegible] ভক্তিলালসা, নবধা ভক্তি ও সিদ্ধি-লালসা-[illegible] পুঁথিপুর, ভিক্ষা ৴০ আনা মাত্র।

গীতাবলী

শ্রীঠাকুর ভক্তিবিনোদ-প্রণীত। নিত্য ভজন, আরাত্রিক [illegible] প্রণাম-সেবনাদি-বিষয়ক মধুর গীতসমূহ একত্রে গ্রথিত। [illegible] ভিক্ষা ৴০ আনা মাত্র।

শ্রীসঙ্কল্পকল্পদ্রুম

রসিকেন্দ্রচূড়ামণি শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-[illegible] বিরচিত রসগ্রন্থ। শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের অনুবাদ-[illegible] সহ। ভিক্ষা ৷৹ আনা মাত্র।

শ্রীশিক্ষাপ্রভু

শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ও শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর প্রতি শ্রীরূপ গোস্বামীর উপদেশবাণী, ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিষয়ে সুবিচারিত সদুপদেশ আছে। বিস্তৃত বিবৃতি, চরিতামৃতের প্রমাণ, সারগ্রাহী ব্যাখ্যা ও মহাজন প্রণীত সদুপদেশে গ্রন্থখানি প্রত্যেক শ্লোকের সহিত সন্নিবেশিত হইয়াছে। ৩য় সংস্করণ ভিক্ষা ৷৵০ আনা।

সাধন-কল্প

শ্রীরঘুনাথ দাস গোস্বামীর মনঃশিক্ষা, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-চরিত পদ্যানুবাদসহ। ভিক্ষা ৴০ আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা

শ্রীল ঠাকুর নরোত্তমের সুপ্রসিদ্ধ প্রেমভক্তিবিষয়ক গানের পুস্তক। ভিক্ষা ৴০ আনা মাত্র।

নবদ্বীপশতক

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপাদের সংস্কৃত নবদ্বীপশতকের সুললিত পদ্যানুবাদ। ভিক্ষা ৴০ আনা মাত্র।

অর্থপঞ্চক

শ্রীল লোকাচার্য্য রচিত। বৈষ্ণবতা-জ্ঞানের আকর পুস্তক। ভিক্ষা ৴০ আনা মাত্র।

সদাচারস্মৃতি

শ্রীল মন্ত্রাচার্য্য-প্রণীত। বৈষ্ণবের নিত্যকর্ত্তব্যাদি সদাচারাবলী, বঙ্গানুবাদ সহিত। ভিক্ষা ৴০ আনা মাত্র।

মণিমঞ্জরী

কবিকুলকেশরী শ্রীমন্নারায়ণাচার্য্য রচিত। শ্রীমন্মধ্বাচার্য্যের সংক্ষিপ্ত জীবনলীলা ও মূল বৈষ্ণবধর্ম্মমত। সানুবাদ ভিক্ষা ৷৹ আনা মাত্র।

গৌরকৃষ্ণোদয়

প্রাচীন কবি শ্রীগোবিন্দ দেব প্রণীত শ্রীগৌরাবতারের প্রমাণাবলী-সংবলিত সংস্কৃত গ্রন্থ। ভিক্ষা ৷৵০ আনা।

যুক্তিমল্লিকা (অপসৌরভ)

শ্রীমন্মধ্বসম্প্রদায়ানুগত শ্রীমধ্বাধিরাজ স্বামিকৃত। বঙ্গাক্ষরে সানুবাদ এই গ্রন্থের প্রকাশ পারমার্থিক সাহিত্য-জগতে এই সর্ব্বপ্রথম। শ্রীমন্মধ্বাচার্য্য হইতে ষোড়শাবতার দ্বিতীয় মধ্বাচার্য্য নামে খ্যাত শ্রীবাদিরাজতীর্থ স্বামী এই গ্রন্থে সাধারণ যুক্তি ও লৌকিক ন্যায়ালঙ্কারে কিরূপ সুন্দরভাবে ভক্তিবিরোধি-মতবাদ সমূহ খণ্ডন করিয়াছে, তাহা পাঠ করিতে করিতে আশ্চর্য্যান্বিত হইতে হয়। ইহাতে যুক্তির দ্বারা চার্ব্বাক, জৈন, বৌদ্ধ, মীমাংসক ও মায়াবাদিমত-সমূহের সুন্দর খণ্ডন রহিয়াছে। ভিক্ষা ২৲ টাকা মাত্র।

গোস্বামী শ্রীল রঘুনাথ দাস

(ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত ভূমিকা সহ) গৌরপ্রেষ্ঠ স্বরূপ-রূপের একমাত্র প্রিয়তম শ্রীল দাস গোস্বামী প্রভুর অপূর্ব্ব চরিতামৃত ও শিক্ষা অতীব প্রাঞ্জল ও সরল ভাষায় সন্নিবিষ্ট এবং পরিশিষ্টে দাসগোস্বামী প্রভুর বিরচিত কতকটী সানুবাদ মধুরতম স্তব ও মনঃশিক্ষা-সম্বলিত। ভিক্ষা বাঁধাই ৷৹ আনা, অবোধাই ৷৵০ আনা মাত্র।

চিত্রে নবদ্বীপ

প্রাচীন নবদ্বীপের অবস্থিতি, তথা, ঐতিহ্য, প্রোত [illegible] ঐতিহাসিক প্রমাণসম্বলিত নবটী দ্বীপের সচিত্র বিবরণ [illegible] গ্রন্থ। রায়বি রাজাওয়ালের কুমার শ্রীযুক্ত পরমিন্দু নারায়ণ রায় এম, এ, প্রাক্তন (লোকের). বেবারুকুল মহোদয় কর্ত্তৃক সঙ্কলিত এবং ৪৭ খানি বিভিন্ন বর্ণের অপূর্ব্ব চিত্র [illegible] মানচিত্র-সমন্বিত; প্রাতঃবিদ্যারণ্যগণ রায় সাহেব শ্রীযুক্ত [illegible] মহেন্দ্র নাথ বসু বিশ্বকোষসম্পাদক মহাশয়ের বিস্তৃত ভূমিকা [illegible] সহ। উৎকৃষ্ট (ইং) মরক্কো বাঁধাই মূল্য ১৷৹, ডিঃ পিঃ [illegible] ৷৵ টাকা মাত্র।

সাধক-কণ্ঠমালা

গুরুবন্দনা, বৈষ্ণব-বন্দনা, বৈষ্ণবস্তবন, দালালের গী[illegible] শ্রীনামতত্ত্ব, শ্রীমন্মহাপ্রভুর অহৈতুকত্বসহ নাম[illegible] নামকীর্ত্তন, শ্রীনামসঙ্কীর্ত্তন, প্রেমধ্বনি, 'বাউলসঙ্গী[illegible] নবদ্বীপ মহিমা, শ্রীমায়াপুর মহিমা, শ্রীনরোত্তম-প্রভুর অ[illegible] আচার্য্য-বন্দনা, সদ্গুরুমহিমা সহ[illegible], প্রেমভক্তিচন্দ্রি[illegible] উপদেশমালা নামভজন প্রণালী, মহাপ্রভু ও রায় রামান[illegible] সংবাদ, মনঃশিক্ষা, শ্রীগুরু-প্রণতি, শ্রীগুরু-পরম্প[illegible] মহাপ্রভুর বন্দনা প্রভৃতি সাধক ও সিদ্ধজীবনের নিত্যপা[illegible] বৈষ্ণবগণের কণ্ঠাহার তুলসীমালার ন্যায় অনুক্ষণ ক[illegible] সাধনযোগ্য অপূর্ব্ব গ্রন্থ। ভিক্ষা ৷৵০, বাঁধাই ৷৹ মাত্র।

গৌড়ীয়-গৌরব

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয় সম্পা[illegible] শ্রীপাদ সুন্দরানন্দ পরিব্রাজকবিনোদ-প্রদত্ত বক্তৃতার বি[illegible] গ্রন্থকারে প্রকাশিত। ইহাতে গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদা[illegible] ইতিহাস সুন্দরাকারে গ্রথিত হইয়াছে। ভিক্ষা ৷৵০ মাত্র।

গৌড়ীয় সাহিত্য

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয়-সম্পা[illegible] শ্রীপাদ সুন্দরানন্দ পরিব্রাজকবিনোদ-প্রদত্ত প্রথম বক্তৃতার বি[illegible] গ্রন্থাকারে প্রকাশিত। ইহাতে সাহিত্য-শব্দের অর্থ [illegible] গৌড়ীয়-সাহিত্যের বিষয় সুন্দরাকারে বর্ণিত হইয়াছে। ভি[illegible] ৷৵০ আনা মাত্র।

শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা-দর্পণ

শ্রীগৌড়দেশের যে সকল স্থানে সপরিকর শ্রীমন্মহাপ্র[illegible] এবং তদনুগ পরবর্ত্তী মহাজনগণ লীলা করিয়া বিরাজ[illegible] সেই সব আধুনিক ভৌগোলিক পরিচয় ও দেবাবিগ্রহ[illegible] পরিচয় সহ যাতায়াতের সুবিধা নির্দ্দেশ ইত্যাদি বিষয়[illegible] সন্নিবেশিত আছে। ভিক্ষা ৷৹ আনা।

THE HARMONIST
OR SHREE SAJJANATOSHANI

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রতিষ্ঠিত এবং শ্রীল ভ[illegible] সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত পারমা[illegible] মাসিক পত্র। এক্ষণে ইংরাজী ভাষায় অষ্টাবিংশ [illegible] ডবলক্রাউন ৮ পেজী ৪ ফর্ম্মা আকারে প্রতি মাসে [illegible] নামের বিশুদ্ধ-বৈষ্ণবতত্ত্ব লইয়া উপস্থিত হইতেছে। [illegible] কাগজ, মুদ্রণ-পারিপাট্য ও চিত্রাদি অতীব চিত্তাকর্ষ[illegible] এই প্রকার উৎকৃষ্ট প্রবন্ধ আর কোন মাসিক পত্রি[illegible] দেখিতে পাইবেন না। বার্ষিক ভিক্ষা ডাকমাশুলসহ [illegible] টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর নদীয়া

বিশ্ববৈষ্ণব রাজসভার শুদ্ধভক্তিমঠসমূহ

শ্রীচৈতন্য মঠ

আদিত্য অষ্টরাজ

প্রাচীন নবদ্বীপ, তাকদহ শ্রীধাম মায়াপুর, নদীয়া

শ্রীমদ্ভাগবতপীঠ হইতে প্রায় ৩০০ শত উত্তর-পূর্বে শ্রীজন্মস্থানে আচার্যবর শ্রীচৈতন্য-ভবনে শ্রীশ্রীচৈতন্য-মঠ বিরাজমান।

এই স্থান সাংখ্য-পীঠ, পরবিদ্যাপীঠ বা সাত্বত ভজনস্থলী। এই মহাতীর্থে শ্রীহরি-নামসূত্র ব্যাকরণাদি-বেদাঙ্গসমূহ, পরবিদ্যার অন্তর্গত কাব্য, নাটক, অলঙ্কার, তথা বেদ-উপনিষদ্-গীতা-ব্রহ্মসূত্র-ভাগবত-চতুষ্টয়ের অধ্যয়ন ও অধ্যাপনা এবং তথায় শ্রীগুরু-গৌরাঙ্গ-রাধাকৃষ্ণ-গিরিধর্ম ও সাত্বত সাম্প্রদায়িক-আচার্য-চতুষ্টয় তাঁহাদের উপাস্য বিগ্রহের সহিত নিত্য সেবিত হইতেছেন। এই মঠরাজে পারমার্থিক দৈনিকপত্র সাত্বত-সাহিত্যের অপ্রকাশিত ও দুষ্প্রাচীন গ্রন্থরাজি প্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় প্রতিষ্ঠিত হইয়াছেন। প্রতিবৎসর শ্রীধাম-পরিক্রমানুষ্ঠান ও অপরাহ্ণ অষ্টকালীয় ভজনোচ্চ কীর্তন প্রচারমুখে মহামহোৎসবাদি অনুষ্ঠান অনুষ্ঠিত হইয়া থাকে। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপাদ নরহরিজী। সহকারী—শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী, পণ্ডিত শ্রীপাদ গৌরদাস ব্রহ্মচারী ব্যাকরণতীর্থ, শ্রীপাদ গৌরচন্দ্র ব্রহ্মচারী, শ্রীপাদ নন্দগোপাল ব্রহ্মচারী, শ্রীমধুসূদন ব্রহ্মচারী, শ্রীমদনগোপাল ব্রহ্মচারী, ভক্ত নরেন্দ্র, হরিপদ, রেবতীমোহন প্রমুখ সজ্জনগণ।

ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ এখানে হরিকথা কীর্তন করিতেছেন।

(২) শ্রীগৌড়ীয় মঠ

১৬ নং কানিপ্রসাদ চক্রবর্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

টেলিফোন বি, বি, ৪১১৫

শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত শুদ্ধনাম ভক্তিধর্ম-প্রচারোদ্দেশে গৌড়দেশের সর্বপ্রধান নগরী কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত আছেন। এই ভক্ত-সম্প্রদায়ে শ্রীগুরু-গৌরাঙ্গ-শ্রীবিনোদানন্দ জীউ সপার্ষদে নিত্য সেবিত হন। গৌড়ীয় আচার্যবর্গের যাবতীয় গ্রন্থাবলীর শুদ্ধপ্রচারোদ্দেশে শ্রীমঠে সংলগ্ন একটী সুবৃহৎ মুদ্রা-যন্ত্রালয় সংস্থাপিত হইয়াছেন। পৃথিবীর সর্বত্র শ্রীগৌরনাম-প্রচারার্থ এই যন্ত্রালয় হইতে 'গৌড়ীয়' সাপ্তাহিক পত্র, ত্রি ভক্তমনিষ্ঠ মাসিক পত্রিকা ইংরাজী ভাষায় নিয়মিতভাবে প্রকাশিত হইতেছেন। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্তন, সপ্রশ্রয়-চতুষ্টয়-বেদান্ত, শ্রীমদ্ভাগবত, শ্রীচৈতন্য-চরিতামৃতাদি-লীলা ও তদ্গ্রন্থের সম্যক্ আলোচনা হইয়া থাকে। মঠরক্ষক—আচার্যাত্মিক শ্রীপাদ কৃষ্ণবিহারী বিদ্যাভূষণ। সহকারী—পণ্ডিত শ্রীপাদ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ বি-এ, শ্রীপাদ রাসবিহারী ব্রহ্মচারী, শ্রীপাদ জগদ্বান্ধব ধামাধিকারী বি-এ, শ্রীপাদ জয়গোপাল ধামাধিকারী, ব্রহ্মচারী শ্রীকীর্তনানন্দ, ব্রহ্মচারী সীতানাথমোহন, ব্রহ্মচারী শ্রীযদুনন্দন, পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ পরবিদ্যানন্দার সম্প্রদায়বৈভবাচার্য, শ্রীঅমরজানকীনাথাধিকারী বি-এ, শ্রীভবন্ধনজিহ্ব বকারী বি-এল, শ্রীমধুসূদন ভাগবতকোবিদ্, শ্রীবিশ্বম্ভর ব্রহ্মচারী, শ্রীসুন্দরগোবিন্দ ব্রহ্মচারী প্রভৃতি।

(৩) যোগপীঠ শ্রীমন্দির

এই স্থান শ্রীজগন্নাথমিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগ-পীঠ। এখানে শ্রীলক্ষ্মীপ্রিয়া ও শ্রীবিষ্ণু-প্রিয়াসহ শ্রীগৌরনারায়ণ এবং শ্রীচৈতন্য মঠ শ্রীরাধাকৃষ্ণের নিত্য সেবা তথা শ্রীপঞ্চ-তত্ত্বের সেবা বর্তমান। রক্ষক—লোক-নাথদাস গোস্বামী ভট্টাচার্য। প্রভু শ্রীরমা-নাথ। সহকারী শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী, শ্রীরাধাবিনোদ ভক্তিভূষণ, শ্রীরামদাস ব্রহ্ম-চারী। শ্রীমাধবদাস অধিকারী, দেবশর্মা শ্রীভাগবতব্রজ।

(৪) শ্রীবাস-অঙ্গন

শ্রীমন্মহাপ্রভুর কীর্তন-বিলাস বা গৌরলীলার স্থানস্থলী। এখানে শ্রীশ্রীগৌর-নিত্যানন্দ ও পঞ্চতত্ত্বের সেবা বর্তমান।

রক্ষক—শ্রীপ্রভাকুসুম ব্রহ্মচারী।

(৫) অদ্বৈত-ভবন

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্তমান।

রক্ষক—শ্রীঅদ্বৈতানন্দ ধামাধিকারী, শ্রীগোকুলদাস বাবাজী।

(৬) কাজীর সমাধি পীঠ

প্রাচীন মায়াপুর, যবনপুকুর (নদীয়া)

গৌরপার্ষদ শ্রীচাঁদকাজীর সমাধি।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীবিনোদবিহারী।

(৭) শ্রীনন্দ সুবল-কুঞ্জ

শ্রীগোদ্রুম, বামনপুকুর (নদীয়া)

এখানে ওঁবিষ্ণুপাদ শ্রীল ভক্তিবিনোদঠাকুরের সমাধি এবং শ্রীগৌরধামের এবং শ্রীশ্রীরাধা-মাধবের সেবা বর্তমান

রক্ষক—ভক্তিকুসুম ভাগবত ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী এম, এম, এম।

(৮) শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

রহমতসিংহ।

রক্ষক—শ্রীবসুবর ভক্তিশাস্ত্রী এম, এ, বি, এল, সহকারী—শ্রীউদ্ধারণ ভক্তি-শাস্ত্রী, শ্রীউরুক্রম অধিকারী প্রভৃতি।

(৯) শ্রীগৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, সমুদ্রগড়, (বর্দ্ধমান)

শ্রীল বাসুনাথের প্রতিষ্ঠিত গৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরেরাম ব্রহ্মচারী, ভক্ত শ্রীগদাধর দাস।

(১০ শ্রীরূপগৌড়ীয়-মঠ

এলাহাবাদ, প্রয়াগ ষ্টেশন, বি

রক্ষক—শ্রীহরিদাস ব্রহ্মচারী, সহকারী—শ্রীসর্বেশ্বর ব্রহ্মচারী।

(১১) শ্রীমোদদ্রুমভদ্র—

মাউগাছি, আমগাছি, বর্দ্ধমান।

শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান।

রক্ষক—শ্রীবল্লবিকারী ব্রজবাসী, ভক্ত দীনবন্ধুদাস।

(১২) ভাগবত আসন

শ্রীভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।

ভাগবতসিদ্ধান্ত গ্রন্থাবলীর প্রচার-ক্ষেত্র।

রক্ষক—শ্রীকৃষ্ণানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(১৩) শ্রীএকায়ন মঠ

গোবিন্দপুর, ইলাবাগান, নদীয়া।

রক্ষক—শ্রীমধুসূদনানন্দ ব্রহ্মচারী। সহকারী শ্রীনরসিংহ ব্রহ্মচারী, শ্রীজগন্নাথ ধামাধিকারী, শ্রীসুবাহু পাণ্ডা, ভক্ত বিশ্বনাথ

(১৪) শ্রীমাধব-গৌড়ীয় মঠ

১০নং নবাবপুর রোড, ঢাকা।

পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র, এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ গান্ধর্বা-গিরিধরের সেবা বর্তমান।

রক্ষক—শ্রীরাধাবল্লভ ব্রজবাসী, শ্রীপাদ সুখধামানন্দ পরবিদ্যাবিনোদ বি-এ, শ্রীপ্রাণ-গৌর ব্রহ্মচারী, শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী, শ্রীপতিতপাবন ভক্ত।

(১৫) শ্রীগোপালজী মঠ

কমলাপুর, ঢাকা।

গোপালজীর শ্রীবিগ্রহের প্রাচীন সেবা।

রক্ষক—শ্রীরাধাগমন ব্রহ্মচারী।

(১৬) শ্রীগদাই-গৌরাঙ্গ মঠ

হরিভক্তিপ্রদায়িনী সভা, বাসিয়াটী ঢাকা

শ্রীগদাই-গৌরাঙ্গের নিত্য সেবা

রক্ষক—শ্রীপূর্ণপ্রজ্ঞ ব্রহ্মচারী, শ্রীমঙ্গলাল ব্রহ্মচারী

(১৭) শ্রীভাগবতজনানন্দ মঠ

চিকলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্বিকা-গিরিধারীর নিত্যসেবা বর্তমান। রক্ষক—ব্রজবাসী শ্রীজগবান্দাসজী।

(১৮) আমলাযোড়া শ্রীপদ্মাশ্রম

রাজবাঁধ পোঃ বর্দ্ধমান।

শ্রীগুরুগৌরাঙ্গ-শ্রীগান্ধর্বিকা গিরিধারীর নিত্যসেবা। রক্ষক—ব্রজবাসী শ্রীহরি-কিশোর।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

স্বর্গদ্বার, পুরী, উড়িষ্যা।

এখানে শ্রীগৌর-বিনোদধামবল্লভীর নিত্য-সেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমা-নন্দ বিদ্যারত্ন, ব্রহ্মচারী শ্রীনরীহানন্দ, শ্রীপরেশানুভব ব্রহ্মচারী, শ্রীঅবধানন্দ ব্রহ্মচারী, ভক্ত শ্রীবিশাই।

(২০) শ্রীব্রজ-গৌড়ীয় মঠ

আলবরনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী।

জগন্নাথদেবের অনবসর সময়ে শ্রীমন্মহা-প্রভুর অবস্থান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমেশ্বরী প্রসাবলী। সহকারী—ব্রহ্মচারী শ্রীবিপিনবিহারী।

(২১) শ্রীসচ্চিদানন্দ মঠ

উড়িষ্যাবাজার, কটক।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-বিনোদরায়-জীউ নিত্যসেবা বর্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীদয়াল শ্রীরাধাপদ ব্রহ্মচারী

(২২) শ্রীসনাতন-গৌড়ীয় মঠ

৯নং জগন্নাথবল্লভপুরা, কাশী।

গৌর-সারস্বতপুত্র সর্বজন-শিক্ষাগুরু। এখানে গৌরসেবা বর্তমান। রক্ষক—শ্রীজ্ঞানভীনাথজী, শ্রীগজানন এজবাসী।

(২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

শ্রীনৃসিংহদাস কুঞ্জ, শ্রীধাম বৃন্দাবন।

শ্রীরাধা-ব্রজ-মোহনজীর সেবা।

রক্ষক—শ্রীগণপতিনাথ ব্রহ্মচারী

(২৪) শ্রীপরমহংস মঠ

নৈমিষারণ্য, সীতাপুর

এখানে শ্রীভাগবত পাঠশালা ও শ্রীগৌর-বিনোদ বিলাসজীর সেবা বর্তমান রক্ষক—ব্রহ্মচারী শ্রীনৃসিংহানন্দ ও ব্রহ্মচারী শ্রীনন্দদুলাল।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ

চুনাকুণ্ডা, চিরকুণ্ডা, মানভূম। ইহা শ্রীচৈতন্য-মঠের শাখা। রক্ষক—শ্রীরঘুনাথ রায়, শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী, শ্রীরাধাতীর্থ সেবাধরিয়া।

(২৬) ব্যাসগৌড়ীয় মঠ

কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল। এখানে শ্রীগৌরবিনোদ-গ্রামের সেবা বর্তমান রক্ষক—ব্রহ্মচারী শ্রীসুবলসখা, শ্রীনবীন গোপাল ব্রজবাসী

(২৭) ব্রাহ্মণপাড়া শ্রীপদ্মাশ্রম-মঠ

ব্রাহ্মণপাড়া, পোঃ মাধু, কাবড়া

এখানে যড়্ভুজমূর্তি শ্রীগৌরাঙ্গের সেবা বর্তমান। রক্ষক—ব্রজবাসী শ্রীপ্রাণকৃষ্ণ দাস, শ্রীবরদরাজ ব্রহ্মচারী।

(২৮) দিল্লি গৌড়ীয় মঠ—কাব্যালয়

৫নং গোপীচরণ, ডাক্তার লেন, নিউ দিল্লি

রক্ষক—ব্রহ্মচারী শ্রীনরহরি, শ্রীসুবলসখা শ্রীরাধারমণচরণদাস

(২৯) গোয়ালপাড়া শ্রীপদ্মাশ্রম

রক্ষক—ব্রহ্মচারী শ্রীরাধামোহন

কলেজ ষ্ট্রীট হত্যার জের

কলেজ ষ্ট্রীট হত্যাকাণ্ড সম্পর্কে ২ জন পলাতক যুবকের প্রতি মৃত্যুদণ্ডের আদেশ প্রদত্ত হওয়ার প্রতিবাদকল্পে গত মঙ্গলবারে ইসলামিয়া কলেজের ছাত্রগণ একদিনের ক্লাশ হইতে বাহির হইয়া আইসে। কলেজ ছাড়িবার বেলা ১১ ঘটিকার সময়ে তাহারা মৌনীতি ক্লাশে যোগদান করিয়াছিল। কিন্তু ১ ঘণ্টা পরে তাহারা দণ্ডপ্রাপ্ত যুবকদ্বয়ের প্রতি সহানুভূতি প্রকাশ করিবার উদ্দেশ্যে ক্লাশ হইতে বাহির হইয়া আসে। কলেজের অধ্যক্ষ মিঃ হারলি ছাত্রদিগকে বুঝাইবার চেষ্টা করিয়াছিলেন। কিন্তু তাঁহার চেষ্টা প্রথমতঃ ফলবতী হয় নাই। পরে ক্লাশে খুব কম ছাত্রই প্রবেশ করিয়াছিল।

রেঙ্গুণ বিদ্রোহীর ক্যাম্প ধ্বংস
বহু বন্দুক ও কামান হস্তগত

থারেটমিয়োর কিলা পুলিসের সুপারিণ্টেণ্ডেণ্ট অলী পুলিস সহ ২৯ ঘণ্টার ৪০ মাইল পথ হাঁটিয়া গত ২০শে জুলাই টন নদীর উত্তরপশ্চিমে একটী পাহাড়ে বিদ্রোহীদের একটি ক্যাম্প হানা দেয়। বিদ্রোহীদের মধ্যে একজন নিহত ও অনেকে আহত হইয়াছে; এবং একজনকে বন্দী করা হইয়াছে। সরকারপক্ষে একজন বন্দুকধারী পুলিস সামান্য জখম হইয়াছে। ৯টী দেশী বন্দুক ও ৩টী কামান এবং কিছু দা ও বর্শা পাওয়া গিয়াছে। স্থানীয় স্বাস্থ্যের ও বারুদসহ ক্যাম্পটী ধ্বংস করিয়া দেওয়া হইয়াছে।

চট্টগ্রামে ডাকাতদের আরও উপদ্রব

রেঙ্গুণ হইতে সংবাদে প্রকাশ যে গত ১৮ই জুলাই বেসিন সহরে কেনজাদা জিলার বিদ্রোহী একজন নামকাদা বাঙ্গী ধরা পড়ায় গ্রেপ্তার হইয়াছে। গত ১৯শে জুলাই সোমে ১৪ জন, থারেবডিতে ১৩ থারেটমিয়োতে ১ জন বিদ্রোহী আত্মসমর্পণ করিয়াছে।

থারেটমিয়োর সরকারী পুলিস সুপারিণ্টেণ্ডেণ্ট একদল পুলিসসহ যাইয়া গত ১৮ই জুলাই সোমবের উত্তরে একটী গ্রাম ঘেরাও করেন। তিনি ৪ জন বিদ্রোহীকে অতর্কিত অবস্থায় বন্দী করেন; তাহাদের নিকট একটী বন্দুক ছিল।

কেনজাদা জিলার এক জায়গায় গ্রামবাসীরা ডাকাতদিগকে বাধা দেয়। একজন ডাকাতকে তাহারা একটা বন্দুক সহিত চোটা সহ গ্রেপ্তার করিয়াছে।

থেটাম্মো জেলার গ্রামবাসীরা একজন ডাকাতকে নিহত করিয়াছে। কিন্তু গ্রামে একজন গ্রামবাসী ডাকাতদের হস্তে নিহত হইয়াছে।

ইনসিন জেল হইতে গত ১৯শে জুলাই যে ৩ জন কয়েদী পলায়ন করিয়াছিল, তাহাদের মধ্যে ২ জনকে পুনরায় গ্রেপ্তার করা হইয়াছে। অবশিষ্ট ৩ জন এখনও পলাতক।

কাণপুরে সিপ্তলের গুলী

১৮ই জুলাই নরদা গ্রামে যে গুলী বর্ষণ হয়, তিনা ম্যাজিষ্ট্রেট ২০শে জুলাই তারিখে সে সম্বন্ধে নিম্নলিখিত সংবাদ বাহির করিয়াছেন,—

গত ১৮ই জুলাই প্রাতে নরদা গ্রামে এই ঘটনাটী ঘটে, বীরেন্দ্র তেওয়ারীর উপর পিস্তলের গুলী চালাইবার চেষ্টা করা হয়। কিন্তু গুলী তাহাকে লাগে নাই। একজনকে গ্রেপ্তার করা হইয়াছে।

বাহেরাণ্ড পুস্তক-পুস্তিকার চক্র কর্ণেলগঞ্জে শ্রীযুক্ত বাকেরটাদ মেহেতার বাড়ীতে এবং মেইক লেকে যুবসঙ্ঘ ও সেবার সঙ্ঘের আফিসে খানাতল্লাস করা হয়। গত ১৯শে জুলাই বেলা ১০টা পর্য্যন্ত খানাতল্লাস চলে। উহার স্থান হইতেই কিছু কাগজ পত্র লইয়া যাওয়া হইয়াছে।

মৃত লোকটির নাম কিশোরচন্দ্র গুপ্ত; প্রকাশ, সে দিল্লী ষড়যন্ত্র মামলার পলাতক আসামী।

মেদিনীপুরে প্রভাত-ফেরী

কলিকাতার শ্রীমতী শান্তি দাস ও জ্যোৎস্না মিত্রের চেষ্টায় মেদিনীপুরের মহিলারা প্রভাতফেরীর ব্যবস্থা করিয়াছেন। মহিলা রাষ্ট্রীয় সমিতির সহকারী সভানেত্রীর নেতৃত্বে বহু মহিলা ২০শে জুলাই প্রাতে জাতীয় সঙ্গীত গাহিয়া বিভিন্ন রাজপথে পরিভ্রমণ করিয়াছেন।

উৎকল কংগ্রেস-কমিটী

পুরীর ২০শে জুলাইর সংবাদে প্রকাশ উৎকল প্রাদেশিক কংগ্রেস কমিটীর কার্য্যকরী কমিটী গত ১৮ ও ১৯ জুলাই তারিখে আচার্য্য হরিহর দাসের সভা পরিতে সম্মিলিত হন। উৎকলের সহিত পার্শ্ববর্ত্তী অন্যান্য প্রদেশের সীমার মীমাংসা, শাখা-কংগ্রেস কমিটীসমূহ সম্বন্ধে শাসনমূলক নিয়মাবলী এবং দেশের প্রয়োজনীয় সমস্যাসমূহ সম্বন্ধে প্রস্তাব গৃহীত হয়।

নিখিল ভারতীয় কংগ্রেস কমিটীর অনুসরণ করিয়া উৎকল কংগ্রেস কার্য্যকরী কমিটী দেশের বর্ত্তমান রাজনীতিক অবস্থার আলোচনা করেন। এই প্রদেশের জন্য ভবিষ্যতে কি কার্য্যপন্থা অবলম্বিত হইবে, তাহা স্থির করার জন্য আগামী ১৭ই আগষ্ট তারিখে প্রাদেশিক কংগ্রেস কমিটীর এক সভা হইবে।

ছাপরা কংগ্রেসের বিবাদ

পাটনা হইতে প্রকাশ, ছাপরা কংগ্রেস কমিটীর বিবাদ সম্বন্ধে তদন্ত করিবার জন্য মৃত রাজেন্দ্রপ্রসাদ এবং শ্রীযুক্ত অনুগ্রহ নারায়ণ সিংহ ২০শে জুলাই প্রাতে ছাপরা যাত্রা করিয়াছেন।

আসামীর আসীম সাহস
কাটগড়া হইতে দারুণ হুঙ্কারে আক্রমণ

গত ২১শে জুলাই আলিপুরের অতিরিক্ত সেসন জজ মিঃ হে, এম, আর্থার দায়রার একমাসে এক চমকপ্রদ কাণ্ড হইয়া গিয়াছে।

জনৈক ফুরীদিগকে এক মামলা চালাইয়া সেসনের পরেই একজন আসামী কাটগড়ার রেলিং টপকাইয়া জজকে আক্রমণ করে। তাহারা তাহাকে বাধা দেয়, সে তাহাদিগের সকলকেই ছোরার আঘাতে আহত করে। কনষ্টেবল শ্রী নামক একজন আসামীও তাহাকে বাধা দিয়াছিল। ফলে সেও ভয়ঙ্করভাবে আহত হয়। প্রকাশ, তাহাকে সম্প্রতি পন্ডিত হাসপাতালে স্থানান্তরিত করা হইয়াছিল। সেখানেই সে মারা গিয়াছে।

আসামী মনীন্দ্রলাল কাঁইয়ার রেলিং টপকাইয়া অপর আসামী কার্ত্তিকচন্দ্র দে কর্ত্তৃক বাধা পাইয়া তাহার বুকে ছুরী বসাইয়া দেয়। তৎপরে বাধাপ্রদানকারী ২ জন কনষ্টেবলকে ছুরীর আঘাতে জর্জ্জরিত করিয়া ফেলে। তৎপরে পেশকারের টেবিলের উপর দিয়া জজের টেবিলের উপর লাফাইয়া পড়ে। পেস্কার শ্রীযুক্তেশ্বরনাথ ঘোষ বাধাপ্রদান করিলে তাহার পৃষ্ঠে ছুরী বসাইয়া দেয়। জজ এই সময় একটু সরিয়া যাওয়ায় ব্যাপার বেশীদূর অগ্রসর হইতে পারে নাই এবং অল্প সময়ের মধ্যেই সুপুলিস পারিণ্টেণ্ডেণ্ট মিঃ হেমস্, অ্যাসিষ্টাণ্ট-কমিশনার ও কতিপয় সার্জ্জেণ্ট আসিয়া আসামীকে গ্রেপ্তার করিয়া ফেলে। আহত ৪ ব্যক্তির মধ্যে অন্যতম আসামী কার্ত্তিকচন্দ্র দে হাসপাতালেই মারা গিয়াছে। অপর ৩ জন ক্রমশঃ ভাল হইতেছে। প্রকাশ ইহার অধিকাংশের বাড়ীই পূর্ব্ববঙ্গে ঘটনা সম্বন্ধে ঘোর তদন্ত চলিতেছে।

উচ্চগ্রামে ১৪৪ ধারা জারী

টেম্পারেন্স পার্টি রবার্টসপেট মদের দোকানে পিকেটিং করিবার প্রস্তাব গ্রহণ করায় প্রথম শ্রেণীর সেশন্স ম্যাজিষ্ট্রেট শ্রীযুক্ত দেবদাস চারিয়া কার্য্যবিধির ১৪৪ ধারা অনুসারে উচ্চ ও, কি, রাজ গোপাল নাইডু ও আর ৭ জনের বিরুদ্ধে আদেশ জারী করিয়াছেন। ইহারা ডিউমাণ্ডিংটেরিয়ান লীগ ও টেম্পারেন্স মোভমেণ্টের লোক। ইহাদিগকে রবার্টসনপেট, চামরাজপেট, এণ্ডারসনপেট উচ্চগ্রাম, দেশাপল্লী ও বেলোনহাল্লি অঞ্চলস্থিত দোকানগুলির ২ ফার্লং মধ্যে ২ মাস কাল পিকেটিং করিতে বন্ধ করা দিতে অথবা কোন প্রকার আন্দোলন করিতে নিষেধ করা হইয়াছে। রবার্টসনপেটে শৃঙ্খলা রক্ষার ও সর্ব্বপ্রকার সুযোগের ব্যবস্থার জন্য পুলিস সুপারিণ্টেণ্ডেণ্ট বিশেষ ব্যবস্থা করিয়াছেন। এবেলা সশস্ত্র রিজার্ভ পুলিসকে প্রস্তুত রাখা হইয়াছে।

অনেক পিকেটার সমবেত হইয়াছিল কিন্তু মেথরা তাহাদিগকে কর্ত্তব্যে আদেশ লুকাইয়া রিবার ও তাহা ঘোষণা পর তাহারা শান্তভাবে চলিয়া যায়।

বলপূর্ব্বক টাকা কাড়িয়া লইবার
অপরাধে ২ জন গ্রেপ্তার

প্রকাশ ২১শে জুলাই একজন উৎকলবাসী হ্যারিসন রোড দিয়া যাইতেছিল সেই সময় দুইজন বিহুস্থানী তাহার পথ রোধ করিয়া তাহার নিকট হইতে ১০টি টাকা কড়িয়া লয়। তাহারা ছুরিকাঘাত করিয়া তাড়াতাড়ি পলাইবার চেষ্টা করে। তৎক্ষণাৎ পুলিস তাহাদিগকে গ্রেপ্তার করে। আরও প্রকাশ তাহাদিগের নিকট নাকি সেই টাকাও পাওয়া গিয়াছে। আহত দুই জনের হাসপাতালের ব্যবস্থা হইয়াছে। সম্পর্কে আরও তদন্ত হইতেছে।

সরস্বতী প্রেসে পুলিসের হানা

গত ১৯২৯ খৃষ্টাব্দে স্বাধীনতা প্রকাশিত "স্বাধীনতা দিবস" নামীয় সম্পর্কে পুলিস গত মঙ্গলবার অপরা কলিকাতার সরস্বতী প্রেসে খানাতল্লা করিয়াছে। প্রকাশ্যে পুলিস কিছু আপত্তি জনক জিনিষ পায় নাই।

Reg No C.1544

দৈনিক নদীয়া-প্রকাশ

সাধারণ হার
অগ্রিম দেয়
বার্ষিক ১৲
ষাণ্মাষিক ৫৲
ত্রৈমাসিক ২৸০
মাসিক ১৲
সঙ্গে
প্রতি সংখ্যা ৵০

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার এক মাত্র মুখপত্র

খণ্ড] সম্পাদক—শ্রীঅতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [১২৩তম সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—১১ই শ্রাবণ সোমবার, ১৩৮৮, ২৭শে জুলাই ১৯৮১

বিশ্ব—ভগবৎ প্রতিম, ভগবান্ নহে

শ্রীমদ্ভাগবতের ১ম স্কন্ধের ৫ম অধ্যায়ে নারদ বেদব্যাসকে বলিয়াছিলেন—

ইদং হি বিশ্বং ভগবানিবেতরো
যতো জগৎস্থাননিরোধসম্ভবাঃ।
তদ্ধি স্বয়ং বেদ ভবাংস্তথাপি তে
প্রাদেশমাত্রং ভবতঃ প্রদর্শিতম্॥

অর্থাৎ যাঁহা হইতে (যাঁহার শক্তি হইতে) বিশ্বের স্থিতি, প্রলয় এবং সৃষ্টি হইতেছে, এই বিশ্বপ্রপঞ্চ সেই ভগবান্ হইতে অভিন্ন হইলেও ভগবান্ এই বিশ্ব হইতে পৃথক্ অথবা জড় বা অচেতন হইতে যাহাকে পৃথক্ বলিয়া বোধ হয়, সেই চেতন জীবও ভগবদ্বিতর নহে অর্থাৎ ভগবান্ এক অদ্বিতীয় তত্ত্ব বলিয়া চেতনাচেতন প্রপঞ্চের বহুত্বভাব অর্থাৎ তত্ত্বাতিরিক্ত হইয়া অবস্থান নাই। শ্রুতি প্রমাণ—তুমি আপনি নিজেই তাহা জানেন, তথাপি তোমাকে আমি আপনার নিকট সে সম্বন্ধে কিঞ্চিৎমাত্র প্রকাশ করিলাম।

শ্রুতিতে আছে "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম"। এই ভগবানেরই একরূপ বিশেষ অর্থাৎ ভগবানের দিব্যদেহের কান্তি বা জ্যোতিঃস্বরূপ। তাহা হইলে কেন ভগবানের তাদৃশ ঈশ্বরত্ব, তদুত্তরে উপরিউক্ত শ্লোক লিখিত হইয়াছে। এই বিশ্ব ভগবানের ন্যায় প্রতীত হয়, কিন্তু ভগবদ্বিতর নহে, কেননা তিনি বিশ্ব হইতে পৃথক্। বিশ্ব ভগবানের ন্যায় কেন প্রতীত হয়, কেনই বা ভগবান্ বিশ্ব হইতে পৃথক্, তদুত্তর—বিশ্ব তাঁহার কার্য্য হওয়ায় অংশন্যায়ে ভগবদ্রূপ নিরূপিত হয়। কিন্তু ভগবান্ বিশ্বের কারণ হওয়ায় তাঁহারই পরমতা বা ঈশ্বরত্ব। অন্য শ্রুতিতেও আছে,—"তাঁহার সমান বা অধিকও দেখা যায় না"। তদ্দ্বারাও ভগবানের অদ্বিতীয়ত্ব স্থাপিত হইয়াছে।

ভগবান্ হইতে এই পরিদৃশ্যমান বিশ্ব উদ্ভূত হইয়াছে, ভগবান্ হইতে তটস্থাখ্য জীব আবির্ভূত হইয়াছে। ভগবানই জীব ও বিশ্বের কারণ। বিশ্ব ও জীব ভগবৎ-কারণের কার্য্য, এরূপ বিচার করিলে ভগবান্ হইতে তাহাদিগের অনন্যত্ব সিদ্ধ হয়। এতদ্রূপ কার্য্যরূপে গৃহীত হইলে ভগবান্ হইতে তাহাদিগের অন্যত্বসিদ্ধি। এইজন্য সমস্তই ব্রহ্ম, চেতন ও অচেতন সকল উপলব্ধিই ব্রহ্মময়, শ্রুতিতে এরূপ বর্ণিত আছে। শক্তি ও শক্তিমানের মধ্যে পার্থক্য নাই, তাহাদের মধ্যে অভেদ সম্বন্ধ। শক্তি ও শক্তিমানের প্রতীতিদ্বয় এক নহে। বাস্তববস্তুর সংখ্যাগত পার্থক্য না থাকিলেও তাহাদের বিশেষগত নিত্যভেদ অবশ্যই জ্ঞাতব্য। শক্তিমৎ-তত্ত্ব অন্বয়জ্ঞান, শক্তিতত্ত্বে নানা বৈচিত্র্য থাকায় তাহার অন্বয়জ্ঞানের সহিত পৃথক্ সত্তারূপে ভেদ দৃষ্ট হয় না। এই জন্যই এখানে ভগবান্‌কে পরতত্ত্ব ও কারণরূপে বর্ণন করিয়া বিশ্ব ও জীব ভগবদংশস্বরূপ বলিবার উদ্দেশে ভগবৎ-প্রতিম কিন্তু ভগবান্ নহেন, বলা হইয়াছে। প্রাকৃত বিশ্ব ভগবানের তুল্য বা অধিক নহে। জীবও ভগবানের তুল্য বা অধিক হইতে পারেন না। উহারা উভয়েই ভগবানের আশ্রিত। ভগবানের সহিত জীবের কারণ বিচারে তুল্যত্ব স্থির হইলেও বিভুত্ব ও অণুত্ব বিচারে তাঁহাদিগের মধ্যে বৈষম্য নিত্যাবস্থিত। সমগ্র বিশ্ব ও বিশ্বসন্ধি বৈজ্ঞান ভগবৎপ্রতীতির তুল্য বা অধিক নহে। শক্তিপরিণত বিজাতীয় জগৎ ও শক্তিপরিণত স্বজাতীয় জীব ভগবৎসদৃশ হইলেও ভগবান্ নহেন। কার্য্যকারণ ও শক্তি-শক্তিমানের বৈচিত্র্যে উদাসীন হইয়া কেহ যেন বিশ্ব ও জীব ভগবান্ হইতে উদিত বলিয়া জীব ও বিশ্বকে ভগবান্ মনে না করেন। তাঁহারা ভগবান্ হইতে পৃথক্‌ও নহেন। তাঁহাদের অধিষ্ঠানে কেবল ভগবত্তা নাই। ভগবানের সহিত জীবের বা এই বিশ্বের তুল্যত্ব বা আধিক্য হইতে পারে না। তাহার প্রমাণ স্বরূপ বলিতেছেন, তুমি সর্ব্বজ্ঞ হইলেও তোমার অপরিজ্ঞেয়ত্বাংশই ইহার প্রমাণ।

মানব জীবনের কর্ত্তব্য

পৃথিবীতে নিয়তই বহুবিধ সমস্যার উদ্ভব হইতেছে এবং আধ্যাত্মিক মনীষিমহোদয়গণও সততই সমস্যাসমূহের সমাধানার্থ প্রকৃত গবেষণাকার্য্যে লিপ্ত আছেন। বিচার করিলে প্রতীত হয় যে, জীবন সমস্যাই সকল সমস্যার প্রাণন। অন্যান্য সমস্যাগুলি এই জটিল জীবন-সমস্যারই অন্তর্ভুক্ত। জীবন-সমস্যা নূতন বা অসমীচীনও নহে; এই যে বায়ুতাড়িত চঞ্চল পদ্মপত্রে সলিলবিন্দুর ন্যায় মনোহর অথচ ক্ষণভঙ্গুর মানবজন্ম, ধনিগুণজাত মহামণি অপেক্ষাও সুদুর্লভ ও সর্ব্বোত্তম জীবনরত্ন, ইহার প্রকৃত ব্যবহার ও চরম কর্ত্তব্য কি, এতৎসম্বন্ধে চিন্তাশীল প্রত্যেক মানব-অন্তঃকরণেই প্রশ্ন উঠিতে পারে কিন্তু এই দুরূহ বিষয়ের মীমাংসা কে করিবে? আর মীমাংসা গ্রহণ করিবে বা কে? ভগবৎ-পাদারবিন্দ-সেবাবিমুখ সমুদয় জগজ্জীব মায়াদ্বারা আবৃতলোচন কামাসক্তির গুরুভারে জরাগ্রস্ত অবিদ্যাপিত-পীড়ায় পীড়িত; এ অবস্থাকে তাহাদিগকে সরল সত্যের আকর্ষণ করিয়া প্রকৃত শ্রেয়োজ্জ্বল সত্য পথ লইয়া যাইবে? এক অন্ধ কি অন্ধের পথপ্রদর্শক হইতে পারে? কঠশ্রুতি বলেন,—

অবিদ্যায়ামন্তরে বর্ত্তমানাঃ
স্বয়ং ধীরাঃ পণ্ডিতম্মন্যমানাঃ।
দন্দ্রম্যমাণাঃ পরিয়ন্তি মূঢ়া
অন্ধেনৈব নীয়মানা যথান্ধাঃ॥

—অর্থাৎ পরমাত্মবিবেকহীনগণ অবিদ্যা বা অজ্ঞানের মধ্যে অবস্থিত হইয়া আপনারা আপনি বুদ্ধিমান্ ও পণ্ডিত বলিয়া মনে করেন। এই সকল কুটিলচিত্ত মূঢ়গণ অন্ধ কর্ত্তৃক পরিচালিত অন্ধের ন্যায় অত্যন্ত ক্লেশপ্রদ জন্মমরণাদি ভোগ করিতে থাকে।

জীবনের লক্ষ্য ও কৃত্য এই কথাটি আমরা কি ভাবে গ্রহণ করি, এক তাহাই দেখা যাউক। জীবনের কৃত্য বুঝিতে আমরা হাজারকরা নব্বই নিরানব্বই জন লোকই বুঝি,—খুব দেহমনের প্রচুর তর্পণ, চাকুরীময় ইন্দ্রিয়বৃত্তির সেবায় ক্রীতদাসের মত আত্মনিবেদন—ভোগের সন্ধানেই যাবতীয় একাগ্র চেষ্টা। বিচিত্র ধরণীতে জীবের ভূতদয়া-সম্বন্ধে মীমাংসাকারী ব্যবস্থাপক সভা সমিতিরও কিছু মাত্র অভাব নাই। (ক্রমশঃ)

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনস্টিটিউট" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

শিক্ষিত ও আদর্শচরিত্র শিক্ষকগণ ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

সবিস্তার সংবাদের জন্য নিম্নলিখিত ঠিকানা পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌স্টিটিউট্

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

—৫১ বৎসরের প্রতিষ্ঠিত—

ঔষধালয়ে প্রস্তুত বটীকা

যাবতীয় শুক্রতারল্য, স্বপ্নদোষ, কোষ্ঠকাঠিন্য, অজীর্ণ, অম্লশূল প্রভৃতি যত রোগীর রোগ নিরাময় হইয়াছে তাহা প্রকাশ করিলে বড় বড় পুস্তক হইয়া পড়ে।

ইহা

সকল ঋতুতে ব্যবহার চলে ও সমান ফল প্রদান করিয়া থাকে। প্রতি কৌটায় ৩২টী বটীকা থাকে।

কেবলমাত্র

প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা। ইহার নাম 'আতঙ্কনিগ্রহ বটীকা'।

অন্যান্য ঔষধের তালিকার জন্য পত্র লিখিলেই পাইবেন

প্রাপ্তিস্থান :—আতঙ্কনিগ্রহ ঔষধালয়

২১৩ নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বৈতালীয় পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

মফঃস্বলের সুবিধার জন্য ৩ আঃ শিশিতে ঘনীভূত অবস্থায় ছোটবোতলের সমস ঔষধ ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ১০ আনা, পাইট ৮/০ আনা, বোতল ১৷৵০ আনা।

অফিস—১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

শ্রীভাগবত প্রেস

গোয়াড়ী ষ্ট্রীট

কৃষ্ণনগর

এখানের বিবাহের নিমন্ত্রণ-পত্র, প্রীতি-উপহার, কার্ড, গ্রন্থ এবং অন্যান্য যাবতীয় কার্য্য ছাপা হইয়া থাকে। ছাপার দর বাজার দর অপেক্ষা সুলভ। পরীক্ষা প্রার্থনীয়।

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস্, এম্, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টী দিয়া বৈজ্ঞানিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

৯৮ নং কটন ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈবপ্রাপ্ত যক্ষ্মার একমাত্র মহৌষধ

পশুর লিভার অয়েল আরোগ্য

রোগী দেখিতে যাইবে ৮৲ আসিবার গাড়ীর খরচ (যাতায়াত সহ আলাদা) পাঠাইলে লিখা রোগী দেখা হয় অথবা এখানে আসিলে রোগী দেখিয়া ঔষধ দেওয়া হয় আরোগ্য না হওয়া পর্য্যন্ত পারিশ্রমিক দিতে হইবে না। দরীব রোগীদের খরচ বাদ দিয়া চিকিৎসা করা হয়। বিস্তারিত বিবরণের জন্য এক আনার ডাক টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীকিতীশচন্দ্র উকীল, যক্ষ্মা-চিকিৎসক, পোঃ নৈকাড়ী, বরিশাল।

অথবা নিম্ন ঠিকানায় সাক্ষাৎ করিয়া বিস্তারিত জানিতে পারেন।

শ্রীযুত রামগোপাল বসু এম্, এ, কৃষ্ণনগর, নদীয়া। শ্রীযুত ললিত সিংহ, ১১৭, বেনিয়াটোলা ষ্ট্রীট, শাটবোলা, কলিকাতা।

একখানি পত্র। আমার রাজপুত পত্র ৩৪ মাস যাবৎ রাজ যক্ষ্মায় ভুগিয়া মুমূর্ষ্ণাবস্থায় ছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাহার জীবনের আশা ভ্যাগ করিয়া শেষ মুহূর্ত্তের জন্য অপেক্ষা করিতেছিলেন এই সময় শ্রীযুত কিতীশচন্দ্র উকিল মহাশয় মাত্র ১০ দিন চিকিৎসা করিয়া সম্পূর্ণ আরোগ্য করিয়া দিয়াছেন। (সাঃ) শ্রীবতীন্দ্র কিশোর রায় চৌধুরী (জমিদার বালিয়া) ৩নং ষ্ট্রীট, নিউ বিডিং। ওয়েলেসলেস রেডিও টিপা ষ্টেশন, কলিকাতা।

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ভাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার—গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেন গ্রাহকগণ

প্রি ং ওয়ার্কসে

এত প্রশংসা করেন

—কারণ—

এখানে যাবতীয় ছাপার কার্য্য—

গ্রন্থাদির কার্য্যই বলুন,

চাঁদপুর থানার এলাকাধীন খেরাদিয়া গ্রামবাসী পরলোকগত ভগবন্ধু ভদ্রের দ্বিতীয়বারের সহধর্ম্মিণী শ্রীযুক্ত উপেন্দ্রচন্দ্র রায় নামক এ টি যুবককে চাঁদপুর কাছারী ষ্টেশনের বিশ্রাম কক্ষে রাত্রি ১১টার সময় অজ্ঞানাবস্থায় দেখিতে পাওয়া যায়। তাহাকে তৎক্ষণাৎ এলগিন হাসপাতালে পাঠান হয় কিন্তু যথাসময়ে চিকিৎসার ব্যবস্থা করিয়াও তাহার জীবন রক্ষা হয় নাই।

সংবাদ পাওয়া গিয়াছে যুবকটি বিষ সেবনে আত্মহত্যা করিয়াছে। তাহাকে সর্ব্বশেষে তাহার শ্বশুরালয় মজুবিক্রেতা শ্রীযুক্ত হরিমোহন রায়ের বাটীতে দেখা গিয়াছিল। তাহার পকেটে একখানা পত্র পাওয়া গিয়াছে বলিয়া প্রকাশ উক্ত পত্র পাঠে জানা যায় সে জীবনে হতাশ হইয়া আত্মহত্যা করিয়াছে, এই জন্য সে অন্য কাহাকেও দায়ী করে নাই।

বিধবা বিবাহ

রাজবাড়ী হইতে প্রকাশ যে ফরিদপুর জিলার কৃষ্ণনগর গ্রাম নিবাসী পরলোকগত ইন্দুভূষণ মিত্রের কন্যা শ্রীমতী প্রফুল্ল বালা অল্প বয়সেই বিধবা হন। গত সপ্তাহে গোয়ালন্দের অন্তর্গত ভরতপুরের বিশ্বনাথ ঘোষের সহিত তাঁহার বিবাহ হইয়াছে। রাজবাড়ীর পণ্ডিত মহীভূষণ কাব্যতীর্থের বাড়ীতে বিবাহ উৎসব সম্পন্ন হইয়াছে।

লাহোরে পলাতক আসামীদের আত্মীয়বর্গের উপর নোটীশ

লণ্ডনের হইতে প্রকাশ যে বিভিন্ন ষড়যন্ত্র মামলার পলাতক আসামীদের কতিপয় আত্মীয় ও সহযোগীর উপর পুলিস এই মর্ম্মে এক নোটীশ জারি করিয়াছে যে তাঁহারা যদি পলাতক আসামীদিগকে আশ্রয় দেন বা তাঁহাদের সংবাদ পুলিসের গোচরে আনয়ন না করেন, তাহা হইলে তাঁহাদিগকে ভারতীয় দণ্ডবিধি আইনের ২১৬ ধারামতে দণ্ড দেওয়া হইবে। এই ধারা অনুসারে তাঁহাদের ৭ বৎসর পর্য্যন্ত কারাবাস ও পলাতক আসামীদের অপরাধের তারতম্য অনুসারে জরিমানা হইবে।

শ্রীযুক্ত রাজেন্দ্রপ্রসাদের খদ্দর প্রদর্শনী উদ্বোধন ও বক্তৃতা

পাটনা হইতে প্রকাশ যে নিখিল ভারত কাউন্সী সমিতির বিহার শাখার উদ্যোগে একটী খদ্দর প্রদর্শনী শ্রীযুক্ত রাজেন্দ্রপ্রসাদ কর্ত্তৃক অনুষ্ঠিত হয়। আগামী ১লা আগষ্ট পর্য্যন্ত প্রদর্শনী খোলা থাকিবে। আঞ্জুমানী ইসলামিয়ার প্রশস্ত হলে প্রদর্শনীর ব্যবস্থা হইয়াছে এবং এতদুপলক্ষে ৬৩টি বিশেষ ষ্টলে সজ্জিত করা হইয়াছিল।

বক্তৃতা প্রসঙ্গে শ্রীযুক্ত রাজেন্দ্রপ্রসাদ ভারতের খদ্দর আন্দোলনের ইতিহাস বিবৃত করেন। খদ্দর এমন অবস্থায় পৌঁছিয়াছে যে ইহা গৃহশিল্পনিপুণের প্রয়োজন স্থান পাইয়াছে। তিনি এই অভিমত প্রকাশ করেন যে, ইহা দ্বারা বিপুল জন সাধারণের দুঃখ দূর হইতে পারে।

সিরাজগঞ্জ জেলে বৈ বৈ কাণ্ড

সম্প্রতি সিরাজগঞ্জ জেলে ২০ জন বিচারাধীন আসামীর পলায়নের চেষ্টা সম্বন্ধে সিরাজগঞ্জের মহকুমা হাকিম মিষ্টার এ, সি, ফাটর্লি আই, সি, এস, এর এজলাসে একটি চাঞ্চল্যকর মামলার শুনানী চলিতেছে।

অভিযোগের বিবরণে প্রকাশ, কয়েকজন বন্দী জেল হইতে পলায়নের মতলব করে, ঘটনার দিন তাহারা কাজে যাইবার জন্য আদেশ করিবার সময়, ওয়ার্ডার বন্দী পাহারাদার হইতে চাবি লইলে ওয়ার্ডার তাহাতে অস্বীকার করে এবং ইহাতে গোলযোগের সূত্রপাত হয়। প্রকাশ, প্রায় ২০ জন বন্দী আসামী ওয়ার্ডারকে আক্রমণ করিয়া তাহাকে মারধর করে, ফলে সে আহত হয়। ইহা দেখিয়া অন্যান্য ওয়ার্ডারের সহকারে জেলের সুপারিণ্টেণ্ডেণ্ট ঘটনাস্থলে উপস্থিত হন। বন্দীরা তখন ওয়ার্ডারদিগকে ছাড়িয়া দিয়া সুপারিণ্টেণ্ডেণ্টকে আক্রমণ করে। তিনি তখন বাহিরের জনসাধারণ, পুলিস ও এক্সট্রা পেশীর ডেপুটী ম্যাজিষ্ট্রেট জেলের ফটকে সমবেত হইতে আদেশ দেন। তখন সুপারিণ্টেণ্ডেণ্ট ও অন্যান্য কর্ম্মচারীরা বিশেষ সতর্কতা অবলম্বন করিয়া শান্তি স্থাপন করা হয় এবং দুষ্কৃতীদিগকে তাহাদের স্ব স্ব কক্ষে আটক রাখা হয়।

জেলে আর কোন গোলযোগের সংবাদ পাওয়া যায় নাই।

আততায়ীর সহিত ভেরাক্রুজের গভর্ণরের হাতাহাতি

ভেরাক্রুজের গভর্ণর আহত হইয়াছেন। অনেকগুলি লোক হত হইয়াছে। চার্চ্চিগুলি গির্জ্জা অনির্দ্দিষ্ট কালের জন্য বন্ধ করিয়া দেওয়া হইয়াছে। সামরিক আইন জারি হইয়াছে। মদ্য সংক্রান্ত গোলমাল লইয়াই এই কাণ্ড ঘটিয়াছে। গভর্ণরের সহিত তাঁহার হাতাহাতি হইয়াছিল। উভয়েই একটা থামের আড়ালে আশ্রয় লইয়া কিছুক্ষণ লুকিয়াছিলেন। গভর্ণর অল্প বিস্তর আহত হইয়াছেন এবং তাঁহার আততায়ী গুরুতর ভাবে আহত হইয়াছে। গভর্ণরের আততায়ী একজন রোমান ক্যাথলিক যুবক। এই ঘটনার পরে উপাসনার সময় যাজকারীরা গির্জ্জার আগুন নিভাইয়া দিয়াছিল।

ইরাকের স্বাধীনতা

লণ্ডন হইতে প্রকাশ যে, কমন্স সভায় ইরাক সম্পর্কে আলোচনার সময় প্রশ্ন উঠিয়াছিল, ইরাকের স্বাধীনতা স্বীকৃত হইলে সংখ্যালঘু সম্প্রদায়ের অসুবিধা হইবে কিনা।

উপনিবেশ সমূহের ভারপ্রাপ্ত অফিসার মেজর টমাস সিল্ড উত্তরে বলিয়াছেন:—সংখ্যালঘু সম্প্রদায়ের স্বার্থ রক্ষার্থে যে বিধান করা হইয়াছে, তাহা সত্ত্বেও নিশ্চয়ই মানিয়া লইতে হইবে যে ইরাকে খৃষ্টিয়ান ইরাকের অধিবাসীরা, ইয়েজিদি মিটাবলী প্রভৃতির সংখ্যা কমিবে এরূপ কোন ব্যবস্থা করিবেন না। যাহাতে খৃষ্টিয়ান ইরাকের স্বার্থ রক্ষা হয় এবং উহাদের সংখ্যা বজায় থাকে, ইরাকের খৃষ্টিয়ান নেতাদের সহিত তাহাই দেখিবে।

মৌলানা সিরাজীর মৃত্যুতে আচার্য্য রায়ের পত্র

সৈয়দ আহমেদ ওয়া সিরাজীর মি... মৌলানা সৈয়দ হাসান্নেন সাহেবের বিয়োগে অকালমৃত্যুতে আন্তরিক দুঃখ প্রকাশ করিয়া আচার্য্য প্রফুল্ল চন্দ্র রায় মহোদয়কে নিম্নলিখিত পত্র লিখিয়াছেন—

প্রিয় মিঃ সিরাজী মৌলানা সিরাজী সাহেবের মৃত্যুতে আমি অভিভূত হইয়াছি। এই সংবাদে আমি নিদারুণ আঘাত পাইয়াছি। এই সন্ধিক্ষণে সিরাজী সাহেবের মত এক জন মানুষ এবং ভারতীয়তাবাদী নেতার মৃত্যু দেশের দুর্ভাগ্যস্বরূপ। দেশের জন্য তিনি যে পরিশ্রম করিয়াছেন তাহা বৃথা যাইবে না, এমন বিশ্বাস আমি করিতেছি। ঈশ্বরের নিকট প্রার্থনা, তাঁহার আত্মা যেন শান্তিলাভ করে।

প্লাবনে রেলপথ ভগ্ন সোণাতলায় প্রবল বর্ষা।

ইষ্টার্ণ বেঙ্গল রেলওয়ের সোণাতলা ষ্টেশনে গত ২৭শে জুলাই যে ভগ্ন ঘটিয়া গিয়াছে তাহার সম্পর্কে পরবর্ত্তী সংবাদে প্রকাশ যে সেতুটির যে অংশ ভাঙ্গিতে বাকী ছিল, তাহাও গত রাত্রে ভাঙ্গিয়া গিয়াছে। এখনও পর্য্যন্ত বিপদ সীমার বেলায় মাত্রী ও মাল পারাপার বন্ধ হইয়াছে। ২৮শে জুলাই তারিখ হইতে ৫ দিনের মধ্যে পূর্ব্ববৎ রেল চলাচল করিবার আশা নাই।

টেলি—"শ্রীপ্রকাশ"
নবদ্বীপ

Reg No C.1544

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৮৲
অর্দ্ধ কলম ৪৷৹
সিকি কলম ২৲
চক্তির হার
স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

সাধারণ হার
অগ্রিম দেয়
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸৹
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৵১

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার এক মাত্র মুখপত্র

৬ষ্ঠ খণ্ড] সম্পাদক—শ্রীঅতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাগীশ [১২৮তম সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—১৬ই শ্রাবণ শনিবার, ১৩৩৮, ১লা আগষ্ট ১৯৩১

বিমল গুপ্ত কে

২ জনের যাবজ্জীবন দ্বীপান্তর

ডাকাতের দৌরাত্ম্য

বন্দুক চুরীর খানাতল্লাসে সশস্ত্র ডাকাতি

কান্দীতে ডাকাতি

সার তেজবাহাদুরের লক্ষ্ণৌ পরিদর্শন

কংগ্রেসকর্ম্মী গ্রেপ্তার

কয়েকজন পাটনায় পিকেটীংয়ে গ্রেপ্তার

প্রতারণার অভিযোগ

প্যাটেলের অস্ত্র চিকিৎসার প্রয়োজন

নানা কথা

বিমল গুপ্ত কে ?

সংবাদে প্রকাশ, মিঃ পেজীর হত্যা-কারী বলিয়া বিমল গুপ্তকে অভিযুক্ত করা হইয়াছে। মিঃ পাল্পিকের হত্যা-কারী বিমল গুপ্তের মৃতদেহ সনাক্ত করাইবার জন্য তাহার পিতাকে পুলিস মেদিনীপুর হইতে কলিকাতায় আনয়ন করিয়াছেন। তিনি কিন্তু সনাক্ত করিবার কালে মৃত আততায়ী যে তাঁহার পুত্র বিমল গুপ্ত এমন কথা বলিতে পারেন নাই। সুতরাং এই সনাক্ত ব্যাপার লইয়া পুলিস মহা মুস্কিলে পড়িয়াছে, কারণ বিমল গুপ্তের কোন ফটো পুলিসের নিকট নাই।

২ জনের যাবজ্জীবন দ্বীপান্তর

জেলিয়াবাড়ী ষ্ট্রীটে সুশীলা নাম্নী এক বারবনিতাকে কে বা কাহারা যে খুন করিয়া সরিয়া পড়িয়াছিল। এই সম্পর্কে হাইকোর্টের সেসনে লক্ষ্মীনারায়ণ বসাক ও হীরালাল পালিত নামক ২ জন লোক অভিযুক্ত হইয়াছিল। গত ২৯শে জুলাই এই মামলার বিচার হইয়া গিয়াছে। হাইকোর্ট সেসনের বিচারপতি মাননীয় লট্ট উইলিয়ামস তাহাদিগের প্রত্যেকের প্রতি যাবজ্জীবন দ্বীপান্তর বাসের হুকুম করিয়াছেন

ডাকাতের দৌরাত্ম্য

দৌলতপুর হইতে প্রকাশ যে, সম্প্রতি ছোটগোপের শ্রীযুক্ত বিনোদবিহারী কুণ্ডুর বাড়ীতে এক ডাকাতী হইয়া গিয়াছে। ডাকাতরা নগদে ও অলঙ্কারে সাড়ে তিন হাজার টাকা লইয়া গিয়াছে। এই সম্পর্কে এখনও কাহাকে গ্রেপ্তার করা হয় নাই। পুলিশের তদন্ত চলিতেছে।

বন্দুক চুরীর খানাতল্লাসে সশস্ত্র পুলিস

খুলনা ও বাগেরহাট হইতে আগত সশস্ত্র ও সাধারণ পুলিস সমভিব্যাহারে ফকিরহাট থানার পুলিস শ্রীযুক্ত দুর্গেন্দ্রনাথ রায় চৌধুরী, শ্রীযুক্ত নারায়ণ সেন ও কংগ্রেসের আর একজন ভূতপূর্ব্ব কর্ম্মীর বাটীতে গত ২৪শে তারিখ অপরাহ্নে হানা দেয়। তদুপরি অবশ্য বাড়ীর প্রায় ২০ খানা ঘর ও ঘরের সকল বাক্স তোরঙ্গ পুলিস তন্ন তন্ন করিয়া খানাতল্লাস করে। প্রকাশ, মৃণ্ময়ের বন্দুক চুরির সম্পর্কে এই খানাতল্লাস।

কান্দীতে ডাকাতি

কান্দী হইতে প্রকাশ যে কয়েক দিন পূর্ব্বে খড়গ্রাম থানার অন্তর্গত বেলিয়া গ্রামে হরি বাড়ইয়ের বাড়ীতে অস্ত্রসজ্জিত ডাকাতি হইয়া গিয়াছে। ডাকাতগণ সংখ্যায় বার জনের অধিক ছিল। তাহারা মারাত্মক অস্ত্রসহ বাহিরের দরজা ভাঙ্গিয়া ভিতরে প্রবেশ করে এবং বাড়ীর স্ত্রীপুরুষের নিদ্রিতাবস্থায় প্রায় ঘণ্টা করিয়া প্রায় ৮০০৲ টাকার জিনিষ লইয়া পলায়ন করে।

সার তেজবাহাদুরের লক্ষ্ণৌ পরিদর্শন

সার তেজবাহাদুর সপ্রু এই সপ্তাহে শেষে লক্ষ্ণৌতে আগমন করিবেন। তিনি চরির মহারাজের বাসভবনে বিভিন্ন জমিদারদিগের সহিত সাক্ষাৎ করিয়া আলাপ আলোচনা করিয়াছেন।

কংগ্রেসকর্ম্মী গ্রেপ্তার

ঝিনেদেনী হইতে প্রকাশ যে সম্প্রতি পুলিস ইন্সপেক্টর নায়ক জনৈক যুবক কংগ্রেসকর্ম্মীকে ফৌজদারী বিধির ১৪৪ ধারা অনুসারে গ্রেপ্তার করিয়াছে। তাহার বিরুদ্ধে অভিযোগ সে নাকি আপত্তিজনক বক্তৃতা করিয়াছে।

গঞ্জাম জিলা রাষ্ট্রীয় সম্মেলন

ডাঃ গোপবন্ধু চৌধুরীর নেতৃত্বে গঞ্জাম জিলা রাষ্ট্রীয় সম্মেলনের অধিবেশন হয়। উৎকলে দিল্লী চুক্তি ভঙ্গের কয়েকটি উদাহরণ দেখাইয়া এবং স্বরাজ পার্টি স্থাপনের জন্য অনুরোধ করিয়া সভায় প্রস্তাব উপস্থাপিত হয়। প্রস্তাব গৃহীত হইয়াছে।

বিশ্ববৈষ্ণবরাজসভার পরিব্রাজক

পরিব্রাজকগণের নাম	বর্ত্তমান নিকাশা	পরিব্রাজকগণের নাম	বর্ত্তমান নিকাশা
১। শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ	শ্রীমায়াপুর	৮। শ্রীভক্তিস্বরূপ পুরী	কটক
২। শ্রীভক্তিবিবেক ভারতী	কটক	৯। শ্রীভক্তিস্বরূপ পর্ব্বত	পুরী
৩। শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম	শ্রীমায়াপুর	১০। শ্রীভক্তিবিলাস গদ্ভক্তিনেমি	কলিকাতা
৪। শ্রীভক্তিপ্রকাশ অরণ্য	কটক	১১। শ্রীভক্তিরঞ্জন ভক্তিসার	মাদ্রাজ
৫। শ্রীভক্তিরত্ন বন	মাদ্রাজ	১২। শ্রীভক্তিরক্ষক শ্রীধর	মাদ্রাজ
৬। শ্রীভক্তিসর্ব্বস্ব গিরি	অমৃতসর	১৩। শ্রীভক্তিভূদেব শ্রৌতী	শ্রীমায়াপুর
৭। শ্রীভক্তিবৈভব সাগর	কলিকাতা	১৪। শ্রীভক্তিপ্রসূন বোধায়ন	পুরী

শুদ্ধভক্তমঠসমূহ

শ্রীচৈতন্য মঠ

আকর

প্রাচীন নবদ্বীপ, ভাগবত শ্রীধাম মায়াপুর, নদীয়া

এই মঠহইতে পারমার্থিক দৈনিকপত্র, সাপ্তাহিক-পত্রাদির অপ্রকাশিত ও প্রাচীন গ্রন্থরাজি প্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' নামের প্রতিষ্ঠা হইয়াছেন যেখানে প্রতিবৎসর শ্রীধাম-পরিক্রমানুষ্ঠান ও অন্যান্য ভক্তগোষ্ঠীসহ কীর্ত্তন প্রচারমুখে নামযজ্ঞোৎসবাদি ভক্তাঙ্গ অনুষ্ঠিত হইয়া থাকে। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপাদ নরহরিজী। সেবকারী—শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী, পণ্ডিত শ্রীপাদ গৌরদাস ব্রহ্মচারী ভক্তিবাচস্পতীর্থ, শ্রীপাদ বীরচন্দ্র ব্রহ্মচারী, শ্রীপাদ নন্দগোপাল ব্রহ্মচারী, শ্রীঅম্বরীষ ব্রহ্মচারী, শ্রীমদনগোপাল ব্রহ্মচারী, ভক্ত নরেন্দ্র, হরিপদ, রেবতীমোহন প্রভৃতি।

(২) শ্রীগৌড়ীয় মঠ

১৬ নং বাগবাজার চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ,সঃ বাগবাজার, কলিকাতা।

টেলিফোন বি, বি, ৪১১৫

মঠরক্ষক—আচার্য্যত্রিদণ্ডি শ্রীপাদ কৃষ্ণবিহারী বিদ্যাভূষণ। সহকারী—পণ্ডিত শ্রীপাদ অনন্তবাসুদেব পদবিদ্যাভূষণ বি-এ, শ্রীপাদ রাসবিহারী ব্রহ্মচারী, শ্রীপাদ জগদ্বান্ধব দাসাধিকারী বি-এ, শ্রীপাদ কমলগোপাল দাসাধিকারী, ব্রহ্মচারী শ্রীকীর্ত্তনানন্দ, ব্রহ্মচারী শ্রীগোষ্ঠবিহারী, ব্রহ্মচারী শ্রীমদনানন্দ, পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ পদবিদ্যারত্ন ভক্তিপাত্রী সম্প্রদায়বৈভবাচার্য্য, শ্রীঅম্বরজ্ঞানদাসাধিকারী বি-এ, শ্রীরবীন্দ্রনাথ বি-এল, শ্রীমধুসূদন নরকোবিদ্, শ্রীবিশ্বম্ভর ব্রহ্মচারী, শ্রীহরগোবিন্দ ব্রহ্মচারী প্রভৃতি।

(৩) যোগপীঠ শ্রীমন্দির

রক্ষক—লোকনাথানন্দ গোস্বামী শ্রীআচার্য্য প্রভু শ্রীরমানাথ। সহকারী বিশ্বানন্দ ব্রহ্মচারী, শ্রীরাধাবিনোদ ভক্তিকুসুম, শ্রীরাধবদাস ব্রহ্মচারী। শ্রীমাধব দাস অধিকারী, সেবপত্তা শ্রীনীলনাথ।

(৪) শ্রীবাস-অঙ্গন

রক্ষক—শ্রীপ্রভাকুসুম ব্রহ্মচারী।

(৫) অদ্বৈত-ভবন

রক্ষক—শ্রীঅদ্বৈতানন্দ দাসাধিকারী, শ্রীগোকুলদাস বাবাজী।

(৬) কাজীর সমাধি পাট

প্রাচীন মায়াপুর, যবনপুকুর (নদীয়া)

রক্ষক—ব্রহ্মচারী শ্রীবিনোদবিহারী।

(৭) শ্রীনন্দ সুন্দর-কুঞ্জ

শ্রীগোদ্রুম, ভরণপাড়া (নদীয়া)

রক্ষক—ভক্তিকুসুম ভাক্তার ব্রহ্মচারী ভক্তাস্তিজী এল, এম, এফ।

(৮) শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

ময়মনসিংহ।

রক্ষক—শ্রীহরদয় ভক্তিপাত্রী এম, এ, এল, সহকারী—শ্রীউদ্ধবদাস ভক্তিবারী, শ্রীউজ্জ্বল অধিকারী প্রভৃতি।

(৯) শ্রীগৌর-গদাধর-মঠ

টাপাটারী, সমুদ্রগড়, (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেরাম ব্রহ্মচারী, ভক্ত দীনবন্ধুদাস বাবা।

(১০) শ্রীরূপগৌড়ীয়-মঠ

বাহিরগড়, প্রয়াগ ষ্টেট, পি

রক্ষক—শ্রীসর্ব্বেশ্বর ব্রহ্মচারী।

(১১) শ্রীনামব্রহ্মমন্দির

মাউপাড়ি, আমলাগড়, বর্দ্ধমান।

রক্ষক—শ্রীবনবিহারী ব্রজবাসী, ভক্ত শ্রীমাধব।

(১২) শ্রীমাধব আসন

শ্রীমাধব প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।

রক্ষক—শ্রীকৃষ্ণানন্দ ব্রহ্মচারী ভক্তিপাত্রী

(১৩) শ্রীএকায়ন মঠ

গোবিন্দপুর, হাবড়া-লী, নদীয়া।

রক্ষক—শ্রীমধুসূদানন্দ ব্রহ্মচারী। সহকারী শ্রী-চরিত ব্রহ্মচারী, শ্রীপদ্মলোচন দাস অধিকারী, ভক্ত বিশ্বনাথ।

(১৪) শ্রীমাধব-গৌড়ীয় মঠ

৯০নং নবাবপুর রোড, ঢাকা।

রক্ষক—শ্রীলোকনাথ ব্রজবাসী, শ্রীপাদ সুন্দরানন্দ পদবিদ্যাবিনোদ বি-এ, শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী, শ্রীপতিতপাবন ভক্ত।

(১৫) শ্রীগোপালজী মঠ

ভজনাপুর, ঢাকা।

রক্ষক—শ্রীদয়ালদাস ব্রহ্মচারী

(১৬) শ্রীগদাই-গৌরাঙ্গ মঠ

রক্ষক—শ্রীপূর্ণপ্রজ্ঞ ব্রহ্মচারী, শ্রীমঙ্গলদাস ব্রহ্মচারী

(১৭) শ্রীজগন্নাথমঙ্গলানন্দ মঠ

চিকলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-বাণীবর্ত্তিকা-নিবিষ্টারীর নিত্যসেবা বর্ত্তমান। রক্ষক—ব্রজবাসী শ্রীজগন্নাথদাসজী।

(১৮) আমলাযোড়া প্রপন্নাশ্রম

রাজবাঁধ পোঃ বর্দ্ধমান।

রক্ষক—ব্রজবাসী শ্রীগরিকিশোর।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

পুরীধাম, পুরী, উড়িষ্যা।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমানন্দ বিদ্যারত্ন, ব্রহ্মচারী শ্রীনবীনানন্দ, শ্রীপরেশানুভব ব্রহ্মচারী, শ্রীরাঘবানন্দ ব্রহ্মচারী, শ্রীবিশ্বাস চরণ অধিকারী, শ্রীনারায়ণি পণ্ডা।

(২০) শ্রীব্রহ্ম-গৌড়ীয় মঠ

আলবরনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমেশ্বরী প্রসাদজী। সহকারী—ব্রহ্মচারী শ্রীবলিনবিহারী।

(২১) শ্রীসচ্চিদানন্দ মঠ

উড়িষ্যাবাজার, কটক।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীগদাধর, শ্রীরামদাস ব্রহ্মচারী।

(২২) শ্রীসনাতন-গৌড়ীয় মঠ

৯নং জগন্নাথদাসপুরা, কাশী।

রক্ষক—ব্রহ্মচারী কৃষ্ণদেবজী, নিতাইদাস ব্রহ্মচারী, শ্রীগোকানন্দ ব্রজবাসী।

(২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

শ্রীনৃসিংহদাস কুঞ্জ, শ্রীধাম বৃন্দাবন।

রক্ষক—শ্রীগণপতিনাথ ব্রহ্মচারী

(২৪) শ্রীপদ্মমহসে মঠ

মৈমিহারনা, সীতাপুর

রক্ষক—ব্রহ্মচারী শ্রীনৃসিংহানন্দ ও ব্রহ্মচারী শ্রীনন্দদুলাল।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ

কুমুদকুঞ্জ, চিত্রকূটা, বান্দুয়।

রক্ষক—শ্রীরমানাথ রায়, শ্রীরাধাজী দেবপরিচা।

(২৬) ব্যাসগৌড়ীয় মঠ

রক্ষক—ব্রহ্মচারী শ্রীমুরলীধরজী, শ্রীনবী গোপাল ব্রজবাসী

(২৭) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রম-ম

ব্রাহ্মণপাড়া, পোঃ মাধু, হাবড়া

এখানে বহু কুসুমিত শ্রীগৌরাঙ্গের সে বর্ত্তমান। রক্ষক—ব্রজবাসী শ্রীপ্রাণকৃষ্ণ দাস, ভক্ত করুণাকর।

(২৮) দিল্লী গৌড়ীয় মঠ-কার্য্যালয়

৫নং গোপীজন ডাক্তার লেন, সিউ দিল্লী

রক্ষক—ব্রহ্মচারী শ্রীগৌরকৃষ্ণ, শ্রীমুলশেখ শ্রীরাধারমণচরণপরায়ণ

(২৯) গোয়ালপাড়া-প্রপন্নাশ্রম

রক্ষক—ব্রহ্মচারী শ্রীরাধারমণ

(৩০) মাদ্রাজগৌড়ীয় মঠ

নর্থ গোপালপুরম্, ক্যাথেড্রাল, মাদ্রাজ

রক্ষক—ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিসুন্দর মহারাজ। সহকারী—ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তি-রঞ্জন ভক্তিসার, ত্রিদণ্ডস্বামী শ্রীমদ্ভক্তিরক্ষক শ্রীধর মহারাজ, শ্রীপাদ জগদানন্দ ব্রজবাসী, শ্রীপাদ দেবকীনন্দন ব্রহ্মচারী, শ্রীগরিবিহরণ ব্রহ্মচারী ভক্তিপাত্রী ও শ্রীপাদ গৌরগোপাল ব্রহ্মচারী।

(৩১) রাধাগোপাল পাট

কাঁটালপুলি, চাকদা, নদীয়া

রক্ষক—ব্রহ্মচারী শ্রীকেশবানন্দ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ



দৈনিক নদীয়া-প্রকাশ



একমাত্র পায়

দৈনিক সংবাদপত্র

ধাম — মায়াপুর — নদীয়া

বঙ্গাব্দ ৩ শ্রীধর গৌরাব্দ ৪৪৩, ১৬ই শ্রাবণ বঙ্গাব্দ ১৩৩৮, ১ আগষ্ট ইং ১৯৩১ শনিবার ১১৮তম সংখ্যা

সাময়িক সন্দেশ

রবিবার ১৭ই শ্রাবণ (১৩৩৮)

গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ৈকসংরক্ষক ও
ভূপাদ পরমহংস পরিব্রাজকাচার্যবর্য
রিবরশ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী
স্বামী মহারাজ গত ১২ই শ্রাবণ ২৮শে
ই মঙ্গলবার বেলা ৮৯টার সময়
াম মায়াপুর শ্রীচৈতন্য মঠ হইতে
লকাতা শ্রীগৌড়ীয় মঠে শুভবিজয়
না হইয়াছেন।

শ্রীল প্রভুপাদ পদার্পণ করিলে
ুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউটের প্রধান
ক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিকুমুদ তীর্থ
রাজ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিজ্ঞান
শ্রম মহারাজ, পণ্ডিতপ্রবর শ্রীপাদ
ভবাসুদেব পরিব্রাজকপ্রভু ও শ্রীমঠের
ান্ত সেবকবৃন্দসহ সমবেতস্বরে অভিমন্ত্য
গুরুদেবের জয়ধ্বনি করিলেন—সৌভাগ্য-
জনগণ শ্রবণ করিলেন, সেই জয়ধ্বনি
দিগন্তে আচার্যবর্য্যের অনুষ্ঠিত সঙ্কীর্তন
র শুভবিজয়বার্ত্তা বিঘোষিত করিলেন।

ত্রিদণ্ডিগোস্বামিবর অপরাপর সেবকবৃন্দ-
কগণসঙ্গে সিংহার হইয়া হুলোর
ট পর্য্যন্ত শ্রীল প্রভুপাদের অনুগমন
লেন। তৎপরে শ্রীল প্রভুপাদ শ্রীপাদ
ভবাসুদেব পরিব্রাজকপ্রভু, শ্রীপাদ নিত্যা-
ব্রহ্মচারী, শ্রীপাদ মুকুন্দবিনোদ দাসা-
ধিকারী, শ্রীপাদ সচ্চিদানন্দ ব্রহ্মচারী, শ্রীপাদ-
সম্পাদী ম্যানেজার, ডাঃ শ্রীপাদ কৃষ্ণভক্তি
ব্রহ্মচারী ভক্তিকুসুম ও অপরাপর ভক্তি-
গণ কতকগুলি গন্ধরাজ মৌকাবোগে
করিলে স্বামিজীর পুনরায় শ্রীশ্রীল প্রভু-
পাদের জয়ধ্বনি করিয়া প্রত্যাবর্ত্তন
করিলেন।

গঙ্গা পার হইয়া শ্রীল প্রভুপাদ
নবদ্বীপঘাট ষ্টেশনে কৃষ্ণনগরগামী ট্রেণে
আরোহণ করিলে শ্রীল গিরি নিত্যানন্দ ব্রহ্মচারী
প্রভু, শ্রীপাদ মুকুন্দবিনোদ প্রভু ও অপরাপর
ভক্তিগণ ভক্তবৃন্দ শ্রীল প্রভুপাদের
শ্রীপাদ পদ্মে প্রণত হইয়া শ্রীচৈতন্যমঠে
প্রত্যাবর্ত্তন করেন।

বেলা ১০ ৪০ মিনিটের সময় ট্রেণ
কৃষ্ণনগরসিটী ষ্টেশনে উপস্থিত হয়।
কলিকাতাগামী ট্রেণের কৃষ্ণনগর ষ্টেশনে
পৌঁছিতে তখনও দেড়ঘণ্টারও অধিক বিলম্ব
ছিল। এদিকে শ্রীজগদ্গুরু প্রেস হইতে
কাকশালী শ্রীপাদ কৃপানন্দ ব্রহ্মচারী প্রভু
শ্রীল প্রভুপাদকে লইয়া যাইবার জন্য
ষ্টেশনে উপস্থিত হইয়াছিলেন। কৃষ্ণনগরের
কৃতবিদ্য ডাঃ শ্রীযুক্ত শ্যামাপদ চট্টোপাধ্যায়
মহোদয় শ্রীল প্রভুপাদের নিমিত্ত তাঁহার
মোটর ষ্টেশনে পাঠাইয়া দিয়াছিলেন।
সুতরাং, প্রভুপাদ শ্রীপাদ বাসুদেব প্রভু সহ
উক্ত মোটরে শ্রীজগদ্গুরু প্রেসে শুভবিজয়
করেন। তথায় বন্ধুর সুযোগ্য চিকিৎসক
শ্রীযুক্ত কিরীটচন্দ্র দত্ত উকীল, ডাঃ শ্রীযুক্ত
সচ্চিদানন্দ দত্ত প্রমুখ সজ্জনগণ শ্রীল
প্রভুপাদের শ্রীচরণ বন্দনা করেন।

শ্রীল প্রভুপাদ অল্পক্ষণ পরেই উক্ত
মোটরে ষ্টেশনে পৌঁছিয়া শ্রী ১ ঘাটফরম
প্রভৃতি শ্রীপাদ সচ্চিদানন্দ ব্রহ্মচারী ও শ্রীপাদ
উদ্ধব দাসাধিকারী সহ কলিকাতাগামী
ট্রেণে আরোহণ করিয়া বেলা প্রায় ৩টার
সময় শ্রীগৌড়ীয় মঠে শুভবিজয় করেন।

কটক টোলাগোস্বামীস্থ মঠ হইতে অন্যান্য
শ্রীপাদ নাড়ুগোপাল আকাশী ভক্তি-
সুহৃদকের ভক্তিশাস্ত্রী এম, এ মহোদয় গত
২৮ জুলাই তারিখে তারে জানাইতেছেন,—

সচ্চিদানন্দময়ের বার্ষিক মহামহোৎসব
অতি সুন্দররূপে অনুষ্ঠিত হইতেছে।
ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিবেক ভারতী মহা-
রাজ প্রত্যহই শ্রীমদ্ভাগবত ব্যাখ্যা করিতে-
ছেন। অদ্য শিক্ষিত যুবক প্রত্যহই শ্রীমঠে
আগমন করত পাঠাদি শ্রবণ করেন। শ্রীযুত
করেরক্ষক দাস অধিকারী ও অন্যান্য
ভক্তগণ সঙ্কীর্তন করিতেছেন। সমাগত
শ্রোতৃমণ্ডলীকে প্রত্যহই মহাপ্রসাদে পরিতৃপ্ত
করা হইতেছে। এখানকার আকাশের অবস্থা
ভাল এবং উৎসবের কার্য্যাদি উত্তমরূপে ও
সন্তোষজনকভাবে নির্ব্বাহিত হইতেছে।

গত ১৩ই শ্রাবণ বুধবার দিবস নদীয়া
জেলার রাণাঘাট গ্রাম নিবাসী শ্রীযুক্ত
সুধীরকুমার বাগচী মহাশয় সপরিবারে
শ্রীধাম মায়াপুর দর্শনে আসিয়াছিলেন।
তিনি শ্রীবিগ্রহসম্বন্ধে যে সময়ে গমন করেন,
তখন শ্রীবিগ্রহের মাধ্যাহ্নিক শয়নকাল।
সুতরাং তাঁহারা শ্রীবিগ্রহ দর্শন করিতে
পান নাই। কিন্তু সুধীরবাবু শ্রীবিগ্রহ
দর্শন করিতে না পারিয়া যে মন্তব্য প্রকাশ
করিয়াছেন, তাহাতে তাঁহার মাধ্যাহ্নিকী
বিতর্ক স্থান পাইয়াছে।

শ্রীবিগ্রহের ভোগ দেখিবার প্রয়োজন
নাই বা তাহার বিশ্রামবিষয়ে আগ্রহকতা
নাই, কেবল আমাদের ইন্দ্রিয়তর্পণের জন্য
নিজেদের সেবাসুবিধার শ্রীমূর্ত্তির উপরে
হস্তক্ষেপ করিতে হইবে—এরূপ বিচারের
প্রশ্রয় বুদ্ধিমানমাত্রই করেন না।

শ্রীবিগ্রহকে কাঠ, মাটী, পাথরের
পুতুল বুঝি করিলে পৌত্তলিকতার প্রশ্রয়
দেওয়া হয়। মায়াবাদীর নিকটে শ্রীবিগ্রহের
অবজ্ঞা করিলে নরকী হইতে হয়—
এইরূপ পদ্মপুরাণ বলিয়াছেন।

গত ২৯শে জুলাই বুধবার দিবস নদীয়া
জেলার হাঁড়িশালাডাঙ্গায় যুক্ত আশুতোষ
বিশ্বাস মহাশয় ভক্তিবিনোদ ইনষ্টিটি
উটের শিক্ষার বৈশিষ্ট্য শ্রবণ করিয়া নিজ
পুত্রকে এই স্কুলে ভর্ত্তি করিবার জন্য
আসিয়াছিলেন। তিনি বলিয়া গেলেন
যে।

শ্রীধাম মায়াপুর যোগপীঠস্থ ভক্তক
শ্রীযুক্ত রমানাথ বন্দ্যোপাধ্যায় মোক্তার-মহো-
দয়ের সহিত তাঁহার মাতুল ভক্তিবিনোদ
ইনষ্টিটিউটের অধ্যক্ষবর্য্য বিষয়াবলী সম্বন্ধে
কিয়ৎক্ষণ আলোচনা হইয়াছিল। শ্রীযুক্ত
বিশ্বাস মহাশয় এই স্কুলের শিক্ষার
বৈশিষ্ট্যের কথা বিশেষভাবে শ্রবণ করিয়া
প্রীত হইয়াছেন।

নীলাচলে শ্রীরথ-যাত্রা

(২)

প্রত্যেক ভক্তের গৃহে নানা মূর্তিই উপ-
যখন প্রচারক গোবিন্দ প্রত্যেকের
উল্লেখ করিয়া প্রভুর সেবার সময়
স্থিত করিতেন, তখন প্রভুর ভক্তের
ভক্ত সেই চিন্ময় দ্রব্যগুলির কতই না
সা করিয়া গ্রহণ করিতেন।
বিন্দের কৃপাপ্রসাদে বৈষ্ণবমূর্তিগণ সেই
বার্ত্তা শুনিয়া পরমপুলকে আত্মহারা
য়া জীবন সফল জ্ঞান করিতেন।

শ্রীবার্ষভানবীর-ভাবদ্যুতিসুবলিত শ্রী-
তসুন্দর শ্রীশ্রীজগন্নাথদেবের রথাগ্রে
অলৌকিক নর্ত্তনলীলা প্রদর্শন করিয়া-
লেন, অদ্য আমরা সেই চিন্ময় লীলা-
র হইতে একবিন্দু স্বাতীর উত্তোলন
রিয়া নিত্যানন্দের গৌরভক্তবৃন্দের শ্রীচরণে
র্পণ করিবার প্রয়াস পাইব।

জগদাচার্য্যের লীলাভিনেতা শ্রীকৃষ্ণ-
ভক্তদেব শ্রীরথযাত্রার দিবস নিশাবসানের
ই গণসহ প্রাতঃস্নান করিয়া আসিলেন।
লাচলনাথের পাণ্ডুনিজ বা পাণ্ডাগি-
নের জন্য ভক্তবৃন্দের ব্যাকুলতার সীমা
; সমগ্র ভক্তগোষ্ঠী-সহিত শ্রীমন্মহা-
পাণ্ডাগি দর্শনে গমন করিলেন।
ক্ষাধিপতি মহারাজ প্রতাপরুদ্র সমস্ত
ন কর্ম্মচারীর সহিত নিজে উপস্থিত
কয়া মহাপ্রভুর গণকে পাণ্ডুবিজয় দর্শন
াইতে লাগিলেন।

শ্রীনিত্যানন্দ, অদ্বৈত, শ্রীবাস, জগদা-
, শঙ্করাদি ভক্তবৃন্দের সহিত শ্রীমন্মহা-
পুলকপরিপূর্ণ চিত্তে শ্রীজগন্নাথের
রোহণলীলা দেখিতে লাগিলেন।

শ্রীজগন্নাথের প্রিয়সেবক মহাপট্টীলা
'দয়িতাগণ শ্রীজগন্নাথ, শ্রীবলরাম
শ্রীসুভদ্রা দেবীকে সিংহাসন হইতে
াইয়া অতি সন্তর্পণকারে রথারোহণ
াইতে লাগিলেন। শুভচামর দ্বারা
ও উচ্চ বাদি নির্ঘোষ করিয়া প্রভুর
ভপথের স্থানে স্থানে পাহিরা দেওয়া
াগে; কিন্তু মহাবলী; শ্রীবিগ্রহের
স্পর্শে প্রাতঃকালে তুলীগুলি শত খণ্ড
য়া লঘুমেঘের ন্যায় চতুর্দ্দিকে উড়িয়া
ড়াইতে লাগিল।

সর্ব্বতন্ত্রস্বতন্ত্র স্বয়ং পুরুষোত্তমকে
ত চালাইতে পারে না, কি প্রেমের সেবার
লভ্য মাত্র, স্বেচ্ছাময় হরি ইচ্ছি-
হারাও নিজেই রথারোহণ করিলেন।

মহারাজ প্রতাপরুদ্র, স্বর্ণ সম্মার্জ্জনীর
া জগন্নাথদেবের রথ-বিস্তরের পথ
র্জ্জন করত সুবাসিত চন্দন-বারিতে সমস্ত
া সৌত করিয়া দিতে লাগিলেন। ব্যব-
রিক জগতে সর্ব্বশ্রেষ্ঠ ব্যক্তি হইয়াও
আন্তরিক দৈন্য-আর্ত্তি সহকারে এই তুচ্ছ
সেবা করিলেন বলিয়া ভক্তবৎসল শ্রীগৌর-
সুন্দর প্রতাপরুদ্রের প্রতি অত্যন্ত কৃপা-
পরবশ হইলেন।

যে তিনখানি শ্রীরথে শ্রীজগন্নাথ, বলদেব
ও সুভদ্রাদেবী আরোহণ করিলেন, তাহার
সজ্জা অতি পরিপাটী; দেবশিল্পী বিশ্বকর্ম্মা
স্বয়ং ঐ শ্রীরথসমূহের নির্ম্মাতা। কাঞ্চন-
ময় সুমেরুআকৃতি রথ নানাবর্ণ-মুক্তাঝির
ঝালর, শত শত সুচারু দর্পণে, নির্ম্মল
রত্ন চন্দ্রাতপে, বিশ্বরূপাকার, শ্রীরথশোভা
ঝলমল করিতেছিল। বহুমূল্য বিচিত্র
বর্ণের রেশমীবস্ত্রে রথ বিমণ্ডিত হইয়া
তুরগি সুরভি পুষ্পমালিকা-শ্রেণী মৃদুমারুত-
স্পর্শে দোদুল্যমান হইতেছিল। ঘণ্টার,
কিঙ্কিণী ও ঘণ্টাদির নিক্কণে অতি মধুরের
উত্থিত হইতেছিল। যে চিন্ময় রাজরথ
নিয়া ভগবান্ যাত্রা করিয়াছিলেন, তাহার
শোভা অতি মনোহর। যথা,—

"কনক হেমতাল পতে ধ্বজবর সম।
দুই দিকে টোটা সব যেন বৃন্দাবন॥
রথে চড়ি' জগন্নাথ করিলা গমন।
দুই পার্শ্বে দেখি' চলে আনন্দিত মন॥"

ঔৎকলীয় গৌরোন্মাদিগণকে 'গৌড়' কহে।
সেই গৌড়গণ পরমানন্দের সহিত রথরজ্জু
ধারণ করত রথ টানিতে লাগিল। কখনও
দ্রুত গতি, কখনও মন্দ মন্দ গতি,
কখনও বা স্থিরভাবে বিশ্রাম, এইপ্রকারে
স্বেচ্ছায় জগন্নাথের রথ অগ্রসর হইতে
লাগিল। শিক্ষাগুরু ভগবান্ শ্রীগৌরহরি
প্রথমে পরমানন্দ পুরী, ব্রহ্মানন্দ ভারতী,
অদ্বৈতাচার্য্য প্রভৃতি এবং শ্রীমন্নিত্যানন্দ
প্রভুকে যথা শ্রীকণ্ঠে প্রসাদী মালাচন্দন
পরাইয়া দিয়া তৎপরে প্রধান কীর্ত্তনীয়া
শ্রীস্বরূপদামোদর ও শ্রীবাস পণ্ডিতকে
মালাচন্দন দানে সম্মানিত করিলেন। সকল
ভক্ত কীর্ত্তনীয়াকেই মহাপ্রভু মালাচন্দন
দিলেন। প্রভুর শ্রীকণ্ঠের দিব্যপরশ লাভে
সকল ভক্তের প্রাণ আনন্দে নৃত্য করিতে
লাগিল। শ্রীমন্মহাপ্রভু কীর্ত্তনীয়াগণের
সম্প্রদায় শুশৃঙ্খলা করিয়া বিভাগ করিতে
লাগিলেন। বিভাগক্রমে সাতটী কীর্ত্তন-
সম্প্রদায় গঠিত হইল।

শান্তির বার্ত্তা

শুনি সদা ধরামাঝে ফরুল ফোলন,
ব্যথা-শোক স্মৃতি বক্ষ আকুল বেদন
ওগো কোথায়, কেমনে করিতে সেলন ?
ক্রন্দনক্লান্তি 'বিস্মরণীলতা'
তুলাইবে মর্ম্মক্ষত-ব্যথা,
মানবমঙ্গলে তার কর সো সোপণ।
মৃত্যু নাশি' বিতরে সে শাশ্বত জীবন।

শ্রীধাম প্রসঙ্গ

আমরা যাবতীয় এম্-এ পরীক্ষোত্তীর্ণ
বা বি-এল-পরীক্ষোত্তীর্ণ ব্যক্তিগণকে
ভগবদ্ভক্তিতে পারঙ্গত জানিতে পারি
নাই। যেখানে যত বহুবচন আছেন,
সকলেই যে শ্রীরামানন্দ বসুর বংশ
হইবেন,—এরূপ ধারণাও আমাদের নাই।

শ্রীরামানন্দ বসুর অন্বয় বলিয়া আত্ম-
পরিচয় দিতে গিয়া যদি কেহ উক্ত ভক্ত-
রাজের তিরোভাবদিন করেন, তাহা হইলে সেই
বংশোদ্ভবের দ্বারা শ্রীরামানন্দকেই কলুষিত
করা হয় মাত্র।

শ্রীঈশান ভক্ত ঠাকুর—কৃষ্ণলীলার
পার্শ্ব গোপালের অনুগত। তাই বলিয়া
যাবতীয় গুরুবৈষ্ণবকুলের তত্ত্ব উপাধিধারী
ব্যক্তি সকলেই কিছু 'গোপাল' হইতে
পারিবেন না।

উক্ত ভক্ত ঠাকুরের জ্ঞাতিবংশগণ সেই-
রূপ পরিচয়ে "গোপাল ঠাকুর" হইতে
গেলে তাহাদের আর শ্রীনিত্যানন্দ-
সেবার বিমলতা, বিষ্ণুবৈষ্ণবের দাস্য ও
পরমভাগবতত্বের নিষ্কা-প্রশস্য পাপভক্ত
বলিয়া দেখা যাইবে না।

বংশগত পরিচয়ের দ্বারা ডাক্তারের
বংশ, মোক্তারের বংশ, পোদ্দারের বংশে
সকলেই যে ডাক্তার, মোক্তার বা পোদ্দার
হইবেন—এরূপ প্রমাণ নাই। সুতরাং
ছেঁড়া কাথার গুঁড়ো পূণপুরুষের লক্ষ
টাকার বিলাসিতা এখনও আছে বলিয়া
মনে করিলে 'আলমদর' হইয়া যাইতে
হইবে।

আলমদরীর চিন্তাস্রোত যদি কেবলমাত্র
গণের মধ্যে প্রবিষ্ট হয় বা আলোকের
ঘরের দুলালগণের মধ্যে যদি তাহা বদ্ধ
হইয়া পড়ে, তবে তাহার বিষময় ফল
ভোজন করিয়া প্রাকৃত সহজিয়া তথা-
কথিত বৈষ্ণবসমাজ সেই বিষে
জর্জ্জরিত হইবে, সন্দেহ নাই।

যৎকিঞ্চিৎ

(৩)

শ্যামসুন্দরের উপাসক
শ্রীপাদ সুন্দরানন্দ প্রভু

শুকটি বলিয়া নয় কুকচিরে পুকে,
সুরূপে 'সুরূপ' বলি' মানসে বসায়;
হীরক-আকর ভাবি' 'কাচমণি' খুঁড়ে,
শুকরের উপাসনা এই কিরে হায় ?
নিশান্তে মরক্কমে সুন্দরের গীতি,
অপ্রাকৃত সৌন্দর্য্যের দিতে সুসন্ধান;
ডালিতে অনন্তমূর্ত্তে স্থিত শুন ভাতি,
অমূর্ত্তির পৌঢ়াকালে এক জ্যোতিষ্মান॥

ভঙ্গ চক্ষু নাহি ফিরে শ্যাম-মুখকাসি;
সুন্দর-পুরুষ-পুর্ণ ধরণীর নয়,
সেথা পঁহুঁকেনি কবি প্রাকৃত পরশি'
'সুন্দর সাধিবা' তাঁর দেহ পরিচয়॥
সে' দিব্য ধারকা নিতি গাহে মধুস্বরে,
"বৈষ্ণবের গান শুধু বৈকুণ্ঠের তরে॥"
শুনেছে পুরুষ সত্য হে সৌম্য তাপস!
বিশ্বে কি'তের ঘরে কাঁদে শুন দিয়া,
করিতে বিশ্বের বাথা চির অনলস,
দিনানিশি রচিতেছ গোলোক অমিয়;
কৃষ্ণধাত্রী বাণী তুমি, বক্ষে অনগল;
শুমনীষী, দার্শনিক, সিদ্ধান্তনিপুণ।

প্রাকৃতাদমন্থবাণী-প্রাকাশ-বিকল,
কবি তুমি; ধাতা-শ্রেষ্ঠ সেবা-প্রনিপুণ॥
শরতের শতদল, বসন্তের যূথী,
বসন্তের গোলাপের অপূর্ব্ব সুবাস,
চম্পক চামেলীসনে মাল্লিকা মালতী,
মিশায়ে রচিছ মালা সেবন-সহাস॥

ভকতের ধ্যানমন্ত্র হে পূজারী সুন্দরের।
নিবেদি ও'শ্রীমুখে ভাক্তঅর্ঘ্য অন্তরের॥

অমৃতসরে গিরিমহারাজ

শ্রীধাম মায়াপুর শ্রীচৈতন্য মঠের ভক্তি-
তম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তি-
সর্ব্বস্ব গিরি মহারাজ অমৃতসরে শ্রীমন্মহা-
প্রভুর প্রচারিত শুদ্ধ সনাতন ধর্ম্মের কথা
প্রচার করিতেছেন। তিনি তথাকার
কালীবাড়ীতে সনাতন শিক্ষা-সম্বন্ধে কয়ে
চিত্তাকর্ষক বক্তৃতা প্রদান করিয়াছেন। বহু
বাঙ্গালী ভদ্রলোক তাঁহার বক্তৃতা শ্রবণে
বিশেষ তৃপ্ত হইয়াছেন।

স্থানীয় অন্যতম রায় বাহাদুর সতীশ-
চন্দ্র বিশ্বাস ও রায় সাহেব তারাপদ রায়
হোম ডিপার্টমেণ্টের সুপারিণ্টেণ্ডেণ্ট
মহোদয়ের গৃহে শ্রীমদ্ভাগবত পাঠ দ্বারা
মানবজীবনের কর্ত্তব্য বিষয়ে সুন্দরভাবে
বুঝাইয়া দিয়াছেন।

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীমন্মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস-প্রণীত মূল, শ্রীমন্-
াচার্য্য-কৃত তাৎপর্য্য-নির্ণয়টীকা; শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী
র-কৃত সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, সংস্কৃত অন্বয় ও
ভিধান, তথা ও বিস্তৃত্যাদিযুক্ত। প্রতি স্কন্ধের আদিতে
স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ
ায়ের সারসহ সুবিস্তৃত তাৎপর্য্যাদি বিস্তৃত। শ্লোকসূচী
ঃসূচী, অধ্যায়বিবরণ, পাত্র ও স্থাননির্দ্দেশ উহার
ষে উভয় অক্ষরে মুদ্রিত। প্রথম হইতে ১০ম স্কন্ধ
ছাপা সম্পূর্ণরূপে শেষ হইয়াছে। ভিক্ষা প্রথম
তে ৯ম স্কন্ধ পর্য্যন্ত ; দশম স্কন্ধ ১২, ;
গ্র ১০, ।

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীমদ্বাসুদেব লোহঠাকুর-রচিত 'অমৃতপ্রবাহভাষ্য'
শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত
ভাষ্যে শ্রুতি-স্মৃত্যাদি বহু যুক্তিপ্রমাণ-সম্বলিত হইয়া
কাশিত হইয়াছেন। শ্লোকের সাধুবাংলায় বঙ্গানুবাদ ও
ঢাক পয়ারের পূর্ব্বে সংক্ষিপ্ত অভিধেয় সংযোজিত।
ত্যেক অধ্যায়-প্রারম্ভে কথাসার দেওয়া আছে। শ্লোক,
ত্র, পদ, ধাতু, পাত্র প্রভৃতির শুদ্ধাশুদ্ধ সূচী ও গ্রন্থকারের
ক্ষিপ্ত জীবনী সম্বলিত এইরূপ অপূর্ব্ব সংস্করণ ইতঃপূর্ব্বে
কাশিত হয় নাই। উৎকৃষ্ট কাগজে পরিষ্কার টাইপের
ত বৃহৎ দুই কলমে মুদ্রাঙ্কণ মুদ্রিত হইয়াছে। গ্রন্থ প্রায়
০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা বর্ত্তমানে ৫, মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত
ড়ীয় ভাষ্য, শব্দসূচী, পয়ারসূচী, বিষয়-স্থান-পাত্রাদি-
চী, প্রভৃতি বিবিধ বিষয়-সম্বলিত বিরাট দ্বিতীয় সংস্করণ
ল ক্রাউন ৮ পেজী আকার। আদিলীলা ও মধ্যের
রার্দ্ধ প্রকাশিত হইয়াছেন। ক্রমে ক্রমে প্রকাশিত
হইবেন। অগ্রিম ভিক্ষা ৫, টাকা, আদি লীলার
ক্ষা ৩, ।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের এরূপ অভিনব সুন্দর সংস্করণ আর কুত্রাপি
কাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকাংশের অন্বয়, বঙ্গানুবাদ,
ব্দার্থ, কথাসার, তথ্য প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত
ইতেছেন। মূল মোটা অক্ষরে ডবল ক্রাউন আটপেজী
ফরমায়ে ছাপা হইয়াছে। মূল্য ২৷০ টাকা। নদীয়া
কাশ ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১৷০ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

—শ্রীগৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি
শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিঠাকুর গোস্বামিকৃতা সারার্থদর্শিনী
কাশমেতা ও শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'রসিক-
ন' নামক ভাষ্যভাষ্যসহিতা। অধ্যায়সূচী, মাতৃকাক্রমে
াক-সূচী, বিষয়-সূচী, গ্রন্থকারের জীবনী ও অবতরণিকাদি
-ভাষ্যবিষয়-সহ উৎকৃষ্ট রাজাই-তৃতীয় সংস্করণ—এই রাজ
ংস্করণের ভিক্ষা ২, টাকা মাত্র, সাধারণ সংস্করণ—১৷০
ক্ষা মাত্র

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের সেই অমিয়া-বিস্রাবিনী জীবাত্মস্বরূপোদ্বোধিনী কৃষ্ণ-কার্ষ্ণানন্দদায়িনী জীবন্ত বাণীর মূর্ত্ত-বিগ্রহ—বৈষ্ণবসিদ্ধান্ত-রত্নমালার কৌস্তুভমণি—সম্প্রদায় বৈভববিজ্ঞানাগারের মৌলিক তথ্য—সফরাজ ও ভাগবতের সনন্দর গুরু—মহাজন-জীবনচরিত-শিক্ষক—ত্রিবিধাপাচিন্ত্যাভেদ-অচিন্ত্যভেদাভেদ-বিচারক—ঐশ্বর্য্য ও মাধুর্য্যরসের মৌলিক গবেষণার —সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন-তত্ত্বের সিদ্ধান্ত-সমুদ্র।

১। **প্রথম খণ্ড**—বৈষ্ণবদর্শন, শ্রীগুরুতত্ত্ব, কাল-
ধর্ম্ম, শ্রীনবদ্বীপভাব, শ্রীবার্ষভানবী, পাঞ্চরাত্রিকী দীক্ষা
ও বর্ণ-বিচার, আত্মধর্ম্ম ও মনোধর্ম্ম, শ্রীচৈতন্যদেব ও
তাঁহার শিক্ষা, অপ্রাকৃত রহস্যধর্ম্ম ও প্রাকৃত সহজধর্ম্ম,
প্রভৃতি বিংশতি সংখ্যক গ্রন্থে সুশোভিত। ভিক্ষা মাত্র
৸৹ বার আনা।

২। **দ্বিতীয় খণ্ড**—শ্রদ্ধা ও বিদ্বা ভক্তি, মনুষ্যের
শ্রেষ্ঠতা কোথায়, আত্মার নিত্যতা, ঈশ্বর স্বামিসাদ ও
মায়াবাদ, শ্রীগৌর-নিত্যানন্দপ্রসঙ্গ, ত্রিদণ্ডের ধর্ম্ম ও কৃষ্ণ-
কীর্ত্তন, শ্রীব্যাসপূজায় শ্রীমদ্ভাগবতের কীর্ত্তন, শ্রীগৌর-
ধামের মহিমা, মহাপ্রসাদ, শ্রীগোবিন্দ, শ্রীগুরুপাদপদ্মকমল-
পদ্ম, শ্রীমতী সুরভাঙ্গনদেবী, শ্রীচৈতন্যদের দয়া, গৌরকথা
ও কৃষ্ণকীর্ত্তন—চতুর্দ্দশ অপূর্ব্ব মধুরিমাপূর্ণ-বক্তৃতা-বিভূষিত।
ভিক্ষা ১, এক টাকা মাত্র।

প্রথম ও দ্বিতীয়—দুই খণ্ড একত্রে লইলে ভিক্ষা ১৷০
দেড় টাকা, ডাক খরচ স্বতন্ত্র।

শ্রীমদ্ভগবদ্গীতা

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি শ্রীশ্রীমদ্বলদেব বিদ্যা-
ভূষণকৃত ভাষ্য ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের প্রাঞ্জল বঙ্গ-
ভাষায় বিস্তৃত 'বিবৃদ্ধরঞ্জন' নামক ভাষ্যযুক্ত। অধ্যায়-
সূচী, বিষয়সূচী, ও প্রতি শ্লোকের প্রথম ও তৃতীয়
পাদ সূচী, ভাষ্যকারের জীবনী প্রভৃতি সম্বলিত।
উৎকৃষ্ট বাঁধাই, রাজসংস্করণ (তৃতীয় সংস্করণ) গ্রন্থের
ভিক্ষা ২, টাকা।

প্রমেয়রত্নাবলী

শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ-প্রণীত বৈষ্ণবদর্শন, সঙ্ঘাত ও
গোবিন্দ-ভাষ্যাদি পড়িবার প্রথম গ্রন্থ। উৎকৃষ্ট কালিতে
ছাপা। সুবিস্তৃত টীকা ও প্রাঞ্জলবঙ্গানুবাদ-সাহায্যে
অতি সহজে বালকেরও বোধগম্য হইয়া থাকে। ভিক্ষা
।৵৹ আনা মাত্র।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

(প্রমাণখণ্ড) সানুবাদ। শ্রুতি-স্মৃত্যাদি গ্রন্থে শ্রীনব-
দ্বীপের যে মহিমা কীর্ত্তিত আছে, তাহার মূল সংস্কৃত ও
অনুবাদ। ভিক্ষা ৶৹ আনা।

শ্রীশ্রীনবদ্বীপভাবতরঙ্গ

শ্রীঠাকুর ভক্তিবিনোদ বিরচিত। সুললিত গীতাকারে
পরিক্রমার ভ্রমব্যাদি-বিষয়ক। ভিক্ষা ।৹ আনা।

ভক্তিরত্নাকর ও নবদ্বীপ পরিক্রমা

শ্রীল নরহরি চক্রবর্ত্তি-ঠাকুর রচিত। ভক্তিরত্নাকর
হইতে পরিক্রমাংশ মাত্র গৃহীত ; শ্রীল গোস্বামী কি
প্রকারে শ্রীনবদ্বীপধামের পরিক্রমা করিয়াছিলেন, তাহাই
পদ্যে বিবৃত। ভিক্ষা ।৵৹ আনা

শ্রীচৈতন্যশিক্ষামৃত

শ্রীভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। শ্রীচৈতন্যদেবের
শিক্ষাপ্রণালী—কৃষ্ণ, কৃষ্ণভক্তি ও রস—বদ্ধ ও মুক্ত জীব—
অচিন্ত্য-ভেদাভেদ-তত্ত্ব—সাধন-নির্ণয়—প্রয়োজন-তত্ত্ব, কর্ম্ম-
কাণ্ড, মায়াবাদির বিচার—শৈবী ভক্তি, ভাবভক্তি ও
প্রেমভক্তিসহ নামভজন-প্রণালী ও অষ্টকালীয় লীলা-
পরিচয়াদি প্রথম শিক্ষার্থীর উপযোগী করিয়া সরল ভাষায়
সমুদয় যুক্তিপ্রমাণসহ লিখিত আছে। চতুর্থ সংস্করণ বাঁধা
২, টাকা, আবাদা ১৷০ টাকা মাত্র।

গৌড়ীয়কণ্ঠহার

গৌড়ীয়-বৈষ্ণবগণের অবশ্যকণ্ঠে ধারণযোগ্য
শ্রুতি স্মৃতি পুরাণ-পঞ্চরাত্রাদি সাত্বত-শাস্ত্রসমূহের প্রমাণাবলী
বিস্তৃতিক্রমে সানুবাদে সংস্কৃত। এইরূপ বৈষ্ণব-
সিদ্ধান্তের সারসমন্বয় অন্য কুত্রাপি প্রকাশিত হয় নাই।
ইহাতে গুরুতত্ত্ব—ভাগবত—বৈষ্ণব—গৌর—নিত্যানন্দ—
অদ্বৈত—কৃষ্ণ—শক্তি—তত্ত্বপঞ্চক—জীব—অচিন্ত্যভেদাভেদ
—অভিধেয়—সাধনভক্তি—বপ্রসম্বন্ধ—আত্মসম্বন্ধ—শুদ্ধনাম
—নামাপরাধ—প্রয়োজন ও প্রমাণ-তত্ত্বগুলি পৃথক অধ্যায়ে
সুন্দর শ্লোকোক্তি সূচীসহ উৎকৃষ্ট এন্টিক কাগজে রোজ
রু কালিতে মুদ্রিত, উৎকৃষ্ট বাঁধা সোনার জলে নাম লেখা।
গ্রন্থ প্রায় ৪০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা ২, টাকা মাত্র।

শ্রীনবদ্বীপধাম-প্রদক্ষিণাবলী

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত 'ধামমাহাত্ম্য'—ধাম-
মাহাত্ম্যের সানুবাদ প্রমাণ খণ্ড—শ্রীল নরহরিচক্রবর্ত্তী
ঠাকুরের ধাম পরিক্রমাংশ—শ্রীধাম নবদ্বীপ পরিক্রমা—সীতা-
যাত্রা পদ্ধতি—শ্রীমৎ প্রবোধানন্দকৃত নবদ্বীপশতকম্—
শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ প্রভৃতি
গ্রন্থ একত্র ভিক্ষা ৸৹ আনা মাত্র।

শ্রীহরিনামামৃত ব্যাকরণ

শ্রীজীব গোস্বামী প্রভুপাদ-বিরচিত সূত্র ও বৃত্তি,
তৎসঙ্গে ওঁবিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী
মহারাজের বিস্তৃত ভূমিকা ও সূচী প্রভৃতি সহ।
অপ্রত্যাশিতরূপে প্রকাশ। ভিক্ষা ২, টাকা, ছাত্রগণের
পক্ষে ১৷০ টাকা মাত্র।

বেদান্তসূত্রসার

শ্রীমদ্রামানুজাচার্য্য ১৷৷৮। বেদান্তের বিশিষ্টাদ্বৈতবাদ-
প্রচারক শ্রীবৈষ্ণব-সম্প্রদায় আচার্য্যপ্রবর বেদান্তদর্শন পাঠের
উপযোগী করণার্থ এই উদ্যম করিয়াছেন। ইহাতে
বঙ্গানুবাদ ও সূচীপত্রাদি সংযোজিত করা হইয়াছে
নাম মাত্র ভিক্ষা ৸৹ আনা।

শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও নবদ্বীপশতক

গৌরপার্ষদ ত্রিদণ্ডী শ্রীমৎ প্রবোধানন্দ সরস্বতী-প্রণীত
মূল, প্রভুপাদ শ্রীমদ্ ভক্তিবিনোদ সরস্বতী গোস্বামী মহারাজ
সম্পাদিত অন্বয়মুখে ব্যাখ্যা ও বঙ্গানুবাদ সম্বলিত।
নবদ্বীপশতকের ঠাকুর ভক্তিবিনোদ ঠাকুরের পদ্যানুবাদ ও
তৎসহ শ্রীমন্মহাপ্রভুর একটী চিত্রপটসহ অলৌকিক চিত্র
প্রদত্ত হইয়াছে। মুদ্রণ ও কাগজ উৎকৃষ্ট (২ খানা
একত্রে) ভিক্ষা ৸৹ আনা, অতি সুলভ্য বাঁধাই রাজসংস্করণ
১, টাকা মাত্র।

ভক্তবন্ধু

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। এই একমাত্র গ্রন্থরত্নের জ্ঞান লাভ করিলে পারমার্থিক গ্রন্থে কিছুতেই অজ্ঞান বা সংশয় থাকিবে না। পরম গুরু শ্রীবিগ্রহকে এই গ্রন্থ সরল ও হৃদয়গ্রাহী গ্রন্থ এপর্য্যন্ত প্রকাশিত হয় নাই। নিখিলগোস্বামি-প্রাণ মহোদয়গণ এই গ্রন্থখানি অবলম্বনে ... উচিত হইয়াছেন। আমার অতিরিক্ত কথা, কথাসার ইত্যাদি দ্বারা বিশেষ সহজ করা হইয়াছে। বিরাট গ্রন্থ, দোনাথ জলে লাম রোগা, উহাই বাঁধাই – চতুর্থ সংস্করণ ভিক্ষা ২৲ টাকা মাত্র।

প্রেমবিবর্ত্ত

শ্রীমন্মহাপ্রভুর অন্যতম পার্ষদ শ্রীল স্বরূপদামোদর প্রণীত। এই পুস্তকে অতি সুবোধ্য ভাষায় মহাপ্রভুর কতিপয় লীলাসহ বৈষ্ণবাচার্য্য, একাদশী ও নামভজন প্রণালী প্রভৃতি অনেক বৈষ্ণবতত্ত্বের সুমীমাংসা দেখিতে পাইবেন। পাশ্চাত্যের ভুক্ত স্কুলের ... গ্রন্থকর্ত্তার পরিচয়াদি-সম্বলিত সুন্দর সংস্করণ ভিক্ষা ছয় আনা মাত্র।

ভজনরহস্য

ভজনকারীর নিত্যসঙ্গী ; ঠাকুর ভক্তিবিনোদের অমূল্য দান ; নিখিল শাস্ত্রের নির্য্যাস। গ্রন্থখানি না দেখা পর্য্যন্ত কেহ বুঝিতে পারিবেন না। তৃতীয় সংস্করণ ভিক্ষা ৸৹।

হরিনামচিন্তামণি

নামাচার্য্য শ্রীল হরিদাস ঠাকুরের মুখে শ্রীমন্মহাপ্রভু শ্রীনাম মাহাত্ম্য, নামাভাস, নামাপরাধ প্রভৃতি বিশেষ যত্নসহকারে বিচার করিয়াছিলেন। এই কিংবদন্তির অতি সরল পয়ারে সংক্ষিপ্ত আলোচনা পরিপাটিভাবে মুদ্রিত। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। পঞ্চম সংস্করণ ভিক্ষা ৸৹

কল্যাণকল্পতরু

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত। প্রত্যেক ভগবদ্-বিশ্বাসী ও ভজনপথের পথিকের একান্ত প্রয়োজনীয় উপদেশাবলীপূর্ণ ক্ষুদ্রগ্রন্থ। সময়ের অভাবগ্রস্ত ... লোকেও এই ভজনরাজ্যের পরিচয়মাত্রের দ্বারা অনর্থনিবৃত্তি ও ভগবৎসেবা লাভ করিবার সুবিধা পাইবেন। ষষ্ঠ সংস্করণ, ভিক্ষা ৵১০ আনা মাত্র।

শরণাগতি

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। ভগবানে আত্মসমর্পণ, বিজ্ঞপ্তি, ভজনলালসা, বহুবিধা শরণাগতি ও সিদ্ধি-লালসা-বিষয়ক গীতিপুঞ্জ। ভিক্ষা ৵১০ আনা মাত্র।

গীতাবলী

শ্রীঠাকুর ভক্তিবিনোদ-প্রণীত : নিত্য ভজন, আরাত্রিক ও প্রণাম-সেবনাদি-বিষয়ক মধুর গীতসমূহ একত্রে গ্রথিত। ভিক্ষা ৵১০ আনা মাত্র।

শ্রীসঙ্কল্পকল্পদ্রুম

রসিকেন্দ্রচূড়ামণি শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-বিরচিত সংস্কৃত। শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের অনুবাদ-সহ। ভিক্ষা ।৹ আনা মাত্র।

শ্রীশ্রী খ্রিঃ

শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ও শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর প্রতি শিক্ষা গোস্বামীর উপদেশাবলি, ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিষয়ে বহু-বিস্তৃত আলোচনা ভাষা, বিশুদ্ধ সিদ্ধান্ত, চরিত্রাদর্শের প্রমাণ, সাধন ধারণা ও ... প্রভৃতি অত্যাবশ্যকীয় বিষয়যুক্ত প্রত্যেক ছেত্রের মূল্য সন্নিবেশিত হইয়াছে। এই সংস্করণ ভিক্ষা ৵০ আনা।

সাধন-কল্প

শ্রীরঘুনাথ দাস গোস্বামীর মনঃশিক্ষা, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-চরিত পদ্যানুবাদসহ। ভিক্ষা ৵০ আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা

শ্রীল নরোত্তম ঠাকুর প্রণীত প্রেমভক্তিবিষয়ক গানের পুস্তক। ভিক্ষা ৵০ আনা মাত্র।

নবদ্বীপশতক

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপাদের সংস্কৃত নবদ্বীপশতকের সুললিত পদ্যানুবাদ। ভিক্ষা ৵০ আনা মাত্র।

অর্থপঞ্চক

শ্রীল গোকাচার্য্য রচিত। বৈষ্ণবতা-জ্ঞানের আকর পুস্তক। ভিক্ষা ৵০ আনা মাত্র।

সদাচারস্মৃতি

শ্রীল মন্ধাচার্য্য প্রণীত। বৈষ্ণবের নিত্যকর্ত্তব্যাদি সদাচারাবলী, বঙ্গানুবাদ সহিত। ভিক্ষা ৵০ আনা মাত্র।

মণিমঞ্জরী

কবিকুলশেখর শ্রীনরহরিচক্রবর্ত্তী রচিত শ্রীমন্মহাপ্রভুর লোকাতীত বাল্যলীলা ও মূল বৈষ্ণবধর্ম্মমত। সানুবাদ ভিক্ষা ।৹ আনা মাত্র।

গৌরকৃষ্ণোদয়

প্রাচীন কবি শ্রীঘোরিন্দ দেব প্রণীত শ্রীগৌরাবতারের প্রমাণপূর্ণ সংক্ষিপ্ত সংস্কৃত গ্রন্থ। ভিক্ষা ৸৹ আনা।

যুক্তিমল্লিকা ও ক্ষণসৌরভ।

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। বঙ্গাক্ষরে সানুবাদ এই গ্রন্থের প্রকাশ পারমার্থিক সাহিত্য-জগতে এই সর্ব্বপ্রথম। শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর হইতে গৌড়ীয়সম্প্রদায়ে দ্বিতীয় মন্বাচার্য্য নামে খ্যাত শ্রীমদ্বিশ্বতীর্থ স্বামী এই গ্রন্থে সাধারণ যুক্তি ও লৌকিক ন্যায়শাস্ত্রের কিরূপ সুন্দরভাবে ভক্তিবিরোধি-মতবাদ সমূহ খণ্ডন করিয়াছেন, তাহা পাঠ করিতে করিতে আশ্চর্য্যান্বিত হইতে হয়। ইহাতে যুক্তির দ্বারা চার্ব্বাক, বৈদান্ত, সৌদ্ধ, মীমাংসক ও মায়াবাদিমত-সমূহের সুন্দর খণ্ডন রহিয়াছে। ভিক্ষা ২৲ টাকা মাত্র।

গোস্বামী শ্রীল রঘুনাথ দাস

(ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত ভূমিকা সহ) গৌরপ্রেষ্ঠ স্বরূপ-রূপের একমাত্র প্রিয়তম শ্রীল দাস গোস্বামী প্রভুর অপূর্ব্ব চরিতামৃত ও শিক্ষা অতীব প্রাঞ্জল ও সরল ভাষায় সন্নিবিষ্ট এবং পরিশিষ্টে দাসগোস্বামী প্রভুর বিরচিত কতকগুলি সানুবাদ মধুরতম স্তব ও মনঃশিক্ষা-সম্বলিত। ভিক্ষা বাঁধাই ।৹ আনা, আবাঁধাই ৵০ আনা মাত্র।

চিত্রে নবদ্বীপ

প্রাচীন নবদ্বীপের অবস্থিতি, কথা, ঐতিহ্য, গৌড় ... ঐতিহাসিক প্রমাণসম্বলিত নদীয়া দ্বীপের সচিত্র বিবরণ গ্রন্থ। স্বর্গীয় রাজসাহের কুমার শ্রীযুক্ত শরদিন্দু নারায়ণ রায় এম. এ. প্রাক্তন মোকোরা, বেরাম্বুলস মহোদয়ের করকমলে এবং ৪৭ খানি বিভিন্ন বর্ণের অপূর্ব্ব চিত্র মানচিত্র-সমন্বিত ; প্রাচ্যবিদ্যামহার্ণব রায় সাহেব শ্রীযুক্ত নগেন্দ্র নাথ বসু বিশ্বকোষসম্পাদক মহাশয়ের বিস্তৃত ভূমিকা সহ। উৎকৃষ্ট (ইং) মরক্কো বাঁধাই মূল্য ১৷৹, ভিঃ পিঃ ... ২৲ টাকা মাত্র।

সাধক-কণ্ঠমালা

গুরুবন্দনা, বৈষ্ণব-বন্দনা, বৈষ্ণবলক্ষণ, দীক্ষাতত্ত্ব ও শ্রীনামমন্ত্র, শ্রীমন্মহাপ্রভুর অষ্টোত্তরশত নাম, অষ্টপ্রকার নামক বল, শ্রীনামশিক্ষাষ্টক, প্রেমসঙ্গীত, বাউল,কীর্ত্তন, নবধা-ভক্তি, শ্রীমায়াপুর মহিমা, শ্রীমন্নোত্তম-প্রভুর অষ্টোত্তরশত-বন্দনা, সদ্গুরুস্বামীর অষ্টক, প্রেমভক্তিচন্দ্রিকা, উপদেশমালা, নামভজন প্রণালী, মহাপ্রভু ও রায় রামানন্দ সংবাদ, মনঃশিক্ষা, শ্রীগুরুপ্রণতি, শ্রীগুরু-পরম্পরা, মহাপ্রভুর বন্দনা ... ও সাধক ও সিদ্ধদীবনের নিত্যলীলা, বৈষ্ণবগণের কণ্ঠহারিণী ... মালার ন্যায় অমূল্য ... সাধু-সেবার অমূল্য গ্রন্থ। ভিক্ষা ৸৹, বাঁধাই ।৹ মাত্র।

গৌড়ীয়-গৌরব

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয় সম্প্রদায় শ্রীপাদ সুন্দরানন্দ পরিব্রাজকাচার্য্যদেবের প্রদত্ত বক্তৃতার বিবরণ গ্রন্থকারে প্রকাশিত। ইহাতে গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ের ... ইতিহাস সংক্ষেপে প্রদর্শিত হইয়াছে। ভিক্ষা ৵০ মাত্র।

গৌড়ীয় সাহিত্য

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয় সম্প্রদায় শ্রীপাদ সুন্দরানন্দ পরিব্রাজকাচার্য্যদেবের প্রদত্ত বক্তৃতার বিবরণ গ্রন্থকারে প্রকাশিত। ইহাতে সাহিত্য-শব্দের অর্থ ... গৌড়ীয় সাহিত্যের বিষয় সুন্দরভাবে বর্ণিত হইয়াছে। ভিক্ষা ৵০ আনা মাত্র।

শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা-কল্পনা

শ্রীগৌরদেবের যে সকল স্থানে সংকীর্ত্তন শ্রীমন্মহাপ্রভু এবং তদনুগ পরবর্ত্তী মহাজনগণ লীলা করিয়া গিয়াছেন সেই সব আধুনিক ভৌগোলিক পরিচয় ও দেবীবিগ্রহ পরিচয় সহ সাধারণের সুবিধা নিমিত্ত ইত্যাদি বিষয় সন্নিবেশিত আছে। ভিক্ষা ৵০ আনা।

THE HARMONIST
OR SHREE SAJJANATOSHANI

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রতিষ্ঠিত এবং শ্রীল ভক্তি সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ সম্পাদিত পারমার্থিক মাসিক পত্র। একণে ইংরাজী ভাষায় অষ্টাবিংশ ... ডবলক্রাউন ৮ পেজী ৪ ফর্ম্মা আকারে প্রতি বারে নামের বিষয়-বৈচিত্র্য লইয়া উপস্থিত হইতেছে। কাগজ, মুদ্রণ-পারিপাট্য ও চিত্রাদি অন্যান্য চিত্তাকর্ষক এই প্রকার উৎকৃষ্ট প্রবন্ধ আর কোন মাসিক পত্রিকা দেখিতে পাইবেন না। বার্ষিক ভিক্ষা ডাকমাশুলসহ ... টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর নদীয়া

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও আদর্শচরিত্র শিক্ষকবৃন্দ ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য বিশাল রাজে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইতেছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

সবিস্তার সংবাদের জন্য নিম্নলিখিত ঠিকানায় পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

—৫১ বৎসরের প্রতিষ্ঠিত—

উষধালয়ে প্রস্তুত বটীকা

বাত শুক্রতারল্য, স্বপ্নদোষ, কোষ্ঠকাঠিন্য, অজীর্ণ, অম্লরোগ প্রভৃতি যত রোগীর রোগ নিরাময় হইয়াছে তাহা প্রকাশ করিলে বড় বড় পুস্তক হইয়া পড়ে।

ইহা

সকল শুক্রতে ব্যবহার চলে ও সমান ফল প্রদান করিয়া থাকে। প্রতি কৌটায় ৩২টী বটীকা থাকে।

কেবলমাত্র

প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা। ইহার নাম "আতঙ্কনিগ্রহ বটীকা"।

অন্যান্য ঔষধের তালিকার জন্য পত্র লিখিলেই পাইবেন

প্রাপ্তিস্থান :—আতঙ্কনিগ্রহ ঔষধালয়

২১৪ নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

মফঃস্বলের সুবিধার জন্য ৯ আঃ শিশিতে ঘনীভূত অবস্থায় কোটবোতলে ঔষধ ভাকে পাঠান হয়, উহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ১০ আনা, পাইট ৯/০ আনা, বোতল ১৸০ আনা।

অফিস—১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

গবত প্রেস

খোরাড়ী ষ্ট্রীট

কৃষ্ণনগর

এখানের বিবাহের নিমন্ত্রণ-পত্র, প্রীতি-উপহার, কার্ড, গ্রন্থ এবং অন্যান্য যাবতীয় কার্য্য ছাপা হইয়া থাকে। ছাপার দর বাজার দর অপেক্ষা সুলভ। পরীক্ষা প্রার্থনীয়।

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস্, এন্, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈজ্ঞানিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

৬৮ নং কটন ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈবপ্রাপ্ত যক্ষ্মার একমাত্র মহৌষধ

পনর দিনে সম্পূর্ণ আরোগ্য

রোগী দেখাইতে হইবে। অথবা পাশের খরচ (বাওয়া এবং আসার) পাঠাইলে নিজ রোগী দেখা হয় অথবা এখানে আসিলে রোগী দেখিয়া ঔষধ দেওয়া হয় আরোগ্য না হওয়া পর্য্যন্ত পারিশ্রমিক দিতে হইবে না। গরীব রোগীদের খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়। বিস্তারিত বিবরণের জন্য এক আনার ডাক টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীকিশোরীচন্দ্র উকীল, যক্ষ্মা-চিকিৎসক, পোঃ নৈকাটী, ২৪পরগণা।

অথবা নিম্ন ঠিকানায় সাক্ষাৎ করিয়া বিস্তারিত জানিতে পারেন।

শ্রীযুক্ত রামগোপাল দত্ত এম্, এ, কৃষ্ণনগর, নদীয়া। শ্রীযুক্ত অরিন্দম মিত্র, ১১৭, মেছুয়াবাজার ষ্ট্রীট, বাটরোলা, কলিকাতা।

একখানি পত্র! আমার স্ত্রীকে পূর্ব্ব ছয় মাস যাবৎ রাজ যক্ষ্মায় ভুগিয়া মৃতপ্রায় হইয়াছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাহার জীবনের আশা ত্যাগ করিয়া শেষ মুহূর্ত্তের জন্য অপেক্ষা করিতেছিলেন এই সময় শ্রীযুক্ত কিশোরীচন্দ্র উকিল মহাশয় মাত্র ১০ দিন চিকিৎসা করিয়া সম্পূর্ণ আরোগ্য করিয়া দিয়াছেন। (সাঃ) শ্রীযতীন্দ্র কিশোর রায় চৌধুরী (জমিদার পানিয়া) রসু ষ্ট্রীট, নিউ বিল্ডিং। কলসোলেশন ইষ্টার্ণ টিম্বার টমেন্ট, কলিকাতা।

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার—গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেন গ্রাহকগণ

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কসের

এত প্রশংসা করেন

—কারণ—

এখানে যাবতীয় ছাপার কার্য্য—

গ্রন্থাদির কার্য্যই বলুন,

বিবাহের নিমন্ত্রণ পত্র, কার্ড, বিবাহের পত্রই বলুন,

আর ৩ নং ও ৪ নং এর হাফটোন ব্লকই বলুন, সকল কার্য্যই অতি সত্বর ছাপা হয়, অথচ ছাপাইবার খরচ বাজার অপেক্ষা সুলভ।

আপনার কিছু ছাপার কার্য্য থাকিলে নিম্নঠিকানায় জানাইলেই ফর পাইবেন।

ম্যানেজার—গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

২৪৩২ নং আপার সার্কুলার রোড, কলিকাতা

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস হইতে—ভক্তিবেদান্ত স্বামী ভক্তিসুন্দর এস, এস, এফ, কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

কয়েকজন পাটনায় পিকেটিংয়ে গ্রেপ্তার

শ্রীযুক্ত শিউদারী সিং, তুলসীপ্রসাদ ও ব্রহ্মদেও সিং মাসাঙ্গুরীতে শ্রীযুত রাম ...হর বিদেশী বস্ত্রের দোকানে পিকেটিং করিতেছিলেন। পুলিস ২৪শে তারিখে তাহাদিগকে দণ্ডবিধির ৩৪১ ধারা অনুসারে গ্রেপ্তার করিয়াছে।

প্যাটেলের অন্ত্র চিকিৎসার প্রয়োজন

প্রোফেসার মোরেল শ্রীযুক্ত বিঠলভাই প্যাটেলের স্বাস্থ্য পরীক্ষা করিয়াছেন। পরীক্ষাকালীন বোম্বাইয়ের ডাক্তার ...রুচা এবং লাহোরের ডাক্তার মেহর ...আলীকার উপস্থিত ছিলেন।

ডাক্তারদিগের পরামর্শে স্থির হইয়াছে ...র রোগের জন্য একটী ও তলপেটের বেদনা নিবারণের জন্যএকটি—এই দুইটী অস্ত্র চিকিৎসার প্রয়োজন হইবে। শ্রীযুত প্যাটেল ডাক্তার রমনের পরামর্শ গ্রহণ করিয়াছেন। ভিয়েনার বিখ্যাত ডাক্তার ...ঃ লোরেন্স তাঁহার অস্ত্রোপচার করিবেন।

প্রতারণার অভিযোগ

শীতল মুখোপাধ্যায়, অনাদিলাল ...মুখোপাধ্যায় হরিদাধন বন্দ্যোপাধ্যায় ...বাপালচন্দ্র চৌধুরী ও মন্মথনাথ দাস নামক কয়েকজন লোক ভোড়াবাগানের ভূতীয় প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট মিঃ ...রাফিদ আলির এজলাসে ষড়যন্ত্র ও প্রতারণার অভিযোগে অভিযুক্ত হইয়াছে। ২২শে জুলাই এই মামলার এক হুকা নানী হইয়া গিয়াছে আসামীরা অপরাধ স্বীকার করিয়াছে। তাহাদিগের পক্ষে অভিযোগ তাহারা জনসাধারণকে ...হারিত করিয়া তাহাদিগের নিকট হইতে টাকা আদায় করিয়াছে মামলা তুলুনী হইয়াছে।

কক্করবাগ হত্যার মামলায় আসামীদের অব্যাহতি

পাটনা হইতে প্রকাশ যে কক্করবাগ ...ত্যাকাণ্ড সম্পর্কে সন্দেহে ধৃত—জামীনপ্রাপ্ত শ্রীযুত নরেন চট্টোপাধ্যায়, সতীশপ্রসাদ ও ইন্দ্রদেও সেওয়ারী ও জেলে অবস্থিত অনিলবিহারী ঘোষ ...হাদের বিরুদ্ধে গত ২৭শে জুলাই সিটি ম্যাজিষ্ট্রেটের বিচারে প্রমাণাভাবে মুক্তি ...হইয়াছেন। কিন্তু শ্রীযুত অনিলবিহারী ...ষকে ছাড়া পাওয়ার অব্যবহিত পরেই ...বার কার্য্যবিধির ১১০ ধারা অনুসারে ...রার করা হইয়াছে।

গান্ধীজীর কটিবাস রাজপ্রাসাদে চলিবে কিনা

গান্ধীজী লণ্ডনে আসিলে তাঁহার কটিবাস সমন্বিত ফটো লইবার জন্য ফটোগ্রাফারগণ বিশেষ উদ্গ্রীব হইয়াছেন।

গান্ধীজী বলিয়াছেন—বেশী শীত পড়িলে তিনি গাউন পরিবেন। 'সাণ্ডে এক্সপ্রেস' বলিতেছেন—"বাকিংহাম প্যালেসে গান্ধীজীর নিমন্ত্রণ হইবে। সেখানে অনেক বড় বড় রাজ-কর্ম্মচারী থাকিবেন। তথায় কটিবাস পরিয়া গেলে একটা বীভৎস ব্যাপার ঘটিবে।

আবহাওয়া বিভাগের কর্ম্মচারী বলিয়াছেন—সেপ্টেম্বর মাসে বেশী শীত পড়িবার সম্ভাবনা। তখন গান্ধীজী কটিবাস পরিয়া লণ্ডনে উপস্থিত হইলে তাঁহার বাঁচিবার আশা থাকিবে না।

টেম্‌স্ তটে পাঁচজনের মৃত্যু

টেম্‌স নদীর ধারে টানেল তৈয়ারী করিতে গিয়া পাঁচজন লোক ২০ ফুট কাদার মধ্যে ডুবিয়া যায়। উইলিয়ম ও ...নেল উইলিয়ামকে বাঁচাইতে গিয়া নিজেও কাদায় ডুবিয়া মারা গিয়াছেন। চারিমাস ধরিয়া টানেল তৈয়ারী হইতেছে, এ পর্য্যন্ত কিন্তু কোনও দুর্ঘটনা ঘটে নাই।

ফারুগুসন কলেজে ছাত্রবৃন্দের কাপুরুষোচিত আক্রমণের নিন্দা

২২শে জুলাই ফারুগুসন কলেজের ছাত্রগণ তাহাদের স্ব স্ব শ্রেণীতে সমবেত হইয়া পড়াশুনা আরম্ভ করিলে কলেজের অধ্যক্ষ মিষ্টার মাইরসানি তাহাদিগের নিকট নিম্নলিখিত প্রস্তাবটী পাঠ করেন এবং সর্ব্ব সম্মতিক্রমে উহা গৃহীত হয়।

আমরা ফারুগুসন কলেজের ছাত্রমণ্ডলী গত ২২শে জুলাই তারিখে বোম্বাইয়ের গভর্ণরের কলেজ পরিদর্শন কালে তাঁহার প্রতি কাপুরুষোচিত আক্রমণের তীব্র নিন্দা করিতেছি।

ঈশ্বরানুগ্রহে লাট বাহাদুরের জীবন রক্ষা হওয়ায় আমরা তাঁহাকে আন্তরিক অভিনন্দন জানাইতেছি।

কতিপয় ছাত্র গভর্ণরের প্রস্থান কালে তাঁহার প্রতি যে উদ্ধত অশিষ্ট আচরণ প্রদর্শন করিয়াছে, আমরা সম্পূর্ণরূপে তাহার অননুমোদন করিতেছি।

তৈল ব্যবসায়ীর বিপত্তি

মাদারীপুর হইতে প্রকাশ যে কয়েক দিবস পূর্ব্বে মাদারীপুরের ডেপুটি ম্যাজিষ্ট্রেট শ্রীযুত অনাথবন্ধু রায় একটী মামলার বিচার নিষ্পন্ন করেন ঐ মামলার ফরিদপুরের স্যানিটারী ইনস্পেক্টর শ্রীযুক্ত হেমেন্দ্রলাল বসু বাদী ও মুখফতগঞ্জের তৈলব্যবসায়ী শ্রীযুত মথুরাহরি চৌমিক আসামী ছিলেন।

অভিযোগের বিবরণে প্রকাশ, গত ২০শে মার্চ্চ তারিখে বাদী আসামীর দোকানে সরিষার তৈল পরীক্ষা করিতে যখন করিলে আসামী তাঁহার পরীক্ষা কার্য্যে বাধা দেন এবং তাঁহাকে গালাগালি দিয়া দোকান হইতে বহিষ্কৃত করিয়া দেন।

আসামী পক্ষ হইতে বলা হইয়াছে যে, বাদী তাহার নিকট উৎকোচ লইতে চাহে অস্বীকার করায় তাহার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ আনয়ন করা হইয়াছে।

বিচারকারী ম্যাজিষ্ট্রেট আসামীকে অব্যাহতি প্রদান করিয়াছেন

বিদেশী বস্ত্র বিক্রয়ে নিষেধ

কতিপয় বিশ্বাসযোগ্য ব্যক্তি সংবাদ দেন যে, জিলার মফঃস্বলে ও সমরে কোন কোন সম্প্রদায়ভুক্ত বিদেশী বস্ত্র ও সূতা আমদানী করিতেছেন এবং নির্দ্দিষ্ট বিদেশী বস্ত্রের বাণ্ডিলের সীল ভাঙ্গিয়া বেচা হইতেছে। এই সংবাদ পাইয়া ঢাকা জিলা কংগ্রেস কমিটীর কার্য্যকরী সমিতির একসভা বসান হয়। কমিটীর নবাবপুর অফিসে সরকারী সভাপতি স্বামী ভূমিনানন্দ তীর্থের সভাপতিত্বে সভা বসে। এই সকল অভিযোগ সম্বন্ধে তদন্ত করিয়া ১৫ দিনের মধ্যে রিপোর্ট দিবার জন্য ৭ জন সদস্য লইয়া একটী কমিটী গঠিত হয়।

স্বামী ভূমীনানন্দ, শ্রীযুত নীরেন সেন, সুরেন্দু সেন, কবিরাজ মুরারিমোহন ঘোষ ও শ্রীযুত বীরেন্দ্রচন্দ্র গাঙ্গুলী—উক্তকার্য্যকরী সমিতির এই কয়জন সভ্য গত ২৬শে জুলাই নবাবপুরে কয়েকখানা সুতা ও কাপড়ের দোকান পরিদর্শন করিতে যান। তাঁহারা কোন কোন দোকানে জাপানী মালপত্র দেখিয়া ব্যবসায়ীদিগকে জানাইয়া আসিয়াছেন, যদি তাঁহারা অবিলম্বে এই সকল বিদেশী সুতা ও কাপড়ের কারবার বন্ধ না করেন, তাহা হইলে পিকেটিং আরম্ভ করা হইবে।

বিলাতে আন্তর্জের সংকার

বিলাতী সংবাদপত্র মহলে প্রকাশ, এক সপ্তাহের মধ্যে ভারতে চারিজন ইংরাজকে হত্যা করিবার চেষ্টা হইল। তাহার মধ্যে কলিকাতায় মিঃ গার্লিক ...ওয়ীর আঘাতে নিহত হইলেন। সংবা... পত্রে এই দুই প্রদেশের সংবাদ বড় ... দেখিয়া প্রকাশ করায় আতঙ্ক সঞ্চার হইয়াছে।

'হেরী মেল' পত্রিকা তাঁহার প্র... সম্পাদকীয় প্রবন্ধে লিখিতেছেন, ভারত... শাসনকে বিড়ালের মাংস দিয়া পরিপু... করিবার নীতি অবলম্বন করায় শাসনে... খুন করিবার প্রবৃত্তি আরও বাড়াই... তুলিয়াছে।

শ্রমিক প্রতিনিধির বিলাত-যাত্রা

মাদ্রাজ হইতে প্রকাশ যে মিঃ ... শিবরাও গোল টেবিল বৈঠকের সুখ্যা... বল সাব কমিটীতে শ্রমিক দলের প্র... নির্ব্বাচিত হইয়াছেন। প্রকাশ, তিনি ... একমাস, সেক্রেটারি সহিত আগামী ... আগষ্ট তারিখে মুলতান নামক জাহা... আরোহণ করিয়া বিলাত যা... করিবেন।

...ওয়েল ষ্টেশন ভাঙ্গায় কেশব বাবুর কারাভোগের পর মুক্তি

২৭শে জুলাই শুক্রবার রাত্রি ১২টা ... ষ্টেশনে রাণাঘাট কংগ্রেস কমিটীর সভাপ... শ্রীযুক্ত কেশবচন্দ্র মিত্র মহাশয় মেদিনীপু... জেল হইতে মুক্তিলাভ করিয়া রাণাঘা... পঁহুছিয়াছেন। তিনি গত বৎসর ... মাসের গ্রেপ্তার হইয়া ১২০ ... কারাদণ্ডে দণ্ডিত হইয়াছিলেন। মুক্তি নির্দ্দিষ্ট দিনের পূর্ব্বেই তাঁহাকে ছাড়ি... দেওয়া হইয়াছে।

রথ-যাত্রায় ব্রাহ্মণ পাচকের মৃত্যু

কুমিল্লা হইতে প্রকাশ যে উল্টা ... উপলক্ষে যখন রথ টানা হইতেছিল, সে... সময় অনেক লোক রথ যাইবার পর গোপ... নামক একজন পশ্চিমা ব্রাহ্মণ পাচ... রথের একখানা চাকার নীচে পড়ি... মর্ম্মে হয়। হাসপাতালে লইয়া যাইব... পথে সে দুর্ঘটনাস্থলে পতিত হইয়াছে... আরও ২ জন লোক অল্প অল্প আহত হইয়াছে...

লর্ড আরউইন

'টাইম্‌স' পত্রিকায় লর্ড রিকেপ লিখি... ছেন :—বড় লাটরূপে মা পাঠাইয়া ... আরউইনকে ধর্ম্মযাজকরূপে ... পাঠাইলেই ভাল হইত লর্ড আ... উইন ভারত ছাড়িয়া আসিবামাত্রে... তিনি যেন এখন বলিতে চান তাঁহার বাণীকে অভ্রান্তকতার মধ্যে ছাড়ি... স্বদেশে চলিয়া আসাই খৃষ্টশের কর্ত্তব্য।



Reg No C.1544

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রথম ফটি ১৲
প্রতি কলম ৬৲
বহু কলম ৩৷৹
সমি কলম ২৲
চুক্তির হার
স্বতন্ত্র।

বিজ্ঞাপনের হার
অগ্রিম দেয়
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৷৹
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৵৫

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার এক মাত্র মুখপত্র

৬ষ্ঠ খণ্ড] সম্পাদক—শ্রীঅতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [১৩০তম সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—১৯শে শ্রাবণ মঙ্গলবার, ১৩৩৮, ৪ঠা আগষ্ট ১৯৩১

নানা কথা

কৃষ্ণনগরে মহিলা সম্মেলন

শনিবার ও রবিবার কৃষ্ণনগর টাউনহলে মহিলাদের অধিবেশন সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। এতদুপলক্ষে কলিকাতা হইতে বহু কৃতবিদ্য মহিলা কৃষ্ণনগরে সমবেত হইয়াছিলেন। তাঁহারা গত শুক্রবার কৃষ্ণনগর ষ্টেশনে পৌঁছিলে তাঁহাদিগকে পুষ্পমাল্য সহকারে অভিনন্দিত করা হইয়াছে। বর্ত্তমান যুগে মহিলাগণের কর্ত্তব্য সম্বন্ধে অনেকে মূল্যবান প্রবন্ধ প্রদান করিয়াছেন।

কৃষ্ণনগরে সাহিত্য সম্মেলন

গত রবিবার বেলা ২ ঘটিকার সময় কৃষ্ণনগর কলেজে শ্রীযুক্ত রামানন্দ চট্টোপাধ্যায় মহাশয়ের সভাপতিত্বে নদীয়া জেলার পাঠাগার সম্মেলনের প্রথম বার্ষিক উৎসব নির্ব্বিঘ্নে সম্পন্ন হইয়া গেল। উক্ত সভায় জেলা সাহিত্য সঙ্ঘের সম্পাদক ও সহকারী সম্পাদক প্রভৃতি নানাবিধ সমস্তিক্রমে নির্ব্বাচিত হইল। বহু ছায়াচিত্রে সাহিত্য চর্চ্চার অনেকগুলি বিষয় প্রদর্শিত হইল। বিশেষ বিবরণ আগামী কলিকাতা পত্রিকায় প্রকাশিত হইবে।

ছাদ হইতে পতনে বালিকার মৃত্যু

কুষ্টিয়া হইতে সংবাদ পাওয়া গিয়াছে গত ২৭শে জুলাই প্রাতঃকালে প্রায় ৯ ঘটিকায় কুষ্টিয়া বাজারের একটি দ্বিতল অট্টালিকার ছাদ হইতে স্থানীয় জনৈক সম্ভ্রান্তিপন্ন মাড়োয়ারী ভদ্রলোকের একটী তিন বৎসর বয়স্কা কন্যা ভূমিতলে পতিত হইয়া গুরুতররূপে আহত হয়, ফলে ঐ বালিকার মৃত্যু হইয়াছে।

জেলে রাজবন্দীর অনশন

কৃষ্ণনগর হইতে প্রকাশ যে, মেল ডাকাতি চেষ্টা সম্পর্কে যড়যন্ত্রার শ্রীযুক্ত নলীগোপাল কর অপর তিন বন্দির সহিত কামরাখালিতে গোপার হইয়া কুষ্টিয়া হাসপাতালে প্রেরিত হন। পরে তাঁহাকে কৃষ্ণনগর জেলে হাসপাতালে স্থানান্তরীত করা হয়। শ্রীযুত কর পাদ্যাদির সুবন্দোবস্তের জন্য সরকারের নিকট আবেদন করেন কিন্তু অদ্যাবধি ঐ বিষয়ে কোন ব্যবস্থা করা হয় নাই। প্রকাশ তিনি গত তিন দিন যাবৎ অনশন ধর্ম্মঘট করিয়াছেন।

ক্ষুধার্ত্ত খিলাফতির জিঘাংসা

পেশোয়ার হইতে প্রকাশ যে মোহাম্মদ [illegible] অঞ্চলে [illegible] মোহাম্মদ উপজাতিদের এলাকায় উপজাতিদের মধ্যে এক ভীষণ সংঘর্ষ হইয়া গিয়াছে। উপজাতিদের এক দল খিলাফতিরা ও অপর দলে স্থানীয় অধিবাসীরা ছিল। সংবাদে প্রকাশ খিলাফতিরা একটী গ্রামে যাইয়া বন্দুক পাওয়া গ্রহণ করিতে প্রয়াস পায়। গ্রামবাসীরা এই প্রকার কার্য্যে অসম্মতি প্রকাশ করে। ইহার ফলে উভয় দলে সংগ্রাম সাধিত হয়। সংগ্রামের ফলে ১ জন খিলাফতি নিহত ও আর ১ জন আহত হয়।

নৃশংস স্ত্রীহত্যা

মোহাম্মদি হইতে প্রকাশ যে বেগমপুর থানার বাজরা গ্রামের তারকচন্দ্র বৈদ্য ২২ বৎসর বয়স্কা তাহার স্ত্রী মণি কুরিকে হত্যা করিবার অভিপ্রায়ে চালা দিয়াছে। প্রকাশ, গত ২রশে শ্রাবণ ১০টার সময় আসামী দা'র সাহায্যে তাহার স্ত্রীকে ১৯ জায়গায় আহত করে। আর তাহার ফলে স্ত্রীলোকটী সেই স্থানে মারা যায়। হত্যার উদ্দেশ্য জানা যায় নাই। আসামী এখন হাজতে আছে।

রাজেন্দ্রপ্রসাদের বোম্বাই যাত্রা

বিহার কৃষ্ণনগর শ্রীযুত রাজেন্দ্রপ্রসাদ ১৭ই আগষ্ট বোম্বাই যাত্রা করিয়াছেন। নিখিল ভারত কংগ্রেস কমিটীর অধিবেশনে যোগদানের জন্য তিনি ছাপড়া হইয়া বোম্বাই যাইবেন।

বিশ্ববৈষ্ণবরাজসভার পরিব্রাজকগণ

পরিব্রাজকগণের নাম	বর্ত্তমান ঠিকানা	পরিব্রাজকগণের নাম	বর্ত্তমান ঠিকানা
১। শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ	শ্রীমায়াপুর	৮। শ্রীভক্তিস্বরূপ পুরী	কটক
২। শ্রীভক্তিবিবেক ভারতী	কটক	৯। শ্রীভক্তিস্বরূপ পর্ব্বত	মধুরভঞ্জ
৩। শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম	শ্রীমায়াপুর	১০। শ্রীভক্তিবিলাস গভস্তিমেমি	ফলিকা
৪। শ্রীভক্তিপ্রকাশ অরণ্য	কটক	১১। শ্রীভক্তিরঞ্জন ভক্তিসার	মাদ্রাজ
শ্রীভক্তিহৃদয় বন	মাদ্রাজ	১২। শ্রীভক্তিরক্ষক শ্রীধর	মাদ্রাজ
৬। শ্রীভক্তিসর্ব্বস্ব গিরি	অম্বিকাবন	১৩। শ্রীভক্তিভূদেব শ্রৌতী	শ্রীমায়াপুর
৭। শ্রীভক্তিবৈভব সাগর	হাওড়া	১৪। শ্রীভক্তিরসুল বোধায়ন	কটক

শুদ্ধভাক্তমঠসমূহ

শ্রীচৈতন্য মঠ

আকর মঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ৬ ক্রোশ ইশোদ্যান মায়াপুর, নদীয়া

এই মঠরাজ পারমার্থিক বৈদিকগণ, সমস্ত-সম্প্রদায়ের অপ্রকাশিত ও লুপ্তপ্রায় প্রচারাদি প্রচারকল্পে 'নবীন-প্রকাশ' দ্বারা প্রতিষ্ঠিত হইয়াছেন এবং সেই প্রতিষ্ঠাবসর শ্রীগৌর-পার্ষদাবতার ও অপ্রাকৃত ব্রজলোকে ও নীলাচল প্রভৃতিস্থানে মহামহোৎসবাদি তাকাল অনুষ্ঠিত হইয়া থাকে। রক্ষক—ব্রহ্মচারী শ্রীমান নবকিশোর। সরকারী—ব্রহ্মচারী পণ্ডিত শ্রীমান যোগেশচন্দ্র রুদ্রাক্ষবাসীর শ্রীমহেশ, শ্রীমান শীতলচন্দ্র শ্রীমান নকুলেশ্বরানন্দ শ্রীঅমলেন্দু শ্রীমুকুন্দ বানাধিকারী শ্রীনিত্যানন্দ এক বানপ্রস্থ, ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবেদান্ত পরিব্রাজক।

(১) শ্রীগৌড়ীয় মঠ

১৯ নং কানিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বহুবাজার, কলিকাতা।

টেলিফোন নং, ৫১-৫

মঠরক্ষক—আচার্য্যাত্মিক শ্রীমান কৃষ্ণকিশোর বিদ্যাভূষণ। সরকারী—শ্রী শ্রীমান অনন্তবাসুদেব পরিব্রাজকপ্রবর ত্রি-দ, শ্রীমান বাসুদেবপ্রভু ব্রহ্মচারী, শ্রী ভক্তিবল্লভ বানাধিকারী ত্রি-দ, ব্রহ্মচারী শ্রীকীর্ত্তনানন্দ, ব্রহ্ম শ্রীমাধবমোহন, ব্রহ্মচারী শ্রীমধুসূদন, শ্রীযুক্ত ব্রজেন্দ্র নবীনকৃষ্ণ পরি সহায় ভক্তিসাধুী সম্প্রদায়বৈষ্ণবাচার্য, শ্রীঅবধূতানন্দ বানাধিকারী ত্রি-দ, শ্রীবনবন্ধু বানাধিকারী ত্রি-দ, শ্রীঅতুলন নাকোবাস, শ্রীবিষ্ণুদত্ত ব্রহ্মচারী, শ্রীনবযোগে ব্রহ্মচারী প্রভৃতি।

(৩) যোগপীঠ শ্রীমন্দির

রক্ষক—লোকনাথদাস গোস্বামী, কবিরাজ। গ্রন্থ শ্রীরমানাথ। সরকারী শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী, শ্রীরাধাবিনোদ দাসাধিকারী, শ্রীবাসবাস ব্রহ্মচারী। শ্রীমাধব দাস অধিকারী, সেবকদ্বয় শ্রীনীলমণি।

(৪) শ্রীবাস-অঙ্গন

রক্ষক—শ্রীরাধাকৃষ্ণদাস ব্রহ্মচারী।

(৫) অদ্বৈত-অঙ্গন

রক্ষক—শ্রীকৃষ্ণবল্লভ ভট্টাচার্য, শ্রীগোকুলদাস বাবাজী।

(৬) কাজীর সমাধি ও পীঠ

প্রাচীন মায়াপুর, বামনপুকুর, নদীয়া

রক্ষক—ব্রহ্মচারী শ্রীনিবেদকারী।

(৭) আনন্দ সুখদ-কুঞ্জ

শ্রীবেতিস, সরকারস্থ নদীয়া।

রক্ষক—অধিকৃষ্ণদাস ঢাকার ব্রহ্মচারী ব্রজবাসীজী এম, এস, এস।

(৮) শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

মধ্যদ্বীপ।

রক্ষক—শ্রীবিশ্বরূপ ভট্টাচার্য এম, এ, বি, এল, সরকারী—শ্রীউদ্ধবদাস বনিপাড়ী, শ্রীউদ্ধবদাস অধিকারী প্রভৃতি।

(৯) শ্রীগৌর-গদাধর মঠ

চাঁপাহাটী, সমুদ্রগড়, বর্দ্ধমান।

রক্ষক—শ্রীহরেরাম ব্রহ্মচারী, ভক্ত শ্রীগৌরহরিদাস দাস।

(১০) শ্রীরূপগৌড়ীয়-মঠ

বাগবাজার, প্রথম ষ্ট্রীট, কলিকাতা।

রক্ষক—শ্রীগৌরেশ্বরানন্দ ব্রহ্মচারী

(১১) শ্রীমোদদ্রুমদ্বীপ

মাউপাড়ি, কাঞ্চনপুর, বর্দ্ধমান।

রক্ষক—শ্রীগুরুচরণী ব্রজবাসী, ভক্ত

(১২) ভাগবত আসন

শ্রীবাসবাস প্রেস, কৃষ্ণনগর, নদীয়া

রক্ষক—শ্রীকৃষ্ণানন্দ ব্রহ্মচারী ভাক্তপাড়ী

(১৩) শ্রীএকায়ন মঠ

গোবিন্দপুর, চাঁদখালী, নদীয়া।

রক্ষক—শ্রীঅচ্যুতানন্দ ব্রহ্মচারী। সরকারী শ্রীনারায়ণ ব্রহ্মচারী, শ্রীজগদীশ হাল অধিকারী, ভক্ত বিশ্বনাথ।

(১৪) শ্রীমাধব-গৌড়ীয় মঠ

১০নং নবাবপুর রোড, ঢাকা।

রক্ষক—শ্রীরাধাবল্লভ ব্রজবাসী, শ্রীমান ভক্তিপ্রমোদ পরিব্রাজকাচার্য ত্রি-দ, শ্রীনবগোপাল ব্রহ্মচারী, শ্রীসচ্চিদানন্দ ভক্ত।

(১৫) শ্রীগোপালজী মঠ

কমলাপুর, ঢাকা।

রক্ষক—শ্রীমদনদাস বাবাজী

(১৬) শ্রীগদাই-গৌরাঙ্গ মঠ

রক্ষক—শ্রীপূর্ণচন্দ্র ব্রহ্মচারী, শ্রীমঙ্গলদাস ব্রহ্মচারী

(১৭) শ্রীজগন্নাথজগন্নানন্দ মঠ

কলিকা, বাসুদেবপুর, মেদিনীপুর।

এখানে শ্রীমান গৌরাঙ্গ-গাঙ্গর্বিকা-গিরিধারীর নিত্যসেবা বর্ত্তমান। রক্ষক—ব্রজবাসী শ্রী-পরাবৃন্দাবনী।

(১৮) আমলাযোড়া শ্রীপল্লাশ্রম

ডাকঘর পোঃ বর্দ্ধমান।

রক্ষক—ব্রজবাসী শ্রীগোবিন্দগোর।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

পগার, পুরী, উড়িষ্যা।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীমদনমোহন বিদ্যারত্ন, ব্রহ্মচারী শ্রীনরহরিদাস, শ্রীগোপেশ্বরানন্দ ব্রজবাসী, শ্রীবেদবানন্দ ব্রহ্মচারী, শ্রীনারায়ণ চরণ অধিকারী, শ্রীজগদানন্দ পণ্ডা।

(২০) শ্রীব্রহ্ম-গৌড়ীয় মঠ

আলবরনাথ, ব্রহ্মবাগ, পোঃ পুরী।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীনরমেশ্বরী প্রসাদজী সরকারী—ব্রহ্মচারী শ্রীবলিনারায়ণদাস।

(২১) শ্রীসচ্চিদানন্দ মঠ

উড়িষ্যাবাজার, কটক

রক্ষক—ব্রহ্মচারী শ্রীমদনমোহন, শ্রীরামদাস ব্রহ্মচারী শ্রীমান ভক্তগোপাল বানাধিকারী,

(২২) শ্রীসনাতন-গৌড়ীয় মঠ

১০নং কলুটোলাস্ট্রীট, কলিকাতা।

রক্ষক ব্রহ্মচারী মৃত্যুঞ্জয়জী, নিতাইদাস ব্রহ্মচারী, শ্রীগোপাল ব্রজবাসী।

(২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

শ্রীবৃন্দাবনধাম স্থ, শ্রীরাম বৃন্দাবন।

রক্ষক—শ্রীগদাধরদাস ব্রহ্মচারী

(২৪) শ্রীপরমহংস মঠ

মৈথিলাবাসা, সীতাপুর

রক্ষক—ব্রহ্মচারী শ্রীনৃসিংহানন্দ ও ব্রহ্মচারী শ্রীনরহরিদাস।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ

কুসুমকুঞ্জ, ঢাকেশ্বরী, মানভূম

রক্ষক—শ্রীরামদাস বাবা, শ্রীরাম গোস্বামিনী।

(২৬) ব্যাসগৌড়ীয় মঠ

রক্ষক—ব্রহ্মচারী শিবচরণজী, শ্রীগোপাল ব্রজবাসী

(২৭) ব্রাহ্মণপাড়া প্রপল্লাশ্রম

ব্রাহ্মণপাড়া, পোঃ পাটু, চাকদহ

এখানে শ্রীকৃষ্ণচৈতন্য গৌড়ীয়মঠের বর্ত্তমান। রক্ষক—ব্রজবাসী শ্রীপ্রাণকৃষ্ণ দাস, ভক্ত কৃষ্ণদাস।

(২৮) দিল্লী গৌড়ীয় মঠ-কার্য্যালয়

৫৮ গোপীকৃষ্ণ চাকলার লেন, নিউ দিল্লি

রক্ষক—ব্রহ্মচারী শ্রীগৌরকৃষ্ণ, শ্রীকৃষ্ণগোপাল শ্রীনারায়ণচরণদাস

(২৯) গোয়ালপাড়া-প্রপল্লাশ্রম

রক্ষক—ব্রহ্মচারী শ্রীনারায়ণচরণ

(৩০) মাদ্রাজগৌড়ীয় মঠ

নং গোপালপুরম্, কাপালিস্ট্র, মাদ্রাজ

রক্ষক—ত্রিদণ্ডস্বামী শ্রীভক্তিসুহৃৎ শ্রীধর মহারাজ, সরকারী—ত্রিদণ্ডস্বামী শ্রীভক্তি রূপ ভক্তিসার, শ্রীমান অনন্ত বাসুদেবপ্রভু, শ্রীমান দেবকীনন্দন ব্রহ্মচারী, শ্রীমান নিত্যস্বরূপ ব্রহ্মচারী ভক্তিপ্রমোদ ও শ্রীমান গোবিন্দানন্দ ব্রহ্মচারী।

(৩১) শ্যামগোপাল পাট

কাঁঠালপুলি, চাকদহ, নদীয়া

রক্ষক—ব্রহ্মচারী শ্রীদেবানন্দ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পায়

দৈনিক পত্র

শ্রীধাম—মায়াপুর—নদীয়া

ষষ্ঠবর্ষ | ৬ শ্রীধর গৌরাব্দ ৪৪৫, ১৯শে শ্রাবণ বঙ্গাব্দ ১৩৩৮, ৪ আগষ্ট ইং ১৯৩১ মঙ্গলবার | ১৩০তম সংখ্যা।

সাময়িক সন্দেশ

মহাকারুণ্যাবতারী শ্রীমদ্ গৌরসুন্দরের প্রাকৃত চরিত্রে যে কত মহত্ত্ব শিক্ষা [illegible] আছে, তাহা আমরা অক্ষজ জ্ঞানে বুঝিতে পারি না কিম্বা অজ্ঞানতমসাবৃত চক্ষে দেখিতে পাই না, কিন্তু যখন শ্রীগুরুদেবের কৃপাবলে—জ্ঞানাঞ্জনশলাকাদ্বারা সেই অজ্ঞানতমোরাশি বিদূরিত হইয়া জ্ঞানের উদয় হয়, তখনই অতিমর্ত্য মহান চৈতন্যচন্দ্রের চমৎকারময়ী লীলার চিত্র আমাদের চক্ষের সম্মুখে ফুটিয়া উঠে।

শ্রীচৈতন্যদেবের মহত্তো মহীয়ান্ চরিত্র শ্রীচৈতন্যচরিতামৃতকার শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু, শ্রীচৈতন্যভাগবত প্রণেতা শ্রীল ঠাকুর বৃন্দাবন, শ্রীচৈতন্যমঙ্গলরচয়িতা শ্রীলোচনদাস ঠাকুর প্রভৃতি অপ্রাকৃত শিষ্যপরিষদগণের লেখনীতে পরিস্ফুট হইয়াছে। তাঁহারা আলঙ্কারিক কবিত্বের সহজবোধ্য বঙ্গভাষায় উহা অঙ্কন করিয়া সংস্কৃত ভাষানভিজ্ঞগণেরও কতই না উপকার সুবিধা করিয়া দিয়াছেন।

বিষয়জ্ঞানে মত্ত থাকাকালে অমন্দোদয় দয়াবারিধি বৈষ্ণবঠাকুরগণের এতাদৃশী অহৈতুকী কৃপা আমরা বুঝিতে পারি না। তাঁহারা কত কত বার ধরিয়া লোকে শ্রীমদ্ভাগবত, শ্রীচৈতন্যচরিতামৃত প্রভৃতি ভক্তিগ্রন্থ পাঠ করিতেছেন, শ্রীমদ্ভগবদ্গীতা গ্রন্থ প্রায় সকলই সকল লোকের নিত্যপাঠ্যরূপে বিরাজিত আছেন, কিন্তু যে পাত্রের একটী মাত্র শ্লোক সুষ্ঠুভাবে বুঝিতে পারিলে জীব ধন্যাতিধন্য হইতে পারে—মহামঙ্গল লাভের অধিকারী হইতে পারে, তাহার সমগ্র পুনঃ পুনঃ আবৃত্তি করিয়াও আমাদের কোন সুবিধাই হয় না। তাহার কারণ, আমরা যে চক্ষে বস্তু দর্শন করিতে যাই, তদ্দ্বারা বস্তুর সম্যক্ দর্শন হয় না। বস্তুর আভাসাভীষ দর্শন ত দূরের কথা, তাহার বহিরঙ্গ প্রতীতিও সম্পূর্ণরূপে আমাদের দৃগ্গোচর হয় না। কিন্তু যখন প্রকৃত চক্ষুষ্মান্ ব্যক্তি আমাদের চোখের ছানি ঘুচাইয়া দিয়া, তাহাতে অঞ্জন প্রলেপ দিয়া, চক্ষে অঙ্গুলি প্রদান করিয়া বস্তুর স্বরূপ প্রদর্শন করেন, তখন আমরা আশ্চর্য্যান্বিত হইয়া যাই, আর নিজের দুর্বুদ্ধির বিষয়, দৃষ্টিহীনতার বিষয় স্মরণ করিয়া নিজেকে কতই না ধিক্কার প্রদান করিতে থাকি।

শ্রীচৈতন্যদয়ানিধির দয়ার কথা—অপ্রাকৃত চরিত্রের কথা আমরা আধ্যক্ষিক জ্ঞানে বুঝিতে গিয়া তাঁহার চরিত্রে নানা প্রকার সন্দেহ কিম্বা বিকৃত বা বিষম ধারণা করিয়া বসি। অনেকে সামান্য পয়ারগ্রন্থ বলিয়া ঐ চরিত-গ্রন্থগুলিকে উপেক্ষা করিতেও পশ্চাৎপদ হই না। তজ্জন্যই স্বয়ং ভগবান্ শ্রীচৈতন্যদেবের ইচ্ছাক্রমে তদীয় নিজ জন এ প্রপঞ্চে অবতরণ করিয়া ঐ পয়ারগুলির মধ্য হইতে কত অপ্রাকৃত পাণ্ডিত্যের পরিচয় প্রদর্শন করেন। জগতের বড় বড় বিদ্বান্ ব্যক্তিগণ অন্যমনস্কতার ধরিয়া জ্ঞানালোচনা করিয়াও যে জ্ঞানভাণ্ডারের এক কণারও সন্ধান পান না, অতি-মর্ত্যচরিত্র বৈষ্ণবগণের কৃপায় প্রাকৃত বিদ্যায় অনভিজ্ঞ জনগণও অবহেলাক্রমে তাহা বুঝিতে পারেন।

শ্রীচৈতন্যদেব নিজ ভক্তগণের দ্বারে বিভিন্ন প্রকার শিক্ষার পরিচয় প্রদান করিয়াছেন। যেমন—

রামানন্দ-দ্বারে কন্দর্পের দর্প নাশে।
দামোদর দ্বারে নৈরপেক্ষ্য পরকাশে॥
হরিদাস দ্বারে সহিষ্ণুতা জানাইল।
সনাতন-রূপ-দ্বারে দৈন্য প্রকাশিল॥
(ভক্তিরত্নাকর)

এইরূপ তাঁহারই অন্যতম ভক্ত কৃষ্ণদাস বিপ্রের চরিত্রে যে কত শিক্ষা নিহিত আছে, তাহা আমরা ভক্তিসিদ্ধান্তবাণীর নিষ্কপট সেবক, শ্রীগৌড়ীয়সম্পাদক শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভুর লেখনীতে দেখিতে পাইলাম।

যাঁহারা গত ৪৯শ সংখ্যা গৌড়ীয় পাঠ করিয়াছেন, তাঁহারা এই অপ্রাকৃত কবিবরের প্রকৃত পাণ্ডিত্যের পরিচয় অবগত হইয়াছেন।

এই গৌড়ীয় সংখ্যায় আমরা কৃষ্ণদাসের চরিত্রের সম্যক্ বিশ্লেষণ দেখিতে পাই। তন্মধ্যে বিশেষ লক্ষীতব্য বিষয়—সাক্ষাৎ ভগবানের সঙ্গে তদীয় সেবার অবধান করিয়াও জীবের স্বতন্ত্রতার অপব্যবহারফলে দুর্গতি লাভ, জীবের ভোগপ্রবৃত্তির পক্ষসমর্থনে বিবিধ চেষ্টা ও যুক্তিপ্রদর্শন, ভগবানের বিবিধা শক্তির প্রকৃত পরিচয়, চেতন ও অচেতনের পার্থক্য, জ্ঞেয়জ্ঞান-প্রকাশের সদুপায় অর্থ, জীবের স্বতন্ত্রতার সদ্ব্যবহার ও অসদ্ব্যবহারের ফল, সদ্গুরুর কৃপার বল।

শ্রীপাদ সুন্দরানন্দ প্রভু আরও বিশেষ ভাবে বুঝাইয়াছেন—শ্রীচৈতন্যদেব শ্রীনিত্যানন্দের কৃপার বৈশিষ্ট্যের বিষয় এবং তাঁহাদের কৃপার কথা জগতে বিশিষ্ট ভাবে প্রচার করিতেছেন যে অতিমর্ত্য মহাপুরুষ, সেই নিত্যানন্দাভিন্ন জগদ্গুরুবরের মহামহীয়সী কৃপার কথা।

হে সজ্জন পাঠকগণ, আপনারা জগদ্গুরুদেবের পরমোদার লীলার কিয়দংশ শ্রীপাদ সুন্দরানন্দ প্রভুর ভাষায় পাঠ করুন,—"আমাদের এমন পরদুঃখদুঃখী শ্রীগুরু পাদপদ্ম দর্শন করিবারও অভূতপূর্ব্ব মহাসৌভাগ্য হইয়াছে—যে মহাপুরুষ মহাপ্রভু ও নিত্যানন্দ প্রভুর আনুগত্যে মহৈশ্বর্য্যলীলা নিত্য প্রকট করিয়া মহাপ্রভু ও নিত্যানন্দ প্রভুর পূর্ণতমা সেবা পূর্ণতম মনোহীষ্ট প্রচার করিতেছেন।

মহাপ্রভুর নিজজন, শ্রীনিত্যানন্দের অভিন্নবিগ্রহ সেই গুরুপাদপদ্ম অনুক্ষণ আমার হৃদয়ে যে কত কত আবৃত-কৃষ্ণদাস কেশাকর্ষণ পূর্ব্বক উদ্ধার করিতেছেন তাহার ইয়ত্তা নাই। কৃষ্ণদাস বিপ্র একবার মাত্র অসৎসঙ্গের সংস্রবে কলঙ্কিত হইয়া আদর্শ প্রদর্শন করিয়াছিলেন এবং তাহাতে মহাপ্রভু বিপ্র কৃষ্ণদাসকে বর্জ্জন করিয়া আদর্শ প্রদর্শন করিয়াছিলেন। নিত্যানন্দ

(৪র্থ পৃষ্ঠার ২য় কলমের শেষে দ্রষ্টব্য)

আসক্তি

(১)

জীবমাত্রেই আসক্তির দাস। সকলেই কোন না কোন একটী বস্তুতে আসক্ত হইয়া কাল যাপন করে, ক্ষণকাল মাত্রও তাহার অনাসক্তভাবে থাকিবার যো নাই। আসক্তি-রাক্ষসী এমনভাবে সকলকে তাহার করালকবলে কবলিত করিয়া রাখিয়াছে যে, কিছুতেই তাহার হাত হইতে নিষ্কৃতি পাইবার উপায় নাই। যক্ষ, রক্ষ, কিন্নর, গন্ধর্ব্ব, মনুষ্য, পশু, পক্ষী, কীট, পতঙ্গ—সকলেই রাজা, ঐশ্বর্য্য, স্ত্রী, পুত্র, আত্মীয় স্বজন, গৃহ, অর্থ প্রভৃতিতে আসক্ত হইয়া নিয়তিপাত করে। কাহারও যদি আসক্তির বস্তু না থাকিলে অন্ততঃ কুকুর, বিড়াল, লাঠি, ছাতা প্রভৃতিতে আসক্ত হইয়া ঐ সকলে চিত্ত স্থাপনপূর্ব্বক সময় অতিবাহিত করে। আসক্তি না থাকিলে সংসার থাকিত না। আসক্তিই সংসার কাটি, যাহার স্পর্শে জীবগণ চৈতন্য হইয়া পড়ে।

আসক্তির কারণ অনুসন্ধান করিলে সকলেই তাহার প্রধান হেতু বলিয়া জানিবে। নিখিল শাস্ত্রশিরোমণি শ্রীমদ্ভাগবত শ্রীভগবান্ কপিলদেব বলিয়াছেন—

"তঃ যদস্য বন্ধায় সুক্তয়ে চাত্মনো মতম্।
গুণেষু সক্তং বন্ধায় রতং বা পুংসি মুক্তয়ে॥

চিত্তই জীবাত্মার বন্ধন ও মুক্তির কারণ, চিত্ত বিষয়ে আসক্ত হইলেই জীবের সংসার-বন্ধন উপস্থিত হয়, আর পরম ব্রহ্ম শ্রীভগবানে নিযুক্ত হইলেই তাহার মুক্তি লাভ হইয়া থাকে।

জীবের আসক্তির নেশা এত প্রবল যে, তাহা দিগ্বিদিগ্‌জ্ঞানশূন্য করিয়া তুলে। রূপে আসক্ত পতঙ্গ বহ্নিকে আলিঙ্গন করিতে গিয়া দগ্ধ হইয়া যায়, কুরঙ্গ সুস্বরাবেশে ব্যাধের জালে আবদ্ধ হয়, মাতঙ্গ স্পর্শসুখের নেশায় বিপদ্‌গ্রস্ত হয়, ভ্রমর মধুপানাসক্তিবশে পদ্মকে আলিঙ্গন করে, আর মৎস্য চারের টোপ সুদ্ধ গিলিয়া বঁড়শিতে বিদ্ধ হয়। সুতরাং দেখিতে পারা যাইতেছে যে, আসক্তির এক মাত্র কারণ—ভোগবাঞ্ছা। শ্রীমদ্ভাগবতেও লিখিয়াছেন,—ভোগের নিমিত্ত বিষয়সকলের চিন্তন করিতে করিতে তাহাতে আসক্তি জন্মে, তাহা হইতে কাম, ক্রোধ, সম্মোহ, স্মৃতিবিভ্রম, বুদ্ধিনাশ এবং পতন ঘটে। ভোগের নেশা প্রবল হইলেই মায়া-পিশাচীর কুহকে পড়িয়া জীব সংসার-বন্ধন দৃঢ় করত জড়াসক্ত হইয়া পড়ে।

শ্রীচৈতন্যদেব বলিয়াছেন,—

কৃষ্ণবহির্ম্মুখ হঞা ভোগবাঞ্ছা করে।
নিকটস্থ মায়া তারে জাপটিয়া ধরে॥
পিশাচী পাইলে যেন মতিচ্ছন্ন হয়।
মায়াগ্রস্ত জীবের হয় সে ভাব উদয়॥
'আমি সিদ্ধ কৃষ্ণদাস'—এই কথা ভুলে।
মায়ার নফর হঞা চিরদিন বুলে॥
কভু রাজা, কভু প্রজা, কভু বিপ্র, শূদ্র।
কভু ভৃত্য, কভু সুখী, কভু কীট ক্ষুদ্র॥
কভু স্বর্গে, কভু মর্ত্ত্যে, নরকে বা কভু।
কভু দেব, কভু দৈত্য, কভু দাস প্রভু॥

এইরূপে বিভিন্ন যোনিতে পরিভ্রমণ করিতে করিতে যখন জীব অত্যন্ত ক্লিষ্ট হইতে থাকে—সংসারের তীব্র তাপে দগ্ধীভূত হইতে থাকে, তখন "কেন বা ভজন্তু মায়া করে হাত হান।" কিন্তু কিরূপে মায়ার হাত হইতে অব্যাহতি পাইবে? কেহ হয় ত উপদেশ করিলেন,—উদ্ধরেত্ আত্মনাত্মানং নাত্মানমবসাদয়েৎ—নিজেই নিজেকে উদ্ধার করিতে পারিলেই মুক্তি—"মরণং বিন্দু পাতনাৎ জীবনং বিন্দুধারণাৎ।" অমনি সে বীর্য্যধারণে ব্যস্ত হইয়া পড়িল। কেহ বা বায়ু সংযমনের দ্বারা প্রাণকে আয়াম অর্থাৎ বিস্তার করিতে উপদেশ দিলেন, অথবা কেহ সর্ব্বস্ব ত্যাগ করিয়া জ্ঞানের উপাসনা করিতে পরামর্শ প্রদান করিলেন। কিন্তু "বস্তুতঃ বুদ্ধি শুদ্ধ নহে কৃষ্ণভক্তি বিনে।" কোন বস্তুতেই সুবিধা হইল না। কৃষ্ণভক্তি ব্যতীত—কৃষ্ণপাদপদ্মে প্রপত্তি ব্যতীত দুরত্যয়া মায়াকে অতিক্রম করা যায় না। কৃষ্ণপাদপদ্মে আসক্তি ব্যতীত মায়াসক্তি ত্যাগ করা যায় না।

প্রভু মহাপ্রভুর সাক্ষাৎ সঙ্গ ও সেবা হইতে দূরে রাখিয়া কৃষ্ণদাসের প্রতি কৃপা-প্রদর্শনের আদর্শ প্রদর্শন করিয়াছিলেন; কিন্তু আমার ন্যায় দুরাচার শত সহস্রবার পুনঃ পুনঃ বিপ্র কৃষ্ণদাসের পতনোন্মুখতার আদর্শ অনুসরণ করিলেও শ্রীগৌর নিত্যানন্দের অভিন্নতনু যে শ্রীগুরুপাদপদ্মের মহামহোদার স্বভাব আমার দুর্দ্দশা-দুষ্কৃতের একান্তস্থগিত হইয়া আমার পুনঃ পুনঃ দুরাচারের জন্য আমাকে বর্জ্জন করিবার পরিবর্ত্তে পুনঃ পুনঃ কেবল সাক্ষাৎ সঙ্গ ও সাক্ষাৎ সেবা প্রদান পূর্ব্বক আমাকে শোধন ও কৃতার্থ করিতে অনুক্ষণ ব্যস্ত, সেই শ্রীগুরুপাদপদ্মের ঔদার্য্যসীমার কথা আর কি বলিব।"

শ্রীধাম প্রসঙ্গ

আসল ও মেকী

(২)

শুদ্ধভক্তের অনুভূতি—আসল, আর মিছাভক্তের অনুভূতি—মেকী। মেকীভক্ত শ্রীগৌরসুন্দরের করস্থান শ্রীযোগপীঠ দেখিতে পায় না। তাহারা মিছাভক্তিবলে অপ্রাকৃত ধাম শ্রীযোগপীঠকে স্বানাভিলষিত করিয়া মেকী মায়াপুর নির্ম্মাণ করিতে ব্যস্ত হয়। যাহারা তাহাদের ধুয়াবহনকারী, তাহারাও সেই মেকী মায়াপুরকেই আসল মায়াপুর বলিয়া ভ্রমে পতিত হয়। মিছা-ভক্তের স্তাবকসূত্রে তাহারা "বেগুন খাইলে মুখ লাগে, বেগুন বড় ভাল খাদ্য, ফলায় গলা ধরে"—ইত্যাকার বিরিঞ্চি প্রলাপ বকিতে থাকে। কারণ, তাহারা বলে যে, আমরা বেগুনেরও উপাসক নই আর কলারও সেবক নাই, কিন্তু আমরা মিছাভক্তের ধুয়াবহনকারী, তাহাদেরই পক্ষ সমর্থন করিব—তাহাদেরই কথার অনুকরণ করিব—দুটী খুলিয়া আসল নকল বিচার করিব না।

যে প্রেমদৃষ্টিতে শুদ্ধভক্ত ও তদনুগ-সম্প্রদায় স্বয়ংপ্রকাশবস্তু শ্রীমায়াপুর দর্শন করেন, মেকীভক্তের ইন্দ্রিয়তর্পণ ও কামিনী কাঞ্চনলাভে অনুরাগ থাকায় তাদৃশ দৃষ্টির অভাব হেতু তাহারা কখনই শ্রীধাম দর্শন করিতে পারে না। সুতরাং ধাম লইয়াও নিজ ইন্দ্রিয়তর্পণের চেষ্টা করিতে প্রস্তুত হইয়া কপট ভক্তগণ স্বানাভিলষিত মথুরা, বৈকুণ্ঠ বা মায়াপুর বলিয়া স্থাপন করিতে প্রয়াস করে।

মেকী বুদ্ধির এরূপ বৈরাগ্য যে, আসল বস্তুকেও মেকী বলিয়া তাহার ভ্রম হয়। যেমন কামলা-রোগবিশিষ্ট ব্যক্তি শুভ্রবস্তুকেও হরিদ্রাবর্ণ দেখে, লাল চশমা পরিহিত ব্যক্তি শুভ্রবর্ণকেও লাল বলিয়াই দেখে, তদ্রূপ মেকীদৃষ্টিবিশিষ্ট ব্যক্তি "আত্মবৎ মন্যতে জগৎ" ন্যায়ে আসল মায়াপুরকেও নকল বলিয়া মনে করে। তাই বলি,—মেকী ও আসল শুদ্ধভক্তগণই চিনিতে পারেন, আর কামিনী-কাঞ্চনপ্রতিষ্ঠাশা-লোলুপ মিছাভক্তগণ মেকী জিনিষ লইয়াই দিনাতিপাত করে, আসল বস্তু তাহাদের দৃষ্টিপথে আসে না।

চেতনের বৈশিষ্ট্য

অনুভূতি সেই ত জীবন।
ঢেউগুলি বহে তরঙ্গিনী,
ঊর্ম্মিহীন শুষ্ক মরুকর
নিস্তরঙ্গ হলে নাহি চিনি॥

যৎকিঞ্চিৎ

(পূর্ব্বপ্রকাশিতের ১০৯ সংখ্যার পর)

গৌড়ীয়গণ শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা শিক্ষিত হইয়া স্বপ্নেও শ্রীদর্শন বা সম্বাদ করিতে যান না। সুতরাং কপট জনে মায়ামন্দিরাদির উপাসক হন প্রচ্ছন্ন ভোগবুদ্ধিও তাঁহাদের চিত্তে স্থান পায় না।

শ্রীগৌরসুন্দরের শিক্ষায় শিক্ষিত হইলে কখনই আত্মবান প্রাকৃতরক্ত হইতে পারে না। "তাহা হইলে তাদৃশ প্রচারক 'প্রতারক' খ্যাতি লাভ করেন।"

যাত্রা-থিয়েটারের অভিনয় শ্রবণ করিয়া বীরত্ব, ইতিহাসকরস, করুণরসাদির অনেকের চিত্ত তাৎকালিক ভাবপ্রবণতা লাভ করে। তাহা কিছু দীর্ঘকাল থাকে না এবং তাদৃশ যাত্রা-থিয়েটার প্রভৃতি অনেকেরই শাস্ত্রাদি বাক্যে বিশ্বাস জন্মেছে বলিয়া কাহারও বাস্তব মঙ্গল হয় না, তদ্রূপ অনৈকান্তিক মুখোদ্গীর্ণ হরিকথা শ্রবণে শ্রবণেন্দ্রিয় তৃপ্ত হইলেও সর্পের উক্তির ন্যায় কখনো কখনো দংশন করিলে যেরূপ দুর্দ্দশা ঘটে, অনৈকান্তিক মুখোদ্গীর্ণ ভাগবতবাণী শ্রবণে জীবের তাদৃশ দুর্গতি লাভ হয়।

ভাগবত পাঠের বা সঙ্কীর্তন প্রচারের অধিকারী কে হইতে পারে, শ্রীমদ্ ভাগবত তাহা সুষ্ঠুরূপে বর্ণন করিয়াছেন। নিষ্কপট না হইলে ভাগবতবক্তা হইতে পারে না। বিষয়ভোগ-পিপাসা, আত্মেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছা, বৈষ্ণববিদ্বেষ, শ্রীধামনিন্দা প্রভৃতি শুদ্ধবুদ্ধি দোষ করিলে কখনই নিষ্কপটতা হওয়া যায় না।

প্রমাদ-সংশোধন

আমাদের শ্রবণে কিছু ভুল হইয়াছে বলিয়া যুবক নটবর দত্ত যে পত্রখানি রাজপ্রাজ্ঞ বেদান্তভূষণ মহোদয়কে লিখিয়াছিলেন তাহার প্রত্যুত্তর দিবার জন্য উক্ত কুমার বাহাদুর গৌড়ীয় মঠের সম্পাদকের নিকট উহা পাঠাইয়াছিলেন। গৌড়ীয় মঠের সম্পাদক ঐ পত্রোক্ত বিষয়টি নবীনাপ্রকাশ সম্পাদকের আলোচ্য জানিয়া উহা সম্পাদক মহাশয়ের নিকট পাঠাইয়াছেন। সম্পাদকীয় মন্তব্য প্রকাশিত হইলে পর ঐ পত্রের উত্তর গৌড়ীয় সম্পাদক গোস্বামী মহোদয় দিবেন বলিয়াছেন। সুতরাং তাঁহার নিকট হইতে আমরা উক্ত বিবাদিক্ বৃত্তের পত্র সম্বন্ধে প্রবন্ধ পাইবার আশা করি না। আমরা উহার আলোচনা করিব।

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীমদ্মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস-প্রণীত মূল, শ্রীমদ্-মধ্বাচার্য্য-কৃতা তাৎপর্য্য-নির্ণয়টীকা; শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-কৃত সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, সংস্কৃত অন্বয় ও প্রতিশব্দ, তথ্য ও বিষয়্যাবিষয়ক। প্রতি স্কন্ধের আদিতে সেই স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ অধ্যায়ের সারসহ সুবিস্তৃত তাৎপর্য্যাদি বিবৃত। শ্লোকসূচী বিষয়সূচী, অধ্যায়বিবরণ, পাত্র ও স্থাননির্দ্দেশক উত্তম কাগজে উত্তম অক্ষরে মুদ্রিত। প্রথম হইতে ১০ম স্কন্ধ পর্য্যন্ত ছাপা সম্পূর্ণরূপে শেষ হইয়াছে। ভিক্ষা প্রথম হইতে ৯ম স্কন্ধ পর্য্যন্ত ২১৸০; দশম স্কন্ধ ১২৲; সমগ্র ৮০৲।

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীমদ্বাসুদেব গোস্বামিঠাকুর-রচিত 'অমৃতপ্রবাহভাষ্য' ও শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত 'অনুভাষ্য' শ্রুতি-স্মৃত্যাদি বহু শাস্ত্রপ্রমাণ-সম্বলিত হইয়া প্রকাশিত হইয়াছেন। শ্লোকের শব্দার্থব্যাখ্যা, বঙ্গানুবাদও প্রত্যেক পয়ারের পূর্ব্বে সংক্ষিপ্ত অভিধেয় সংযোজিত। প্রত্যেক অধ্যায়-প্রারম্ভে কথাসার দেওয়া আছে। শ্লোক, পয়ার, শব্দ-জ্ঞান, পাত্র প্রভৃতির সুবৃহৎ সূচী ও গ্রন্থকারের বিস্তৃত জীবনী-সম্বলিত এইরূপ অভূতপূর্ব্ব সংস্করণ ইতঃপূর্ব্বে কুত্রাপি প্রকাশিত হয় নাই। উত্তম কাগজে পারিপাট্যের সহিত মূল অক্ষরে মুদ্রিত হইয়াছে। গ্রন্থ প্রায় ২৮০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা বর্ত্তমানে ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত গৌড়ীয় ভাষ্য, শব্দসূচী, পয়ারসূচী, বিষয়-স্থান-পাত্রাদি-সূচী, প্রভৃতি বিবিধ বিষয় সম্বলিত বিরাট দ্বিতীয় সংস্করণ ডবল ক্রাউন ৮ পেজী আকার। আদিলীলা ও মধ্যের কিয়দংশ প্রকাশিত হইয়াছেন। ক্রমে ক্রমে প্রকাশিত হইতেছেন। অগ্রিম ভিক্ষা ৫৲ টাকা, আদি লীলার ভিক্ষা ৫৲।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের এরূপ অভিনব সুন্দর সংস্করণ আর কুত্রাপি প্রকাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকগুলির অন্বয়, বঙ্গানুবাদ, ভাষ্য, কথাসার, তথ্য প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইয়াছেন। মূল মোটা অক্ষরে ডবল ক্রাউন আটপেজী সুন্দরাকারে ছাপা হইয়াছে। মূল্য ২৷০ টাকা। নদীয়া প্রকাশ ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১৷০ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

—শ্রীগৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি শ্রীশ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিঠাকুর গোস্বামিকৃতা সারার্থবর্ষিণী টীকাসমেতা ও শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'রসিক-রঞ্জন' নামক ভাষ্যভাষ্যসহিতা। অধ্যায়সূচী, শ্লোকক্রমে শ্লোক-সূচী, বিষয়-সূচী, গ্রন্থকারের জীবনী ও অবতরণিকাদি বহু-জ্ঞাতব্যবিষয়-সহ উৎকৃষ্ট বাঁধাই তৃতীয় সংস্করণ—এই রাজ সংস্করণের ভিক্ষা ২৲ টাকা মাত্র, সাধারণ সংস্করণ—১৷০ টাকা মাত্র

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের সেই অবিদ্যা-বিধ্বংসিনী জীবাত্মস্বরূপোদ্বোধিনী কৃষ্ণ-কার্ষ্ণানন্দদায়িনী জীবন্ত-বাণীর মূর্ত্ত-বিগ্রহ—বৈষ্ণবসিদ্ধান্ত-রত্নমালার কৌস্তুভমণি—সম্প্রদায় বৈভববিজ্ঞানাগারের মৌলিক তথ্য—পঞ্চরাত্র ও ভাগবতের সমন্বয়গুরু—মহাজন-জীবনচরিত-শিক্ষক—চিদ্বিলাসচিন্তাত্ম-অচিন্ত্যাত্ম-বিচারক—ঐশ্বর্য্য ও মাধুর্য্যরসের মৌলিক গবেষণায় —সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন-তত্ত্বের সিদ্ধান্ত-সমুদ্র।

১। **প্রথম খণ্ড**—বৈষ্ণবদর্শন, শ্রীগুরুতত্ত্ব, কাল-ধর্ম্ম, শ্রীমন্মহাবির্ভাব, শ্রীবার্ষভানবী, পাঞ্চরাত্রিকী দীক্ষা ও বর্ণ-বিচার, আত্মধর্ম্ম ও মনোধর্ম্ম, শ্রীচৈতন্যদেব ও তাঁহার শিক্ষা, অপ্রাকৃত সহজবস্তু ও প্রাকৃত সহজবস্তু, প্রভৃতি বিংশতি সংখ্যক রত্নে সুশোভিত। ভিক্ষা মাত্র ৸০ বার আনা।

২। **দ্বিতীয় খণ্ড**—শুদ্ধা ও বিদ্ধা ভক্তি, মনুষ্যের শ্রেষ্ঠতা কোথায়, আত্মার নিত্যবৃত্তি, শ্রীর স্বামিপাদ ও মায়াবাদ, শ্রীগৌর-নিত্যানন্দপ্রসঙ্গ, ত্রিগুণের বন্ধ ও কৃষ্ণ-কীর্ত্তন, শ্রীব্যাসপূজায় শ্রীমদ্ভাগবতের কীর্ত্তন, শ্রীগৌর-ধামের মহিমা, মহাপ্রসাদ, শ্রীগোবিন্দ, শ্রীরূপানুগভজন-পথ, শ্রীমতী বৃষভানুনন্দিনী, শ্রীচৈতন্যের দয়া, গৌরকৃপা ও কৃষ্ণকীর্ত্তন—চতুর্দ্দশ অপূর্ব্ব-মধুরিমাপূর্ণ-বক্তৃতা-বিভূষিত। ভিক্ষা ১৲ এক টাকা মাত্র।

প্রথম ও দ্বিতীয়—দুই খণ্ড একত্রে লইলে ভিক্ষা ১৷০ দেড় টাকা, ডাক খরচ স্বতন্ত্র।

শ্রীমদ্ভগবদ্গীতা

গৌড়ীয়-বৈষ্ণবধর্ম্মাচার্য্য শ্রীশ্রীমদ্বলদেব বিদ্যা-ভূষণকৃত ভাষ্য ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরেরপ্রাঞ্জল বঙ্গ-ভাষায় বিবৃত 'বিদ্বদ্রঞ্জন' নামক ভাষ্যযুক্ত। অধ্যায়-সূচী, বিষয়সূচী, ও প্রতি শ্লোকের প্রথম ও তৃতীয় পাদ সূচী, ভাষ্যকারের জীবনী প্রভৃতি সম্বলিত। উৎকৃষ্ট বাঁধাই, রাজসংস্করণ (তৃতীয় সংস্করণ) গ্রন্থের ভিক্ষা ২৲ টাকা।

প্রমেয়রত্নাবলী

শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ-প্রণীত বৈষ্ণবদর্শন, সম্বন্ধ ও গোবিন্দ-ভাষ্যাদি পড়িবার প্রথম গ্রন্থ। উৎকৃষ্ট কাগজে ছাপা। সুবিস্তৃত টীকা ও প্রাঞ্জলবঙ্গানুবাদ-সাহায্যে অতি সহজে বালকেরও বোধগম্য হইয়া থাকে। ভিক্ষা ৸০ আনা মাত্র।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

(প্রমাণখণ্ড) সানুবাদ। শ্রুতি-স্মৃত্যাদি গ্রন্থে শ্রীনব-দ্বীপের যে মহিমা কীর্ত্তিত আছে, তাহার মূল সংস্কৃত ও অনুবাদ। ভিক্ষা ৵০ আনা।

শ্রীশ্রীনবদ্বীপভাবতরঙ্গ

শ্রীঠাকুর ভক্তিবিনোদ লিখিত। সুললিত গীতাকারে পরিক্রমার দ্রষ্টব্যাদি-বিষয়ক। ভিক্ষা ।০ আনা।

ভক্তিরত্নাকর ও নবদ্বীপ পরিক্রমা

শ্রীল নরহরি চক্রবর্ত্তি-ঠাকুর রচিত। ভক্তিরত্নাকর হইতে পরিক্রমাংশ মাত্র সংগৃহীত; শ্রীজীব গোস্বামী কি প্রকারে শ্রীনবদ্বীপধামের পরিক্রমা করিয়াছিলেন, তাহাই পদ্যে বিবৃত। ভিক্ষা ৵০ আনা

শ্রীচৈতন্যশিক্ষামৃত

শ্রী ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। শ্রীচৈতন্যদেবের শিক্ষাপ্রণালী—কৃষ্ণ, কৃষ্ণশক্তি ও রস—বদ্ধ ও মুক্ত জীব-অচিন্ত্য-ভেদাভেদ-তত্ত্ব—সাধন-নির্দ্দেশ—প্রয়োজন-তত্ত্ব, কা কা, ধামাদির বিচার—বৈধী ভক্তি, ভাবভক্তি প্রেমভক্তির নামভজন-প্রণালী ও অষ্টকালীয় লী পরিচয়াদি প্রথম শিক্ষার্থীর উপযোগী করিয়া সরল ভাষা সমুদয় যুক্তিপ্রমাণসহ লিখিত আছে। চতুর্থ সংস্করণ বা ২৲ টাকা, আবাধা ১৸০ টাকা মাত্র।

গৌড়ীয়কণ্ঠহার

শ্রীগৌড়ীয় বৈষ্ণবগণের অনুকূল কণ্ঠে শাস্ত্রসার শ্রুতি স্মৃতি-পুরাণ-পঞ্চরাত্রাদি সাত্বত-শাস্ত্রসমূহের প্রমাণাবলী বিষয়বিভাগক্রমে সান্নিবেশ গুম্ফিত। এইরূপ বৈষ্ণব সিদ্ধান্তের সারসময় অন্য কুত্রাপি প্রকাশিত হয় নাই ইহাতে গুরুতত্ত্ব—ভাগবত—বৈষ্ণব—গৌর—নিত্যানন্দ—অদ্বৈত—কৃষ্ণ—শক্তি—ভগবত্তত্ত্ব—জীব—অচিন্ত্যভেদাভেদ —অভিধেয়—সাধনভক্তি—বর্ণধর্ম্ম—আশ্রম-ধর্ম্ম—গুরুপ্র —শ্রীনাম—প্রয়োজন ও প্রমাণ-তত্ত্বগুলি পৃথক্ অধ্যা সুবৃহৎ শ্লোকাদি সূচীসহ উৎকৃষ্ট এন্টিক কাগজে রো ব্লু কালিতে মুদ্রিত, উৎকৃষ্ট বাঁধা সোনার জলে নাম লেখা গ্রন্থ প্রায় ৪০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা ২৲ টাকা মাত্র।

শ্রীনবদ্বীপধাম-গ্রন্থাবলী

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত 'পরমার্থ্য'—পরমার্থ্যের সানুবাদ প্রমাণ খণ্ড—শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরের ধাম-পরিক্রমাদর্শ—শ্রীধাম নবদ্বীপ পরিক্রমা—তীর্থ যাত্রা পদ্ধতি—শ্রীমৎ প্রবোধানন্দকৃত নবদ্বীপশতক—শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ প্রভৃতি গ্রন্থ একত্র ভিক্ষা ৸০ আনা মাত্র।

শ্রীহরিনামামৃত ব্যাকরণ

শ্রীজীব গোস্বামী প্রভুপাদ-বিরচিত সূত্র ও বৃত্তি সহ তৎসঙ্গে ওঁবিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের বিস্তৃত ভূমিকা ও সূচী প্রভৃতি সহ অপ্রত্যাশিতভাবে সুলভ। ভিক্ষা ২৲ টাকা, ছাত্রগণে পক্ষে ১৸০ টাকা মাত্র।

বেদান্ততত্ত্বসার

শ্রীমদ্রামানুজাচার্য্য-রচিত। বেদান্তের বিশিষ্টাদ্বৈতবাদ-প্রচারক শ্রীভাষ্য-প্রণেতা আচার্য্যপ্রবর বেদান্তদর্শন পাঠের উপযোগী করণার্থ এই উদ্যম করিয়াছেন। ইহাতে বঙ্গানুবাদ ও সূচীপত্রাদি সংযোজিত করা হইয়াছে নাম মাত্র ভিক্ষা ৵০ আনা।

শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও নবদ্বীপশতক

গৌরপার্ষদ জিগুরু শ্রীমৎ প্রবোধানন্দ সরস্বতী-প্রণীত মূল, প্রভুপাদ শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ সম্পাদিত অন্বয়মুখে ব্যাখ্যা ও বঙ্গানুবাদ সম্বলিত। নবদ্বীপশতকের শ্রীভক্তিবিনোদ ঠাকুরের পদ্যানুবাদ ও উৎসহ শ্রীমন্মহাপ্রভুর একটী বিবর্ণরঞ্জিত অলৌকিক চিত্র প্রদত্ত হইয়াছে। মুদ্রণ ও কাগজ উৎকৃষ্ট (২ খানা একত্রে) ভিক্ষা ৸০ আনা, অতি সুদৃশ্য বাঁধাই রাজসংস্করণ ১৲ টাকা মাত্র।

জীবধর্ম্ম

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর প্রণীত। এই একমাত্র গ্রন্থের জ্ঞান লাভ করিলে পারমার্থিক রাজ্যে কিছুরই অজ্ঞান বা সংশয় থাকিবে না। পরম গুহ্য তত্ত্ববিষয়ক এই অপূর্ব্ব গ্রন্থ ও তদনুগামী গ্রন্থ ইতঃপূর্ব্বে প্রকাশিত হয় নাই। ত্রিদণ্ডিগোস্বামি শ্রীমদ্ভক্তিবেদান্ত মহারাজ এই গ্রন্থটি টীকা করিয়াছেন। আবার সুবিস্তৃত সূচী, কথাসার প্রভৃতি দ্বারা বিশেষ সমৃদ্ধ করা হইয়াছে। দ্বিরাট গ্রন্থ, সোনার জলে নাম লেখা, উৎকৃষ্ট বাঁধাই। সুলভ সংস্করণ ডিমাই ১৲ টাকা মাত্র।

প্রেমবিবর্ত্ত

শ্রীমন্মহাপ্রভুর অন্যতম পার্ষদ শ্রীল জগদানন্দ প্রভু বিরচিত। এই পুস্তকে অতি সুবোধ্য ভাষায় মহাপ্রভুর কতিপয় গৌড়ীয় বৈষ্ণবাচার্য্য, একাদশী ও নামভজন প্রণালী প্রভৃতি অনেক বৈষ্ণবতত্ত্বের সুমীমাংসা দেখিতে পাইবেন। পাণ্ডিত্যপূর্ণ গুরুগম্ভীর স্থানের বিশদার্থ ও গ্রন্থকর্ত্তার পরিচয়াদি-সম্বলিত চতুর্থ সংস্করণ ডিমাই৸৵০ দশ আনা মাত্র।

ভজনরহস্য

ভজনকারীর নিত্যসঙ্গী ; ঠাকুর ভক্তিবিনোদের অমূল্য দান ; নিখিল শাস্ত্রের নির্য্যাস। গ্রন্থখানি না দেখা পর্য্যন্ত কেহ বুঝিতে পারিবেন না। তৃতীয় সংস্করণ ডিমাই ৷৷০।

হরিনামচিন্তামণি

নামাচার্য্য শ্রীল হরিদাস ঠাকুরের মুখে শ্রীমন্মহাপ্রভু শ্রীনাম মাহাত্ম্য, নামাভাস, নামাপরাধ প্রভৃতি বিষয়ের যাবতীয় বিচার শ্রবণ করিয়াছিলেন। এই বিষয়গুলির অতি সরল পয়ারে সারগর্ভ আলোচনা পরিপাটিভাবে লিখিত। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর রচিত। পঞ্চম সংস্করণ ডিমাই ৷৷০

কল্যাণকল্পতরু

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত ; প্রত্যেক ভগবদ্বিশ্বাসী ও জ্ঞানপথের পথিকের একান্ত প্রয়োজনীয় উপদেশাবলীপূর্ণ গীতিগ্রন্থ। সমাজ লোখাপড়া জানা লোকেও এই ভজনরাজ্যের গতিসমূহের দ্বারা অনর্থনিবৃত্তি ও ভগবৎসেবা লাভ করিবার সুবিধা পাইবেন। বহু সংস্করণ, ডিমাই ৷৵০ আনা মাত্র।

শরণাগতি

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। ভগবানে আত্মসমর্পণ, বিজ্ঞপ্তি, ভজনলালসা, নববিধা শরণাগতি ও সিদ্ধি-লালসা-বিষয়ক গীতিপূর্ণ, ডিমাই ৷৵০ আনা মাত্র।

গীতাবলী

শ্রীঠাকুর ভক্তিবিনোদ-প্রণীত। নিত্য ভজন, আরাত্রিক ও প্রণাম-প্রার্থনাদি-বিষয়ক মধুর গীতসমূহ একত্রে গ্রথিত। ডিমাই ৷৵০ আনা মাত্র।

রসকল্পদ্রুম

রসিকেন্দ্রমুকুটমৌলি শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-বিরচিত রসগ্রন্থ। শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের অনুবাদ-সহ। ডিমাই ৷৷০ আনা মাত্র।

সাধনপথঃ

শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ও শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর প্রতি শ্রীরূপ গোস্বামীর উপদেশাবলী, ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিষয়ে সুবিচারিত সমালোচনা ভাষ্য, বিস্তৃত বিবৃতি, চরিতামৃতের প্রমাণ, সাধন বাধা ও মহাজন-প্রদর্শিত বহুপথেই ক্রমশঃ প্রত্যেক শ্লোকের সাহায্যে বিবেচিত হইয়াছে। ১ম সংস্করণ ডিমাই ৵ আনা।

মাধব-কণ

শ্রীরঘুনাথ দাস গোস্বামীর মনঃশিক্ষা, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-চরিত পদ্যানুবাদসহ। ডিমাই ৷৷০ আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা

শ্রীল ঠাকুর নরোত্তমের স্বপ্রণীত প্রেমভক্তিবিষয়ক গানের পুস্তক। ডিমাই ৷ আনা মাত্র।

নবদ্বীপশতক

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপাদের সংস্কৃত নবদ্বীপশতকের সুললিত পদ্যানুবাদ। ডিমাই ৷৷০ আনা মাত্র।

অর্থপঞ্চক

শ্রীল লোকাচার্য্য রচিত। বৈষ্ণবতা জ্ঞানের আকর পুস্তক। ডিমাই ৷৷০ আনা মাত্র।

সদাচারস্মৃতি

শ্রীল মন্বাচার্য্য-প্রণীত। বৈষ্ণবের নিত্যকর্ত্তব্যাদি সদাচারাবলী, বঙ্গানুবাদ সহিত। ডিমাই ৷৷০ আনা মাত্র।

মণিমঞ্জরী

কবিকুলকেশরী শ্রীবরদাচার্য্যাচার্য্য রচিত। শ্রীমদ্ভাগবতের সারসিদ্ধু লীলাবিলাস ও মূল বৈষ্ণবদর্শনমত। সানুবাদ ডিমাই ৷৷০ আনা মাত্র।

গৌরকৃষ্ণোদয়

প্রাচীন কবি শ্রীগোবিন্দ দেব প্রণীত শ্রীগৌরাবতারের প্রমাণাবলী-সাবলিত সংস্কৃত গ্রন্থ। ডিমাই ৷৷০ আনা।

যুক্তিমল্লিকা (জগৎসৌরভ)

শ্রীমদ্ভাগবতসম্প্রদায়ভুক্ত শ্রীমদ্বাধিরাজ স্বামিকৃত। বঙ্গাক্ষরে সানুবাদ এই গ্রন্থের প্রকাশ পারমার্থিক সাহিত্য-জগতে এই সর্ব্বপ্রথম। শ্রীমদ্ভাগবতাদ্য হইতে শোড়শপ্রকরণ বিচারে মল্লভাষ্য নামে খ্যাত শ্রীবাধিরাজতীর্থ স্বামী এই গ্রন্থে সাধারণ যুক্তি ও লৌকিক ন্যায়শাস্ত্রানুসারে কিরূপ সুন্দরভাবে ভক্তিবিরোধি-মতবাদ সমূহ খণ্ডন করিয়াছে, তাহা পাঠ করিতে করিতে আশ্চর্য্যান্বিত হইতে হয়। ইহাতে যুক্তির দ্বারা চার্ব্বাক, জৈন, বৌদ্ধ, মীমাংসক ও মায়াবাদিমত-সমূহের সুন্দর খণ্ডন রহিয়াছে। ডিমাই ২৲ টাকা মাত্র।

গোস্বামী শ্রীল রঘুনাথ দাস

(ঐ বিরুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত ভূমিকা সহ) গৌরপ্রেষ্ঠ স্বরূপ-রূপের একমাত্র প্রিয়তম শ্রীল দাস গোস্বামী প্রভুর অপূর্ব্ব চরিতামৃত ও শিক্ষা অতীব প্রাঞ্জল ও সরল ভাষায় সন্নিবিষ্ট এবং পরিশিষ্টে দাসগোস্বামী প্রভুর বিরচিত কতকগুলি সানুবাদ মধুরতম স্তব ও মনঃশিক্ষা-সম্বলিত। ডিমাই বাঁধাই ৷৷০ আনা, আবাধাই ৷৵০ আনা মাত্র।

চিত্রে নবদ্বীপ

প্রাচীন নবদ্বীপের অবস্থিতি, তথ্য, ঐতিহ্য, শ্রোত ও ঐতিহাসিক প্রমাণসম্বলিত মহতী বাঁণীর সচিত্র বিবরণ-গ্রন্থ। রায়বাহাদুর কুমার শ্রীযুক্ত পরমেশ্বর নারায়ণ রায় এম, এ, প্রাক্ত (আফোর), সেরাস্তেদার মহোদয় কর্ত্তৃক সঙ্কলিত এবং ৪৭ খানি বিভিন্ন বর্ণের অপূর্ব্ব চিত্র ও মানচিত্র-সমন্বিত ; প্রাচ্যবিদ্যামহার্ণব রায় সাহেব শ্রীযুক্ত নগেন্দ্র নাথ বসু বিশ্বকোষসম্পাদক মহাশয়ের বিস্তৃত ভূমিকা সহ। উৎকৃষ্ট (ইং) মরক্কো বাঁধাই মূল্য ১৷০, ভি: পি: ডা ২৲ টাকা মাত্র।

সাধক-কণ্ঠমালা

গুরুবন্দনা, বৈষ্ণব-বন্দনা, বৈষ্ণবশরণ, বালকের নিত্য শ্রীনামগ্রহণ, শ্রীমন্মহাপ্রভুর অষ্টোত্তরশত নাম, অষ্টপ্রহর নামকীর্ত্তন, শ্রীনামসঙ্কীর্ত্তন, প্রেমধ্বনি, বাউলসঙ্গীত, নবদ্বীপ-মহিমা, শ্রীমায়াপুর মহিমা, শ্রীনরোত্তম-প্রভুর অষ্ট আচার্য্য-বন্দনা, ষড়্গোস্বামীর অষ্টক, প্রেমভক্তিচন্দ্রিকার উপদেশমালা, নামভজন-প্রণালী, মহাপ্রভু ও রায় রামানন্দ সংবাদ, মনঃশিক্ষা, শ্রীগুরুপ্রণাম, সাধক-সঙ্গীত, মহাপ্রভুর সপ্তম প্রকটাবধি সাধক ও সিদ্ধজীবনের নিত্যলীলায় বৈষ্ণবগণের কীর্ত্তিত স্তবমালার ন্যায় অমূল্য রত্নসম্ভার অপূর্ব্ব গ্রন্থ। ডিমাই ৷৵০, বাঁধাই ৷৷০ মাত্র।

গৌড়ীয়-গৌরব

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয় সম্পাদক শ্রীপাদ সুন্দরানন্দ পরিব্রাজকবিনোদ-প্রদত্ত বক্তৃতার বিবরণ গ্রন্থকারে প্রকাশিত। ইহাতে গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ের ইতিহাস সংক্ষেপে প্রদত্ত হইয়াছে। ডিমাই ৷৵০ মাত্র।

গৌড়ীয় সাহিত্য

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয় সম্পাদক শ্রীপাদ সুন্দরানন্দ পরিব্রাজকবিনোদ-প্রদত্ত বক্তৃতার বিবরণ গ্রন্থাকারে প্রকাশিত। ইহাতে সাহিত্য-পদের অর্থ ও গৌড়ীয়-সাহিত্যের বিষয় সংক্ষেপে বর্ণিত হইয়াছে। ডিমাই ৷৵০ আনা মাত্র।

শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা-দর্পণ

শ্রীগৌড়দেশের যে সকল স্থানে সপার্ষদ শ্রীমন্মহাপ্রভু এবং তদনুগ পরবর্ত্তী মহাজনগণ লীলা করিয়া গিয়াছেন সেই সব আধুনিক ভৌগোলিক পরিচয় ও দেববিগ্রহাদি পরিচয় সহ যাত্রীগণের সুবিধা নিমিত্ত ইতঃপূর্ব্বে বিবরণ সন্নিবেশিত আছে। ডিমাই ৷ আনা।

THE HARMONIST
OR SHREE SAJJANATOSHANI

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রতিষ্ঠিত এবং শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ সম্পাদিত পারমার্থিক মাসিক পত্র। এক্ষণে ইহার ৩য় ভাগ আরম্ভ হইয়াছে। ডবলক্রাউন ৮ পেজী ৪ ফর্ম্মা আকারে প্রতি মাসে ১ নামের বিষয়-বৈষ্ণবস্মৃতি লইয়া উপচিত হইতেছে। কাগজ, মুদ্রণ-পারিপাট্য ও চিত্রাদি অতীব চিত্তাকর্ষক। এরূপ উৎকৃষ্ট প্রবন্ধ আর কোন মাসিক পত্রিকায় দেখিতে পাইবেন না। বার্ষিক ডিমাই ডাকমাশুলসহ ৩ টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর নদীয়া

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও আদর্শচরিত্র শিক্ষকগণ ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বহির্দেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

বিস্তারিত সংবাদের জন্য নিম্নলিখিত ঠিকানায় পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

—৫১ বৎসরের প্রতিষ্ঠিত—

ঔষধালয়ে প্রস্তুত বটীকা

দাদ, শুষ্ককাশি, স্বপ্নদোষ, কোষ্ঠকাঠিন্য, অম্বল, অজীর্ণ প্রভৃতি যত রোগের রোগ নিরাময় হইয়াছে তাহা প্রকাশ করিলে বড় বড় পুস্তক হইয়া পড়ে।

ইহা

সকল ঋতুতে ব্যবহার চলে ও সমান ফল প্রদান করিয়া থাকে। প্রতি কৌটায় ৪০টী বটীকা থাকে।

কেবলমাত্র

প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা। ইহার নাম আতঙ্কনিগ্রহ বটীকা।

বিস্তারিত বিবরণের তালিকার জন্য পত্র লিখিলেই পাইবেন

প্রাপ্তিস্থান :—আতঙ্কনিগ্রহ ঔষধালয়

২১৮ নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের



মফঃস্বলের স্থ বিধার জন্য ৩ মাঃ শিশিকে ঘনীভূত অবস্থায় ছোটবোতলের চমৎকার ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ১৲ আনা, পাইট ৯৲ আনা, বোতল ১৷৵ আনা।

অফিস—১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

ভাগবত প্রেস

গোয়াড়ী ষ্ট্রীট

কৃষ্ণনগর

এখানের বিবাহের নিমন্ত্রণ-পত্র, প্রীতি-উপহার, কার্ড, গ্রন্থ এবং অন্যান্য যাবতীয় কার্য্য ছাপা হইয়া থাকে। ছাপার দর বাজার দর অপেক্ষা সুলভ। পরীক্ষা প্রার্থনীয়।

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস্, এন্, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈজ্ঞানিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

১৮ নং কটন ষ্ট্রীট, বহুবাজার, কলিকাতা।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈবপ্রাপ্ত যক্ষ্মার একমাত্র মহৌষধ

পনর দিনে সম্পূর্ণ আরোগ্য

রোগী দেখাইতে হইবে। অগ্রিম পাঁচের মূল্য (যাতায়াত এবং আহার) পাঠাইলে বিজ্ঞ রোগী দেখা হয় অথবা এখানে আসিলে রোগী দেখিয়া ঔষধ দেওয়া হয় আরোগ্য না হওয়া পর্য্যন্ত পারিশ্রমিক নিতে হইবে না। ধনী রোগীদের খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়। বিস্তৃত বিবরণের জন্য এক আনার ষ্টাম্প টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীকালীশচন্দ্র উকীল, যক্ষ্মা-চিকিৎসক, পোঃ বৈকোটী, বাকুড়া।

অথবা নিম্ন ঠিকানায় সাক্ষাৎ করিয়া বিস্তারিত জানিতে পারেন।

শ্রীযুক্ত রামগোপাল দত্ত এম্, এ, কৃষ্ণনগর, নদীয়া। শ্রীযুক্ত হরিপদ সিংহ, ১২৭, বেণিয়াটোলা ষ্ট্রীট, হাটখোলা, কলিকাতা।

একখানি পত্র। আমার ভ্রাতুষ্পুত্র গত ছয় মাস যাবৎ রাজ যক্ষ্মায় মুমূর্ষুপ্রায় হইয়াছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাহার জীবনের আশা ত্যাগ করিয়া শেষ মুহূর্ত্তের জন্য অপেক্ষা করিতেছিলেন এই সময় শ্রীযুক্ত কালীশচন্দ্র উকিল মহাশয় মাত্র ১০ দিন চিকিৎসা করিয়া সম্পূর্ণ আরোগ্য করিয়া দিয়াছেন। (সাং) শ্রীহরিপদ কিশোর রায় চৌধুরী (জমিদার খালিয়া) ৩নং ষ্ট্রীট, নিউ বিল্ডিং। করপোরেশন ষ্টেটিং চিত্তরঞ্জন ষ্টেমেন্ট, কলিকাতা।

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়

ম্যানেজার—গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেন গ্রাহকগণ

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কসের

এত প্রশংসা করেন

—কারণ—

এখানে যাবতীয় ছাপার কার্য্য—

গ্রন্থাদির কার্য্যই বলুন,

বিবাহের নিমন্ত্রণ পত্র, কার্ড, বিবাহের পছড়ই বলুন,

আর ৩ রং ও ৪ রংএর হাফটোন ব্লকই বলুন, সকল কার্য্যই অল্প সময়ে ছাপা হয়, অথচ ছাপাইবার খরচ সাধারণ অপেক্ষা সুলভ।

আপনার কিছু ছাপার কার্য্য থাকিলে নিম্নঠিকানায় জানাইলেই পাইবেন।

ম্যানেজার—গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

২৪৩।১ নং আপার সার্কুলার রোড, কলিকাতা

সুরাট কালেক্টর সকাশে মহাত্মাজী

২৯শে জুলাই তারিখে মহাত্মা গান্ধী কয়রথ কালেক্টরের বাংলোয় যাইয়া তাঁহার সহিত সাক্ষাৎ করিয়াছেন। উভয়ের মধ্যে কয়েকঘণ্টা আলোচনা হইয়াছে। কতিপয় গ্রাম্য কর্মচারীর পুনর্নিয়োগ, বোরসাদ তালুকের ১৪টি গ্রামের প্রজাদের গত বৎসরের বাকী খাজনা, মাতার তালুকের বিশেষগত কৃষকগণ,মাতর মামলা এবং রাস গ্রামের বর্ত্তমান বৎসরের খাজনা সম্বন্ধে আলোচনা হয়াছে। বোরসাদ তালুকের যে সমস্ত কৃষক কর্জ্জের কিস্তি এবং বাকী খাজনা পরিশোধ করিতে অসমর্থ মহাত্মাজী তাহাদের নামের একটী তালিকা পেশ করিয়াছেন।

এপর্য্যন্ত আলোচনার ফলাফল জানা যায় নাই, তবে অবস্থা আশাপ্রদ বলিয়াই মনে হয়।

গতকল্য মহাত্মাজী জিলার কর্ম্মীদের সহিত সাক্ষাৎ করিয়া তাঁহাদিগকে কয়েকটী পরামর্শ দিয়াছেন।

মহাত্মা ৮ই আগষ্ট বিলাত যাত্রা করিবেন বলিয়া যে সংবাদ প্রকাশিত হইয়াছে তাহা ভিত্তিহীন বলিয়া জানা গিয়াছে।

সর্দ্দার বল্লভভাই প্যাটেল গতকল্য বাম্বেতীর্থ গিয়াছেন।

মহাত্মাজী আগামীকল্য প্রাতে আমেদাবাদে যাইবেন; তথা হইতে তিনি বোম্বাই রওনা হইবেন।

রামমোহন রায় হলে সভা

গত বুধবার অপরাহ্নে রামমোহন রায় হলে বিদ্যাসাগরের চত্বারিংশত স্মৃতি বার্ষিকী সম্পন্ন হইয়া গিয়াছে। সার চন্দ্রশেখর বেঙ্কট রমন সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন।

বহু ছাত্র ও অধ্যাপক শিক্ষিত ও অশিক্ষিত এবং ধনী দরিদ্র তাঁহাদের চিত্ত-আরাধ্য পুরাতন ও নূতনের সংযোজক বিদ্যাসাগরের প্রতি তাঁহাদের আন্তরিক শ্রদ্ধা নিবেদন করিবার জন্য সভায় যোগদান করিয়াছিলেন। বিদ্যাসাগর কলেজের ছাত্র ও শিক্ষক প্রায় সকলেই উপস্থিত হইয়াছিলেন। উপস্থিত ব্যক্তি-গণের মধ্যে বিদ্যাসাগর কলেজের প্রিন্সিপাল বে, আর, রানাদ্দী, রায় বাহাদুর চণ্ডীচরণ ব্যানার্জ্জী, পণ্ডিত রাধাকৃষ্ণ বিদ্যারত্ন, অক্ষয়কুমার সাহা ও শ্রীযুত সুরেন্দ্রনাথ সেনের নাম বিশেষ-ভাবে উল্লেখযোগ্য।

শ্রীযুত দেবীদাস গান্ধী

৩০শে জুলাই শ্রীযুত দেবীদাস গান্ধী কোহাট অভিমুখে যাত্রা করিয়াছেন যাত্রা করিবার পূর্ব্বে তিনি এসোসিয়েটেড প্রেসের জনৈক প্রতিনিধির নিকট প্রকাশ করিয়াছেন—

"সংবাদপত্রে আমি যে সকল সংবাদ পাঠ করিয়াছিলাম, তদপেক্ষা অনেক অধিক বিষয় আমি সীমান্ত দেশ পরিদর্শন করিয়া জ্ঞাত হইয়াছি এবং আমি যাহা যাহা দেখিয়াছি তাহাতে অভিভূত হইয়া গিয়াছি।

শ্রীযুত দেবীদাস এখানে আসিয়া অবধি ব্যস্তভাবে নানাস্থান পরিভ্রমণ করিয়াছেন। তিনি পেশোয়ার, চারসাদ্দা নওসেরা ও মর্দ্দনের লাগকোর্ট-মার্শালের গ্রামগুলি পরিদর্শন করিয়া আসিয়াছেন। অদ্য সন্ধ্যাকালে তিনি কোহাটে পৌঁছিবেন। কোহাট হইতে তিনি বন্নু, ডেরা যাইবেন। তথা হইতে আগামী ১লা আগষ্ট তারিখে তিনি পুনরায় পেশোয়ারে আসিবেন।

শেষ সংবাদ

শ্রীযুক্ত বিঠলভাই প্যাটেলের ভ্রম প্রদর্শিত হইয়াছে। ভ্রমের জন্য যে অনুশোচনার স্থগিত রাখা হইয়াছিল, অদ্য তাহা হইবে।

গাইবান্ধা

১৪।২০ দিন যাবৎ গাইবান্ধায় অনবরত বৃষ্টি হইতেছে। তন্মধ্যে গত ৩৪ দিন বৃষ্টির পরিমাণ এত বেশী হইয়াছে যে রাস্তাঘাট বাড়ীঘর সমস্ত ডুবিয়া গিয়াছে। এরূপ বন্যা গাইবান্ধায় পূর্ব্বে কখনও দেখা যায় নাই। লোকে আউস এখনও সম্পূর্ণ কাটিয়া উঠিতে পারে নাই। সুন্দরগঞ্জ ও গাইবান্ধা থানার পুরাঞ্চল জলে একাকার হইয়া গিয়াছে। চর অঞ্চলে ও তিস্তা নদীর তীরবর্ত্তি অনেক গ্রামে বহু গরু বাছুর ও লোক ভাসিয়া গিয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। কামারকানির নিকটবর্ত্তী কড়াইবাড়ী প্রভৃতি গ্রামে এত জল বৃদ্ধি পাইয়াছে যে, গ্রাম ছাড়িয়া লোক পলাইয়া আসিয়াছে। যাহারা আছে তাহারা ও টিনের ঘরের চালায় রান্না করিয়া খাইতেছে। পালা আউস ধান জলে ডুবিয়া যাওয়ায় লোকে হাহাকার করিতেছে। গাইবান্ধা হইতে রঙ্গপুর অভিমুখে যে ডিষ্ট্রীক্ট বোর্ডের রাস্তা গিয়াছে ঐ রাস্তা ৩৪ স্থানে ডুবিয়া গিয়াছে। গোগাতলা ও ফুলবাড়ীর মধ্যবর্ত্তী রেল লাইনের কতক স্থান জলে ডুবিয়া গিয়াছে।

ময়মনসিংহে

গতকল্য ময়মনসিংহ হইতে যে শেষ সংবাদ আসিয়াছে তাহাতে প্রকাশ, হঠাৎ ব্রহ্মপুত্র নদীর জল বৃদ্ধি পাওয়াতেই সেখানে বন্যা হইয়াছে। বহু বৎসর এরূপ ভীষণ বন্যা আর হয় নাই। আউস ধান এবং অন্যান্য শস্য বিনষ্ট হইয়াছে। গণপ্রাণপণ ঘাট এবং সারিয়াবাড়ী স্টেশনের মধ্যে স্থানে স্থানে রেললাইন জলে ডুবিয়া গিয়াছে। চরের অধিবাসী-দের অবস্থাই সর্ব্বাপেক্ষা শোচনীয় হইয়া উঠিয়াছে। তাহাদের বহু গরু মহিষ ঘরবাড়ী ছাগল হাঁসমুরগী জলে ডুবিয়া মারা গিয়াছে।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার সদস্যগণের প্রতি

বঙ্গীয় ব্যবস্থাপক সভার নবনির্ব্বাচিত মৌলবী আবদুল করিম, খুবলেসের চৌধুরী, হাসেমালী, এমাদুল হক, জালাল উদ্দিন হাসেমী, আবিদুর রহমান আবদুলগনি চৌধুরী, মহম্মদ ফজলুল করিম বড়লাটের প্রাইভেট সেক্রেটারীর নিকট নিম্নের তারখানি পাঠাইয়াছেন—

"আইনঅমান্যকারী মুসলমান নেতৃবৃন্দকে গোলটেবিল বৈঠকে প্রতিনিধি মনোনীত করিয়া সকল রাজনৈতিক মতাবলম্বী লোককেই বৈঠকে স্থান দেওয়ার জন্য আমরা বড়লাটকে অনুরোধ করিতেছি।

প্রকাশ্য দিবালোকে হত্যাকাণ্ড

অদ্যতনের কাশিয়ানীস্থিত বাজারে ৩১শে জুলাই প্রকাশ্য দিবালোকে এক নৃশংস হত্যাকাণ্ড হইয়া গিয়াছে। হাজকাটার নাম্নী শান্ত সিংহের ২৫ বৎসর বয়স্কা স্ত্রী একখানি টোঙ্গায় চড়িয়া সকালে কাশিয়ানীস্থিত বাজারের মধ্য দিয়া রেল ষ্টেশনের দিকে যাইতেছিল। ঐ সময় লছমন সিং নামক এক ব্যক্তি কৃপাণ লইয়া স্ত্রীলোকটিকে আক্রমণ করে। ফলে স্ত্রীলোকটি তৎক্ষণাৎ মারা যায়। স্ত্রীলোকটিকে সাহায্য করিতে উদ্যত সের সিং গুরুতররূপে আহত হইয়াছে। ঘাতককে বাজারের লোকেরা হাতে হাতে ধরিয়া ফেলিয়াছে।

দুইখানি মোটরকারের ক্ষতি

সানিং ডেল মোটর ক্লাব হইতে মোটরে চড়িয়া যুবরাজ প্রিন্স অব, ওয়েলস্ পাড়ি হইয়েছিলেন, এমন সময় আর একখানি মোটর গাড়ীর সহিত সংঘর্ষে হয়। সৌভাগ্যের বিষয় যুবরাজ আহত হন নাই; তবে তাঁহার মুখে আঘাত লাগিয়াছে। অপর মোটরের মধ্যে দুই জন মহিলা ছিলেন তাঁহারা সামান্য আহত হন। যুবরাজ উহাদিগকে সাহায্য করিবার জন্য ছুটিয়া গিয়াছিলেন।

কালেক্টর ও গান্ধীজী বর্ত্তমান সমস্যার আলোচনা

গান্ধীজী গত ২৯শে জুলাই সন্ধ্যাকালে কায়রা জিলার কালেক্টরের বাংলোয় গিয়া তাঁহার সহিত কয়েক ঘণ্টা ধরিয়া কথা বার্ত্তা বলেন। কতিপয় গ্রাম্য কর্ম্মচারী পুনর্নিয়োগ, বোরসাদ তালুকের ১৪ খানা গ্রামের কৃষকের— যাহারা গত বৎসরের খাজনা দেয় নাই, তাহাদের খাজনা সমস্যা, মাতার তালুকের যে সমস্ত কৃষক গ্রাম ছাড়িয়া চলিয়া গিয়াছে তাহাদের বিষয়, কর্জ্জের মামলা প্রভৃতি, রাস গ্রামের বর্ত্তমান বৎসরের খাজনা প্রভৃতি নানা বিষয়ে তাঁহাদের মধ্যে কথাবার্ত্তা হয়। বোম্বাই তালুকের যে সকল কৃষক গতের ঢংকার দি... বাকী খাজনা দিতে অসমর্থ, তাহাদের একটা তালিকা কালেক্টর প্রদান করিয়াছেন।

কথাবার্ত্তার ফলাফল এখনও জানা যায় নাই। কিন্তু অবস্থা আশাপ্রদ বলিয়া মনে হইতেছে।

পরে গান্ধীজী গত ৯ই তারিখে কি... কর্ম্মীদের সহিত সাক্ষাৎ করিয়া তাহাদিগকে কিছু উপদেশ দেন।

ছেলে ভগিনী ও আর একজন আত্মীয়ের সাক্ষাৎ

গত ১৯শে জুলাই রামকৃষ্ণ তাহার ভগিনী ও তাঁহার এক আত্মীয় শ্রীযুক্ত কালীপ্রসন্ন লাল দাস আলিপুর সেণ্ট্রাল জেলে রামকৃষ্ণ হিজলের সহিত দেখা করিয়াছিলেন। জেল সুপারিণ্টেণ্ডেণ্ট উহাদের সাক্ষাতে অনুমতি দিতে আপত্তি করেন নাই রামকৃষ্ণের বর্ত্তমানে ভালই আছে এবং আহার সম্বন্ধেও তাহার মনে কোন চাঞ্চল্য প্রকাশ পায় নাই। সে সময় কোন না কোন পুস্তক ও পত্রিকা পড়িয়া সময় অতিবাহিত করিতে... সম্প্রতি সে তাহার কোন আত্মীয়ের কবি মধুসূদন দত্তের কয়েকখানি চাহিয়াছে।

"শ্রীদাম"
নবদ্বীপ

Reg No C.1544

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৮৲
অর্দ্ধ কলম ৩৷৹
সিকি কলম ২৲
চুক্তির হার
স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

সাধারণ হার
আগ্রিম দেয়
ত্রৈমাসিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸৹
মাসিক ১৲
মফঃস্বল
প্রতি সংখ্যা ৵৫

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার এক মাত্র মুখপত্র

৬ষ্ঠ খণ্ড] সম্পাদক—শ্রীঅতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [১২৯তম সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—১৮ই শ্রাবণ সোমবার, ১৩৩৮, ৩রা আগষ্ট ১৯৩১

গান্ধীজীর তার

বৃটীশ রাজস্ব সচিবের ঘোষণা

কংগ্রেসকর্ম্মী অভিযুক্ত

বৃক্ষের সহিত সংঘর্ষে ৪জন আহত

পলাতক আসামী গ্রেপ্তার

রাজস্ব আদায়ের জন্য দমননীতি

"সোনার বাংলা

অর্থলোভে বীভৎস হত্যাকাণ্ড

বিধবা বিবাহ

মিঃ লয়েড জর্জ্জের স্বাস্থ্য

নানা কথা

বৃক্ষের সহিত সংঘর্ষে ৪ জন আহত

কুষ্টিয়া হইতে সংবাদ পাওয়া গিয়াছে গত ২৮শে জুলাই অপরাহ্ণে মৈং [illegible] রোডে একটি বৃক্ষের দখল সংঘর্ষ হওয়ায় ফলে ৪ জন আদৌ [illegible] হইয়াছে। তন্মধ্যে ২ জন [illegible] সঙ্কটাপন্ন।

গান্ধীজীর তার

গত ৩১শে জুলাই রাত্রিতে গান্ধীজী টারনার রিলিফ কমিটীর সম্পাদক নিকট তারযোগে জানাইয়াছেন যে, টারনার ধান্দার মাল্দার আদীবাসীদের [illegible] গ্রহিত করা এখনও বাকী রকারের বিবেচনাধীন রহিয়াছে। উক্ত [illegible] টাকা অনাদায়ের মিয়াদ [illegible] বাড়াইয়া দিবার জন্য [illegible] ম্যাজিষ্ট্রেটের নিকট তার করিয়াছেন, টাকা আদায় করিবার দিবস [illegible] তারিখ ছিল।

বৃটীশ রাজস্বসচিবের ঘোষণা

"এপ্রোপ্রিয়েশন" বিল সম্পর্কে [illegible] আলোচনার সময় বৃটীশ সরকার [illegible] রাজস্ব সচিব মিঃ চোডে বলেন,—[illegible] ব্যয় সঙ্কোচের ব্যবস্থা না হইলে [illegible] আগামী বৎসরের বাজেট সম্বন্ধে শঙ্কা-[illegible] অবস্থার উদয় হইবে।

তথাপি তিনি বলেন যে, অন্যান্য [illegible] দেশের তুলনায় বৃটেনের [illegible] মোটেই আশঙ্কাজনক নহে। [illegible] ও ব্যয়ের [illegible] রক্ষা একান্ত প্রয়োজন, বাজেটের মধ্যে যাহাতে সেই ব্যবস্থা করিতে পারা যায়—তাহার চেষ্টা করিব হয় ত তজ্জন্য অনেক অপ্রিয় উপায় অবলম্বন করিতে হইবে। কিন্তু জাতীয় উন্নতির খাতিরে গবর্ণমেণ্টকে তাহা অবশ্যই করিতে হইবে। এ কথা যদি কেহ মনে করেন যে, বৃটেনের অবস্থা অনেকটা দেউলিয়ার মত হইয়াছে—তাহা হইলে বলিতে হইবে যে, তিনি ভুল করিয়াছেন।

আজীর রাজস্বর উপর প্রধান বোঝাই হইল—সময়ঋণ। আমি তাহা কৌশলে এক প্রকার ঋণ গ্রহণের ব্যবস্থা করিব যাহাতে ইহার অনেকটা প্রতিকার হইবে।

ব্যয় সঙ্কোচ কমিটীর রিপোর্ট সম্পর্কে বৃটীশ গবর্ণমেণ্ট বিবেচনা করিতেছেন। এখনও বৃটেনের আর্থিক অবস্থা দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত রহিয়াছে। বিদেশীর অর্থ খাটাইবার সুযোগ এখনও লণ্ডনেই সর্ব্বাপেক্ষা বেশী। অর্থনৈতিক ব্যাপারে বৃটীশের সুনাম রক্ষার জন্য আমরা বিশেষ যত্নবান হইব।

ইটালীর নিমন্ত্রণ রক্ষা

ইটালীর গবর্ণমেণ্টের নিমন্ত্রণ র[illegible] করিবার জন্য ফার্স্যাণ্ড রাজস্ব মন্ত্রী [illegible] ক্রুহেলিং এবং পররাষ্ট্র সচিব [illegible] কাটিয়াস শীঘ্রই রোম অভিমুখে যা[illegible] করিবেন।

লর্ড কিলসেণ্টের কারাদণ্ড

রয়াল মেল ষ্টিম প্যাকেট কোম্পা[illegible] চেয়ারম্যান লর্ড কিলসেণ্টের মিথ্যা অ[illegible] হানপত্র প্রচার করার জন্য অভিযু[illegible] হইয়াছিলেন। কিসারপরিষদক [illegible] মুবণ্যাণ্ডকে এই সম্পর্কে অভিযুক্ত ক[illegible] হইয়াছিল। বিচারে লর্ড কিলসেণ্ট [illegible] প্রতি এক বৎসর কারাদণ্ডের আ[illegible] হইয়াছে। মিঃ মুরল্যাণ্ড অব্যাহতি লা[illegible] করিয়াছেন।

ব্যারিষ্টার সার জন সাইমন আমা[illegible] যাছেন, তিনি লর্ড কিলসেণ্টের প[illegible] হইতে আপীল করিবেন।

বিধবা বিবাহ

যশোহর জিলার ঝিনাইদহ থা[illegible] অধীন পলতাটী গ্রামের জমীদার স্বর্গ[illegible] শ্রীযুক্ত শ্যামাচরণ মজুমদারের ১ম পু[illegible] শ্রীমান নিখিলকুমার মজুমদারের স[illegible] ঐ গ্রামের দুঃস্থ উপেন্দ্রনাথ স্বর্ণকারের বি[illegible] শ্রী শ্রীমতী রাজলক্ষ্মী দাসীর শুভ বিব[illegible] গত ৬ই শ্রাবণ তারিখে বিশেষ জা[illegible] জমকের সহিত সুসম্পন্ন হইয়াছে। গ্রা[illegible] কুলপুরোহিত শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গঙ্গো[illegible] পাধ্যায় বিদ্যাবিনোদ মহাশয় পৌরোহি[illegible] করিয়াছিলেন।

বিশ্ববৈষ্ণবরাজসভার পরিব্রাজকগণ

পরিব্রাজকগণের নাম	বর্ত্তমান ঠিকানা	পরিব্রাজকগণের নাম	বর্ত্তমান ঠিকানা
১। শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ	শ্রীমায়াপুর	৮। শ্রীভক্তিরূপ পুরী	কটক
২। শ্রীভক্তিবিবেক ভারতী	কটক	৯। শ্রীভক্তিস্বরূপ পর্ব্বত	পুরী
৩। শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম	শ্রীমায়াপুর	১০। শ্রীভক্তিবিলাস গভস্তিমেণ	কলিকাতা
৪। শ্রীভক্তিপ্রকাশ অরণ্য	কটক	১১। শ্রীভক্তিরঞ্জন ভক্তিসার	মাদ্রাজ
৫। শ্রীভক্তিহৃদয় বন	মাদ্রাজ	১২। শ্রীভক্তিরক্ষক শ্রীধর	মাদ্রাজ
৬। শ্রীভক্তিসর্ব্বস্ব গিরি	অমৃতসর	১৩। শ্রীভক্তিভূদেব শ্রৌতী	শ্রীমায়াপুর
৭। শ্রীভক্তিবৈভব সাগর	কলিকাতা	১৪। শ্রীভক্তিঅরুণ বোধায়ন	পুরী

শুদ্ধভাক্তমঠসমূহ

শ্রীচৈতন্য মঠ

আকর অষ্টাঙ্গ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীধাম মায়াপুর, নদীয়া

এই মঠযোগে পারমার্থিক দৈনিকপত্র, সারস্বত-সম্প্রদায়ের অপ্রকাশিত ও প্রাচীন গ্রন্থরাজি প্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় প্রতিষ্ঠিত হয়াছেন যে প্রতিবৎসর শ্রীধাম-পরিক্রমানুষ্ঠান ও অপরিহার্য্য কৃষ্ণসেবাশ্রিত ভোজন প্রচারমুখে ক্ষমহোৎসবাদি ভক্তাঙ্গ অনুষ্ঠিত হইয়া থাকে। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপাদ নরহরিজী। ক্ষচারী—শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী, পণ্ডিত শ্রীপাদ গৌরদাস ব্রহ্মচারী ারাধাকরণদাস, শ্রীপাদ নীরদচন্দ্র ব্রহ্মচারী, শ্রীপাদ নন্দগোপাল ব্রহ্মচারী, শ্রীমধুসূদন ব্রহ্মচারী, শ্রীমদনগোপাল ব্রহ্মচারী, ভক্ত নরেন্দ্র, ধরিপদ, রোহিণীমোহন প্রভৃতি।

(১) শ্রীগৌড়ীয় মঠ

১৬ নং বাগবাজার চক্রবর্ত্তী ষ্ট্রীট, পো: বাগবাজার, কলিকাতা।

টেলিফোন বি, বি ৩১৫

মঠরক্ষক—আচার্য্যাত্রিক শ্রীপাদ কুঞ্জবিহারী বিদ্যাভূষণ। সহকারী—পণ্ডিত শ্রীপাদ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ বি-এ, পাদ বাসাধিকারী ব্রহ্মচারী, শ্রীপাদ জগচ্চালন বাসাধিকারী বি-এ, শ্রীপাদ ভক্তকোল বাসাধিকারী, ব্রহ্মচারী শ্রীজীবানন্দ, ব্রহ্মচারী শ্রীপ্যারীমোহন, ব্রহ্মচারী শ্রীমদন্ধ, পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ পরবিদ্যা সরস্বতী ভক্তিশাস্ত্রী সম্প্রদায়বৈভবাচার্য্য, শ্রীঅধ্যানন্দ সাধিকারী বি-এ, শ্রীভবন্ধনাথ ধিকারী বি-এল, শ্রীঅনুপম নাগকোবিদ, শ্রীবিশ্বম্ভর ব্রহ্মচারী, শ্রীভক্তগোবিন্দ ব্রহ্মচারী প্রভৃতি।

(৩) যোগপীঠ শ্রীমন্দির

রক্ষক—লোকনাথাত্মজ গোস্বামী শ্রীআচার্য্য প্রভু শ্রীমন্নাথ। সহকারী ানিত্যানন্দ ব্রহ্মবাসী, শ্রীরাধাবিনোদ কিঙ্করদাস, শ্রীরাধাদাস ব্রহ্মচারী। শ্রীসাধন দ অধিকারী, দেবশর্ম্মা শ্রীনীলনাথ।

(৪) শ্রীবাস-অঙ্গন

রক্ষক—শ্রীলক্ষ্মীকুসুম ব্রহ্মচারী।

(৫) অদ্বৈত-ভবন

রক্ষক—শ্রীঅদ্বৈতানন্দ বাসাধিকারী, শ্রীযোগেশ্বরদাস বাবাজী।

(৬) জাহ্নবী সমাধি পাট

প্রাচীন মায়াপুর, বামনপুকুর (নদীয়া)

রক্ষক—ব্রহ্মচারী শ্রীবিনোদবিহারী।

(৭) আনন্দ সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, সরডাঙ্গা (নদীয়া)

রক্ষক—ভক্তিকুসুম ভারতী ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী এম, এম, এফ।

(৮) শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

মরমনসিংহ।

রক্ষক—শ্রীহরিবর ভক্তিশাস্ত্রী এম, এ, এল, সহকারী—শ্রীউদ্ধবদাস ভক্তিশাস্ত্রী, শ্রীউদ্ধব অধিকারী প্রভৃতি।

(৯) শ্রীগৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, সদুড়পড়, (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীগৌরায় ব্রহ্মচারী, ভক্ত শ্রীনন্দলাল দাস।

(১০) শ্রীরূপগৌড়ীয়-মঠ

বাগবাজার, এভিনিউ ষ্ট্রীট, পি

রক্ষক—শ্রীসর্ব্বেশ্বর ব্রহ্মচারী।

(১১) শ্রীমাধবেন্দ্রমন্দির

মাটগাছি, জারগ্রাম, বর্দ্ধমান।

রক্ষক—শ্রীবংশীবিহারী ব্রহ্মবাসী, ভক্ত শ্রীগোবিন্দ।

(১২) ভাগবত আশ্রম

শ্রীভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।

রক্ষক—শ্রীকৃষ্ণানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(১৩) শ্রীএকায়ন মঠ

গোবিন্দপুর, হাসপাতাল, নদীয়া।

রক্ষক—শ্রীঅচ্যুতানন্দ ব্রহ্মচারী। সহকারী শ্রী-হরিসিংহ ব্রহ্মচারী, শ্রীজগদীশ দাস অধিকারী, ভক্ত বিশ্বনাথ।

(১৪) শ্রীমাধ্ব গৌড়ীয় মঠ

১০নং নবাবপুর রোড, ঢাকা।

রক্ষক—শ্রীরাধাবল্লভ ব্রহ্মবাসী, শ্রীপাদ সুন্দরানন্দ পরবিদ্যাবিনোদ বি-এ, শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী, শ্রীপতিতপাবন ভক্ত।

(১৫) শ্রীগোপালজী মঠ

কমলাপুর, ঢাকা।

রক্ষক—শ্রীহরানন্দাস ব্রহ্মবাসী

(১৬) শ্রীগদাই-গৌরাঙ্গ মঠ

রক্ষক—শ্রীপূর্ণপ্রজ্ঞ ব্রহ্মচারী, শ্রীমঙ্গিলাল ব্রহ্মচারী

(১৭) শ্রীভাগবতজনানন্দ মঠ

চিকলিয়া, রাজদেবপুর, মেদিনীপুর।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-রাধাগোবিন্দ-বিগ্রহসেবা বর্ত্তমান। রক্ষক—ব্রহ্মবাসী শ্রীভগবান্দাসজী।

(১৮) আমলাযোড়া প্রপন্নাশ্রম

রাজবাঁধ পোঃ বর্দ্ধমান।

রক্ষক—ব্রহ্মবাসী শ্রীরাধাকিশোর।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

বগমারা, পুরী, উড়িষ্যা।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমানন্দ বিদ্যারত্ন, ব্রহ্মচারী শ্রীনরোত্তমানন্দ, শ্রীপ্রেমাম্বুজ ব্রহ্মচারী, শ্রীবাসবানন্দ ব্রহ্মচারী, শ্রীবিনোদ চরণ অধিকারী, শ্রীঘনিদি পণ্ডা।

(২০) শ্রীব্রহ্ম-গৌড়ীয় মঠ

আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমেশ্বরী প্রপন্নজী। সহকারী—ব্রহ্মচারী শ্রীবংশিবিহারী।

(২১) শ্রীসচ্চিদানন্দ মঠ

উড়িয়াবাজার, কটক।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীসর্ব্বেশ্বর, শ্রীরামপদ ব্রহ্মচারী।

(২২) শ্রীসনাতন-গৌড়ীয় মঠ

৯নং অন্নপূর্ণাবাগপুরা, কাশী।

রক্ষক—ব্রহ্মচারী ভূগর্ভস্বামী, নিতাইদাস ব্রহ্মচারী, শ্রীগোকানন্দ ব্রহ্মবাসী।

(২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

শ্রীনৃসিংহদাস কুঞ্জ, শ্রীধাম বৃন্দাবন।

রক্ষক—শ্রীগণপতিনাথ ব্রহ্মচারী

(২৪) শ্রীপরমহংস মঠ

মৈমিত্যারণ্য, সীতাপুর

রক্ষক—ব্রহ্মচারী শ্রীনৃসিংহানন্দ ও ব্রহ্মচারী শ্রীমন্মথলাল।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ

মুরকুণ্ডা, চিরকুণ্ডা, মানভূম।

রক্ষক—শ্রীরমানাথ রায়, শ্রী [illegible] দেবশর্ম্মা।

(২৬) ব্যাসগৌড়ীয় মঠ

রক্ষক—ব্রহ্মচারী শ্রীপুরুষোত্তমজী, শ্রীনবীনগোপ ব্রহ্মবাসী

(২৭) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রম-মঠ

ব্রাহ্মণপাড়া, পোঃ মাহু, বর্দ্ধমান

এখান বহু কুলমুখ্য শ্রোত্রিয়গণের সে বর্ত্তমান রক্ষক—ব্রহ্মবাসী শ্রীপ্রাণকৃষ্ণ দাস, ভক্ত করুণাকর।

(২৮) শ্রী গৌড়ীয় মঠ-কার্য্যালয়

৫নং গোকিলন ডাক্তার লেন, নিউ বিল্লি

রক্ষক—ব্রহ্মচারী শ্রীগিরিরক্ষক, শ্রীমুকুন্দপ্রে শ্রীরাধা-গিরিধরপরণ

(২৯) মায়ালপাড়া-প্রপন্নাশ্রম

রক্ষক—ব্রহ্মচারী শ্রীবাসুদেবমাধব

(৩০) যাজাজগৌড়ীয় মঠ

নর্থ গোবিন্দপুরম্, কাঞ্চেপ্তরম, মাদ্রাজ

রক্ষক—শ্রীত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিসুন্দর গোবিন্দ মহারাজ। সহকারী—ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তি [illegible] ভক্তিসার, ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবল্লভ শ্রীধর মহারাজ, শ্রীপাদ জগন্নানন্দ ব্রহ্মবাসী, শ্রীপাদ রোহিণীনন্দন ব্রহ্মচারী, শ্রীপাদবিগ্রহরূপ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী ও শ্রীপাদ গৌরভগবানন্দ ব্রহ্মচারী

(৩১) রাধাগোপাল পাট

কাঁটাবুনিয়া, চাকদহ, নদীয়া

রক্ষক—ব্রহ্মচারী শ্রীকেশবানন্দ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ



বর্ষ ৭ম | ৫ শ্রীধর গৌরাব্দ ৪৪৫, ১৮ই শ্রাবণ বঙ্গাব্দ ১৩৩৮, ৩ আগষ্ট ইং ১৯৩১ সোমবার | ১২৯তম সংখ্যা

সাময়িক সন্দেশ

রবিবার ১৭ই শ্রাবণ (১৩৩৮

গত মঙ্গলবার ১২ই শ্রাবণ তারিখে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ শ্রীচৈতন্যমঠে ঔবিষ্ণুপাদ শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-বিরচিত 'শ্রদ্ধা ও শরণাগতি' শীর্ষক একটী প্রবন্ধ সমবেত শ্রোতৃবর্গের সমক্ষে বিস্তারিতভাবে ব্যাখ্যা করিয়া বুঝাইয়া দিয়াছেন। আমরা তাঁহার কিয়দংশ পাঠকগণের অবগতির নিমিত্ত শ্রীল ঠাকুর মহাশয়ের ভাষায় নিম্নে প্রকাশ করিলাম।

অনেকে শ্রদ্ধা ও ভক্তিকে এক বলিয়া মনে করেন; তাহা নয়। ভক্তিসন্দর্ভে শ্রীজীব গোস্বামী লিখিয়াছেন যথা,—শ্রদ্ধা ভক্তাঙ্গং কিন্তু কর্ম্মাদ্যসমর্থবিষয়াধনরূপাং তৎফলী অধিকারীবিশেষস্যৈব। অর্থাৎ শ্রদ্ধা ভক্তির অঙ্গ নয়, কিন্তু অনন্যভক্তির অধিকারী ব্যক্তির কর্ম্মাদি নিবারক বিশেষণ মাত্র। ভাগবতে যথা—তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত ন নির্ব্বিদ্যেত যাবতা। মৎকথা শ্রবণাদৌ বা যাবদ্ধ নি জায়তে॥ কৃষ্ণকথা শ্রবণকীর্ত্তনাদি-ক্রিয়রূপা ভক্তি। তাহাতে যখন শ্রদ্ধা হয়, তখনই সেই ভক্তিতত্ত্বে অধিকার জন্মে। কর্ম্মাধিকার সেই সময় হইতে নিবৃত্ত হয়। অতএব আমার গদ্যে কথিত হইয়াছে :—অন্যোপায়বর্জ্জং ভক্তানুকূলী চিত্তবৃত্তিবিশেষ। জ্ঞান ও কর্ম্ম প্রয়োজন সিদ্ধির উপায় নয়, ভক্তিই একমাত্র বিশুদ্ধ উপায়। এতদ্ভূত শাস্ত্রবিশ্বাসের সহিত অনন্য ভক্তির প্রতি যে চিত্তবৃত্তি, তাহারই নাম শ্রদ্ধা।

তত্ত্ববিৎ পণ্ডিতগণ শ্রদ্ধা ও শরণাপত্তিকে এক বলিয়া স্থির করিয়া থাকেন। ভক্তিসন্দর্ভে :—

কর্ম্মপরিত্যাগচেষ্টোনাভিধানাচ্ছ্রদ্ধা-শরণোপন্যাসৈরেকার্থং লক্ষ্যতে। তচ্চাপ্যুক্তং শ্রদ্ধা হি শাস্ত্রার্থবিশ্বাসঃ। শাস্ত্রক তত্ত্বপরত্বেন তদ্ভক্তস্যাভয়ং বদতি। অতো জাতায়াঃ শ্রদ্ধায়াস্তৎপরতা পর্য্যবসিতেব নিমিত্তি।

'তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত' ইত্যাদি ভগবদ্বাক্যে শ্রদ্ধাকেই কর্ম্মত্যাগের হেতু বলিয়া নির্দ্দেশ করায় শ্রদ্ধা ও শরণাগতি একার্থ সূচক বলিয়া স্থির করা হয়। শাস্ত্রার্থ-বিশ্বাসের নাম শ্রদ্ধা। শাস্ত্রার্থ এই যে, শ্রীকৃষ্ণে শরণাগত না হইলে জীবের ভয়, তাঁহার শরণাগত হইলে আর ভয় নাই। অতএব শ্রদ্ধা অস্থিরমাত্র শরণাপত্তি-লক্ষণে তাহা লক্ষিত হয়।

সর্ব্বশাস্ত্র আলোচনা করিলেই এই সার সিদ্ধান্ত প্রাপ্ত হওয়া যায়। সর্ব্বশাস্ত্র-সিদ্ধান্তরূপ শ্রীকৃষ্ণবল্লীতার চরম শ্লোকে কথিত হইয়াছে :—

সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ।
অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি
মা শুচঃ॥

হে অর্জ্জুন! তুমি কর্ম্ম, জ্ঞান, যোগ প্রভৃতি শাস্ত্রোক্ত সকল ধর্ম্ম পরিত্যাগ করিয়া আমার শরণাগতি লাভ কর। তাহা হইলে আমি তোমাকে সর্ব্বপ্রকার কলুষ হইতে উদ্ধার করিব, শোক করিও না।

'শ্রীকৃষ্ণচরণে প্রপত্তি ব্যতীত অন্য কোন উপায়েই আমার মঙ্গল নাই, অতএব আমি সেই অভয়পদে শরণাপন্ন হইলাম।' এই দৃঢ় বিশ্বাসের নাম শ্রদ্ধা, শরণাগতি বা প্রপত্তি। এবম্প্রকার শরণাগত ব্যক্তিগণ যেরূপ উক্তি করিয়া থাকেন, তাহা শ্রীভক্তি-রসামৃতসিন্ধুগ্রন্থে বিচার করুন,—

৬ষ্ঠ খণ্ড] সম্পাদক—শ্রীঅতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [১৩৫ তমসংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—২৫শে শ্রাবণ সোমবার, ১৩৮৮, ১০ই আগষ্ট ১৯৩১

নানা কথা

কৃষ্ণনগরে জন-সভা

২রা আগষ্ট তারিখে কৃষ্ণনগর কংগ্রেস কমিটীর উদ্যোগে কৃষ্ণনগরে একটী জনসভা হইয়া গিয়াছে। মহিলা সম্মিলনের সভানেত্রী শ্রীযুক্তা অপোকলতা দাশী সভানেত্রীর আসন গ্রহণ করিয়াছিলেন। পাঠাগার সম্মিলনের সভাপতি শ্রীযুত রামানন্দ চট্টোপাধ্যায় সভায় দেশের বর্ত্তমান অবস্থা সম্বন্ধে বক্তৃতা করেন।

কিশোরগঞ্জের লোক পুরুলিয়ায় গ্রেপ্তার

এক বিকৃতমস্তিষ্ক যুবক পুলিস কর্ত্তৃক পুরুলিয়াতে গ্রেপ্তার হইয়াছে। তাহার বাড়ী ময়মনসিংহ জিলায় কিশোরগঞ্জে। সে নাকি ক্যাথলিয়া বলিয়া প্রকাশ। যেদিন হইল সে পুরুলিয়াতে আসিয়াছিল। কিশোরগঞ্জের দাঙ্গার সময় যে কৃষ্ণচন্দ্র রায় সপরিবারে নিহত হন, সে নাকি তাঁহারই আত্মীয় বলিয়া নিজের পরিচয় দিয়েছে। তাহাকে হাজতে রাখা হইয়াছে।

ঢাকায় ধৃত ব্যক্তিদের মুক্তি

ঢাকা জেনারেল পোষ্ট-অফিস লুণ্ঠন ব্যাপারের সংস্রবে যে সকল ব্যক্তিকে গ্রেপ্তার করা হইয়াছিল তাহাদিগকে ৭ই আগষ্ট মুক্তি দেওয়া হইয়াছে। কিন্তু পুলিস অভিপ্রায় অনুসারে জ্যোতিষ সাহাকে পুনরায় গ্রেপ্তার করা হইয়াছে।

কৃষ্ণনগরে জনসভা

কিশোরগঞ্জের লোক পুরুলিয়ায় গ্রেপ্তার

ঢাকা সহর জলতলে

বন্যা সাহায্য ভাণ্ডারে গভর্ণরের অর্থ দান

ব্রহ্মে সেনাদল আক্রান্ত

গান্ধীজীর লণ্ডনগমনে সংশয় দূর

পুরুলিয়ায় অর্থকষ্ট

ঢাকায় ধৃত ব্যক্তিদের মুক্তি

আলিপুর হত্যার জের

উপাসনা মন্দিরে পুলিস

ব্রহ্মে সেনাদল আক্রান্ত

রেঙ্গুন হইতে প্রকাশ যে গত ৬ই আগষ্ট প্রত্যূষে এক দলে প্রায় ২০ জন বিদ্রোহী কামা সীমান্তের নিকটে পদায়ুন সহরের এলাকাধীন একটী গ্রামে একটী ক্ষুদ্র অবস্থিত সেনাদলকে আক্রমণ করে। এই সংঘর্ষের ফলে একজন বিদ্রোহী নিহত এবং কয়েকজন আহত হয় ঐ সেনাদলের মধ্যে কেহ হতাহত হয় নাই।

কতিপয় দস্যু শিখু নামক রক্ষিত বটিনের মধ্যে একখানি কুটীর আক্রমণ করিলে গ্রামবাসীরা তাঁহাদিগকে বাধা দেয়, ফলে তিন জন গ্রামবাসী নিহত এবং ৫ জন আহত হয়।

ধারাবর্ষি ও প্রোমে বিদ্রোহীদের আক্রমণ চলিতেছে।

টুঙ্গুতে একজন মোঙ্গল আক্রান্ত হইয়াছে এবং তাহার বন্দুক এবং গুলী প্রভৃতি দস্যুরা লইয়া গিয়াছে।

ঢাকা সহর জলতলে

গত ৬ই আগষ্ট হইতে ঢাকায় প্রবল বৃষ্টি হইতে থাকে, ফলে জল এত বাড়িয়া গিয়াছে যে, রাজধানী একেবারে ডুবিয়া গিয়াছে। সহরে অনেকগুলি রাস্তাও জলতলে নিমগ্ন হইয়াছে। ঢাকা নারায়ণগঞ্জ রোড ডুবিয়া গিয়াছে। নারায়ণগঞ্জ হইতে ঢাকা পর্য্যন্ত মোটর চলাচল বন্ধ হইয়া গিয়াছে। মফঃস্বলের অধিবাসীদের কষ্টের পরিসীমা নাই।

পুরুলিয়ায় অর্থ কষ্ট

পুরুলিয়া জিলায় বিশেষ অর্থকষ্ট উপস্থিত হইয়াছে, অধিকন্তু বসন্তের পুষ্টিপাত না হওয়ায় অর্থ কষ্ট বৃদ্ধি হইয়াছে। ইহাতে মধ্যবিত্ত শ্রেণীর ও দরিদ্র শ্রেণীর লোকেরা অত্যন্ত বিপন্ন হইয়াছে।

বন্যা সাহায্য ভাণ্ডারে গভর্ণরের অর্থদান

গোহাটি হইতে প্রকাশ যে সরকারী ও বে-সরকারী লোকদিগের চেষ্টায় বন্যা পীড়িত লোকদিগের সাহায্যার্থে যে সাহায্য ভাণ্ডার স্থাপিত হইয়াছে, তাহাতে আসামের গভর্ণর ৫ শত টাকা দান করিয়াছেন।

চট্টগ্রাম রেলওয়ে ষ্টেশনে কার্ত্তুজভরা পার্শেল আবিষ্কার

সংবাদে প্রকাশ কোতোয়ালীর ভূতপূর্ব্ব দারোগা চট্টগ্রাম রেলওয়ে ষ্টেশনে একটী পার্শেল পাঠাইয়াছেন। এই পার্শেলের মধ্যে ৫টি কার্ত্তুজ, কিছু বারুদ ও ১ খানা সন্দেহজনক পত্র পাওয়া গিয়াছে। পুলিসের জোর তদন্ত চলিতেছে।

শ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার পরিব্রাজকগণ

পরিব্রাজকগণের নাম	বর্ত্তমান ঠিকানা	পরিব্রাজকগণের নাম	বর্ত্তমান ঠিকানা
১। শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ	শ্রীমায়াপুর	৮। শ্রীভক্তিস্বরূপ পুরী	কটক
২। শ্রীভক্তিবিবেক ভারতী	কলিকাতা	৯। শ্রীভক্তিস্বরূপ পর্ব্বত	মহুরভঞ্জ
৩। শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম	শ্রীমায়াপুর	১০। শ্রীভক্তিবিলাস গভস্তিনেমি	কলিকাতা
৪। শ্রীভক্তিপ্রকাশ অরণ্য	কটক	১১। শ্রীভক্তিরঞ্জন ভক্তিসার	মাদ্রাজ
৫। শ্রীভক্তিহৃদয় বন	কলিকাতা	১২। শ্রীভক্তিরক্ষক শ্রীধর	মাদ্রাজ
৬। শ্রীভক্তিসর্ব্বস্ব গিরি	অমৃতসর	১৩। শ্রীভক্তিভূদেব শ্রৌতী	শ্রীমায়াপুর
৭। শ্রীভক্তিবৈভব সাগর	ব্রাহ্মণপাড়া	১৪। শ্রীভক্তিপ্রসূন বোধায়ন	বালেশ্বর

শুদ্ধভক্তিমঠসমূহ

শ্রীচৈতন্য মঠ

আকর মঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীধাম মায়াপুর, নদীয়া

এই মঠরাজে পারমার্থিক দৈনিকপত্র, সাপ্তাহিক-পক্ষপাতের অপ্রকাশিত ও প্রাচীন গ্রন্থরাজি প্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় প্রতিষ্ঠিত হইয়াছেন। এখানে প্রতিবৎসর শ্রীধাম-পরিক্রমানুষ্ঠান ও অগণিত ভক্তগোষ্ঠীর কীর্ত্তন প্রচারমুখে নামযজ্ঞোৎসবাদি ভক্তাঙ্গ অনুষ্ঠিত হইয়া থাকে। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপাদ নরহরিজী। পূজারী—ব্রহ্মচারী পণ্ডিত শ্রীপাদ গোবর্দ্ধন কাব্যব্যাকরণতীর্থ, শ্রীগবেষক, শ্রীপাদ বলদেব, শ্রীপাদ নবগোপাল, শ্রীনীলমাধবনাথ, শ্রীঅধ্বয়ন, শ্রীমন্দিরোপাল, শ্রীবৃন্দাবনাধিকারী ভক্ত সংঘের, ভক্তিপদ, রেবতীমোহন প্রভৃতি।

(১) যোগপীঠ শ্রীমন্দির

রক্ষক—লোকনাথাবধূত গোস্বামী প্রভুর শ্রীবংশধর। সরকারী—নিত্যানন্দ ব্রহ্মচারী, শ্রীরাধাবিনোদ কিঙ্কর, শ্রীগোবর্দ্ধন ব্রহ্মচারী। শ্রীপাদ অধিকারী, সেবাপূজা শ্রীনীলমণি।

(২) শ্রীবাস-অঙ্গন

রক্ষক—শ্রীপ্রজ্ঞানকুসুম ব্রহ্মচারী।

(৫) অদ্বৈত-ভবন

রক্ষক—শ্রীবৃন্দাবনচন্দ্র ভট্টাচার্য্য, গোকুলদাস বাবাজী।

(৬) কাজীর সমাধিপীঠ

প্রাচীন মায়াপুর, বামনপুকুর (নদীয়া)

রক্ষক—ব্রহ্মচারী শ্রীবিনোদবিহারী।

(৭) স্বানন্দ সুখদ-কুঞ্জ

শ্রীযোগপীঠ, স্বরূপগঞ্জ (নদীয়া)

রক্ষক—ভক্তিকুসুম ভাস্কর ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী এম, এম, এফ।

(৮) শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

মহমনসিংহ।

রক্ষক—শ্রীবলরাম ভক্তিসাগর এম, এ, বি, এল, সরকারী—শ্রীউদ্ধবদাস ভক্তিবারী, শ্রীউজ্জ্বল অধিকারী প্রভৃতি।

(৯) শ্রীগৌর-গদাধর-মঠ

চাঁপাতলী, সমুদ্রগড়, (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেরাম ব্রহ্মচারী, ভক্ত শ্রীনরহরি দাস।

(১০) শ্রীরূপগৌড়ীয়-মঠ

বাগবাজার, প্রভাত ষ্টীম, পি

রক্ষক—শ্রীদামোদরানন্দ ব্রহ্মচারী

(১১) শ্রীযোগেন্দ্রমন্দির

মাটিয়ারী, জাহানগর, বর্দ্ধমান।

রক্ষক—শ্রীবংশীবিহারী ব্রজবাসী, ভক্ত শ্রীগদাধর।

(১২) ভাগবত আসন

শ্রীভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।

রক্ষক—শ্রীকৃষ্ণানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(১৩) শ্রীএকায়ন মঠ

গোবিন্দপুর, হাসখালী, নদীয়া।

রক্ষক—শ্রীবৈকুণ্ঠানন্দ ব্রহ্মচারী। সরকারী শ্রীবংশিবট ব্রহ্মচারী, শ্রীজগন্নাথ দাস অধিকারী, ভক্ত বিশ্বনাথ।

(১৪) শ্রীমাধব গৌড়ীয় মঠ

১০নং নবাবপুর রোড, ঢাকা।

রক্ষক—শ্রীরাধাবল্লভ ব্রজবাসী, শ্রীপাদ সুন্দরানন্দ পরিব্রাজকবিনোদ বি-এ, শ্রীনবগোপাল ব্রহ্মচারী, শ্রীপণ্ডিতপাবন ভক্ত।

(১৫) শ্রীগোপালজী মঠ

কমলাপুর, ঢাকা।

রক্ষক—শ্রীহরিদাস ব্রজবাসী

(১৬) শ্রীগৌরাঙ্গ-গৌড়ীয় মঠ

রক্ষক—শ্রীপূর্ণানন্দ ব্রহ্মচারী, শ্রীমঙ্গলদাস পূজারী

(১৭) শ্রীভাগবতভজনানন্দ মঠ

চিকলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-রাধাগোবিন্দ-গিরিধারীর নিত্যসেবা চলিতেছে। রক্ষক—ব্রজবাসী শ্রীমধুরাবল্লভজী।

(২) শ্রীগৌড়ীয় মঠ

১৬ নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

টেলিফোন বি, বি, ৪১১৫

মঠরক্ষক—আচার্য্যাত্মিক শ্রীপাদ কৃষ্ণকিশোর বিদ্যাভূষণ। সরকারী—পরিব্রাজক শ্রীপাদ অনন্তবাসুদেব পরিব্রাজকভূষণ বি-এ, শ্রীপাদ হাসবিহারী ব্রহ্মচারী, শ্রীপাদ জগদ্ভাবন হাসাধিকারী বি-এ, ব্রহ্মচারী শ্রীকীর্ত্তনানন্দ, ব্রহ্মচারী শ্রীপাদ্মাবীমোহন, ব্রহ্মচারী শ্রীমধুসূদন, পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ পরিব্রাজক ভক্তিশাস্ত্রী সম্পাদকবৈষ্ণবাচার্য্য, শ্রীমধুরানন্দদাসাধিকারী বি-এ, শ্রীভবমোচন হাসাধিকারী বি-এল, শ্রীঅনুপম নারায়ণ, শ্রীবিশ্বরূপ ব্রহ্মচারী, শ্রীভবমোচন ব্রহ্মচারী প্রভৃতি।

(১৮) আমলাযোড়া শ্রীপদ্মাশ্রম

রাজবাঁধ পোঃ বর্দ্ধমান।

রক্ষক—ব্রজবাসী শ্রীগোবিন্দগোপাল।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

মধুবন, পুরী, উড়িষ্যা।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমানন্দ বিদ্যারত্ন, ব্রহ্মচারী শ্রীনরহরিদাস, শ্রীপরেশানুভব ব্রহ্মচারী, শ্রীহরিদাসানন্দ ব্রহ্মচারী, শ্রীনিমাই চরণ অধিকারী, শ্রীঘাসিরি পাণ্ডা।

(২০) শ্রীব্রহ্ম-গৌড়ীয় মঠ

আলবরনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমেশ্বরী প্রসাদজী। সরকারী—ব্রহ্মচারী শ্রীবলিনবিহারী।

(২১) শ্রীসচ্চিদানন্দ মঠ

উড়িষ্যাবাজার, কটক।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীনরহরি, শ্রীরামপদ ব্রহ্মচারী, শ্রীপাদ জগদ্গোপাল হাসাধিকারী।

(২২) শ্রীসনাতন-গৌড়ীয় মঠ

৪নং জগন্নাথঘাটপুরা, কাশী।

রক্ষক ব্রহ্মচারী কৃষ্ণকেশবজী, নিতাইদাস ব্রহ্মচারী, শ্রীগোকানন্দ ব্রজবাসী।

(২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

শ্রীনৃসিংহবাস কুঞ্জ, শ্রীধাম বৃন্দাবন।

রক্ষক—শ্রীগণপতিনাথ ব্রহ্মচারী

(২৪) শ্রীপরমহংস মঠ

নৈমিষারণ্য, সীতাপুর

রক্ষক—ব্রহ্মচারী শ্রীনৃসিংহানন্দ ও ব্রহ্মচারী শ্রীমধুসূদনদাস।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ

চুঁচুড়া, চিনসুরা, হাবড়া।

রক্ষক—শ্রীরমানাথ রায়, শ্রীধামবাসী সেবাইতগণ।

(২৬) ব্যাসগৌড়ীয় মঠ

রক্ষক—ব্রহ্মচারী শ্রীকৃষ্ণদাসজী, শ্রীনবগোপাল ব্রজবাসী

(২৭) ব্রাহ্মণপাড়া শ্রীপদ্মাশ্রম-মঠ

ব্রাহ্মণপাড়া, পোঃ বাজু, বরিশাল

এখানে বহুকুসুমিত শ্রীগৌরাঙ্গের [illegible] বর্ত্তমান। রক্ষক—ব্রজবাসী শ্রীপ্রাণকৃষ্ণ দাস, ভক্ত কল্যাণের।

(২৮) দিল্লী গৌড়ীয় মঠ-কার্য্যালয়

৫০ গোবিন্দপুরী ডাকঘর দেবলী, দিল্লী ক্যা

রক্ষক—ব্রহ্মচারী শ্রীনীরদকৃষ্ণ, শ্রীমুকুন্দ শ্রীরাধারমণচরণদাস

(২৯) গোয়ালপাড়া-শ্রীপদ্মাশ্রম

রক্ষক—ব্রহ্মচারী শ্রীবাসুদেবমোহন

(৩০) মাদ্রাজগৌড়ীয় মঠ

নং গোপালপুরম্, ত্রিপ্লিকেন, মাদ্রাজ

রক্ষক—ত্রিদণ্ডস্বামী শ্রীভক্তিরক্ষক শ্রীধর মহারাজ, সরকারী—ত্রিদণ্ডস্বামী শ্রীভক্তি রঞ্জন ভক্তিসার; শ্রীপাদ জগন্নাথ ব্রজবাসী, শ্রীপাদ দেবকীনন্দন ব্রহ্মচারী, শ্রীপাদ নিত্যস্বরূপ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী ও শ্রীপাদ গৌরভগবানন্দ ব্রহ্মচারী।

(৩১) ব্রাহ্মণগোপাল পাট

কাঁঠালপুলি, চাকদা, নদীয়া

রক্ষক—ব্রহ্মচারী শ্রীকৃষ্ণদাসানন্দ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ



দৈনিক নদীয়া-প্রকাশ



একমাত্র পাত্র

দৈনিক পত্র

শ্রীধাম মায়াপুর - নদীয়া

ষষ্ঠবর্ষ | ১২ শ্রীধর গৌরাব্দ ৪৪১, ১৩শে শ্রাবণ বঙ্গাব্দ ১৩৩৮, ১০ আগষ্ট ইং ১৯৩১ সোমবার | ১৩২তম সংখ্যা।

সাময়িক-প্রসঙ্গ

গত ৩০শে শ্রাবণ শ্রীচৈতন্যগৌড়ীয় মঠের ভক্তিক শ্রীপাদ সচ্চিদানন্দ ভক্তি বীজী বালসাইমণ্ট নামক স্থানের অধি- সী শ্রীযুত অক্ষয়কুমার দে মহাশয়ের ভবনে ৬দিন যাবৎ শ্রীচৈতন্যবাণী কীর্ত্তন বতে গমন করিয়াছিলেন। তিনি সে হাদের সমক্ষে শ্রীমদ্ভাগবত পাঠ করেন।

জ্ঞেক লোকের মনে একপ জিজ্ঞাসা রেন যে, বর্ত্তমান সমস্যাময় যুগে শ্রীহরি- ন্তনে কি ফল লাভ হইবে? বর্ত্তমান জ্ঞার সমাধান না হইলে হরিকীর্ত্তনে ত করিবে কেন?

তদুত্তরে ব্রহ্মচারীজী বলেন,—শ্রীহরি- ন্তনে বিরতির ফলই জগতে বর্ত্তমান শান্তির সৃষ্টি হইয়াছে। শ্রীহরিনাম- কীর্ত্তনই কলিকালের যুগধর্ম্ম, কিন্তু ধিবুদ্ধিপরিচালিত হইয়া আমরা াগের বস্তু সংগ্রহে রুচিবিশিষ্ট। এই াগসমস্যার সমাধান কোনদিনই হইবে । কারণ, আমরা ভোগবাঞ্ছা লইয়াই জগতে আগমন করিয়াছি। আর াদের সঙ্কল্পের প্রয়াস, উদ্যম এবং পা—ঐ ভোগের নিমিত্ত; কিন্তু াগানলে যতই ইন্ধন প্রদান করুন কেন, ভোগপ্রবৃত্তির শান্তি কিছুতেই বে না।

ক্ষভক্ত নিষ্কাম অতএব শান্ত।
ক্তি মুক্তি সিদ্ধিকামী সকলই অশান্ত॥

কৃষ্ণভক্তি গ্রহণ করিতে পারিলেই পরি- শান্তির অধিকারী হইতে পারা যায়। তাহাতেই সর্ব্বপ্রকার মঙ্গল লাভ হইবে; পরন্তু হরিকীর্ত্তনে উপেক্ষা প্রদর্শন করিয়া ইতর বিষয়ে প্রয়াসে সমূহ অমঙ্গল ও ও অশান্তি আনয়ন করিবে।

বাঙ্গালোর প্রপন্নাশ্রমে গত ১১ই শ্রাবণ আগমে শ্রীচৈতন্য মঠের অন্যতম পরিচালক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবৈভব সাগর মহারাজ গমন করিয়াছেন। তথায় প্রত্যহ পাঠ কীর্ত্তন হইতেছে। বহু সজ্জন স্বামীজী মহারাজের শ্রীমুখে হরিকথা শুনিয়া পরমানন্দিত হইতেছেন। নিকটবর্ত্তী ত্রিপুরাপুর গ্রামের শ্রীযোগেশ্বর বাবু মহা- শয়ের আন্তরিক উৎসাহক্রমে মহারাজের শুভাগমন উপলক্ষে শ্রীগৌরসুন্দরকে বিচিত্র ভোগ প্রদান পূর্ব্বক উপস্থিত ভক্তবৃন্দকে প্রসাদ দান করা হয়। আমরা যোগেশ বাবুর নিষ্কপট সেবাবৃত্তির জন্য আন্তরিক ধন্যবাদ দিই। শ্রীমঠের প্রতি তাঁহার আন্তরিক শ্রদ্ধা আছে এবং তিনি বহুবারে শ্রীগুরুগৌরাঙ্গের সেবায় সহায়তা করিতেছেন। তিনি শ্রীমঠের জন্য একটী বড় Clock দিয়াছেন এবং শ্রীমঠে যখন যাহা প্রয়োজন হয়, তজ্জন্য বাবু কায়মনো বাক্যে তাহাই সম্পাদন করেন। তাঁহার নিষ্কপট সেবাবৃত্তি আদর্শস্থানীয়।

গত ৩০।৭।৩১ তারিখে বড়দলপ্রবাসী শ্রীযুত কাশিলাল দাস অধিকারীপ্রমুখ ব্যবসায়ী ও ভদ্রমহোদয়বৃন্দের পুনঃ পুনঃ অনুরোধে ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ ভক্তিবিজ্ঞান ভারতী গোস্বামী প্রভুপাদ কলিকাতা শ্রীগৌড়ীয় মঠ শ্রীপাদ হরিপ্রিয় ব্রহ্মচারী, শ্রীপাদ নারায়ণ, ব্রহ্মচারী, শ্রীপাদ নিত্যানন্দ ব্রহ্মচারী, শ্রীপাদ নীলরতন ব্রহ্মচারী ও শ্রীহরিচরণ ভক্ত সহ পরিব্রাজকাচার্য্য ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তি- বিলাস পর্ব্বতমুনি মহারাজকে পুনরায় বোম্বে বন্দরে প্রচারার্থ প্রেরণ করেন।

ঔষধালয় ৩৫ নং আপার অপোষ্ট ৪ ঘটিকায় পুরোনিদিষ্ট স্থানে গৌড়িয়ে স্থানীয় বিশিষ্ট ভদ্র বাঙ্গালী, মাড়োয়ারী, গুজরাটী প্রভৃতি গণ্যমান্য ব্যবসায়বৃন্দ এবং গণী গণ্য স্থানীয় বিচিত্র পতাকা, শঙ্খ, ঘণ্টা, কাঁসর পুষ্পমালা, ধূপ ধুনা ইত্যাদি সহ এবং বহু দলে বিভক্ত হইয়া সংকীর্ত্তনসহ স্বামিজী মহারাজকে ষ্টেমার হইতে অভ্যর্থনা করেন।

ষ্টেমার বহু দূরে দৃষ্ট হইতেই বন্দর হইতে তোপধ্বনির ন্যায় গগন পবন মুখরিত করিয়া ঘন ঘন শ্রীল প্রভুপাদের জয়ধ্বনি হইতে লাগিল। মহিলাগণ উলুধ্বনি ও শঙ্খ নিনাদ করিতেছিলেন। সাঙ্কতরগণ সানাই ও জগঝম্পার নিনাদে শ্রীমৎ প্রভু- পাদের জয় ঘোষণা করিতেছিল।

স্বামিজী ষ্টেমার হইতে অবতরণ করিলে পুষ্পমালা দ্বারা স্বামিজীর অভ্যর্থনা করিয়া লইয়া যাওয়া হয়। বন্দরে বহু গৃহ বিচিত্র বর্ণের পতাকাদি দ্বারা সুসজ্জিত হইয়াছিল এবং বহু বহু স্থান কদলীবৃক্ষ ও যুবকদল আম্রপল্লবাদি সংযোগে সজ্জিত এবং বিজয় বিজয়-তোরণ নির্ম্মিত হইয়াছিল। বিরাট শোভাযাত্রা এবং সংকীর্ত্তনের সহ স্বামি মহারাজকে অগ্রণী করিয়া বন্দরের প্র শাস্ত্র, সিংহ নগর কীর্ত্তন করিয়া প্র ষাইতে শ্রীযুক্ত কনককান্তি দাস অধিকা মহোদয়ের বিশ্রামে আগমন করে তথায় সুসজ্জিত গৃহে বক্তৃতার স্থান নি থাকিলেও জনসাধারণ বলায় স্বামি মহারাজ গৃহের বাহিরে আগমন পূর্ব্ব দুইটি স্থানে বক্তৃতামান হইয়া কিংবদ্ধ বাং নীরিনাম মাহাত্ম্য এবং শ্রীমায়াপু শ্রীহরিনাম আরম্ভ করা কর্ত্তব্য—এই বিষ বক্তৃতা করেন

গত ৩০শে শ্রাবণ প্রাতে বিশ্রামস্থানে শ্রীমদ্ভক্তিবিবেক ভারতী মহারাজের কটো তিনটী ইঞ্জিনিয়ার মিঃ এইচ, সি, পা এবং ডেপুটীম্যাজিষ্ট্রেট মিঃ আ এম, পট্টনায়কের সহিত শ্রীনবদ্বীপপ্রক আচরিত ও প্রচারিত সঙ্ঘের সম্বন্ধে বিষয়ে আলোচনা হইয়াছিল। শ্রীযু পাটীর শ্রীমদ্ভক্তিপ্রভু প্রতি বিশেষ শ্রদ্ধা আছে। তিনি চিকাকোলে শ্রীগৌরাঙ্গ পীঠাচ্চার শ্রীমন্দিরাদি-নির্ম্মাণকার্য্যে বিশে সাহায্য করিয়াছিলেন। ইহা ছা বেকালে, জগদ্গুরু শ্রীশ্রীল ভক্তিসিদ্ধা সরস্বতী গোস্বামী মহারাজ সঙ্গে শ্রীগৌর পাদপীঠাচ্চা স্থাপনের নিমিত্ত তথায় শুভ নিজে করিয়াছিলেন, তৎকালে ইঁহার সংযো আচার্য্যপ্রবরের সেবা বিশেষ উল্লেখযোগ্য

সন্ধ্যায় শ্রীমদ্ভাগবতপাঠ শ্রবণে উক্ত উপস্থিত হইয়াছিলেন এবং শ্রীহরিকথা শ্রবণ ও মহাপ্রসাদ সম্মান করিয়া বিদ্যু বৈষ্ণবের সেবানিষ্ঠার পরিচয় দিয়াছেন।

প্রকৃত প্রায়শ্চিত্ত

কর্ম্মকাণ্ডনিরত গৃহব্রতকে প্রায়শ্চিত্তাদি ধান কখনই পাপ হইতে মোচন করিতে র্থ হয় না। কর্ম্মকাণ্ডগত প্রায়শ্চিত্তে লভোগ অন্তর্নিবিষ্ট থাকায় ফলভোগ সা ফলভোগজনিত বিপর্য্যয়ের সংশোধন ত্তপর নহে। পঙ্কপূর্ণ জল দ্বারা পঙ্ক ৌত হয় না, কেননা পঙ্কজলই পঙ্কের স্থিতি। সুরাপায়ী পুনরায় সুরাপান রিলে সুরাপান-দোষ নষ্ট হয় না। যজ্ঞ ক্ষেপ্রিয়-তর্পণার্থ পশুবধ করিয়া যে সের উৎপত্তি হয়, পুনরায় হিংসা দ্বারা ই পাপ হইতে মুক্ত হওয়া যায় না।

যাঁহারা গৃহমেধীর কর্ম্মকাণ্ডদ্বার দের প্রায়শ্চিত্ত হইবে মনে করেন, হাদের গৃহমেধীয় শ্রৌতবিধি পুনরায় রালিকে কর্ম্মকাণ্ডেই নিযুক্ত করে। ন্তু শ্রীনারায়ণকথিত পাঞ্চরাত্রিক হরি-র্চাকর্ম্ম দ্বারা জীবের ভোগপ্রবৃত্তি নিবৃত্ত ন। হরিসেবা ব্যতীত গৃহমেধীর কর্ম্ম নই জীবকে ভব-বন্ধন হইতে মুক্ত করিতে রে না। গৃহমেধিগণ পুনঃ পুনঃ পাপ পুণ্যে আবদ্ধ হন। তজ্জন্যই শ্রীমদ্ভাগবতে ীক্ষিত এইরূপ প্রশ্ন করিয়াছেন,—

ক্ত্যাং বৎপাপং জানন্নপ্যাস্থনোঽহিতম্।
ত্তি দুষ্টো বিবশঃ প্রায়শ্চিত্তমথো কথম্।

—পাপ করিলে ইহ লোকে রাজদণ্ড ও রকনিক্ষেপাদি কষ্ট এবং পরলোকে নরক স্থানি ঘটিয়া থাকে। ইহা দেখিয়া শুনিয়া বগণ পাপকে অহিতকর বলিয়া জানিতে রে। কিন্তু জানিয়াও, প্রায়শ্চিত্তের রেও বিবশভাবে পুনঃ পুনঃ সেই পকর্ম্মই করিয়া থাকে। অতএব কর্ম্ম ধিকতাত্ত্বিকে কিরূপেই বা 'প্রায়শ্চিত্ত' া হইতে পারে? অর্থাৎ ঐ সকলের র যখন প্রায়শ্চিত্তের পরও পুনঃ পুনঃ প্রবৃত্তি হইয়া থাকে, তখন উহারা কৃত প্রায়শ্চিত্ত কখনই নহে।

শ্রীশুকদেব তত্ত্বতঃ বলিতেছেন,—

ন্মুনা কৃতনির্হারো ন হ্যাত্যন্তিক ইষ্যতে।
বিদ্বদ্ভিরাচরিতঃ প্রায়শ্চিত্তো বিমর্শনম্।

পাপাচরণ-সমূহ—কর্ম্ম, আবার প্রায়শ্চি-ত্তাদি প্রায়শ্চিত্তসমূহও কর্ম্ম, অতএব কর্ম্মের দ্বারা কর্ম্মের সমূলে উচ্ছেদ আশা করা যায় কারণ, ঐ সকল প্রায়শ্চিত্তবিধি কর্ম্মের ধিকারিগণ সকলেই অবিদ্যাদোষে দুষ্ট। ধকারের অবিদ্যা-দোষ সম্যক্ হওয়ায় পাপ-ত্তও দ্বারা একবার পাপমুক্ত হইলেও সংস্কার শতঃ পুনঃ পুনঃ পাপানুষ্ঠানেরই অনুমোদন হইয়া থাকে। হে বান্ধব, আপনি যদি জ্ঞাসা করেন,—'প্রকৃত প্রায়শ্চিত্ত কি'? ত্তরে এই যে, অবিদ্যা নিবৃত্তিকার্য্য ভগবদ্-ানই একমাত্র প্রায়শ্চিত্ত।

আকর্ষণ

(২)

আমরা বন্ধনা করি কাহার? অতি ের অপশব্দার্থ—অতিদুষ্ট জড়কামের বন্ধন মালিকা-গ্রন্থনেই নিযুক্ত আছি। কত সচন্দন কুসুমস্তবক বন্ধনার নাম দিয়া কামনা বাসনার প্রলীপ্তানলে নিক্ষেপ করিতেছি। ক্রীতদাসাপেক্ষাও সহস্রশক্তি ধারণ করিয়া নির্বিবাদে সেই রাক্ষসী মায়াবিনীর চরণ-দাসত্বে আত্মনিয়োগ করিয়াছি। ভ্রষ্টার চিত্তবিনোদনের নিমিত্ত কত অশ্লীল কাব্য—কত অসৎ আদেশ পালনে দ্বিধা বোধ করিতেছি না। আর সখ্যের কথা কি বলিব! মায়িকসংসারে কি যে প্রীতির সহিত মোহময় সখ্য স্থাপন করিয়াছি, তাহা আধুনিক কবিগণের লিখিত উচ্ছ্বাস-ময় কবিতাগুলির স্থালোচনী রসিক (?) ব্যক্তিরা ভালরূপেই জানেন। তাঁহারা সংসারপ্রীতিবশে, "মদিরেক্ষণা কৃষ্ণ-কুন্তলা মধুবরাসিনী" প্রভৃতির রূপ-মধু পানের জন্য কোটী কোটী বার এই রঙ্গিনী ধরিত্রীগ্রন্থনীর মেহবন্ধে (?) আবদ্ধ পাইতে চাহেন।

আত্মনিবেদনের বিষয়ে বলাই বাহুল্য; কেননা মায়ার গোলাপী মদিরাসক্ত কোন্ ভাগ্যবান (?) ব্যক্তিই বা জড়ীয় বিভব বিভূতির নিকট আত্মাকে বিক্রয় না করিয়াছেন? মনোধর্ম্ম-মহাজনের নিকট স্বীয় নিরপেক্ষ চেতনবৃত্তিকে 'বন্ধক' দিয়া আমরা ত সম্পূর্ণরূপেই জড়ীয় আত্মহত্যা করিতেছি। হায়, বিস্মৃতিমুখ আমাদের আজ স্বরূপবিস্মৃতির ফলে কি দারুণ দুর্গতিই না ঘটিয়াছে!

একটী শব্দের বৈচিত্র্যের কত বাহিরাস্ত হইতে হয়, আর কৃষ্ণপাদপদ্মসৌন্দর্য্য বশতঃ আমরা দশটী ইন্দ্রিয় এবং ইন্দ্রিয়াধি-ষ্ঠাতৃ 'মন,' এই একাদশ শত্রুর ক্রোধানলে ভস্মীভূত হইতেছি। অতৃপ্ত তাহারা আমাদের সেবায় সন্তুষ্ট না হইয়া সর্ব্বদা দুরন্তরূপে আমাদের কেশাকর্ষণ করিয়া ঘুরাইতেছে। পরমহংসসঙ্ঘের নিত্যো-পাস্য শ্রীমদ্ভাগবত বিদ্বৎসঙ্ঘ আমাদের দুর্গতির সম্বন্ধে অসহ্য প্রমাণ কীর্ত্তন করিয়াছেন,—

"ত্বিন্দ্রৈকতোঽচ্যুত বিকর্ষতি মাবিতৃপ্তা
শিশ্নোঽন্যতস্ত্বগুদরং শ্রবণং কুতশ্চিৎ।
ঘ্রাণোঽন্যতশ্চপলদৃক্ ক চ কর্ম্মশক্তি-
র্বহ্বাঃ সপত্ন্য ইব গেহপতিং লুনন্তি॥"

অর্থাৎ হে অচ্যুত, বিষয়রসলিপ্সু, অসতী জিহ্বা প্রবল লালসা-সহকারে মধুরাদি রসের দিকে আমাকে আকর্ষণ করিতেছে; শিশ্ন ও ত্বক্ এক একদিকে আকর্ষণ করিতেছে। ক্ষুধাগ্নি জঠরানল উদ্দীপ্ত হইয়া যে কোন

শ্রীধাম প্রসঙ্গ

রামচন্দ্রপুরের চড়া বা কাঁকড়ার মাঠ নামক স্থান ও কাজীর বাড়ী কোনদিন ভাগীরথীর একতীরবর্ত্তী ছিল না এবং থাকিতেও পারে না। ঐরূপ কল্পিত হইলে কাজি-দলন-দিবসের সংকীর্ত্তনে শ্রীমন্মহাপ্রভুকে কাজীর বাড়ী আসিতে গঙ্গাপার হইতে হয়। কিন্তু শ্রীচৈতন্য-ভাগবতের বর্ণনানুসারে জানা যায় যে, কাজি দলনের দিবস নগর-সংকীর্ত্তন-কালে মহাপ্রভু গঙ্গা পার হন নাই।

কাঁকড়ার মাঠ কাজির বাড়ী হইতে প্রায় ৬৫ মাইল দূরে। ঐস্থান হইতে গঙ্গানগর হইয়া রামচন্দ্রপুর আসিতে হইলে ৯৫ মাইল (একটী প্রসিদ্ধ স্থান। পার না হইয়া আসিবার উপায় নাই। কিন্তু কীর্ত্তনের পথে গঙ্গার তীরে তাঁরে অনেকটী ঘাট পার হইয়াই শ্রীমন্মহাপ্রভু গঙ্গানগরে পৌঁছিয়া সিমুলিয়া (রামচন্দ্রপুর) কাজির বাড়ী আসিয়াছিলেন।

কুলিয়াপাহাড় কুলীপ এবং ইহা বাবলাড়ি দেওয়ানগঞ্জ ও গঙ্গানগরের মধ্যবর্ত্তী স্থান। অধিকন্তু কাঁকড়ার মাঠ হইতে কীর্ত্তন আরম্ভ হইলে সমগ্র কীর্ত্তনের পথটী ১৪।১৫ মাইল দীর্ঘ হইয়া যায়। ইহা অত্যন্ত অস্বাভাবিক।

শ্রীনবাস আচার্য্যের ভ্রমণ-বৃত্তান্তেও আমরা দেখিতে পাই, অন্তর্দ্বীপ হইতে শ্রীনিবাস আচার্য্য সিমুলিয়া গিয়াছিলেন। অথচ কাজির বাড়ী ও সমাধি—সিমুলিয়া হইতে শ্রীমায়াপুরের পথে অবস্থিত। এক্ষণে কাঁকড়ার মাঠে (যাহা বাবলাড়ি দেওয়ানগঞ্জের সহিত কল্পিত হইয়াছে) কাজির বাড়ী ও সমাধি স্থাপিত এবং ঈশানকে অন্তর্দ্বীপ মায়াপুররূপে গঠন করিতে চাহিলে ঐস্থান হইতে সিমুলিয়া যাইতে কুলিয়াপাহাড় বা রুদ্রপুর (যাহা ভক্তিরত্নাকরে 'রুদ্রদ্বীপ' বলিয়া লিখিত হইয়াছে) পার না হইয়া সিমুলিয়া যাইবার উপায় নাই।

অমেধ্য বস্তুর প্রতি ধাবিত হইতেছে। শ্রবণ, ঘ্রাণ ও চপল নয়ন-যুগল নানাবিধ বিষয়ের প্রতি এবং কর্ম্মেন্দ্রিয়সমূহ বিভিন্ন কর্ম্মের প্রতি আমাকে সবলে আকর্ষণ করিতেছে। কামুকী সপত্নীগণ যেমন হতভাগা গৃহপতিকে ব্যতিব্যস্ত করে, তদ্রূপ উদ্দাম ইন্দ্রিয়গুলিও বিভিন্ন দিকে আমাকে আকর্ষণ করিয়া নিত্য বিব্রত করিতেছে।

ভবব্যাধিবিনাশন শ্রীশ্রীগুরুদেবের শোকমোহভয়াপহা শ্রীচরণাব্জে নিষ্কপট শরণাপত্তি স্বীকার না করা পর্য্যন্ত আমরা নিজচেষ্টায় কখনই এই ক্লেশকর অবস্থা হইতে মুক্ত হইব না।

যৎকিঞ্চিৎ

(পূর্ব্বপ্রকাশিত ১৩৩তম সংখ্যার পর)

শ্রীহরিভক্তিবিলাসোদ্ধৃত তন্ত্রসাগর বচন তাঁহার আমলেই আসে না—"ত্র দীক্ষাবিধানের দ্বিজত্বং জায়তে নৃণাম্" এই শ্লোকের 'নৃণাম্' পদের অর্থ তিনি ম্ব ফুলকেই লক্ষ্য করেন। কিন্তু প্রক্র প্রস্তাবে 'নৃণাম্' পদে মানবমাত্রকেই বুঝা ইহাতে তাঁহার হয় কোষজ্ঞানের অভাব, নয় নির্ম্মৎসর ভাগবতগণের বিচার প্রণালী যোগারোপ বশতঃ যেরূপ মৎসরতাই প্রকা পায়, তাহারই অনুগমন হইয়া পড়ে।

কবিরাজ মহাশয়ের "আগম প্রামাণ অধ্যয়ন নাই। তিনি ভাগবতগণে অন্যাভাব বলিতে ঈশ্বরীয় তাঁহার বিদ্যা মতে, সংস্কারবর্জ্জিত ব্যক্তির অধ্যয়ন অধিকার আছে; কিন্তু ইহা শাস্ত্রবিধি নাও হইতে পারে। বৈষ্ণবসার্ব্বভৌমগণের প্র বীতরাগ হওয়ায় তিনি গৃহে বাউল-ম ঢুক থাকিতেই বাসনা করেন। সুতরা গৌড়ীয়মঠের প্রচার বিষয়ে তাঁহার হ কষ্টসাধ্য। দক্ষে চত্বারিংশাব্দী হইয়া অকৃতি সাধী থাকিলেই তাঁহার মত অকৃতী অর্জ্জিত হয়। তজ্জন্য তিনি সখীভেকী গণের ছত্রাগানের পক্ষপাতী। তজ্জন্য তিনি বিষ্ণবৈষ্ণবগণের সভার বক্তা হই কদর্য্যক্ হইতে যান।

কবিরাজ মহাশয়ের বোধ হয় এ আছে যে, কএকবৎসর পূর্ব্বে দক্ষিণ এক সভায় তাঁহার বাণী রুদ্ধা হইয়াছিল

---

(২)

অধ্যাপক এম, টী, নরসিংহ আইয়ে রামানুজীয় রাজকুলে জন্মগ্রহণ করি ছিলেন। তিনি ২৩ বৎসর ধরিয়া বি এবং এম-এর পরীক্ষক ছিলেন। এম "ভগবদবতার" (?) সাজিয়াছেন। রাজা দেশেই কএকটি মানব অবতার হইয়ে ছিলেন। এক্ষণে এই সংক্রামকব্যাধি ম স্বয়ম্, বাঙ্গালোর, মহীশূরেও ব্যাপ্ত হই

এই নরসিংহ আয়েঙ্গার আপনা বিষ্ণু (?), নৃসিংহ (?), শ্রীচৈতন্যদেব প্রভৃতি বলিয়া আত্মনিক্ষেপ করায়, লোকটীর মস্তিষ্ক বিকৃত হইয়াছে, না মায়াবাদ-দোষে দুষ্ট হইয়া বিস্তারিত জা হইতে হইয়াছে।

শ্রীযুত ভক্তিরঞ্জন ভক্তিসার ত্রিদ স্বামিপাদ কার্য্যোপলক্ষে বাঙ্গালোরে গি ছিলেন। এই নবীন অবতারের ব তিনিও বোধ করি শ্রবণ করিয়াছেন।

নরসিংহ আয়েঙ্গার আপনাকে সচ্চি ভক্তি বলিয়া স্থির করিয়াছেন এবং 'শ্রীক চৈতন্যপালক' নামক পাঁচটী শ্লো আপনাকে ভগবদ্বিশ্বাস হইতে বি করিয়া নানা অমঙ্গলের কথা বলিয়া মা দেবত্বারোপবাদে স্বয়ং দুষ্ট হইয়াছেন। শ্রেষ্ঠীর মায়াবাদ নিরসন করিবার জ গৌড়ীয়মঠের প্রচার-চেষ্টা।

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীমদ্মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস-প্রণীত মূল, শ্রীমদ্ধরাচার্য্য-কৃতা তাৎপর্য্য-নির্ণয়টীকা; শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী কৃত-কৃত সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, সংস্কৃত অন্বয় ও তিলক, তথ্য ও বিস্তৃত্যাদিযুক্ত। প্রতি স্কন্ধের আদিতে ই স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ ায়ের সারসঙ্গ সুবিস্তৃত তাৎপর্য্যাদি বিবৃত। শ্লোকসূচী ণসূচী, অধ্যায়বিবরণ, পাঠ ও স্থানসূচীসহ উত্তম ারে উত্তম অক্ষরে মুদ্রিত। প্রথম হইতে ১০ম স্কন্ধ ১ম চলা সুগরূপে শেষ হইয়াছে। ভিক্ষা প্রথম ধে ১ম স্কন্ধ পর্য্যন্ত ২।৵০; দশম স্কন্ধ ১৲; ১১শ ৸০

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীমদ্বৃন্দাবন গোস্বামিকৃত 'অমৃতপ্রবাহভাষ্য' শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লিখিত নুবাদে প্রতি শ্লোকাদি বহু শাস্ত্রপ্রমাণ সম্বলিত হইয়া কাশিত হইয়াছেন। শ্লোকের সান্বয়ব্যাখ্যা, বঙ্গানুবাদও োক পয়ারের পৃথক্ সংক্ষিপ্ত অভিধেয় সংযোজিত। ারক অত্যাবশ্যক-প্রয়োজনীয় কথাসার দেওয়া আছে। শ্লোক, , পদ, স্থান-পাত্র প্রভৃতির সুবৃহৎ সূচী ও গ্রন্থকারের ক্ষিপ্ত জীবনী সম্বলিত এরূপ অপূর্ব্ব সংস্করণ ইতঃপূর্ব্বে াপি প্রকাশিত হয় নাই। উত্তম কাগজে পরিপাটের ত মূল দুঅক্ষরে মুদ্রাঙ্কণ মুদ্রিত হইয়াছে। গ্রন্থ প্রায় ০০ পৃষ্ঠায় সম্পূর্ণ ভিক্ষা বর্ত্তমানে ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত ীয় ভাষা, পদসূচী, শব্দসূচী, বিষয়-স্থান-পাত্রাদি-, প্রভৃতি বিবিধ বিষয় সম্বলিত বিরাট দ্বিতীয় সংস্করণ ল ক্রাউন ৮ পেজী আকার। আদিলীলা ও মধ্যের ংশ প্রকাশিত হইয়াছেন। ক্রমে ক্রমে প্রকাশিত ইবেন। অগ্রিম ভিক্ষা ৫৲ টাকা, আদি লীলার ক্ষা ৫৲।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের এরূপ অভিনব সুন্দর সংস্করণ আর ক্ষুদ্রাপি কাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকাংশের অন্বয়, বঙ্গানুবাদ, া, কথাসার, তথ্য প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত াছেন। মূল মোটা অক্ষরে ডবল ক্রাউন আটপেজী াকারে ছাপা হইয়াছে। মূল্য ২৷০ টাকা। নদীয়া কাশ ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১৷০ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

—শ্রীগৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিঠাকুর গোস্বামিকৃতা সারার্থবর্ষিণী াসমেতা ও শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'রসিক-ন' নামক ভাষ্যভাষ্যসহিতা। অধ্যায়সূচী, শ্লোকক্রমে ক-সূচী, বিষয়-সূচী, গ্রন্থকারের জীবনী ও অবতরণিকাদি াগুরুত্ব-বিষয়-সহ উৎকৃষ্ট বাঁধাই তৃতীয় সংস্করণ—এই রাজ ংস্করণের ভিক্ষা ২৲ টাকা মাত্র, সাধারণ সংস্করণ—১৷০ া মাত্র।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের সেই অমিয়া-বিস্ফারিণী ভীবাত্মস্বরূপোদ্বোধিনী কৃষ্ণ-কাম্যনিবন্ধারিণী ভীষণ্ড-বার্ত্তার মুক্ত-বিগ্রহ—বৈকুণ্ঠবিদ্ধাকুণ্ড-রত্নমালার কৌস্তুভমণি—সম্প্রদায় বৈভববিজ্ঞানাগারের মৌলিক তথ্য—পঞ্চরাত্র ও ভাগবতের সমন্বয় গুরু—মহাজন-জীবনচরিত-শিক্ষক—চিদ্বিলাসচিন্তাক্ত-অচিন্ত্যাত্ত-বিচারক—ঐশ্বর্য্য ও মাধুর্য্যরসের মৌলিক গবেষণার —সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন তত্ত্বের সিদ্ধান্ত-সমূহ।

১। **প্রথম খণ্ড**—বৈষ্ণবদর্শন, শ্রীগুরুতত্ত্ব, কলি-ধর্ম্ম, শ্রীমধ্বাচার্য্যভাব, শ্রীবার্ষভানবী, পাঞ্চরাত্রিকী দীক্ষা ও বর্ণ-বিচার, আত্মধর্ম্ম ও মনোধর্ম্ম, শ্রীচৈতন্যদেব ও তাঁহার শিক্ষা, অপ্রাকৃত সহজধর্ম্ম ও প্রাকৃত সহজধর্ম্ম, প্রভৃতি বিংশতি সংখ্যক তত্ত্বে সুশোভিত। ভিক্ষা মাত্র ৸০ আর আনা।

২। **দ্বিতীয় খণ্ড**—শুদ্ধা ও বিদ্ধা ভক্তি, মনুষ্যের শ্রেষ্ঠতা কোথায়, আত্মার নিত্যবৃত্তি, শ্রীহরি স্বামিপাদ ও মায়াবাদ, শ্রীগৌর-নিত্যানন্দপ্রসঙ্গ, জিহ্বের রস ও কৃষ্ণ-কীর্ত্তন, শ্রীব্যাসপূজায় শ্রীমদ্ভাগবতের কীর্ত্তন, শ্রীগৌর-ধামের মাহাত্ম্য, মহাপ্রসাদ, শ্রীগোবিন্দ, শ্রীজগন্নাথতত্ত্বতত্ত্ব-পথ, শ্রীমতী বৃষভানুনন্দিনী, শ্রীচৈতন্যের দয়া, গৌরকথা ও রূপসঙ্কীর্ত্তন—১৩খণ্ড অপূর্ব্ব মধুরিমাপূর্ণ-বক্তৃতা-বিভূষিত। ভিক্ষা ১৲ এক টাকা মাত্র।

৩। **তৃতীয় খণ্ড**—লোকপ্রিয়তা ও সত্যপ্রিয়তা শ্রীবলদেব প্রসঙ্গ, শ্রীরঘুনাথ-ভাব, বৈষ্ণব, শ্রীগীতাদেবীর আবির্ভাব-প্রসঙ্গ, শ্রীমদ্ভাগবতের সত্তা, ব্যাসপূজায় শ্রীমদ্ভাগবতের পুনরাবৃত্তি, শ্রীনামসঙ্কীর্ত্তন ও হরিসেবার নিত্যতা —এই নয়টী সুধাশনিক বক্তৃতাসম্বলিত। ভিক্ষা ৸০ মাত্র।

ঈ মদ্ভগবদ্গীতা

গৌড়ীয়-বৈষ্ণবধর্ম্মাচার্য্য-শেখর শ্রীশ্রীমদ্বলদেব বিদ্যা ভূষণকৃত ভাষ্য ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের প্রাঞ্জল বঙ্গ-ভাষার বিস্তৃত 'বিদ্বদ্রঞ্জন' নামক ভাষ্যযুক্ত। অধ্যায়-সূচী, বিষয়সূচী, ও প্রতি শ্লোকের প্রথম ও দ্বিতীয় পাদ সূচী, ভাষ্যকারের জীবনী প্রভৃতি সন্নিবিষ্ট। উৎকৃষ্ট বাঁধাই, রাজসংস্করণ (তৃতীয় সংস্করণ) গ্রন্থের ভিক্ষা ২৲ টাকা।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

(প্রমাণখণ্ড) সানুবাদ। শ্রুতি-স্মৃত্যাদি গ্রন্থে শ্রীনব-দ্বীপের যে মহিমা কীর্ত্তিত আছে, তাহার মূল সংস্কৃত ও অনুবাদ। ভিক্ষা ৵০ আনা।

শ্রীশ্রীনবদ্বীপভাবতরঙ্গ

শ্রীঠাকুর ভক্তিবিনোদ লিখিত। সুললিত গীতাকারে পরিক্রমার ভ্রমব্যাদি-বিষয়ক। ভিক্ষা ।০ আনা।

ভক্তিরত্নাকর ও নবদ্বীপ পরিক্রমা

শ্রীল নরহরি চক্রবর্ত্তি-ঠাকুর রচিত। ভক্তিরত্নাকর হইতে পরিক্রমাংশ মাত্র গৃহীত; শ্রীচৈতন্য গোস্বামী কি প্রকারে শ্রীনবদ্বীপধামের পরিক্রমা করিয়াছিলেন, তাহাই পদ্যে বিবৃত। ভিক্ষা ৵০ আনা

শ্রীচৈতন্যশিক্ষামৃত

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। শ্রীচৈতন্যদেবের শিক্ষাপ্রণালী—কৃষ্ণ, কৃষ্ণশক্তি ও রস—বদ্ধ ও মুক্ত জীব অচিন্ত্য-ভেদাভেদ-তত্ত্ব—সাধন-নির্ণয়—প্রয়োজন-তত্ত্ব, কাণ্ড, আশ্রমাদির বিচার—বৈধী ভক্তি, ভাবভক্তি প্রেমভক্তিসহ নামভজন-প্রণালী ও অষ্টকালীয় লী পরিচয়াদি প্রথম শিক্ষার্থীর উপযোগী করিয়া সরল ভা সমুদয় যুক্তিপ্রমাণসহ লিখিত আছে। চতুর্থ সংস্করণ ব ২৲ টাকা, আধপো ১৷০ টাকা মাত্র।

গৌড়ীয়কণ্ঠহার

শ্রীগৌড়ীয় বৈষ্ণবগণের অনুক্ষণ কণ্ঠে ধারণযো ত্রিশতাধিক পুরাণ-পঞ্চরাত্রাদি সাত্বত-শাস্ত্রসমুদ্রের প্রমাণ বিজ্ঞবিজ্ঞাগারমে সাদরে শোভিত। এইরূপ বৈষ্ণ সিদ্ধান্তের সারমর্ম্মযুক্ত অন্য কুত্রাপি প্রকাশিত হয় নাই ইহাতে শুদ্ধতত্ত্ব—ভাগবত—বৈষ্ণব—গৌর—নিত্যানন্দ অদ্বৈত—কৃষ্ণ—শক্তি—ভগবদ্রস—জীব—অচিন্ত্যভেদাভে —অভিধেয়—সাধনভক্তি—বর্ণধর্ম্ম—আশ্রম-ধর্ম্ম—শুদ্ধভ —শ্রীনাম—প্রয়োজন ও প্রমাণ-তত্ত্বভক্তি পৃথক্ অধ্যা সুন্দর শ্লোকাদি সূচীসহ উৎকৃষ্ট এন্টিক কাগজে রে ৱ কালিতে মুদ্রিত, উৎকৃষ্ট বাঁধা সোনায় জলে নাম লেখ গ্রন্থ প্রায় ৪০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা ২৲ টাকা মাত্র।

শ্রীনবদ্বীপধাম-প্রদক্ষিণ

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত 'ধামমাহাত্ম্য—ধা মাহাত্ম্যের সানুবাদ প্রমাণ খণ্ড—শ্রীল নরহরি চক্রব ঠাকুরের ধাম-পরিক্রমাংশ—শ্রীধাম নবদ্বীপ পরিক্রমা—ভী যাত্রা পদ্ধতি—শ্রীমৎ প্রবোধানন্দকৃত নবদ্বীপশতক শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ প্রভৃ গ্রন্থ একত্র ভিক্ষা ৸০ আনা মাত্র।

শ্রীহরিনামামৃত ব্যাকরণ

শ্রীজীব গোস্বামী প্রভুপাদ-বিরচিত সূত্র ও বৃ তদবলম্বে কবিকুলগুরু শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বা মহারাজের বিস্তৃত ভূমিকা ও সূচী প্রভৃতি স অপ্রত্যাশিতভাবে ছাপা হইল। ভিক্ষা ২৲ টাকা, ছাত্রগণে পক্ষে ১৷০ টাকা মাত্র।

বেদান্তসূত্রসার

শ্রীমচ্ছঙ্করাচার্য্য রচিত। বেদান্তের বিশিষ্টাদ্বৈতবা প্রচারক শ্রীলোকে প্রবেশে আচার্য্যপ্রবর বেদান্তদর্শন পাঠে উপযোগী করণার্থ এই উত্তম করিয়াছেন। ইহা বঙ্গানুবাদ ও সূচীপত্রাদি সংযোজিত করা হইয়াছে নাম মাত্র ভিক্ষা ।০ আনা।

শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও নবদ্বীপশতক

গৌরপার্ষদ ত্রিদণ্ডী শ্রীমৎ প্রবোধানন্দ সরস্বতী-প্রণী মূল, প্রভুপাদ শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারা সম্পাদিত অন্বয়মুখে ব্যাখ্যা ও বঙ্গানুবাদ সম্বলিত নবদ্বীপশতকের শ্রীভক্তিবিনোদ ঠাকুরের পদ্যানুবাদ ও তৎসহ শ্রীমদ্গোপ্রের একটী চিত্তরঞ্জিত অলৌকিক চি প্রদত্ত হইয়াছে। মুদ্রণ ও কাগজ উৎকৃষ্ট (২ খা একত্রে) ভিক্ষা ৸০ আনা, অতি সুরম্য বাঁধাই রাজসংস্কর ১৲ টাকা মাত্র

উৎসব

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর প্রতিষ্ঠিত এই কেমার গ্রন্থখানা সাঙ্গ করিলে পারমার্থিক রাজ্যে কিছুতেই না থাকিতে পারিবেন না। পরম গুহ্য সম্বন্ধবিষয়ক এইরূপ ও এতদপেক্ষাও গ্রন্থ এপর্য্যন্ত প্রকাশিত হয় নাই। গোস্বামি-শাস্ত্র-মতানুযায়ি মতসমূহে এই গ্রন্থখানি হইয়াছেন। আবার গুণিগণ কুটী কথাদারে [illegible] দ্বারা বিশেষ সমৃদ্ধ করা হইয়াছে। বিরাট গ্রন্থ, [illegible] ভরে নাম লেখা, উৎসব ইহা—চতুর্থ সংস্করণ [illegible] টাকা মাত্র।

প্রেমবিবর্ত্ত

শ্রীমন্মহাপ্রভুর অন্যতম পার্ষদ শ্রীল জগদানন্দ প্রভু রচিত। এই পুস্তকে অতি সুমধুরে তাঁহার মহাপ্রভুর বিপুল সৌহার্দ্য বৈষ্ণবাচার, একান্তিনী ও নামভজনপ্রণালী প্রভৃতি অনেক বৈষ্ণবতত্ত্বের সুমীমাংসা দিতে পারিবেন। পাণ্ডিত্যের ভূয়ঃ স্থানের সিদ্ধান্ত ও ভক্তমণ্ডল পরিচয়াদি-সম্বলিত চতুর্থ সংস্করণ ডিক্ষা ।৶০ আনা মাত্র।

ভজনরহস্য

ভজনরহস্যের নিত্যসঙ্গ ; ঠাকুর ভক্তিবিনোদের অমৃতময় [illegible] শব্দের লিখায়। গ্রন্থখানি না দেখা পর্য্যন্ত [illegible] বুঝিতে পারিবেন না। তৃতীয় সংস্করণ ডিক্ষা ৷৹ ।

হরিনামচিন্তামণি

নামাচার্য্য শ্রীল হরিদাস ঠাকুরের মুখে শ্রীমন্মহাপ্রভু নামাভাস, নামাপরাধ প্রভৃতি বিষয়ের [illegible] শ্রবণ করিয়াছিলেন। এই বিষয়গুলির [illegible] সরল গদ্যে বহুবিধ আশ্চর্যজনক পরিপাটিভাবে মুদ্রিত। [illegible] ভক্তিবিনোদ ঠাকুর রচিত। পঞ্চম সংস্করণ ডিক্ষা ৸৹

কল্যাণকল্পতরু

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত। প্রত্যেক ভগবদ্বিশ্বাসী ও জ্ঞানলাভের পথিকের একান্ত প্রয়োজনীয় [illegible] গ্রন্থ। যেখানা পড়া-জানা [illegible] এই ভজনরাজ্যের পথিসমূহের দ্বারা অনর্থনিবৃত্তি [illegible] করিবার সুবিধা পাইবেন। বহু [illegible], ডিক্ষা ।৶০ আনা মাত্র।

শরণাগতি

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। ভগবানে আত্মসমর্পণ, [illegible], ভজনলালসা, ষড়ঙ্গবিধা শরণাগতি ও সিদ্ধি-লালসা-[illegible] পূর্ণ, ডিক্ষা ।৶০ আনা মাত্র।

গীতাবলী

শ্রীঠাকুর ভক্তিবিনোদ-প্রণীত। নিত্য ভজন, আরাধিকে [illegible] প্রণাম-প্রেমনামাদি-বিষয়ক মধুর গীতসমূহ একত্রে গ্রথিত। [illegible] ।৶০ আনা মাত্র।

শ্রীশিক্ষাষ্টক

শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ও শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর প্রতি শ্রীরূপ গোস্বামীর উপদেশবাণী, ভক্তিপথের অন্তরায় ও প্রতিকূল বিষয়ে গবেষণাপূর্ণ সমালোচনা আছে, বিশুদ্ধ বিবৃতি, চরিতামৃতের প্রমাণ, সরল ব্যাখ্যা ও মহাজনপ্রণীত সুললিত পদসমূহ প্রত্যেক শ্লোকের সহিত সন্নিবেশিত হইয়াছে। ৩য় সংস্করণ ডিক্ষা ৵০ আনা।

সাধন-কণ

শ্রীরঘুনাথ দাস গোস্বামীর মনঃশিক্ষা, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-চর্বিত পদ্যানুবাদসহ। ডিক্ষা ১ আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা

শ্রীল ঠাকুর নরোত্তমের গুপ্তপ্রাণ 'প্রেমভক্তিবিষয়ক গানের পুস্তক। ডিক্ষা আনা মাত্র।

নবদ্বীপশতক

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপাদের সংস্কৃত নবদ্বীপশতকের বঙ্গানুবাদ। ডিক্ষা ।৹ আনা মাত্র

অর্থপঞ্চক

শ্রীল লোকনাথ দাসের। বৈষ্ণবতত্ত্বজ্ঞানের আকর গ্রন্থ। ডিক্ষা ।৹ আনা মাত্র।

সদাচারস্মৃতি

শ্রীল সদাচার্য্য-প্রণীত। বৈষ্ণবের নিত্যকর্ম্মাদি সদাচারাবলী, বঙ্গানুবাদে সহিত। ডিক্ষা ।৹ আনা মাত্র।

মণিমঞ্জরী

কবিকুলকেশরী শ্রীমদ্রাধাকান্তাচার্য্য রচিত। শ্রীমদ্ভক্তাচার্য্যের সংক্ষিপ্ত জীবনলীলা ও মূল বৈষ্ণবতত্ত্বময়। মূল্য ডিক্ষা ।৹ আনা মাত্র।

গৌরকৃষ্ণোদয়

প্রাচীন কবি শ্রীগোবিন্দ দেব প্রণীত শ্রীগৌরবিষয়ের প্রমাণযুক্তি-সমন্বিত সংস্কৃত গ্রন্থ। ডিক্ষা ৸৹ আনা।

যুক্তিমল্লিকা (ঋণশোধন)

শ্রীমদ্ভক্তিসুহৃদ্দামোদর শ্রীমদ্বিরাজ স্বামিকৃত। বঙ্গাক্ষরে সাধুবাদে এই গ্রন্থের প্রকাশ পারমার্থিক সাহিত্যে এই সর্ব্বপ্রথম। "শ্রীমদ্ভক্তাচার্য্য হইতে ষোড়শপদম বিশ্বের মন্ত্রাচার্য্য নামে খ্যাত শ্রীবিশ্বরূপতীর্থ স্বামী এই গ্রন্থে সাধারণ যুক্তি ও লৌকিক ন্যায়োদাহরণে কিরূপ সুন্দরভাবে ভক্তিবিরোধি-মতবাদ সমূহ খণ্ডন করিয়াছে, তাহা পাঠ করিতে করিতে আশ্চর্য্যান্বিত হইতে হয়। ইহাতে যুক্তির দ্বারা চার্ব্বাক, জৈন, বৌদ্ধ, মায়াবাদক ও মায়াবাদিমতসমূহের সুন্দর খণ্ডন রহিয়াছে। ডিক্ষা ১৲ টাকা মাত্র।

গোস্বামী শ্রীল রঘুনাথ দাস

(ঐ বিষয়ের শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত ভূমিকা সহ) গৌরপ্রেষ্ঠ স্বরূপ-রূপের একমাত্র প্রিয়তম শ্রীল দাস গোস্বামী প্রভুর অপূর্ব্ব চরিতামৃত ও শিক্ষা অতীব প্রাঞ্জল ও সরল ভাষায় সন্নিবিষ্ট এবং পরিশিষ্টে দাসগোস্বামী প্রভুর বিরচিত কতকগুলি সারবান মধুরতম স্তব ও মনঃশিক্ষা-সম্বলিত। ডিক্ষা বাঁধাই ৷৹ আনা, আবাধাই ৷৵০ আনা মাত্র।

চিত্রে নবদ্বীপ

প্রাচীন নবদ্বীপের অবস্থিতি, স্থান, ইতিহাস, প্রোত ও ঐতিহাসিক প্রমাণসম্বলিত নয়টী দ্বীপের সচিত্র বিবরণগ্রন্থ। রাজসাহী রাজসাহের কুমার শ্রীযুক্ত শরদিন্দু নারায়ণ রায় এম, এ, প্রাচ্য-বিদ্যার্ণব, বেদান্তরত্ন মহোদয় কর্ত্তৃক সংগৃহীত এবং ৪৭ খানি বিভিন্ন বর্ণের অপূর্ব্ব চিত্র ও মানচিত্র-সমন্বিত ; প্রত্নতত্ত্ববিদ্যার্ণব রায় সাহেব শ্রীযুক্ত নগেন্দ্র নাথ বসু বিশ্বকোষসম্পাদক মহাশয়ের বিস্তৃত ভূমিকা সহ। উৎকৃষ্ট (ইং) মলাটে বাঁধাই মূল্য ১৷০, ভিঃ পিঃ ডাকে ১৲ টাকা মাত্র।

সাধক-কণ্ঠমালা

গুরুবন্দনা, বৈষ্ণব-বন্দনা, বৈষ্ণবলক্ষণ, জগদ্গুরুর বৈভব, শ্রীনামতত্ত্ব, শ্রীমন্মহাপ্রভুর অষ্টোত্তরশত নাম, অষ্টপ্রহর নামকীর্ত্তন, শ্রীনামমাহাত্ম্য, প্রেমমঞ্জরী, বাউলসঙ্গীত, নবদ্বীপ মহিমা, শ্রীমায়াপুর মহিমা, শ্রীনবোত্তম-প্রভুর অষ্টক, আচার্য্য-বন্দনা, ষড় গোস্বামীর অষ্টক, প্রেমভক্তিচন্দ্রিকা, উপদেশমালা, নামভজন প্রণালী, মহাপ্রভু ও রায় রামানন্দ সংবাদ, শ্রীগুরুপ্রণতি, শ্রীগুরু-পরম্পরা, মহাপ্রভুর বন্দনা প্রভৃতি সাধক ও সিদ্ধজীবনের নিত্যপাঠ্য বৈষ্ণবগণের কণ্ঠাশ্রিত ভক্তমালার সার অনুভব করিবার যোগ্য অপূর্ব্ব গ্রন্থ। ডিক্ষা ৵০, বাঁধাই ৷৹ মাত্র।

গৌড়ীয়-গৌরব

কবিকেশরী সুপ্রসিদ্ধ আশোটী হলে গৌড়ীয় সম্পাদক শ্রীপাদ জগদানন্দ পরিব্রাজকানন্দ-প্রভু যে সকল বিষয় গ্রন্থকারে প্রকাশিত। তাহাতে গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ের ইতিহাস সংকারে গ্রথিত হইয়াছে। ডিক্ষা ৵০ মাত্র।

গৌড়ীয় সাহিত্য

কবিকেশরী সুপ্রসিদ্ধ আশোটী হলে গৌড়ীয় সম্পাদক শ্রীপাদ জগদানন্দ পরিব্রাজকানন্দ-প্রভু প্রদত্ত বক্তৃতার গ্রন্থাকারে প্রকাশিত। তাহাতে সাহিত্য শব্দের অর্থ হইতে গৌড়ীয়-সাহিত্যের বিষয় গ্রন্থকারে বর্ণিত হইয়াছে। ডিক্ষা ৵০ আনা মাত্র।

শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা-দর্পণ

শ্রীগৌড়দেশের যে সকল স্থানে সম্পাদক শ্রীমদ্ভক্তিপ্রজ্ঞান এবং তদনুগ পরবর্ত্তী মহাজনগণ লীলা করিয়া গিয়াছেন সেই সব আধুনিক ভৌগোলিক পরিচয় ও দেবদেবীপ্রকাশ পরিচয় সহ যাতায়াতের সুবিধা নির্দ্দেশ ইত্যাদি বিষয়ক সন্নিবেশিত আছে। ডিক্ষা ৹ আনা।

THE HARMONIST OR SHREE SAJJANATOSHANI

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রতিষ্ঠিত এবং শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ সম্পাদিত পারমার্থিক মাসিক পত্র। এক্ষণে ইহার ৩৯ বর্ষ চলিতেছে। ডবলক্রাউন ৮ পেজী ৪ ফর্ম্মা আকারে প্রতি মাসে ২ নামের বিশুদ্ধ বৈষ্ণবগ্রন্থ লইয়া উপস্থিত হইতেছে। কাগজ, মুদ্রণ-পারিপাট্য ও চিত্রাদি অতীব চিত্তাকর্ষক। এই প্রকার উৎকৃষ্ট প্রবন্ধ আর কোন মাসিক পত্রাদিতে দেখিতে পাইবেন না। বার্ষিক ডিক্ষা ডাকমাশুলসহ ২ টাকা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর নদীয়া

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও আদর্শচরিত্র শিক্ষকগণ ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

বিস্তার সংবাদের জন্য নিম্নলিখিত ঠিকানা পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

—৫১ বৎসরের প্রতিষ্ঠিত—

ঔষধালয়ে প্রস্তুত বটীকা

বাত শুক্রতারল্য, স্বপ্নদোষ, কোষ্ঠকাঠিন্য, অম্বল, অরুচি প্রভৃতি যত রোগই রোগ নিরাময় হইয়াছে তাহা প্রকাশ করিলে বড় বড় পুস্তক হইয়া পড়ে।

ইহা

সকল ঋতুতে ব্যবহার চলে ও সমান ফল প্রদান করিয়া থাকে। প্রতি কৌটায় ৩২টি বটীকা থাকে।

কেবলমাত্র

প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা। ইহার নাম 'আতঙ্কনিগ্রহ বটীকা'।

অন্যান্য ঔষধের তালিকার জন্য পত্র লিখিলেই পাইবেন

প্রাপ্তিস্থান:—আতঙ্কনিগ্রহ ঔষধালয়

২১৬ নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

মফঃস্বলের সুবিধার জন্য ৩ আঃ শিশিতে ঘনীভূত অবস্থায় ছোটবোতলের সমস্ত ঔষধ ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ১০ আনা, পাইট ৸০ আনা, বোতল ১৵০ আনা।

অফিস—১১নং ঈডেটাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

শ্রীভাগবত প্রেস

গোয়াড়ী হাইষ্ট্রীট

কৃষ্ণনগর

এখানের বিবাহের নিমন্ত্রণ-পত্র, প্রীতি-উপহার, কার্ড, গ্রন্থ এবং অন্যান্য যাবতীয় কার্য্য ছাপা হইয়া থাকে। ছাপার দর বাজার দর অপেক্ষা সুলভ। পরীক্ষা প্রার্থনীয়।

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস্, এন্, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈজ্ঞানিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

৬৮ নং কটন ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈবপ্রাপ্ত যক্ষ্মার একমাত্র মহৌষধ

পনর দিনে সম্পূর্ণ আরোগ্য

রোগী দেখানেতে হবে। অধিম পাথেয় সহ (রাউণ্ড ট্রপ আসার) পাঠাইলে নিয়া রোগী দেখা হয় অথবা এখানে আসিলে রোগী দেখা ও ঔষধ দেওয়া হয় আরোগ্য না হওয়া পর্য্যন্ত পারিশ্রমিক নিতে হবে না। ধনীও রোগীদের অতি যত্ন করিয়া চিকিৎসা করা হয়। বিস্তারিত বিবরণের জন্য এক আনার ষ্ট্যাম্প টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুরোধ করুন।

শ্রীকিতীশচন্দ্র উকীল, যক্ষ্মা-চিকিৎসক, পোঃ নৈকাড়ী, বরিশাল।

অথবা নিম্ন ঠিকানায় সাক্ষাৎ করিয়া বিস্তারিত জানিতে পারেন।

শ্রীযুত রামগোপাল দত্ত এম, এ, কৃষ্ণনগর, নদীয়া। শ্রীযুক্ত এ পাল এণ্ড সন্স, ১১৭, বেনিয়াটোলা ষ্ট্রীট, শাঁখারীটোলা, কলিকাতা।

একখানি পত্র! আমার স্ত্রীপুত্র গত ছয় মাস যাবৎ রাজ যক্ষ্মায় ভুগিয়া মৃতপ্রায় হইয়াছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাহার জীবনের আশা ত্যাগ করিয়া শেষ মুহূর্ত্তের জন্য অপেক্ষা করিতেছিলেন এই সময় শ্রীযুক্ত কিতীশচন্দ্র উকিল মহাশয় মাত্র ১০ দিন চিকিৎসা করিয়া সম্পূর্ণ আরোগ্য করিয়া দিয়াছেন। (সাঃ) দীনেন্দ্র কিশোর রায় চৌধুরী (জমিদার পালিয়া) ৩৭ ষ্ট্রীট, সিঁথি বিলিং। ঠিকানা—কমলা ট্রিটমেণ্ট, কলিকাতা।

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার—গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

নূতন গ্রাহকগণ

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কসের

এত প্রশংসা করেন

—কারণ—

এখানে যাবতীয় ছাপার কার্য্য—

গ্রন্থাদির কার্য্যই বলুন,

বিবাহের নিমন্ত্রণ পত্র, কার্ড, বিবাহের পত্রই বলুন,

আর ৩ রং ও ৪ রংএর হাফটোন ব্লকই বলুন, সকল কার্য্যই অতি সত্বর ছাপা হয়, অথচ ছাপাইবার খরচ বাজার অপেক্ষা সুলভ।

আপনার কিছু ছাপার কার্য্য থাকিলে নিম্নঠিকানায় জানাইলেই দর পাইবেন।

ম্যানেজার - গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

৯৯এ২ নং আপার সার্কুলার রোড, কলিকাতা

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে—কৃষ্ণকান্তি ব্রহ্মচারী ভক্তিভূষণ এম্, এস্, এফ, কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

আলিপুর হত্যার জের

গত এই আগষ্ট গোয়েন্দা পুলিসের বিশেষ বিভাগের কর্ম্মচারিগণ খানা-তল্লাসী পরোয়ানা লইয়া সরকার বাই লেনের ৩ চীৎপুর স্থানে অবস্থিত দুইটী মেস বাটীতে হানা দেয়। তথায় বহুক্ষণ ধরিয়া খানাতল্লাসের ফলে পুলিস কতক-গুলি কাগজপত্র হস্তগত করে। প্রকাশ, গোয়েন্দা কর্ম্মচারীগণ তিনটী যুবককে গ্রেপ্তার করিয়া স্থানীয় থানায় লইয়া যায়। তথায় জবানবন্দী লিখিয়া লইয়া তাহাদের ছাড়িয়া দেওয়া হইয়াছে।

আলিপুরের কেলা ও রায়ের জজ মিঃ গারলিকের হত্যা সম্পর্কে এই খানাতল্লাস হইয়াছিল বলিয়া জানা গিয়াছে।

কাশ্মীর হাঙ্গামার মূল কারণ

শ্রীনগর হইতে প্রকাশ যে সাম্প্রতি কাশ্মীর রাজ্যে যে গোলযোগ ঘটিয়াছিল আবদুল কাদিরই তাহার মূল কারণ। স্থানীয় জেলে দণ্ডবিধির ১২৪ এ ধারার অভিযোগে তাহার বিরুদ্ধে মামলা চলিতেছিল। তাহাকে কাশ্মীর রাজ্য হইতে নির্ব্বাসিত করা হইয়াছে।

গান্ধীজীর লণ্ডনগমনে সংশয় দূর

সিমলা হইতে প্রকাশ যে গান্ধীজী লণ্ডন যাইবেন কিনা সে সম্বন্ধে আর সন্দেহ দেখা যাইতেছে না, কেন না শ্রীযুক্তা সরোজিনী নাইডু বড়লাট ভবনে এক তার করিয়া জানাইয়াছেন যে, 'মুলতান' জাহাজে তাঁহার জন্য যেন একটী কক্ষ রিজার্ভ করা হয়।

ফেরীওয়ালা বালক নিহত

পুরা হইতে প্রকাশ যে মকরাপুর মহল্লায় মহাদেব নামক ১৮ বৎসর বয়সের একটি বালককে তাহার বাড়ীতে কে বা কাহারা হত্যা করিয়াছে। গত ৪ঠা আগষ্ট বেলা ৪টার সময় সে কাপড় ফেরী করিয়া বাড়ী ফিরে, বৈকালে ৫টার সময় তাহাকে নিহত দেখা যায়। পুলিস ঘটনার তদন্ত করিতেছে।

পার্লামেণ্ট সদস্যের কারাদণ্ড

লণ্ডন হইতে প্রকাশ যে, মিঃ কে, ম্যাকগভর্ণ একজন পার্লামেণ্টের সদস্য কয়েক সপ্তাহ পূর্ব্বে তাঁহার আচরণে জনসভায় মারামারি আরম্ভ হইয়াছিল। এই অপরাধে তাঁহাকে পদচ্যুত করা হয়। ৪ঠা আগষ্ট বিচার হইয়া গিয়াছে. বিচারে ম্যাক গভর্ণের ৩ পাউণ্ড ফরিমানা বা ২০ দিনের জন্য কারাবাসের আদেশ হইয়াছে। স্থানীয় ময়দানে বিনা আদেশে সভা করিয়াছেন বলিয়া আসামীর এইরূপ শাস্তি বিধান হইয়াছে।

এই সঙ্গে আরও ৭ জনের শাস্তি হইয়াছে। আসামী বলিয়াছেন, আমি ৫ ফিমানা দিতে পারিব না। আমি জেলে যাইব।

লয়েড জর্জ্জ আরোগ্যের পথে

লণ্ডন হইতে প্রকাশ যে, উদারনীতিক দলের নেতা মিঃ লয়েড জর্জ্জ চিকিৎসা ও শুশ্রূষার গুণে ধীরে ধীরে আরোগ্যলাভ করিতেছেন।

মৎস্য শিকারে রাজা

ময়মনসিংহ হইতে প্রকাশ যে, কিশোরগঞ্জ ফৌজদারী আদালত হইতে প্রায় ২ মাইল দূরবর্ত্তী দীঘিরপাড় গ্রামে রাজার জলে স্থানীয় উকিল শ্রীযুক্ত হরেন্দ্র কুমার দেব বক্ষঃস্থলে গুরুতর আঘাত পাইয়াছেন। তাঁহার কনিষ্ঠ ভ্রাতা ও অন্যান্য আত্মীয়স্বজন সাংঘাতিকভাবে আহত হইয়াছে।

রাজার কারু চণ্ডীতলা দীঘি নামক একটা পুষ্করিণীর অধিকার প্রতিপন্ন করিবার জন্য বহু মুসলমান তথায় মৎস্য শিকার করিতে আসেন। ইহার পূর্ব্বে শ্রীযুক্ত দেব পুলিসে সংবাদ দিবার জন্য একজন চৌকিদার ডাকিয়া পাঠান। তাহার পৌঁছিবার পূর্ব্বেই মুসলমানগণ তথায় উপস্থিত হইয়া মৎস্য ধরিতে আরম্ভ করে। ফলে উভয় পক্ষে লাঠা বাধিয়া যায় মুসলমানদিগের পক্ষে, একজন গুরুতররূপে আহত ও কয়েক জন অল্প বিস্তর আহত হইয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে।

উভয় পক্ষেরই বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হইয়াছে। শ্রীযুত দেব ও তাঁহার ভ্রাতা পুলিসের নিকট আত্ম-সমর্পণ করেন। তাঁহারা এখন জামীনে মুক্ত আছেন। পুলিস প্রায় ২০ জন মুসলমানকে গ্রেপ্তার করিয়াছে।

পেণ্ডী হত্যার মামলা

গত ৩রা আগষ্ট মেদিনীপুরে মফস্বল ম্যাজিষ্ট্রেট শ্রীযুক্ত বিজেন্দ্রনাথ সেনের এজলাসে মিঃ পেণ্ডী হত্যার মামলা উঠে। আসামী জ্যোতিজীবন ঘোষ, বিবেকানন্দ বসু, ব্রজকিশোর চক্রবর্ত্তী ও অমরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়—যাঁহারা ১০ হাজার টাকা জামীনে মুক্ত ছিলেন, তাঁহারা আদালতে হাজির হন। মামলা ৩রা সেপ্টেম্বর পর্য্যন্ত মুলতুবী রাখা হইয়াছে।

কানপুরে আবার সশস্ত্র ডাকাতি

৬ই আগষ্ট প্রকাশ্য দিবালোকে কালুকুট্টি নামক প্রধান বস্ত্র ব্যবসায়ীর এক সশস্ত্র ডাকাতী হইয়া গিয়াছে। পাঠকবর্গ অবগত আছেন যে এই স্থানে প্রায় ২ মাস পূর্ব্বে এইরূপ একটি ডাকাতী হইয়া গিয়াছে।

ঐ তারিখে ডাকাতীর বিবরণে প্রকাশ রামস্বরূপ নামক দোকানের বিল-কালেক্টর সূর্য্যপ্রকাশ প্রায় ১১ শত টাকা আদায় করিয়া দোকানে ফিরিবার সময় পথি-মধ্যে ২ জন হিন্দুস্থানী যুবক তাঁহাকে আক্রমণ করে। সুন্দর সিংহ ও দীন-দয়াল নামক ২ জন পথিক ঐ সময়ে ঘটনাস্থলে আসিয়া সূর্য্যপ্রসাদের সাহায্যার্থে অগ্রসর হন। দুর্ব্বৃত্তরা তখনই তাঁহাদের প্রতি গুলী করে। পথিক ২ জন গুরুতররূপে আহত হইয়া হাসপাতালে নীত হইয়াছেন। হাস-পাতালে তাঁহাদের অঙ্গে অস্ত্রোপচার করিতে হইয়াছে। দীনদয়ালের অবস্থা আশঙ্কাজনক।

পুলিস পরে একজন আততায়ীকে গ্রেপ্তার করিয়াছে। উহারা কোন টাকা-কড়ি লইয়া পলাইতে পারে নাই।

বি, এ, ক্লাসের ছাত্র ডাকাতি সম্পর্কে গ্রেপ্তার

রংপুর হইতে প্রকাশ যে ৩১শে জুলাই তারিখে মহীগঞ্জে তিমনা কলনে যে ডাকাতির চেষ্টা হইয়াছিল, তাহার সহিত সম্পর্ক আছে মনে করিয়া স্থানীয় পুলিস এই আগষ্ট প্রাতে যীরেন্দ্রনাথ রায় চৌধুরী এবং নিখিলকান্ত মৈত্র নামক বি, এ, ক্লাসের দুইজন ছাত্রকে গ্রেপ্তার করিয়াছে। তাঁহাদিগকে হাজতে রাখা হইয়াছে এবং তদন্ত চলিতেছে।

পুলিসের বিরুদ্ধে ক্ষতিপূরণ

নাগপুর হইতে প্রকাশ যে, পণ্ডিত গুরু 'এ' শ্রেণীর সত্যাগ্রহী বন্দীরূপে কিছুকাল জেলে আবদ্ধ ছিলেন। তিনি জেলে থাকিবার কালে পুলিস তাঁহার নিকট হইতে জোর করিয়া আঙ্গুলের ছাপ লইয়াছিল। পণ্ডিত গুরুর পক্ষে সার হরি সিং গৌর উক্ত অভিযোগে সিভিলের ডেপুটী কমিশনার মিঃ সীম্যান ও অতিরিক্ত সরকারী কমিশনার মিঃ লেক্কারকাজের বিরুদ্ধে ১৫ হাজার টাকার দাবীতে এক ক্ষতিপূরণের মামলা রুজু করিয়াছেন।

শিল্পী বড়যন্ত্র মামলা

যে স্পেশাল ট্রাইব্যুনালে শিল্পী বড়যন্ত্র মামলার বিচার হইতেছে, ঐ ট্রাইব্যুনালে আসামী গজানন্দ পোদ্দারের পক্ষে জামিনের আবেদন করা হইয়াছিল। আসামীর স্বাস্থ্য খারাপ বলিয়া ট্রাইব্যুনাল ইহাকে ২ মাসের মেয়াদে জামিনে খালাস দিয়াছেন।

লাকোর বড়যন্ত্র মামলায় আসামীর অনশন

পাঞ্জাব বড়যন্ত্র মামলার আসামী ভাগ-রাম বর্ত্তমানে লাহোরের সেন্ট্রাল জেলে শাস্তিত হইয়া অনশন করিতেছেন। প্রকাশ, গত ১দিন যাবৎ তিনি প্রায়োপবেশন করিতে-ছেন।

পিকেটিং মামলায় আসামীদের ৩ মাস কারাদণ্ড

আহুরে মদের দোকানে পিকেটিং সম্পর্কে প্রায় ৩ বে-আইনী আটকের অভিযোগে অভিযুক্ত শ্রীযুক্ত নটেশন, বালেবণ্ডা, ভোরাইস্বামী, চিন্নাস্বামী এয়াগন ও বসুর সাব ম্যাজিষ্ট্রেটের বিচারে গত ৪ঠা আগষ্ট ৩ মাস হিসাবে সশ্রম কারাদণ্ডে দণ্ডিত হইয়াছেন।


গোল টেবিলে সংখ্যা সংখ্যোজন

বোম্বাই হইতে প্রকাশ যে গোল-টেবিল সম্মেলনের এবং সংখ্যায় লঘিষ্ঠ সম্প্রদায়ের স্বার্থ নিয়ন্ত্রিক সাব কমিটির নব মনোনীত সদস্যগণের মধ্যে সাম্প্রদায়িক ভারপ্রাপ্ত মুসলমান সদস্যের এবং বৈদেশিক-গণের স্বার্থ সংরক্ষক সদস্যগণের অনিচ্ছা এবং ভারপ্রাপ্ত মুসলমান সদস্যের অভাব দেখিয়া স্থানীয় রাজনীতিক এবং রাজনৈতিক মহলে নিতান্ত হতাশার সৃষ্টি হইয়াছে।

উপাসনা অজুহাতে পুলিস

তিমনা হইতে সংবাদ আসিয়াছে একদল গুণ্ড পুলিস সীমান্ত রক্ষিয়ার একটী গ্রামে ক্যাথলিকদিগের গির্জ্জার অত্যাচার করিয়াছে। উহারা সাতজন লোককে গুলী করিয়া মারিয়াছে এবং উপাসনা করিবার সময় ১৪৪ জন লোককে গ্রেপ্তার করিয়াছে।

পুলিসের কর্ত্তা বলিয়াছেন গির্জ্জার ভিতর বিপ্লবীরা দীক্ষিতদের একটা সভা হইবে শুনিয়া আমি তথায় দলবল পাইয়া গিয়া-ছিলাম তথায় পৌঁছিবার পর গির্জ্জার প্রবেশ করিবার অনুমতি না পাওয়ায় পুলিসের দল ফেরিয়া এইরূপ করিতে বাধ্য হইয়াছে।



...ড়িতেছে

...ীর চেষ্টা

নন্দনগাদিতে ...ান ঐক্যের কথা

কোচম্যানের কীর্ত্তি

মালিশী কর্ম্মীর নামে ১০৭ ধারা

বরিশালে জনসভা

গোল টেবিলের প্রতিনিধি

ধুবড়ীতে জনসভা

শ্রীযুক্তা সাধনা দেবী নাম্নী একজন মহিলা কন্মী গৌহাটী হইতে গত ৬ই তারিখে প্রাতঃকালে ধুবড়ীতে পৌঁছিয়াছেন। এবং সন্ধ্যায় গৌরীপুর ময়দানে ওজস্বিনী ভাষায় একটী বক্তৃতা করেন। তাঁহার বক্তৃতা শ্রবণে প্রায় ১ সহস্র ব্যক্তি মুগ্ধ হইয়াছিল। উপস্থিত দর্শকমণ্ডলীর মধ্যে মহিলা ও বালিকার সংখ্যা প্রায় অর্দ্ধেক ছিল। তিনি মহিলা-দিগকে খদ্দর ও চরকাগ্রহণ করিতে এবং মাসের মধ্যে এক দিন সভাধিবেশনের ব্যবস্থা করিয়া দেশের অভাব ও অভিযোগের আলোচনা করিতে অনুরোধ করেন।

গোচম্যানের

...নৈক মাড়োয়ারী ভদ্রলোক হাওড়া ষ্টেশনে পৌঁছিয়া একখানি ঘোড়ার গাড়ী ভাড়া করিয়া গাড়ীর ছাদে নিজের মালপত্র বোঝাই দিয়া গাড়ীতে চাপি... কোচম্যানকে বড়বাজারের বাঁশতলা গে... গাড়ী হাঁকাইতে আদেশ করেন। ... পৌঁছিয়া মালপত্র গাড়ী হইতে নামাইব... সময় একটী বাক্স কম দেখা গেল। উ... বাক্সে মূল্যবান গহনা ও দামী কা... ছাড়া বোঝাই ছিল। কোচম্যানে... বাক্সটির কথা জিজ্ঞাসা করা হই... কোচম্যান সদুত্তর দিতে পারে নাই... সন্দেহক্রমে কোচম্যানকে পুলিসে ধরাই... দেওয়া হইয়াছে। বড় বাজারের পু... এই বিষয়ে তদন্ত করিতেছে।

বরিশালে জন-সভা

স্বর্গীয় সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ে... স্মৃতির উদ্দেশে বরিশালবাসীর পক্ষ হইতে... শ্রদ্ধা নিবেদনের জন্য গত ৬ই আ... সভাপতি রায় বাহাদুর নিবারণচন্দ্র দা... গুপ্তের সভাপতিত্বে অশ্বিনীকুমার হ... এক জনসভা হইয়া গিয়াছে। শ্রী... লক্ষ্মীকান্ত সেন এম, এ, বি, এল, ম... সুরেন্দ্রনাথের জীবন ও কার্য্য স... সম্বন্ধে একটি প্রবন্ধ পাঠ করেন। স্ব... মহাপুরুষ সম্বন্ধে সভাপতি বরিশা... শ্রদ্ধা জ্ঞাপনের পর সভা ভঙ্গ

রেঙ্গুণ ব্যারিষ্টারের মৃত্যু

রেঙ্গুণ হইতে প্রকাশ যে ৮ই আ... প্রাতঃকালে ব্যারিষ্টার মিঃ ই, এ, ডি... নিমোনিয়া রোগে প্রাণত্যাগ করি... ছেন। ইনি কৌন্সিলী আদালতে... একজন বিখ্যাত ব্যবহারাজীব এ... সুনিপুণ খেলোয়াড় ছিলেন।

সংবাদপত্রে প্রকাশিত হইয়াছে যে, ... এম, এ, আগাখানী ভূপালের নবাবের ... হত তাঁহার চিকিৎসকরূপে বিলাত ... ন করিতেছেন। ভূপালের ... সংবাদের প্রতিবাদ করিয়া বলিতে... ... আগাখানী নবাবের সঙ্গীরূপে ... ছেন

শ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার পরিব্রাজকগণ

পরিব্রাজকগণের নাম	বর্ত্তমান ঠিকানা	পরিব্রাজকগণের নাম	বর্ত্তমান ঠিকানা
১। শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ	শ্রীমায়াপুর	৮। শ্রীভক্তিরূপ পুরী	কটক
২। শ্রীভক্তিবিবেক ভারতী	কলিকাতা	৯। শ্রীভক্তিস্বরূপ পর্ব্বত	ময়ূরভঞ্জ
৩। শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম	শ্রীমায়াপুর	১০। শ্রীভক্তিবিলাস গভস্তিমেদি	কলিকাতা
৪। শ্রীভক্তিপ্রকাশ অরণ্য	কটক	১১। শ্রীভক্তিরঞ্জন ভক্তিসার	মাদ্রাজ
৫। শ্রীভক্তিহৃদয় বন	কলিকাতা	১২। শ্রীভক্তিরক্ষক শ্রীধর	মাদ্রাজ
৬। শ্রীভক্তিসর্ব্বস্ব গিরি	অম্বুলম্ব	১৩। শ্রীভক্তিভূদেব শ্রৌতী	শ্রীমায়াপুর
৭। শ্রীভক্তিবৈভব সাগর	ব্রাহ্মণপাড়া	১৪। শ্রীভক্তিপ্রসূন বোধায়ন	বালেশ্বর

শুদ্ধভাক্তমঠসমূহ

(১) শ্রীচৈতন্য মঠ

আকর মঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া

এই মঠরাজে পারমার্থিক দৈনিকপত্র, সাহত-সম্প্রদায়ের অপ্রকাশিত ও প্রাচীন গ্রন্থরাজি প্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় প্রতিষ্ঠিত হয়াছেন। এখানে প্রতিবৎসর শ্রীগৌর-পরিক্রমানুষ্ঠান ও অপ্রাকৃত ভক্তগোষ্ঠিগণ কীর্ত্তন প্রচারমুখে মহোৎসবাদি ভক্তাঙ্গ অনুষ্ঠিত হইয়া থাকে। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপদ নরহরিজী। কারী—ব্রহ্মচারী পণ্ডিত শ্রীপাদ গৌরদাস কাব্যব্যাকরণতীর্থ, শ্রীসেবেশ্বর, শ্রীপাদ হেরম্ব, শ্রীপাদ নন্দগোপাল, শ্রীনীলমাধব নাথ, শ্রীঅধমন, শ্রীমদনগোপাল, শ্রীমুকুন্দ ারিকারী ভক্ত নরেন্দ্র, হরিপদ, দেবকীনন্দন প্রভৃতি।

(২) শ্রীগৌড়ীয় মঠ

১৬ নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

টেলিফোন বি, বি, ৪১১৫

মঠরক্ষক—আচার্য্যাত্মিক শ্রীপাদ কৃষ্ণবিহারী বিদ্যাভূষণ। সহকারী—পণ্ডি শ্রীপাদ অনন্তবাসুদেব পরিব্রাজকপ্রবর বি-এ, শ্রীপাদ রাসবিহারী ব্রহ্মচারী, শ্রীপ ভক্তিসুধাকর ধারাধিকারী বি-এ, ব্রহ্মচারী শ্রীকীর্ত্তনানন্দ, ব্রহ্মচা শ্রীগোষ্ঠবিহারী, ব্রহ্মচারী শ্রীমধুসূদন, পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ পরিব্র সরস্বতী ভক্তিপ্রাণী সম্প্রদায়বৈভবাচার্য্য, শ্রীমধুরজনদাসাধিকারী বি-এ, শ্রীভক্তিবল্লভতী ধারাধিকারী বি-এল, শ্রীমধুসূদন নাথোপাধি, শ্রীবিশ্বম্ভর ব্রহ্মচারী, শ্রীহরগোপাল ব্রহ্মচারী প্রভৃতি।

(৩) যোগপীঠ শ্রীমন্দির

রক্ষক—নোকোনাথ গোস্বামী ভাচার্য্য প্রভু শ্রীরমানাথ। সহকারী বিজ্ঞানন্দ ব্রজবাসী, শ্রীরামবিনোদ কৃষ্ণদাস, শ্রীগোবর্দ্ধন ব্রহ্মচারী। শ্রীপাদ ী অধিকারী, মেদিনীপুর শ্রীনীলনাথ।

(৪) শ্রীবাস-অঙ্গন

রক্ষক—শ্রীরসরাজকুসুম ব্রহ্মচারী।

(৫) অদ্বৈত-ভবন

রক্ষক—শ্রীবৃন্দাবনচন্দ্র ভট্টাচার্য্য, শ্যামকুলদাস বাবাজী।

(৬) কাজীর সমাধিপীঠ

প্রাচীন মায়াপুর, বামনপুকুর (নদীয়া)

রক্ষক—ব্রহ্মচারী শ্রীবিনোদবিহারী।

(৭) শ্যামানন্দ সুরধুনী-কুঞ্জ

শ্রীগোড়ুম, পরমণঙ্গা (নদীয়া)

রক্ষক—ভক্তিকুসুম ভাকার ব্রহ্মচারী ক্তান্তিজী এল, এম, এফ।

(৮ শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

ময়মনসিংহ।

রক্ষক—শ্রীহরদয় ভক্তিপ্রাণী এম, এ, এল, সহকারী—শ্রীউদ্ধবদাস ভক্তি-ত্নী, শ্রীচরণদাস অধিকারী প্রভৃতি।

(৯) শ্রীগৌর-গদাধর মঠ

চাঁপাতলী, মহকুমা, (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবলরাম ব্রহ্মচারী, ভক্ত শ্রীনিবাস দাস।

(১০ শ্রীরূপগৌড়ীয়-মঠ

কলিকাতা, ভক্তিপ্রাণ ষ্ট্রীট, সি

রক্ষক—শ্রীসর্ব্বেশ্বরানন্দ ব্রহ্মচারী

(১১) শ্রীমাধবাশ্রম

মাটিয়ারি, ভাতগর, বর্দ্ধমান।

রক্ষক—শ্রীবনবিহারী ব্রজবাসী, ভক্ত শ্রীগদাধর।

(১২) ভাগবত আশ্রম

শ্রীভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া

রক্ষক—শ্রীকৃষ্ণানন্দ ব্রহ্মচারী ভক্তিপ্রাণী

(১৩) শ্রীএকায়ন মঠ

গোবিন্দপুর, হাসখালী, নদীয়া।

রক্ষক—শ্রীঅকূলানন্দ ব্রহ্মচারী। সহকারী শ্রীনৃসিংহ ব্রহ্মচারী, শ্রীজগন্নাথ দাস অধিকারী, ভক্ত বিশ্বনাথ।

(১৪) শ্রীমাধব গৌড়ীয় মঠ

১০নং নবাবপুর রোড, ঢাকা।

রক্ষক—শ্রীরাধাবল্লভ ব্রজবাসী, শ্রীপাদ সুন্দরানন্দ পরিব্রাজকবিনোদ বি-এ, শ্রীনব-গৌরাঙ্গ ব্রহ্মচারী, শ্রীপতিতপাবন ভক্ত।

(১৫) শ্রীগোপালজী মঠ

কমলাপুর, ঢাকা।

রক্ষক—শ্রীহরিদাস ব্রজবাসী

(১৬) শ্রীগদাই-গৌ াঙ্গ মঠ

রক্ষক—শ্রীপূর্ণচন্দ্র ব্রহ্মচারী, শ্রীমতিলাল ব্রহ্মচারী

(১৭. শ্রীভাগবতজনানন্দ মঠ

ঝিকলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-রাধাগোবিন্দ-বিগ্রহসেবা বর্ত্তমান। রক্ষক—ব্রজবাসী শ্রীগদাধরদাসজী।

(১৮) আমলাযোড়া শ্রীপদ্মাশ্রম

রাজবাঁধ পোঃ বর্দ্ধমান।

রক্ষক—ব্রজবাসী শ্রীগরিকিশোর।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

পুরীধাম, পুরী, উড়িষ্যা।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমানন্দ বিদ্যাভূষণ, ব্রহ্মচারী শ্রীনদীয়ানন্দ, শ্রীপ্রেমানন্দ ব্রহ্মচারী, শ্রীরাধারমণ ব্রহ্মচারী, শ্রীনিমাই চরণ অধিকারী, শ্রীগোপিনাথ পণ্ডা।

(২০) শ্রীব্রহ্ম-গৌড়ীয় মঠ

আলবরনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমেশ্বরী প্রসাদজী।

সহকারী—ব্রহ্মচারী শ্রীবলিবিহারী।

(২১) শ্রীসচ্চিদানন্দ মঠ

উড়িষ্যাবাজার, কটক।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীদামোদর, শ্রীরামদাস ব্রহ্মচারী, শ্রীপাদ জগন্নাথ দাসাধিকারী।

(২২) শ্রীসনাতন-গৌড়ীয় মঠ

৯নং জগন্নাথীবাসপুরা, কাশী।

রক্ষক- ব্রহ্মচারী ভূগর্ভেশ্বরী, নিতাইদাস ব্রহ্মচারী, শ্রীগোকানন্দ ব্রজবাসী।

(২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

শ্রীনৃসিংহদাস কুঞ্জ, শ্রীধাম বৃন্দাবন।

রক্ষক—শ্রীগণপতিনাথ ব্রহ্মচারী

(২৪) শ্রীপরমহংস মঠ

নৈমিষারণ্য, সীতাপুর

রক্ষক—ব্রহ্মচারী শ্রীনৃসিংহানন্দ ও ব্রহ্মচারী শ্রীনন্দদুলাল।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ

কুমরকুণ্ডা, চিরকুণ্ডা, মানভূম।

রক্ষক—শ্রীরমানাথ রায়, শ্রীরামভক্ত দেবশরিয়া।

(২৬) ব্যাসগৌড়ীয় মঠ

রক্ষক—ব্রহ্মচারী শ্রীগুরুপদজী, শ্রীনব গোপাল ব্রজবাসী

(২৭) ব্রাহ্মণপাড়া শ্রীপদ্মাশ্রম-ম

ব্রাহ্মণপাড়া, পোঃ মাধু, হাবড়া

এখানে বহু কুসুমিত শ্রীগৌরাঙ্গের মে বর্ত্তমান। রক্ষক—ব্রজবাসী শ্রীপ্রাণকৃ দাস, ভক্ত কৃপাকর।

(২৮) দিল্লী গৌড়ীয় মঠ-কার্য্যালয়

৫৮ গোবিন্দরাম ডাকার লেন, নিউ দিল্লি

রক্ষক—ব্রহ্মচারী শ্রীগৌরকৃষ্ণ, শ্রীভূপেন্দ্র শ্রীরাধারমণচরণদাস

(২৯) গোয়ালপাড়া-শ্রীপদ্মাশ্রম

রক্ষক—ব্রহ্মচারী শ্রীগদাধরদাস

(৩০) মাদ্রাজগৌড়ীয় মঠ

নং গোপালপুরম্, কাথেড্রাল, মাদ্রাজ

রক্ষক—ত্রিদণ্ডস্বামী শ্রীভক্তিরক্ষক শ্রী মহারাজ, সহকারী—ত্রিদণ্ডিস্বামী শ্রী ভক্তি রূপ ভক্তিপ্রাণ, শ্রীপাদ জগন্নাথ ব্রজবাসী, শ্রীপাদ দেবকীনন্দন ব্রহ্মচা শ্রীপাদ সিদ্ধস্বরূপ ব্রহ্মচারী ভক্তিপ্রা ও শ্রীপাদ গৌরভক্তানন্দ ব্রহ্মচারী।

(৩১) দ্বারশগোপাল পাট

কাঁটালপুলি, চাকুলা, নদীয়া

রক্ষক—ব্রহ্মচারী শ্রীকেশবানন্দ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক

দৈনিক পত্র

শ্রীধাম – মায়াপুর - নদীয়া

ষষ্ঠবর্ষ ১৩ শ্রীধর গৌরাব্দ ৪৯৭, ২৬শে শ্রাবণ বঙ্গাব্দ ১৩৩৮, ১১ আগষ্ট ইং ১৯৩১ মঙ্গলবার ১৩৬তম সংখ্যা।

সাময়িকী

গত ২০শে শ্রাবণ ৪ঠা আগষ্ট বুধবার কাল *শ্রীমায়াপুরযৌগীর মঠে পণ্ডিতবর পাদ সুন্দরানন্দ পদবিদ্যাবিনোদ ওঁ শ্রীগুরুপাদপদ্মের কৃপা' সম্বন্ধে একটী বেষণাপূর্ণ বক্তৃতা প্রদান করেন। তদ্বারা সমাগত জনমণ্ডলীকে ভবরোগের রমৌষধ শুদ্ধভাগবতবাণী শ্রবণের সুযোগ া পথাস্বরূপ বিবিধ শ্রীমহাপ্রসাদ প্রদান া হইয়াছিল। ভক্তপ্রবর শ্রীযুক্ত জিতেন্দ্র খ মুখোপাধ্যায় মহাশয় শ্রীমায়াপুরযৌগীর ঠ শুভাগমন করিয়াছেন।

মাদ্রাজের প্রধান ইঞ্জিনিয়র মিষ্টার ণ নারায়ণ গত ৪ঠা আগষ্ট কতকগুলি লোকের সহিত মাদ্রাজগৌড়ীয়মঠে গমন রিয়াছিলেন। তিনি মাদ্রাজগৌড়ীয়মঠের বকবৃন্দের প্রতি বিশেষ সহানুভূতি কাশ করিয়াছেন।

ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিসর্ব্বস্ব গিরি হারাজ গত ২৯শে জুলাই তারিখে "বাবু নাইলাল থিয়েটার হলে" "গীতার বাণী" ম্বন্ধে ইংরাজীতে এক বক্তৃতা প্রদান রেন। লালা কেশোরাম শিখরী, স্থানীয় প্রসিদ্ধ এ্যাড্‌ভোকেট ও ছগিয়ানা মন্দির ার সভাপতি উক্ত সভার সভাপতি লেন এবং স্থানীয় বহু উচ্চ শিক্ষিত কীল, ব্যারিষ্টার, জমিদার, প্রফেসার ও ত্র উপস্থিত ছিলেন। তাঁহারা প্রায় ২ ঘণ্টাকাল বিশেষ মনোযোগের সহিত ক্তৃতা শ্রবণ করিয়াছিলেন।

উক্ত স্থানে প্রচারের জন্য প্রায় সাতের বসন্ত লাল, এ্যাসিষ্টাণ্ট ইনকমটাক্স কমিশনার, বাবু লালচাঁদ এম এ, ইনকমটাক্স অফিসার, মিঃ জি, আর চেটী, বাবু হরনাম দাস ডেপুটিবার, বি, এ, বাবু নলিনাক্ষ বন্দ্যোপাধ্যায়, গভর্ণমেণ্ট ইণ্ডাষ্ট্রি ইনষ্টিটিউটের প্রিন্সিপাল, মিঃ বি, সি, রয়, হাইকোর্টের উকিল কোহলী প্রভৃতি সম্ভ্রান্ত ব্যক্তিগণ প্রচারে বিশেষ সহায়তা করিতেছেন। ইহা ছাড়া বাবু ত্রিলোকনাথ মেহরা, বাবু চুনীলাল প্রভৃতি ভদ্রলোকগণও প্রচারকার্য্যে যথেষ্ট সহায়তা করিতেছেন।

পাঠকবর্গ অবগত আছেন যে, গত ৭ই জুলাই হইতে শ্রীগঙ্গিরাবন্দ মঠে মহোৎসব আরম্ভ হইয়াছে এবং গত ২রা আগষ্ট রবিবার তারিখে সাধারণ মহা মহোৎসব সুষ্ঠুরূপে সম্পন্ন হইয়াছে। মহামহোৎসবের বিস্তারিত বিবরণ কৌতূহলী পাঠকের অবগতির জন্য নিম্নে লিপিবদ্ধ হইল।

যাহাতে বহু নরনারীর শ্রীহরিকথা-শ্রবণের বিশেষ সুবিধা হয়, তজ্জন্য মহোৎসবের পূর্ব্ব হইতে পরম ভাগবত শ্রীযুক্ত সুদর্শনসনাতন দাস অধিকারী মহাশয়ের অর্থানুকূল্যে শ্রীমন্দির-প্রাঙ্গণে একটী সুবৃহৎ অস্থায়ী নাট্যমন্দির রচিত হইয়াছিল এবং ভক্তগণ তাহা নানাপ্রকারে সুসজ্জিত করিয়াছিলেন।

মহোৎসবের দিন মঙ্গলারাত্রিকের পরই শ্রীশ্রীগুরুবন্দনা ও শ্রীশ্রীগুরুষ্টক-কীর্ত্তনান্তে 'জীব জাগ, জীব জাগ' প্রভৃতি অরুণোদয় কীর্ত্তন এবং শোল করতালের ধ্বনিতে চতুর্দ্দিক মুখরিত হইতে লাগিল। সেই ধ্বনিতে আকৃষ্ট হইয়া তাপদগ্ধ জনগণ মঠের দিকে ছুটিয়া আসিতে লাগিলেন।

শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভুর ইঙ্গিতক্রমে শ্রীমদ্ভক্তিবিবেক ভারতী মহারাজ মহোৎসবটী সুসম্পন্নরূপে করিবার জন্য যোগ্যতা বুঝিয়া মঠবাসী ও গৃহস্থ ভক্তগণকে বিভিন্ন সেবাকার্য্যে নিযুক্ত করিলেন।

শ্রীচৈতন্যমঠের অন্যতম ট্রাষ্টী, শ্রীকৃষ্ণযোজন-মঠের রক্ষক, সুপণ্ডিতবিদ্যা বিশারদ ও কাকুকাব্যে সুনিপুণ শ্রীযুক্ত পরমানন্দ ব্রহ্মচারী বিদ্যারত্ন প্রভু শ্রী মৈত্রবিনোদ-রমণজীউর শ্রীমঞ্চ ও শ্রীমন্দির সুসজ্জিত করিবার ভার গ্রহণ করিয়াছিলেন। বলা বাহুল্য, তিনি তাঁহার প্রাণের ঠাকুর শ্রীশ্রীগৌরবিনোদরমণ-জীউকে এবং শ্রীমন্দিরটীকে বিচিত্র পত্র, পুষ্প, পুষ্পমালা ও বিচিত্র সেবোপকরণ দ্বারা সুসজ্জিত করিয়া সকলচিত্তাকর্ষক করিয়াছিলেন। দর্শকগণ দর্শন করিবার সময় মনে মনে ভাবিতেছিলেন--যিনি এই শ্রীমন্দির ও শ্রীবিগ্রহকে এইরূপ অপূর্ব্ব ভাবে সজ্জিত করিয়াছেন, না জানি, তিনি তাঁহার জদয়মন্দিরে শ্রাম-সুন্দরের কিরূপ ছবি অঙ্কিত করিয়াছেন!

শ্রীপুরুষোত্তম-মঠের সেবক শ্রীপাদ নদীয়ানন্দ ব্রহ্মচারীজী বিবিধ পাককার্য্যে অক্লান্ত পরিশ্রম করিয়া ভক্তগণের আনন্দ বর্দ্ধন করিয়াছেন।

সুকণ্ঠগায়ক শ্রীপাদ হরেকৃষ্ণ দাস অধিকারী মহাশয় মহাজন পদাবলী কীর্ত্তন করিয়া গৌরলীলার চিত্র আঁক করিয়াছিলেন।

গৃহস্থভক্তবর্গের কিরূপে প্রসা, আ বাকা ও বুদ্ধিনাশ শ্রীশ্রীগৌরাঙ্গের সে করা করুণা, তাহার আদর্শ শ্রী যুক্ত সুদর্শ সনাতন দাস অধিকারী প্রভু দেখাইয়াছেন

শুভক্ষণে সৌভাগ্যক্রমে এবং শ্রীযুক্ত ভক্তিবিবেক ভারতী মহারাজ সবের আদি হইতে অন্ত পর্য্যন্ত শ্রীসচ্চি নন্দ মঠে অবস্থান করায় শ্রীমদ্ভ বিবেক ভারতী মহারাজ সপরিষদ দর্শন ও পরিচালন করায় মহামহোৎসব সর্ব্বপ্রকারে সাফল্যমণ্ডিত হইয়াছে।

আর একটী আনন্দের সংবাদ এই মহোৎসবের দিন অপরাহ্ণে ও সন্ধ্যার পূ ছুটার আকাশ ঘনঘটাচ্ছন্ন হইয়াছি এবং মনে হইতেছিল, এখনই মুষলধা বারি বর্ষিত হইয়া আনন্দোৎসবের বি ঘটাইবে, কিন্তু সহরের কোন কোন স্থা প্রবলভাবে বারি বর্ষিত হইলেও শ্রীম এবং নিকটস্থ পল্লী সমূহে দুই এক মিনিট বি বিন্দু বারিপাত হইয়াছিল মাত্র। তাহা মনে হইল, যেন দেবগণ মহোৎসব দ করিতে আসিয়া লোকলোচনের অগোচ আনন্দাশ্রু বর্ষণ করিলেন। শ্রীগুরুপা গণের এই অলৌকিকী শক্তি দর্শন করি সাধারণ লোক আশ্চর্য্য অনেক্ষিত ও মু হইয়াছিলেন; কিন্তু শ্রীগুরুসেবকগণে শ্রীমুখবিগলিত গৌরহরিবাণীকীর্ত্তন-প্রভা ভাগবান্ কীর্ত্তের জন্য কোন চঞ্চলে অনাদি কালের অবিচ্ছেদ ঘোর মেঘ বিদূরি হইতেছে দেখিয়া শুদ্ধভক্তগণ অধিকত আনন্দিত এবং মুগ্ধ হইয়াছিলেন।

সেই সে বিদ্যার ফল জানিহ নিশ্চয়। কৃষ্ণপাদপদ্মে যদি চিত্তবিত্ত রয়॥

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউটে
প্রভুপাদের বক্তৃতা

বিগত ২৭শে জুলাই তারিখে ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্যবর্য্য অষ্টোত্তরশত শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউটে' শুভাগমন পূর্ব্বক যে নীতি ও ধর্ম্ম সম্বন্ধে উপদেশ প্রদান করিয়াছিলেন, তাহার সারমর্ম্ম নিম্নে প্রকাশিত হইল।

মানব-জাতির প্রধান পুরুষ মনুর সময় হইতে শিক্ষার প্রণালী বিভিন্ন দেশে বিভিন্নভাবে প্রবর্ত্তিত হইয়া আসিতেছে। Old Testament-এও মূসা জেরিমিয়া প্রভৃতি আদিম পুরুষগণ শিক্ষাবিধি প্রবর্ত্তন করিয়াছেন; শিক্ষার আদর পৃথিবীর সর্ব্বত্রই আছে।

অশিক্ষিত ব্যক্তিকে শিক্ষিত করাই শিক্ষার উদ্দেশ্য—অশিক্ষিত ব্যক্তির উপর প্রভুত্ব করা শিক্ষার উদ্দেশ্য নহে।

শিক্ষা—নানাবিধ। কতকগুলি শিক্ষা শারীরিক কল্যাণ বিধান করে, কতকগুলি শিক্ষা মানসিক কল্যাণ বিধান করে; আবার কতকগুলি শিক্ষা নৈতিক চরিত্রের উন্নতি বিধান করে। শিক্ষাবিধান-বিচারে যাহাতে প্রকৃত শিক্ষাই শিক্ষার মূল উদ্দেশ্য। অন্যায় শিক্ষা চিত্তকে অসংযত করে। সংযত জীবন (Regularity of life) শিক্ষার এক একান্ত বাঞ্ছনীয়। উচ্ছৃঙ্খল জীবনে (Irregular life) শিক্ষার অভাবজ্ঞাপক। জনসাধারণের উপকারের জন্য যে শিক্ষার প্রয়োজিতা, উহাই স্বাভাবিক শিক্ষা। যে শিক্ষায় জনসাধারণের উপকার হয় না, তাহা কৃত্রিম শিক্ষা।

প্রত্যেক ব্যক্তির মঙ্গলের জন্য কতক গুলি Civic বিধি নির্দ্দিষ্ট আছে। সেগুলি লঙ্ঘন করা নীতিবিরুদ্ধ। সামাজিক, সাম্প্রদায়িক বা জাতীয় রীতি-নীতি, ক্রিয়াকলাপ যেখানে উদারতার ভাব প্রকাশ করে, সেখানে দেশবিশেষের কার্য্যবিশেষের জন্য উহাই হইলেও সেগুলি মানবকল্পিত সাম্প্রদায়িকতা মাত্র।

আমাদের দেশে শুক্রনীতি, চানক্যনীতি প্রভৃতি প্রবর্ত্তিত হইয়াছিল। সেগুলি বর্ত্তমান সময়ে কিছু পরিবর্ত্তিত হইয়া দেশ-কাল পাত্র-বিশেষ-সম্বন্ধে (Toleration) স্বীকার ধারণ করিয়াছে। উদারতার ভাব দ্বারা নীতির অভাব জ্ঞাপন করে।

নীতি আর ধর্ম্ম বলিয়া দুটী জিনিষ আছে: যে নীতি—ধর্ম্মবর্জ্জিত, তাহা উদার নীতি নহে। ধর্ম্মবর্জ্জিত অবস্থাতে কতকগুলি নীতি পালনীয় বটে, কিন্তু যে সমস্ত নীতি ধর্ম্মের বিরোধ বা পরস্পরের বৈষম্য সম্পাদন করে, সেগুলি ঐহিক সাধারণ নীতি; সুতরাং তাৎকালিক মানবকল্পিত মনোধর্ম্মপর; কিন্তু ধর্ম্মনিষ্ঠা ঐহিক ও পারত্রিক উভয়-সম্বন্ধী ব্যাপার, পরলোকবিচাররহিত সাধারণ নীতিগুলি ঐহিক সুখকর। সুতরাং ধর্ম্মের অন্তর্গত নীতি হওয়া আবশ্যক; নীতির অন্তর্গত ধর্ম্ম থাকা আবশ্যক নহে। এই জন্য শাস্ত্রকারগণ নিরীশ্বর-নৈতিক জীবন অপেক্ষা সেশ্বর-নৈতিক জীবনের প্রাধান্য স্বীকার করিয়া গিয়াছেন এবং সেশ্বর নৈতিক জীবন অপেক্ষা সাধন ভক্তের জীবন, তদপেক্ষা ভাবভক্তের জীবন এবং সর্ব্বোপরি প্রেমভক্তের জীবন ভাবরসা-বিচারে সর্ব্বশ্রেষ্ঠ নির্দ্দেশ করিয়াছেন।

পাশ্চাত্য মনীষিগণ বলেন,—নীতির অন্তর্ভুক্ত ধর্ম্ম। আগে নীতি (Morality), পরে ধর্ম্ম (Religion)। নীতি (Morality)—মুখ্য (Primary), আর ধর্ম্ম (Religion) গৌণ (Secondary)। তাঁহা প্রকৃতপক্ষে বিচার করিলে, নীতির অন্তর্ভুক্ত ধর্ম্ম বা ধর্ম্মের অন্তর্ভুক্ত নীতি।

যাহা অপরের অন্যায় সাধন করে না, তাহা নৈতিক। আর যাহা অপরকে আপনার করিয়া তুলে—সকলের প্রতি সমদর্শন আনয়ন করে, তাহা ধর্ম্ম। সুতরাং যাহা উভয়ের প্রতি বৈষম্য আনয়ন করে, তাহা সৎশিক্ষা নহে; সেরূপ শিক্ষা কুফলপ্রদ। শিক্ষার মধ্যে অনর্থক বা অন্যায় বলিয়া কোন জিনিষ থাকা উচিত নহে। সমস্যার অভাব থাকিলে সৎশিক্ষার অভাব বুঝিতে হইবে।

ইতরজগতে অনুষ্ঠান-কালে ধর্ম্ম ও নীতি বিপর্য্যস্ত হইলে অশান্তি-ফল প্রসব করে। অভক্ত জীবন নীতিপুষ্ট হইলেও বাঞ্ছনীয় নহে। সৎশিক্ষার অভাববিবর্দ্ধনই জীবন শান্তিহীন। উদারতা ও অনুদারতার আলোচনার অভাব ধর্ম্ম ও নীতির বৈষম্য আনয়ন করে। নীতিবিগর্হিত কার্য্যে অন্যের অপকার উৎপাদন করে। অবিবেচনার কার্য্যফলে পরস্পর মনোমালিন্য ঘটে, তাহা বাঞ্ছনীয় নহে

এই নীতিবিগর্হিত কার্য্যকে দণ্ডিত করিবার জন্য ফৌজদারী শাসন ব্যবস্থা ভারতীয় দণ্ডবিধি (Indian Penal Code), ফৌজদারী কার্য্যবিধি (Criminal Procedure Code) সৃষ্ট হইয়াছে। আইন সভার মুখপাত্রদিগের দ্বারা দণ্ডবিধির প্রবর্ত্তন। অন্যায় করিলে—লোকসমক্ষে পরের দ্রব্য আক্রমণ করিলে (Civil court) (দেওয়ানী আদালতে) প্রবিলক্ষণ-শাস্তিবিধানের জন্য আশ্রয় গ্রহণ করিতে হয়।

শ্রীধাম-প্রসঙ্গ

(পূর্ব্বপ্রকাশিত ১৩৫ সংখ্যার পর)

শ্রীনিবাসআচার্য্য জাজিগ্রাম-এবং তৎপরে মাইগাছি, মহেশপুর (মাহাপুরাদি) পার হইয়া সর্ব্বশেষে কন্টকীদেশে গিয়াছিলেন। যদি ক্যাঁকড়ার মাঠ হইতে শ্রীনিবাস আচার্য্য প্রভু যাত্রা করিয়া থাকেন এবং প্রথমে সিমুলিয়া (সীমন্তদ্বীপ), পরে পারিগাছা (গোদ্রুমদ্বীপ), তৎপরে মাজিদা (মধ্যদ্বীপ), তৎপরে রাতুপুর (ঋতুদ্বীপ), তৎপরে জাজিগ্রাম (জহ্নুদ্বীপ), তৎপরে মাইগাছি (মোদদ্রুমদ্বীপ) পার হইয়া মাহাপুর হইয়া কন্টকীগড় (কন্টকবনে) যান, তাহা হইলে তাঁহাকে বাইবার সময় এক বার কন্টকীদ্বীপ পার হইয়া যাইতে পুনরায় ক্যাঁকড়ার মাঠকে পশ্চাতে রাখিয়া, কন্টকপুর ইহা তথা হইতে স্বর্ণবিহার হইয়া পুনরায় মহাবৈপের মহাদিঘা ১০।১২ মাইল হাঁটিয়া ক্যাঁকড়ার মাঠে ফেরৎ আসিতে হয়। ইহা ভক্তিরত্নাকর গ্রন্থের বর্ণনার সম্পূর্ণ বিরুদ্ধ।

ভক্তিরত্নাকরে শ্রীনিবাস আচার্য্যের যে নয়টী বিরহ অন্তর্দ্বীপ সম্পর্কে লিখিত হইয়াছে, তাহা যদি এই ক্যাঁকড়ার মাঠের সহিত বা কোন সেটেলমেণ্ট ম্যাপের সহিত মিলাইয়া পাঠ করা হয় তাহা হইলে ক্যাঁকড়ার মাঠে শ্রীমন্মহাপ্রভুর জন্মস্থান কল্পনা কোনমতেই বর্ণনার সহিত সামঞ্জস্য করা যাইবে না।

আবার দেখুন, আহোপুর বা অন্তর্দ্বীপ হইতে স্বর্ণবিহার দুই হয়, ভক্তিরত্নাকরে ইহা লিখিত আছে। যদি বাবলাডি দেওয়ানগঞ্জের সংলগ্ন মাঠ আহোপুর হয়, তবে ঐস্থান হইতে ৪।৬ মাইল দূরে অবস্থিত স্বর্ণবিহার কোন মতেই দেখা যাইবে না।

শ্যামাগোবিন্দ সিংহ যদি শ্রীমন্মহাপ্রভুর জন্মস্থান নির্ণয় করিয়া সেই স্থানে মন্দির নির্ম্মাণ করিতেন, তাহা হইলে তিনি নিশ্চয় সেই মন্দিরে শ্রীশ্রীরামসীতার বিগ্রহ স্থাপন না করিয়া শ্রীমন্মহাপ্রভুর শ্রীবিগ্রহ স্থাপন করিতেন এবং ঐস্থানটীকে নিশ্চয়ই শ্রীমায়াপুর বলিয়া ঘোষণা করিতেন। তাহা হইলে ঐস্থান অদ্য রামচন্দ্রপুরের চড়া, বাহির দীপের মাঠ বা ক্যাঁকড়ার মাঠ নামে খ্যাত না হইয়া অন্তর্দ্বীপের মাঠ বা শ্রীমায়াপুরের চড়া বলিয়াই খ্যাত হইত।

সহিত মিশ্রিত হইয়া গগনস্পর্শ করিতেছিল। তদ্দ্বারা দিঙ্মণ্ডলের যাবতীয় অমঙ্গল দূরীভূত হইয়াছিল।

"ঘণ্টা ফণ্টা গুলো জলে ফেলে দেওয়া" মায়াবাদি-সম্প্রদায় অপেক্ষা এই লেখকের বিচার সহস্রগুণে শ্রেষ্ঠতর।

যৎকিঞ্চিৎ

আমরা ১৯ই শ্রাবণ (১৩৩৮) শনিবারের বঙ্গবাসী পত্রিকায় "আলিপুরের জাদু" শীর্ষক প্রবন্ধে একস্থানে এইরূপ লেখা দেখিতে পাইলাম,—"যে বাড়ীতে বা পল্লীতে মঙ্গল-আরতির ঘণ্টাধ্বনি শুনিয়া বালক যুবক জাগরিত হয় ও সন্ধ্যার শঙ্খ-ঘণ্টা মৃদুগত কল্যাণধ্বনি গ্রামে পৌঁছায়, সেখানে খুনে ডাকাত উদয় হইতে পারে না।"

আমরা লেখকের প্রশংসা না করিয়া থাকিতে পারিলাম না; তিনি যথার্থ লিখিয়াছেন। মঙ্গল আরতির শঙ্খঘণ্টাধ্বনি শ্রবণে শুধু ডাকাতের উদয় কেন, জগতে যাবতীয় অমঙ্গল বিনাশ প্রাপ্ত হয়। শ্রীমদ্ভাগবতে ১০।৬১ শ্লোকেও এইরূপ উক্তি আছে,—

নশ্যন্তি প্রাগাপীনি রজোধ্বানি স্বকর্ম্মসু।
কুকর্ম্মস্থি সাধূনাং ভক্তাদ্যাদ্যুক্তস্য তত্ত্ব কি

যেস্থলে মানবগণ নিজ নিজ ঐহিক এবং পারলৌকিক কল্পে সাধুসঙ্গতি শ্রীকৃষ্ণের রাক্ষসত্ব-বিনাশক শ্রবণাদি ও ভক্তাঙ্গের আচরণ করেন না, সেইস্থলেই রাক্ষসীগণ অত্যাচারের সময় কিন্তু যেস্থলে শ্রীকৃষ্ণ বর্ত্তমান, সেখানে ডাকের আশঙ্কা কি

উপরিউক্ত শ্লোকে শ্রবণাদীনাং পদটী আদি শব্দে কীর্ত্তনাদি যাবতীয় ভক্তাঙ্গকে বুঝায়। আপনিকের শঙ্খঘণ্টা-ধ্বনি ভক্তাঙ্গের অন্তর্গত বুঝিতে হইবে।

ভগবানের শ্রবণাদি ভক্তাঙ্গে রাক্ষস বা ডাকাতের ভয় বিদূরিত হয় না ডাকিনী, যাদুমন্ত্রী ও সূক্ষ্মাত্ম নামক শিশু বিঘ্নজনক প্রেতগণ, ভূত, প্রেত, পিশাচ যক্ষ, রক্ষ, বিনায়ক, কোটরা, রেবতী জোঁক, পূতনা, মাতৃকা প্রভৃতি দেহ, প্রা ও ইন্দ্রিয়ের হিংসকগণ, অপস্মার উন্মাদরোগ, অপদেবতা সকল বৃদ্ধগ্র ও বালগ্রহসকল বিষ্ণুর নাম গ্রহণে ভী হইয়া বিনষ্ট হয়, এইরূপ উক্তি শ্রীমদ্ভাগবতে দেখিতে পাওয়া যায়। কি ইহাই ভক্তাঙ্গসাধনের মুখ্যফল নহে কি ভগবদ্ভক্তগণ আত্মতোষণার্থ তাদৃশ আচর করেন না।

শ্রীউদ্ধব বেকালে ভগবদ্ধামে নন্দব্রজে গমন করিয়াছিলেন, তৎকালে তিনিও এই রূপ লক্ষ্য করিয়াছিলেন,—

উদ্যায়তীনামরবিন্দলোচনং
ব্রজাঙ্গনানাং দিবমস্পৃশদ্ধ্বনিঃ।
দধ্বশ্চ নির্ম্মন্থনশব্দমিশ্রিতো
নিরস্যতে যেন দিশামমঙ্গলম্॥
(ভাঃ ১০ ৪৬।৪৬)

গোপীগণ উচ্চৈঃস্বরে পদ্মপলাশলোচন শ্রীকৃষ্ণের গুণকীর্ত্তন করিতেছিলেন তাঁহাদের সেই কীর্ত্তন-ধ্বনি দধিমন্থন-শব্দে

(অতঃপর ৫ম কলমে দ্রষ্টব্য)

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীমন্মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস-প্রণীত মূল, শ্রীমদ্-বলদেব বিদ্যাভূষণ আচার্য্য-কৃতা তাৎপর্য্য-নির্ণয়টীকা; শ্রীমদ্ বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-কৃত সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, সাধুসঙ্গ অন্বয় ও বিস্তৃত পদ, তথ্য ও বিদ্বৃত্যাদিযুক্ত। প্রতি স্কন্ধের আদিতে প্রতি স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ অধ্যায়ের সারসঙ্গ সুবিস্তৃত তাৎপর্য্যাদি বিবৃত। শ্লোকসূচী বিষয়সূচী, অধ্যায়বিবরণ, পাঠ ও স্থানসূচীসহ উত্তম কাগজে উত্তম অক্ষরে মুদ্রিত। প্রথম হইতে ১০ম স্কন্ধ ১৪ ফর্ম্মা সম্পূর্ণরূপে সেস হইয়াছে। ভিক্ষা প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত ২।৵০; দশম স্কন্ধ ১২৲; ১২৲।

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীমদ্ভক্তি সোদরঠাকুর-রচিত 'অমৃতপ্রবাহভাষ্য' শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত ভক্তাভাস শ্রুতি-স্তুত্যাদি বহু শাস্ত্রপ্রমাণ-সম্বলিত হইয়া প্রকাশিত হইয়াছেন। শ্লোকের সাধয়ব্যাখ্যা, বঙ্গানুবাদও ক পয়ারের পূর্ব্বে সংক্ষিপ্ত অভিধেয় সংযোজিত। প্রতি অধ্যায়-প্রারম্ভে কথাসার দেওয়া আছে। শ্লোক, পদ, স্থান, পাত্র প্রভৃতির শুদ্ধসূচী ও গ্রন্থকারের ত জীবনী সম্বলিত এইরূপ অদ্ভুতপূর্ব্ব সংস্করণ ইতঃপূর্ব্বে প্রকাশিত হয় নাই। উত্তম কাগজে পারিপাট্যের মূল টাইপে মূলাংশ মুদ্রিত হইয়াছে। গ্রন্থ প্রায় ৬০০ পৃষ্ঠায় সম্পূর্ণ ভিক্ষা বর্ত্তমানে ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত সূচীপত্র ভাষা, শব্দসূচী, পয়ারসূচী, বিশেষ-স্থান পাঠান্তরাদি, প্রভৃতি বিবিধ বিষয়-সম্বলিত বিরাট দ্বিতীয় সংস্করণ ক্রাউন ৮ পেজী আকার। আদিলীলা ও মধ্যের কিয়দংশ প্রকাশিত হইয়াছেন। ক্রমে ক্রমে প্রকাশিত হইবেন। অগ্রিম ভিক্ষা ৫৲ টাকা, আদি লীলার ৩৲।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের এরূপ অভিনব সুন্দর সংস্করণ আর কুত্রাপি প্রকাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকাংশের অন্বয়, বঙ্গানুবাদ, ব্যাখ্যা, কথাসার, তথ্য প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। মূল মোটা অক্ষরে ডবল ক্রাউন আটপেজী আকারে ছাপা হইয়াছে। মূল্য ২৷৹ টাকা। নদীয়া প্রকাশ ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১৷৹ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

—শ্রীগৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিঠাকুর গোস্বামিকৃতা সারার্থবর্ষিণী টীকা ও শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'রসিক-রঞ্জন' নামক ভাষাভাষ্যসহিতা। অধ্যায়সূচী, মাতৃকাক্রমে শ্লোক-সূচী, বিশেষ-সূচী, গ্রন্থকারের জীবনী ও অবতরণিকাদি বিষয়-সহ উৎকৃষ্ট বাঁধাই তৃতীয় সংস্করণ—এই গ্রন্থের ভিক্ষা ২৲ টাকা মাত্র, সাধারণ সংস্করণ—১৷৹ টাকা মাত্র।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের স্নেহ অধিষ্ঠা বিদ্বদ্বাসিনী ভাষায় স্বতঃপ্রোদ্ভাসিনী কৃষ্ণ-কার্ষ্ণমন্ত্রদায়িনী ভাষায় গাঁর মুক্ত-বিগ্রহ—বৈষ্ণবধর্ম্ম-রহস্যসমূহ বোদ্ধৃত্বমনি—সম্প্রদায় বৈষ্ণবধিজ্ঞানাগারের মৌলিক তথ্য- পঞ্চরাত্র ও ভাগবতের গবেষণাগুরু—মহাজন-জীবনচরিত-শিক্ষক—চিরবিশ্বাসচিন্তাজ্ঞ-অচিন্ত্যাত্ত-বিচারক—ঐশ্বর্য্য ও মাধুর্য্যরসের মৌলিক গবেষণার —সমন্বয়, অভিধেয় ও প্রয়োজন-তত্ত্বের সিদ্ধান্ত-সমূহ।

১। **প্রথম খণ্ড**—বৈষ্ণবদর্শন, শ্রীগুরুতত্ত্ব, কাল-ধর্ম্ম, শ্রীমন্মহাপ্রভাব, শ্রীবার্ষভানবী, পাঞ্চরাত্রিকী দীক্ষা ও বর্ণ বিচার, আত্মধর্ম্ম ও মনোধর্ম্ম, শ্রীচৈতন্যদেব ও তাঁহার শিক্ষা, অপ্রাকৃত সহজধর্ম্ম ও প্রাকৃত সহজধর্ম্ম, প্রভৃতি বিংশতি সাধ্যক গ্রন্থে সুশোভিত। ভিক্ষা মাত্র ৸৹ বার আনা।

২। **দ্বিতীয় খণ্ড**—শুদ্ধা ও বিদ্ধা ভক্তি, মনুষ্যের শ্রেষ্ঠতা কোথায়, আত্মার নিত্যবৃত্তি, শ্রীগুরুর স্বামিপাদ ও মায়াবাদ, শ্রীগৌর-নিত্যানন্দ প্রসঙ্গ, ত্রিযুগের ধর্ম্ম ও কৃষ্ণ-কীর্ত্তন, শ্রীব্যাসপূজায় শ্রীমদ্ভাগবতের কীর্ত্তন, শ্রীগৌর-নামের মহিমা, মহাপ্রসাদ, শ্রীগোবিন্দ, শ্রীগুরুপাদপদ্মজন-পথ, শ্রীমতী বৃন্দাঙ্গনাদিনী, শ্রীচৈতন্যের দয়া, গৌরকথা ও কৃষ্ণসঙ্কীর্ত্তন—চতুষ্টয় অপূর্ব্ব মধুরিমাপূর্ণ বক্তৃতা-বিবৃতিত। ভিক্ষা ১৲ এক টাকা মাত্র।

৩। **তৃতীয় খণ্ড**—লোকপ্রিয়তা ও সত্যপ্রিয়তা শ্রীবলদেব প্রসঙ্গ, শ্রীকৃষ্ণাবির্ভাব, বৈষ্ণব, শ্রীগীতাদেবীর আবির্ভাব-প্রসঙ্গ, শ্রীমদ্ভাগবতের সত্তা, ইতিহাসপূজায় শ্রীমদ্-ভাগবতের পুনরাবৃত্তি, শ্রীনামসঙ্কীর্ত্তন ও হরিসেবার নিত্যতা —এই নয়টী সুদার্শনিক বক্তৃতাসম্বলিত। ভিক্ষা ৸৹ মাত্র।

ওঁ মদ্ভগবদ্গীতা

গৌড়ীয়-বৈষ্ণবদার্শনিক-শেখর শ্রীশ্রীমদ্-লদেব বিদ্যা ভূষণকৃত ভাষ্য ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরেরপ্রাঞ্জল বঙ্গ-ভাষায় বিস্তৃত 'বিদ্বদ্রঞ্জন' নামক ভাষ্যযুক্ত। অধ্যায়-সূচী, বিষয়সূচী, ও প্রতি শ্লোকের প্রথম ও তৃতীয় পাদ সূচী, ভাষ্যকারের জীবনী প্রভৃতি সম্বলিত। উৎকৃষ্ট বাঁধাই, রাজসংস্করণ (তৃতীয় সংস্করণ) গ্রন্থের ভিক্ষা ২৲ টাকা।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

(প্রমাণখণ্ড) সানুবাদ। স্মৃতি-পুরাণাদি গ্রন্থে শ্রীনব-দ্বীপের যে মহিমা কীর্ত্তিত আছে, তাহার মূল সংস্কৃত ও অনুবাদ। ভিক্ষা ৵০ আনা।

শ্রীঠাকুর ভক্তিবিনোদ লিখিত। সুললিত গীতাকারে নবদ্বীপধামাদি-বিষয়ক। ভিক্ষা ।০ আনা।

ভক্তিরত্নাকর ও নবদ্বীপ পরিক্রমা

শ্রীল নরহরি চক্রবর্ত্তি-ঠাকুর রচিত। ভক্তিরত্নাকর হইতে পরিক্রমাংশ মাত্র গৃহীত; শ্রীজীব গোস্বামী কি প্রকারে শ্রীনবদ্বীপধামের পরিক্রমা করিয়াছিলেন, তাহাই পদ্যে বিবৃত। ভিক্ষা ৵০ আনা

শ্রীচৈতন্যশিক্ষামৃত

শ্রীভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। শ্রীচৈতন্যদেবের শিক্ষাপ্রণালী—কৃষ্ণ, কৃষ্ণশক্তি ও জগৎ—বদ্ধ ও মুক্ত জীব—অচিন্ত্য-ভেদাভেদ-তত্ত্ব—সাধন-নির্ণয়—প্রয়োজন-তত্ত্ব, কর্ম্ম-কাণ্ড, জ্ঞানাদির বিচার—বৈধী ভক্তি, ভাবভক্তি ও প্রেমভক্তিসহ নামভজন-প্রণালী ও অষ্টকালীয় লীলা-পরিচয়াদি প্রথম শিক্ষার্থীর উপযোগী করিয়া সরল ভাষায় সুন্দর যুক্তি-প্রমাণসহ লিখিত আছে। চতুর্থ সংস্করণ বাঁধা ২৲ টাকা, আবার্দ্ধ ১৷০ টাকা মাত্র।

গৌড়ীয়কণ্ঠহার

শ্রীগৌড়ীয় বৈষ্ণবগণের অনুক্ষণ কণ্ঠে ধারণযোগ্য প্রতি স্মৃতি পুরাণ-পঞ্চরাত্রাদি সাত্বত-শাস্ত্রসমূহের প্রমাণাবলী বিশদবিভাগক্রমে সানুবাদ গুম্ফিত। এইরূপ বৈষ্ণব-সিদ্ধান্তের সারসময় অন্য কুত্রাপি প্রকাশিত হয় নাই। ইহাতে গুরু-তত্ত্ব—ভাগবত—বৈষ্ণব—গৌর—নিত্যানন্দ—অদ্বৈত—কৃষ্ণ—শক্তি—জগৎতত্ত্ব—জীব—অচিন্ত্যভেদাভেদ—অভিধেয়—সাধনভক্তি—বর্ণ-ধর্ম্ম—আশ্রম-ধর্ম্ম—শুদ্ধশ্রাদ্ধ—শ্রীনাম—প্রয়োজন ও প্রমাণ-তত্ত্বগুলি পৃথক্ অধ্যায়ে গুরুবৎ শ্লোকাদি সূচীসহ উৎকৃষ্ট এন্টিক কাগজে রোয়াল ১২ কালিতে মুদ্রিত, উৎকৃষ্ট বাঁধা সোনার জলে নাম লেখা। গ্রন্থ প্রায় ৪০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা ২৲ টাকা মাত্র।

শ্রীনবদ্বীপধাম-প্রদক্ষিণ

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত 'নামাচার্য্য—নাম-মাহাত্ম্যের সানুবাদ প্রমাণ খণ্ড—শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরের ধাম-পরিক্রমাংশ—শ্রীধাম নবদ্বীপ পরিক্রমা—তীর্থ-যাত্রা পদ্ধতি—শ্রীমৎ প্রবোধানন্দকৃত নবদ্বীপশতকম্—শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ প্রভৃতি গ্রন্থ একত্র ভিক্ষা ৸৹ আনা মাত্র।

শ্রীহরিনামামৃত ব্যাকরণ

শ্রীজীব গোস্বামী প্রভুপাদ-বিরচিত সূত্র ও বৃত্তি, তৎসঙ্গে ওঁবিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের বিস্তৃত ভূমিকা ও সূচী প্রভৃতি সহ। অপ্রত্যাশিতভাবে সুলভ। ভিক্ষা ২৲ টাকা, ছাত্রগণের পক্ষে ১৷০ টাকা মাত্র।

বেদান্তসূত্রসার

শ্রীমদ্রামানুজাচার্য্য-রচিত। বেদান্তের বিশিষ্টাদ্বৈতবাদ-প্রচারক শ্রীভাষ্য প্রণেতা আচার্য্য প্রবর বেদান্তদর্শন পাঠের উপযোগী করণার্থ এই উদ্যম করিয়াছেন। ইহাতে বঙ্গানুবাদ ও সূচীপত্রাদি সংযোজিত করা হইয়াছে। নাম মাত্র ভিক্ষা ৷০ আনা।

শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও নবদ্বীপশতক

গৌরপার্ষদ দ্বিতীয় শ্রীমৎ প্রবোধানন্দ সরস্বতী প্রণীত মূল, প্রভুপাদ শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ সম্পাদিত অন্বয়মুখে বাঙ্গালা ও বঙ্গানুবাদ সম্বলিত। নবদ্বীপশতকের শ্রীভক্তিবিনোদ ঠাকুরের পদ্যানুবাদ ও তৎসহ শ্রীমন্মহাপ্রভুর একটী ত্রিবর্ণরঞ্জিত অলৌকিক চিত্র প্রদত্ত হইয়াছে। মূল ও কাগজ উৎকৃষ্ট (২ খানা একত্রে) ভিক্ষা ৸৹ আনা, অতি সুদৃশ্য বাঁধাই রাজসংস্করণ ১৲ টাকা মাত্র।

ভক্তধর্ম্ম

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। এই একমাত্র গ্রন্থ-রত্নের জ্ঞান লাভ করিলে পারমার্থিক রাজ্যে কিছুই অজ্ঞান থাকিবে না। পরম গূঢ় সম্বন্ধাভিধেয় এই-রূপ সরল ও সরস গ্রন্থ এ পর্য্যন্ত প্রকাশিত হয় নাই। [illegible]-শাস্ত্র-মন্থনে এই গ্রন্থরত্ন [illegible] করিয়াছেন। আবার কথাসার [illegible] ভাষা বিশেষ সরল করা হইয়াছে। বিষয়টি গ্রন্থ, [illegible] আর নাম লেখা, উহাই বাঁধাই—চতুর্থ সংস্করণ ডিমাই ২৲ টাকা মাত্র।

প্রেমবিবর্ত্ত

শ্রীমন্মহাপ্রভুর অন্যতম পার্ষদ শ্রীল স্বরূপদামোদর প্রভু বিরচিত। এই পুস্তকে অতি সুগোপ্য আকারে মহাপ্রভুর কৃষ্ণবিরহ লীলাসহ বৈষ্ণবাচার্য্য, একাদশী ও নামভজন-প্রণালী প্রভৃতি অনেক বৈষ্ণবতত্ত্বের সুমীমাংসা দেখিতে পাইবেন। গার্হস্থ্যিকগণ ভজন স্থলের নিমিত্ত ও গ্রন্থকর্ত্তার পরিচয়াদি-সম্বলিত চতুর্থ সংস্করণ ডিমাই ৸৹ ছয় আনা মাত্র।

ভজনরহস্য

ভজনকারীর নিত্যসঙ্গী ঠাকুর ভক্তিবিনোদের অমূল্য দান; নিখিল শাস্ত্রের নির্য্যাস। গ্রন্থখানি না দেখা পর্য্যন্ত কেহ বুঝিতে পারিবেন না। তৃতীয় সংস্করণ ডিমাই ৷৹।

হরিনামচিন্তামণি

নামাচার্য্য শ্রীল হরিদাস ঠাকুরের মুখে শ্রীমন্মহাপ্রভু শ্রীনাম-মাহাত্ম্য, নামাভাস, নামাপরাধ প্রভৃতি বিষয়ের যাবতীয় বিচার শ্রবণ করিয়াছিলেন। এই বিষয়গুলির অতি সরল পয়ারে সারগর্ভ আশ্চর্য্যরূপ পরিপাটিভাবে বর্ণিত। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। পঞ্চম সংস্করণ ডিমাই ৸৹

কল্যাণকল্পতরু

শ্রীভক্তিবিনোদ ঠাকুর রচিত। প্রত্যেক ভগবদ্-বিশ্বাসী ও জ্ঞানপথের পথিকের একান্ত প্রয়োজনীয় উপদেশাবলীপূর্ণ স্তুতিগ্রন্থ। নামাক্ষর লেখাপড়া জানা লোকের এই ভজনরহস্যের স্তুতিসমূহের দ্বারা অনর্থনিবৃত্তি ও ভগবৎসেবা লাভ করিবার সুবিধা পাইবেন। যন্ত্রস্থ, ডিমাই ৷৵০ আনা মাত্র।

শরণাগতি

শ্রীভক্তিবিনোদ ঠাকুর-রচিত। ভগবানে আত্মসমর্পণ, বিজ্ঞপ্তি, ভজনলালসা, ষড়্‌বিধা শরণাগতি ও সিদ্ধি-লালসা-বিষয়ক পূর্ত্তিপূর্ণ, ডিমাই ৷৵০ আনা মাত্র।

গীতাবলী

শ্রীঠাকুর ভক্তিবিনোদ-প্রণীত। নিত্য ভজন, আরাত্রিক ও প্রবাস-সেবনাদি-বিষয়ক মধুর গীতসমূহ একত্রে গ্রথিত ডিমাই ৷৵০ আনা মাত্র।

শিক্ষাপ্রকাশ

শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ও শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর প্রতি শ্রীরূপ গোস্বামীর উপদেশাবলী, ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিষয়ে সুবিচারপূর্ণ সংগ্রহ ভাষ্য, বিস্তৃত নিবৃত্তি, চরিতামৃতের প্রমাণ, সাধন ব্যাখ্যা ও মহাজন প্রদত্ত অনুশীলনী গীতসমূহ প্রত্যেক শ্লোকের সহিত সন্নিবেশিত হইয়াছে। ৩য় সংস্করণ ডিমাই ৷৵০ আনা

সাধন-কণ

শ্রীরঘুনাথ দাস গোস্বামীর মনঃশিক্ষা শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-কর্ত্তৃক পদ্যানুবাদসহ। ডিমাই ৷০ আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা

শ্রীল ঠাকুর নরোত্তমের সুপ্রসিদ্ধ 'প্রেমভক্তিবিবরক গানের পুস্তক ডিমাই ৵০ আনা মাত্র।

নবদ্বীপশতক

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপাদের সংস্কৃত নবদ্বীপশতকের সুললিত পদ্যানুবাদ। ডিমাই ৵০ আনা মাত্র।

অর্থপঞ্চক

লোকাচার্য্য রচিত। বৈষ্ণবতা-জ্ঞানের আকর পুস্তক। ডিমাই ৵০ আনা মাত্র।

সদাচারস্মৃতি

শ্রীল মন্ত্রাচার্য্য-প্রণীত। বৈষ্ণবের নিত্যকর্ত্তব্যাদি সদাচারাবলী, বঙ্গানুবাদ সহিত ডিমাই ৵০ আনা মাত্র।

মণিমঞ্জরী

কবিকুলকেশরী শ্রীমন্নারায়ণাচার্য্য রচিত শ্রীমদ্ভাগবতের সংক্ষিপ্ত জীবনলীলা ও মূল বৈষ্ণবদর্শনতত্ত্ব। সানুবাদ ডিমাই ৷০ আনা মাত্র।

গৌরকৃষ্ণোদয়

প্রাচীন কবি শ্রীগোবিন্দ দেব প্রণীত শ্রীগৌরাবতারের প্রমাণাবলী-সম্বলিত সংস্কৃত গ্রন্থ। ডিমাই ৷০ আনা।

যুক্তিমল্লিকা (জগৎসৌরভ)

শ্রীমন্নরসিংহাচার্য্যপ্রভু শ্রীমন্নিবাস স্বামিকৃত। বঙ্গাক্ষরে সানুবাদে এই গ্রন্থের প্রকাশ পারমার্থিক সাহিত্য-জগতে এই সর্ব্বপ্রথম। শ্রীমন্মধ্বাচার্য্য হইতে ষোড়শাধস্তন দ্বিতীয় মধ্বাচার্য্য নামে খ্যাত শ্রীব্যাসতীর্থ স্বামী এই গ্রন্থে সাধারণ যুক্তি ও লৌকিক ন্যায়ানুসারে কিরূপ সুন্দররূপে ভক্তিবিরোধি-মতবাদ সমূহ খণ্ডন করিয়াছে, তাহা পাঠ করিতে করিতে আশ্চর্য্যান্বিত হইতে হয়। ইহাতে যুক্তির দ্বারা চার্ব্বাক, জৈন, বৌদ্ধ, মীমাংসক ও মায়াবাদিমত-সমূহের সুন্দর খণ্ডন রহিয়াছে। ডিমাই ২৲ টাকা মাত্র।

গোস্বামী শ্রীল রঘুনাথ দাস

(ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত ভূমিকা সহ) গৌরপ্রেষ্ঠ স্বরূপ-রূপের একমাত্র প্রিয়তম শ্রীল দাস গোস্বামী প্রভুর অপূর্ব্ব চরিতামৃত ও শিক্ষা অতীব প্রাঞ্জল ও সরল ভাষায় সন্নিবেশ এবং পরিশিষ্টে দাসগোস্বামী প্রভুর বিরচিত কতকটী সানুবাদ মধুরতম স্তব ও মনঃশিক্ষা-সম্বলিত। ডিমাই বাঁধাই ৷০ আনা, আধাবাঁধাই ৷৵০ আনা মাত্র।

চিত্রে নবদ্বীপ

প্রাচীন নবদ্বীপের অবস্থিতি, কথা, ঐতিহ্য, শ্রোত ও ঐতিহাসিক প্রমাণসম্বলিত মডেল ধামের সচিত্র বিবরণ-গ্রন্থ। রাণাঘাট রাজবাটীর কুমার শ্রীযুক্ত শরদিন্দু নারায়ণ রায় এম, এ, প্রাক্তন লাহোরা, বেলাস্থকুল মহোদয় কর্ত্তৃক সঙ্কলিত এবং ৪৩ খানি বিভিন্ন বর্ণের অপূর্ব্ব চিত্র ও মানচিত্র সম্বলিত; প্রাচ্যবিদ্যামহার্ণব রায় সাহেব শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু বিশ্বকোষসম্পাদক মহাশয়ের বিস্তৃত ভূমিকা সহ। উৎকৃষ্ট (ইং ১ সরকো বাঁধাই মূল্য ১৷০, ভিঃ পিঃ ১০ ২৲ টাকা মাত্র।

সাধক-কণ্ঠমালা

গুরুবন্দনা, বৈষ্ণব-বন্দনা, বৈষ্ণবস্মরণ, ধামালের ঠাং শ্রীনামস্তুতি, শ্রীমন্মহাপ্রভুর অষ্টোত্তরশত নাম,' অষ্টকাল নামকীর্ত্তন, শ্রীনামসঙ্কীর্ত্তন, প্রেমধ্বনি, 'বাউলগীত' মনঃশিক্ষা-মহিমা, শ্রীধামবাসের মহিমা, শ্রীনরোত্তম-প্রভুর অ আচার্য্য-বন্দনা, ষড়্‌গোস্বামীর অষ্টক, প্রেমভক্তিচন্দ্রি উপদেশমালা, নামভজন-প্রণালী, মহাপ্রভু ও রায় রামান্ন সংবাদ, মনঃশিক্ষা, শ্রীগুরু-প্রণতি, শ্রীগুরু-পরম্পরা মহাপ্রভুর বন্দনা প্রভৃতি সাধক ও সিদ্ধজীবনের নিত্যসঙ্গী বৈষ্ণবগণের কণ্ঠাশ্রিত ভূষণীয়ালার ন্যায় অপূর্ব্ব ও ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ। ডিমাই ৷৵০, বাঁধাই ৷০ মাত্র।

গৌড়ীয়-গৌরব

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট প্রেসে গৌড়ীয় সম্পাদক শ্রীপাদ সুন্দরানন্দ পরবিদ্যাবিনোদ-প্রভু প্রণীত বক্তৃতার সি গ্রন্থাকারে প্রকাশিত। ইহাতে গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ে ইতিহাস, গ্রন্থাকারে গ্রথিত হইয়াছে। ডিমাই ৵০ মাত্র।

গৌড়ীয় সাহিত্য

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট প্রেসে গৌড়ীয় সম্পাদক শ্রীপাদ সুন্দরানন্দ পরবিদ্যাবিনোদ-প্রভু প্রণীত বক্তৃতার সি গ্রন্থাকারে প্রকাশিত। ইহাতে সাহিত্য-শব্দের অর্থ এ গৌড়ীয়-সাহিত্যের বিষয় সুন্দরভাবে বর্ণিত হইয়াছে। ডিমা ৵০ আনা মাত্র।

শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা-দর্পণ

শ্রীগৌড়দেশের যে সকল স্থানে সপরিকর শ্রীমন্মহাপ্র এবং তদনুগ পরবর্ত্তী মহাজনগণ লীলা করিয়া গিয়াছেন সেই সব আধুনিক ভৌগোলিক পরিচয় ও দেববিগ্রহাদি পরিচয় সহ যাতায়াতের সুবিধা নির্দ্দেশ ইত্যাদি বিষয়গু সন্নিবেশিত আছে। ডিমাই ৷০ আনা।

THE HARMONIST OR SHREE SAJJANATOSHANI

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রতিষ্ঠিত এবং শ্রীল ভক্তি সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ সম্পাদিত পারমার্থি মাসিক পত্র। একণে ইংরাজী ভাষায় অষ্টাবিংশ ব ডবলক্রাউন ৮ পেজী ৪ ফর্ম্মা আকারে প্রতি মাসে নামের বিজ্ঞ-বৈষ্ণবগণী লইয়া উপস্থিত হইতেছেন কাগজ, মুদ্রণ-পারিপাট্য ও চিত্রাদি অভাব চিত্তাকর্ষক এই প্রকার উৎকৃষ্ট প্রবন্ধ আর কোন মাসিক পত্রাদি দেখিতে পাইবেন না। বার্ষিক ভিক্ষা ডাকমাশুলসহ টাকা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর নদীয়া

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও আদর্শচরিত্র শিক্ষকগণ ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

সবিস্তার সংবাদের জন্য নিম্নলিখিত ঠিকানা পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

—৫১ বৎসরের প্রতিষ্ঠিত—

ঔষধালয়ে প্রস্তুত বটীকা

যাবা শুক্রতারল্য, স্বপ্নদোষ, কোষ্ঠকাঠিন্য, অর্শ, প্রমেহ প্রভৃতি রক্ত রোগীর রোগ নিরাময় হইয়াছে তাহা প্রকাশ করিলে বড় বড় পুস্তক হইয়া পড়ে।

ইহা

সকল ঋতুতে ব্যবহার চলে ও সমান ফল প্রদান করিয়া থাকে। প্রতি কৌটায় ৩২টী বটীকা থাকে।

কেবলমাত্র

প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা। ইহার নাম "আতঙ্কনিগ্রহ বটীকা"।

অন্যান্য ঔষধের তালিকার জন্য পত্র লিখিলেই পাইবেন

প্রাপ্তিস্থান :—আতঙ্কনিগ্রহ ঔষধালয়

২১৪ নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

মফঃস্বলের সুবিধার জন্য ৩ আঃ শিশিতে ঘনীভূত অবস্থায় ছোটবোতলের সমস্ত ঔষধ ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ১০ আনা, পাইট ৸৵০ আনা, বোতল ১৵০ আনা।

অফিস—১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

শ্রীভাগবত প্রেস

ঘোষাড়ী হাইষ্ট্রীট

কৃষ্ণনগর

এখানের বিবাহের নিমন্ত্রণ-পত্র, প্রীতি-উপহার, কার্ড, গ্রন্থ এবং অন্যান্য যাবতীয় কার্য্য ছাপা হইয়া থাকে। ছাপায় ও কাজে সব অপেক্ষা সুলভ। পরীক্ষা প্রার্থনীয়।

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস্, এন্, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈজ্ঞানিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

৬৮ নং কটন ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈবপ্রাপ্ত যক্ষ্মার একমাত্র মহৌষধ

পনর দিনে সম্পূর্ণ আরোগ্য

রোগী দেখাইতে হইবে। অগ্রিম পাঁচশত বত্তি (বাত্তা এবং আসিবে) পাঠাইলে বিনা রোগী দেখা হয় অথবা এখানে আসিলে রোগী দেখিয়া ঔষধ দেওয়া হয় আরোগ্য না হওয়া পর্য্যন্ত পারিশ্রমিক নিতে হবে না। ধনীর রোগীদের খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়। বিস্তারিত বিবরণের জন্য এক আনার ডাক টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীকিতীশচন্দ্র উকীল, যক্ষ্মা-চিকিৎসক, পোঃ নৈকাঠী, বরিশাল।

অথবা নিম্ন ঠিকানায় সাক্ষাৎ করিয়া বিস্তারিত জানিতে পারেন।

শ্রীযুক্ত রামগোপাল বসু এম, এ, কৃষ্ণনগর, নদীয়া। শ্রীযুক্ত কালিপদ সিংহ, ১১৭, বেলিয়াঘাটা ষ্ট্রীট, শাটখোলা, কলিকাতা।

একখানি পত্র। আমার ভ্রাতুষ্পুত্র গত ছয় মাস যাবৎ রাজ যক্ষ্মায় ভুগিয়া মৃতপ্রায় হইয়াছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাহার জীবনের আশা ত্যাগ করিয়া শেষ মুহূর্ত্তের জন্য অপেক্ষা করিতেছিলেন এই সময় শ্রীযুক্ত কিতীশচন্দ্র উকিল মহাশয় মাত্র ১০ দিন চিকিৎসা করিয়া সম্পূর্ণ আরোগ্য করিয়া দিয়াছেন। (সাঃ) শ্রীবীরেন্দ্র কিশোর রায় চৌধুরী (জমিদার পালিয়া) ৬নং ষ্ট্রীট, নিউ বিল্ডিং। কর্পোরেশন হাউস ডিগ্রা টমেন্ট, কলিকাতা।

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার—গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেন গ্রাহকগণ

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কসের

এত প্রশংসা করেন

—কারণ—

এখানে যাবতীয় ছাপার কার্য্য—

গ্রন্থাদির কার্য্যই বলুন,

বিবাহের নিমন্ত্রণ পত্র, কার্ড, বিবাহের পদ্যই বলুন,

আর ৩ রং ও ৪ রংএর হাফটোন ব্লকই বলুন, সকল কার্য্যই অল্প সময় ছাপা হয়, অথচ ছাপাইবার খরচ বাজার অপেক্ষা সুলভ।

আপনার কিছু ছাপার কার্য্য থাকিলে নিম্নঠিকানায় জানাইলেই পাইবেন।

ম্যানেজার—গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

২৪৩।২ নং আপার সার্কুলার রোড, কলিকাতা

লণ্ডন গমনের সঙ্কল্প পরিত্যাগ

বোম্বাই হইতে এজেন্স এক সংবাদ পাঠাইয়া দিয়াছে যে, ডাঃ এম, এ আন্সারী নিশ্চিতরূপে তাঁহার লণ্ডন যাত্রা বন্ধ করিয়াছেন।

তিনি প্রথমতঃ গান্ধীজীর সহিত আগামী ১৫ই আগষ্ট তারিখে লণ্ডন যাত্রা করিবেন, এরূপ সঙ্কল্প করিয়াছিলেন। তিনি যখন গত সপ্তাহে দিল্লী হইতে বোম্বাই যাত্রা করেন, তখন তাঁহাকে এক দল হিন্দায় অভিনন্দনে সম্মানিত করা হইয়াছিল।

হিজলভাঃ চুরি

সিউড়ী হইতে প্রকাশ যে রবিবার বা আগষ্ট সন্ধ্যাকালে সিউড়ীর ডাক্তার অঘোরচন্দ্র রায়ের একটা ৮ নলা হিজলভার, ১০টা টোটা ও ১ শত টাকার নোট চুরি গিয়াছে। জোর পুলিস তদন্ত চলিতেছে এখনও কেহ গ্রেপ্তার হয় নাই।

গোল টেবিলের প্রতিনিধি

গোল টেবিল বৈঠকের স্বাইওয় গঠন কমিটীর সদস্য সার সুলতান আমেদ আগামী ১২ই আগষ্ট পাটনা হইতে বোম্বাই যাত্রা করিবেন। তথা হইতে সুলতান জাহাজে ১৫ই তারিখে তিনি লণ্ডন যাত্রা করিবেন। বিহারের অন্যান্য নেতা—খারভাঙ্গার মহারাজা বাহাদুর, সার আলি ইমাম ও মৌলবী মাজহারুল হক আইনী এই সেপ্টেম্বর বিলাতে যাইবেন। আর আলি ইমামের সহিত মেজর ইমামও যাইবেন।

শিখ লীগের দাবী

গত রবিবার শিখ যুব সমিতির উদ্যোগে এক সভার অধিবেশন হইয়া গিয়াছে। সভায় সরকারকে নিন্দা করিয়া বলা হইয়াছে যে, গোলটেবিল বৈঠকে সংখ্যা ও কম ভাগ হইতে কোন সম্প্রদায়কে বঞ্চিত করা হয় নাই। এই হেতু এই সভা স্থির করিতেছেন যে লণ্ডনে বৈঠকের যে সিদ্ধান্ত হইবে তাহা শিখরা গ্রহণ করিবেন না।

রামকৃষ্ণ বিশ্বাসের ফাঁসির জের
কতিপয় ছাত্রের জরিমানা

চট্টগ্রাম হইতে প্রকাশ যে স্থানীয় মিউনিসিপ্যাল হাই স্কুলের উচ্চ শ্রেণীর কয়েক জন ছাত্রের জরিমানা হইয়াছে। এই ছাত্রেরা নাকি রামকৃষ্ণ বিশ্বাসের ফাঁসীর সংবাদ পাইয়া ক্লাশ বয়কট করিয়া বাহির হইয়া গিয়াছিল।

এম এল সি'র বাটীতে পুলিস

জিলা ম্যাজিষ্ট্রেটের প্রদত্ত পরোয়ানা-বলে পুলিশ ৬ই আগষ্ট খাগড়ার এম এল সি ইউসর রেজ্‌ভের বাটীতে খানা তল্লাস করিয়াছে। বাবস্থাপক সভার আগামী অধিবেশনে বাঙ্গা বিদ্রোহ সম্পর্কে তিনি যে সকল প্রশ্ন করিবার সঙ্কল্প করিয়াছিলেন, সেই সংক্রান্ত কাগজপত্র তাহারা লইয়া গিয়াছে।

ইহার কিছুক্ষণ পরে পুলিস ইন্দ্রোস নামক একজন চীনার বাসা খানাতল্লাস করে। ঐ বাড়ীতে শান প্রেসের ডাইরেক্টরও অবস্থান করেন। প্রায় ২ ঘণ্টা খানা-তল্লাসের পর পুলিস ৪টি কথা ও ইউ লিখিত ১৩ খানা পুস্তিকা লইয়া যায়। প্রকাশ, পুস্তিকার নামাস্থান হইতে সকলেরা ও বিপ্লব লোকের লেখা সংযুক্ত আছে।

ময়ূরভঞ্জের রাজার ১ লক্ষ টাকা দান

ময়ূরভঞ্জ রাজ্যে পরলোকগত মহারাজ পূর্ণচন্দ্র ভঞ্জ দেবের নামে একটি শিল্প শিক্ষালয় স্থাপিত হইয়াছে। ঐ রাজমাতা মহারাণী তাঁহার স্বামীর স্মৃতি রক্ষার্থে উক্ত প্রতিষ্ঠানে একলক্ষ টাকা দান করিয়াছেন। মহারাজ সাহেব নিজে গত ১৯শে জুলাই উক্ত প্রতিষ্ঠানের উদ্বোধন কার্য্য সম্পন্ন করিয়াছেন।

উত্তর কলিকাতায় দিনে চুরি

প্রকাশ, জনৈক পশ্চিমা মুসলমান যখন কলিকাতা মসজিদ বাড়ী ষ্ট্রীটে জনৈক বেপারীর গৃহে প্রবেশ করে, তখন সে গৃহে উপস্থিত ছিল না। সুতরাং আসামী বাক্স ভাঙ্গিয়া মূল্যবান দ্রব্যাদি স্থানান্তরিত করিতেছিল, এমন সময়ে উক্ত রমণী তথায় উপনীত হইয়া চীৎকার করিলে বাটীর অন্যান্য অধিবাসীরা তথায় উপনীত হয়। কিন্তু তাহারা উপস্থিত হইবার পূর্ব্বেই আসামী গৃহ ত্যাগ করিবার মতলবে ফেলিয়া পলায়ন কালে স্থানীয় পুলিশ কর্ত্তৃক ধৃত হয়। তাহাকে গত শুক্রবারে উত্তর কলিকাতার পুলিসের ডেপুটি কমিশনারের আদালতে উপস্থিত করা হয়। তিনি আসামীকে পুলিসের হেপাজতে রাখিবার আদেশ দিয়াছেন। পুলিস তদন্ত চলিতেছে।

পঞ্জাব লাটকে গুলীর চেষ্টা

পঞ্জাব গভর্ণরকে গুলীমারা সম্বন্ধে মামলার দায়রা জজ মিঃ গর্ডন ওয়াকার সরকার পক্ষের নিকট হইতে কৈফিয়ৎ চাহেন যে, কতকগুলি অপ্রাসঙ্গিক ব্যাপার সাক্ষ্যে কাগজপত্র সরকারী উকিল কেন আনেন নাই। জজ তাঁহাকে প্রস্তুত হইয়া আসিতে বলেন যে সাক্ষ্যের সূত্র ছিন্ন করিতে নিষেধ করেন।

এতদ্ভার বাদানুবাদের সাক্ষ্য ৬ই আগষ্ট তারিখে শেষ হয়। তিনি কেরায় বলেন, বাল্যকাল হইতেই তিনি বিপ্লবী আদর্শে অনুপ্রাণিত হন। লাহোর কংগ্রেসে নেতাদের বক্তৃতা শুনিয়া এবং ভগৎ সিংহের কথা ও তাহার মামলার বিবরণ পড়িয়া তাহার ঐ আদর্শ পুষ্টিলাভ করে। তাঁর যুনিয়নের উদ্দেশ্য না জানিয়াই তিনি উহাতে যোগদান করেন।

সালিশী কমীর নামে ১০৭ ধারা

ত্রিপুরা কংগ্রেসের সালিশী বোর্ডের সভাপতি শ্রীযুত কামিনীকুমার দত্ত গান্ধীজীর নিকট টেলিগ্রামে জানিয়া কংগ্রেসের প্রস্তাব অনুসারে উক্ত জিলায় যে সকল সালিশী বোর্ড স্থাপিত হইয়াছে, তাহার কার্য্যকলাপ সম্বন্ধে স্থানীয় কর্তৃপক্ষের ভ্রান্তধারণা সম্বন্ধে অভিযোগ করিয়াছেন। শ্রীযুত দত্ত তাঁহার অভিযোগ সম্পর্কে সালিশী আন্দোলনের সহিত সংশ্লিষ্ট ৪৯ জন কর্মীর বিরুদ্ধে কার্য্যবিধির ১০৭ ধারা অনুসারে যে মামলা আনা হইয়াছে, তাহার উল্লেখ করিয়াছেন। কর্মীদের মধ্যে মৌলবী আবদুল মতিন ও আবদুল করিমের নাম উল্লেখযোগ্য।

গত আন্দোলনের সময় এই সালিশী আদালতের কাজ চালানো বিশেষ সাফল্য লাভ করায়। গান্ধী-আরউইন চুক্তির পরও উহার কাজ বেশ চলে।

বৎসর মিঃ ওয়েজউডবেন লণ্ডনে পার্লামেন্ট মহাসভায় যে প্রস্তাবনীর বিবৃতি করেন, তাহাতে তিনি গুপ্তচরের সহিত এই সালিশী আদালতের উল্লেখ করিয়াছিলেন।

নন্দনগাছিতে হিন্দু-মুসলমান ঐক্যের কথা

শ্রীযুত সুধীরচন্দ্র মৈত্রের সভাপতিত্বে এখানে একটি সাধারণ সভার অধিবেশন হয়। পুটিয়া কংগ্রেস কমিটির সম্পাদক শ্রীযুত জ্ঞানাঞ্জন লাহিড়ী, রাজসাহী জিলা কংগ্রেস কমিটীর সহকারী সভাপতি শ্রীযুত প্রফুল্লচন্দ্র লাহিড়ী ও মৌলভী মুজিবর রহমান হিন্দু-মুসলমান ঐক্য সম্বন্ধে বক্তৃতা করেন এবং শ্রোতৃমণ্ডলীকে কংগ্রেসের লক্ষ্য এবং আদর্শ বুঝাইয়া দেন। প্রকাশ, নন্দনগাছিতে শীঘ্রই একটি শাখা কংগ্রেস কমিটী গঠিত হইবে।

এস, আই, রেল ধর্ম্মঘটের জের

মাদ্রাজ হইতে প্রকাশ যে সাউথ ইণ্ডিয়ান রেলপথের ধর্ম্মঘট সংক্রান্ত কতিপয় অপরাধে যাহাদিগকে কারাদণ্ডে দণ্ডিত করা হয়, তাহারিগকে মুক্তি প্রার্থনা করিবার জন্য একদল প্রতিনিধি সেক্রেটারিয়েটে লাটের সহিত সাক্ষাৎ করে। প্রকাশ, গভর্ণর বলেন কয়েদীরা গুরুতর অপরাধ করিয়া জেলে গিয়াছে কাজেই এক্ষেত্রে আর দয়া করা যায় না।

মেদিনীপুরে লাল ইস্তাহার ও খানাতল্লাস

মেদিনীপুর, গত ৪ই আগষ্ট প্রভাত হইবার সঙ্গে সঙ্গে "স্বাধীন বিপ্লবী"-সঙ্ঘের বদলে রক্ত চাই" প্রভৃতি এইরূপ লেখাযুক্ত লাল ইস্তাহার সকল সহরের থানা বাড়ীর দেওয়ালে মারা দেখা যায়। ফলে সহরে একটা চাঞ্চল্য দেখা যায়।

পুলিস রাত্রেই নিম্নলিখিত বাড়ীগুলিতে যুগপৎ খানাতল্লাস করে;—(১) সাজাল কোম্পানীর ম্যানেজার শ্রীযুক্ত মনোমোহন সাহানের হামাকের দোকান, (২) সাজাল রাদার্সের শ্রীযুত পুরানন্দ সাহানের দোতলা ওভারটনের কারখানা এবং উকিল শ্রীযুত অবনীনাথ অধিকারীর বাড়ী (৩) কেমিক্যাল ডাক্তার ঈশ্বরচন্দ্র ঘোষের বাড়ী। ও ঐ মোক্তার শ্রীযুত চারুচন্দ্র দাসের বাড়ী। প্রকাশ, কোথাও সন্দেহজনক কিছু পাওয়া যায় নাই। কেহ গ্রেপ্তার হয় নাই।

বিঠলভাই প্যাটেলের
জ্বর বাড়িয়াছে

জিনেভা হইতে প্রকাশ যে ম্যালেরিয়ায় প্রবল বিঠলভাই প্যাটেলের জ্বর একটু বাড়িয়াছে। জ্বরের জন্য কোনও ভয়ের কারণ নাই। তাঁহার অন্যান্য অবস্থা ভাল। ডাক্তারগণ তাঁহাকে এখন নিরাপদ বলিয়া ঘোষণা করিয়াছেন।

ভাগরামের অমলনের অপরাধে
দণ্ডের আয়োজন

পাঞ্জাব গভর্ণমেন্ট মামলার আসামী ভাগরাম ফেল কর্ত্তৃপক্ষের ব্যবহারের প্রতিবাদ-কল্পে গত ১লা কাল যাবৎ অনশনব্রত পালন করিতেছে ৭ই আগষ্ট কারা আইনের ৫৩ ধারামতে তাহার বিরুদ্ধে আদালতে অভিযোগ আনয়ন করা হইয়াছে।

শিখ ও মুসলমানে দাঙ্গা

পঞ্জাবের চন্দ্রভাগা নদীর তীরে একদল মুসলমান ও একদল শিখের মধ্যে কোন কারণে দাঙ্গা হওয়ায় একজন শিখ নিহত ও দুইজন গুরুতর রূপে আহত হইয়াছে।

টেলি— নবদ্বীপ

Reg No C.1544

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রথম কলম ৯৲
পর কলম ৫৲০
শেষ কলম ২৲
চুক্তির হার স্বতন্ত্র।

সাধারণ হার
অগ্রিম দেয়
বার্ষিক ৯৲
ষাণ্মাষিক ৫৲
ত্রৈমাসিক ২৸০
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৵৫

গণশক্তি

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

খণ্ড] সম্পাদক—শ্রীঅতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [১৩৭ তমসংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—২৭শে শ্রাবণ বুধবার, ১৩৩৮, ১২ই আগষ্ট ১৯৩১

নানা কথা

হাওড়ায় তাজা কার্ত্তুজ

হাওড়া কিংগেট ম্যানসনের বাসিন্দাদের খানতল্লাসের ফলে পুলিশ অন্যান্য জিনিষের মধ্যে পিস্তলের দুইটি তাজা কার্ত্তুজ ও আর দুইটী অস্ত্রশস্ত্র রাইফেলের কার্ত্তুজ পাইয়াছে। ই, আই, রেলের ক্লিনিয়ারিং ওয়ার্কসপের শ্রমিক দীন অব ঐ বাড়ীতে থাকিত। ২৩ পরগণা জেলার কোন স্থানে ডাকাতি সম্পর্কে সে প্রতি আলিপুর পুলিশ কর্ত্তৃক ধৃত হইয়াছিল। পুলিশ বিবেচনা করে যে গুলি সামরিক বিভাগের কার্ত্তুজ, কারণ উহাতে তীর চিহ্ন আছে। লাইসেন্স ব্যতীত কার্ত্তুজ রাখার অভিযোগ অস্ত্র আইনের ১৯ (এক) ধারা অনুসারে দীন মহম্মদের বিরুদ্ধে মামলা রুজু করা হইয়াছে।

বাঁকুড়া আদালতে গামছায় বাঁধা দুইটি নরমুণ্ড

৬ই আগষ্ট অপরাহ্ণ প্রায় তিন ঘটিকার সময় আদালতে মনগোবিন্দ মাজি নামে জনৈক ব্যক্তি গত ৬ই আগষ্ট কাটুয়া থানায় দুইটি নরমুণ্ড সহিত করিয়াছিল। এবং দ্বিতীয় শ্রেণীর ম্যাজিষ্ট্রেট মিঃ আর, এন বক্সীর এজলাসে উপস্থিত হইয়া সে তারিখে অপরাধ স্বীকার করে। একটি ছোট হাটগ্রামের বর্দ্ধী মহাজন ও জমীদার ধনচন্দ্র চট্টোপাধ্যায়ের একটি অপরূপ সুন্দরী নারী শ্রেণীর অধিবাসী এক লোকের। আসামী মনগোবিন্দ ম্যাজি-

হাওড়ায় তাজা কার্ত্তুজ

বাঁকুড়া আদালতে গামছায় বাঁধা দুইটী নরমুণ্ড

ভীষণ নারীহত্যা

বিচারাধীন বন্দীর অনশন ধর্ম্মঘট

রাজবন্দীর মুক্তি

পুলিশ কর্ম্মচারীদের বিরুদ্ধে গুরু অপরাধ

লাহোর জেলে চাঞ্চল্য

রামকৃষ্ণের মৃত্যুতে শোকপ্রকাশ

রহস্যজনক হত্যাকাণ্ড

মহিষশাবকের সাতখানি পা

ষ্ট্রেটের নিকট তাহার অপরাধ স্বীকার করে এবং নিহত ব্যক্তিদ্বয়কে আঘাত করে বলিয়া ঘোষণা করিয়া নিম্নলিখিত রূপে জবানবন্দী করে,—

"আমি তাহার পর মুণ্ড দুইটী একটি গামছায় বাঁধিয়া বাঁকুড়ায় আসিতেছিলাম। চৌকীদারকে আমার সহিত আসিবার জন্য অনুরোধ করিয়াছিলাম এবং দুই ব্যক্তিকে আমি হত্যা করিয়াছি [illegible] তাহাকে বলিয়াছিলাম। কিন্তু সে আমার সহিত আসে নাই। আমি তখন মুণ্ড দুইটী কাঁধে লইয়া একাকীই আসি।

মিঃ হাচিনসনের অবস্থা শঙ্কাজনক

মীরাট মামলার আসামী মিঃ হাচিনসন টাইফয়েড জ্বরে ভুগিতেছেন। সম্প্রতি তাঁহার অবস্থা খুবই শঙ্কাজনক হইয়া দাঁড়াইয়াছে। গত ৬ই আগষ্ট রাত্রিতে তাঁহার শরীরের উত্তাপ ১০৪°৮ ডিগ্রী পর্য্যন্ত উঠিয়াছিল। ডাক্তার ভূপাল সিং ব্যানার্জ্জী, মেজর ক্রাইট, সিভিল সার্জ্জন এবং মেজর ইভান্স প্রভৃতি চিকিৎসকগণ তাঁহাকে দেখিতেছেন।

প্রথমে মিঃ হাচিনসনকে মিলিটারী হাসপাতালে নেওয়ার কথা হয়। কিন্তু হাসপাতালের কর্ত্তৃপক্ষ মিঃ হাচিনসনকে "বলশেভিক" বন্দী বলিয়া তাঁহাকে হাসপাতালে নিতে অস্বীকৃত হন। পরে অবশ্য কর্ত্তৃপক্ষ রাজী হন। মিঃ হাচিনসনের মাতাকে ইংলণ্ডে এ সংবাদ তার করিয়া জানান হইয়াছে।

বিচারাধীন বন্দীর অনশন ধর্ম্মঘট

পাঞ্জাবের রাজনৈতিক বন্দী, বিশেষতঃ ভগৎরামের প্রতি অন্যায় ব্যবহারের প্রতিবাদে লাহোর ষড়যন্ত্র মামলার যাবতীয় বিচারাধীন বন্দী অনশন ধর্ম্মঘট আরম্ভ করিয়াছেন আসামী শুকদেবকে রাজকে অপর একটি ষড়যন্ত্র মামলায় অভিযুক্ত করা হইয়াছে। তিনিও উপরোক্ত কারণ জন্য প্রায়োপবেশন আরম্ভ করিয়াছেন।

রাজবন্দীর মুক্তি

ডাঃ সুরেন্দ্রনাথ সেন গুপ্ত গত ৫ই জুলাই বঙ্গীয় সংশোধিত ফৌজদারী আইনে নারিকেলডাঙ্গা থানার সেরাণ্ডকাটীতে গ্রেপ্তার হন এবং তাহার পর বিনা বিচারে জেলে আটক থাকেন। গত ৬ঠা আগষ্ট প্রাতে তিনি জেল হইতে মুক্তি পাইয়া বহরমপুর আসিয়া পৌঁছিয়েন।

শ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার পরিব্রাজকগণ

পরিব্রাজকগণের নাম	বর্ত্তমান ঠিকানা	পরিব্রাজকগণের নাম	বর্ত্তমান ঠিকানা
১। শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ	শ্রীমায়াপুর	৮। শ্রীভক্তিউত্তম পুরী	কটক
২। শ্রীভক্তিবিবেক ভারতী	কলিকাতা	৯। শ্রীভক্তিস্বরূপ পর্ব্বত	মধুরভঞ্জ
৩। শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম	শ্রীমায়াপুর	১০। শ্রীভক্তিবিলাস ঘনস্তিমেমি	কলিকাতা
৪। শ্রীভক্তিপ্রকাশ অরণ্য	কটক	১১। শ্রীভক্তিরঞ্জন ভক্তিসার	মাদ্রাজ
৫। শ্রীভক্তিহৃদয় বন	কলিকাতা	১২। শ্রীভক্তিমুকুন্দ শ্রীধর	মাদ্রাজ
৬। শ্রীভক্তিসর্ব্বস্ব গিরি	অমৃতসর	১৩। শ্রীভক্তিমুদেব শ্রৌতী	শ্রীমায়াপুর
৭। শ্রীভক্তিবৈভব সাগর	ব্রাহ্মণপাড়া	১৪। শ্রীভক্তিপ্রসূন বোধায়ন	বালেশ্বর

শুদ্ধভাক্তমঠসমূহ

(১) শ্রীচৈতন্য মঠ

আকর মঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীধাম মায়াপুর, নদীয়া

এই মঠরাজে পারমার্থিক দৈনিকপত্র, সাপ্তাহিক-পক্ষান্তরের অপ্রকাশিত ও প্রাচীন গ্রন্থরাজি প্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' বন্ধুগণের আকর্ষিত হয়াছেন। এখানে প্রতিবৎসর শ্রীধাম-পরিক্রমাসহ্যান ও অপরাপর ভক্তগোষ্ঠির কীর্ত্তন প্রচারমুখে নামহোৎসবাদি ভক্তাঙ্গ অনুষ্ঠিত হইয়া থাকে। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপাদ নরহরিজী। কারী—ব্রহ্মচারী পণ্ডিত শ্রীপাদ গৌরদাস কাব্যব্যাকরণতীর্থ, শ্রীসত্যেন্দ্র, শ্রীপাদ হরেকৃষ্ণ, শ্রীপাদ মদনগোপাল, শ্রীদীনদয়াল নাথ, শ্রীঅমৃতমন, শ্রীমদনগোপাল, শ্রীমুকুন্দ সাধিকারী ভক্ত নরেন্দ্র, করিদহ, রেবতীমোহন প্রভৃতি।

(২) শ্রীগৌড়ীয় মঠ

১৬ নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

টেলিফোন বি. বি. ৪১১৫

মঠরক্ষক—আচার্য্যাত্মিক শ্রীপাদ কৃষ্ণকিশোর বিদ্যাভূষণ। সহকারী—পরি শ্রীপাদ অনন্তবাসুদেব পরিব্রাজকপ্রবর বি-ভ, শ্রীপাদ রাসবিহারী ব্রহ্মচারী, শ্রীপ জগদ্বান্ধব ভাসাধিকারী বি-ভ, ব্রহ্মচারী শ্রীকীর্ত্তনানন্দ, ব্রহ্মচা শ্রীসাধীমোহন, ব্রহ্মচারী শ্রীরমনন্দ, পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ পরিব্র সরকার ভক্তিশাস্ত্রী ধর্ম্মপ্রচারবৈভবাচার্য্য, শ্রীঅরজানন্দসাধিকারী বি-ভ, শ্রীরবীন্দ্রনা ধাসাধিকারী বি-এল, শ্রীমধুসূদন নবকোবিদ, শ্রীবিশ্বম্ভর ব্রহ্মচারী, শ্রীগুরুগৌরা ব্রহ্মচারী প্রভৃতি।

(৩) যোগপীঠ শ্রীমন্দির

রক্ষক—লোকনাথদাস গোস্বামী ভাগবতী প্রভু শ্রীরমাবল্লভ। সহকারী নিত্যানন্দ ব্রহ্মচারী, শ্রীরাধাবিনোদ কিঙ্করদাস, শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী। শ্রীসাধন দাস অধিকারী, শ্রীকেশবদাস শ্রীনীলনাথ।

(৪) শ্রীবাল-ভজন

রক্ষক—শ্রীপ্রভাকুসুম ব্রহ্মচারী।

(৫) অদ্বৈত-ভবন

রক্ষক—শ্রীবৃন্দাবনচন্দ্র ভট্ট চার্য্য, শ্রীগোকুলদাস বাবাজী।

(৬) কাজীর সমাধিপীঠ

প্রাচীন মায়াপুর, শ্যামনগর (নদীয়া)

রক্ষক—ব্রহ্মচারী শ্রীবিনোদবিহারী।

(৭) আনন্দ সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, সবডাঙ্গা (নদীয়া)

রক্ষক—ভক্তিকুসুম ভাকার ব্রহ্মচারী কবিরত্নজী এম, এস, এফ।

(৮ শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

রহমতসিংহ।

রক্ষক—শ্রীহরিহর ভক্তিশাস্ত্রী এম, এ, এল, সহকারী—শ্রীউদ্ধবদাস ভক্তি-শাস্ত্রী, শ্রীউত্তম অধিকারী প্রভৃতি।

(৯) শ্রীগৌর-গদাধর মঠ

চাঁপাডাঙ্গা, সবডাঙ্গা, (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেরাম ব্রহ্মচারী, ভক্ত শ্রীনন্দলাল দাস।

(১০ শ্রীরূপগৌড়ীয়-মঠ

মাহেশ, শ্রীরাম ষ্টেশন, পি

রক্ষক—শ্রীসর্ব্বেশ্বরানন্দ ব্রহ্মচারী

(১১) শ্রীমাধবেন্দ্রমঠ

মাটিয়ারি, জামগাছি, বর্দ্ধমান।

রক্ষক—শ্রীবংশীবিহারী ব্রহ্মচারী, ভক্ত শ্রীগদাধর।

(১২) ভাগবত আসন

শ্রীভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।

রক্ষক—শ্রীকৃষ্ণানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(১৩) শ্রীঅকিঞ্চন মঠ

গোবিন্দপুর, হাসখালী, নদীয়া।

রক্ষক—শ্রীঅকিঞ্চনানন্দ ব্রহ্মচারী। সহকারী শ্রীনরসিংহ ব্রহ্মচারী, শ্রীজগন্নাথ দাস অধিকারী, ভক্ত বিশ্বনাথ।

(১৪) শ্রীমাধব গৌড়ীয় মঠ

৯০নং নবাবপুর রোড, ঢাকা।

রক্ষক—শ্রীরাধাবল্লভ ব্রহ্মচারী, শ্রীপাদ শুদ্ধজ্ঞানন্দ পরিব্রাজকবিনোদ বি-ভ, শ্রীনব-গৌরাঙ্গ ব্রহ্মচারী, শ্রীপরিত্রাণ ভক্ত।

(১৫) শ্রীগোপালজী মঠ

জমলাপুর, ঢাকা।

রক্ষক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

(১৬) শ্রীগদাই-গৌ গঙ্গ মঠ

রক্ষক—শ্রীপূর্ণানন্দ ব্রহ্মচারী, শ্রীমতিলাল ব্রহ্মচারী

(১৭) শ্রীভাগবতজনানন্দ মঠ

চিকলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীর নিত্যসেবা বর্ত্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীবলরামদাসজী।

(১৮) আমলাযোড়া প্রপন্নাশ্রম

বাজবাল পোঃ বর্দ্ধমান।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীবংশিকিশোর।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

পুরীধাম, পুরী, উড়িষ্যা।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরম নন্দ বিদ্যারত্ন, ব্রহ্মচারী শ্রীনদীচানন্দ, শ্রীপরেশানুভব ব্রহ্মচারী, শ্রীবলরামানন্দ ব্রহ্মচারী, শ্রীনিমাই চরণ অধিকারী, শ্রীরাধানিধি পণ্ডা।

(২০) শ্রীব্রজ-গৌড়ীয় মঠ

আলবরনাথ, ব্রজমণ্ডল পোঃ, পুরী।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমেশ্বরী প্রসাদজী। সহকারী—ব্রহ্মচারী শ্রীবংশিবিহারী।

(২১) শ্রীসচ্চিদানন্দ মঠ

উড়িয়াবাজার, কটক।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীমধাই, শ্রীরামপদ ব্রহ্মচারী, শ্রীপাদ জগগোপাল দাসাধিকারী।

(২২) শ্রীসনাতন-গৌড়ীয় মঠ

৪নং জগজীবনপুরা, কাশী।

রক্ষক—ব্রহ্মচারী ভূগুনন্দনজী, নিতাইদাস ব্রহ্মচারী, শ্রীপকামন এজবাসী।

(২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

শ্রীনৃসিংহদাস কুঞ্জ, শ্রীধাম বৃন্দাবন।

রক্ষক—শ্রীগণপতিনাথ ব্রহ্মচারী

(২৪) শ্রীপরমহংস মঠ

নৈমিষারণ্য, সীতাপুর

রক্ষক—ব্রহ্মচারী শ্রীনৃসিংহানন্দ ও ব্রহ্মচারী শ্রীনন্দদুলাল।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ

চুনুরুটিয়া, চিতরঞ্জন, মানভূম।

রক্ষক—শ্রীরমানাথ রায়, শ্রীরামকৃ দেবধরিয়া।

(২৬) ব্যাসগৌড়ীয় মঠ

রক্ষক—ব্রহ্মচারী শ্রীকৃষ্ণদাসজী, শ্রীগো গোপাল ব্রজবাসী

(২৭) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রম-

ব্রাহ্মণপাড়া, পোঃ মাধু, বাবড়া

এখানে বহু ভূকৈলাসী শ্রীগৌরাঙ্গের বর্ত্তমান। রক্ষক—ব্রজবাসী শ্রীপ্রাণকৃ দাস, ভক্ত কৃষ্ণাকর।

(২৮) দিল্লী গৌড়ীয় মঠ-কার্য্যালয়

৬নং গোবিন্দদাস ডাকার লেন, নিউ দি

রক্ষক—ব্রহ্মচারী শ্রীগৌরকৃষ্ণ, শ্রীকুলশে শ্রীরাধারমণচরণদাস

(২৯) গোয়ালপাড়া-প্রপন্নাশ্র

রক্ষক—ব্রহ্মচারী শ্রীগোবিন্দমাধব

(৩০) মাদ্রাজগৌড়ীয় মঠ

নর্থ গোপালপুরম, কাথেড্রাল, মাদ্রা

রক্ষক—ত্রিদণ্ডস্বামী শ্রীভক্তিরক্ষক শ্রী মহারাজ, সহকারী—ত্রিদণ্ডস্বামী শ্রী ভক্তি সুন্দর ভক্তিবাস, শ্রীপাদ জগন্না ব্রজবাসী, শ্রীপাদ যোগীনন্দন ব্রহ্মচা শ্রীপাদ নিত্যস্বরূপ ব্রহ্মচারী ভক্তিশা ও শ্রীপাদ গৌরভগবান্ ব্রহ্মচারী।

(৩১) ব্রাহ্মণগোপাল পাট

কাঁঠালপুলি, চাকদহ, নদীয়া

রক্ষক—ব্রহ্মচারী শ্রীকেশবানন্দ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

ধাম—মায়াপুর—নদীয়া

ষষ্ঠবর্ষ | ১৪ শ্রীধর গৌরাব্দ ৪৪৫, ২৭শে শ্রাবণ বঙ্গাব্দ ১৩৩৮, ১২ আগষ্ট ইং ১৯৩১ বুধবার | ১৩৭তম সংখ্যা।

সাময়িকী

(পূর্ব্বপ্রকাশিত ১৩৬তম সংখ্যার পর)

* রবিবারে মহোৎসবের দিন থাকায় অধিকাংশ শিক্ষিত বাকিরই তাহাতে যোগদানের সুযোগ হইয়াছিল। তাই অপরাহ্ণ ৪ ঘটিকার পর হইতেই বহু সম্ভ্রান্ত ও সম্ভ্রান্ত ভদ্রলোক এবং মহিলা দলে দলে আসিতে লাগিলেন। ক্রমে ক্রমে সুবিস্তৃত অঙ্গনটী নাটামন্দিরটী পূর্ণ হইয়া সন্ধ্যার পূর্ব্বেই সমস্ত প্রাঙ্গণও পরিপূর্ণ হইয়া গেল। ব্রহ্মচারী ও গৃহস্থ-ভক্তগণ অভ্যাগতজনের যথাযোগ্য অভ্যর্থনা করিতেছিলেন। অপরাহ্ণ সাড়ে পাঁচ ঘটিকা পর্য্যন্ত কীর্ত্তনের পর সাড়ে নয় ঘটিকা পর্য্যন্ত বক্তৃতা হইয়াছিল।

প্রথমে শ্রীমদ্ভক্তিপ্রসূন বোধায়ন মহারাজ, শ্রীমদ্ভক্তিবল্লভ পুরী মহারাজ, শ্রীমদ্ভক্তি-বিলাস অরণ্য মহারাজ প্রভৃতি বাগ্মিপ্রবর বক্তৃতা করেন এবং শ্রীপাদ ভক্তিসুধাকর মহাশয়ও কিছুক্ষণ বিচারপূর্ণ শ্রীচৈতন্যবাণী কীর্ত্তন করিয়া শ্রীমণ্ডলকে ভক্তিসুধা বিতরণ করেন। পরে শ্রীপাদ ভক্তিসারঙ্গ গোস্বামী মহাশয় আবেগময়ী ভাষায় ভক্তিসিদ্ধান্তের বিচার দ্বারা একটী সারগর্ভ বক্তৃতা করিয়া সভ্যগণের আনন্দ বর্দ্ধন করেন। সর্ব্ব-শেষে শ্রীমদ্ভক্তিবিবেক আরতী মহারাজ অতি সরল প্রাঞ্জল ভাষায় প্রায় এক ঘণ্টার অধিক-কাল বক্তৃতা করিয়া আবাল-বৃদ্ধ-বনিতা, পণ্ডিত-মূর্খ সকলেরই চিত্ত আকর্ষণ করেন এবং সকলেই নির্নিমেষচিত্তে তাঁহার উপদেশপূর্ণ বক্তৃতা শ্রবণ করিয়া 'ভক্তপথের অনুষ্ঠিত মহোৎসবের তাৎপর্য্য কি', তাহা সম্যগ্রূপে হৃদয়ঙ্গম করিয়াছিলেন।

বক্তৃতার পর খোল-করতাল-সংযোগে কিছুক্ষণ গৌরনিষ্ঠিত কীর্ত্তন হইয়াছিল। রাত্রি প্রায় ১টা পর্য্যন্ত সমাগত সহস্র সহস্র নরনারীকে বিচিত্র শ্রীমহাপ্রসাদ বিতরিত হইয়াছিল। সাধুমুখকীর্ত্তিত শ্রীমহাপ্রসাদের মাহাত্ম্য ও শ্রীশ্রীহরিগুরুবৈষ্ণবের জয়ধ্বনি শ্রবণ করিতে করিতে সকলেই আকণ্ঠ প্রসাদ সেবন করিয়া তৃপ্ত হইয়াছিলেন। পরদিন প্রাতেও বহু ব্যক্তিকে এবং শত শত কাঙ্গালীকে প্রসাদ বিতরণ করা হইয়াছিল।

কটক শ্রীসচ্চিদানন্দ মঠের বার্ষিক মহোৎসব উপলক্ষে প্রতি সন্ধ্যায় শ্রীমদ্-ভাগবত হইতে ভক্তরাজ অম্বরীষের চরিত্র পাঠ ও ব্যাখ্যা হইয়াছিল। মহেশ্বর্য্যের ভিতর থাকিয়াও ভগবদ্ভক্ত কিপ্রকারে সতত শ্রীতিপূর্ণক নিজ ইষ্টদেবের সেবা করেন, তাহা অম্বরীষের চরিত্র পাঠে হৃদয়ঙ্গম হয়।

বৈরাগ্য কিছু বস্তুর প্রতি বিদ্বেষভাব নহে। পরন্তু বিশিষ্টই বা পরমপুরুষে রতি। পর-পুরুষ শ্রীভগবানে এবং ভগবদ্ভক্তে যাঁহার যে পরিমাণে রতি আছে, তিনি সেই পরিমাণেই ভগবদ্বিষয় বস্তুতে অরতিবিশিষ্ট। মহাভাগবত অম্বরীষের জীবনে এইটী বিশেষ-ভাবে লক্ষিত হয়।

সাধারণ রাজন্যবর্গ রাজ্যপালনে ব্যস্ত। আর অসাধারণ মহারাজাধিরাজ অম্বরীষ কেবল বাহিরের রাজ্যশাসনে নিযুক্ত ছিলেন না,—অন্তর-রাজ্যে উদ্যুক্ত হইয়া, ইন্দ্রিয়গ্রামকে বিষয়ে নিয়োগ না করিয়া, ইন্দ্রিয়পতি ভগবানের সেবায় সতত নিযুক্ত রাখিয়া মুকুন্দসেবনেই ইন্দ্রিয়বান্ মনুষ্য-জীবনের পরম-সার্থকতা জ্ঞাপন করিয়াছিলেন।

বদ্ধজীবকুল ইন্দ্রিয়ের দ্বারে ইন্দ্রিয়ার্থ বিষয় সম্ভোগে আত্মবিস্মৃতির সাগরগর্ভে নীত হয়। আর মুক্ত ভাগবতগণ ইন্দ্রিয় ও ইন্দ্রিয়ভোগ্য বিষয়ে আসক্তি ও বিরক্তি-রহিত হইয়া কিপ্রকারে সর্ব্বেন্দ্রিয়ে বিষয়-সঙ্গ কেবলমাত্র মাধবের সেবায় যুক্ত করেন, তাহাই বুঝাইবার জন্য পুরাণার্ক-স্বরূপ ভাগবত এবং জীবের অজ্ঞানতমো বিনাশ-কারী ভক্ত-ভাগবতের আবির্ভাব। ভাগবত-সেবাই নিত্য ভগবদ্বাস জীবকুলের একমাত্র কৃত্য, জানাইবার জন্যই জগদ্গুরু শ্রীপ্রভু-পাদের এই ভাগবতোৎসবের আয়োজন।

গত ১৬ই শ্রাবণ সন্ধ্যাকালে ত্রিদণ্ডি-স্বামী শ্রীশ্রীমদ্ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ শ্রীপাদ কৃষ্ণকারুণ্য ব্রহ্মচারীসহ শ্রীশ্রীগৌর-গদাধর মঠে শুভ বিজয় করেন। সন্ধ্যা-রাত্রিক সমাপনান্তে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের বন্দনা, পঞ্চতত্ত্ব এবং 'গুরুভক্ত চরণরেণু' পদটী কীর্ত্তন হইলে স্বামিজী মহা-রাজের শ্রীমুখে সিদ্ধান্তবাণীপ্রবণপিপাসু ভক্তমণ্ডলীর নিকট স্বামিজী মহারাজ অতি প্রাঞ্জলভাষায় শক্তি ও শক্তিমত্ত্ব সম্বন্ধে অনেক কথা কীর্ত্তন করেন। শক্তিমানের উপাসনা পরিত্যাগ করিয়া শক্তির পূজা হইতে পারে না। বৈষ্ণবগণই শুদ্ধ শাক্ত, কারণ তাঁহারা অন্তরঙ্গাশক্তির উপাসক।

পরদিবস স্বামিজী মহারাজ 'সদ্গুরু-চরণাশ্রয়ে জীবের আত্মমঙ্গলের পরম উপায়' সম্বন্ধে কিছুকাল হরিকথা কীর্ত্তন করেন। স্বামিজীর শ্রীমুখে হরিকথা শ্রবণ করিয়া শ্রোতৃবৃন্দ অত্যন্ত আনন্দ অনুভব করেন।

ত্রিদণ্ডিস্বামী শ্রীপাদ ভক্তিসুন্দর বন মহারাজের বিদায় অভিনন্দন উপলক্ষে মাদ্রাজে গত আগষ্ট অপরাহ্ণে একটী সভার অধিবেশন হয়। এই সভায় ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিরঞ্জন ভক্তিসুন্দর মহারাজ সভাপতি নির্ব্বাচিত হন। পূজ্য পাদ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিগণক শ্রীধর মহারাজ ও শ্রীপাদ সিদ্ধস্বরূপ ব্রহ্মচারীজী শ্রীপাদ বন মহারাজের কলিকাতা শুভ বিজয়যাত্রা ও অন্যান্য বিষয়ে অনেক কথা কীর্ত্তন করেন। শ্রীপাদ বন মহারাজ অবশেষে একটী সিদ্ধান্তপূর্ণ বক্তৃতা করেন।

২রা আগষ্ট প্রাতে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিরক্ষক শ্রীধর মহারাজ ও ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিরঞ্জন ভক্তিসার মহারাজ মাদ্রাজ যক্ষ্মা-হাসপাতালের প্রধান অধ্যক্ষ শ্রীযুক্ত কেশবচন্দ্র পাই এর টেনিয়াম্পেটস্থিত বাসভবনে তাঁহার সহিত সাক্ষাৎ করেন। ইনি পৃথিবীর সর্ব্বত্রই ভ্রমণ করিয়াছেন। ইনি বহু বিদ্যালয়ের প্রেসি-ডেন্ট এবং মাদ্রাজের মধ্যে একজন গণ্য-মান্য লোক। তিনি মহারাজদ্বয়ের শ্রীমুখে হরিকথা শ্রবণ করিয়া বিশেষ আনন্দিত হইয়াছেন।

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউটে
প্রভুপাদের বক্তৃতা

(১)

ভারতবর্ষে যখন খরোষ্ঠী ভাষা প্রচলিত ছিল না, তখন হিব্রু, ল্যাটিন, গ্রীক্ ভাষা এদেশে প্রবর্ত্তিত হইয়াছিল। Alexander The Greatএর পর গ্রীসীয় সভ্যতা এদেশে কিছু কিছু প্রবল ছিল। (Second Century B.C) পর্য্যন্ত অনেক গ্রীক অযোধ্যক-সেবক ছিলেন। বিশনগরের স্তম্ভ ও প্রস্তরলিপি উহার সাক্ষ্য দিতেছে। তৎপরে চীনদেশের উত্তরাংশে Scythianগণ ভারতের পশ্চিমে Persia, Afganisthan এবং Punjab প্রদেশে উপনিবেশ স্থাপন করেন।

তৎকালে ভারতের বিভিন্ন প্রদেশে বিভিন্ন প্রকারের বিদ্যাপ্রণালী প্রবর্ত্তিত ছিল। মন্বাদি ভারতীয় নীতিশাস্ত্রকারগণ পারত্রিক বিচার-রহিত ঐহিক সুখের জন্য কতকগুলি নীতি প্রবর্ত্তিত করেন। বর্ত্তমান সময়ে শিক্ষিত ব্যক্তিগণের মধ্যে ঐ সকল নীতি ন্যূনাধিক প্রচলিত আছে। স্বার্থের জন্য বিদ্যার আবরণ বর্ত্তমান সময়ে শিক্ষিত সম্প্রদায়ে প্রবেশ করিয়াছে। ইহা নৈতিক শিক্ষার অপব্যবহার।

বর্ত্তমান সময়ে বিশুদ্ধ নীতির প্রতি শ্রদ্ধা অনেকটা কম হইয়া গিয়াছে। ইহার কারণ এই যে, ধর্ম্মবিষয়ে তাহারা বিশেষ অমনোযোগী। ধর্ম্মকে বর্জ্জন করিয়া যে শিক্ষার প্রণালী বর্ত্তমানে প্রচলিত আছে, তাহা মানব-কল্পিত সামাজিক প্রথা বা নীতিমাত্র। ঐরূপ নীতি অবলম্বিত হইলে পারলৌকিক শিক্ষার দ্বার রুদ্ধ হয়। তৎফলে পাশ্চাত্য-দেশীয় সমন্বয়বাদের চিন্তাস্রোত আমাদের মধ্যে অল্পবিস্তর প্রবেশ লাভ করিয়াছে। ঐরূপ Short-sighted policy বা সমন্বয়বাদ বিগত ১৯১৪ হইতে ১৯২০সাল পর্য্যন্ত অধিকার বিস্তার লাভ করিয়া মানব-জাতির মধ্যে পরস্পর বিদ্বেষানল প্রজ্বালিত করিবার অনন্ত সাক্ষ্য প্রদান করিয়াছে।

পারত্রিক-সম্বন্ধী বিচার বন্ধ করিয়া সাধারণ লোকের মধ্যে যে নীতির একটা আলোচনা দেখা যায়, তাহাতে প্রেয়ঃ আনয়ন করা দূরে থাকুক, উহা প্রেয়ঃপথেরও পরিপন্থী। পারত্রিক নীতি বাদ দিয়া ঐহিক নীতির প্রাধান্য হওয়ার আবশ্যকতা নাই। পারত্রিক নীতির প্রাধান্যে ঐহিক ও পারত্রিক উভয় মঙ্গল।

ঐহিক নীতির প্রাধান্যফলে জগতে ভীতিজনক অশান্তির সৃষ্টি হইতেছে। এইরূপ চিন্তাস্রোত মনঃকল্পিত (Conventional)। ইহা উন্নত চিন্তাস্রোতকে বিমর্দ্দিত করিয়া পরিণামে যথেচ্ছাচারিতা আনয়ন করে। নীতিশিক্ষার আইনকানুন-গুলি এরূপ হওয়া কর্ত্তব্য নয়, যাহাতে পরস্পরের মধ্যে একটা বাক্তিগত বাহির-বোধ আনয়ন করায় পরিণামে পরস্পরোহিংসা, মিথ্যা, প্রবঞ্চনা, আলিঙ্গাতি, চুরির সংখ্যা বৃদ্ধি করে। নীতির নামে একের প্রতি অপরের আক্রমণ—উদারতার নামে অন্ধকারতা—জাতৃত্বের নামে পরশ্রীকাতরতা প্রভৃতি সাক্রামক ব্যাধিগুলি কোন কোন স্থলে বর্ত্তমান শিক্ষিত সমাজে ন্যূনাধিক বিস্তার লাভ করিয়াছে। এই সমস্ত ব্যাধি-গুলি সমূলে উৎপাটিত হওয়া দরকার। বর্ত্তমান বিশ্ববিদ্যালয়সমূহে শিক্ষাপ্রণালীর Back-groundএ ধর্ম্ম-শিক্ষার ছবিক হওয়ার ফল উহারা অসুরত শিক্ষার আকর-ভূমি হইয়া দাঁড়াইয়াছে।

শিক্ষার সঙ্গে সঙ্গে ধার্ম্মিক জীবনের প্রয়োজনীয়তার অভিজ্ঞ সংরক্ষণ—শিক্ষা-প্রণালীর মূলভিত্তি। মালব্য মহাশয়ের কাশীস্থ হিন্দু বিশ্ববিদ্যালয়ে বা অন্যান্য সাম্প্র-দায়িক বিশ্ববিদ্যালয়সমূহে ঐহিক নীতির বিচারই প্রবল। তথায় পারত্রিক নীতি-বিচারের প্রাধান্য লক্ষিত হয় না। য়ুরোপ, আমেরিকা বা জাপানদেশীয় বিশ্ববিদ্যালয়-গুলিতে শিক্ষাপ্রণালীর মধ্যে ধর্ম্মনীতির আলোচনা বিশেষভাবে না হওয়ার ফলে তথায় পারত্রিক মঙ্গলবিষয়ে অনেকেই উদাসীন। বাস্তবিক সত্যপথ হইতে বিচ্যুত হওয়ার দরুণ তাহারা তাৎকালিক সত্য ঐহিক নীতির প্রতি বিশেষ মনো-যোগী—পারত্রিক নীতিকে জলাঞ্জলি দিয়া মনোধর্ম্মোত্থ তর্কাতর্কবিচারে দক্ষতা লাভ করিয়াছে।

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয় সম্পা শ্রীপাদ সুন্দরানন্দ পরিব্রাজকাচার্য্য-প্রদত্ত বক্তৃতার গ্রন্থকারে প্রকাশিত। ইহাতে গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদা ইতিহাস সুন্দরভাবে প্রথিত হইয়াছে। ডিক্টা ৷৷০ মাত্র

গৌড়ীয় সাহিত্য

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয় সম্প শ্রীপাদ সুন্দরানন্দ পরিব্রাজকাচার্য্য-প্রদত্ত বক্তৃতার গ্রন্থাকারে প্রকাশিত। ইহাতে সাহিত্য শব্দের অর্থ গৌড়ীয় সাহিত্যের বিষয় সুন্দরভাবে বর্ণিত হইয়াছে। ডি ৷৷০ আনা মাত্র।

শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা-দর্পণ

শ্রীগৌড়দেশের যে সকল স্থানে সপার্ষদক শ্রীমন্মহা যে অপ্রকট পরবর্ত্তী মহাজনগণ লীলা করিয়া গিয়াছে সেই সব আধুনিক নৈগোলিক পরিচয় ও বৈষবিগ্রহ পরিচয় সহ যাতায়াতের সুবিধা নির্দ্দেশ ইত্যাদি বিষয় সন্নিবেশিত আছে। ডিক্টা ৷০ আনা।

THE HARMONIST OR SHREE SAJJANATOSHANI

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রতিষ্ঠিত এবং শ্রীল ভ সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ সম্পাদিত পারমা মাসিক পত্র। এক্ষণে ইহারই ভাষায় অষ্টাবিংশ ডবলক্রাউন ৮ পেজী ৪ ফর্ম্মা আকারে প্রতি মাসে বিশুদ্ধ-বৈষ্ণবধর্ম্ম লইয়া উপস্থিত হইতেছে কাগজ, মুদ্রণ-পারিপাট্য ও চিত্রাদি অতীব চিত্তাক এই প্রকার উৎকৃষ্ট প্রবন্ধ আর কোন মাসিক পত্রি দেখিতে পাইবেন না। মাসিক ডিক্টা অগ্রিমসহ বার্ষিক টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর নদীয়া

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও আদর্শচরিত্র শিক্ষকগণ ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য নিম্ন ন্যায়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

বিস্তারিত সংবাদের জন্য নিম্নলিখিত ঠিকানা পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

—৫১ বৎসরের প্রতিষ্ঠিত—

ঔষধালয়ের প্রস্তুত বটীকা

যাবা শুক্রতারল্য, স্বপ্নদোষ, কোষ্ঠকাঠিন্য, অজীর্ণ, অম্লশূল প্রভৃতি কত রোগীর রোগ নিরাময় হইয়াছে তাহা প্রকাশ করিলে বড় বড় পুস্তক হইয়া পড়ে।

ইহা

সকল ঋতুতে ব্যবহার চলে ও সমান ফল প্রদান করিয়া থাকে। প্রতি কৌটায় ৩২টী বটীকা থাকে।

কেবলমাত্র

প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা। ইহার নাম 'আতঙ্কনিগ্রহ

অন্যান্য ঔষধের তালিকার জন্য পত্র লিখিলেই পাইবেন

প্রাপ্তিস্থান :—আতঙ্কনিগ্রহ ঔষধালয়

২১৪ নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের



সর্ব্ববিধ স্নায়ুরোগের অব্যর্থ মহৌষধ

মফঃস্বলের সুবিধার জন্য ৬ আঃ শিশিতে ঘনীভূত অবস্থায় ছোটবোতলে ডাকমাশুল ঔষধ ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ৪০ আনা, পাইট ৸৹ আনা, বোতল ১৲ আনা।

অফিস— ১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

শ্রীভাগবত প্রেস

গোয়াড়ী হাইষ্ট্রীট

কৃষ্ণনগর

এখানের বিবাহের নিমন্ত্রণ-পত্র, প্রীতি-উপহার, কার্ড, গ্রন্থ এবং অন্যান্য যাবতীয় কার্য্য ছাপা হইয়া থাকে। ছাপার দর বাজার দর অপেক্ষা সুলভ। পরীক্ষা প্রার্থনীয়।

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস্, এন্, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈদ্যুতিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

৯৮ নং কটন ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈবপ্রাপ্ত যক্ষ্মার একমাত্র মহৌষধ

পনর দিনে সম্পূর্ণ আরোগ্য

রোগী দেখাইতে হইবে। অগ্রিম পাথেয় ২৫৲ (বাহিরা এবং আসার) পাঠাইলে শিশি রোগী দেখা হয় অথবা এখানে আসিলে রোগী দেখিয়া ঔষধ দেওয়া হয় আরোগ্য না হওয়া পর্য্যন্ত পারিশ্রমিক লিতে হইবে না। গরীব রোগীদের খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়। বিস্তারিত বিবরণের জন্য এক আনার ডাক টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীকিতীশচন্দ্র উকীল, যক্ষ্মা-চিকিৎসক, পোঃ নৈকাটী, বরিশাল।

অথবা নিম্ন ঠিকানায় সাক্ষাৎ করিয়া বিস্তারিত জানিতে পারেন।

শ্রীযুক্ত রামগোপাল দত্ত এম্, এ, কৃষ্ণনগর, নদীয়া। শ্রীযুক্ত হরিপদ মিশ্র, ১১৭, বেণিয়াটোলা ষ্ট্রীট, বাটখোলা, কলিকাতা।

একখানি পত্র! আমার স্ত্রী দুই গত ছয় মাস যাবৎ রাজ যক্ষ্মায় ভুগিয়া মৃতপ্রায় হইয়াছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাহার জীবনের আশা ত্যাগ করিয়া শেষ মুহূর্ত্তের জন্য অপেক্ষা করিতেছিলেন এই সময় শ্রীযুক্ত কিতীশচন্দ্র উকিল মহাশয় মাত্র ১০ দিন চিকিৎসা করিয়া সম্পূর্ণ আরোগ্য করিয়া দিয়াছেন। (সাঃ) শ্রীযতীন্দ্র কিশোর রায় চৌধুরী (জমিদার পাবনা) ৩নং ষ্ট্রীট, নিউ বিল্ডিং। অরপোরেশন হাউস ডিস্পা টমেণ্ট, কলিকাতা।

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার—গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেন গ্রাহকগণ

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কসের

এত প্রশংসা করেন

—কারণ—

এখানে যাবতীয় ছাপার কার্য্য—

গ্রন্থাদির কার্য্যই বলুন,

বিবাহের নিমন্ত্রণ পত্র, কার্ড, বিবাহের পদ্ধতি বলুন,

আর ৩ রং ও ৪ রংএর হাফটোন ব্লকই বলুন, সকল কার্য্যই অ সত্বর ছাপা হয়, অথচ ছাপাইবার খরচ বাজার অপেক্ষা সুলভ।

আপনার কিছু ছাপার কার্য্য থাকিলে নিম্নঠিকানায় জানাইলেই পাইবেন।

ম্যানেজার— গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

২৩৩২ নং আপার সার্কুলার রোড, কলিকাতা

মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস হইতে—কৃষ্ণকান্তি ব্রহ্মচারী ভক্তিসুহৃদ এম্, এম্, এল্, কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

চট্টগ্রামে আবার ৫ জন যুবক ধৃত, পরে মুক্ত

গত ৯ই আগষ্ট চট্টগ্রামে একটি গৃহস্থ ইতে খানাতল্লাস হইয়া গিয়াছে। াসের ফলে পুলিস নাকি একটি ভরা ভলভার, কতকগুলি কার্তুজ ও মোর মত কতকগুলি গটকা পাইয়াছে। সংবাদে প্রকাশ, পুলিস সন্দেহক্রমে জন যুবককে গ্রেপ্তার করিয়া থানায় য়া গিয়াছিল, কিন্তু পরে উহাদিগকে ড়িয়া দেওয়া হইয়াছে।

পণ্ডিত মতিলাল নেহরুর প্রতিকৃতি

মাদ্রাজ হইতে প্রকাশ যে রানাডে-ল পরলোকগত পণ্ডিত মতিলাল হরুর প্রতিকৃতির আবরণ উন্মোচন লক্ষ্যে ভারত সরকারের নব নিযুক্ত ইন-সদস্য সার সি পি, রামস্বামী আয়ার ত্তিতীয় রাজনীতি জ্ঞানের ও দেশ-তৈষিতার ভূয়সী প্রশংসা করেন। নি বলেন, পণ্ডিত মতিলালজী সমস্ত ধাই দৃঢ়তার সহিত করিতেন বা দিতেন।

অতিবৃষ্টির ফলে মাদ্রাজ রেলপথের বিঘ্ন

১০ই আগষ্ট সোমবার দিবস যুবলী সন হইতে মাদ্রাজ ও দক্ষিণ মারহাট্টা লপথের ডিষ্ট্রিক্ট সুপারিন্টেণ্ডেণ্ট জানা-ছেন যে, উক্ত রেলপথের সোণালিম্ এবং ভুসাবল ষ্টেশনদ্বয়ের মধ্যে অতি ষ্টির ফলে পাহাড়ী চলাচলে বাধা উপস্থিত ইয়াছে। ইহা চারিদিবসকাল স্থায়ী ইবে বলিয়া অনুমান করা যাইতেছে।

অদ্ভুত সন্তান প্রসব

হনৈক দোবীর পত্নী মাবারীপুর হাসপা-সপাতালে দুইটি মস্তক, চারি হস্ত চারি পা বিশিষ্ট একটি অদ্ভুত মৃত সন্তান সব করিয়াছে।

তুমুল বৃষ্টি

হবলী হইতে প্রকাশ যে এম, এস, ম, রেলপথের ডিষ্ট্রিক্ট ট্রফিক সুপারি-ন্টেণ্ডেণ্ট তারযোগে জানাইতেছেন যে সোণালিম ও ভুসাবলের মধ্যে নবরত তুমুল বৃষ্টির জন্য ট্রে. চলাচলে যে াঘাত সৃষ্টি হইয়াছে, তাহা বোধ ারও ৬ দিন থাকিবে।

আবার অর্ডিনান্সে গ্রেপ্তার

কামালপুর ময়মনসিংহ হইতে প্রকাশ ম গত ৮ই আগষ্ট প্রাতঃকালে স্থানীয় পুলিস শ্রীযুক্ত জগদীশচন্দ্র মজুমদার বি, এল-কে অতিরিক্ত জিলা ম্যাজিষ্ট্রেটের গ্রেপ্তারী পরোয়ানা বলে বঙ্গীয় সংশোধিত ফৌজদারী আইনানুসারে গ্রেপ্তার করিয়াছে।

গোপেটের গলদেশে তরবারি

৮ই আগষ্ট সুরক্ষিত আদালতকক্ষে বাসুদেব বলবন্ত গোপেটের মামলার বিচার আরম্ভ হয়। সাক্ষী পুনার ফার্গুসন কলেজের অধ্যক্ষ শ্রীযুক্ত মহাবলি ও গভর্ণরের এডিকং কাপ্তেন পেটো গত ২২শে জুলাই ফার্গুসন কলেজে যে বাত হয়, তাহার বিবরণ প্রদান করেন।

অধ্যক্ষ শ্রীযুক্ত মহাবলি বলেন, গভর্ণরকে কলেজ পরিদর্শনের জন্য ১৭ই জুলাই তারিখে নিমন্ত্রণ করা হয়।

কাপ্তেন পেটো বলেন, গবর্ণরকে লক্ষ্য করিয়া গুলী ছুটী ছুটা হইবার পর তিনি আততায়ীর দিকে ছুটিয়া যান এবং গোপেটের গলার উপর তাঁহার তরবারির অগ্রভাগ ধরিয়া তিনি তাহার তৃতীয় গুলী করায় বাধা দেন। অতঃপর তিনি তাহাকে নিরস্ত্র করেন

সাক্ষ্যে আরও প্রকাশ, গোপেটের পকেটে গবর্ণরের ফটো এবং আর একটা গুলীভরা রিভলভার ও একখানা ছোরা ছিল।

গান্ধীজীর সম্বর্দ্ধনা

বোম্বাই কর্পোরেশনের ১০ই আগষ্ট তারিখের সভার সভাপতি শ্রীযুত বোমার বেরাম্জী বলেন যে, গান্ধীজী, ভূপালের নবাব এবং গোলটেবিল বৈঠকের অপর কতিপয় বিশিষ্ট সদস্যগণের সম্মানার্থে এক উৎসবের আয়োজন করা হইবে।

বন্দীর মুক্তি

রংপুর হইতে প্রকাশ যে গাইবান্ধার মোক্তার শ্রীযুত মহিমচন্দ্র রক্ষিতের পুত্র শ্রীযুত শচীন্দ্রচন্দ্র রক্ষিতকে বঙ্গীয় সংশোধিত ফৌজদারী আইনের ধারায় গ্রেপ্তার করিয়া জিলা জেলাগারে আবদ্ধ রাখা হয়। তাঁহাকে বিনাসর্তে ছাড়িয়া দেওয়া হইয়াছে এবং তাঁহার বিরুদ্ধে সকল অভিযোগ প্রত্যাহার করা হইয়াছে।

নির্ব্বাচন ব্যাপারে অনেকে জখম

বরহমপুর হইতে প্রকাশ যে আজিম-গঞ্জ জিয়াগঞ্জ মিউনিসিপ্যালিটীর বালুচর ওয়ার্ডের কমিশনার নির্ব্বাচনে নির্ব্বাচক কর্ম্মচারী মনোনয়ন লইয়া বিবাদে অনেক জখম হইয়াছে। একজনের অবস্থা সাংঘাতিক। স্থানীয় মহকুমা ম্যাজিষ্ট্রেট নির্ব্বাচন অনির্দ্দিষ্ট কালের জন্য স্থগিত রাখিয়াছেন

গভীর রাত্রিতে ডাকাতি

চুঁচুড়া হইতে সংবাদে প্রকাশ যে, হুগলী জেলার অন্তর্গত সেখপাড়া হইতে পুনরায় আর একটী ডাকাতির সংবাদ পাওয়া গিয়াছে। ঘটনার বিবরণে প্রকাশ, রাত্রি প্রায় ১টার সময় একদল ডাকাত (সংখ্যায় প্রায় ১০।১২ জন হইবে) লাঠি, ছোরা, বা প্রভৃতি মারাত্মক অস্ত্র শস্ত্র দ্বারা সজ্জিত হইয়া কবীর নামক স্থানীয় এক মুসলমানের বাড়ীতে হানা দেয়। ঐ সময় বাড়ীর সকলেই নিদ্রিত ছিল। ডাকাতেরা ঘরে প্রবেশ করিয়াই লোহার সিন্দুকের চাবির জন্য কবীরকে শুশ্রূষার প্রলোভন করে। পরে কর্ত্তার চাবি দিলে, ডাকাতেরা সিন্দুক হইতে নগদ টাকা ও মূল্যবান অলঙ্কারাদি লইয়া পলায়ন করে।

আকোলায় হিন্দু মহাসভা

আগামী গোলটেবিল বৈঠকে হিন্দু প্রতিনিধির সংখ্যা অল্প হইয়াছে বলিয়া উহার প্রতিবাদ করিয়া হিন্দুমহাসভার গত ৯ই আগষ্টের এক প্রস্তাব গৃহীত হইয়াছে। উক্ত গোলটেবিল সম্মেলনের সিন্ধু সাবকমিটীর সিদ্ধান্ত একতরফা এবং সেজন্য উক্ত সিদ্ধান্ত হিন্দুগণের পক্ষে বিশেষ করিয়া সিন্ধুর হিন্দুগণের পক্ষে গ্রহণযোগ্য না হওয়ায় মন্তব্য প্রকাশ করা হইয়াছে।

জুনাগড় রাজ্যের বীরবল নামক স্থানে ৫ শত হিন্দুকে হত্যার কারণ অনুসন্ধানের জন্য তিনজন সদস্যকে লইয়া একটি অনুসন্ধান সমিতি গঠিত হইয়াছে। তাঁহারা তাঁহাদের অনুসন্ধানের ফলাফল হিন্দু মহাসভার নিকট প্রেরণ করিবেন।

কাশিতে হাইস্কুলে মৌলভীর বক্তৃতা

গত ৮ই আগষ্ট বেলা ১ ঘটিকায় কাশিতে রাজ উচ্চইংরাজীবিদ্যালয়-প্রাঙ্গণে মৌলভী বরাকতোল্লা বর্ত্তমান কালে ছাত্রদিগের কর্ত্তব্য সম্বন্ধে একটী বক্তৃতা করেন। তিনি যুবকদিগকে সত্যের অনুসন্ধান করিতে, মানবজাতিকে ভালবাসিতে, ধর্ম্ম সংক্রান্ত সামাজ বিরোধ-গুলি পরিহার করিতে ও সাধারণের কল্যাণকর প্রতিষ্ঠানসমূহ গঠিত করিতে আবেদন করেন। তাঁহারা হিন্দু-মুসলমানমিলনের আবেদনে সভায় যথেষ্ট উৎসাহের সঞ্চার হইয়াছিল।

অপরাহ্ণ ৫ ঘটিকায় উক্ত স্থানে মৌলভী আবদুল মজিদের সভাপতিত্বে এক সাধারণ সভার অধিবেশন হয়। ঐ সভায় তিনি বিশ্বের প্রগতি ও সভ্যতা সম্বন্ধে একটি সুচিন্তিত বক্তৃতা করেন এবং সম্পর্কে তিনি সামাজিক রাজনৈতিক ও ধর্ম্মসম্বন্ধীয় বিষয়ের আলোচনা করিয়াছিলেন।

রেল কর্ম্মচারীর মহিলার বিরুদ্ধে মামলা

বিহারের জাতীয় কর্ম্মী শ্রীযুক্তা সাবিত্রী দেবী গত ৫ই আগষ্ট প্রত্যূষে পৌরা হইতে ধুবুরীতে বক্তৃতা করিতে আসিয়াছিলেন। প্রকাশ, স্থানীয় রেলওয়ে ষ্টেশনে তাঁহার সহিত কতিপয় রেল কর্ম্মচারীর বচসা হয়, ফলে ভারতীয় রেলওয়ে আইনের ১২১ ধারানুসারে তাঁহার বিরুদ্ধে একটি মামলা আনয়ন করা হইয়াছে। তিনি এখন জামীনে মুক্ত আছেন, মামলা চলিতেছে। অভিযোগের বিবরণে প্রকাশ, তাঁহার টিকিট প্রদর্শনের পর, কতিপয় রেলওয়ে কর্ম্মচারী তাঁহার দ্রব্যাদি ওজন করিতে চাহিলে তিনি নাকি তাহাতে বাধা প্রদান করেন। প্রকাশ, উক্ত কর্ম্মচারী তাঁহার হাত ধরিয়া টানায় ইহাতে ঐ মহিলা একখানি ছড়ির দ্বারা কয়েকটি আঘাত করেন।

অতিরিক্ত খাজনা আদায়

শ্রীহট্ট জিলা সমাজতন্ত্রবাদীদিগের উদ্যোগে সোনামা নিবাসী চৌধুরী আবদুল মতিন চৌধুরী, এল, এর সভাপতিত্বে তাটন হাওরে এক জনসভার অধিবেশনে পুথিমপাশা জমিদারীর কর্ম্মচারীদের অতিরিক্ত খাজনা আদায়ের জন্য প্রজাদের উপর জুলুম করার নিন্দা করিয়া প্রস্তাব গৃহীত হইয়াছে। জমিদারদিগকে অনুরোধ করা হইয়াছে, তাঁহারা যেন দরিদ্র প্রজা পুত্রীদের স্বার্থের প্রতি মনোযোগী হন।

জুরির রায়ে জজের মতভেদ

বরিশাল হইতে প্রকাশ যে, শ্রীযুক্ত ক্ষোপে সোমা সম্পর্কে শ্রীযুক্ত বিধু চক্রবর্ত্তীর বিরুদ্ধে মিথ্যাসাক্ষ্য আইনের ১৯৩ ধারা এবং ৫ ধারা অনুসারে যে মামলা চলিতেছিল, তাহাতে ম আসামীকে নির্দ্দোষ বলিয়া স্থির করেন। অতিরিক্ত দায়রা জজ মিঃ চৌধুরী জুরীর সহিত একমত না হইয়া মা হাইকোর্টে প্রেরণ করিয়াছেন।

Reg No C.1544

নবদ্বীপ

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৯৲
অর্দ্ধ কলম ৫৷৹
সিকি কলম ২৲
চুক্তির হার
স্বতন্ত্র

সাধারণ হার
আগ্রিম দেয়
বার্ষিক ৯৲
ষাণ্মাষিক ৫৲
ত্রৈমাসিক ২৷৹
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৵৫

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৬ষ্ঠ খণ্ড] সম্পাদক—শ্রীঅতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [১৪০ তমসংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—৩০শে শ্রাবণ শনিবার, ১৩৮৮, ১৫ই আগষ্ট ১৯৩১

নানা কথা

কৃষ্ণনগরে মহিলা পাঠাগার

ঢাকার শ্রীযুক্তা আশালতা সেন গত ৯ই আগষ্ট কৃষ্ণনগরে আগমন করিয়াছেন। তিনি স্থানীয় রামগোপাল টাউন-হলে এক সভায় দেশের বর্ত্তমান রাজনৈতিক অবস্থা সম্বন্ধে বক্তৃতা করেন।

অধ্যাপক শ্রীযুত বীরেশ্বর বসু এম, এ সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন।

তিনি কৃষ্ণনগরে মহিলাগণ কর্ত্তৃক প্রতিষ্ঠিত কমলা পাঠাগারের দ্বারোদ্ঘাটন করিয়াছেন।

ইন্দুরের পরাক্রম

মাস্রাজে কতকগুলি ইন্দুর অত্যন্ত বড় ও বলবান হইয়াছে। কিছুদিন পূর্ব্বে শ্রীমদ্ দেবকীনন্দন ব্রহ্মচারী একটী বড় ইন্দুর দেখিয়াছিল। এই ইন্দুরটী প্রথমে একটী কুকুরের দ্বারা হঠাৎ আক্রান্ত হয় এবং একটু পরেই ইন্দুরটী কুকুরের দিকে ছুটিয়া আসে। তখন কুকুরটী মাস্রাজ পৌত্তীয়মঠের সীমানার প্রাচীর ডিঙ্গিয়া দুই মিনিটকাল যাবৎ ইন্দুরটীর সহিত ক্রমাগত যুদ্ধ করে। কিন্তু ইন্দুরটীকে জব্দ করিতে না পারিয়া কুকুরটী অবশেষে পলায়ন করে।

হাতীর স্বাধীনতাপ্রিয়তা

চুচুড়া হইতে প্রকাশ ১০০০৲ টাকা মূল্যের হগলী চুচুড়া মিউনিসিপালিটীর একটী হাতী তহবিল তছরূপ করিবার অভিযোগে জিলার কর্ত্তৃপক্ষ জনৈক ট্যাক্সি আরোহী দারোগাকে গ্রেপ্তার করিবার জন্য এক পরোয়ানা বাহির করিয়াছেন উক্ত দারোগার নিকট ঐ অর্থ গচ্ছিত ছিল। প্রকাশ, তদবধি দারোগা পলাতক আছে।

কৃষ্ণনগরে মহিলা পাঠাগার

দেশ প্রত্যাগত ভারতীয়ের অবস্থা

ইন্দুরের পরাক্রম

অর্থ কষ্টের ভীষণ পরিণাম

ধলভূমে প্রতিবাদ

বারাণসীতে ধর্ম্মঘটের অবসান

নেপালীযুবক গ্রেপ্তার

হোটেলে কোকেন প্রাপ্তি

চট্টগ্রামে দ্বিতীয় ট্রাইব্যুনাল

অস্ত্র আইন, বিস্ফোরক পদার্থ আইন ও ভারতীয় দণ্ডবিধি আইনের বড়যন্ত্র বিষয়ক অপরাধ সম্বন্ধে পুলিস নিম্নলিখিত আসামীগণের বিরুদ্ধে ১১ই আগষ্ট সহর ডেপুটির আদালতে চার্জ্জসিট দাখিল করিয়াছে। আসামীগণের নাম—নিবারণ ঘোষ, নলকুমার সে, চন্দ্র বসু, অর্দ্ধেন্দু গুহ, সুশীল সেন, প্রফুল্ল মল্লিক, নিশি সে, রবীন্দ্র সেন, প্রভাত দত্ত, সুরেন দাস, আশু সে ও অনিল রক্ষিত।

সংবাদে প্রকাশ, এই নূতন মামলা বিচার করিবার জন্য চট্টগ্রামে আর একটি স্পেশাল ট্রাইব্যুনাল গঠন করা হইবে।

আরও প্রকাশ একজন আসামীর স্বীকারোক্তি ইতিমধ্যে লিপিবদ্ধ করা হইয়াছে। আসামী অর্দ্ধেন্দু গুহ চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনের মামলার একজন পলাতক আসামী।

ধলভূমে প্রতিবাদ

উড়িষ্যাবাসীগণের ও ধলভূমের মুসলমানের উড়িষ্যাগণের ধলভূম তথা সিংভূমকে প্রস্তাবিত উড়িষ্যাপ্রদেশের অন্তর্ভুক্ত করিবার প্রতিবাদকল্পে আসামী ১৭ই আগষ্ট রবিবার বেলা ৩ ঘটিকার সময় কোকপাড়া মোকামে একটী মহতী জনসভার অধিবেশন হইবে। এই সভায় ধলভূম রাজ এষ্টেটের ম্যানেজার মাননীয় শ্রীযুক্ত হেমচন্দ্র চক্রবর্ত্তী মহোদয় সভাপতির আসন গ্রহণ করিবেন। সাধারণের উপস্থিতি একান্ত বাঞ্ছনীয়।

তমলুকে অনাবৃষ্টি

আর্থিক মন্দা হেতু তমলুকবাসীর অবস্থা অতীব শোচনীয় হইয়া পড়িয়াছে। প্রায় একমাস যাবৎ বৃষ্টি না হওয়ায় জমিতে চাষ করা সম্ভব হইবে না। বৃষ্টির অভাবে নীচু জমির ছোট ছোট চারাগুলিও নষ্ট হইয়া গিয়াছে।

চুচুড়ায় নৃশংস হত্যাকাণ্ড

হুগলী জিলার ভদ্রেশ্বর থানার এলাকাধীন কোন গ্রাম হইতে এক নৃশংস হত্যাকাণ্ডের সংবাদ আসিয়াছে। পুলিস উহার তদন্ত করিতেছে। আসামীর নাম বাহাদুর বলিয়া জানিতে পারা গিয়াছে। প্রকাশ, আসামীর সহিত মৃতের সদ্ভাব ছিল না। ঘটনার দিন উভয়েই একই খামের ক্ষেতের মধ্যে কার্য্য করিতেছিল। হঠাৎ আসামী একখানি ছুরিকা বাহির করিয়া তাহাকে পুনঃ পুনঃ আঘাত করায় ফলে সে ভূতলশায়ী পতিত হয়। এখনও আসামীর কোন সন্ধান পাওয়া যায় নাই।

শ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার পরিব্রাজকগণ

পরিব্রাজকগণের নাম	বর্ত্তমান ঠিকানা
১। শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ	শ্রীমায়াপুর
২। শ্রীভক্তিবিবেক ভারতী	কলিকাতা
৩। শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম	শ্রীমায়াপুর
৪। শ্রীভক্তিপ্রকাশ অরণ্য	কটক
৫। শ্রীভক্তিজয় বন	কলিকাতা
৬। শ্রীভক্তিনর্ত্তন গিরি	অমৃতসর
৭। শ্রীভক্তিবৈষ্ণব সাগর	ব্রাহ্মণপাড়া
৮। শ্রীভক্তিরূপ পুরী	কটক
৯। শ্রীভক্তিস্বরূপ পর্ব্বত	মধুরভঞ্জ
১০। শ্রীভক্তিবিলাস গভস্তিমেধি	কলিকাতা,
১১। শ্রীভক্তিরঞ্জনভক্তিসাগর	মাদ্রাজ
১২। শ্রীভক্তিরক্ষক শ্রীধর	মাদ্রাজ
১৩। শ্রীভক্তিভূদেব শ্রৌতী	শ্রীমায়াপুর
১৪। শ্রীভক্তিপ্রসূন বোধায়ন	বালেশ্বর

শুদ্ধভাক্তমঠসমূহ

চৈতন্য মঠ

আকর মঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর ঈশান নাগরপুর, নদীয়া

এই মঠরাজে পারমার্থিক দৈনিকপত্র, সাপ্তাহিক পত্রিকাদির অফিসাদি ও মুদ্রাঙ্কণ প্রভৃতি প্রচারকল্পে 'নবীন-প্রকাশ' যন্ত্রালয় প্রতিষ্ঠিত হইয়াছে এবং বার্ষিকোৎসব ঈশান-পরিক্রমোপলক্ষে ও অন্যান্য কতকগুলি বিশেষ প্রয়োজনে মহামহোৎসবাদি সকলে অনুষ্ঠিত হইয়া থাকে। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপাদ নরহরিজী। সহকারী—ব্রহ্মচারী পণ্ডিত শ্রীপাদ গোবর্দ্ধন কাব্য-ব্যাকরণতীর্থ শ্রীবেদব্যাস, শ্রীপাদ বীরচন্দ্র, শ্রীপাদ নন্দগোপাল, শ্রীনীলরত্নরায়, শ্রীঅচ্যুতানন্দ, শ্রীমধুসূদন, শ্রীবৃন্দাবনচন্দ্র প্রভৃতি।

(১) শ্রীগৌড়ীয় মঠ

১৬ নং বাগবাজার ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

টেলিফোন বি, বি, ৪১১৫

মঠরক্ষক—আচার্য্যতিক শ্রীপাদ কুঞ্জবিহারী বিদ্যাভূষণ। সহকারী—পণ্ডিত শ্রীপাদ অনন্তবাসুদেব পরিব্রাজকাচার্য্য ত্রি-দ, শ্রীপাদ হরিবিহারী ব্রহ্মচারী, শ্রীপাদ ভগবদ্ধ্যান হালদারিকারী ত্রি-দ, বহুচারী শ্রীকীর্ত্তনানন্দ, ব্রহ্মচারী শ্রীগোরীমোহন, ব্রহ্মচারী শ্রীরঙ্গনাথ, পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ পরিষ্কার সম্পাদক ভক্তিপ্রমোদ সম্প্রদায়বৈভবাচার্য্য, শ্রীঅমরেন্দ্রনাথ-সাধিকারী ত্রি-দ, শ্রীবরদাকান্ত হালদারিকারী ত্রি-দ, শ্রীমধুসূদন মহাপাত্র, শ্রীবিশ্বম্ভর ব্রহ্মচারী, শ্রীগুরুগৌর ব্রহ্মচারী প্রভৃতি।

(২) যোগপীঠ শ্রীমন্দির

রক্ষক—লোকনাথের গোস্বামী ভট্টাচার্য্য প্রভু শ্রীযোগাদ্য। সহকারী শ্রীবিজ্ঞানন্দ ব্রহ্মচারী, শ্রীরাধাবিনোদ ভক্তিকুসুম, শ্রীগোবর্দ্ধন ব্রহ্মচারী। শ্রীসাধন দাস অধিকারী, কেশবজী শ্রীনীলনাথ।

(৩) শ্রীবাস-অঙ্গন

রক্ষক—শ্রীসুকাশকুসুম ব্রহ্মচারী।

(৪) অদ্বৈত-ভবন

রক্ষক—শ্রীবৃন্দাবনচন্দ্র ভট্ট চার্য্য, শ্রীগোকুলদাস গবেষী।

(৫) কাজীর সমাধিস্থল

প্রাচীন মায়াপুর, বামনপুকুর (নদীয়া)

রক্ষক—ব্রহ্মচারী শ্রীবিনোদবিহারী।

(৬) স্বানন্দ সুখদ-কুঞ্জ

শ্রীগোচর, সরপগাছা (নদীয়া)

রক্ষক—ভক্তিকুসুম ভারতী ব্রহ্মচারী

রক্ষণাবেক্ষণী এল, এম, এফ।

(৭) শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

ময়মনসিংহ।

রক্ষক—শ্রীঈশ্বর ভক্তিশাস্ত্রী এম, এ, বি, এল, সহকারী—শ্রীউদ্ধারণ ভক্তিশাস্ত্রী, শ্রীউদ্ধব অধিকারী প্রভৃতি।

(৮) শ্রীগৌড়-প্রকাশের-মঠ

চাঁদাবাড়ী, সরপগাছা, (নদীয়া)

রক্ষক—শ্রীবলরাম ব্রহ্মচারী, ভক্ত শ্রীবৈদ্যনাথ দাস।

(৯) শ্রীরূপগৌড়ীয়-মঠ

কাঁটাবন, রোড নং ৪৪, পি

রক্ষক—শ্রীগোবিন্দানন্দ ব্রহ্মচারী

(১১) শ্রীমহেন্দ্রমহন্ত

মাউগাছি, কাটোয়া, বর্দ্ধমান।

রক্ষক—শ্রীগুরুবিহারী প্রভুপাদী, ভক্ত শ্রীগোবর্দ্ধন।

(১২) ভাগবত আসন

শ্রীগোবর্দ্ধন গ্রোপ, কৃষ্ণনগর, নদীয়া।

রক্ষক—শ্রীকৃষ্ণানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(১৩) শ্রীকৃষ্ণায়ন মঠ

গোবিন্দপুর, চাঁদঘাটী, নদীয়া।

রক্ষক—শ্রীমধুসূদনানন্দ ব্রহ্মচারী। সহকারী শ্রীনরহরি ব্রহ্মচারী, শ্রীরসগোর দাস অধিকারী, ভক্ত বিশ্বনাথ।

(১৪) শ্রীমাধব গৌড়ীয় মঠ

১৮নং নবাবপুর রোড, ঢাকা।

রক্ষক—শ্রীগোবর্দ্ধন ব্রহ্মচারী, শ্রীপাদ গুরুস্থানন্দ পরিব্রাজিনাচার্য্য ত্রি-দ, শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী, শ্রীসচ্চিদানন্দ ভক্ত।

(১৫) শ্রীগোপালজী মঠ

জয়দেবপুর, ঢাকা।

রক্ষক—শ্রীবলরাম ব্রহ্মচারী

(১৬) শ্রীগুরাই-গৌ ঙ্গ মঠ

রক্ষক—শ্রীপূর্ণচন্দ্র ব্রহ্মচারী, শ্রীমঙ্গিলাল ব্রহ্মচারী

(১৭) শ্রীজগন্নাথভক্তজনানন্দ মঠ

ঝিকরিয়া, সাতক্ষেত্রপুর, মৈমনসিংহ।

এখানে শ্রীল-গৌরাঙ্গ-পাঠশিক্ষা-নিবিহারীর নিজাশ্রম বর্ত্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীজগন্নাথজী।

(১৮) আমলাজোড়া প্রপন্নাশ্রম

ডাকঘর পোঃ বর্দ্ধমান।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীনারায়ণদাস।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

খর্দ্ধার, পুরী, উড়িষ্যা।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমানন্দ বিদ্যারত্ন, ব্রহ্মচারী শ্রীনরহরিদাস, শ্রীগোবিন্দাশ্রয় ব্রহ্মচারী, শ্রীরাঘবানন্দ ব্রহ্মচারী, শ্রীনিমাই চরণ অধিকারী, শ্রীনারায়ণি পণ্ডা।

(২০) শ্রীব্রজ-গৌড়ীয় মঠ

জগন্নাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীনরোত্তমী প্রাণবল্লভ ব্রহ্মচারী—ব্রহ্মচারী শ্রীবাসুদেবাধিকারী

(২১) শ্রীসচ্চিদানন্দ মঠ

ঢাউরাবাজার, ক্যাচ

রক্ষক—ব্রহ্মচারী শ্রীনারায়ণ, শ্রীরামপদ ব্রহ্মচারী, শ্রীপাদ জগন্নোপাল হালদারিকারী।

(২২) শ্রীসনাতন-গৌড়ীয় মঠ

৯নং জগন্নাথপুরী, কাশী।

রক্ষক—ব্রহ্মচারী ভক্তানন্দস্বামী, নিতাইদাস ব্রহ্মচারী, শ্রীপাদানন্দ প্রভুপাদী।

(২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

শ্রীনৃসিংহবাসন কুঞ্জ, শ্রীধাম বৃন্দাবন।

রক্ষক—শ্রীজগন্নাথ ব্রহ্মচারী

(২৪) শ্রীপুরুষোত্তম মঠ

নৈমিষারণ্য, সীতাপুর

রক্ষক—ব্রহ্মচারী শ্রীনৃসিংহানন্দ ও ব্রহ্মচারী শ্রীনন্দদুলাল।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ

চুনাকুড়ি, চিরকুন্ড, মানভূম।

রক্ষক—শ্রীরমানাথ দাস, শ্রীগোকুলানন্দ অধিকারী।

(২৬) ন্যাসগৌড়ীয় মঠ

রক্ষক—ব্রহ্মচারী শ্রীসুদর্শনজী, শ্রীনন্দগোপাল প্রভুপাদী

(২৭) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রম-ম

ব্রাহ্মণপাড়া, পোঃ মাধু, কাশিয়া

এখানে বহু কুকুরই শ্রীগোরাঙ্গের প্রে বর্ত্তমান। রক্ষক—প্রভুপাদী শ্রীপ্রাণকৃ দাস, ভক্ত কল্পতরু।

(২৮) দিল্লী গৌড়ীয় মঠ-কার্য্যাল

৫ নং গোবিন্দজন ডাকার লেন, দিল্লি কি

রক্ষক—ব্রহ্মচারী শ্রীনীলরত্ন, শ্রীকুলশে শ্রীরাধাবল্লভচরণাশ্রয়

(২৯) গোয়ালপাড়া-প্রপন্নাশ্র

রক্ষক—ব্রহ্মচারী শ্রীগোবর্দ্ধনদাস

(৩০) মাদ্রাজগৌড়ীয় মঠ

নর্থ গোপালপুরম্, ক্যাথড্রাল রো, মাদ্রা

রক্ষক—তিন ব্রহ্মচারী শ্রীগুরুকিঙ্কর ব্র ব্রহ্মচারী, সহকারী—ত্রিপুরারী ভক্তি কুসুম ভক্তিপ্রিয়, শ্রীপাদ জগন্ প্রভুপাদী, শ্রীপাদ প্রেমকীর্ত্তনম ব্রহ্ম শ্রীপাদ নিত্যস্বরূপ ব্রহ্মচারী ভক্তি ও শ্রীপাদ গৌরভগবান ব্রহ্মচারী।

(৩১) ব্রজেশগোপাল পাট

কাঁটাপুলি, ঢাকা, নদীয়া

রক্ষক—ব্রহ্মচারী শ্রীজগন্নাথ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ



ষষ্ঠবর্ষ ১৭ শ্রীধর গৌরাব্দ ৪৪৫, ৩০শে শ্রাবণ বঙ্গাব্দ ১৩৩৮, ১৫ আগষ্ট ইং ১৯৩১ শনিবার ১৪০তম সংখ্যা

সাময়িকী

কাশী শ্রীসনাতন গৌড়ীয়মঠে শ্রীপাদ [illegible]নেশ্বর ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রত্যহ [illegible]গবতধর্ম্মের কথা জনমণ্ডলীর সমক্ষে [illegible]র্ত্তন করিতেছেন। গত ৮ই আগষ্ট [illegible]কালে বর্ষার ডিষ্ট্রীক্ট ইঞ্জিনিয়ার শ্রীযুত [illegible]লাপচন্দ্র মুখোপাধ্যায় মহাশয় শ্রীসনাতন-[illegible]ড়ীয় মঠে আগমন করিয়া শ্রীপাদ ভুবনেশ্বর ব্রহ্মচারীজীর শ্রীমুখে প্রায় এক ঘণ্টাকাল [illegible]নবজীবনের কর্ত্তব্য সম্বন্ধে আলোচনা [illegible]ণ করেন। সদ্‌গুরু কিম্বা প্রকৃত সাধুর [illegible]পায় সকলেরই যে ভগবৎকৃপা লাভ [illegible]রিতে পারা যায়, একথা শুনিয়া তিনি [illegible]শেষ প্রীতি লাভ করিয়াছেন।

গত ৬ই আগষ্ট কাশীর অবসর-প্রাপ্ত [illegible]শনমাষ্টার শ্রীযুত গোপালচন্দ্র মুখো-[illegible]ধ্যায় মহাশয়ের বাসায় শ্রীপাদ ভুবনেশ্বর [illegible]চারীজী প্রায় দেড় ঘণ্টাকাল শুদ্ধভক্তি, [illegible]ভক্তি ও ছলভক্তি সম্বন্ধে বিশদভাবে [illegible]লোচনা করেন। গোপালবাবু অনু-[illegible]ণ ও অনুকরণের যে প্রভেদ, তাহা [illegible]শেষভাবে উপলব্ধি করিয়া আনন্দ-[illegible]কাশ করিয়াছেন।

বিগত ৩১শে জুলাই বরিশালের স্বনাম-[illegible]ত উকীল শ্রীযুত চারুমোহন চট্টোপাধ্যায় [illegible]পাদ ভক্তিশাস্ত্রীজীর মুখে শ্রীগৌড়ীয়মঠের [illegible]চারের বৈশিষ্ট্য শুনিয়া বিশেষ সুখী হন। [illegible]নি ভগবৎসেবার জন্য আনুকূল্য করিয়া [illegible]ছেন।

বিগত ১০ই জুলাই কাশীর স্বনামধন্য রায়সাহেব শ্রীযুক্ত অধরচন্দ্র মুখোপাধ্যায় মহাশয় শ্রীসনাতন গৌড়ীয়মঠের রক্ষকের নিকট বৈষ্ণব দর্শনের কথা শুনিয়া শুদ্ধ-ভক্তির কথা শ্রবণে পুনঃ পুনঃ আগ্রহ প্রকাশ করেন।

গত ৪ঠা আগষ্ট তারিখে বারাণসীর খ্যাতনামা পণ্ডিত শ্রীযুক্ত গোপীনাথ কাব্য-তীর্থ মহাশয়ের ভবনে শ্রীপাদ ভুবনেশ্বর ব্রহ্মচারীজী ভগবানের সহিত জীবের কিরূপ সম্বন্ধ, তদ্বিষয়ে আলোচনা করেন। তিনি সত্বর কলিকাতা গৌড়ীয়মঠে যাইয়া শ্রীল প্রভুপাদের শ্রীপাদপদ্ম-দর্শনের আগ্রহ জানাইয়াছেন।

মাদ্রাজ গৌড়ীয়মঠের প্রচারকদ্বয় ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিরক্ষক শ্রীধর মহারাজ ও ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিরঞ্জন ভক্তিসার মহারাজ সাহ, সি, পি, রামস্বামী আয়ার এর সহিত সাক্ষাৎ করিয়াছেন। তিনি শ্রীগৌড়ীয় মঠের প্রচারে যথেষ্ট সহানুভূতি প্রকাশ করিয়াছেন এবং আবশ্যকীয় সাহায্যদানে প্রতিশ্রুত হইয়াছেন। ইনি গভর্ণর জেনারেলের সভার একজন প্রধান সদস্য; বর্ত্তমানে সিমলায় গমন করিতেছেন।

মজঃফরপুরের একজন প্রধান উকিল শ্রীযুক্ত টি, রামস্বামী স্বামিজীদ্বয়ের প্রচারে আকৃষ্ট হইয়া শ্রীগৌড়ীয় মঠে বিবিধ আনুকূল্য করিতে প্রতিশ্রুত হইয়াছেন।

গত ৯ই আগষ্ট তারিখে মাদ্রাজ জর্জ্জ টাউনে শ্রীগৌড়ীয় মঠের ভক্তগণের এক বিরাট নগর সংকীর্ত্তন হইয়াছে, সংকীর্ত্তন-শোভাযাত্রা বেলা ৪ ঘটিকার সময় ৭নং কৃষ্ণ আয়ার ষ্ট্রীট হইতে বহির্গত হইয়া জর্জ্জটাউনের বড় বড় রাস্তা দিয়া গমন করিয়াছিল। নগরস্থ বিভিন্ন সম্প্রদায়ের বহু ব্যক্তি তাহাতে যোগদান করিয়াছিলেন।

গত ৫।৮।৩১ তারিখে বালেশ্বর জেলার অন্তর্গত বান্দিয়া নামক গ্রামে শ্রীহরিচরণ মহাপাত্র মহাশয়ের বাটীতে শ্রীগৌড়ীয় মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তি-প্রসূন বোধায়ন মহারাজ রাত্রি ৯ ঘটিকা হইতে ১১ ঘটিকা পর্য্যন্ত ভাগবতধর্ম্ম সম্বন্ধে একটী হৃদয়গ্রাহী বক্তৃতা প্রদান করিয়াছেন।

বিভিন্ন গ্রাম হইতে বহু শিক্ষিত ভদ্র-লোক ও ভদ্রমহিলা উপস্থিত হইয়া ছিলেন। তাঁহারা স্বামীজী মহারাজের শ্রীমুখবিগলিত বক্তৃতা শ্রবণ করিয়া অতি আনন্দের সহিত শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের জয়ধ্বনি করিতে করিতে গৃহে প্রত্যাবর্ত্তন করিয়াছেন।

গত ৬।৮।৩১ তারিখে বালেশ্বর জেলার অন্তর্গত বাউলপুরনিবাসী জমিদার শ্রীযুক্ত বাবু হেমচন্দ্র চন্দ্র মহাশয়ের শ্রীঠাকুরমন্দিরের প্রাঙ্গণে বোধায়ন মহারাজ শ্রীচৈতন্যচরিতা-মৃত হইতে সাক্ষিগোপালচরিত্র পাঠ করিয়াছিলেন।

উক্ত প্রসঙ্গের শেষের পরে প্রকাশ,—স্বামিজী মহারাজ এতদঞ্চলে কয়েক-দিন যাবৎ অনর্গল ভক্তিসিদ্ধান্তবাণী প্রচার করিতেছেন। তাঁহার শ্রীমুখবিগলি শ্রীভক্তিসিদ্ধান্তবাণী শ্রবণ করিয়া আ কৃতকৃতার্থ হইয়াছি।

উক্ত দিবস স্বামিজীমহারাজের প বিভিন্ন স্থান হইতে বহু ভদ্রলোক ও মহিলা উপস্থিত ছিলেন। পাঠের আরি অন্তে শ্রীপাদ রাধারমণ ব্রহ্মচারী প্র মহাজনপদাবলী কীর্ত্তন করিয়াছেন।

বিপিন বাবুর উৎসাহ ও চেষ্টায় পাঠে শ্রোতৃবৃন্দকে বিচিত্র মহাপ্রসাদ বিত করা হইয়াছে। শ্রোতৃবৃন্দের ম ইঁহাদের নাম উল্লেখযোগ্য—রমানাথ রিটায়ার্ড ইন্‌স্পেক্টর, নবেন্দ্রপ্রসাদ ন প্লীডার ভদ্রক কোর্ট, ঐীবলচন্দ্র দাস প্লীড ভদ্রক কোর্ট, ঐীমচন্দ্র মহাপাত্র স্কুল-মাষ্টা ভদ্রক।

অমন্দোদয়-দয়া-বারিধি শ্রীগৌরসুন্দ ছাড়া পরদুঃখদুঃখী আর কেহই অবতীর্ণ নাই। তাঁহার সেই অহৈতুকী দয়ার ক কিছুদিন যাবৎ মনোধর্ম্মকল্পিত ব্যক্তি বিকৃতভাবে গ্রহণ করায় তাহা জগতের চ বিপরীত-ভাবেই প্রতীত হইতেছিল ভক্তবর শ্রীগৌরসুন্দরের ইচ্ছায় তাঁহার পরম-প্রিয়তম মহাজন জগতে আগম করিয়া শ্রীগৌরাঙ্গদেবের প্রচারিত শুদ্ধ কথা—শুদ্ধ সনাতনধর্ম্মের কথা জগতে নিকট জানাইতেছেন। তাহাতে কনক কামিনী-প্রতিষ্ঠাশালীগণ ভয়ঙ্কর বিভ্রান্ত পড়িয়া গিয়াছে।

সেই সে বিচারে কর্ম্ম জ্ঞানিছ নিন্দয়। কৃষ্ণপাদপদ্মে যদি চিত্তবিত্ত রয়॥

শ্রীসচ্চিদানন্দমঠে
শ্রীপাদ ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভুর
বক্তৃতার চুম্বক

অদ্য শ্রীসচ্চিদানন্দ মঠে মহোৎসব। সেইজন্য আপনাদের ন্যায় সজ্জনগণের দর্শন লাভ করিবার সৌভাগ্য আমার হইয়াছে। সচ্চিদানন্দ শ্রীগৌরবিনোদরমণজীউর উৎসবে সমাগত আপনাদের নিকট কিছু হরিকথামৃত পরিবেশন করিবার সুযোগ পাইয়াছি। সত্যপ্রিয় সরলপ্রাণ ব্যক্তিমাত্রেই অনুভব করেন যে, অসদ্বস্তুর সহিত সম্বন্ধ স্থাপন পূর্বক অচিদনুশীলনের দ্বারা আমাদের নিরানন্দময় গৃহাদ্ধকূপই লাভ হয় এবং সদ্বস্তুর সহিত যোগযুক্ত হইয়া চিদনুশীলনের দ্বারা আমরা প্রয়োজনরূপ নিত্যানন্দ বা পরমার্থ লাভ করিতে পারি; শ্রীসচ্চিদানন্দমঠে আসিয়া বাস করিবার সুযোগ লাভ করিতে পারি।

যেখানে সচ্চিদানন্দ শ্রীগৌরবিনোদরমণজীউর সেবায় ভগবদ্ভক্তগণ বাস করেন, তাহাতেই নাম শ্রীসচ্চিদানন্দমঠ। ঊনবিংশ-শতাব্দীর শেষভাগে শ্রীসচ্চিদানন্দ' নামা কোনও মহাজন এই কটক সহরে শ্রীগৌরবিনোদরমণজীউর সেবার সতত নিযুক্ত ছিলেন। তাঁহারই নামানুসারে এই মঠের নাম 'শ্রীসচ্চিদানন্দ মঠ' এবং তাঁহারই সেব্য শ্রীগৌরবিনোদরমণজীউ এখানে প্রকটিত হইয়াছেন। সজ্জনসমাজে তিনি 'ঠাকুর ভক্তিবিনোদ' নামে সুপরিচিত। পণ্ডিতগণ বলেন,—ঠাকুর ভক্তিবিনোদের শ্রীগুরুসেবা দ্বারা সংসারকূপ গৃহান্ধকূপ হইতে ত্রাণ লাভ করিয়া শ্রীসচ্চিদানন্দমঠে বাস করিবার সৌভাগ্য লাভ হয়।

অসৎ, অচিৎ ও নিরানন্দময় গৃহান্ধকূপের ইন্দ্রিয়তর্পণরূপ উৎসবে প্রমত্ত হইয়া আমরা নরকপথের পথিক হইয়া পড়ি; আর শ্রীসচ্চিদানন্দ মঠে জগতের দ্বারা শ্রীজগদীশ্বরের সেবা করিতে পারি অর্থাৎ চক্ষুর দ্বারা শ্রীভগবান ও ভগবদ্ভক্তগণের শ্রীবিগ্রহদর্শন, কর্ণের দ্বারা জগৎকর্ণরসায়ন শ্রীহরিকথা শ্রবণ, নাসিকাদ্বারা শ্রীহরিপাদপদ্মে অর্পিত তুলসীচন্দনাদির ঘ্রাণ গ্রহণ, জিহ্বাদ্বারা শ্রীহরিপ্রসাদ ও শ্রীমহাপ্রসাদ সম্মান এবং শ্রীহরিজনগণের শ্রীপাদপদ্মস্পর্শের দ্বারা ত্বকের সার্থকতা সম্পাদনের সুযোগ হয়। ইন্দ্রিয়তর্পণোৎসব ও জগদীশের ইন্দ্রিয়তর্পণোৎসব এক নহে। খণ্ড কালের মধ্যে অনিত্য দেহ ও খণ্ড জগতের সহিত সম্বন্ধস্থাপন পূর্বক আমরা খণ্ড, ক্ষয় দেশে অর্থাৎ নরকে গমন করি। আর অখণ্ড, অসীম, পূর্ণ, নিত্য সচ্চিদানন্দময় শ্রীহরিপাদপদ্মের নিত্যকাল সেবা দ্বারা আমরা শ্রীবৈকুণ্ঠধামে গমন করি। দেশ, কাল ও পাত্র বিচারে আমরা অখণ্ড, অসীম দেশে নিত্যকালের জন্য অনন্তের উপাসক। যেখানে আমাদের আত্মার স্বাস্থ্য লাভ হয়, সেখান হইতে বিচ্যুত হইয়া আমরা খণ্ড দেশ, কাল ও পাত্রের সেবায় নিয়োজিত হইলেই অসুস্থ হইয়া পড়ি। সুস্থ হইবার জন্য তখন শ্রীসচ্চিদানন্দমঠ হাসপাতালে যাইয়া চিকিৎসিত হইতে হয়। আত্মার স্বাস্থ্যের জন্য শ্রীহরি ও শ্রীহরিজনের পাদপদ্মে শরণাগত হওয়া ব্যতীত উপায়ান্তর নাই।

অনন্তের পাদপদ্ম হইতে বিচ্যুত হইয়া যখন আমরা ক্ষুদ্র সঙ্কীর্ণ সাম্প্রদায়িকতার বন্ধনে বদ্ধ হইয়া অনন্তের সেবার অযোগ্য হইয়া পড়ি, তখন সেই মলিন মনকে শুদ্ধ করিবার জন্য অনন্তের সেবকগণের সঙ্গে তাঁহাদের শ্রীমুখবিগলিত শুদ্ধ শ্রবণ দ্বারা প্রায়শ্চিত্তে অনন্তের পথে—অনন্তের পথে প্রত্যাবর্তন করিতে পারি। যাহাতে বিশ্ববাণী অনন্তের পথে অগ্রসর হইবার সুযোগ পান এবং নিত্যানন্দময় ধামে পৌঁছিয়া সচ্চিদানন্দ বস্তুর সেবার নিত্যকালের জন্য নিযুক্ত হইতে পারেন, তজ্জন্য কোন এক অতিমর্ত্য মহাপুরুষের প্রেরণার প্রতি মঠেই এই প্রকার মহামহোৎসবের আয়োজন। 'মহোৎসব' অর্থে খাওয়া দাওয়া দ্বারা ইন্দ্রিয়তর্পণ করা নহে। হাসপাতালে যেরূপ ঔষধ ও পথ্য বিতরণ করা হয়, সেইরূপ এই সচ্চিদানন্দমঠ হাসপাতালে ধনী, নির্ধন পণ্ডিত, মূর্খ, আবালবৃদ্ধবনিতা সকল ভবরোগাক্রান্ত জীবকুলকে শ্রীহরিনামরূপ ঔষধ এবং শ্রীমহাপ্রসাদরূপ পথ্য বিতরণ করাই এই মহোৎসবের উদ্দেশ্য।

হে ভ্রাতৃবৃন্দ! আসুন আমরা সকলে প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবা—এই তিনটী বৃত্তি লইয়া যুগাচার্য্যের শ্রীচরণকমলে আত্মনিবেদন করিয়া তাঁহার শ্রীমুখবিগলিত শ্রীচৈতন্যবাণীরূপ ঔষধ ও তাঁহার প্রদত্ত শ্রীমহাপ্রসাদরূপ পথ্য সেবন করিয়া আমার স্বাস্থ্য লাভ করি। তাহা হইলেই আমাদের মহোৎসবে যোগদান করার সার্থকতা হইবে। তখন আমরা স্বরূপে অবস্থিত হইয়া নিত্যকাল অভিন্ননিত্যানন্দ শ্রীগুরুদেবের আনুগত্যে শ্রীসচ্চিদানন্দমঠে অবস্থান করিয়া অখণ্ড, অসীম, পূর্ণ, নিত্য সচ্চিদানন্দময় শ্রীশ্রীগৌরবিনোদরমণজীউর সেবায় নিযুক্ত হইতে পারিব।

বিদেশ

এসেছি স্বদেশ ফেলি' মায়াময় প্রদেশে;
ভুলে গিয়ে নিজ দেশ, রহি সদা পর দেশ
দিন মোর মাত্র চলি চিরদিন বিদেশে।
দেশ মোর পুরদেশে হরিপদতলে;
পিছু রাখি পথ ভুলি, পশ্চিমেতে সদা চলি,
পড়ি আরো দূরদেশে মরি চিরজীবনে।

শ্রীধাম-প্রসঙ্গ
আসল ও নকল

বৈষ্ণব-সার্ব্বভৌম শ্রীল জগন্নাথদাস শ্রীব্রজমণ্ডলে ও শ্রীগৌড়মণ্ডলে সর্ব্ববৈষ্ণব-সমাজ-প্রণম্য—এ বিষয়ে আর কোন মতভেদ নাই। সেই মহাত্মার অলৌকিক অনুভবপরা নিম্নিষ্ট শ্রীযোগপীঠ নাথদ্বারপুর যে শ্রেণীর লোকের বিবাদানুলে পণ্যদ্রব্য হইয়াছে, তাঁহারা কিন্তু তাঁহার মত তাদৃশ মহাপুরুষ নহেন। প্রকৃত প্রস্তাবে ত্যাগে সিদ্ধ হওয়া আর ত্যাগীর অনুকরণে ত্যাগীর বেশ ধারণ—এক নহে। অনুকরণকারি-সমাজে অনেক প্রকার কৃত্রিম অনুকরণের চিত্র দেখিতে পাওয়া যায়।

কোনও স্থলে শাখামৃগকেও কৃষ্ণ হইতে নামিয়া আসিয়া এক সার্কেসের ন্যায় খুব মজা ডেকোরে মনুষ্যের ন্যায় উপবেশন করিয়া খবরের কাগজ পড়িতে দেখা গিয়াছিল। খালি বোতল হইতে খালি গ্লাসে বায়ু ঢালিয়া পান করিবার অভিনয় করিতেও দেখা গিয়াছিল। তাই বলিয়া কি অনুসন্ধানকারী শাখামৃগ খবরের কাগজ পড়িয়া উহার তাৎপর্য্য উপলব্ধি করিতে পারে, সিদ্ধান্ত হইবে?

শুকপক্ষী নয়ন মুদ্রিত করিয়া উহার মানব গুরুর নিকট হইতে যে শিক্ষা লাভ করিয়া অনুকরণ-পদ্ধতিদ্বারা "পড় পাখী আত্মারাম, হরেকৃষ্ণ হরেরাম" বাণী উচ্চারণ করিয়া থাকে, তাহার তাৎপর্য্য বিষয়ে পক্ষীবরের সজ্ঞান অধিকার আছে, ইহা স্বীকার করা যায় না। অনুকরণ বা কৃত্রিম পন্থা কখনই আসল জিনিষ দিতে সমর্থ হয় না।

যদি বৈরাগীর বেশ জীবকে প্রকৃত প্রস্তাবে ত্যাগী করাইত, তাহা হইলে যাবতীয় পশু বসনাদিবিবর্জ্জিত হইয়া সন্ন্যাসিগণের গুরু কার্য্য করিতে পারিত। "যার কর্ম্ম তারে সাজে, অন্যের লাঠি তেল বাজে"—প্রবাদ অগ্রাহ্য করিয়া যাঁহারা "অনভ্যাসের ফোঁটা কপাল চড় চড় করে"—প্রভৃতি নীতিবাক্যের অসম্মাননা করেন, তাঁহারাই হঠকারিতার বশবর্ত্তী হইয়া আশ্রমের কোন সফল গ্রহণ না করিয়া অযথা অপ্রগামী হন।

'ঘুড়ি' ও 'মিছরি' কখনও একজাতীয় হইতে পারে না। দাঁড়কাক ও ময়ূরপুচ্ছের গল্প তাহা প্রমাণিত আছে। মানুষকে পাখী দেওয়া অতি সহজ; কিন্তু প্রকৃত মানুষকে পাখী দিতে গেলে আপনাকেই ফাঁকিতে পড়িতে হয়।

শিবরাত্রীর মহারাত্রি জগদ্গুরু ও বাস্তব সত্যের উপাসক। তাঁহার নিষ্কিঞ্চন অনুরাগিগণ শুদ্ধভক্ত। অভক্তগণ বৈষ্ণব-বিদ্বেষ করিতে গিয়া যে ভক্তের ভাবকান্তির অনুকরণ করেন, তাহা ধৃষ্টিনতা মাত্র

যৎকিঞ্চিৎ
(ব্যক্তিগত)

ভক্তমাল গ্রন্থখানি আদৃতি লালদাস-বিরচিত। উহা অভক্ত প্রা সহজিয়াগণেরই পাঠ্য, কেননা, তাঁহ উহাঁর চিরদিন আদর করেন এবং ভক্তগণ উহাকে অস্পৃশ্য জানিয়া প্রা সহজিয়া বা জাতিগোস্বামীরই আদর বলিয়া মানেন।

প্রাকৃত-সহজিয়াগণের সহিত শুদ্ধ ভ গণের আকাশ-পাতাল পার্থক্য। ইঁহি তর্পণরত সাহজিকগণ কোন দিনই 'ভ সমকক্ষ হইতে পারেন না। কিন্তু তাঁহ আপনাদিগকে ভক্ত বলিয়া নানা উৎপ করেন।

প্রাকৃত সহজিয়াগণের অনেকেই বা সেবাধিকারীর পোষ্য মাজ্জারের জন্য মৎস্য ক্রয় করিবার নামে গোপনে ঐ পক্ষ মৎস্যের মলমূত্র গ্রহণ করেন। শুদ্ধ ভ গণের সহিত ইহাদের কদাচিৎ স্পর্শ ঘটি গঙ্গাস্নানাদি দ্বারা স্বীয় শরীরের পাপ বিধান করেন।

মৎস্যাশীর স্পৃষ্ট জল কোন উচ্চশ্রে হিন্দু গ্রহণ করেন না। তাহারা জলচর জাতি নহে বলিয়াই আর্য্যাবর্ত্তের অ বাসিগণ তাহাদের স্পর্শ স্বাভাবিক অ উহাদিগকে আদর করেন না। বৈজ্ঞা ত' কথাই নাই।

যাঁহারা প্রাণিগণকে সংহার করি স্বীয় জিহ্বার তৃপ্তি বিধান করেন, সকল জনগণের সঙ্গ সর্ব্বতোভাবে প ত্যাজ্য। এমন কি, প্রাকৃত সহজিয়া মৎস্য-মাংসের লোভে মদ্যাদি বর্জ্জনপ্রমাণে "মৎস্যাদঃ সর্ব্বমাংসাদঃ" শ্রবণ করিতে হইবে বলিয়া নিত্যপ গৌড়ীয় ও নদীয়াপ্রকাশ-পাঠ হইতে বি হইয়া ভক্তমালাদি অপাঠ্য গ্রন্থ পাঠ করে কেননা, উহাতে মৎস্যভক্ষণের প্রশ্র আছে। সমশীল জনগণই সমশীল সে সেবা করেন। অথবানাদি বৌদ্ধমতবাদী সদাচারনিরত শুদ্ধভক্ত গৌড়ীয়গণ কখ আদর করিতে পারেন না।

মৃতমৎস্যভক্ষণে ব্যাধের করিলে য যায় যে, উহাতে রক্ত, পূয় প্রভৃতি অভোজ্য অমেধ্য পদার্থ আছে। উ যাঁহাদের রুচি, তাঁহারাই উহার প্রাণিগণ নিজভোজ্য বা খাদ্য বলিয়া গ্রহণ করেন

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীমদ্ঋষি কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস-প্রণীত মূল, শ্রীমন্মধ্বাচার্য্য-কৃতা তাৎপর্য্য-নির্ণয়টীকা; শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-কৃত সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, সংস্কৃত অন্বয় ও প্রতিশব্দ, টীকা ও বিস্তৃতাবিতরক। প্রতি স্কন্ধের আদিতে সেই স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ অধ্যায়ের সারসঙ্গ সুবিস্তৃত তাৎপর্য্যাদি বিস্তৃত। শ্লোকসূচী বিষয়সূচী, অধ্যায়বিবরণ, পাত্র ও স্থানসূচীসহ উত্তম কাগজে উত্তম অক্ষরে মুদ্রিত। প্রথম হইতে ১০ম স্কন্ধ পর্য্যন্ত ছাপা সম্পূর্ণরূপে শেষ হইয়াছে। ভিক্ষা প্রথম হইতে নয় স্কন্ধ পর্য্যন্ত ২।৵০; দশম স্কন্ধ ১৲; সমগ্র ৯০৲।

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীমদ্ঋষি কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী-রচিত 'অমৃতপ্রবাহভাষ্য' ও শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত 'অনুভাষ্যে' শ্রুতি-স্মৃত্যাদি বহু শাস্ত্রপ্রমাণ-সম্বলিত হইয়া প্রকাশিত হইয়াছেন। শ্লোকের সারসঙ্গব্যাখ্যা, বঙ্গানুবাদও প্রত্যেক পয়ারের পূর্ব্বে সংক্ষিপ্ত অভিধেয় সংযোজিত। প্রত্যেক অধ্যায়-প্রারম্ভে কথাসার দেওয়া আছে। শ্লোক, সঙ্গার, শব্দ, স্থান, পাত্র প্রভৃতির সুবৃহৎ সূচী ও গ্রন্থকারের বিস্তৃত জীবনী সমন্বিত এইরূপ অনুপম সংস্করণ ইতঃপূর্ব্বে কুত্রাপি প্রকাশিত হয় নাই। উত্তম কাগজে পারিপাট্যের সহিত মূল অক্ষরে মুদ্রাংশ মুদ্রিত হইয়াছে। গ্রন্থ প্রায় ১৫০০ পৃষ্ঠায় সম্পূর্ণ ভিক্ষা বর্ত্তমানে ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত গৌড়ীয় ভাষ্য, শব্দসূচী, পয়ারসূচী, বিষয়-স্থান-পাত্রাদি-সূচী, প্রভৃতি বিবিধ বিষয়-সম্বলিত বিরাট দ্বিতীয় সংস্করণ উৎকৃষ্ট ক্রাউন ৮ পেজী আকার। আদিলীলা ও মধ্যের কিয়দংশ প্রকাশিত হইয়াছেন। ক্রমে ক্রমে প্রকাশিত হইতেছেন। অগ্রিম ভিক্ষা ৫৲ টাকা, আদি লীলার ভিক্ষা ৩৲।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের এরূপ অভিনব সুন্দর সংস্করণ আর কুত্রাপি প্রকাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকাংশের অন্বয়, বঙ্গানুবাদ, ভাষ্য, কথাসার, টীকা প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইয়াছেন। মূল মোটা অক্ষরে ডবল ক্রাউন আটপেজী বৃহদাকারে ছাপা হইয়াছে। মূল্য ২৷০ টাকা। নদীয়া প্রকাশ ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১৷০ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

—শ্রীগৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি শ্রীশ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিঠাকুর গোস্বামিকৃতা সারার্থবর্ষিণী টীকাসমেতা ও শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'সুসিদ্ধান্ত' নামক ভাষ্যভাষ্যসহিতা। অধ্যায়সূচী, মাতৃকাক্রমে শ্লোক-সূচী, বিষয়-সূচী, গ্রন্থকারের জীবনী ও অবতরণিকাদি ভক্তিতত্ত্বাদিবিষয়-সহ উৎকৃষ্ট বাঁধাই তৃতীয় সংস্করণ—এই রাজসংস্করণের ভিক্ষা ২৲ টাকা মাত্র, সাধারণ সংস্করণ—১৷০ টাকা মাত্র

প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ **শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের** সেই অবিদ্যা-বিধ্বংসিনী জীবাত্মস্বরূপোদ্বোধিনী কৃষ্ণ-কার্ত্তনিনন্দায়িনী জীবন্ত-বাণীর মূর্ত্ত-বিগ্রহ—বৈষ্ণবসিদ্ধান্ত-রত্নমালার কৌস্তুভমণি—সম্প্রদায় বৈষ্ণববিজ্ঞানাগারের মৌলিক তথ্য—পঞ্চরাত্র ও ভাগবতের সময়য়ক—মহাজন-জীবনচরিত-শিক্ষক—চিদ্বিলাসচিন্তাত্র-অচিন্ত্যাত্র-বিচারক—ঐশ্বর্য্য ও মাধুর্য্যরসের মৌলিক গবেষণার —সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন-তত্ত্বের সিদ্ধান্ত-সমূহ।

১। **প্রথম খণ্ড**—বৈষ্ণবদর্শন, শ্রীগুরুতত্ত্ব, কালধর্ম্ম, শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব, শ্রীবার্ষভানবী, পাঞ্চরাত্রিকী দীক্ষা ও বর্ণ-বিচার, আত্মধর্ম্ম ও মনোধর্ম্ম, শ্রীচৈতন্যদেব ও তাঁহার শিক্ষা, অপ্রাকৃত সহজধর্ম্ম ও প্রাকৃত সহজধর্ম্ম, প্রকৃতি বিংশতি সংখ্যক রত্নে সুশোভিত। ভিক্ষা মাত্র ৸০ বার আনা।

২। **দ্বিতীয় খণ্ড**—শ্রদ্ধা ও বিদ্বা ভক্তি, যজ্ঞের শ্রেষ্ঠতা কোথায়, আত্মার নিত্যবৃত্তি, শ্রীহরি স্বামিপাদ ও মায়াবাদ, শ্রীগৌর-নিত্যানন্দপ্রসঙ্গ, কলিযুগের ধর্ম্ম ও কৃষ্ণ-কীর্ত্তন, শ্রীব্যাসপূজায় শ্রীমদ্ভাগবতের কীর্ত্তন, শ্রীগৌরধামের মহিমা, মহাপ্রসাদ, শ্রীগোবিন্দ, শ্রীগুরুপাদপদ্মভজনপদ্ধ, শ্রীমতী সুরভানুনন্দিনী, শ্রীচৈতন্যের কৃপা, গৌরকরুণা ও কৃষ্ণসঙ্কীর্ত্তন—১৮টি অপূর্ব্ব-মধুরিমাপূর্ণ-বক্তৃতা-বিভূষিত। ভিক্ষা ২৲ এক টাকা মাত্র।

৩। **তৃতীয় খণ্ড**—লোকপ্রিয়তা ও সত্যপ্রিয়তা শ্রীবলদেব প্রসঙ্গ, শ্রীকৃষ্ণাবির্ভাব, বৈষ্ণব, শ্রীগীতাদেবীর আবির্ভাব-প্রসঙ্গ, শ্রীমদ্ভাগবতের সত্তা, শ্রীব্যাসপূজায় শ্রীমদ্ভাগবতের পুনরাবৃত্তি, শ্রীনামসঙ্কীর্ত্তন ও হরিসেবার নিত্যতা —এই নাটী সুদার্শনিক বক্তৃতাসম্বলিত। ভিক্ষা ৸০ মাত্র।

শ্রীমদ্ভগবদ্গীতা

গৌড়ীয়-বৈষ্ণবদার্শনিক-শেখর শ্রীশ্রীমদ্বলদেব বিদ্যাভূষণকৃত ভাষ্য ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরেরপ্রাঞ্জল বঙ্গভাষায় বিস্তৃত 'বিষদ্রঞ্জন' নামক ভাষ্যযুক্ত। অধ্যায়-সূচী, বিষয়সূচী, ও প্রতি শ্লোকের প্রথম ও তৃতীয় পাদ সূচী, ভাষ্যকারের জীবনী প্রভৃতি সন্নিবেশিত। উৎকৃষ্ট বাঁধাই, রাজসংস্করণ (তৃতীয় সংস্করণ) গ্রন্থের ভিক্ষা ২৲ টাকা।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

(প্রমাণখণ্ড) সানুবাদ। শ্রুতি-স্মৃত্যাদি গ্রন্থে শ্রীনবদ্বীপের যে মহিমা কীর্ত্তিত আছে, তাহার মূল সংস্কৃত ও অনুবাদ। ভিক্ষা ৸০ আনা।

শ্রীশ্রীনবদ্বীপভাবতরঙ্গ

শ্রীঠাকুর ভক্তিবিনোদ লিখিত। সুললিত গীতাকারে পরিক্রমার তত্ত্বাদি-বিষয়ক। ভিক্ষা ।০ আনা।

ভক্তিরত্নাকর ও নবদ্বীপ পরিক্রমা

শ্রীল নরহরি চক্রবর্ত্তি-ঠাকুর-রচিত। ভক্তিরত্নাকর হইতে পরিক্রমার মাত্র গৃহীত; শ্রীজীব গোস্বামী কি প্রকারে শ্রীনবদ্বীপধামের পরিক্রমা করিয়াছিলেন, তাহাই পদ্যে বিবৃত। ভিক্ষা ৵০ আনা

শ্রীচৈতন্যশিক্ষামৃত

শ্রী ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। শ্রীচৈতন্যদেবের শিক্ষাপ্রণালী—কৃষ্ণ, কৃষ্ণশক্তি ও রস—বদ্ধ ও মুক্ত জীব-অচিন্ত্য-ভেদাভেদ-তত্ত্ব—সাধন-নির্ণয়—প্রয়োজন-তত্ত্ব, কাম, আত্মাদির বিচার—বৈধী ভক্তি, রাগভক্তি প্রেমভক্তিসহ নামভজন-প্রণালী ও অষ্টকালীয় লী পরিচর্য্যাদি প্রথম শিক্ষার্থীর উপযোগী করিয়া সরল ভা সমুদয় যুক্তিপ্রমাণসহ লিখিত আছে। চতুর্থ সংস্করণ ২৲ টাকা, আধাধা ১৸০ টাকা মাত্র।

গৌড়ীয়কণ্ঠহার

শ্রীগৌড়ীয়-বৈষ্ণবগণের অনুক্ষণ কণ্ঠে ধারণযো শ্রুতি-স্মৃতি-পুরাণ-পঞ্চরাত্রাদি সাত্বত-শাস্ত্রসমূহের প্রমাণাব সিদ্ধবিভাগক্রমে সানুবাদ গুম্ফিত। এইরূপ বৈষ্ণ সিদ্ধান্তের সারসমন্বয় অন্য কুত্রাপি প্রকাশিত হয় নাই ইহাতে গুরুতত্ত্ব—ভাগবত—বৈষ্ণব—গৌর—নিত্যানন্দ অদ্বৈত—কৃষ্ণ—শক্তি—তত্ত্বত্রয়—জীব—অচিন্ত্যভেদাভে —অভিধেয়—সাধনভক্তি—বর্ণধর্ম্ম—আশ্রম-ধর্ম্ম—শুদ্ধভ —শ্রীনাম—প্রয়োজন ও প্রমাণ-তত্ত্বগুলি পৃথক্ অধ্যা সুবৃহৎ শ্লোকাদি সূচীসহ উৎকৃষ্ট এন্টিক কাগজে রো রু কালিতে মুদ্রিত, উৎকৃষ্ট বাঁধা সোনার জলে নাম লেখা গ্রন্থ প্রায় ৪০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা ২৲ টাকা মাত্র।

শ্রীনবদ্বীপধাম-প্রদক্ষিণাবলী

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত 'ধামমাহাত্ম্য'—ধাম মাহাত্ম্যের সানুবাদ প্রমাণ খণ্ড—শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরের ধাম-পরিক্রমাংশ—শ্রীধাম নবদ্বীপ পরিক্রমা—ভৌম যাত্রা পদ্ধতি—শ্রীমৎ প্রবোধানন্দকৃত নবদ্বীপশতকম্—শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ প্রভৃতি গ্রন্থ একত্র ভিক্ষা ৸০ আনা মাত্র।

শ্রীহরিনামামৃত ব্যাকরণ

শ্রীজীব গোস্বামী প্রভুপাদ-বিরচিত সূত্র ও বৃত্তি তৎসঙ্গে ওঁবিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের বিস্তৃত ভূমিকা ও সূচী প্রভৃতি সহ অপ্রত্যাশিতভাবে সুলভ। ভিক্ষা ২৲ টাকা, ছাত্রগণে পক্ষে ১৷০ টাকা মাত্র।

বেদান্তসূত্রসার

শ্রীমদ্রামানুজাচার্য্য-রচিত। বেদান্তের বিশিষ্টাদ্বৈতবাদ-প্রচারক শ্রীভাষ্য-প্রণেতা আচার্য্যপ্রবর বেদান্তদর্শন পাঠের উপযোগী করণার্থ এই উদ্যম করিয়াছেন। ইহাতে বঙ্গানুবাদ ও সূচীপত্রাদি সংযোজিত করা হইয়াছে নাম মাত্র ভিক্ষা ৸০ আনা।

শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও নবদ্বীপশতক

গৌরপার্ষদ ত্রিদণ্ডী শ্রীমৎ প্রবোধানন্দ সরস্বতী-প্রণীত মূল, প্রভুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ সম্পাদিত অন্বয়মুখে ব্যাখ্যা ও বঙ্গানুবাদ সম্বলিত। নবদ্বীপশতকের শ্রীভক্তিবিনোদ ঠাকুরের পদ্যানুবাদ ও তৎসহ শ্রীমন্মহাপ্রভুর একটী জিবন্তরঞ্জিত অলৌকিক চিত্র প্রদত্ত হইয়াছে। মুদ্রণ ও কাগজ উৎকৃষ্ট (২ খানা একত্রে। ভিক্ষা ৸০ আনা, অতি সুরম্য বাঁধাই রাজসংস্করণ ১৲ টাকা মাত্র।

জৈবধর্ম্ম

শ্রীভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। এই একমাত্র গ্রন্থ-পাঠে জীব সাধু করিলে পারমার্থিক রাজ্যে কিছুতেই অজ্ঞান বা সংশয় থাকিতে পারে না। পরম গুরুতত্ত্ববিশারক এই-রূপ সরল ও জনপ্রিয়ী গ্রন্থ এ পর্য্যন্ত প্রকাশিত হয় নাই। ত্রিপিটকোপাখ্যায়ি-শাস্ত্র-মরোজকি-মন্থনলব্ধ এই গ্রন্থরত্ন উচিত হইয়াছে। আমাদের সুবিস্তৃত সূচী, জগতের ইতিহাস দ্বারা বিষয়ের সমৃদ্ধ করা হইয়াছে। বিরাট গ্রন্থ, মোনার জলে নাম লেখা, উৎকৃষ্ট বাঁধাই—চতুর্থ সংস্করণ ডিক্ষা ২৲ টাকা মাত্র।

প্রেমবিবর্ত্ত

শ্রীমন্মহাপ্রভুর অন্তরঙ্গ পার্ষদ শ্রীল জগদানন্দ প্রভু বিরচিত। এই পুস্তকে অতি সুবোধ্য ভাষায় মহাপ্রভুর কতিপয় লীলাসহ বৈষ্ণবাচার, একাদশী ও নামভজন-প্রণালী প্রভৃতি অনেক বৈষ্ণবতত্ত্বের সুমীমাংসা দেখিতে পাইবেন। পাদরীকার কর্তৃক স্থানের বিশদার্থ ও গ্রন্থকর্ত্তার পরিচয়াদি-সম্বলিত চতুর্থ সংস্করণ ডিক্ষা ৷৷০ দশ আনা মাত্র।

ভজনরহস্য

ভজনকারীর নিত্যসঙ্গী; ঠাকুর ভক্তিবিনোদের অমূল্য দান; নিখিল শাস্ত্রের নির্য্যাস। গ্রন্থখানি না দেখা পর্য্যন্ত কেহ বুঝিতে পারিবেন না। তৃতীয় সংস্করণ ডিক্ষা ৷৷০।

হরিনামচিন্তামণি

নামাচার্য্য শ্রীল হরিদাস ঠাকুরের মুখে শ্রীমন্মহাপ্রভু শ্রীনাম-মাহাত্ম্য, নামাভাস, নামাপরাধ প্রভৃতি বিষয়ের যাহা বিচার শ্রবণ করিয়াছিলেন। এই বিষয়গুলির অতি সরল পয়ারে সংক্ষিপ্ত আলোচনা পরিপাটিভাবে মুদ্রিত। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর রচিত। পঞ্চম সংস্করণ ডিক্ষা ৷৷০

কল্যাণকল্পতরু

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। প্রত্যেক ভগবদ্-বিশ্বাসী ও জ্ঞানপথের পথিকের একান্ত প্রয়োজনীয় উপদেশাবলীপূর্ণ গীতিগ্রন্থ। সামান্য লেখাপড়া-জানা লোকও এই ভজনরাজ্যের গীতিগুলির দ্বারা অনর্থনিবৃত্তি ও ভগবৎসেবা লাভ করিবার সুবিধা পাইবেন। ষষ্ঠ সংস্করণ, ডিক্ষা ৷৷০ আনা মাত্র।

শরণাগতি

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। ভগবানে আত্মসমর্পণ, বিজ্ঞপ্তি, ভজনলালসা, ষড়্‌বিধা শরণাগতি ও সিদ্ধি-লালসা-বিষয়ক গীতিপূর্ণ, ডিক্ষা ৷৷০ আনা মাত্র।

গীতাবলী

শ্রীঠাকুর ভক্তিবিনোদ-প্রণীত। নিত্য ভজন, আরাত্রিক ও প্রভাত-গেয়াদি-বিষয়ক মধুর গীতসমূহ একত্রে গ্রথিত। ডিক্ষা ৷৷০ আনা মাত্র।

সাধনপথঃ

শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ও শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর প্রতি শ্রীরূপ গোস্বামীর উপদেশবাণী, ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিষয়ে সুবিচারিত সন্দোলন ভাষ্য, বিস্তৃত বিবৃতি, চরিতামৃতের প্রমাণ, সাধন ব্যাখ্যা ও মহাজন-প্রণীত স্তবপরাণি ধাতমন্ত্র প্রত্যেক শ্লোকের সহিত সন্নিবেশিত হইয়াছে। ৩য় সংস্করণ ডিক্ষা ৷৷০ আনা।

সাধন-কল্প

শ্রীরঘুনাথ দাস গোস্বামীর মনঃশিক্ষা, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-চরিত পদ্যানুবাদসহ। ডিক্ষা ৷০ আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা

শ্রীল ঠাকুর নরোত্তমের সুপ্রসিদ্ধ প্রেমভক্তিবিষয়ক গানের পুস্তক। ডিক্ষা ৷০ আনা মাত্র।

নবদ্বীপশতক

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপাদের সংস্কৃত নবদ্বীপশতকের সুললিত পদ্যানুবাদ। ডিক্ষা ৷০ আনা মাত্র।

অর্থপঞ্চক

শ্রীল লোকাচার্য্য রচিত। বৈষ্ণবতা-জ্ঞানের আকর পুস্তক। ডিক্ষা ৷০ আনা মাত্র।

সদাচারস্মৃতি

শ্রীল মধ্বাচার্য্য-প্রণীত। বৈষ্ণবের নিত্যকর্ত্তব্যাদি সদাচার্য্য বলী, বঙ্গানুবাদ সহিত। ডিক্ষা ৷০ আনা মাত্র।

মণিমঞ্জরী

কবিকুলকেশরী শ্রীবরদাচার্য্য রচিত। শ্রীমধ্বাচার্য্যের সংক্ষিপ্ত জীবনলীলা ও মূল বৈষ্ণবদর্শনের। সানুবাদ ডিক্ষা ৷০ আনা মাত্র।

গৌরকৃষ্ণোদয়

প্রাচীন কবি শ্রীগোবিন্দ দেব প্রণীত শ্রীগৌরাবতারের প্রমাণাবলী-সংবলিত সংস্কৃত গ্রন্থ। ডিক্ষা ৷০ আনা।

যুক্তিমল্লিকা (জগৎসৌরভ)

শ্রীমদ্ভাগবতাচার্য্যপ্রবর শ্রীমাধবাচার্য্য স্বামিকৃত। বঙ্গাক্ষরে সানুবাদে এই গ্রন্থের প্রকাশ পারমার্থিক সাহিত্য-জগতে এই সর্ব্বপ্রথম। শ্রীমধ্বাচার্য্য হইতে ষোড়শাবতন বিষ্ণুতীর্থ মধ্বাচার্য্য নামে খ্যাত শ্রীবাদিরাজতীর্থ স্বামী এই গ্রন্থে সাধারণ যুক্তি ও লৌকিক ন্যায়ানুসারে কিরূপ সুন্দরভাবে ভক্তিবিরোধি-মতবাদ সমূহ খণ্ডন করিয়াছে, তাহা পাঠ করিতে করিতে আশ্চর্য্যান্বিত হইতে হয়। ইহাতে যুক্তির দ্বারা চার্ব্বাক্, জৈন, বৌদ্ধ, মীমাংসক ও মায়াবাদিমত-সমূহের সুন্দর খণ্ডন রহিয়াছে। ডিক্ষা ২৲ টাকা মাত্র।

গোস্বামী শ্রীল রঘুনাথ দাস

(ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত ভূমিকা সহ) গৌরপ্রেষ্ঠ স্বরূপ-রূপের একমাত্র প্রিয়তম শ্রীল দাস গোস্বামী প্রভুর অপূর্ব্ব চরিতামৃত ও শিক্ষা অতীব প্রাঞ্জল ও সরল ভাষায় সন্নিবিষ্ট এবং পরিশিষ্টে দাসগোস্বামী প্রভুর বিরচিত কতকগুলি সানুবাদ মধুরতম স্তব ও মনঃশিক্ষা-সম্বলিত। ডিক্ষা বাঁধাই ৷০ আনা, আবোধাই ৷৷০ আনা মাত্র।

চিত্রে নবদ্বীপ

প্রাচীন নবদ্বীপের অবস্থিতি, তথা, ঐতিহ্য, প্রোত্ত ঐতিহাসিক প্রমাণসহলিত নবদ্বী-পীঠের সচিত্র বিব গ্রন্থ। রাজর্ষি হাজরাদের কুমার শ্রীযুক্ত পরিমল নার রায় এম, এ, প্রাক্ত (লাহোর), বেদান্তভূষণ মহোদয় ক সঙ্কলিত এবং ৪৭ খানি বিভিন্ন বর্ণের অপূর্ব্ব চিত্র মানচিত্র-সম্বলিত; প্রাচ্যবিদ্যামহার্ণব রায় সাহেব শ্রী নগেন্দ্র নাথ বসু বিশ্বকোষসম্পাদক মহাশয়ের বিস্তৃত ভূ সহ। উৎকৃষ্ট (ইং) মরক্কো বাঁধাই মূল্য ১৷০, ভিঃ পি ২৲ টাকা মাত্র।

সাধক-কণ্ঠমালা

গুরুবন্দনা, বৈষ্ণব-বন্দনা, বৈষ্ণবশরণ, দাসাদের শ্রীনামভট্ট, শ্রীমন্মহাপ্রভুর অষ্টোত্তরশত নাম, অষ্ট নামকীর্ত্তন, শ্রীনামসঙ্কীর্ত্তন, প্রেমধ্বনি, 'ষাটপদ নবদ্বীপ-মহিমা, শ্রীমায়াপুর মহিমা, শ্রীগোদ্রুম-প্রভৃতি আচার্য্য-বন্দনা, ষড়্‌গোস্বামীর অষ্টক, প্রেমভক্তি উপদেশমালা, নামভজন-প্রণালী, মহাপ্রভু ও রায় রা সংবাদ, মনঃশিক্ষা, শ্রীগুরু-প্রণতি, শ্রীগুরু-পর মহাপ্রভুর বন্দনা প্রভৃতি সাধক ও সিদ্ধজীবনের নিত্য বৈষ্ণবগণের কণ্ঠাশ্রিত কুসুমমালার ন্যায় অনুপম ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ। ডিক্ষা ৷৷০, বাঁধাই ৷৷০ মা

গৌড়ীয়-গৌরব

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট কলে গৌড়ীয় স শ্রীপাদ সুন্দরানন্দ পরবিদ্যাবিনোদ-প্রণীত বক্তৃতার প্রবন্ধাকারে প্রকাশিত। ইহাতে গৌড়ীয় বৈষ্ণবসম্প্র ইতিহাস সুত্রাকারে গ্রথিত হইয়াছে। ডিক্ষা ৷৷০ মা

গৌড়ীয় সাহিত্য

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট কলে গৌড়ীয়-স শ্রীপাদ সুন্দরানন্দ পরবিদ্যাবিনোদপ্রভৃতি প্রবন্ধ বক্তৃতা প্রবন্ধাকারে প্রকাশিত। ইহাতে সাহিত্য-শব্দের অ গৌড়ীয়-সাহিত্যের বিষয় সুত্রকারে বর্ণিত হইয়াছে। ৷৷০ আনা মাত্র।

শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা-দর্পণ

শ্রীগৌড়দেশের যে সকল স্থানে সপার্ষদক শ্রীমন এবং তদনুগ প্রবর্ত্তী মহাজনগণ লীলা করিয়া গি সেই সব আধুনিক ভৌগোলিক পরিচয় ও কোথা পথিকের সহ যাতায়াতের সুবিধা নির্দ্দেশ ইত্যাদি সন্নিবেশিত আছে। ডিক্ষা ৷০ আনা।

THE HARMONIST
OR SHREE SAJJANATOSHAN

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রতিষ্ঠিত এবং শ্রী সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত প মাসিক পত্র। এক্ষণে ইংরাজী ভাষায় অষ্টাবি ডবলক্রাউন ৮ পেজী ৪ ফর্ম্মা আকারে প্রতি মা নামের বিষয়-বৈচিত্রী লইয়া উপস্থিত হ কাগজ, মুদ্রণ-পারিপাট্য ও চিত্রাদি অতীব চি এই প্রকার উৎকৃষ্ট প্রবন্ধ আর কোন মাসিক দেখিতে পাইবেন না। বার্ষিক ডিক্ষা অগ্রিম টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর নদী

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও আদর্শচরিত্র শিক্ষকগণ ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে। স্থান অতীব স্বাস্থ্যপ্রদ।

ভর্ত্তির বা বাসের জন্য নিম্নলিখিত ঠিকানা পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

—৫১ বৎসরের প্রতিষ্ঠিত—

উষধালয়ে প্রস্তুত ঔষধাবলী

দাদ, শুষ্কপাঁচড়া, স্বপ্নদোষ, কোষ্ঠকাঠিন্য, অজীর্ণ, জ্বরভঙ্গ প্রভৃতি যত রোগীর রোগ নিরাময় হইয়াছে তাহা প্রকাশ করিলে বড় বড় পুস্তক হইয়া পড়ে।

ইহা

সকল ঋতুতে ব্যবহার চলে ও সমান ফল প্রদান করিয়া থাকে। প্রতি কৌটায় ৩২টী বটীকা থাকে।

কেবলমাত্র

প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা। ইহার নাম 'আতঙ্কনিগ্রহ বটী'।

অন্যান্য ঔষধের তালিকার জন্য পত্র লিখিলেই পাইবেন

প্রাপ্তিস্থান :—আতঙ্কনিগ্রহ ঔষধালয়

২১৪ নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

কৈশোরীয় পীযূষ

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

মফঃস্বলের যে কোন স্থানে ৩ আঃ শিশিতে ঘনীভূত অবস্থায় ছোটবোতলের ডাকমাশুল ভিঃ পিতে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ১০ আনা, পাইট ৸৵০ আনা, বোতল ১৵০ আনা।

অফিস—১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

শ্রীভাগবত প্রেস

গোয়াড়ী ষ্ট্রীট

কৃষ্ণনগর

এখানে বিবাহের নিমন্ত্রণ-পত্র, প্রীতি-উপহার, কার্ড, গ্রন্থ এবং অন্যান্য যাবতীয় কার্য্য ছাপা হইয়া থাকে। ছাপার দর বাজার দর অপেক্ষা সুলভ। পরীক্ষা প্রার্থনীয়।

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস্, এন্, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈজ্ঞানিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

১৮ নং কটন ষ্ট্রীট, বহুবাজার, কলিকাতা।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈবপ্রাপ্ত যক্ষ্মার একমাত্র মহৌষধ

পনর দিনে সম্পূর্ণ আরোগ্য

রোগী দেখানোর ব্যবস্থা। অগ্রিম পাঁচসিক মণি (বাঙ্গালা এক আনার) পাঠাইলে নিজ রোগী দেখা হয় অথবা এখানে আসিলে রোগী দেখাইয়া ঔষধ লইয়া যাওয়ার ব্যবস্থা করা সম্ভব পারিশ্রমিক লাগিবে না। গরীব রোগীদের খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়। বিস্তারিত বিবরণের জন্য এক আনার ডাক টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

প্রফুল্লচন্দ্র উকীল, যক্ষ্মা-চিকিৎসক, পোঃ নৈকাড়ী, বরিশাল।

অথবা নিম্ন ঠিকানায় সাক্ষাৎ করিয়া বিস্তারিত জানিতে পারেন।

শ্রীযুত রামগোপাল দত্ত এম্, এ, কৃষ্ণনগর, নদীয়া। শ্রীযুত ফণিপদ সিংহ, ১১৭, বেণিয়াটোলা ষ্ট্রীট, শোভাবাজার, কলিকাতা।

একখানি পত্র! আমার ভ্রাতুষ্পুত্র গত ছয় মাস যাবৎ রাজ যক্ষ্মায় ভুগিয়া মৃতপ্রায় হইয়াছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাহার জীবনের আশা ত্যাগ করিয়া শেষ মুহূর্ত্তের জন্য অপেক্ষা করিতেছিলেন এই সময় শ্রীযুত ফণীশচন্দ্র উকিল মহাশয় মাত্র ১০ দিন চিকিৎসা করিয়া সম্পূর্ণ আরোগ্য করিয়া দিয়াছেন। (সাঃ) শ্রীযতীন্দ্র কিশোর রায় চৌধুরী (জমিদার খালিয়া) ৩নং ষ্ট্রীট, নিউ বিল্ডিং। কর্পোরেশন বিল্ডিং টিপা টমেণ্ট, কলিকাতা।

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার—গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেন ছাত্রগণ

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কসের

এত প্রশংসা করেন

—কারণ—

এখানে যাবতীয় ছাপার কার্য্য—

গ্রন্থাদির কার্য্যই বলুন,

বিবাহের নিমন্ত্রণ পত্র, কার্ড, বিবাহের পদ্ধতি বলুন,

আর ৩ রং ও ৪ রংএর হাফটোন ব্লকই বলুন, সকল কার্য্যই অ সত্বর ছাপা হয়, অথচ ছাপাইবার খরচ বাজার অপেক্ষা সুলভ।

আপনার কিছু ছাপার কার্য্য থাকিলে নিম্নঠিকানায় জানাইলেই পাইবেন।

ম্যানেজার- গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

২৪৩২ নং আপার সার্কুলার রোড, কলিকাতা

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিঃ ওঃ ওয়ার্কস্ হইতে—কৃষ্ণকান্তি ব্রহ্মচারী ভক্তিকুসুম এম্, এস্, এল্, কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

বিদ্রোহী নেতার গ্রেপ্তার

রেঙ্গুণ হইতে প্রকাশ যে, বিদ্রোহী [illegible] সাহায্যে ওরফে ইউ, নিয়াপ্তার গ্রেপ্তার সম্পর্কে হিন্দো রাজ্যের সোয়াডার প্রাইভেট সেক্রেটারীর নিকট হইতে প্রাপ্ত সরকারী বিবরণে আরও প্রকাশ যে, হিন্দো পুলিস বাহিনীর দারোগা মং ছাল্ গত ১লা আগষ্ট রাত্রি ৩ ঘটিকার সময় হোপোর এক গ্রামবাসীর নিকট হইতে সংবাদ পান যে, নিয়াপ্তা ঐ গ্রামের নিকটেই আছে। তখন উক্ত দারোগা লোকজন সংগ্রহ করিয়া সেইস্থলে যান এবং বেলা ৩ ঘটিকার সময় হোপোর ইউ, নিয়েন পো, সাম্বু নামক একজন কেরাণী এবং উক্ত দারোগা স্বয়ং প্রায় ১৫ জন গ্রামবাসীর সাহায্যে তাহাকে গ্রেপ্তার করেন। উক্ত দারোগা হেথোর অদূরে এক গ্রামে পাঁচজন কনষ্টেবল সহ সীমান্ত পাহারায় নিযুক্ত ছিলেন।

নিয়াপ্তার পাঁচজন সহচরকে অন্যান্য গ্রামবাসী এবং হেটের পুলিস গ্রেপ্তার করে।

জাগরাম অনশনে ষোড়শ দিন

লাহোর সেনট্রাল জেলের রাজনৈতিক বন্দীদের প্রায়োপবেশন আজ ৪ দিন যাবৎ চলিতেছে। আসামী জাগরাম ১৬ দিন যাবৎ উপবাসে আছে। প্রকাশ, তাহার উপর নাকি বলপ্রয়োগে খাদ্য-প্রবেশের চেষ্টা চলিতেছে

অর্থকষ্টের ভীষণ পরিণাম

বিনাকপুর জিলায় অদ্যাপি ভীষণ অর্থকষ্ট বিদ্যমান। সহরে খাদ্য দ্রব্যের মূল্য বৃদ্ধি হইলেও মফঃস্বলের জনসাধারণকে তাহাতে উপকৃত হয় নাই। মফঃস্বলে দ্রব্যের মূল্য বৃদ্ধি হয় নাই, বাহা প্রতি ১ টাকা আট আনা হইতে ২ টাকা দরে বিক্রয় হইতেছে। পাটের মূল্যও বৃদ্ধি হয় নাই। ঘোড়াঘাট ও নওগাঁস্থ চালার অধীন স্থানগুলিতে অত্যন্ত অর্থকষ্ট উপস্থিত হইয়াছে। তথায় সকলেরই মধ্যে অনশনের করালছায়া পড়িয়াছে। সংবাদ পাওয়া গিয়াছে, অনশনে কয়েকজন লোকের মৃত্যু হইয়াছে এবং অনশন ক্লেশ সহ করিতে অসমর্থ হইয়া বেশ কেহ আত্মহত্যা করিয়াছে

রিওলভার চুরির মামলা

গত জুনমাসে তোমাদের সার্কেল অফিসার শ্রীযুত ধরণীধর চক্রবর্ত্তীর অনুপস্থিতিকালে তাঁহার স্যুটকেস হইতে রিওলভার চুরি যাওয়া সম্পর্কে সন্দেহক্রমে ধৃত শ্রীযুত পূর্ণেন্দুচন্দ্র চক্রবর্ত্তী, মোহিতমোহন মুখোপাধ্যায় এবং আনন্দচরণ সাহাকে কামীনে খালাস রাখা হইয়াছিল এবং তাঁহাদের মামলা নীলফামারি হইতে নিলা ম্যাজিষ্ট্রেটের আদালতে স্থানান্তরিত হইয়াছিল। ১০ই আগষ্ট নিলা ম্যাজিষ্ট্রেট প্রমাণাভাবে তাঁহাদের অব্যাহতি প্রদান করিয়াছেন।

হোটেলে কোকেন প্রাপ্তি

কোনক্রমে সংবাদ পাইয়া গত ৯ই আগষ্ট রবিবার দিবস শ্রামপুকুর থানার পুলিস চিৎপুর রোডস্থ এক হোটেলে অনেকক্ষণ ধরিয়া খানাতল্লাস করে ফলে, কয়েক প্যাকেট কোকেন পাওয়া যায় এবং ঐ হোটেলের মালিকসহ দুইজন লোককে গ্রেপ্তার করে।

১২ই আগষ্ট তারিখে ধৃত ব্যক্তিদ্বয়কে উত্তরবিভাগের পুলিসের ডেপুটি কমিশনারের নিকট হাজির করা হইয়াছিল। তিনি বিচারের জন্য তাহাদিগকে প্রেরণ করিয়াছেন।

বারাণসীতে ধর্ম্মঘটের অবসান

বারাণসী তুলা ও রেশম কলের কর্তৃপক্ষের সহিত ধর্ম্মঘটকারীদিগের মীমাংসার ফলে উক্ত কলে শ্রমিকধর্ম্মঘটের অবসান হইয়াছে। কর্তৃপক্ষ স্বীকার করিয়াছেন, আগামী ১লা সেপ্টেম্বরের পূর্ব্বে তাঁহারা কাহারও বেতন হ্রাস করিবেন না। তাঁহারা আরও স্বীকার করিয়াছেন, উক্ত ধর্ম্মঘটে যোগদান করিবার অপরাধে কাহাকেও বর্জ্জিত করিবেন না এবং যে কেহ ২ দিনের মধ্যে কার্য্যে পুনরায় যোগদান করিবে তাহাকেই গ্রহণ করিবেন। ইতোমধ্যে শ্রীযুত শ্রীপ্রকাশ ও উক্ত কলের নূতন ম্যানেজার বেতন সম্বন্ধে আলোচনা করিবেন। কলের কর্তৃপক্ষ ও শ্রমিকগণ তাঁহাদের সিদ্ধান্তে সন্তুষ্ট হইবেন। শ্রমিকগণের বেতন শতকরা ২৫ টাকা হিসাবে হ্রাস করায় গত ১লা আগষ্ট উক্ত ধর্ম্মঘট আরম্ভ হইয়াছিল।

নেপালীযুবক ধৃত

নোয়াখালি হইতে প্রকাশ যে, প্রায় ১ মাস পূর্ব্বে ৪টি গুলীভরা টোটা সহ নেপালীযুবক শ্রীযুত বিবেশ সিং মাইতলীর হেশনে ধৃত হন। অস্ত্র আইনের ১৯ (ঙ) ধারা অনুসারে তিনি ডেপুটী ম্যাজিষ্ট্রেট শ্রীযুত নিরঞ্জনমোহন বক্সীর আদালতে অভিযুক্ত হইয়া ৬ মাস সশ্রমকারাদণ্ডে দণ্ডিত হইয়াছেন। আসামী কোনও প্রশ্নের উত্তর প্রদান না করায় এবং বাজুলের জ্ঞান করায় ফরিয়াদী পক্ষ হইতে সিভিল সার্জ্জন তাঁহাকে পরীক্ষা করেন। তিনি বলিয়াছেন, আসামী বাতুল নহে, সে আত্মপক্ষ সমর্থন করিতে সম্পূর্ণ সক্ষম।

সমগ্র পরিবার নিহত

"রেঙ্গুণ গেজেটের" প্রেরিত সংবাদদাতা জানাইতেছেন, একটি সমগ্র ভারতীয়পরিবার—গৃহস্বামী, তাঁহার স্ত্রী ও ৬টি শিশু নিহত হইয়াছে। ঘটনা ডেটিয়ার গত ৮ই আগষ্ট রাত্রিতে পুলিসের নিকট সংবাদ দিয়াছেন, তাঁহার জনৈক কর্ম্মচারীর বাসী কতিপয় অপরিচিত লোক কর্ত্তৃক আক্রান্ত হয়। কর্ম্মচারীটি আডেল হইতে ৬ মাইল দূরে এক গ্রামে বাস করিতেন উক্তরা বাড়ীর লোকজনকে নিহত করিয়া তাহাদের ঘরও পুড়াইয়া দিয়াছে।

কংগ্রেস আন্দোলনে মদ্যপান বন্ধ

হুগলী জিলার পুড়শুড়া থানার গত ২৩শে শ্রাবণ শনিবার শ্রীরামপুর হাটতলার বারোয়ারী উপলক্ষে শ্রীশ্রীকালীমাতার পূজা হইয়া গিয়াছে। ঐ দিবস বেলা ১টা হইতে রাত্রি ৮টা পর্য্যন্ত শ্রীরামপুর মদের দোকানে স্বেচ্ছাসেবকগণ বিশেষভাবে পিকেটিং করিয়াছিল। সম্পাদক শ্রীযুত সত্যসাধন রায় মদ্যপান নিবারণের জন্য পূর্ব্ব হইতেই চেষ্টিত ছিলেন। ফলে মাতালদের ও অন্যান্য লোকের মদ্যপান সম্পূর্ণরূপে বন্ধ হইয়া যায়।

চট্টগ্রামের নূতন ষড়যন্ত্র মামলা আলিপুরে শুনানী

গত ৯ই আগষ্ট পুলিস চৌদ্দজন যুবকের বিরুদ্ধে অভিযোগের বর্ণনাপত্র দাখিল করিয়াছে। তাহাদের বিরুদ্ধে অভিযোগ, তাহারা ষড়যন্ত্র করিয়া মারাত্মক অস্ত্রশস্ত্র সংগ্রহ করিয়াছিল। উপরোক্ত চৌদ্দজনের মধ্যে আটজন পলাতক অবস্থায় আছে। উহাদের মধ্যে কয়েকজনের বাস নোয়াখালী ও ত্রিপুরা জেলায়। প্রকাশ, কলিকাতায় আলিপুরে এই মামলার বিচার হইবে।

মিস গেইসলার নির্ব্বাসিত

বোম্বাই হইতে প্রকাশ যে, পাঠকবর্গের স্মরণ আছে, গত ৩১শে জুলাই তারিখে আর্য্যাণ মহিলা মিস লাইউস গেইসলার গ্রেপ্তার হইয়াছিলেন। ইনি মালবেন্দ্রনাথ রায়কে আশ্রয় দিয়াছিলেন বলিয়া বৈদেশিক আইনের বলে অভিযুক্ত হইয়াছিলেন। ১১ই আগষ্ট তাঁহাকে 'এক্সইলা' জাহাজে চড়াইয়া জার্ম্মাণীতে নির্ব্বাসিত করা হইয়াছে।

অন্যান্য আসামীরা খালাস

মুন্সর কাবাদি প্রভৃতি যে ১০ ব্যক্তি গ্রেপ্তার হইয়াছিলেন, তাঁহাদিগকে প্রমাণাভাবে খালাস দেওয়া হইয়াছে।

দেশ প্রত্যাগত ভারতীয়ের অবস্থা

পাটনায় সার আলি ইমামের সভাপতিত্বে এক বিরাট জনসভায় অধিবেশন হইয়া গিয়াছে। ঐ সভায় কেপটাউন চুক্তি অনুযায়ী দক্ষিণ আফ্রিকা প্রত্যাগত ভারতীয়ের অবস্থার উন্নতিকল্পে ভারত সরকারকে অবিলম্বে ব্যবস্থা করিতে অনুরোধ করিয়া একটি প্রস্তাব গ্রহণ করা হয়। অন্য একটি প্রস্তাবে দক্ষিণ আফ্রিকার প্রস্তাবিত থোলটেবিল বৈঠকের অধিবেশনে ভারতীয় প্রতিনিধিবর্গকে বলা হইয়াছে যে, দক্ষিণ আফ্রিকা প্রত্যাগত ভারতীয়দের ভারতে বসবাস সম্পর্কে তাঁহারা যেন কোন ব্যবস্থায় সম্মত না হন।

স্বামী ভবানীদয়াল বিশেষ প্রত্যাগত ভারতীয়দের অবস্থা সম্বন্ধে একটি দীর্ঘ বক্তৃতা করেন।

শ্রীযুত রাজেন্দ্রপ্রসাদ বোম্বাই হইতে সভার লক্ষ্য এবং উদ্দেশ্যের সমর্থনসূচক একটি বাণী প্রেরণ করেন।

ডুবো সোনা মিলিয়াছে

লণ্ডন হইতে প্রকাশ যে উপকূল হইতে কিছু দূরে 'ইলিঙ্ক' নামক একখানি বাণিজ্যপোত কিছুদিন হইল ডুবিয়া যায়। ইহাতে ৬,০০০,০০০ পাউণ্ড মূল্যের সোনা ছিল।

ডুবুরির দল রিলিফজাহাজের সেতুর মেঝেয় একটা ছিদ্র দিয়া ঐ সোনার তালের মাথা দেখিতে পাইয়াছে।

পঙ্গপালের অত্যাচার

সিমলা হইতে প্রকাশ যে সরকারী কৃষিগবেষণা কাউন্সিলের পঙ্গপাল-বুরো ঘোষণা করিয়াছেন যে, গত ৬ই জুন হইতে বর্ত্তমান কাল পর্য্যন্ত পাঞ্জাব যুক্ত-প্রদেশে পঙ্গপালের অত্যাচার বাড়িয়া গিয়াছে। গত এপ্রিল মাস হইতে বেলুচিস্থানে এই কীটের অত্যাচার হইতেছে।

Reg No C.1544

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩৷৹
সাত কলম ২৲
চক্তির হার
স্বতন্ত্র

সাধারণ হার
আগ্রিম দেয়
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৷৸০
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৵৫

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—দীর্ঘ ৩০ বৎসর একমাত্র মুখপত্র

৬ষ্ঠ খণ্ড] সম্পাদক—শ্রীঅতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [১৪১ তমসংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—৩২শে শ্রাবণ সোমবার, ১৩৩৮, ১৭ই আগষ্ট ১৯৩১

নানা কথা

শ্রীধাম মায়াপুর যাইবার সুবর্ণ সুযোগ

প্রাচীন খাতে শ্রীগঙ্গাদেবী

যে সকল যাত্রী লাইট রেলওয়ের কৃষ্ণগঞ্জস্থ নবদ্বীপঘাট ষ্টেশন হইতে কিম্বা কুলিয়া (সহর নবদ্বীপ) হইতে শ্রীধাম মায়াপুরে আগমন করিতে ইচ্ছুক, তাহাদের পক্ষে শ্রীগঙ্গাদেবীর কৃপায় সুন্দর সুযোগ উপস্থিত হইয়াছে। শ্রীগঙ্গাদেবী বর্ত্তমানে তাঁহার সুপ্রাচীন খাতে শুভবিজয় করিয়াছেন। তৎফলে উক্ত স্থানসমূহ হইতে যাত্রিগণ সহজযোগে শ্রীধাম শ্রীগৌরাবির্ভাব ও শ্রীযোগপীঠের এবং শ্রীনিম্বার্কসভার আকর মহারাজ শ্রীচৈতন্য পাদদেশে উপস্থিত হইতে পারিবেন। প্রতিবৎসর অল্প কয়েকদিনের জন্য মাত্র এ সুযোগ উপস্থিত হয়, তাই অসংখ্য যাত্রী এই সময়ে শ্রীধাম দর্শনে আসিয়া এই সুযোগের সদ্ব্যবহার করিতেছেন।

আটক আসামীর মুক্তি

বরিশাল হইতে প্রকাশ যে, স্থানীয় বি. এম. কলেজের ছাত্র অমলাংশু রঞ্জন গুপ্ত কলিকাতা হইতে কিরিয়া আসিবার সময় ১৯ই জুলাই তারিখে স্থানীয় সংশোধিত ফৌজদারী আইন অনুসারে ধৃত হইয়াছিলেন। গত ১২ই শ্রাবণ মধ্যাহ্নে স্থানীয় জেল হইতে তিনি মুক্তিলাভ করিয়াছেন।

সীমান্ত হাঙ্গামার জের

শ্রীধাম মায়াপুর যাইবার সুবর্ণ সুযোগ

আটক আসামীর মুক্তি

বৃটীশ জনসাধারণের উদ্দেশ্যে গান্ধীজীর বিবৃতি

পুটলির ভিতর রিভলভার

পাটনায় আইন অমান্য আন্দোলনে উকীলের সাজা

কানপুরে গ্রেপ্তার

আসামীর কৃপাণের ঘায়ে দারোগা জখম

কারামুক্ত কালা সাহেব

কলিকাতায় নৃশংস হত্যাকাণ্ড

অনিলচন্দ্র সেনগুপ্ত নামক একজন বিলাত-ফেরৎ বাঙ্গালী গ্রাজুয়েট গত ১১ই আগষ্ট রাত্রিকালে দুইজন পশ্চিমা লোকদ্বারা নৃশংসভাবে নিহত হইয়াছেন বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। তিনি কালীঘাট ১২৩, হাজরা লেনে বাস করিতেন।

প্রকাশ, রাত্রি আন্দাজ ৮ ঘটিকায় অনিলচন্দ্র ঐ লেনের ভিতর দিয়া যাইবার সময় ২ জন লোকদ্বারা আক্রান্ত হন। এই দুই জন লোক তাঁহার পরিচিত বলিয়া বোধ হইয়াছিল। তাহারা একযোগে অনিলচন্দ্রকে ছুরি মারিতে থাকায় তিনি নিতান্তই সংজ্ঞাহীন হইয়া ভূপতিত হয়েন। এই সময়ে নিকটবর্ত্তী কোন বাড়ীর কয়েকজন দারবান ঐ স্থানে ছুটিয়া আসিয়া আততায়ীদের তাড়া করিলে তাহারা পিস্তল উঠাইয়া গুলী করিতে আরম্ভ করে, ফলে দারবানরা পশ্চাৎপদ হয়। সুতরাং আততায়ীরা অক্লেশে পলায়ন করে।

অনিলচন্দ্রকে তখনই শম্ভুনাথ পণ্ডিত হাসপাতালে স্থানান্তরিত করা হয়। তথায় যাইবার পরক্ষণেই তাঁহার মৃত্যু ঘটে। পুলিসের কোর তদন্ত চলিতেছে।

শ্যামবাজারে ৭জন অভিযুক্ত

শ্রীযুত যতীন্দ্রনাথ দাসগুপ্ত ও অন্য ৬ জন লোক পুলিসকে ভীতিপ্রদর্শন করিবার ষড়যন্ত্র করিবার অভিযোগে কলিকাতার চীফ প্রেসিডেন্সি ম্যাজিষ্ট্রেটের আদালতে অভিযুক্ত হইয়াছেন। শ্যামবাজার ডাকঘরে বোমা প্রভৃতি সম্পর্কে আসামীগণকে গ্রেপ্তার করা হয়। তাঁহাদের বিরুদ্ধে উপস্থাপিত বিস্ফোরক আইনের মামলানুযায়ী অভিযোগ পরিত্যাগ করা হইয়াছে। মামলা মুলতুবী আছে।

পুটুলির ভিতর রিভলভার

পাটনা হইতে প্রকাশ যে, ১৭ই আগষ্ট সন্ধ্যাকালে ২ জন যুবক ৮।৯ রেল ষ্টেশনে নামিলে পুলিস তাহাদের তল্লাস করিয়া তাহাদের পুটুলি হইতে একটা ৬ঘরলা রিভলভার, এক শিশি ক্লোরোফর্ম্ম, সামান্য বারুদ, কিছু কাপড় ও লেখা পাইয়াছে। লেখার পাঠোদ্ধার এখনও হয় নাই। পুলিস তাহাদিগকে গ্রেপ্তার করিয়াছে।

ধৃত যুবকদ্বয়ের পরিচয় এখনও জানিতে পারা যায় নাই। তবে একজন নাকি বলিয়াছে যে, তাহার নাম বীরেন্দ্র সিংহ। পুটুলির মধ্যে রিভলভার ব্যতীত একটী পুরাতন ধরণের দো-নলা পিস্তল, যাহার কাগজপত্র ও নোটবহি পাওয়া গিয়াছে।

শ্রীবিশ্ববৈষ্ণবরাজসভা

পরিব্রাজকগণের নাম	বর্ত্তমান ঠিকানা	পরিব্রাজকগণের নাম	বর্ত্তমান ঠিকানা
১। শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ	শ্রীমায়াপুর	৮। শ্রীভক্তিরূপ পুরী	কটক
২। শ্রীভক্তিবিবেক ভারতী	কলিকাতা	৯। শ্রীভক্তিস্বরূপ পর্ব্বত	মধুরভঞ্জ
৩। শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম	শ্রীমায়াপুর	১০। শ্রীভক্তিবিলাস গভস্তিনেমি	কলিকাতা
৪। শ্রীভক্তিপ্রকাশ অরণ্য	কটক	১১। শ্রীভক্তিরঞ্জন ভক্তিসার	মাদ্রাজ
৫। শ্রীভক্তিসুন্দর বন	কলিকাতা	১২। শ্রীভক্তিরক্ষক শ্রীধর	মাদ্রাজ
৬। শ্রীভক্তিসর্ব্বস্ব গিরি	অমৃতসর	১৩। শ্রীভক্তিভূদেব শ্রৌতী	শ্রীমায়াপুর
৭। শ্রীভক্তিবৈভব সাগর	ব্রাহ্মণপাড়া	১৪। শ্রীভক্তিপ্রসূন বোধায়ন	বালেশ্বর

ভাক্তমঠসমূহ

শ্রীচৈতন্য মঠ

আকর মঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীধাম মায়াপুর, নদীয়া

এই মঠরাজে পারমার্থিক দৈনিকপত্র, সহস্র সম্প্রদায়ের আচার্য্যবর্য্য ও পুরাতন গ্রন্থরাজি প্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' মহাশয় প্রতিষ্ঠিত করিয়াছেন এখানে প্রতিবৎসর শ্রীগৌর-পরিক্রমাদি ও অন্যান্য ভক্তপোষক জীবন্ত প্রচারমূলে মহামহোৎসবাদি ভক্তগণ অনুষ্ঠিত করিয়া থাকে। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপাদ নরহরিজী, সহকারী—ব্রহ্মচারী পণ্ডিত শ্রীপাদ গৌরবাস কাব্যব্যাকরণতীর্থ, শ্রীমধুসূদন, শ্রীপাদ মৌরভক্ত, শ্রীপাদ নন্দগোপাল, শ্রীগৌরহরি নাথ, শ্রীঅধরদাস, শ্রীমদনগোপাল, শ্রীযুক্ত রাধারিকাদী ভক্ত নরেন্দ্র, হরিপদ, রেবতীমোহন প্রভৃতি।

(১) শ্রীগৌড়ীয় মঠ

১৬ নং আচার্য্যপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

টেলিফোন বি, বি, ৯১১৫

মঠরক্ষক—আচার্য্যপ্রবর শ্রীপাদ কৃষ্ণকিশোর বিদ্যাভূষণ। সহকারী—পণ্ডিত শ্রীপাদ অমৃতরাঙ্গুদর পরিব্রাজকপ্রবর ত্রি-দ, শ্রীপাদ বাসবিহারী ব্রহ্মচারী, শ্রীপাদ ভক্তিরঞ্জন ধারাবিকাদী ত্রি-দ, ব্রহ্মচারী শ্রীকীর্ত্তনানন্দ, ব্রহ্মচারী শ্রীসারাধীরাম্রম, ব্রহ্মচারী শ্রীমধুসূদন, পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ পরিব্রাজকাচার্য্য ভক্তিসাগরী সম্প্রদায়ের ভক্তিশাস্ত্রী, শ্রীমধুরানন্দদাসাধিকারী ত্রি-দ, শ্রীপুরুষোত্তমদাস ধারাবিকাদী ত্রি-দ, শ্রীমধুসূদন ব্রহ্মচারী, শ্রীবিশ্বম্ভর ব্রহ্মচারী, শ্রীগুরুগোবিন্দ ব্রহ্মচারী প্রভৃতি।

(৩) যোগপীঠ শ্রীমন্দির

রক্ষক—লোকনাথাবধূত গোস্বামী ভট্টাচার্য্য প্রভু শ্রীমাধাই। সহকারী শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী, শ্রীরাধাবিনোদ ভক্তিভূষণ, শ্রীরাধাদাস ব্রহ্মচারী। শ্রীপাদ যাদ অধিকারী, সেবপূজা শ্রীনীলমণি।

(৪) শ্রীবাস-অঙ্গন

রক্ষক—শ্রীপ্রহ্লাদকুমার ব্রহ্মচারী।

(৫) অদ্বৈত-ভবন

রক্ষক—শ্রীবৃন্দাবনচন্দ্র ভট্ট চার্য্য, শ্রীগোকুলদাস বাবাজী।

(৬) কাজীর সমাধিপীঠ

প্রাচীন মায়াপুর, রামনগুকুর (নদীয়া)

রক্ষক—ব্রহ্মচারী শ্রীবিনোদবিহারী।

(৭) শ্যামকুণ্ড সুবল-কুঞ্জ

শ্রীগোকুল, মথুরাপুর (নদীয়া)

রক্ষক—ভক্তিকুসুম ডাকার ব্রহ্মচারী কৃষ্ণকান্তিজী এম, এস, এফ।

(৮) শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

মধুবনবিহার।

রক্ষক—শ্রীমধুসূদন ভক্তিশাস্ত্রী এম, এ, বি, এল, সহকারী—শ্রীউদ্ধবদাস অধিকারী, শ্রীউদ্ধবদাস অধিকারী প্রভৃতি।

(৯) শ্রীগৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, সহরপুর, (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীনরোত্তম ব্রহ্মচারী, ভক্ত শ্রীনীলমাধব দাস।

(১০) শ্রীরূপগৌড়ীয়-মঠ

নারায়ণগঞ্জ, প্রসাদ ষ্ট্রীট, ঢি

রক্ষক—শ্রীমধুসূদনানন্দ ব্রহ্মচারী

(১১) শ্রীমাধবেন্দ্রমঠ

মাইসাদি, আমগাছি, বর্দ্ধমান।

রক্ষক—শ্রীগদাধরদাসী ব্রজবাসী, ভক্ত শ্রীমধুমাধব।

(১২) ভাগবত আসন

শ্রীবাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।

রক্ষক—শ্রীকৃষ্ণানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(১৩) শ্রীঅদ্বৈতবট মঠ

গোবিন্দপুর, হালিসহর, নদীয়া।

রক্ষক—শ্রীমধুসূদনানন্দ ব্রহ্মচারী। সহকারী শ্রীচরিত ব্রহ্মচারী, শ্রীজগদীশ দাস অধিকারী, ভক্ত বিশ্বনাথ।

(১৪) শ্রীমাধব-গৌড়ীয় মঠ

১০নং নবাবপুর রোড, ঢাকা।

রক্ষক—শ্রীরাধাবল্লভ ব্রজবাসী, শ্রীপাদ সুন্দরানন্দ পরিব্রাজকাচার্য্য ত্রি-দ, শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী, শ্রীপতিতপাবন ভক্ত।

(১৫) শ্রীগোপালজী মঠ

কমলাপুর, ঢাকা।

রক্ষক—শ্রীবলরাম দাস ব্রজবাসী

(১৬) শ্রীগদাই-গৌরাঙ্গ মঠ

রক্ষক—শ্রীপূর্ণপ্রজ ব্রহ্মচারী, শ্রীমতিলাল ব্রহ্মচারী

(১৭) শ্রীরাধাবল্লভানন্দ মঠ

ঝিকনিলা, বাহুলেবপুর, মেদিনীপুর।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-রাধাগোবিন্দ-বিগ্রহাদির নিত্যসেবা বর্ত্তমান। রক্ষক—ব্রজবাসী শ্রীবলরামদাসী।

(১৮) আমলাযোড়া প্রপন্নাশ্রম

রাজবাঁধ পোঃ বর্দ্ধমান।

রক্ষক—ব্রজবাসী শ্রীগোবিন্দগোপাল।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

পুরুষোত্তম, পুরী, উড়িষ্যা।

রক্ষক—ব্রজবাসী শ্রীপরমানন্দ বিদ্যাভূষণ, ব্রহ্মচারী শ্রীনরহরিদাস, শ্রীগোপেশ্বর ব্রহ্মচারী, শ্রীউদ্ধবদাস ব্রহ্মচারী, শ্রীনিমাই চরণ অধিকারী, শ্রীগোবিন্দ পণ্ডা।

(২০) শ্রীব্রহ্ম-গৌড়ীয় মঠ

আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীসত্যেশ্বরী প্রভাবজী সহকারী—ব্রহ্মচারী শ্রীবনবিহারিদাস।

(২১) শ্রীসচ্চিদানন্দ মঠ

ঢাকুরিয়াবাজার, কটক।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীসদাশিব, শ্রীগোপাল ব্রহ্মচারী, শ্রীপাদ অনঙ্গগোপাল বাসাধিকারী।

(২২) শ্রীসনাতন-গৌড়ীয় মঠ

৬নং কাশীধরলেন, কাশী।

রক্ষক—ব্রহ্মচারী কৃষ্ণচৈতন্যজী, নিতাইদাস ব্রহ্মচারী, শ্রীগোকানন্দ ব্রজবাসী।

(২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

শ্রীনৃসিংহবাসর কুঞ্জ, শ্রীধাম বৃন্দাবন।

রক্ষক—শ্রীগণপতিনাথ ব্রহ্মচারী

(২৪) শ্রীপরমহংস মঠ

মৈমিষারণ্য, সীতাপুর

রক্ষক—ব্রহ্মচারী শ্রীনৃসিংহানন্দ ও ব্রহ্মচারী শ্রীনন্দদুলাল।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ

চুয়ডাঙ্গা, ঝিরঙ্গড়, মানভূম।

রক্ষক—শ্রীরমানাথ দাস, শ্রীরামজীবন বেদব্যাস।

(২৬) ব্যাসগৌড়ীয় মঠ

রক্ষক—ব্রহ্মচারী শ্রীগুরুপদপদ্মজী, শ্রীনবীগোপাল ব্রজবাসী

(২৭) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রম-মঠ

ব্রাহ্মণপাড়া, পোঃ মাদ্, কাবড়া

এখানে বহুকুলমূর্ত্তি শ্রীগৌরাঙ্গের সেবা বর্ত্তমান। রক্ষক—ব্রজবাসী শ্রীব্রাহ্মণকুলদাস, ভক্ত কৃষ্ণকিশোর।

(২৮) দিল্লী গৌড়ীয় মঠ-কার্য্যালয়

৫নং গোপীচরণ ডাক্তার লেন, নিউ দিল্লী

রক্ষক—ব্রহ্মচারী শ্রীগৌরহরি, শ্রীসুন্দরেশ্বর শ্রীরাধারমণচরণদাস

(২৯) গোয়ালপাড়া-প্রপন্নাশ্রম

রক্ষক—ব্রহ্মচারী শ্রীগোবিন্দজন

(৩০) মাদ্রাজগৌড়ীয় মঠ

নং গোপালপুরম্, কাথেড্রাল, মাদ্রাজ

রক্ষক—ত্রিদণ্ডস্বামী শ্রীমদ্ভক্তিরক্ষক শ্রীধর মহারাজ, সহকারী—ত্রিদণ্ডস্বামী শ্রীমদ্ভক্তি প্রজ্ঞান ভক্তিসার, শ্রীপাদ অনন্তানন্দ ব্রজবাসী, শ্রীপাদ দেবকীনন্দন ব্রহ্মচারী, শ্রীপাদ দিগম্বরজন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী ও শ্রীপাদ গৌরভক্তানন্দ ব্রহ্মচারী।

(৩১) রাধেশ্যামগোপাল পাট

ঝাঁটারপুকি, ডাকরা, নদীয়া

রক্ষক—ব্রহ্মচারী শ্রীরমেশানন্দ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক

দৈনিক ১পত্র

ধাম—মায়াপুর—নদীয়া

বর্ষবর্ষ ১৯ শ্রীমর গৌরাব্দ ৪৪৭, ৩২শে শ্রাবণ বঙ্গাব্দ ১৩৩৮, ১৭ আগষ্ট ইং ১৯৩১ সোমবার ১৪১তম সংখ্যা।

সাময়িক-প্রসঙ্গ

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউটে বক্তৃতা।

বিষয়—অদৃষ্ট ও পুরুষকার

তারিখ—১৬ই শ্রাবণ ১ আগষ্ট শনিবার

বক্তা—ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ

হংকরোতি বাচালং পঙ্গুং লঙ্ঘয়তে গিরিম্।
কৃপা তমহং বন্দে শ্রীগুরুং দীনতারণম্ ॥
অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জন শলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ ॥
নমো ভক্তিবিনোদায় সচ্চিদানন্দ নামিনে।
গৌর শক্তিস্বরূপায় রূপানুগ বরায়তে ॥
নমো মহাবদান্যায় কৃষ্ণপ্রেমপ্রদায় তে।
কৃষ্ণায় কৃষ্ণচৈতন্যনামে গৌরত্বিষে নমঃ ॥

সমবেত সুধীমণ্ডলী, অদৃষ্ট ও পুরুষকার বিষয়ের গবেষণা বড় জটিল। ঐ দুটী নিয়ে কত কাল ধ'রে যে আলোচনা চল্‌ছে, তার ইয়ত্তা নাই। কত বড় বড় মনীষি এই বিষয়ের গবেষণায় তন্ত কাল কাটিয়ে দিয়েছেন, কিন্তু কেউ আর এর সুসমাধান করতে পেরেন নাই। ঐটী নিয়েই সংসার, সুতরাং সংসারী জীব ঐটীর মীমাংসা করতে গেলে তার সংসার থেকে ছুটী হ'য়ে যাবে। স্বল্পজ্ঞান সম্বল নিয়ে মনোধর্ম্মের প্রভাবে জটিল সমস্যার সমাধান অসম্ভব। তবে কি এ বিষয় উদ্‌ঘাটিত হবে না? হাঁ হবে, যাঁরা আত্মদর্শী—সর্ব্বজ্ঞ, তাঁদের নিকট এর মীমাংসা হ'য়ে রয়েছে। আমরা যদি তাঁদের নিকট অভিগমন করতে পারি, তা হ'লে এর যথার্থ সিদ্ধান্ত বুঝ্‌তে পারব।

অদৃষ্ট আর পুরুষকারের মধ্যে কোন্‌টী বড়, আর যারা জীব সুখদুঃখ ভোগ করছে, এ বিষয়ে একটী মতামত আমি আপনাদের নিকট উল্লেখ ক'রে পরে শ্রীগুরুপাদপদ্ম-কৃপায় যে টুকু বুঝতে পেরেছি, তা' জানাব।

যাঁরা অদৃষ্টবাদী, তাঁরা বলেন,—"ন চ দৈবাৎ পরং বলম্।" এবিষয়ে মহাভারতে একটী গল্প আছে,—কুরুকুলচূড়ামণি ভীষ্ম শরশয্যাশায়ী হ'লে যুধিষ্ঠির শ্রীকৃষ্ণ ও ভ্রাতৃগণসহ ভীষ্মের নিকট গমন করেন। তাঁকে শরশয্যায় শায়িত দেখে যুধিষ্ঠির বৎসরোনাস্তি দুঃখ ক'রে বললেন,—পিতামহ, আপনার এইরূপ দুর্গতির আমিই একমাত্র কারণ, সুতরাং এ পাপের ফলে আমাকে অনন্ত দুঃখ ভোগ করতে হবে। আমি যদি পাঁচভাইএর সঙ্গে প্রাণত্যাগ করতাম, তা'হলে এ পাপের ভাগী হ'তে হ'ত না। যা' হোক, আপনি যখন পরম ধার্ম্মিক, তখন আমাকে কৃপা ক'রে উপদেশ প্রদান করুন, যাতে আমি পাপের হাত' থেকে মুক্তি লাভ করতে পারি।

ভীষ্ম বল্‌ছেন,—যুধিষ্ঠির, তুমি এজন্য দুঃখ করছ কেন? আত্মা কাল, আর অদৃষ্ট ঈশ্বরের অধীন, সুতরাং তাকে কি নিমিত্ত 'পাপপুণ্যের কারণ' ব'লে নিশ্চয় ক'রে দুঃখ পাচ্ছ. একটী উপাখ্যান শুনলে তোমার সব মীমাংসা হ'য়ে যাবে। এই ব'লে তিনি বল্‌তে আরম্ভ করলেন্,—

পূর্ব্বকালে গৌতমী নাম্নী এক ব্রাহ্মণীর একমাত্র পুত্রকে সর্পে দংশন করায় পুত্রের তৎক্ষণাৎ মৃত্যু ঘটে, এক ব্যাধ সেই সাপকে পাশ বদ্ধ ক'রে ব্রাহ্মণীর নিকট এনে তাঁকে বল্‌ছে,—ভদ্রে, এই সাপ আপনার পুত্রকে দংশন ক'রেছে। সুতরাং আমাকে আদেশ করুন, এর প্রাণবিনাশ ক'রে ফেলি।

ব্রাহ্মণী বল্‌লেন,—একে মার্‌লে আমার পুত্রকে ত' আর ফিরে পাব না? অনর্থক একে বধ ক'রে কি লাভ? কেবল প্রাণি-বধ ক'রে দুঃখলাভ মাত্র।

ব্যাধ বল্‌ছে,—দেবি, আমি আপনাকে মদদত্তঃকরণবিশিষ্ট ব'লে জানি, মদন্যান্যলোকগণ স্বভাবতঃ পরদুঃখ-দুঃখী। যাঁরা শান্ত, তাঁরা সকলই কালকৃত জেনে দুঃখ করেন না বা অন্যকে দোষারোপ করেন না। কিন্তু যারা প্রতিকার-পরায়ণ, তাঁরা শত্রুবিনাশ ক'রেই শোকানল নির্ব্বাপিত করেন। অতএব আপনি একে বিনাশ ক'রে পুত্রশোক ত্যাগ করুন।

গৌতমী বল্‌ছেন,—ব্যাধ, এ বালক মৃত্যু দ্বারা আক্রান্ত হ'য়েছিল ব'লেই সাপে একে দংশন করেছে, সুতরাং এজন্য একে দোষ দেওয়া যায় না। বিশেষতঃ ব্রাহ্মণের ক্রোধ প্রকাশ কর্ত্তব্য নয়। অতএব তুমি একে ত্যাগ কর।

ব্যাধ বলছে,—ভদ্রে, শত্রুবিনাশে কাল-বিলম্ব করা উচিত নয়। বিশেষতঃ বলবান্ শত্রুকে বিনাশ করলে বহু লোকের প্রাণরক্ষা হবে। একে ছেড়ে দিলে এ আরও অনেকের প্রাণ নষ্ট করবে।

তখন পাশবদ্ধ সর্প কোনরূপে কষ্টে-সৃষ্টে বল্‌তে লাগল,—ব্যাধ, তুমি আমাকে কেন দোষারোপ করছ? আমি স্বেচ্ছাক্রমে ব্রাহ্মণকুমারকে বিনাশ করি নাই। কিন্তু মৃত্যুই আমাকে এই কার্য্যে প্রবৃত্ত ক'রেছে, যেমন চক্ষু ও সুত্রধারের অধীন হ'য়ে কাজ করে, সেইরূপ আমিও মৃত্যুর প্রেরণা বশতঃ একে দংশন ক'রেছি।

তখন মৃত্যু সেখানে উপস্থিত হ'য়ে বললেন,—ভুজঙ্গ, তুমি আমাকে দোষ দিচ্ছ কেন? আমি কালের দ্বারা প্রেরিত হ'য়ে তোমাকে বালকের প্রাণ হরণ করতে পাঠিয়েছি; সেত যেমন বায়ুর বশীভূত, আমিও সেইরূপ কালের অধীন। এ জগতের সমস্ত বস্তুই কালের অধীন, তিনিই সৃষ্টি সংহারাদি সমস্ত কাজ ক'রে থাকেন।

ইত্যবসরে কাল সেখানে এসে বললেন, হে নিষাদ, সর্প, মৃত্যু বা আমি কেউই এ বিনাশের কারণ নই। এর কর্ম্মই এর মৃত্যুরহেতু। বালক নিজ অদৃষ্ট দোষে অকাল মৃত্যু লাভ করেছে। কর্ম্ম পুরুষের ন্যায় আচরণ দ্বারা জীবকে পাপের ফোল পরিত্রাণ দিয়ে পরম সুখ ভোগ করায় আবার কর্ম্মই পরম শত্রুর ন্যায় জীবকে অনন্ত দুঃখসাগরে নিমজ্জিত ক'রে দেয়। কর্ম্মই মনুষ্যের পাপপুণ্যের প্রকাশক। মানুষ যেমন কর্ম্মের পরিচালক, কর্ম্ম আবার তদ্রূপ মানুষের আজ্ঞানুবর্ত্তী। যেমন কায় যেমন স্বেচ্ছানুসারে ঘটাদি প্রস্তুত করে, মানুষও তেমনি নিজের ইচ্ছায় কর্ম্ম সৃষ্টি করে।

সুতরাং আপনারা এই উপাখ্যান দ্বারা বুঝ্‌তে পারলেন যে, অদৃষ্ট ও পুরুষকার দুটীই অঙ্গাঙ্গিভাবে অবস্থিত। অদৃষ্ট পুরুষকারের প্রেরক, আবার পুরুষকার অদৃষ্টের জনক।

ভগবদ্বস্তুতে প্রাকৃত ভাবের আরোপ নির্ব্বোধগণ-সাধ্য

শ্রীমদ্ভাগবতের ১ম স্কন্ধের ৫ম অধ্যায়ে উক্ত হইয়াছে,—

"যথা নভসি মেঘৌঘো রেণুর্বা পার্থিবোঽনিলে। এবং, দ্রষ্টরি দৃশ্যত্বমারোপিতমবুদ্ধিভিঃ॥" অর্থাৎ যেরূপ অজ্ঞমূঢ় ব্যক্তিগণ বায়ু আশ্রিত মেঘরাশির অস্তিত্ব আকাশে আরোপ করেন, অথবা যেরূপ পৃথিবীস্থিত ধূলিগুচ্ছ ধূলরবাদি বায়ুতে আরোপ করিয়া থাকেন, সেইরূপ মূঢ়জীবগণ বিবর্ত্তবুদ্ধির দ্বারা চালিত হইয়া দ্রষ্টা বা সাক্ষিণী সচ্চিদানন্দ ভগবানে দৃশ্যধর্ম্মাত্মক অনিত্য শরীর আরোপ করিতে কুণ্ঠা বোধ করেন না।

যাহা স্থূল প্রাকৃত চক্ষের সমষ্টিকে কেহ কেহ স্থূল বিরাট্ মূর্ত্তি বলেন। প্রত্যেক জীবের নয়ন কৃষ্ণারেণ্ডলির সমষ্টি অজ্ঞমানবগণের নিকট বিরাটখণ্ড নামে পরিচিত। এই স্থূল বিরাট্রূপ চক্ষু নামক বাহ্য ইন্দ্রিয়ের গ্রাহ্য এবং স্থূল বিরাট্রূপের অদর্শন কালে যে অপরিচ্ছিন্ন সূক্ষ্ম প্রাকৃত তত্ত্ব অজ্ঞ লোক কর্ত্তৃক অনুভূতির বিষয় হয়, তাহা মন নামক অন্তরেন্দ্রিয় দ্বারা গ্রহণযোগ্য। ভগবান্ দ্রষ্টা বস্তু। সুতরাং তিনি ভোগময় দর্শনে ইন্দ্রিয়গ্রাহ্য হইতে পারেন না। যে সকল মূঢ়ব্যক্তি দ্রষ্টাকে দৃশ্যজ্ঞানে পার্থিব ইন্দ্রিয়গ্রাহ্য বস্তু মাত্র মনে করেন, তাঁহারা বায়ুর আশ্রিত মেঘসমূহকে অথবা ধূলিকণাকে আকাশে আশ্রিত জ্ঞান করেন। বস্তুতঃ মেঘ বা ধূলিকে বায়ু বা আকাশে আরোপ করা নির্বুদ্ধিতার পরিচয়। ভগবানের অপ্রাকৃত নিত্যরূপের পরিচয় ইন্দ্রিয়দ্বারা পাওয়া যায় না। অবিদ্যাগ্রস্ত স্থূল ও সূক্ষ্ম উপাধির ধারণা মূঢ়তার পরিচয়। আত্মবস্তু কখনই অনাত্মপ্রতীতির সহিত এক নহে, মূঢ়তাবশতই তাহাদের সমন্বয় কল্পিত হয়।

ভগবদ্বিমুখ অজ্ঞ জীবগণের বাসোপযোগী নশ্বর জগৎ সৃষ্টি করিবার উদ্দেশে ভগবানের পুরুষাবতারগণের বিভিন্ন লীলা পরিলক্ষিত হয়।

পুরুষাবতারগণ ভগবানের সহিত সমানেশ্বর। আদি পুরুষাবতার নিমিত্ত ও উপাদানাদি ষড়ত্ব ষোলকলাবিশিষ্ট হইয়া আবির্ভূত হন। প্রাকৃত জগতের সৃষ্টবস্তুর ন্যায় তাঁহার শরীর পঞ্চমহাভূত-গঠিত পঞ্চজ্ঞানেন্দ্রিয়, পঞ্চকর্ম্মেন্দ্রিয় ও মনঃসংযুক্ত নহে। প্রাকৃত জগতের সৌন্দর্য্যটী সৃষ্টি করিবার উদ্দেশে কার্য্যের কারণরূপে তাঁহার সত্ত্ব অধিষ্ঠান। এই সূক্ষ্ম অধিষ্ঠানটী প্রাকৃত সৃষ্টির অন্তর্গত নহে। নিত্য ষোড়শকল ভগবানের প্রাকৃত বৈভবে অবতরণোপযোগী অপ্রাকৃত প্রাকট্যের সহিত জড়জগৎ সৃষ্টির সম্বন্ধ থাকিলেও তাঁহার প্রাকৃত স্পর্শদোষ থাকিতে পারে না। জগদাত্মা প্রাকৃত মৃন্ময় কলস সৃষ্টি যেরূপ উহার কারণরূপ পদার্থকে মৃত্তিকা বলিয়া বুঝা যায়, প্রাকৃত কার্য্যরূপী স্থূল বা সূক্ষ্ম জগৎদর্শনে সেই প্রকার উহাদের কারণরূপ তত্ত্বকে প্রাকৃত বস্তু বলিয়া বুঝা অযৌক্তিক; কারণ কলস ও মৃত্তিকা উভয়ে প্রাকৃতবস্তু, কিন্তু জগতের সৃষ্টিকর্ত্তা ভগবান্ অপ্রাকৃত তত্ত্ব, এবং জগৎ প্রাকৃত বস্তু অর্থাৎ কার্য্য ও কারণ সম্পূর্ণরূপে পৃথক্ভাবাত্মক তত্ত্ব।

যখন স্বরূপের সম্যক্ জ্ঞানপ্রভাবে অজ্ঞানে তাদাত্ম্যরূপ ভ্রান্তি কল্পিত কার্য্যকারণরূপ নিরাকৃত হয়, তখন জীব জ্ঞানৈকস্বরূপ ব্রহ্ম অর্থাৎ চিদানন্দময় রূপে প্রতিষ্ঠিত হন। জীবের ব্রহ্ম দর্শন ঘটিলেই ভগবৎসম্বন্ধজ্ঞান হইতে স্বাভাবিকী ভক্তিবৃত্তি উদিতা হয়। তখন সাক্ষী, কেবল, নির্গুণ ও চেতা—এই ধর্ম্মচতুষ্টয়ে ভগবদ্বস্তু পরিচ্ছিন্ন করিয়া বিরূপ অজ্ঞজন দর্শন প্রভাবে ভগবান্‌কে দ্রষ্টা বাচীত দৃশ্য বলিয়া বুঝিতে হয় না। জীবাত্মার নিত্য সেবাবৃত্তির উদয়ে চিদ্বিলাসবিচিত্রতা দর্শনরূপ অধোক্ষজ জ্ঞানে অবস্থিত হইলে ব্রহ্মের জ্যোতোভাব সূর্য্যোদয়ে কুজ্ঝটিকার ন্যায় বিলীন হয়। তখন জগতে প্রকটিত ভগবানের শ্রীমূর্ত্তি বা শ্রীঅর্চ্চাবিগ্রহ দর্শনে ক্ষুদ্র অল্প কাঠ পাথর বুদ্ধি তিরোহিত হয় এবং তত্তৎ শ্রীমূর্ত্তিতে সাক্ষাৎ দ্রষ্টৃরূপ অপ্রাকৃত ভাব ফুটিয়া উঠে। যাহার এইরূপ দর্শন সিদ্ধ হয়, তিনি ভব-বন্ধনমুক্ত হন ও ভগবৎ সাক্ষাৎকারজনিত বিমল নিত্যানন্দ লাভে সমর্থ হইয়া থাকেন। মনুষ্যজীবনের ইহাই সর্ব্বোচ্চ দশা। ইহার উপর আর মনুষ্য জীবনের গতি নাই।

নামকীর্ত্তন

(শ্রীযুক্তা অপর্ণা দেবী)

মুরজ মন্দ্রে প্রাণের ঘরে
জীবন কর নাম।
বীণা-বংশীতে দুখীতে ছেঁচীতে
পুলকে অবিরাম॥
মরম-মরম তাজরে মরম!
অক্ষয় ধন বরি'।
প্রভু কর পাপী গাহ অবিরত
অমর কণ্ঠ ভরি'॥
নিতাই-গৌরার কাহিনী দ্বারে
প্রচার বিশ্ব-মাঝ।
পতাকা বহিয়া দ্বারে' দ্বারে গিয়া
ঘুচাও আত্ম-লাজ॥

ধাম-প্রসঙ্গ

আসল ও নকল

আসল ও ভেজাল বা নকল কখনও এক পর্য্যায়ে গণিত হইতে পারে না। ভাগ্যহীন জনগণ নিজের নির্জ্জুদ্ধিতাক্রমে আসল ও নকলকে সমান জ্ঞান করে। এইজন্য শুদ্ধবৈষ্ণবগণ সাম্প্রদায়িক, আর মুক্তি মিশ্রবৈষ্ণবকে সমন্বয়কারী, বিদ্বা-ঽজ্ঞানকে একাকারকারী জনগণ নিজের ঝোঁকে নিজেই পড়িয়া গিয়া ক্ষ-সাম্প্রদায়িক হইয়া বৈষ্ণবনিন্দা করিয়াছিলেন। ত্রিদণ্ড ধারণ করিয়া নাথজী একদিন সীতা হরণ করিয়াছিল, শান্তিপুর মুন্সিফের একজন 'হরিভক্তি' সম্বন্ধে ওকালতীনামা করিতে গিয়া ধরা পড়িয়াছিল। রুচির অভাবে ও ঠোঁট সোঁস জেওটীয়া বৈষ্ণবদের কাপড়ে আসল বৈষ্ণব অনুকরণ করিয়া গান করিতে ও তিলক পরিতে যাই এবং গোস্বামীগণের অভিনয় করি, তাহাতে কয়েকটা নিরোধ আমাদের মস্তকে পড়িয়া যাইতে পারে কিন্তু তাহারা উহারই "অকৈতব নী মানা কথাকার" হইয়া স্বমিত্রের গহ্বরে পড়িয়া যাইবে। সঙ্কীর্ত্তনকালে বৈষ্ণবগণের সহিত কপট বৈষ্ণবতার সংগ্রাম চলিতেছে। সত্বেরই অবশ্যই জয় হইবে। নিত্য সত্যবস্তু ভগবান্ শ্রীচৈতন্যদেবের অক্ষুণ্ণ থাকিবেন, তাঁহার ধাম যোগপীঠ-শ্রীমায়াপুর অক্ষুণ্ণ থাকিবেন—ইহাতে কাহারও সন্দেহ করিতে হইবে না। কুত্রিমচেষ্টা অচিরেই কষ্টি পাথরে ধরা পড়িয়া যাইবে। বেহেতু আমাদের ন্যায় নেশাখোর জগতে অনেক আছে, তজ্জন্য ছোট আদালতই পাইব—এই নীতি বিশ্ববিদ্যালয়ের অনুসন্ধাক উচ্চ উপাধি প্রাপ্ত জনগণের নিকট আদৃত হয় না বলিয়া উহা অগ্রাহ্য করা হইবে, এরূপ নহে। নিজোপ, প্রাকৃত ধনলোভী, অবান্তর উদ্দেশ্য-বিশিষ্ট জনগণের নিকট প্রাচীন নদীয়া গৌড়পুর শ্রীমায়াপুরের বিপ্রলিপ্সামূলে আদর না থাকিলেও ভক্তরাজের নিত্যিই গৌড়ৌলিক সংস্থান কোনও দিনই কক্ষচ্যুত হইবে না। কুলিয়া-সহরের ধনদৌলতের—কলকৌশলের—লোহমোহের অভাব নাই, তাহা সত্ত্বেও যদি মলিন-জীর্ণবসন-পরিধানকারী-বৈষ্ণব-সম্রাটের নিত্যিই স্থানের আদর করিবার লোক পাওয়া যায়, তাহা হইলে তাঁহার বিপরীত-বুদ্ধিকারী জনগণের ছুকুমচেষ্টা কখনই জগজ্জাল উপস্থিত করিতে পারিবে না। কনক-কামিনী-প্রতিষ্ঠামুগ্ধ জনগণ সত্যের উপাসকের নিকট আদর পাইতে পারেন না। যেকাল পর্য্যন্ত জীবের দেহ-দ্রবিণ-লোভ-পাষণ্ডতা প্রভৃতি ভগবদ্ধাম ও ভগবদ্ধামের স্বরূপোলব্ধিতে বাধা দিবে, তৎকাল পর্য্যন্ত সত্যের উপাসনা তাহাদিগকে শতযোজন দূরে রাখিবে।

যৎকিঞ্চিৎ

(ব্যক্তি গত)

(পূর্ব্ব প্রকাশিত ১৪০ সংখ্যার পর)

প্রাকৃত সহজিয়াগণ শ্রীগৌরাঙ্গোদ্দিষ্ট বিলাসোপকরণ তাম্বূল অথবা সাধারণ প্রচলিত ছোট তামাক ও বড় তামাক প্রভৃতি বহু মাদক দ্রব্য অবাধে গ্রহণ করেন। সুতরাং মাদক দ্রব্যের প্রচারকগণের বুদ্ধি বিকৃত হওয়ায় সর্ব্বসাধারণে তাঁহারা ডিলটেলের ন্যায় সম্মান করেন, পরন্তু প্রকৃতজনকে বৈষ্ণবশ্রীসম্মানের সহিত সম্বন্ধশূন্য মনে করেন। দধি ও ছানা প্রভৃতি বিকৃত বস্তুগুলিকে 'আমিষ' জ্ঞান করেন।

ক্ষত্রিয়াদি নানা প্রকার বিভিন্ন শ্রেণীতে অবস্থিত থাকায় প্রাকৃত সহজিয়াগণ সকলকেই আদর করেন। কিন্তু জগতে যাহা এই শ্রেণীর প্রাকৃত সংজ্ঞা বিশিষ্ট গৌড়ীয়ের সমাদর করিতে পারেন, গৌড়ীয় গৌড়ীয়ের প্রচারিত শুদ্ধভক্তিকে আদর করিয়া থাকেন।

আমাদের বিশ্বাস—প্রেমবিবর্ত্ত গ্রন্থ তাঁহারা তিনি অবশ্যই গ্রহণ করিয়া থাকেন এবং 'ভক্তমাল' কোন প্রকার প্রামাণিক গ্রন্থ নহে, ইহাও তাঁহার ধারণা।

তিনি 'বৈষ্ণব' ও 'বৈষ্ণবক্রব' শব্দদ্বয়ের ভেদ বুঝিতে পারেন, সুতরাং ভক্তমাল প্রামাণিক গ্রন্থ নহে, ইহা বুঝিতে ও প্রবোধানন্দ ও প্রকাশানন্দ যে পৃথক ব্যক্তিদ্বয়, ইহা জানিতেও তাঁহার বাকী নাই।

যোষিৎসঙ্গী এক অসাধু, কৃষ্ণ আর"—ইহাই বৈষ্ণবের পরিচয় এবং ইহা বৈষ্ণবের ধারণা। প্রাকৃত সহজিয়া নানা প্রকার যোষিৎসঙ্গলোভে দুষ্ট। ইহারা কামুক পরদারারত জনগণই যোষিৎসঙ্গ পাশ্চাত্য নিশ্চিন্তাপালনকারী বৈধ সুকৃতি কখনও যোষিৎসঙ্গীর পক্ষপাতী নহেন।

শ্রীমদ্ভাগবত, স্মৃতিশাস্ত্র, পঞ্চরাত্র, ভাগবত ও গৌড়ীয় কখনও তাহাকেও আদর করেন না। পরন্তু দুষ্টবিচারপরায়ণ ব্যক্তিগণের সঙ্গও করেন না। পৃথক্ থাকিয়া অসজ্জনগণ তাহাদের প্রতি আক্রমণ করিতে বলিয়া মনে করেন। এই সকল গৌড়ীয় প্রভৃতি শাস্ত্রের বাক্য পাঠ করিয়া বুঝিতে ও জানিতে পারিবেন।

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীমন্মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস প্রণীত মূল, শ্রীমন্ভাগ্য-কৃত তাৎপর্য্য-নির্ণয়টীকা, শ্রীমদ্ধর সোস্বামি-কৃত সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, সংস্কৃত অন্বয় ও তাৎপর্য, তথ্য ও বিবৃত্যাদিযুক্ত। প্রতি স্কন্ধের আদিতে স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ অধ্যায়ের সারসহ সুবিস্তৃত তাৎপর্য্যাদি লিখিত। শ্লোকসূচী বিষয়সূচী, অধ্যায়বিবরণ, পাঠ ও স্থানসূচীসহ উত্তম কাগজে উত্তম অক্ষরে মুদ্রিত। প্রথম হইতে ১০ম স্কন্ধ ছাপা সম্পূর্ণরূপে শেষ হইয়াছে। ভিক্ষা প্রথম স্কন্ধ ৪র্থ পর্য্যন্ত ২১৸০; দশম স্কন্ধ ১২৲; ১১শ ১২৲

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীমদ্বৃন্দাবন দাস ঠাকুর রচিত 'অমৃতপ্রবাহভাষ্য' শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত অনুভাষ্য ও শ্রুতি স্মৃত্যাদি বহু শাস্ত্রপ্রমাণ সম্বলিত হইয়া প্রকাশিত হইয়াছেন। শ্লোকের সাধুবাঙ্গালা, বঙ্গানুবাদ ও শ্লোক পরারের পূর্ব্বে সংক্ষিপ্ত অভিধেয় সংযোজিত। প্রত্যেক অধ্যায়-প্রারম্ভে কথাসার দেওয়া আছে। শ্লোক, পদ, স্থান, গ্রন্থ প্রভৃতির উত্তম সূচী ও গ্রন্থকারের সংক্ষিপ্ত জীবনী সম্বলিত এইরূপ অনুপম সংস্করণ ইতঃপূর্ব্বে প্রকাশিত হয় নাই। উত্তম কাগজে পাইকাক্ষরে মূল দুইস্তম্ভে মুদ্রিত হইতেছে। গ্রন্থ প্রায় ৭০০ পৃষ্ঠায় সম্পূর্ণ ভিক্ষা বর্ত্তমানে ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত সূচীপত্র, শব্দসূচী, পয়ারসূচী, বিবৃত-স্থান পাঠান্তর প্রভৃতি বিবিধ বিষয় সম্বলিত বিরাট দ্বিতীয় সংস্করণ রয়াল ক্রাউন ৮ পেজী আকার। আদিলীলা ও মধ্যের কিয়দংশ প্রকাশিত হইয়াছেন। ক্রমে ক্রমে প্রকাশিত হইবেন। অগ্রিম ভিক্ষা ৫৲ টাকা, আদি লীলার মূল্য ৫৲।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের এরূপ অভিনব সুন্দর সংস্করণ আর কখনও প্রকাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকাংশের অন্বয়, বঙ্গানুবাদ, সূচী, কথাসার, তথ্য প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। মূল মোটা অক্ষরে ডবল ক্রাউন আটপেজী আকারে ছাপা হইতেছে। মূল্য ২৷৹ টাকা। নদীয়া প্রকাশ ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১৷৹ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

—শ্রীগৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিঠাকুর গোস্বামিকৃত সারার্থবর্ষিণী টীকা-সমেত ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'রসিক-রঞ্জন' নামক ভাষ্যভাষ্যসহিত। অধ্যায়সূচী, মাঝে মাঝে শ্লোক-সূচী, বিবৃত-সূচী, গ্রন্থকারের জীবনী ও অক্ষরগণিকাদি জ্ঞাতব্যবিষয়-সহ উৎকৃষ্ট বাঁধাই তৃতীয় সংস্করণ—এই গ্রন্থের ভিক্ষা ২৲ টাকা মাত্র, সাধারণ সংস্করণ—১৷৹ টাকা মাত্র

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের সেই অবিদ্যা-বিধ্বংসিনী ভীষণাত্মশক্তিপ্রবোধিনী শুষ্ক-কাষ্ঠনিষ্কাশিনী জীবন্ত-বাণীর মূর্ত্ত-বিগ্রহ—বেদবেদান্ত-রত্নভাণ্ডার কোষ্ঠবদ্ধি—সম্প্রদায় বৈভববিজ্ঞানাগারের মৌলিক তথ্য—গুরুরাজ ও ভাগবতের সমন্বয়তত্ত্ব—মহাজন-জীবনচরিত-শিক্ষক—চিত্তবিলাসচিন্তামণি-অচিন্ত্যবিচারক—ঐশ্বর্য্য ও মাধুর্য্যরসের মৌলিক গবেষণার—সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন-তত্ত্বের সিদ্ধান্ত-সমুদ্র।

১। প্রথম খণ্ড—বৈষ্ণবদর্শন, শ্রীগুরুতত্ত্ব, কাল-ধর্ম্ম, শ্রীমন্মহাপ্রভাব, শ্রীবাসভবনী, পাঞ্চরাত্রিকী দীক্ষা ও বর্ণ বিচার, আত্মধর্ম্ম ও মনোধর্ম্ম, শ্রীচৈতন্যদেব ও তাঁহার শিক্ষা, অপ্রাকৃত সহজধর্ম্ম ও প্রাকৃত সহজিয়া, প্রভৃতি বিংশতি সংগ্রহ রত্নে সুশোভিত। ভিক্ষা মাত্র ৸০ বার আনা।

২। দ্বিতীয় খণ্ড—শুদ্ধা ও বিদ্ধা ভক্তি, মতুসের শ্রেষ্ঠতা কোথায়, আত্মার নিত্যস্থিতি, ঈশ্বর স্বামিপাদ ও মায়াবাদ, শ্রীগৌর-নিত্যানন্দপ্রসঙ্গ, ত্রিযুগের ধর্ম্ম ও কৃষ্ণ-কীর্ত্তন, শ্রীব্যাসপূজায় শ্রীমদ্ভাগবতের কীর্ত্তন, শ্রীগৌর-ধামের মহিমা, মহাপ্রসাদ, শ্রীগোবিন্দ, শ্রীগুরুপাদপদ্মবন্দন-গণ, শ্রীমতী তুলসীবন্দিনী, শ্রীচৈতন্যের দয়া, গৌরকরুণা ও কৃষ্ণকীর্ত্তন—চতুষ্টয় অপূর্ব্ব মধুরিমাপূর্ণ-বক্তৃতা-বিভূষিত। ভিক্ষা ১৲ এক টাকা মাত্র।

৩। তৃতীয় খণ্ড—লোকপ্রিয়তা ও সত্যপ্রিয়তা শ্রীবলদেব প্রসঙ্গ, শ্রীকৃষ্ণাবির্ভাব, বৈষ্ণব, শ্রীসীতাদেবীর আবির্ভাব-প্রসঙ্গ, শ্রীমদ্ভাগবতের সত্তা, ব্যাসপূজায় শ্রীমদ্ভাগবতের পুনরাবৃত্তি, শ্রীনামসংকীর্ত্তন ও হরিসেবার নিত্যতা—এই নয়টী সুদার্শনিক বক্তৃতাসম্বলিত। ভিক্ষা ৸০ মাত্র।

শ্রীমদ্ভগবদ্গীতা

গৌড়ীয়-বৈষ্ণবসার্ব্বভৌম শেখর শ্রীশ্রীমদ্বলদেব বিদ্যাভূষণকৃত ভাষ্য ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের প্রাঞ্জল বঙ্গ-ভাষায় বিবৃত 'বিদগ্ধরঞ্জন' নামক ভাষ্যযুক্ত। অধ্যায়-সূচী, বিষয়সূচী, ও প্রতি শ্লোকের প্রথম ও তৃতীয় পাদ সূচী, ভাষ্যকারের জীবনী প্রভৃতি সম্বলিত। উৎকৃষ্ট বাঁধাই, রাজসংস্করণ (তৃতীয় সংস্করণ) গ্রন্থের ভিক্ষা ২৲ টাকা।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

(প্রমাণখণ্ড) সানুবাদ। শ্রুতি-স্মৃত্যাদি গ্রন্থে শ্রীনবদ্বীপের যে মহিমা কীর্ত্তিত আছে, তাহার মূল সংস্কৃত ও অনুবাদ। ভিক্ষা ৵০ আনা।

শ্রীশ্রীনবদ্বীপভাবতরঙ্গ

শ্রীঠাকুর ভক্তিবিনোদ লিখিত। সুললিত গীতাকারে পরিক্রমার প্রত্যহাদি-বিষয়ক। ভিক্ষা ।০ আনা।

ভক্তিরত্নাকর ও নবদ্বীপ পরিক্রমা

শ্রীল নরহরি চক্রবর্ত্তি-ঠাকুর রচিত। ভক্তিরত্নাকর হইতে পরিক্রমাংশ মাত্র গৃহীত; শ্রীজীব গোস্বামী কি প্রকারে শ্রীনবদ্বীপধামের পরিক্রমা করিয়াছিলেন, তাহাই পদ্যে বিবৃত। ভিক্ষা ৸০ আনা

শ্রীচৈতন্যবাণী অমৃত

শ্রী ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। শ্রীচৈতন্যদেবের শিক্ষাপ্রণালী—কৃষ্ণ, কৃষ্ণশক্তি ও রস—বদ্ধ ও মুক্ত জীব অচিন্ত্য-ভেদাভেদ-তত্ত্ব—সাধন-নির্ণয়—প্রয়োজন-তত্ত্ব, কাম, ভাবভক্তির বিচার—বৈধী ভক্তি, ভাবভক্তি প্রেমভক্তিসহ নামভজন-প্রণালী ও অষ্টকালীয় লী পরিচয়াদি প্রথম শিক্ষার্থীর উপযোগী করিয়া সরল ভা সমুদয় যুক্তিপ্রমাণসহ লিখিত আছে। চতুর্থ সংস্করণ ২৲ টাকা, আধাধা ১৸০ টাকা মাত্র।

গৌড়ীয়কণ্ঠহার

শ্রীগৌড়ীয় বৈষ্ণবগণের অনুষ্ঠান কণ্ঠে গাহনযো শ্রুতি-স্মৃতি-পুরাণ-পঞ্চরাত্রাদি সাম্প্রত-শাস্ত্রসমূহের প্রমাণা বিষয়বিভাগক্রমে সানুবাদ গুম্ফিত। এইরূপ বৈষ্ণ সিদ্ধান্তের সারসময়য় অন্য কুত্রাপি প্রকাশিত হয় না ইহাতে গুরুতত্ত্ব—ভাগবত—বৈষ্ণব—গৌর—নিত্যানন্দ অদ্বৈত—কৃষ্ণ—শক্তি—ভগবল্লীল—জীব—অচিন্ত্যভেদাভে —অভিধেয়—সাধনভক্তি—বর্ণাশ্রম—আশ্রম-ধর্ম্ম—গুরুত্ব —শ্রীনাম—প্রয়োজন ও প্রমাণ-তত্ত্বগুলি পৃথক্ অধ্যা সুবৃহৎ শ্লোকাদি সূচীসহ উৎকৃষ্ট এন্টিক কাগজে রে বু কালিতে মুদ্রিত, উৎকৃষ্ট বাঁধা সোনার জলে নাম লেখ গ্রন্থ প্রায় ৪০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা ২৲ টাকা মাত্র।

শ্রীনবদ্বীপধাম-প্রদক্ষিণাবলী

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত 'গামমাহাত্ম্য'—ন মাহাত্ম্যের সানুবাদ প্রমাণ খণ্ড—শ্রীল নরহরিচক্রব ঠাকুরের ধাম-পরিক্রমাংশ—শ্রীধাম নবদ্বীপ পরিক্রমা—ভ যাত্রা পদ্ধতি—শ্রীমৎ প্রবোধানন্দকৃত নবদ্বীপশতকম্ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ প্রভৃ গ্রন্থ একত্র ভিক্ষা ৸০ আনা মাত্র।

শ্রীহরিনামামৃত ব্যাকরণ

শ্রীজীব গোস্বামী প্রভুপাদ-বিরচিত সূত্র ও বৃ তৎসঙ্গে ওঁবিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্ব মহারাজের বিস্তৃত ভূমিকা ও সূচী প্রভৃতি স অপ্রত্যাশিতভাবে ছলভ। ভিক্ষা ২৲ টাকা, ছাত্রগ পক্ষে ১৷০ টাকা মাত্র।

বেদান্তসূত্রসার

শ্রীমদ্রামানুজাচার্য্য-রচিত। বেদান্তের বিশিষ্টাদ্বৈতবা প্রচারক শ্রীভাষ্য প্রণেতা আচার্য্যপ্রবর বেদান্তদর্শন পাঠে উপযোগী করণার্থ এই উদ্যম করিয়াছেন। ইহা বঙ্গানুবাদ ও সূচীপত্রাদি সংযোজিত করা হইয়াছে নাম মাত্র ভিক্ষা ৸০ আনা।

শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও নবদ্বীপশতক

গৌরপার্ষদ দ্বিতীয় শ্রীমৎ প্রবোধানন্দ সরস্বতী-প্রণী মূল, প্রভুপাদ শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারা সম্পাদিত অন্বয়মুখে ব্যাখ্যা ও বঙ্গানুবাদ সম্বলিত নবদ্বীপশতকের শ্রীভক্তিবিনোদ ঠাকুরের পদ্যানুবাদ তৎসহ শ্রীমন্মহাপ্রভুর একটী ত্রিবর্ণরঞ্জিত অলৌকিক চি প্রদত্ত হইয়াছে। মুদ্রণ ও কাগজ উৎকৃষ্ট (২ খা একত্রে) ভিক্ষা ৸০ আনা, অতি সুরম্য বাঁধাই রাজসংস্ক ১৲ টাকা মাত্র।

ঈশ্বরধর্ম্ম

ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। এই একমাত্র গ্রন্থ পাঠ করিলে পারমার্থিক রাজ্যে কিছুতেই জ্ঞান বা সংশয় থাকিবে না। পরম গূঢ় বস্তুবিষয়ক এই সরল ও হৃদয়গ্রাহী গ্রন্থ এ পর্য্যন্ত প্রকাশিত হয় নাই। বিশ্বনাথচক্রবর্ত্তি-শ্যাম-মহেশবর্ত্তি-মধুসূদনে এই গ্রন্থ সমৃদ্ধ হইয়াছেন। আবার সুবিস্তৃত সূচী, কথাসার প্রভৃতি দ্বারা বিশেষ সমৃদ্ধ করা হইয়াছে। বিরাট গ্রন্থ, উহার তুলে নাম লেখা, উৎকৃষ্ট বাঁধাই—চতুর্থ সংস্করণ মূল্য ২৲ টাকা মাত্র।

প্রেমবিবর্ত্ত

শ্রীমন্মহাপ্রভুর অন্তরঙ্গ পার্ষদ শ্রীল জগদানন্দ প্রভু বিরচিত। এই পুস্তকে অতি সুবোধ্য ভাষায় মহাপ্রভুর বিবিধ লীলারস বৈষ্ণবাচার, একাদশী ও নামভজন-প্রণালী প্রভৃতি অনেক বৈষ্ণবতত্ত্বের সুমীমাংসা দেখিতে পাইবেন। পাদটীকায় দুরূহ স্থানের বিশদার্থ ও গ্রন্থকর্ত্তার পরিচয়াদি-সম্বলিত চতুর্থ সংস্করণ ডিক্ষা ৷৵০ পাঁচ আনা মাত্র।

ভজনরহস্য

ভজনকারীর নিত্যসঙ্গী ; ঠাকুর ভক্তিবিনোদের অমূল্য দান ; নিখিল শাস্ত্রের নির্য্যাস। গ্রন্থখানি না দেখা পর্য্যন্ত কেহ বুঝিতে পারিবেন না। তৃতীয় সংস্করণ ডিক্ষা ৷৹ ।

হরিনামচিন্তামণি

নামাচার্য্য শ্রীল হরিদাস ঠাকুরের মুখে শ্রীমন্মহাপ্রভু নাম-মাহাত্ম্য, নামাভাস, নামাপরাধ প্রভৃতি বিষয়ের যাবতীয় বিচার প্রদান করিয়াছিলেন। এই বিষয়গুলির অতি সরল পয়ারে সাঙ্কিপ্ত আশ্চর্য্যরূপ পরিপাটীভাবে মুদ্রিত। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। পঞ্চম সংস্করণ ডিক্ষা ৷৹

কল্যাণকল্পতরু

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। প্রত্যেক ভগবদ্-বিশ্বাসী ও জ্ঞানপথের পথিকের একান্ত প্রয়োজনীয় উপদেশাবলীপূর্ণ গীতিগ্রন্থ। সামান্য লেখাপড়া-জানা লোকেও এই ভজনরাজ্যের গীতিসমূহের দ্বারা অনর্থনিবৃত্তি ও ভগবৎসেবা লাভ করিবার সুবিধা পাইবেন। ষষ্ঠ সংস্করণ, ডিক্ষা ৵০ আনা মাত্র।

শরণাগতি

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। ভগবানে আত্মসমর্পণ, নিজপ্তি, ভজনলালসা, ষড়্‌বিধা শরণাগতি ও সিদ্ধি-লালসা-বিষয়ক গীতিপূর্ণ, ডিক্ষা ৵০ আনা মাত্র।

গীতাবলী

শ্রীঠাকুর ভক্তিবিনোদ-প্রণীত। নিত্য ভজন, আরাত্রিক ও প্রসাদ-সেবনাদি-বিষয়ক মধুর গীতসমূহ একত্রে গ্রথিত। ডিক্ষা ৵০ আনা মাত্র।

সাধনপথঃ

শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ও শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর প্রতি শ্রীরূপ গোস্বামীর উপদেশবাণী, ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিষয়ে সুবিচারিত সম্বোধন ভাষা, বিস্তৃত বিবৃতি, চরিতামৃতের প্রমাণ, সাধক ব্যাখ্যা ও মহাজন প্রণীত স্বতঃসিদ্ধ পরমমূল্য গ্রন্থসমূহ প্রত্যেক শ্লোকের সহিত সন্নিবেশিত হইয়াছে। ৩য় সংস্করণ ডিক্ষা ৷৵০ আনা।

সাধন-কল্প

শ্রীরঘুনাথ দাস গোস্বামীর মনঃশিক্ষা, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত পদ্যানুবাদসহ। ডিক্ষা ৵০ আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা

শ্রীল ঠাকুর নরোত্তমের সুপ্রসিদ্ধ প্রেমভক্তিবিষয়ক গানের পুস্তক ডিক্ষা ৵০ আনা মাত্র।

নবদ্বীপশতক

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপাদের সংস্কৃত নবদ্বীপশতকের সুললিত পদ্যানুবাদ। ডিক্ষা ৵০ আনা মাত্র।

অর্চ্চনপদ্ধতি

শ্রীল লোকাচার্য্য রচিত। বৈষ্ণবতা-জ্ঞানের আকর পুস্তক। ডিক্ষা ৵০ আনা মাত্র।

সদাচারস্মৃতি

শ্রীল মন্ধাচার্য্য-প্রণীত। বৈষ্ণবের নিত্যকর্ত্তব্যাদি সদাচার-বলী, বঙ্গানুবাদ সহিত। ডিক্ষা ৵০ আনা মাত্র।

মণিমঞ্জরী

কবিকুলকেশরী শ্রীমন্নারায়ণাচার্য্য রচিত। শ্রীমন্মধ্বাচার্য্যের সংক্ষিপ্ত জীবনলীলা ও মূল বৈষ্ণবধর্ম্মমত। সানুবাদ ডিক্ষা ।৹ আনা মাত্র।

গৌরকৃষ্ণোদয়

প্রাচীন কবি শ্রীগোবিন্দ দেব প্রণীত শ্রীগৌরাবতারের প্রমাণাবলী-সম্বলিত সংস্কৃত গ্রন্থ। ডিক্ষা ৷৹ আনা।

যুক্তিমল্লিকা। (জগন্মোহন)

শ্রীমন্মধ্বসম্প্রদায়ানুগত শ্রীমদ্ব্যাসরাজ স্বামিকৃত। বঙ্গাক্ষরে সানুবাদ এই গ্রন্থের প্রকাশ পারমার্থিক সাহিত্য-জগতে এই সর্ব্বপ্রথম। শ্রীমন্মধ্বাচার্য্য হইতে ষোড়শাবতার দ্বিতীয় মধ্বাচার্য্য নামে খ্যাত শ্রীব্যাসরাজতীর্থ স্বামী এই গ্রন্থে সাধারণ যুক্তি ও লৌকিক ন্যায়ানুসারে কিরূপ সুন্দররূপে ভক্তিবিরোধি-মতবাদ সমূহ খণ্ডন করিয়াছে, তাহা পাঠ করিতে করিতে আশ্চর্য্যান্বিত হইতে হয়। ইহাতে যুক্তির দ্বারা চার্ব্বাক, জৈন, বৌদ্ধ, মায়াবাদক ও মায়াবাদিমত-সমূহের সুন্দর খণ্ডন হইয়াছে। ডিক্ষা ২৲ টাকা মাত্র।

গোস্বামী শ্রীল রঘুনাথ দাস

(ও বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত ভূমিকা সহ) গৌরপ্রেষ্ঠ স্বরূপ-রূপের একমাত্র প্রিয়তম শ্রীল দাস গোস্বামী প্রভুর অপূর্ব্ব চরিতামৃত ও শিক্ষা অতীব প্রাঞ্জল ও সরল ভাষায় সন্নিবিষ্ট এবং পরিশিষ্টে দাসগোস্বামী প্রভুর বিরচিত কতকগুলি সানুবাদ মধুরতম স্তব ও মনঃশিক্ষা-সম্বলিত। ডিক্ষা বাঁধাই ৷৹ আনা, আবাধাই ৷৵০ আনা মাত্র।

চিত্রে নবদ্বীপ

প্রাচীন নবদ্বীপের অবস্থিতি, তথ্য, ঐতিহ্য, প্রোত ও ঐতিহাসিক প্রমাণসম্বলিত নবদ্বীপ-ধামের সচিত্র বিবরণ-গ্রন্থ। রায়সাহেব রাজনাথের কুমার শ্রীযুক্ত পরমেশ্বর নারায়ণ রায় এম. এ, প্রাচ্য (সাহোর), বেদান্তরত্ন মহোদয় কর্ত্তৃক সঙ্কলিত এবং ৪৭ খানি বিভিন্ন বর্ণের অপূর্ব্ব চিত্র ও মানচিত্র-সমন্বিত ; প্রাচ্যবিদ্যামহার্ণব রায় সাহেব শ্রীযুক্ত নগেন্দ্র নাথ বসু বিশ্বকোষসম্পাদক মহাশয়ের বিস্তৃত ভূমিকা সহ। উৎকৃষ্ট (ইং) মলাটে বাঁধাই মূল্য ১৷০, ভি: পি: যে ২৲ টাকা মাত্র।

সাধক-কণ্ঠমালা

গুরুবন্দনা, বৈষ্ণব-বন্দনা, বৈষ্ণবপ্রণাম, দাসাঁসের গীত, শ্রীনামতত্ত্ব, শ্রীমন্মহাপ্রভুর অষ্টোত্তরশত নাম, অষ্টপ্রহর নামকীর্ত্তন, শ্রীনামসঙ্কীর্ত্তন, প্রেমধ্বনি, "বাউলসঙ্গীত" নবদ্বীপ-মহিমা, শ্রীমায়াপুর মহিমা, শ্রীবরোত্তম-প্রভুর অষ্টক আচার্য্য-বন্দনা, ষড়্‌গোস্বামীর অষ্টক, প্রেমভক্তিচন্দ্রিকা, উপদেশমালা, নামভজন-প্রণালী, মহাপ্রভু ও রায় রামানন্দ সংবাদ, মনঃশিক্ষা, শ্রীগুরু-প্রণতি, শ্রীগুরু-পরম্পরা, মহাপ্রভুর বন্দনা প্রভৃতি সাধক ও সিদ্ধজীবনের নিত্যপাঠ্য, বৈষ্ণবগণের কণ্ঠাশ্রিত তুলসীমালার ন্যায় অনুক্ষণ কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ। ডিক্ষা ৵০, বাঁধাই ৷৹ মাত্র।

গৌড়ীয়-গৌরব

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট কলে গৌড়ীয় সম্পাদক শ্রীপাদ সুন্দরানন্দ পরিব্রাজকবিনোদ-প্রভুর বক্তৃতার বিশদ প্রকারে প্রকাশিত। ইহাতে গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ের ইতিহাস সুন্দরাকারে গ্রথিত হইয়াছে। ডিক্ষা ৵০ মাত্র।

গৌড়ীয় সাহিত্য

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট কলে গৌড়ীয়-সম্পাদক শ্রীপাদ সুন্দরানন্দ পরিব্রাজকবিনোদ-প্রভু প্রদত্ত বক্তৃতার বিশদ প্রকারে প্রকাশিত। ইহাতে সাহিত্য-পদের অর্থ এবং গৌড়ীয়-সাহিত্যের বিষয় সুন্দরকারে বর্ণিত হইয়াছে। ডিক্ষা ৵০ আনা মাত্র।

শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা-দর্পণ

শ্রীগৌড়দেশের যে সকল স্থানে সপার্ষদিক শ্রীমন্মহাপ্রভু ও তদনুগ পরমভক্ত মহাজনগণ লীলা করিয়া গিয়াছেন, সেই সব আধুনিক ভৌগোলিক পরিচয় ও দেবপ্রতিষ্ঠাদির পরিচয় সহ যাত্রীগণের সুবিধা নির্দ্দেশ ইত্যাদি বিষয়গুলি সন্নিবেশিত আছে। ডিক্ষা ৹ আনা।

THE HARMONIST
OR SHREE SAJJANATOSHANI

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রতিষ্ঠিত এবং শ্রীল ভক্তি সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ সম্পাদিত পারমার্থিক মাসিক পত্র। এক্ষণে ইংরাজী ভাষায় অষ্টাবিংশ বর্ষ ডবলক্রাউন ৮ পেজী ৪ ফর্ম্মা আকারে প্রতি মাসে ৫ নাম্বের বিচিত্র-বৈচিত্র্য লইয়া উপস্থিত হইতেছেন। কাগজ, মুদ্রণ-পারিপাট্য ও চিত্রাদি অতীব চিত্তাকর্ষক এই প্রকার উৎকৃষ্ট প্রবন্ধ আর কোন মাসিক পত্রাদিতে দেখিতে পাইবেন না। মাসিক ডিক্ষা ডাকমাশুলসহ ৩ টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর নদীয়া

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও আদর্শচরিত্র শিক্ষকগণ ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ভাড়ায় সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

বিস্তারিত বিবরণের জন্য নিম্নলিখিত ঠিকানায় পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

—৫১ বৎসরের প্রতিষ্ঠিত—

ঔষধালয়ের প্রস্তুত বটীকা

যাবা শুক্রতারল্য, স্বপ্নদোষ, কোষ্ঠকাঠিন্য, অর্শ, রক্তস্রাব প্রভৃতি গুপ্ত রোগীর রোগ নিরাময় হইয়াছে তাহা প্রকাশ করিলে বড় বড় পুস্তক হইয়া পড়ে।

ইহা

সকল ঋতুতে ব্যবহার চলে ও সমান ফল প্রদান করিয়া থাকে। প্রতি কৌটায় ৩০টী বটীকা থাকে।

কেবলমাত্র

প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা। ইহার নাম "আতঙ্কনিগ্রহ বটীকা"।

অন্যান্য ঔষধের তালিকার জন্য পত্র লিখিলেই পাইবেন

প্রাপ্তিস্থান :—আতঙ্কনিগ্রহ ঔষধালয়

২১৬ নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেঙ্গলীয় পাইল

সর্ব্ববিধ অপ্রের অব্যর্থ মহৌষধ

মফঃস্বলের সুবিধার জন্য ৩ আঃ শিশিতে ঘনীভূত অবস্থায় কোটোবোসের সমস্ত ঔষধ ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ২০ আনা, পাঁইট ৯/০ আনা, বোতল ১৵০ আনা।

অফিস—১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

ভাগবত প্রেস

খোরাক্কী ষ্ট্রীট

কৃষ্ণনগর

এখানের বিবাহের নিমন্ত্রণ-পত্র, প্রীতি-উপহার, কার্ড, গ্রন্থ এবং অন্যান্য যাবতীয় কার্য্য ছাপা হইয়া থাকে। ছাপার দর বাজার দর অপেক্ষা সুলভ। পরীক্ষা প্রার্থনীয়।

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস্, এন্, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈদ্যুতিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

৯৮ নং কটন ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈবপ্রাপ্ত যক্ষ্মার একমাত্র মহৌষধ

পত্রের নিম্নে সম্পূর্ণ আরোগ্য

রোগী দেখাইতে হইবে। অধিম পাঁচের মূল্য (বাহুল্য এবং আসার) পাঠাইলে বিনা রোগী দেখা হয় অথবা এখানে আসিলে রোগী দেখিয়া ঔষধ দেওয়া হয় আরোগ্য না হওয়া পর্য্যন্ত পারিশ্রমিক দিতে হইবে না। প্রতীন রোগীদের খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়। বিস্তারিত বিবরণের জন্য এক আনার ষ্ট্রাম্প দিলেই সব বিস্তারিত ঠিকানায় প্রেরণ করুন।

শ্রীকালীপদ উকীল, যক্ষ্মা-চিকিৎসক, পোঃ মৈকারী, খুলনা।

অথবা নিম্ন ঠিকানায় সাক্ষাৎ করিয়া বিস্তারিত জানিতে পারেন।

শ্রীযুক্ত রামগোপাল দত্ত এম্, এ, কৃষ্ণনগর, নদীয়া। শ্রীযুক্ত হরিপদ সিংহ, ১১৭, বেণিয়াটোলা ষ্ট্রীট, হাটখোলা, কলিকাতা।

একখানি পত্র! আমার স্ত্রীকুসুম গত ছয় মাস যাবৎ রাজ যক্ষ্মায় ভুগিয়া মৃতপ্রায় হইয়াছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাহার জীবনের আশা ত্যাগ করিয়া শেষ মুহূর্ত্তের জন্য অপেক্ষা করিতেছিলেন এই সময় শ্রীযুক্ত কালীপদ উকিল মহাশয় মাত্র ১০ দিন চিকিৎসা করিয়া সম্পূর্ণ আরোগ্য করিয়া দিয়াছেন। (সাঃ) প্রবীরেন্দ্র কিশোর রায় চৌধুরী (জমিদার পালিয়া) ৩নং ষ্ট্রীট, নিউ বিল্ডিং। কর্পোরেশন প্রেসিডেন্সি চিপা উমেন্ট, কলিকাতা।

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার—গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেন গ্রাহকগণ

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কসের

এত প্রশংসা করেন

—কারণ—

এখানে যাবতীয় ছাপার কার্য্য—

গ্রন্থাদির কার্য্যই বলুন,

বিবাহের নিমন্ত্রণ পত্র, কার্ড, বিবাহের পদটই বলুন,

আর ৩ নং ও ৪ নংএর হাফটোন ব্লকই বলুন, সকল কার্য্যই অ সত্বর ছাপা হয়, অথচ ছাপাইবার খরচ বাজার অপেক্ষা সুলভ।

আপনার কিছু ছাপার কার্য্য থাকিলে নিম্নঠিকানায় জানাইলেই পাইবেন।

ম্যানেজার—গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

২৪৫২ নং আপার সারকুলার রোড, কলিকাতা

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস হইতে—ভক্তিসুহৃদ এস্, এস্, এম্, কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

সন্তরণকারীকে ছোরা দেখাইয়া ২ শত টাকা গ্রহণ

জগদ্বিখ্যাত সন্তরণকারী শ্রীযুত পুষ্কর বাগচীর বাড়ীতে কিছুদিন পূর্ব্বে তিনজন গুণ্ডাপ্রকৃতির লোক প্রবেশ করিয়া ছোরা দেখাইয়া তাঁহার নিকট হইতে নাকি ২ শত টাকা আদায় করিয়া লইয়া চম্পট দেয়। ঘটনার বিবরণে প্রকাশ, সন্তরণকারী গৃহে উপবেশন করিবামাত্র উক্ত দুষ্কৃতগণ তাঁহার গৃহে প্রবেশ করতঃ হঠাৎ ছোরা বাহির করিয়া উক্ত টাকা দাবী করে এবং টাকা না দিলে তাঁহার উপর অত্যাচার করা হইবে বলিয়া ভয় প্রদর্শন করে। তিনি উপায়ান্তর না দেখিয়া টাকা দিতে বাধ্য হন। ঘটনাটি পরে ছোড়দীঘির পুলিসের ইন্সপেক্টর পি, এন, ঘোষাল মহাশয়কে জানাইলে ঘটনা সম্বন্ধে তদন্ত আরম্ভ হয়। তিনি কোনক্রমে সংবাদ পাইয়া মেছুয়াবাজার ষ্ট্রীটের কতিপয় সন্দেহজনকচরিত্রের লোকের উপর দৃষ্টি রাখেন। সেদিন রাত্রিতে ঐ অঞ্চলে একজন লোককে সন্দেহজনক ভাবে ঘুরিয়া বেড়াইতে দেখিয়া তাহাকে নানা প্রশ্ন করিয়া কোন সন্তোষজনক সদুত্তর না পাইয়া এবং তাহার পলায়নের চেষ্টা দেখে তাহাকে তাড়া করিয়া গ্রেপ্তার করেন। ধৃত ব্যক্তি বলিয়াছে যে, তাহার নাম ভূপাল সিং। আরও তদন্ত সাপেক্ষ; তাহাকে হাজতে রাখিবার আদেশ প্রদত্ত হইয়াছে।

পাটনায় আইন অমান্য আন্দোলনে উকীলের সাজা

গত আইনঅমান্য আন্দোলনের সময় ১৭ই আগষ্ট যে আইনী কাগজের সহিত সম্পর্কযুক্ত থাকায় পাটনার ধরণীধর, রামভজন সিংহ রামগোবিন্দ প্রসাদ, হরনন্দন দাস ও সরযুপ্রসাদ সিং নামক পাঁচজন উকীলকে ব্যবহারজীবী-আইন মতে কেন সনদচ্যুত করা হইবে না তাহার কারণ দর্শাইতে বলা হইয়াছিল। ১৩ই আগষ্ট হাইকোর্টের অস্থায়ী প্রধান বিচারপতি, বিচারপতি কুলবন্ত সহায় ওয়ট, রফল আলি ও কেমল সমবেত হইয়া ঐ বিষয়ের বিচার করিয়া রায় দিয়াছেন, যেহেতু রামগোবিন্দ প্রসাদকে বিচারালয় কর্ত্তৃক দণ্ডিত করা হইয়াছিল এবং তাঁহার প্রতি কোন কারণদর্শান হুকুম হয় নাই সেহেতু তাঁহাকে সাড়ে পাঁচশত টাকা জরিমানা করা হউক। ইযুত হরনন্দন, রামভজন সিং এবং হরনন্দন দাসকে সতর্ক করিয়া ছাড়িয়া দেওয়া হইয়াছে। শ্রীযুত পদ্ম প্রসাদকে দীর্ঘ অবকাশের পর আদালত পুনরায় না খোলা পর্য্যন্ত সময়োত্ত করা হইয়াছে।

নাথ আলি ইমাম, মিঃ সি আর, দাস ও বলদেব সহায় আসামীপক্ষে উপস্থিত ছিলেন। ১২ই আগষ্ট হইতে হাইকোর্টের দীর্ঘ অবকাশ আরম্ভ হবে।

কারামুক্ত কালা সাহেব

কালা সাহেব ওরফে শ্রীমান নরমন আচার্য্য সিউড়ীর জেল হইতে কারামুক্ত হইয়া গত রবি শনিবার সন্ধ্যায় আসিয়া পৌঁছিয়াছেন। তিনি বঙ্গীয় প্রাদেশিক কংগ্রেস কমিটীর কর্ম্মীগণ ও বহু গ্রামবাসী-সহ ষ্টেশনে অভ্যর্থিত হন ও শোভাযাত্রা সহকারে পৌঁছেন। তথায় এক জনসভা হয়।

মিঃ লয়েড কর্জ্জ সম্পূর্ণ সুস্থ হইয়াছেন

লণ্ডন হইতে প্রকাশ যে মিঃ লয়েড কর্জ্জ সম্পূর্ণরূপে সুস্থ হইয়াছেন। পরকালের মধ্যেই তাঁহাকে কার্য্যে যোগদান হইবে। তাঁহার স্বাস্থ্যসম্বন্ধে আর কোনও বুলেটিন প্রকাশ করা হবে না।

কানপুরে গ্রেপ্তার

১২ই আগষ্ট সকালে পুলিস বিপ্লবী নেতৃত্ব মাধব, গুপ্তীনাথ ব্যাপার প্রভৃতি বিপ্লবীদলের কয়েকটি ডাকাতির কাণ্ডের বিপ্লববাদীদের উদ্ধারে যাহা করেন। পরিণামে পুলিস ৭ জন লোককে গ্রেপ্তার করে। আরও কয়েকজনের গ্রেপ্তারের সম্ভাবনা আছে।

খুলনায় নৌকাডুবি

গত ১২ই আগষ্ট রাত্রিতে খুলনা কালীবাড়ীর নিকটে চারজন মাঝি ও ২ জন যাত্রীপূর্ণ একটী নৌকা ডুবিয়া গিয়াছিল। তন্মধ্যে একজন মাঝি ও ৭ জন যাত্রীকে উদ্ধার করা হইয়াছে। ৫ বৎসরের একটী বালক, বাহন মাঝীর একটী বালিকা এবং একজন বৃদ্ধ মাঝির কোন সন্ধান পাওয়া যায় নাই।

রেল তদন্ত কমিটীর বৈঠক

চট্টগ্রাম হইতে জানিতে পারা গিয়াছে যে, সার ৬ জন তথাকার সভাপতিত্বে যে তদন্ত কমিটী গঠিত হইয়াছে, মিষ্টার আনারুল আজিম সেই কমিটীর একমাত্র বাঙ্গালী সদস্য নিযুক্ত হইয়াছেন। উক্ত কমিটী এন, ডব্লিউ, রেলওয়ে, এ, বি, রেলওয়ে ও অন্যান্য রেল-সরকারী রেলওয়ে সমূহকে কিরূপে সরকারের অধীনে পরিচালনা করা সম্ভব হইতে পারে, তাহা তদন্ত করিয়া সরকারের নিকট রিপোর্ট দাখিল করিবে। গত ৭ই সেপ্টেম্বর তারিখে ঐ কমিটীর একটী অধিবেশন হইয়াছিল। আগামী ২৭শে আগষ্ট দিবসীয় উক্ত কমিটীর পরবর্ত্তী বৈঠক বসিবে।

সীমান্তে হাঙ্গামার জের

পেশোয়ার হইতে সংবাদে প্রকাশ যে, গত ১৩ই আগষ্ট রাত্রিতে ফ্রন্টিয়ার মেলযোগে সীমান্ত গান্ধী খান, আবদুল সমুদ খান বোম্বাই হইতে প্রত্যাবর্ত্তন করিতেছিলেন। গত ১১ই আগষ্ট মাকবলপুরা হাঙ্গামার আহতগণের অবস্থা পরিদর্শনের নিমিত্ত তিনি স্থানীয় হাসপাতালে গমন করিয়াছিলেন। অতঃপর তিনি ঘটনাস্থল পরিদর্শনের নিমিত্ত মাকবলপুরা গমন করিয়াছেন। সেখানে কতিপয় কয়েদী পাহারায় রহিয়াছে। মাকবলপুরা হাঙ্গামা সম্পর্কে এ পর্য্যন্ত ৬৪জনকে গ্রেপ্তার করা হইয়াছে। আরও গ্রেপ্তার করা হইবে বলিয়া প্রকাশ।

আসামীর কৃপাণের আঘাতে দারোগা জখম

অমৃতসর হইতে প্রকাশ যে, সর্দ্দার সিং ভারতীয় দণ্ডবিধি আইনের ৩০৭ ধারানুসারে আনীত এক মামলার পলাতক আসামী। সাহরাকির অধীন খারিরান গ্রাম হইতে স্থানীয় পুলিস ১২ই আগষ্ট তাহাকে গ্রেপ্তার করিয়া আনয়ন করিয়াছে। সে এক পিস্তলের গুলিতে আহত হয়, পরে স্বরক্ষিত কৃপাণের দ্বারা এক দারোগাকে আহত করিয়া সে ঐ আঘাতের প্রতিশোধ গ্রহণ করে। একণে সর্দ্দার সিং পুলিসের হেফাজতে একটি সিভিল হাসপাতালে অবস্থান করিতেছে।

পতাকা উৎসবে সর্দ্দারজীর উক্তি

বোম্বাই হইতে প্রকাশ যে সর্দ্দার বল্লভভাই প্যাটেল ১৩ই আগষ্ট প্রাতে যাওবী ওয়ার্ডে জাতীয় পতাকা অভিবাদন উৎসবে সভাপতিত্ব করেন। এই উপলক্ষে নূতন জাতীয় পতাকা উত্তোলিত হয়। সর্দ্দারজী সমাগত লোকদিগকে সাম্রাজ্যের ও শান্তির সময় পতাকার সম্মান রক্ষা করিতে বলেন।

তিনি আরও বলেন, আমরা এখনও শেষে পৌঁছাই নাই, সাম্রাজ্যের ইহা আরম্ভ মাত্র।

কোলাবায় পুলিসের গুলী

আহেরাণি হইতে সংবাদে প্রকাশ যে সরকারী আবগারী বিভাগের কয়েকজন লোক ঐ গ্রামের অধিবাসীগণ কর্ত্তৃক প্রহৃত হইয়াছিল। আবগারী বিভাগের লোকেরা যে আইনী মদ চোলাই ধরিবার অভিপ্রায়ে একস্থানে আক্রমণ চালাইতেছিল। আবগারীর লোকেরা আত্মরক্ষার্থ গুলী করিতে আরম্ভ করে।

একজন গ্রামবাসী নিহত হইয়াছে ও একজন আবগারীর লোক আহত হইয়াছে।

তাগরামের ১৯ দিন অনশন

লাহোর ষড়যন্ত্র মামলার আসামীদের হাঙ্গামা চলিতেছে। তাহাদের মধ্যে আসামী তাগরাম গত ১৯ দিন যাবৎ অনশনে রহিয়াছে। ১৩ই আগষ্ট সকালে নাকি তাহাকে বলপূর্ব্বক খাওয়ান হইয়াছে এবং তাহার অবস্থা বর্ত্তমান নিতান্ত খারাপ হইয়া পড়িয়াছে বলিয়া অনুমান হইতেছে।

বোরষ্টাল জেলে ইসহাক্ খাঁ নামক জনৈক রাজবন্দী আবদ্ধ আছে। এই বন্দীও নাকি পঞ্জাব ষড়যন্ত্র মামলার আসামীদের প্রতি সহানুভূতিপ্রযুক্ত গত ১২ই আগষ্ট হইতে অনশনে রহিয়াছে।

বৃটিশ জনসাধারণের উদ্দেশ্যে গান্ধীজীর বিবৃতি

বোম্বাই হইতে প্রকাশ যে লণ্ডনের সংবাদপত্র নিউজ ক্রনিকেলের প্রতিনিধি গান্ধীজীকে গোলটেবিল বৈঠকে যোগদান করিতে না যাওয়ার কারণ বুঝাইয়া দিতে অনুরোধ করেন, উত্তরে গান্ধীজী এক সুদীর্ঘ টেলিগ্রামে বৃটিশ জনসাধারণকে তাঁহার কথা বুঝাইয়া দিয়াছেন। গত ১৩ই আগষ্ট কংগ্রেসের ওয়ার্কিং কমিটী যেরূপ যুক্তি দেখাইয়া বিবৃতি প্রদান করিয়াছিলেন, গান্ধীজী সেইরূপই বলিয়াছেন। তিনি তারে কেবল বেশীর ভাগ এই জানাইয়াছেন যে, তাঁহার এই সিদ্ধান্তে লর্ড আরউইন যে দুঃখিত হইবেন, এ জন্য তিনি ব্যথিত। তবে তিনি আশ্বাস দিয়েছেন, তাঁহার অনুবিধা দূরীভূত হইবামাত্র তিনি লণ্ডন অভিমুখে যাইবেন।

টেলি— "শ্রীগ্রাম" লক্ষ্মীপুর

Reg No C.1544

নদীয়া

সাধারণ হার
অগ্রিম দেয়
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৪৲
ত্রৈমাসিক ২৷৷৹
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ১৫

ভারতের সর্ব্বত্র সহজে প্রচারে—নদীয়া কেলাকি এক মাত্র মুখপত্র

৬ষ্ঠ খণ্ড] সম্পাদক—শ্রীঅতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [১৪২ তমসংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—১লা ভাদ্র মঙ্গলবার, ১৩৩৮, ১৮ই আগষ্ট ১৯৩১

বাবাজীর বিরুদ্ধে মামলা

ট্রেণ পথচ্যুত হওয়ায় একজন জখম

রেল ষ্টেশনে গুলীর জের

সাইকেলে কলিকাতা হইতে বারাণসী

মহেশপুরে ডাকাতি

বড়বাজার সশস্ত্র ডাকাতির জের

জলে আকস্মিক দুর্ঘটনা

রেঙ্গুণে আবার বিদ্রোহীর উপদ্রব

অর্ডিনান্সের প্রকোপ

ভাইসরয়ের নিকট তার

নানা কথা

বাবাজীর বিরুদ্ধে মামলা

চুয়াডাঙ্গা হইতে প্রকাশ যে, ডেপুটী ম্যাজিষ্ট্রেট মিষ্টার এ, কে, সিংহের এজলাসে মহাবীর দাস নামক এক বাবাজীর বিরুদ্ধে একটি চিত্তাকর্ষক মামলার শুনানী চলিতেছে। সে স্থানীয় মাড়োয়ারী মন্দিরে বাস করে এবং কিছুদিন যাবৎ ঐ মন্দিরপ্রাঙ্গণে সে 'সুধা-সঞ্জীবনী' বিক্রয় করিতেছে। কারণাধীন দারোগা শ্রীযুক্ত মহীন্দ্রমোহন চক্র সোপর্দ্দ সংবাদ পাইয়া উক্ত ঔষধ পরীক্ষা করিবার জন্য সহরের কয়েকটি লোকের সাহায্যে উহা ক্রয় করেন। পরে একদিন তিনি ঐ মন্দিরে উপস্থিত হইয়া প্রায় ৫ মণ ওজনের তরল পদার্থ ও কয়েকখানি বন্ধকাদি হস্তগত করেন। বাবাজীর পক্ষ হইতে আদালতে জানান হয় যে, তিনি একজন পুরোহিত এবং প্রকৃত কবিরাজ, সুতরাং তাঁহার উপরোক্ত ঔষধ প্রস্তুত করিবার অধিকার আছে এবং উহার ওজন তাহার নিকট বিশেষ অনুমতিও লওয়া আছে। মামলা চলিতেছে। শ্রীযুক্ত সুরেশচন্দ্র চৌধুরী ফরিয়াদী পক্ষে ও শ্রীযুক্ত বৈদ্যনাথ মুখোপাধ্যায় ও কয়েকজন স্থানীয় মোক্তার আসামীগণের মামলা পরিচালনা করেন।

সাইকেলে কলিকাতা হইতে বারাণসী

২৪ পরগণা জেলার বসিরহাট থানার অন্তর্গত বুড়ুল বালিকা-বিদ্যামন্দিরের প্রধান শিক্ষক শ্রীযুক্ত বিশ্বরঞ্জন রায়, বুড়ুল উচ্চ প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্রীযুক্ত উমাশঙ্কর নন্দী, মাস, শ্রীরঞ্জন-বিদ্যাপীঠের শিক্ষক শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ ঘোষ এবং টাকায় শ্রীযুক্ত শশধর ঘোষ মহাশয়গণ সাইকেলে কলিকাতা হইতে কাশী যাত্রা করিয়াছেন। আবহাওয়া ভাল থাকিলে তাঁহারা আগামী অগ্রহায়ণ হইবেন।

রেল-ষ্টেশনে গুলীর জের

কুষ্টিয়া হইতে প্রকাশ যে, গত ... জুলাই রাত্রিকালে কুমারখালি রেলওয়ে ষ্টেশনে যে গুলীর জলে ডাকপিয়ন আবদুল জলিল মোল্লা আহত হইয়া হাসপাতালে নীত হইয়াছিল, সেই সিপাহী আরোগ্য লাভ করিয়া হাসপাতাল হইতে চলিয়া আসিয়াছে।

ট্রেণ পথচ্যুত হওয়ায় একজন জখম

বোম্বাই হইতে প্রকাশ যে, গত ... আগষ্ট প্রাতে ৯টা ৪৫ মিনিটের সময় ১৯নং ডাউন নাগপুর এক্সপ্রেস যে সময় বোরিবাঁও ষ্টেশনে প্রবেশ করিতেছিল, সেই সময় সকল যাত্রী, গাড়ী ও এঞ্জিনের পশ্চাতের কয়েকখানি গাড়ী খানি পথচ্যুত হইয়া পড়ে। একজন যাত্রী অল্প জখম হইয়াছে। ডাউন মেন লাইন বন্ধ হইয়া গিয়াছিল। বোরিবাঁও ও আকাশের মধ্যে একটী রেলপথ দিয়াই ট্রেণ চলাচল করে।

বর্শার আঘাতে ব্রাহ্মণ হত

রাজবেড়িয়া হইতে প্রকাশ যে, মিলন্তর আমনিসাদী শ্রীযুত ভগবান ভট্টাচার্য্য গত ১২ই আগষ্ট রাত্রে আম রাস্তে হরমণি নৌ কাহারণ সমক্ষে এক বর্শার আঘাত প্রাপ্ত হন। বর্শাটী তাহার উরুর পেশ করিয়া চলিয়া যায়; চিকিৎসার সাথ তাঁহাকে ব্রাহ্মণবেড়িয়া আনা হয়, কিন্তু আঘাতে তথায় তাঁহার মৃত্যু হয়। তাঁহার মৃত্যুজবানবন্দী গ্রহণ করা হইয়াছে।

উদ্যান সম্মিলনে গ্রেপ্তার

গত ১৫ই আগষ্ট সন্ধ্যাকালে ঢাকার নবাবের যে সাহজাদা নামক বাগানে বাঙ্গালার গভর্ণরের সংবর্দ্ধনার্থ প্রীতি-সম্মিলন হইতেছিল, তাহার ফটকে একজন যুবককে সন্দেহক্রমে গ্রেপ্তার করা হইয়াছে। তাহাকে তথায় পুনিয়া দেখাইতে বলা হয়, পুলিস তাহাকে যাইতে বলিলে সে রাজি হয় নাই।

শ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার পরিব্রাজকগণ

পরিব্রাজকগণের নাম	বর্ত্তমান ঠিকানা	পরিব্রাজকগণের নাম	বর্ত্তমান ঠিকানা
১। শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ	কলিকাতা	৮। শ্রীভক্তিপ্রসূন পুরী	কটক
২। শ্রীভক্তিবিবেক ভারতী	কলিকাতা	৯। শ্রীভক্তিস্বরূপ পর্ব্বত	মধুরভঞ্জ
৩। শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম	শ্রীমায়াপুর	১০। শ্রীভক্তিবিলাস গভস্তিনেমি	কলিকাতা
৪। শ্রীভক্তিপ্রকাশ অরণ্য	কলিকাতা	১১। শ্রীভক্তিরঞ্জন ভক্তিসার	মাদ্রাজ
৫। শ্রীভক্তিহৃদয় বন	কলিকাতা	১২। শ্রীভক্তিরক্ষক শ্রীধর	মাদ্রাজ
৬। শ্রীভক্তিসর্ব্বস্ব গিরি	অমৃতসর	১৩। শ্রীভক্তিভূদেব শ্রৌতী	শ্রীমায়াপুর
৭। শ্রীভক্তিবৈভব সাগর	ব্রাহ্মণপাড়া	১৪। শ্রীভক্তিপ্রসূন বোধায়ন	বালেশ্বর

শুদ্ধভক্তিমঠসমূহ

চৈতন্য মঠ

আকর মঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীধাম মায়াপুর, নদীয়া

এই মঠরাজে পারমার্থিক দৈনিকপত্র, সাতশত সম্প্রদায়ের অপ্রকাশিত ও দুষ্প্রাপ্য প্রাচীন গ্রন্থরাজি প্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় প্রতিষ্ঠিত রহিয়াছেন এবং নিত্য প্রতিবৎসর শ্রীধাম-পরিক্রমানুষ্ঠান ও অপ্রকট শ্রীগৌরাঙ্গ প্রচারমুখে মহামহোৎসবাদি শুভকার্য্য অনুষ্ঠিত হইয়া থাকে। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপাদ নরহরিজী। সহকারী—ব্রহ্মচারী পণ্ডিত শ্রীপাদ গৌরদাস কাব্যব্যাকরণতীর্থ, শ্রীসতীশ, শ্রীপাদ গৌরচন্দ্র, শ্রীপাদ নন্দগোপাল, শ্রীদীনদয়ালনাথ, শ্রীঅমলদাস, শ্রীমদনগোপাল, শ্রীবৃন্দ দাসাধিকারী এক নরেন্দ্র, ভক্তিপদ, রেবতীরোহণ প্রভৃতি।

(৩) যোগপীঠ শ্রীমন্দির

রক্ষক—লোকনাথদাস গোস্বামী ভট্টাচার্য্য প্রভু শ্রীরমানাথ। সহকারী শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী, শ্রীরাধাবিনোদ ভক্তিকুসুম, শ্রীরাধাদাস ব্রহ্মচারী। শ্রীসাধন দাস অধিকারী, সেবপত্তা শ্রীদীননাথ।

(৪) শ্রীবাস-অঙ্গন

রক্ষক—শ্রীপ্রকাশকুসুম ব্রহ্মচারী।

(৫) অদ্বৈত-ভবন

রক্ষক—শ্রীকৃষ্ণানন্দচন্দ্র ভট্ট চার্য্য, শ্রীগোকুলদাস বাবাজী।

(৬) কাজীর সমাধিস্থল

প্রাচীন মায়াপুর, বামনপুকুর (নদীয়া)

রক্ষক—ব্রহ্মচারী শ্রীবিনোদবিহারী।

(৭) আনন্দ সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, স্বরূপগঞ্জ (নদীয়া)

রক্ষক—ভক্তিকুসুম ডাক্তার ব্রহ্মচারী, কুঞ্জরাজিজী এম, এম, এস।

(৮) শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

ময়মনসিংহ।

রক্ষক—শ্রীহরিপদ ভক্তিশাস্ত্রী এম, এ, বি, এল, সহকারী—শ্রীউদ্ধবদাস অধিকারী, শ্রীউজ্জ্বল অধিকারী প্রভৃতি।

(৯) শ্রীগৌর-গদাধর-মঠ

বিদ্যা—ভাগবতাদি। শ্রীমদ্ভাগবত শ্রীকৃষ্ণের শাব্দিক অবতাররূপে শ্রীগ্রন্থবিগ্রহ। সুতরাং শ্রীকৃষ্ণ হইতে অভিন্ন। শ্রীচৈতন্য মঠাশ্রিত জনগণ এই গ্রন্থরত্নটী শ্রীভগবানের নিত্য উপাসক। পরবিদ্যাপীঠ ও ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউটের মূল উদ্দেশ্য—ভাগবত জীবন লাভ করিয়া গ্রন্থ-ভাগবত আলোচনার কৃষ্ণারাধনা। কর্ম্মীর বিদ্যাশিক্ষণ অবিদ্যাবিজৃম্ভিত, আত্মেন্দ্রিয়-তর্পণমূলে স্বার্থপরতাময় পুঞ্জিপতিযুক্ত। জ্ঞানীর নির্ভেদ-ব্রহ্মানুসন্ধানমূলে যে জ্ঞানালোচনা, তাহার পরিণাম চেতনের বিলোপসাধন বাতীত আর কিছুই নহে। "জ্ঞানী জীবন্মুক্ত দশা পাইনু করি' মানে। বস্তুতঃ বুদ্ধি শুদ্ধ নহে, কৃষ্ণভক্তি বিনে।" সুতরাং কর্ম্ম ও জ্ঞান মায়াধীন দেহমনের ভোগ বা ত্যাগ-প্রবৃত্তি। ত্রিবর্গসাধনমূলে কর্ম্মীর প্রাপ্য—ইহামুত্র ভোগসুখ। শমদমাদি কৃচ্ছ্রসাধনমূলে জ্ঞানীর প্রাপ্য—ব্রহ্মসাযুজ্যরূপ আত্মবিনাশ। কর্ম্মী প্রকাণ্ড ভোগী, জ্ঞানী প্রচ্ছন্নভোগী হইয়া আত্মঘাতী। সুতরাং কর্ম্মী ও জ্ঞানী বিমুখ-মোহিনী মহামায়ার ক্রীড়াপুত্তলী। কিন্তু শ্রীচৈতন্য-মঠাশ্রিতগণ মায়াসংহারী কৃষ্ণের সেবোন্মুখ। সেবা-ভূমিকায় মুমুক্ষুত্বেরও আনুগত্যে জ্ঞানিনী—সচ্চিদানন্দবিগ্রহ শ্রীযুগলদেবের নিত্যসেবক। এই চিল্লীলা বিশ্বাশ্রিত শ্রীচৈতন্যের লীলাভূমিতে অচৈতন্য-সেবী কর্ম্মী বা জ্ঞানীর প্রাপ্য মুক্তি বা মুক্তিরূপ মদমুক্ত ভোগের আকাঙ্ক্ষা নাই। আছে কেবল নিরবচ্ছিন্ন বিমল প্রেমানন্দ—আছে কেবল ব্রজনবযুবদ্বন্দ্বের নিত্য নব নবায়মান সেবামৃতরসোৎস।

যৎকিঞ্চিৎ

(পূর্ব্বপ্রকাশিত ১৪৩ সংখ্যার পর)

যেমন—"বাংলা মায়ের জামাই ভেতো ধানের চাষ খুবই ভালবর; ধানের সোনার 'শীষে'র উপর দিয়া যখন বাতাস বহিয়া যায়— তখন মাঠের সবুজ মখমল ও ধানের সোনালী আভা মিশিয়া যেন এক স্বপ্নলোকের সৃষ্টি করে। এখন পাটের দর মন্দা পড়াতে, চাষকের অবস্থা খুবই খারাপ হইয়াছে; পাটের ব্যবসায়ে এখন আর লাভ নাই, কতক দিবস কিন্তু খুবই লাভ হইয়াছিল; চট্টগ্রামে লঙ্কাবিচির 'কারবার ভাল চলে। মুর্শিদাবাদের খাগ্‌ড়ায় বিক্রি ভাল কাঁসার বাসন বৈজ্ঞার্থ হইয়া নানা দেশে চালান যায়, ঢাকার 'ডেমরা' অঞ্চলে এখনও সুক্ষ্মবস্ত্রের কারবার আছে" ইত্যাদি ইত্যাদি কথা হইতেছিল। ইতোমধ্যে আবার জাতির কথাও উঠিল; বঙ্গদেশে ক্ষত্রিয় বড় দেখা যায়না, মনে হয়। কিন্তু ব্রাহ্মণ, বৈদ্য, শূদ্র, এই তিন বর্ণেরই আধিপত্য। এইরূপ নানা আলোচনার মধ্যে বালকেরা যেকথাটী "সারকথা" বলিয়াছিল, তাহা আজ পর্য্যন্তও ভুলি নাই। বালক দুটীর একটীর নাম অমল ও অপরটীর নাম সুনির্ম্মল। সুনির্ম্মল বলিল,—"ভাই অমল, ব্যবসায়ের কথা আর যা'ই বল, এখন কোন ব্যবসায়েই তেমন লাভ নাই বলিয়া শুনতি; আমাদের স্কুলে সেদিন ..... বাবু বক্তৃতাচ্ছলে ব্যবসায়ের লাভ লোকসানের কথা অনেক বললেন। আমি কিন্তু খুব সোজা কতকগুলি ব্যবসা লক্ষ্য ক'রেছি। আমাদের এ'দেশে ও এগুলির খুবই প্রচলন; তবে যে 'বাংলার ভূগোলে' কেন লিখেনি তাই ভাবছি। ইতিহাসে এত কথা রয়েছে, কই ইতিহাসেও তো এসব লেখে নাই। আমি যখন এম, এ, পাশ ক'রে মেজদার মত বড় প্রফেসর হব, তখন অবিশ্যি বঙ্গদেশের একটা ভূগোল লিখে তা'তে এই সহজ ব্যবসাগুলির কথা উল্লেখ করবো, তা' হ'লে জানবার মত কথাগুলি জেনে অনেকের লাভ হবে।" অমল—"আরে তুই যে কেবল বাজেই বকছিস—বলই না শুনি, সেই সোজা কারবারের কথাটা;"

সুনির্ম্মল—আচ্ছা, তোর বুদ্ধি সম্বন্ধে ত' বেশ সার্টিফিকেট আছে, তুই চিন্তা ক'রে বের্ কর্ দেখি—সে'টা কি বিষয়। লোকে ত খাঁ'য় ও উত্তর দেয়।" অমল—"আমার ত' তেমন কোন কিছু মনে আসছে না, তবে আখ্‌ড়ার 'বৈরাগী' গুলি ও আশ্রম ইত্যাদির 'বাবা ঠাকুর' 'মা ঠাকুরাণী' গুলির কথা মনে পড়ছে। তা'দের প্রতি লোকের যেরকম ভক্তি দেখ্‌তে পাই! তাদের বুদ্ধির যেরকম বহর!"

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীমন্মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস প্রণীত মূল, শ্রীমন্মধ্বাচার্য্য-কৃতা তাৎপর্য্য-নির্ণয়টীকা, শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-কৃত সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, সংস্কৃত অন্বয় ও প্রতিপদ, তথ্য ও বিষয়সূচীযুক্ত। প্রতি স্কন্ধের আদিতে সেই স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ অধ্যায়ের সারসহ সুবিস্তৃত তাৎপর্য্যাদি বিবৃত। শ্লোকসূচী বিষয়সূচী, অধ্যায়বিবরণ, পাত্র ও স্থানসূচীসহ উত্তম কাগজে উত্তম অক্ষরে মুদ্রিত। প্রথম স্কন্ধ হইতে ১০ম স্কন্ধ সমগ্র ছাঁপা সুশৃঙ্খলে শেষ হইয়াছে। ভিক্ষা প্রথম স্কন্ধ হইতে ৯ম স্কন্ধ পর্য্যন্ত ২১৸০; দশম স্কন্ধ ১২৲; সমগ্র ৯০৲।

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীমদ্রাধাকৃষ্ণ গোস্বামিঠাকুর-রচিত 'অমৃতপ্রবাহভাষ্য' ও শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত অনুভাষ্যে শ্রুতি-স্মৃত্যাদি বহু শাস্ত্রপ্রমাণ-সম্বলিত হইয়া প্রকাশিত হইতেছেন। শ্লোকের সারয়ব্যাখ্যা, বঙ্গানুবাদও প্রত্যেক পয়ারের পূর্ব্বে সংক্ষিপ্ত অন্বিতের সংযোজিত। প্রত্যেক অধ্যায়-প্রারম্ভে কথাসার দেওয়া আছে। শ্লোক, পয়ার, পদ, স্থান, পাত্র প্রভৃতির সুবৃহৎ সূচী ও গ্রন্থকারের সংক্ষিপ্ত জীবনী সমন্বিত এইরূপ অনুপম সংস্করণ ইতঃপূর্ব্বে কোনও প্রকাশিত হয় নাই। উত্তম কাগজে পারিপাট্যের সহিত মূল দুইস্তম্ভে মুদ্রিত হইয়াছে। গ্রন্থ প্রায় ৫০০ পৃষ্ঠায় সম্পূর্ণ ভিক্ষা বর্ত্তমানে ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত গৌড়ীয় ভাষা, পদসূচী, পয়ারসূচী, বিষয়-স্থান-পাত্রাদি-সূচী, প্রভৃতি বিবিধ বিষয়-সম্বলিত বিরাট দ্বিতীয় সংস্করণ রয়েল ক্রাউন ৮ পেজী আকার। আদিলীলা ও মধ্যের কতকাংশ প্রকাশিত হইয়াছেন। ক্রমে ক্রমে প্রকাশিত হইতেছেন। অগ্রিম ভিক্ষা ৫৲ টাকা, আদি লীলার ভিক্ষা ৫৲।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের এরূপ অভিনব সুন্দর সংস্করণ আর কুত্রাপি প্রকাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকাংশের অন্বয়, বঙ্গানুবাদ, ভাষ্য, কথাসার, তথ্য প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। মূল মোটা অক্ষরে রয়েল ক্রাউন আটপেজী বৃহদাকারে ছাপা হইয়াছে। মূল্য ২৷০ টাকা। নদীয়া প্রকাশ ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১৷০ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

—শ্রীগৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি ওঁ শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিঠাকুর গোস্বামিকৃতা সারার্থবর্ষিণী টীকাসমেতা ও শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'রসিক-রঞ্জন' নামক ভাষ্যভাষ্যসহিতা। অধ্যায়সূচী, মাতৃকাক্রমে শ্লোক-সূচী, বিষয়-সূচী, গ্রন্থকারের জীবনী ও অন্বয়ক্রমাদি ও-ভাষ্যব্যবিবরণ-সহ উৎকৃষ্ট বাঁধাই তৃতীয় সংস্করণ—এই গ্রন্থ সংস্করণের ভিক্ষা ২৲ টাকা মাত্র, সাধারণ সংস্করণ—১৷০ পূজা মাত্র

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের সেই অবিদ্যা-বিধ্বংসিনী জীবাত্মস্বরূপোদ্বোধিনী কৃষ্ণ-কার্ষ্ণানন্দদায়িনী জীবন্মুক্ত-বাণীর মুক্ত-বিগ্রহ—বৈষ্ণবসিদ্ধান্ত-রত্নমালার কৌস্তুভমণি—সম্প্রদায় বৈভববিজ্ঞানাগারের মৌলিক তথ্য—পঞ্চরাত্র ও ভাগবতের সমন্বয় গুরু—মহাজন-জীবনচরিত-শিক্ষক—চিন্তিলাসচিন্মাত্র-অচিন্মাত্র-বিচারক—ঐশ্বর্য্য ও মাধুর্য্যরসের মৌলিক গবেষণার —সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন-তত্ত্বের সিদ্ধান্ত-সমূহ।

১। **প্রথম খণ্ড**—বৈষ্ণবদর্শন, শ্রীগুরুতত্ত্ব, ভাল-ধর্ম্ম, শ্রীমন্মাবির্ভাব, শ্রীবার্ষভানবী, পাঞ্চরাত্রিকী দীক্ষা ও বর্ণ-বিচার, আত্মধর্ম্ম ও মনোধর্ম্ম, শ্রীচৈতন্যদেব ও তাঁহার শিক্ষা, অপ্রাকৃত সহজধর্ম্ম ও প্রাকৃত সহজধর্ম্ম, প্রভৃতি বিংশতি সংখ্যক রত্নে সুশোভিত। ভিক্ষা মাত্র ৸০ বার আনা।

২। **দ্বিতীয় খণ্ড**—শুদ্ধা ও বিদ্ধা ভক্তি, মনুষ্যের শ্রেষ্ঠতা কোথায়, আত্মার নিত্যবৃত্তি, শ্রীগুরু স্বামিপাদ ও মায়াবাদ, শ্রীগৌর-নিত্যানন্দপ্রসঙ্গ, ত্রিগুণের ধর্ম্ম ও কৃষ্ণ-কীর্ত্তন, শ্রীব্যাসপূজায় শ্রীমদ্ভাগবতের কীর্ত্তন, শ্রীগৌর-ধামের মহিমা, মহাপ্রসাদ, শ্রীগোবিন্দ, শ্রীরূপানুগভজন-পথ, শ্রীমতী বৃষভানুনন্দিনী, শ্রীচৈতন্যের দয়া, গৌরকরুণা ও কৃষ্ণসঙ্কীর্ত্তন—চতুষ্টয় অপূর্ব্ব-মধুরিমাপূর্ণ-বক্তৃতা-বিভূষিত। ভিক্ষা ১৲ এক টাকা মাত্র।

৩। **তৃতীয় খণ্ড**—লোকপ্রিয়তা ও সত্যপ্রিয়তা শ্রীবলদেব-প্রসঙ্গ, শ্রীকৃষ্ণাবির্ভাব, বৈষ্ণব, শ্রীসীতাদেবীর আবির্ভাব-প্রসঙ্গ, শ্রীমদ্ভাগবতের সত্য, শ্রীব্যাসপূজায় শ্রীমদ্ভাগবতের পুনরাবৃত্তি, শ্রীনামসংকীর্ত্তন ও হরিসেবার নিত্যতা —এই নয়টী সুদার্শনিক বক্তৃতাসম্বলিত। ভিক্ষা ৸০ মাত্র।

শ্রীমদ্ভগবদ্গীতা

গৌড়ীয়-বৈষ্ণবদার্শনিক-শেখর শ্রীশ্রীমদ্বলদেব বিদ্যা-ভূষণকৃত ভাষ্য ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরেরপ্রণীত বঙ্গ-ভাষায় বিবৃত 'বিষদ্রঞ্জন' নামক ভাষ্যদ্বয়। অধ্যায়-সূচী, বিষয়সূচী, ও প্রতি শ্লোকের প্রথম ও তৃতীয় পাদ সূচী, ভাষ্যকারের জীবনী প্রভৃতি সম্বলিত। উৎকৃষ্ট বাঁধাই, রাজসংস্করণ (তৃতীয় সংস্করণ) গ্রন্থের ভিক্ষা ২৲ টাকা।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

(প্রমাণখণ্ড) সানুবাদ। শ্রুতি-স্মৃত্যাদি গ্রন্থে শ্রীনবদ্বীপের যে মহিমা কীর্ত্তিত আছে, তাহার মূল সংস্কৃত ও অনুবাদ। ভিক্ষা ৵০ আনা।

শ্রীশ্রীনবদ্বীপভাবতরঙ্গ

শ্রীঠাকুর ভক্তিবিনোদ বিরচিত। সুললিত গীতাকারে পরিক্রমার দ্রষ্টব্যাদি-বিষয়ক। ভিক্ষা ।০ আনা।

ভক্তিরত্নাকর ও নবদ্বীপ পরিক্রমা

শ্রীল নরহরি চক্রবর্ত্তি-ঠাকুর রচিত। ভক্তিরত্নাকর হইতে পরিক্রমাংশ মাত্র গৃহীত। শ্রীজীব গোস্বামি কি প্রকারে শ্রীনবদ্বীপধামের পরিক্রমা করিয়াছিলেন, তাহাই পদ্যে বিবৃত। ভিক্ষা ৸০ আনা

শ্রীচৈতন্যশিক্ষামৃত

শ্রী ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। শ্রীচৈতন্যদেবের শিক্ষা-প্রণালী—কৃষ্ণ, কৃষ্ণশক্তি ও রস—বদ্ধ ও মুক্ত জীব অচিন্ত্য-ভেদাভেদ-তত্ত্ব—সাধন-নির্ণয়—প্রয়োজন-তত্ত্ব, কাল, আশ্রমাদির বিচার—বৈধী ভক্তি, ভাবভক্তি প্রেমভক্তিসহ নামভজন-প্রণালী ও অষ্টকালীয় লী পরিচয়াদি প্রথম শিক্ষার্থীর উপযোগী করিয়া সরল ভা সমুদয় যুক্তিপ্রমাণসহ লিখিত আছে। চতুর্থ সংস্করণ ২৲ টাকা, আবাধা ১৸০ টাকা মাত্র।

গৌড়ীয়কণ্ঠহার

শ্রীগৌড়ীয়-বৈষ্ণবগণের অনুক্ষণ কণ্ঠে ধারণযো শ্রুতি-স্মৃতি-পুরাণ-পঞ্চরাত্রাদি সাত্বত-শাস্ত্রসমূহের প্রমাণা বিষয়বিভাগক্রমে সানুবাদ গুম্ফিত। এইরূপ বৈষ্ণ সিদ্ধান্তের সারময় অন্য কুত্রাপি প্রকাশিত হয় না ইহাতে গুরুতত্ত্ব—ভাগবত—বৈষ্ণব—গৌর—নিত্যানন্দ অদ্বৈত—কৃষ্ণ—শক্তি—ভগবত্তত্ত্ব—জীব—অচিন্ত্যভেদাভে —অভিধেয়—সাধনভক্তি—বর্ণধর্ম্ম—আশ্রম-ধর্ম্ম—শুদ্ধভ —শ্রীনাম—প্রয়োজন ও প্রমাণ-তত্ত্বগুলি পৃথক্ অধ্যা সুবৃহৎ শ্লোকাদি সূচীসহ উৎকৃষ্ট এন্টিক কাগজে ডে ক্রাউন কাপিতে মুদ্রিত, উৎকৃষ্ট বাঁধা সোনার জলে নাম লেখ গ্রন্থ প্রায় ৪০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা ২৲ টাকা মাত্র।

শ্রীনবদ্বীপধাম-প্রদক্ষিণী

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত 'ধামমাহাত্ম্য—শ্র মাহাত্ম্যের সানুবাদ প্রমাণ খণ্ড—শ্রীল নরহরি চক্রব ঠাকুরের ধাম-পরিক্রমাংশ—শ্রীধাম নবদ্বীপ পরিক্রমা—ট যাত্রা পদ্ধতি—শ্রীমৎ প্রবোধানন্দকৃত নবদ্বীপশতক শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ প্রভৃ গ্রন্থ একত্র ভিক্ষা ৸০ আনা মাত্র।

শ্রীহরিনামামৃত ব্যাকরণ

শ্রীজীব গোস্বামী প্রভুপাদ-বিরচিত সূত্র ও বৃ তৎসঙ্গে ওঁবিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্ব মহারাজের বিস্তৃত ভূমিকা ও সূচী প্রভৃতি স অপ্রত্যাশিতভাবে সুলভ। ভিক্ষা ২৲ টাকা, ছাত্রগ পক্ষে ১৷০ টাকা মাত্র।

বেদান্তসূত্রসার

শ্রীমদ্রামানুজাচার্য্য-রচিত। বেদান্তের বিশিষ্টাদ্বৈতবা প্রচারক শ্রীভাষ্য-প্রণেতা আচার্য্যপ্রবর বেদান্তদর্শন পা উপযোগী করণার্থ এই উত্তম করিয়াছেন। ইহা বঙ্গানুবাদ ও সূচীপত্রাদি সংযোজিত করা হইয়াছে নাম মাত্র ভিক্ষা ৸০ আনা।

শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও নবদ্বীপশতক

গৌরপার্ষদ ত্রিদণ্ডী শ্রীমৎ প্রবোধানন্দ সরস্বতী-প্রণী মূল, প্রভুপাদ শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহার সম্পাদিত অন্বয়মুখে ব্যাখ্যা ও বঙ্গানুবাদ সম্বলি নবদ্বীপশতকের শ্রীভক্তিবিনোদ ঠাকুরের পদ্যানুবাদ উৎসব শ্রীমন্মহাপ্রভুর একটী ত্রিবর্ণচিত্রিত অলৌকিক চি প্রদত্ত হইয়াছে। মুদ্রণ ও কাগজ উৎকৃষ্ট (২ খা একত্রে) ভিক্ষা ৸০ আনা, অতি সুলভ্য বাঁধাই রাজসংস্ক ১৲ টাকা মাত্র।

২৮ ৫৩ ৫০

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। এই একমাত্র গ্রন্থ-রত্নের জ্ঞান লাভ করিলে পারমার্থিক রাজ্যে কিছুতেই অজ্ঞান বা মোহের থাকিবে না। পরম গুহ্য সম্বন্ধবিষয়ক এইরূপ সরল ও হৃদয়গ্রাহী গ্রন্থ এ পর্য্যন্ত প্রকাশিত হয় নাই। নিখিলশাস্ত্রস্বামি-শাস্ত্র-মহোদধি-মন্থনফলে এই গ্রন্থরত্ন উত্থিত হইয়াছেন। আবার সুবিস্তৃত সূচী, কথাসার ইত্যাদি দ্বারা বিশেষ সমৃদ্ধ করা হইয়াছে। বিরাট গ্রন্থ, সোনার জলে নাম লেখা, উৎকৃষ্ট বাঁধাই—চতুর্থ সংস্করণ ডিক্ষা ২৲ টাকা মাত্র।

প্রেমবিবর্ত্ত

শ্রীমন্মহাপ্রভুর অন্যতম পার্ষদ শ্রীল জগদানন্দ প্রভু বিরচিত। এই পুস্তকে অতি সুন্দরভাবে তাঁহার মহাপ্রভুর [illegible] প্রণালী প্রভৃতি অনেক বৈষ্ণবতত্ত্বের মীমাংসা পাইবেন। পাঠকালীন কঠিন স্থানের বিশদার্থ ও গ্রন্থকর্ত্তার পরিচয়াদি-সম্বলিত চতুর্থ সংস্করণ ডিক্ষা ৷৵০ বার আনা মাত্র।

ভজনরহস্য

ভজনকারীর নিত্যসঙ্গী; ঠাকুর ভক্তিবিনোদের অমূল্য দান; নিখিল শাস্ত্রের নির্য্যাস। গ্রন্থখানি না দেখা পর্য্যন্ত সেই বুঝিতে পারিবেন না। তৃতীয় সংস্করণ ডিক্ষা ৷০।

হরিনামচিন্তামণি

নামাচার্য্য শ্রীল হরিদাস ঠাকুরের মুখে শ্রীমন্মহাপ্রভু শ্রীনাম-মাহাত্ম্য, নামাভাস, নামাপরাধ প্রভৃতি বিষয়ের যাবতীয় বিচার শ্রবণ করিয়াছিলেন। এই বিষয়গুলির অতি সরল ভাষায় যাবতীয় আবশ্যক পরিপাটীভাবে বর্ণিত। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। পঞ্চম সংস্করণ ডিক্ষা ৷৹০

কল্যাণকল্পতরু

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। প্রত্যেক জগৎস্থ-বিবাদী ও জ্ঞানপথের পথিকের একান্ত প্রয়োজনীয় উপদেশাবলীপূর্ণ পুস্তিকাখানি। সামান্য লেখাপড়া-জানা লোকেও এই ভজনরাজ্যের উচ্চতত্ত্বসমূহের দ্বারা অনর্থনিবৃত্তি ও ভগবদ্দেবায় লাভ করিবার সুবিধা পাইবেন। ষষ্ঠ সংস্করণ, ডিক্ষা ৷৵০ আনা মাত্র।

শরণাগতি

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। ভগবানে আত্মসমর্পণ, বিজ্ঞপ্তি, ভজনলালসা, সাধুবিধা শরণাগতি ও সিদ্ধি-লালসা-বিষয়ক গীতিপূর্ণ, ডিক্ষা ৷৵০ আনা মাত্র।

গীতাবলী

শ্রীঠাকুর ভক্তিবিনোদ-প্রণীত: নিত্য ভজন, আরাত্রিক ও প্রসাদ-সেবাদি-বিষয়ক মধুর গীতসমূহ একত্রে-গ্রথিত। ডিক্ষা ৷৵০ আনা মাত্র।

শ্রীশিক্ষামৃত

শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ও শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর প্রতি শ্রীরূপ গোস্বামীর উপদেশবাণী, ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিষয়ে সুবিচারিত সম্বোধন দ্বারা, বিস্তৃত বিবৃতি, চরিতামৃতের প্রমাণ, সারগ্রন্থ ব্যাখ্যা ও মহাজন-প্রণীত বহুপদাবলী [illegible] সমূহ প্রত্যেক শ্লোকের সহিত সন্নিবেশিত হইয়াছে। ৩য় সংস্করণ ডিক্ষা ৷৵০ আনা।

সাধন-কল্প

শ্রীরঘুনাথ দাস গোস্বামীর মনঃশিক্ষা, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-চরিত পদ্যানুবাদসহ। ডিক্ষা ৷০ আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা

শ্রীল ঠাকুর নরোত্তমের সুপ্রসিদ্ধ প্রেমভক্তিবিষয়ক গানের পুস্তক। ডিক্ষা আনা মাত্র।

নবদ্বীপশতক

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপাদের সংস্কৃত নবদ্বীপশতকের সুললিত পদ্যানুবাদ। ডিক্ষা ৷০ আনা মাত্র।

অর্থপঞ্চক

শ্রীল লোকনাথ গোস্বামী। বৈষ্ণবতা-জ্ঞানের আকর পুস্তক। ডিক্ষা ৷০ আনা মাত্র।

সদাচারস্মৃতি

শ্রীল মধুসূদন গোস্বামী-প্রণীত। বৈষ্ণবের নিত্যকর্ত্তব্য সদাচার-বলী, বঙ্গানুবাদ সহিত। ডিক্ষা ৷০ আনা মাত্র।

মণিমঞ্জরী

কবিকুলকেশরী শ্রীমদ্রূপগোস্বামী রচিত। শ্রীমদ্ভক্তি-চার্য্যের সাহিত্য ভাবলীলা ও মূল বৈষ্ণবতত্ত্বময়। সানুবাদ ডিক্ষা ।০ আনা মাত্র।

গৌরকৃষ্ণোদয়

প্রাচীন কবি শ্রীগোবিন্দ দেব প্রণীত শ্রীগৌরাঙ্গাবতারের প্রমাণাবলী-সংবলিত সংস্কৃত গ্রন্থ। ডিক্ষা ৷০ আনা।

যুক্তিমল্লিকা (অপসৌরভ)

শ্রীমদ্ভক্তিপ্রজ্ঞানকেশব শ্রীমদ্ভক্তিবিলাস স্বামিকৃত। বঙ্গানুবাদ সহ এই গ্রন্থের প্রকাশ পারমার্থিক সাহিত্য-জগতে এই সর্ব্বপ্রথম। শ্রীমদ্ভক্তিপ্রজ্ঞান হইতে ষোড়শাক্ষর বিশিষ্ট মন্ত্রোদ্ধার নামে খ্যাত শ্রীপাদবিজয়ধ্বজ স্বামী এই গ্রন্থে সাধারণ যুক্তি ও লৌকিক ন্যায়ানুসারে কিরূপ সুন্দরভাবে ভক্তিবিরোধি-মতবাদ সমূহ খণ্ডন করিয়াছে, তাহা পাঠ করিতে করিতে আশ্চর্য্যান্বিত হইতে হয়। ইহাতে যুক্তির দ্বারা চার্ব্বাক, বৈদান্তিক, বৌদ্ধ, মায়াবাদিক ও মায়াবাদিমত-সমূহের সুন্দর খণ্ডন-রহিয়াছে। ডিক্ষা ২৲ টাকা মাত্র।

গোস্বামী শ্রীল রঘুনাথ দাস

(ও বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত ভূমিকা সহ) গৌরপ্রেষ্ঠ স্বরূপ-রূপের একমাত্র প্রিয়তম শ্রীল দাস গোস্বামী প্রভুর অপূর্ব্ব চরিতামৃত ও শিক্ষা অতীব প্রাঞ্জল ও সরল ভাষায় সন্নিবিষ্ট এবং পরিশিষ্টে দাসগোস্বামী প্রভুর বিরচিত কতকগুলি সাধুবন্ধু মধুরতম স্তব ও মনঃশিক্ষা-সম্বলিত। ডিক্ষা বাঁধাই ।০ আনা, আবাধাই ।৵০ আনা মাত্র।

চিত্রে নবদ্বীপ

প্রাচীন নবদ্বীপের অবস্থিতি, কথা, ঐতিহ্য, প্রোত্ত ও ঐতিহাসিক প্রমাণসম্বলিত নয়টী দ্বীপের সচিত্র বিবরণ-গ্রন্থ। মাননীয় রাজসাহের কুমার শ্রীযুক্ত শরদিন্দু নারায়ণ রায় এম, এ, প্রোক্ষ (লাহোর), বেদান্তরত্ন মহোদয় কর্ত্তৃক সঙ্কলিত এবং ৪৭ খানি বিভিন্ন বর্ণের অপূর্ব্ব চিত্র ও মানচিত্র-সমন্বিত; প্রাচ্যবিদ্যামহার্ণব রায় সাহেব শ্রীযুক্ত নগেন্দ্র নাথ বসু বিশ্বকোষসম্পাদক মহাশয়ের বিস্তৃত ভূমিকা সহ। উৎকৃষ্ট (ইং) মরক্কো বাঁধাই মূল্য ১৷০, ভিঃ পিঃ তে ২৲ টাকা মাত্র।

সাধক-কণ্ঠমালা

ভক্তবন্দনা, বৈষ্ণব-বন্দনা, বৈষ্ণবপ্রণাম, বালালের গীত, শ্রীনামতত্ত্ব, শ্রীমন্মহাপ্রভুর অবোপ্তরশত নাম, অষ্টপ্রহর নামকীর্ত্তন, শ্রীনামসঙ্কীর্ত্তন, প্রেমধ্বনি, বাউল-সঙ্গীত, নবদ্বীপ-মহিমা, শ্রীমায়াপুর মহিমা, শ্রীনরোত্তম-প্রভুর অষ্টক আচার্য্য-বন্দনা, সড়্‌গোস্বামীর অষ্টক, প্রেমভক্তিচন্দ্রিকা, উপদেশমালা, নামকলন-প্রণালী, মনঃশিক্ষা ও রাগ বাগাত্মিক বর্ণন, মনঃশিক্ষা, শ্রীগুরু-প্রণতি, শ্রীগুরু-দশদশা, মনঃশিক্ষা, বন্দনা প্রভৃতি গান ও শিক্ষাষ্টকের নিত্যপাঠ্য, বৈষ্ণবগণের কণ্ঠাভরণ ফুলমালার ন্যায় অলঙ্কৃত করে পারমার্থিক অপূর্ব্ব গ্রন্থ। ডিক্ষা ৷৵০, বাঁধাই ।০ মাত্র।

গৌড়ীয়-গৌরব

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয় সম্পাদক ত্রিদণ্ডি স্বামী ভক্তিবল্লভ তীর্থ-মহারাজ কর্ত্তৃক বিশদ ভাবে প্রকাশিত। ইহাতে গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ের ইতিহাস সুন্দরাকারে প্রদত্ত হইয়াছে। ডিক্ষা ৷৵০ মাত্র।

গৌড়ীয় সাহিত্য

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয় সম্পাদক ত্রিদণ্ডি স্বামী ভক্তিবিবেকভারতী মহারাজ কর্ত্তৃক বিশদ ভাবে প্রকাশিত। ইহাতে সাহিত্য শব্দের অর্থ এবং গৌড়ীয়-সাহিত্যের বিশদ স্বরূপ বর্ণিত হইয়াছে। ডিক্ষা ৷০ আনা মাত্র।

শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা-দর্পণ

শ্রীগৌড়দেশে যে সকল স্থানে সম্পাদক শ্রীমন্মহাপ্রভু এবং তৎপর পরবর্ত্তী মহাজনগণ লীলা করিয়া গিয়াছেন, সেই সব আধুনিক ভৌগোলিক পরিচয় ও দেবদেবীগণের পরিচয় সহ যাতায়াতের সুবিধা নির্দ্দেশ ইত্যাদি বিষয়গুলি সন্নিবেশিত আছে। ডিক্ষা ।০ আনা।

THE HARMONIST OR SHREE SAJJANATOSHANI

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রতিষ্ঠিত এবং শ্রীল ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ সম্পাদিত পারমার্থিক মাসিক পত্র। এক্ষণে ইহার ৩৮ বর্ষে ডবলক্রাউন ৮ পেজী ৪ ফর্ম্মা আকারে প্রতি বাংলা মাসের বিংশ-তৈলঙ্গী তারিখে উপস্থিত হইতেছেন। কাগজ, মুদ্রণ-পারিপাট্য ও চিত্রাদি অতীব চিত্তাকর্ষক। এই প্রকার উৎকৃষ্ট প্রবন্ধ আর কোন মাসিক পত্রিকায় দেখিতে পাইবেন না। বার্ষিক ডিক্ষা ডাকমাশুলসহ ৩৲ টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর নদীয়া

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও আদর্শচরিত্র শিক্ষকবৃন্দ ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

সবিস্তার সংবাদের জন্য নিম্নলিখিত ঠিকানায় পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

—৫১ বৎসরের প্রতিষ্ঠিত—

ঔষধালয়ে প্রস্তুত বটীকা

যাবা শুষ্কতারলা, স্বরভেদ, কোষ্ঠকাঠিন্য, অজীর্ণ, অম্বশূল প্রভৃতি কত রোগীর রোগ নিরাময় হইয়াছে তাহা প্রকাশ করিলে বড় বড় পুস্তক হইয়া পড়ে।

ইহা

সকল ঋতুতে ব্যবহার চলে ও সমান ফল প্রদান করিয়া থাকে। প্রতি কৌটায় ৩২টী বটীকা থাকে।

কেবলমাত্র

প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা। ইহার নাম "আতঙ্কনিগ্রহ বটীকা"।

অন্যান্য ঔষধের তালিকার জন্য পত্র লিখিলেই পাইবেন

প্রাপ্তিস্থান :—আতঙ্কনিগ্রহ ঔষধালয়

২১৪ নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

কেশোদয় পাচন

সর্ব্ববিধ কেশরোগের অব্যর্থ মহৌষধ

মফঃস্বলের যে কোন স্থান হইতে ৬ আনা পিসিতে ধনীভূত অবস্থায় ছোটবোতলের মাশুল ঔষধ ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ১০ আনা, পাইট ৮/০ আনা, বোতল ১৷০ টাকা।

অমিলন—১১নং উলটাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

ভাগবত প্রেস

গোয়াড়ী হাইষ্ট্রীট

কৃষ্ণনগর

এখানের বিবাহের নিমন্ত্রণ-পত্র, প্রীতি-উপহার, কার্ড, গ্রন্থ এবং অন্যান্য যাবতীয় কার্য্য ছাপা হইয়া থাকে। ছাপার দর বাজার দর অপেক্ষা সুলভ। পরীক্ষা প্রার্থনীয়।

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস্, এম্, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈজ্ঞানিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

৯৮ নং কটন ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈবপ্রাপ্ত যক্ষ্মার একমাত্র মহৌষধ

পনর দিনে সম্পূর্ণ আরোগ্য

রোগী ঔষধ খাইতে থাকিবে। অন্তিম পক্ষের পত্র (যাওয়া এবং আসার) পাঠাইলে বিনা রোগী দেখা হয় অথবা এখানে আসিলে রোগী বুঝিয়া ঔষধ দেওয়া হয় আরোগ্য না করিয়া পারিশ্রমিক নিবে না। গরীব রোগীদের খরচ লইয়া চিকিৎসা করা হয়। বিস্তারিত বিবরণের জন্য এক আনার ডাক টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীকিতীশচন্দ্র উকীল, যক্ষ্মা-চিকিৎসক, পোঃ মৈকাটী, বরিশাল।

অথবা নিম্ন ঠিকানায় সাক্ষাৎ করিয়া বিস্তারিত জানিতে পারেন।

শ্রীযুত রামগোপাল দত্ত এম্, এ, কৃষ্ণনগর, নদীয়া। শ্রীযুত ত্রিপদ মিশ্র, ১১৭, বেনিয়াটোলা ষ্ট্রীট, হাটখোলা, কলিকাতা।

একখানি পত্র! আমার ভ্রাতুষ্পুত্র গত ছয় মাস যাবৎ রাজ যক্ষ্মায় ভুগিয়া মৃতপ্রায় হইয়াছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাহার জীবনের আশা ত্যাগ করিয়া শেষ মুহূর্ত্তের জন্য অপেক্ষা করিতেছিলেন এই সময় শ্রীযুত কিতীশচন্দ্র উকিল মহাশয় মাত্র ১০ দিন চিকিৎসা করিয়া সম্পূর্ণ আরোগ্য করিয়া দিয়াছেন। (সাঃ) শ্রীনরেন্দ্র কিশোর রায় চৌধুরী (জমিদার পালিয়া) রগ্ ষ্ট্রীট, নিউ বিল্ডিং। কর্ণওয়ালিস ১৪৪নং চিপা টবেক্ট, কলিকাতা।

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার—গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেন গ্রাহকগণ

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কসের

এত প্রশংসা করেন

—কারণ—

এখানে যাবতীয় ছাপার কার্য্য—

গ্রন্থাদির কার্য্যই বলুন,

বিবাহের নিমন্ত্রণ পত্র, কার্ড, বিবাহের সভই বলুন,

আর ৩ রং ও ৪ রংএর হাফটোন ব্লকই বলুন, সকল কার্য্যই অতি সত্বর ছাপা হয়, অথচ ছাপাইবার খরচ বাজার অপেক্ষা সুলভ।

আপনার কিছু ছাপার কার্য্য থাকিলে নিম্নঠিকানায় জানাইলেই জানিতে পাইবেন।

ম্যানেজার—গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

২৪৩।২ নং আপার সারকুলার রোড, কলিকাতা

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস হইতে—কৃষ্ণকান্তি ব্রহ্মচারী ভক্তিকুসুম এম্, এম্, এল্, কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

গান্ধী আশ্রমের কর্ম্মী দণ্ডিত

১৫ই আগষ্ট খুলনা-ষ্টেশনে তিন ব্যক্তি রেললাইন অতিক্রম করিবার সময় হঠাৎ একখানা এঞ্জিনে তাহারা চাপা পড়ে, ফলে দুই জনের তৎক্ষণাৎ মৃত্যু হয়। ঘটনার কিছুকাল পরে তৃতীয় ব্যক্তিও মারা যায়। প্রকাশ, এই তিন ব্যক্তিই সহরের বিভিন্নস্থানে পাখা-টানার কাজ করিত এবং তাহারা তাহাদের কাজে যোগদান-উদ্দেশ্যেই যাইতেছিল।

ভীষণ বন্যা

কুড়িগ্রাম মহকুমার অন্তর্গত তিলমারী ও ফৌজদারী থানার অধীন গ্রাম-সমূহে ভীষণ বন্যার ফলে জনসাধারণের অতিশয় দুরবস্থা উপস্থিত হইয়াছে। কেহ কেহ বাঁশের মাচা করিয়া পথের উপর বাস করিতেছে। হাজার হাজার লোক অনশনে রহিয়াছে। এই সকল গ্রামের মধ্যে ক্ষুধার্ত্ত শিশুদের মর্ম্মভেদী আর্ত্তনাদ শুনা যায়। তিলমারী বাজার হইতে ব্রহ্মপুত্রের তীরে দাঁড়াইলে ডুবা ও গাছো পাহাড়ের পাদদেশ পর্য্যন্ত কেবল অনন্ত জলরাশি দৃষ্টিগোচর হয়।

অর্থাভাবে স্থানীয় কংগ্রেস কমিটী যেমনভাবে সাহায্য করিতে পারিতেছেন না। ফলে জনসাধারণ অনশনে মুহ্যমান হইয়া রহিয়াছে।

লাইন অতিক্রম করার সময় তিন জনের এঞ্জিন চাপায় মৃত্যু

১৫ই আগষ্ট নারেলার গান্ধী-সেবা-আশ্রমের কর্ম্মী ডাঃ রামকৃষ্ণের প্রতি ফৌজদারী কার্য্যবিধির ১০৮ ধারানুযায়ী একবৎসর সশ্রম কারাদণ্ড এবং ৫০০৲ টাকার ভূতীয় জামিন মুচলেকা দিবার জন্য অতিরিক্ত জিলা ম্যাজিষ্ট্রেট মিঃ ইসার কর্ত্তৃক আদেশ দেওয়া হয়

ডাঃ রামকৃষ্ণ জামিন মুচলেকা দিতে অস্বীকৃত হন। সেইজন্য তাঁহার প্রতি একবৎসর বিনাশ্রম কারাদণ্ডের আদেশ দেওয়া হয়। তাঁহাকে "বি" শ্রেণীভুক্ত করা হইয়াছে।

কনেষ্টেবল বরখাস্ত

হরিপাল (হুগলী) থানার চৌকী-দারদিগকে সপ্তাহে দুইদিন হাজিরা দিতে যাইতে হয়। সিঙ্গুরানী কনষ্টে-বলেরা ঐদিন চৌকীদারদের দিয়া থানার চতুর্দ্দিক পরিষ্কার পরিচ্ছন্ন করান প্রভৃতি কার্য্য করাইয়া লইয়া থাকে। বিগত সপ্তাহে একজন কনষ্টেবলের সহিত সমস্ত চৌকিদারের ঐরূপ কোন কার্য্য লইয়া বচসা হয়। পরে কনষ্টেবলটি উত্তর ভাষায় উহাদিগকে গালাগালি করিলে সমস্ত চৌকিদার রাগিয়া উঠিয়া লাঠি লইয়া তাহাকে মারিবার উপক্রম করে এবং শেষে সমস্ত চৌকিদার চাকরীতে জবাব প্রদান করে। থানার উচ্চ কর্ম্ম-চারীরা ঘটনাটি পুলিশ সাহেবের গোচরী-ভূত করিলে তিনি অনুসন্ধানে আদেশ এবং উক্ত কনষ্টেবলকে বরখাস্ত করিয়া চৌকিদারদিগকে শান্ত করেন।

কর্ণওয়ালিশ স্কোয়ারে সভা

যতীন্দ্র-স্মৃতি-সমিতির উদ্যোগে ৺ শ্রীযুত বসন্তকুমার মজুমদার মহাশয়ের সভাপতিত্বে রবিবার ১৬ই আগষ্ট কর্ণ-ওয়ালিশ স্কোয়ারের বক্তা প্রদীপ্তিতদের সাহায্যের জন্য এক বিরাট জনসভার অধিবেশনে শ্রীযুত কালীপদ মুখোপাধ্যায়, স্বামী জ্ঞানানন্দ, শ্রীযুক্তা প্রভাবতী দে প্রভৃতি বক্তাপীড়িতদের শোচনীয় অবস্থা ব্যক্ত করেন ও জনসাধারণের নিকট সাহায্যের আবেদন করেন। সভায় শ্রীযুত শশাঙ্কমোহন পাল, উপেন্দ্রনাথ বসু, শ্রীযুক্তা বীণাপাণি পাল প্রভৃতি উপস্থিত ছিলেন। একটী জাতীয় সঙ্গী-তের পর বিপুল "বন্দেমাতরম্" ধ্বনির মধ্যে অধিবেশনে সভাভঙ্গ হয়।

বহরমপুরে জোড়া আত্মহত্যা

বহরমপুর হইতে প্রকাশ যে, গত ৯ই আগষ্ট বৈকাল ৫ ঘটিকার খাগড়া বাজারের বারুণিস্থিত যোগমায়া নদীর কেরোসিন সিক্ত করিয়া অগ্নিসংযোগে আত্মহত্যার প্রচেষ্টা করে। নিকটবর্ত্তী লোকগণ অগ্নি নির্ব্বাপন করে। মহারাষ্ট্র-স্বর্ণমন্দী-সমিতির সেবা-বিভাগের সভ্যগণ সংবাদ পাইয়া উঁহাকে সদর হাসপাতালে প্রেরণ করেন। তথায় রাত্রিতে তাহার মৃত্যু হয়।

কয়েকদিন হইল ই, আই, আর-এর খাগড়া ষ্টেশনের নিকটবর্ত্তী লাইনের উপরে একটী যুবতী কাটা গিয়াছে। প্রকাশ, সেও আত্মহত্যা করিয়াছে।

মাদ্রাজে তাড়ির দোকান নীলাম

মাদ্রাজ হইতে প্রকাশ যে, ১৫ই আগষ্ট কালেক্টরের অফিসে তাড়ির দোকান নীলাম হইয়াছে। স্থানীয় কংগ্রেসকর্ম্মীরা তথায় যাইয়া পিকেটীং করিতে আরম্ভ করেন। শ্রীযুত সত্যমূর্ত্তি স্বয়ংসেবকসহ, কৃষ্ণ আয়ার ও কতিপয় মহিলা এই পিকেটীংএ যোগদান করেন। নীলামে সরকারের আয় অনেক কমিয়া গিয়াছে। গত বৎসর এতদপেক্ষা অনেক বেশী টাকায় নীলাম হইয়াছিল। প্রায় সকল দোকানগুলিই নীলাম হইয়াছে।

পঞ্চত্রজে ভারত ভ্রমণ

২৪ পরগণা ভাটপাড়ার শ্রীযুক্ত চণ্ডীপদ ভট্টাচার্য্য ১৯১০ সালের ৩রা ডিসেম্বর পঞ্চব্রজে ভারতভ্রমণে বাহির হইয়াছেন। তিনি গত ১২ই আগষ্ট "শিব সমুদ্রম্" হইয়া মহীশূর রাজ্যে ব্যাঙ্গালোরে পৌঁছেন। এই "শিব-সমুদ্রম্" পৃথিবীর অন্যতম প্রসিদ্ধ জলপ্রপাত।

বর্দ্ধমানে ইলেকট্রিক-কর্পোরেশন ভীষণ বন্যা

আজ প্রায় পাঁচ বৎসর হইতে বর্দ্ধমান সহরে একটী ইলেকট্রিক কর্পো-রেশন প্রতিষ্ঠিত হইয়াছে। বিজলী আলো আসিবার পর মিউনিসিপ্যালিটীর অধীনস্থ কর্পোরেশন হইবার পূর্ব্বে সহরে অন্যান্য চুরি ডাকাতির উপদ্রব ছিল। এখন বিজলী-আলোকিত রাজপথে লোকে নির্ভয়ে গমনাগমন করে। ইহাতে ব্যবসা বাণিজ্যেরও যথেষ্ট উন্নতি হইয়াছে। পূর্ব্বে সহরের যে প্রধান বাজার তাহা সন্ধ্যার কিছুপরেই প্রায় বন্ধ হইয়া যাইত। এখন অনেক রাত্রি পর্য্যন্ত সহরে ক্রয় বিক্রয় চলে।

লক্ষ্ণৌয়ে অধিবেশন

১৬ই আগষ্ট যুক্ত-প্রাদেশিক ট্রেড ইউনিয়ন সম্মেলনের অধিবেশনে কান-পুরের শ্রীযুক্ত হরিহরনাথ শাস্ত্রী সভা-পতির আসন গ্রহণ করেন। সম্মেলন-মণ্ডপ রক্তপতাকা এবং বিপ্লবাত্মক বাক্য-সম্বলিত পোষ্টার সমূহ সজ্জিত করা হইয়াছিল। ইহাতে প্রায় আড়াই হাজার লোক যোগদান করিয়াছিলেন; তন্মধ্যে অধিকাংশই স্থানীয় রেলওয়ে শ্রমিক। কানপুর, মোরাদাবাদ, গোরক্ষপুর বেরেলী ও অন্যান্য ষ্টেশন হইতেও কয়েক জন প্রতিনিধি এই অধিবেশনে যোগদান করিয়াছিলেন।

অভ্যর্থনা-সমিতির সভাপতি কাশাক-রের কথার ব্রহ্মেন লিং ট্রেড ইউনিয়নের উদ্দেশ্য সম্বন্ধে বক্তৃতা করেন।

পরে মূল-সভাপতি শ্রীযুক্ত হরিহর-নাথ শাস্ত্রী তাঁহার অভিভাষণ পাঠ করেন। তাঁহী স্বরাজগবর্ণমেণ্টের শ্রমিকদের অধিকার ঘোষণার জন্য তিনি কংগ্রেসকে অভিনন্দিত করেন। অতঃপর তিনি বলেন যে, বর্ত্তমানে ভারতের পক্ষে শক্তিশালী শ্রমিকসঙ্ঘ সংগঠন করাই প্রধান কর্ত্তব্য। একত্র [illegible] সবচেয়ে বেশী, কেননা আসন্ন নি[illegible] ভারত রেলওয়েটের ৩জ ট্রেড ইউনি[illegible] আন্দোলনে যাঁহারা কোনপ্রকা[illegible] উৎসাহী আছেন, তাঁহাদিগকে এক[illegible] কার্য্য করিতে হইবে। মা-বেজ রা[illegible] প্রেস্তাবের কথা উল্লেখ করিয়া তি[illegible] বলেন যে মিঃ রায় শ্রমিকদের [illegible] প্রকৃত উন্নতিকল্পে কার্য্য করিয়াছেন।

বাঁকা নদীতে বন্যা

বর্দ্ধমান হইতে প্রকাশ যে, অতি [illegible] না হইলেও বাঁকানদীতে মাঝে মা[illegible] বান আসিতেছে। বাঁকা মুখোপাধ্যা[illegible] হইতে সাহির হওয়ায় বাঘোবরে [illegible] আসিলেই বাঁকা আসিয়া যায়। বাঁ[illegible] ঘন ঘন বান ডাকিলে সর্ব্বাধিক উপ[illegible] হয়। এবার সর্ব্বোপরি অন্যান্য উপদ্রব এ[illegible] কয়েকজন সর্পাঘাতে মারাও গিয়াছে।

গ্রোমের রাজা অন্তর্দ্ধান

গ্রোমের রাজা তিব্বত হইতে পলা[illegible] করিয়া সাহিয়াছে ছিলেন। সম্প্রতি তি[illegible] সেখান হইতে পলায়ন করিয়াছেন বলি[illegible] সংবাদ পাওয়া গিয়াছে।

সাতবৎসর পূর্ব্বে গ্রোমে [illegible] একটা বিদ্রোহ হয়, তখন তিনি মুচ[illegible] লেন যে, স্থানীয় সরকারের আ[illegible] ব্যতিরেকে তিনি তিব্বত বা ভূটা[illegible] প্রবেশ করিবেন না।

"আসাম রাইফেল" সৈনিকের এ[illegible] দল তাঁহাকে আটকাইবার জন্য প্রে[illegible] হইয়াছিল। কিন্তু তাহারা গৌরিক[illegible] পূর্ব্বেই রাজা নিকাম ঘাটে সীমানা [illegible] হইয়া গিয়াছিলেন।

গত ১৮ মাস ধরিয়া তিনি সাদিয়া রাজবন্দীরূপে ছিলেন।

প্রবল বন্যায় সহস্র লোকের সর্ব্বনাশ

হ্যাংকো হইতে প্রকাশ যে, ইয়া[illegible] নদীতে বন্যার জল আরও হয় ই[illegible] বাড়িয়াছে। এত বড় বন্যা পূ[illegible] কখনও হয় নাই। চারিদিকে হাহাকা[illegible] যে যেখানে পারিতেছে পলায়ন ক[illegible] প্রাণ বাঁচাইতেছে। নৌকায় অ[illegible] পরাধারকে নৌকারূপে ব্যবহার ক[illegible] প্রাণের ভয়ে লোক ছুটিতে[illegible] ভগবানের কি অভিশাপ। এক[illegible] বন্যায় দেশময় ভাসিয়া গিয়াছে, শত লোকের জন্য সর্ব্বনাশ হইয়া[illegible] তাহার উপর আবার আগুন। আ[illegible] ভাসিয়া সহস্র সহস্র লোকের জীবন [illegible] হইয়াছে। উপরে আগুন, নীচে [illegible] লোকে দাঁড়াবে কোথা?

টেলি— "শ্রীধাম" নবদ্বীপ

Reg No C.1544

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩৲০
সিকি কলম ২৲
চুক্তির হার স্বতন্ত্র

সাধারণ হার
অগ্রিম দেয়
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৲৮০
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৵৫

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার এক মাত্র মুখপত্র

৬ষ্ঠ খণ্ড] সম্পাদক—শ্রীঅতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [১৪৫ তমসংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—৪ঠা ভাদ্র শুক্রবার, ১৩৩৮, ২১শে আগষ্ট ১৯৩১

নানা কথা

আসামীশূন্য আদালত

লাহোর হইতে প্রকাশ যে, ১৭ই আগষ্ট [illegible] মকদ্দমা শুনানী আরম্ভ হইবার কথা ছিল, কিন্তু স্পেশাল ট্রাইব্যুনালের আদালতে কেহই উপস্থিত নাই। আসামীপক্ষের ব্যারিষ্টারগণ দীর্ঘক্ষণ অপেক্ষা করিবার পর জেলে বন্ধ আসামীদের সহিত সাক্ষাৎ করিতে যান এবং তাঁহারা আসামীদের সহিত আলাপ করিয়া জেলকর্ত্তৃপক্ষ ও আসামীদের মধ্যে যে সামান্য গোলযোগ ছিল, তাহা দূর করিতে সমর্থ হন এবং আসামীদিগকে প্রায়োপবেশন ত্যাগ করিতে সম্মত করান। ফলে সুখদেব রাজ এবং অন্যান্য প্রমুখ সকল আসামীই প্রায়োপবেশন ত্যাগ করিয়া আহার গ্রহণ করিতেছেন। জগদীশ অবশ্য মৌনব্রত।

নূতন উদ্যমে বোম্বাইয়ে পিকেটিং

মদ্য বর্জ্জনের দিকে বোম্বাই প্রাদেশিক কংগ্রেসের কার্য্য খুব জোরে চালানে হইতেছে। সহরের প্রত্যেক মদের দোকানে পিকেটিং করা হইবে। তাহার ফলে মদ্যপানের কুফলের বিষয় প্রচার করিবার পুস্তিকাদি বাহির করা ও রাত্রিচিত্রযোগে বক্তৃতা দেওয়া হইতেছে।

বড়লাটের সম্বর্দ্ধনা

বড়লাট ও লেডী উইলিংডন ১৮ই আগষ্ট মধ্যাহ্ন ১২টার সময়ে রাঁচি পৌঁছিয়াছেন। রাস্তায় সর্ব্বত্র তোরণাদি নির্ম্মিত হইয়াছিল এবং স্থানীয় অনার্য্যরা ও স্ত্রীলোকেরা পতাকা লইয়া তাঁহার যথোচিত সম্বর্দ্ধনা করিয়াছে। লাট প্রাসাদে স্কাউটরা তাঁহাদের প্রতি অভিবাদন জ্ঞাপন করেন। অতঃপর বড়লাট সার গনেশদত্ত সিংহ ও সার জেমস ফিফটনের সহিত কথাবার্ত্তা কহেন। লর্ড আরউইনের স্মৃতি উপলক্ষে রাজা বলদেও দাস বিরলা যে হাসপাতাল স্থাপন করিয়াছেন, লেডী উইলিংডন ঐ হাসপাতাল পরিদর্শন করিয়া আসিয়াছেন।

আসামীশূন্য আদালত

নূতন উদ্যমে বোম্বাইয়ে পিকেটিং

বড়লাটের সম্বর্দ্ধনা

কানপুরে বোমা প্রাপ্তির জের

মিশনারীর অর্থদণ্ড

ডাকাতের জন্য পুরস্কার ঘোষণা

আসামীর প্রায়োপবেশন

শুকদেবরাজের অনশন ত্যাগ

আসাম বেঙ্গল রেলপথ

বন্যায় সাহায্যের ব্যবস্থা

আসাম বেঙ্গল রেলপথ

চট্টগ্রাম হইতে প্রকাশ যে, আসাম বেঙ্গল রেল পথের টাঙ্গী শাখার গত ১৭ই আগষ্ট হইতে বরাবর গাড়ী চলাচল আরম্ভ হইয়াছে। সেই দিবস রাত্রি হইতেই ভৈরববাজার এবং নারায়ণগঞ্জের মধ্যে ২২নং ডাউন এবং ২৫নং আপ গাড়ী যাতায়াত বন্ধ করিয়া দেওয়া হইয়াছে।

আরও কর্ম্মী গ্রেপ্তার

গত ১৩ই আগষ্ট ভাগলপুর ষ্টেশনে [illegible] বিশিষ্ট কংগ্রেস কর্ম্মী ও ভূমিহার নেতা শ্রীযুক্ত দ্বারকানাথ গোস্বামী [illegible] বিধির ৩০২ ও ১০৭ ধারা অনুসারে গ্রেপ্তার হন। প্রকাশ, মৌলবীবাজার যুবসম্মিলনে শ্রীযুক্ত সুরেশচন্দ্র দেবের শীলেদণ্ড প্রভৃতির ত্যাগের প্রশংসা সূচক প্রস্তাব দ্বারকাবাবু সমর্থন করেন। দ্বারকা বাবুকে মৌলবীবাজারে গ্রেপ্তার করিয়া রাজধানে রাখা হইয়াছে।

উপাসনারত রইস নিহত

মুলতান হইতে প্রকাশ যে, শ্রীযুক্ত বিলাসরাম তানেজা নামক জনৈক ধনী রইস তাঁহার বাড়ীতে উপাসনা করিবারকালে নিকট হইতে আততায়ী হইতে বুটার দ্বারা তাঁহাকে গুরুতররূপে আহত করায় তাঁহার মৃত্যু ঘটিয়াছে। এই ব্যক্তিকে তখনই গ্রেপ্তার করা হইয়াছে।

পূর্ব্ববঙ্গ জমীদার সমিতির এক প্রতিনিধিমণ্ডলী ১৪ই আগষ্ট গভর্ণমেণ্ট হাউসে রায় বাহাদুর কেশবচন্দ্র বন্দ্যোপাধ্যায় নেতৃত্বে বাঙ্গালার গভর্ণরের সহিত সাক্ষাৎ করেন এবং গভর্ণরের নিকট বলেন যে ক্রমাগত পাটের মূল্য কমিয়া যাওয়ায় এবং বন্যার ফলে শস্য ও অন্যান্য [illegible] জমীদার সম্প্রদায়ের আর্থিক অবস্থা অত্যন্ত সঙ্কটাপন্ন হইয়া দাঁড়াইয়াছে। সুতরাং গভর্ণমেণ্ট যদি তাঁহাদের উদ্ধারের জন্য অগ্রসর না হন, তাহা হইলে এই বিরাট সম্প্রদায়ের ধ্বংস অবশ্যম্ভাবী।

গভর্ণর তাঁহাদের বক্তব্য শ্রবণ করিয়া যথাসম্ভব প্রতিকারের আশ্বাস দিয়াছেন।

শ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার পরিব্রাজকগণ

পরিব্রাজকগণের নাম	বর্ত্তমান ঠিকানা	পরিব্রাজকগণের নাম	বর্ত্তমান ঠিকানা
১। শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ	কলিকাতা	৮। শ্রীভক্তিস্বরূপ পুরী	কটক
২। শ্রীভক্তিবিবেক ভারতী	কলিকাতা	৯। শ্রীভক্তিবল্লভ পর্ব্বত	ময়ূরভঞ্জ
৩। শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম	শ্রীমায়াপুর	১০। শ্রীভক্তিবিলাস গভস্তিনেমি	কলিকাতা
৪। শ্রীভক্তিপ্রকাশ অরণ্য	কলিকাতা	১১। শ্রীভক্তিরঞ্জন ভক্তিসার	মাদ্রাজ
৫। শ্রীভক্তিহৃদয় বন	কলিকাতা	১২। শ্রীভক্তিরক্ষক শ্রীধর	মাদ্রাজ
৬। শ্রীভক্তিসর্ব্বস্ব গিরি	অমৃতসর	১৩। শ্রীভক্তিকুদেব শ্রৌতী	শ্রীমায়াপুর
৭। শ্রীভক্তিবৈভব সাগর	ব্রাহ্মণপাড়া	১৪। শ্রীভক্তিপ্রসূন বোধায়ন	বালেশ্বর

শুদ্ধভাক্তমঠসমূহ

চৈতন্য মঠ

আকর মঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীধাম মায়াপুর, নদীয়া

এই মঠরাজে পারমার্থিক দৈনিকপত্র, সাম্বত-সম্প্রদায়ের অপ্রকাশিত ও সুপ্রাচীন গ্রন্থরাজি প্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় প্রতিষ্ঠিত রহিয়াছেন এখানে প্রতিবৎসর শ্রীধাম-পরিক্রমানুষ্ঠান ও অন্যান্য ভক্তগোষ্ঠীর কীর্ত্তন প্রচারমুখে মহামহোৎসবাদি সকলের অনুষ্ঠিত হইয়া থাকে। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপাদ নরহরিজী। সরকারী—ব্রহ্মচারী পণ্ডিত শ্রীপাদ গৌরদাস কাব্যব্যাকরণতীর্থ, শ্রীহরেকৃষ্ণ, শ্রীপাদ নীরদচন্দ্র, শ্রীপাদ নন্দগোপাল, শ্রীনিত্যানন্দ্রনাথ, শ্রীঅঘমর্দন, শ্রীজনমোহন, শ্রীমুকুন্দ ভাণ্ডারিকারী ভক্ত নরেন্দ্র, ভক্তিসখা, হেমন্তমোহন প্রভৃতি।

(১) শ্রীগৌড়ীয় মঠ

১৬ নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

টেলিফোন বি, বি, ৪১১৫

মঠরক্ষক—আচার্য্যত্রিক শ্রীপাদ কৃষ্ণবিহারী বিদ্যাভূষণ। সরকারী—পণ্ডি শ্রীপাদ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ বি-এ, শ্রীপাদ রাসবিহারী ব্রহ্মচারী, শ্রীপা জগন্নাথদেব ভাণ্ডারিকারী বি-এ, ব্রহ্মচারী শ্রীকীর্ত্তনানন্দ, ব্রহ্মচা শ্রীগোরীমোহন, ব্রহ্মচারী শ্রীমধুসূদন, পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ পরবিদ্যা লঙ্কার ভক্তিশাস্ত্রী সম্প্রদায়বৈভবাচার্য্য, শ্রীঅমৃতানন্দ সাহিত্যরত্ন বি-এ, শ্রীভক্তবন্ধু ভাণ্ডারিকারী বি-এল, শ্রীঅনুপম নাগ, শ্রীবিশ্বম্ভর ব্রহ্মচারী, শ্রীভক্তগোবি ব্রহ্মচারী প্রভৃতি।

(৩) যোগপীঠ শ্রীমন্দির

রক্ষক—লোকনাথের গোস্বামী ভট্টাচার্য্য প্রভু শ্রীমধুসূদন। সরকারী শ্রীবিজ্ঞানানন্দ ব্রহ্মচারী, শ্রীরাধাবিনোদ ভক্তিভূষণ, শ্রীগোবর্দ্ধন ব্রহ্মচারী। শ্রীপাদ মাল ভাণ্ডারিকারী, সেবাপরা শ্রীনীলনাথ।

(৪) শ্রীবাস-অঙ্গন

রক্ষক—শ্রীপ্রভাকরকুমার ব্রহ্মচারী।

(৫) অদ্বৈত-ভবন

রক্ষক—শ্রীবৃন্দাবনচন্দ্র ভট্টাচার্য্য, শ্রীগোকুলদাস বাবাজী।

(৬) কাজীর সমাধিস্থল

প্রাচীন মায়াপুর, গয়নপুকুর (নদীয়া)

রক্ষক—ব্রহ্মচারী শ্রীবিনোদবিহারী।

(৭) শ্যামানন্দ সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, স্বরূপগঞ্জ। নদীয়া)

রক্ষক—ভক্তিকুসুম ভাকার ব্রহ্মচারী কৃষ্ণকান্তিজী এল, এম, এফ।

(৮) শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

ময়মনসিংহ।

রক্ষক—শ্রীমাধব ভক্তিশাস্ত্রী এম, এ, বি, এল, সরকারী—শ্রীউদ্ধবদাস ভক্তি-শাস্ত্রী, শ্রীউত্তম অধিকারী প্রভৃতি।

(৯) শ্রীগৌর-গদাধর-মঠ

চাঁদাকান্দি, সমুদ্রগঞ্জ, (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীনরেন্দ্রনাথ ব্রহ্মচারী, ভক্ত শ্রীহরেকৃষ্ণ ধাম।

(১০) শ্রীরূপগৌড়ীয়-মঠ

রাণাঘাট, প্রধান ষ্টেশন, বি

রক্ষক—শ্রীসর্ব্বেশ্বরানন্দ ব্রহ্মচারী

(১১) শ্রীমোদদ্রুমচন্দ্র

মাটিপাড়ি, আরপার, বর্দ্ধমান।

রক্ষক—শ্রীগুরুবিহারী প্রভুপাদী, ভক্ত শ্রীমাধব।

(১২) ভাগবত আশ্রম

শ্রীভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।

রক্ষক—শ্রীকৃষ্ণানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(১৩) শ্রীপ্রহ্লাদ মঠ

গোবিন্দপুর, হাসখালী, নদীয়া।

রক্ষক—শ্রীমধুসূদনানন্দ ব্রহ্মচারী। সরকারী শ্রী-হরিসিং ব্রহ্মচারী, শ্রীজগন্নাথ দাস অধিকারী, ভক্ত বিশ্বনাথ।

(১৪) শ্রীমাধব-গৌড়ীয় মঠ

১৮নং নবাবপুর রোড, ঢাকা।

রক্ষক—শ্রীরাধাবল্লভ ব্রহ্মচারী, শ্রীপাদ সুন্দরানন্দ পরবিদ্যাবিনোদ বি-এ, শ্রীনব-গৌরাঙ্গ ব্রহ্মচারী, শ্রীপতিতপাবন ভক্ত।

(১৫) শ্রীগোপালজী মঠ

কমলাপুর, ঢাকা।

রক্ষক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

(১৬) শ্রীগদাই-গৌ াঙ্গ মঠ

রক্ষক—শ্রীপূর্ণপ্রজ্ঞ ব্রহ্মচারী, শ্রীনন্দিলাল ব্রহ্মচারী

(১৭) শ্রীভাগবতজনাশ্রম মঠ

চিকনিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।

এখানে শ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীর নিত্যসেবা বর্ত্তমান। রক্ষক—ব্রহ্মচারী শ্রীজগন্নাথদাসজী।

(১৮) আমলাযোড়া প্রপন্নাশ্রম

রাজবাঁধ পোঃ বর্দ্ধমান।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীগোকুলেশ্বর।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

স্বর্গদ্বার, পুরী, উড়িষ্যা।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমানন্দ বিদ্যারত্ন, ব্রহ্মচারী শ্রীনরহরিদাস, শ্রীসর্বেশ্বরানন্দ ব্রহ্মচারী, শ্রীবনবিহারী ব্রহ্মচারী, শ্রীনিমাই চরণ অধিকারী, শ্রীরাধানিধি পণ্ডা।

(২০) শ্রীব্রহ্ম-গৌড়ীয় মঠ

আলবরনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীসর্ব্বেশ্বরী প্রভাকরী।

সরকারী—ব্রহ্মচারী শ্রীবনিহারিবিহারী।

(২১) শ্রীসচ্চিদানন্দ মঠ

উড়িষ্যাবাজার, কটক।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীসর্বেশ্বর, শ্রীরামানন্দ ব্রহ্মচারী, শ্রীপাদ জগন্নোপাল ভাণ্ডারিকারী।

(২২) শ্রীসমাজন-গৌড়ীয় মঠ

৯নং জগন্নাথবল্লভপুরা, কাশী।

রক্ষক—ব্রহ্মচারী কৃষ্ণ-স্বরূপী, নিতাইদাস ব্রহ্মচারী, শ্রীগোকানন প্রভুপাদী।

(২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

শ্রীনৃসিংহদাস কুঞ্জ, শ্রীধাম বৃন্দাবন।

রক্ষক—শ্রীসর্বশক্তিনাথ ব্রহ্মচারী

(২৪) শ্রীপরমহংস মঠ

হৈমিয়াবালা, সীতাপুর

রক্ষক—ব্রহ্মচারী শ্রীনৃসিংহানন্দ ও ব্রহ্মচারী শ্রীনবদ্বীপনাথ।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ

কুসুমকুঞ্জ, চিরকুঞ্জ, মানভূম।

রক্ষক—শ্রীহরিনাথ দাস, শ্রীরামকৃ গোবর্দ্ধিয়া।

(২৬) ব্যাসগৌড়ীয় মঠ

রক্ষক—ব্রহ্মচারী শ্রীগুরুপদজী, শ্রীনা গোপাল প্রভুপাদী

(২৭) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রম-

ব্রাহ্মণপাড়া, পোঃ বাহু, কাবড়া

এখানে বহু পুরাতন শ্রীগৌরাঙ্গের বর্ত্তমান। রক্ষক—প্রভুপাদী শ্রীরাধাকৃ দাস, ভক্ত কৃপাময়।

(২৮) দিল্লী গৌড়ীয় মঠ-কার্য্যালয়

৫৮নং গোপীকৃষ্ণ ডাকার লেন, দিল্লী দি

রক্ষক—ব্রহ্মচারী শ্রীগৌরকৃষ্ণ, শ্রীকৃষ্ণপ্রে শ্রীরাধারমণচরণপদ্ম

(২৯) গোয়ালপাড়া-প্রপন্নাশ্র

রক্ষক—ব্রহ্মচারী শ্রীগোবর্দ্ধনমোহন

(৩০) মাদ্রাজগৌড়ীয় মঠ

নর্থ গোপালপুরম্, কাথেড্রাল, মাদ্রা

রক্ষক—ত্রিদণ্ডস্বামী শ্রীভক্তিরক্ষক শ্রী মহারাজ, সরকারী—ত্রিদণ্ডিস্বামী শ্রী ভক্তি রূপ ভক্তিসার, শ্রীপাদ জগন্না ব্রহ্মচারী, শ্রীপাদ বেণুগোপন ব্রহ্মচা শ্রীপাদ বিশ্বম্ভর ব্রহ্মচারী ভক্তিশ ও শ্রীপাদ গৌরগুণানন্দ ব্রহ্মচারী।

(৩১) রাধাগোপাল পাট

কাঁটাপুকুর, ঢাকা, নদীয়া

রক্ষক—ব্রহ্মচারী শ্রীকেশবগোপাল

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ



দৈনিক নদীয়া-প্রকাশ



একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম মায়াপুর - নদীয়া

বর্ষ	তারিখ	সংখ্যা
ষষ্ঠবর্ষ	২৩ শ্রীগৌরাব্দ ৪৪১, ৪ঠা ভাদ্র বঙ্গাব্দ ১৩৩৮, ২১ আগষ্ট ইং ১৯৩১ শুক্রবার	১৪৫তম সংখ্যা।

সাময়িক-প্রসঙ্গ

গত ১০ই আগষ্ট সোমবার বিকল বাসুদেবপুর ষ্টেটের বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্রীযুক্ত হৃষীকেশ চক্রবর্ত্তী এবং উক্ত গ্রামের অধিবাসী ও ডাক্তার শ্রীযুক্ত পুলিনচন্দ্র চক্রবর্ত্তী বি, এ, মহোদয়দ্বয় চিকলিয়া শ্রীজগন্নাথজনানন্দ মঠে গমন পূর্ব্বক তথাকার প্রকাণ্ড শ্রীপাদ লোকনাথজীর নিকট 'মানবের কর্ত্তব্য সম্বন্ধে' প্রশ্ন করেন। ব্রহ্মচারীজি তাঁহাদের প্রশ্নের সন্তুষ্টভাবে উত্তর প্রদান পূর্ব্বক কৃষ্ণভজনই যে জীবের একমাত্র কর্ত্তব্য তাহা শাস্ত্রযুক্তিমূলে কীর্ত্তন করিলে আগন্তুকদ্বয় বিশেষ প্রীতি লাভ করেন।

মাদ্রাজের সুপ্রসিদ্ধ 'দি হিন্দু' পত্রের ২৭।৭।৩১ তারিখের সংখ্যায় মাদ্রাজ-গৌড়ীয় মঠের স্বামিজিগণ কর্ত্তৃক ভূমির অধিকার গ্রহণ সম্বন্ধে নিম্নলিখিত বিবরণটি প্রকাশিত হইয়াছে,—

Madras, July 27. 7. 31.

The Swamijis of Sri Gaudiya Math, North Gopalpuram, celebrated yesterday evening, the occasion of taking possession on behalf of the Math, of the land gifted to the Math, by Mr. Ramchandram I. C. S. son of the late Sir T. Sadasiva Aiyar. The land is the north-eastern portion of the compound of "Moryalaya", Lady Sadasiva Aiyar's residence, and is about six grounds in extent. The swamijis entered it leading a bhajan party. Swami B. H. Bon Maharaj explained the objects of the Math and stated that they intended erecting a hall soon on the site and call it "Sri Krishna Hall" in pursuance of the wish of Sir T. Sadasiva Aiyar. For the erection of hall and Math buildings they required more land and so they were already purchasing the adjoining 6 grounds on the west, making in all 12 grounds. After Nagar Kirtan party and distribution of prasadams the gathering broke up.

অনুবাদ। মাদ্রাজ, ২৭শে জুলাই ১৯৩১ নর্থ গোপালপুরম্, শ্রীগৌড়ীয় মঠের স্বামিজিগণ গতকল্য সন্ধ্যায় মঠের পক্ষ হইতে পরলোকগত সার টী, সদাশিব আয়ারের পুত্র মিঃ রামচন্দ্রম্, আই,'সি, এস কর্ত্তৃক প্রদত্ত ভূমির অধিকার-গ্রহণকার্য্য মহাসমারোহে সুসম্পন্ন করিয়াছেন। লেডি সদাশিব আয়ারের "মোরালয়" নামক বাস-ভবনের উত্তর-পূর্ব্ব অংশে এই ভূমি অবস্থিত এবং পরিমাণে প্রায় ৬ গ্রাউণ্ড (এক বিঘা)। স্বামীজিগণ সংকীর্ত্তনমুখে এই ভূমিতে প্রবেশ করিয়াছিলেন। ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবল্লভ বন মহারাজ এতদুপলক্ষে মঠের উদ্দেশ্য বিশেষভাবে বিবৃত করেন এবং আরও বলেন যে, তাঁহারা শীঘ্রই এইস্থানে একটী হল গৃহ নির্ম্মাণের ইচ্ছা পোষণ করিতেছেন, সার টী, সদাশিব আয়ারের ইচ্ছানুসারে উক্ত হল-গৃহ "শ্রীকৃষ্ণ হল" নামে অভিহিত হইবে। হল ও মঠ গৃহ-নির্ম্মাণ-কার্য্যে তাঁহারা পূর্ব্বেই আরও ৬ গ্রাউণ্ড ভূমি পূর্ব্বোক্ত ভূমির পশ্চিমে ক্রয় করিয়াছেন। সর্ব্বসাকুল্যে ১২ গ্রাউণ্ড (৬ই বিঘা) ভূমি নির্দ্ধারিত হইল। নগর কীর্ত্তন সমাপন এবং মহাপ্রসাদ বিতরণের পর সভা ভঙ্গ হয়।

বঙ্গবাণী ৩০শে শ্রাবণ ১৭ই আগষ্ট ১৯৩১ তারিখে শ্রীগৌড়ীয় মঠের মহোৎসব ও প্রদর্শনী সম্বন্ধে যাহা লিখিয়াছেন তাহা নিম্নে প্রকাশিত হইল,—

গৌড়ীয়মঠে অভ্রান্ত সনাতন বাগবাজারে পারমার্থিক প্রদর্শনী

শ্রীগৌড়ীয়মঠের বার্ষিক মহামহোৎসব আগামী ৬ই ভাদ্র (২২শেআগষ্ট) রবিবার দিবস হইতে আরম্ভ হইয়া ১ই আশ্বিন (১৮শে সেপ্টেম্বর) রবিবার পর্য্যন্ত অনুষ্ঠিত হইবে। উৎসব-সময়ে সকলে হরিকথা আলোচনা, শাস্ত্রাদি পাঠ, ব্যাখ্যা, বক্তৃতা ও কীর্ত্তন প্রভৃতি হইবে।

এই উপলক্ষে ২০শে ভাদ্র (৬ই সেপ্টেম্বর) রবিবার হইতে (২৩শে সেপ্টেম্বর পর্য্যন্ত) কলিকাতা শ্রীগৌড়ীয়-মঠের নিকটবর্ত্তী বাগবাজার ষ্ট্রীটের উপর কর্পোরেসনের বিস্তৃত মাঠে একটি অপূর্ব্ব পারমার্থিক প্রদর্শনী খোলা হইবে। সাধারণের সুবিধার নিমিত্ত অনুগ্রহপূর্ব্বক "বাগবাজার মেটাল ডিপো" নামক তাহাদের বিস্তৃত মাঠটীতে এই শিক্ষাপ্রদ প্রদর্শনী খুলিবার জন্য গৌড়ীয় মঠের কর্তৃপক্ষকে অনুমতি দিয়াছেন। গত বৎসর অপেক্ষা অনেক বড় আকারে ও সুন্দরভাবে প্রদর্শনীর ব্যবস্থা হইতেছে। ইহাতে ধর্ম্মের সূক্ষ্মতত্ত্ব, ধর্ম্মের বিভিন্ন অবস্থা, মানব জীবনের কর্ত্তব্য, ভক্তির বিচার, ধর্ম্ম ও অধর্ম্মের স্বরূপ বহু প্রকার মূর্ত্তি ও নানাবিধ কলা কৌশলের দ্বারা অতি সুন্দরভাবে প্রদর্শিত হইবে। জটিল ধর্ম্মতত্ত্ব অতি সরলভাবে লোকের বোধগম্য করিবার জন্য অপূর্ব্ব সুযোগ প্রদত্ত হইবে। প্রত্যহ প্রাতঃকাল ৯০ ঘটিকা হইতে রাত্রি ৯ ঘটিকা পর্য্যন্ত দ্বার খোলা থাকিবে। ইহার পরে সাধারণের প্রবেশাধিকার থাকিবে না। প্রদর্শনীর কোন প্রবেশ মূল্য নাই। সকলের যোগদান প্রার্থনীয়।

গত ১০ই আগষ্ট সন্ধ্যাকালে পেরিং কোলামের মিঃ বেণীসুন্দর নাইডু এফ, টি, এস, এস, এ, আই, এস, এস, পি, এস্ মহোদয় অনুচরবর্গ সমভিব্যাহারে মাদ্রাজ গৌড়ীয়-মঠে গমন করেন এবং ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিসুন্দর শ্রীধর মহারাজের শ্রীমুখে শ্রীচৈতন্যচরিতামৃত ব্যাখ্যামুখে শ্রীশ্রীচৈতন্যদেবের প্রচারিত সুবিমল সনাতন ধর্ম্মের কথা মনোযোগ সহকারে শ্রবণ করেন। পাঠের আদি ও অন্তে ভক্তবৃন্দ ঠাকুর ভক্তিবিনোদ-বিরচিত শরণাগতির গীতি সুললিতস্বরে কীর্ত্তন করেন। বাস্তবসত্যের কথা শ্রবণে তাঁহারা অতিশয় প্রীত হইয়া সানন্দে বিভিন্ন মহাপ্রসাদ সম্মান করেন।

গত ১২ই আগষ্ট তারিখে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিসুন্দর শ্রীধর মহারাজ ও ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিসুন্দর ভক্তিসারঙ্গ মহারাজদ্বয় সংকীর্ত্তনমণ্ডলীসহ পল্লীগ্রামে হরিকথা প্রচারার্থ গমন করিয়াছেন।

নীলাচলে শ্রীরথাগ্রে নৃত্য

(৮)

লীলাস্থলীয় ও মন্দিরী-বিলাসে শ্রীকৃষ্ণ চৈতন্য দুইটি পৃথক মূর্তিতে প্রকাশমান হইয়াছিলেন, তন্মধ্যে অতির নবঘনশ্যাম শ্রীগৌরাঙ্গের ভক্তবাঞ্ছা পূর্ণ করিতে সেই অচিন্ত্যশক্তি প্রকাশ পৃথক প্রেরোক সম্প্রদায়ে আপনাকে একই সময়ে প্রকাশিত করিয়া রাখিয়াছেন। প্রেরোক সম্প্রদায়ের কীর্তনীয়া ভক্তগণই মনে করিতে লাগিলেন, শ্রীগৌরাঙ্গ আমার প্রতি স্নেহাধিক্যবশতঃ এখানেই বিলাস করিতেছেন। একই সময়ে দুই কীর্তনের শ্রীকৃষ্ণচৈতন্যমহাপ্রভু সাত সম্প্রদায়ে নর্তন কীর্তন করিতেছেন। 'জয় জগন্নাথ' ও 'হরিবোল হরিবোল' ধ্বনিতে চতুর্দশ ব্রহ্মাণ্ডের শ্রীনীলাচলক্ষেত্রে টলমল করিতেছে। শ্রীমন্মহাপ্রভু মহাপ্রেমোন্মাদ মূর্তাকারণ দর্শনে শ্রীনীলাচলনাথ জগন্নাথদেব বিস্মিত হইয়া রথের গতি বন্ধ করিলেন। দ্রষ্টা ও দৃশ্য এখানে এক বস্তু হইলেও লীলাদেহের অসীম লীলাবৈচিত্র্যযুক্ত এই অদ্ভুত ব্যাপারের তাৎপর্য্য দেদীপ্যমান শ্রীগৌরাঙ্গদেবের কৃপায় রাজা প্রতাপরুদ্রের উপলব্ধি হইল। শ্রীনীলাচলের মহাসঙ্কীর্তন দর্শনে জগন্নাথদেব নিজ রথ স্থগিত রাখিয়াছেন। এই অদ্ভুত লীলামাহাত্ম্য দর্শনে বিস্মিতচিত্ত রাজা প্রতাপরুদ্র কাশীমিশ্রকে গূঢ় কথা বলিলেন এবং ভক্তসঙ্গের দ্বারা সার্ব্বভৌম ভট্টাচার্য্যকে এই আনন্দবার্ত্তা জানাইলেন। কাশীমিশ্র কহিলেন,—"রাজা, তোমার ভাগ্য অতি সুপ্রসন্ন।" মহারাজ প্রতাপরুদ্র পরম ভক্তিমান ছিলেন এবং রাজার দীনতা ও সেবাধর্ম্ম দর্শনে শ্রীকৃষ্ণচৈতন্যদেব পরিতুষ্ট হইয়া ব্রহ্মাদির দুর্লভ ও গুহ্য নিজরূপার রাজা প্রতাপরুদ্রকে অবগত করাইলেন। রাজার সৌভাগ্যে দেখিয়া সার্ব্বভৌম ও কাশীমিশ্র আনন্দাপ্লুতিত হইলেন। সপার্ষদ শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্র এইপ্রকারে লোকে কীর্ত্তনানন্দ বৃদ্ধি করে রথোপরি সমাসীন জগন্নাথের স্তব করিতে লাগিলেন। উদ্ধব কনকচম্পকবলিত শ্রীগৌরবিগ্রহের শ্রীঅঙ্গে নবীন সূত্রে প্রেমাক্ত হার কণ্ঠদেশে—সঙ্গে পুলকাবেশে রোমাঞ্চিত, শ্রীমুখচন্দ্র অশ্রুপ্লুত লোকে দীপ্তিতে জ্যোতিষ্মান। প্রাণনাথ শ্রীজগন্নাথের শ্রীপদপদ্মে নেত্রকুল সমুক্ত করিয়া স্তব পাঠ করিতেছেন,—

নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণহিতায় চ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ॥
জয়তি জয়তি দেবো দেবকীনন্দনোঽসৌ
জয়তি জয়তি কৃষ্ণো বৃষ্ণিবংশপ্রদীপঃ।
জয়তি জয়তি মেঘশ্যামলঃ কোমলাঙ্গো
জয়তি জয়তি পৃথ্বীভারনাশো মুকুন্দঃ॥"

এই স্তবকীর্ত্তন শ্রবণ করিয়া শ্রীজগন্নাথ দেব সুপ্রসন্ন হইলেন। এই বৃষ্টিবংশপ্রদীপ কৃষ্ণ জয়যুক্ত হউন। এই নবকলেবরকান্তি শ্যাম কোমল কৃষ্ণ জয়যুক্ত হউন। পৃথিবীর ভারহারী এই মুকুন্দ জয়শ্রী লাভ করুন।

"জয়তি জননিবাসো দেবকীজন্মবাদো
যদুবরপরিষৎস্বৈর্দোর্ভিরস্যন্নধর্ম্মম্।
স্থিরচরবৃজিনঘ্নঃ সুস্মিতশ্রীমুখেন
ব্রজপুরবনিতানাং বর্দ্ধয়ন্ কামদেবম্॥'

জনবাস দেবকীগর্ভ জন্মগ্রহণকারিরূপে খ্যাত, যদুবংশের সভাপতি, নিজ বাহুদ্বারা অধর্ম্মনাশকারী, স্থাবর জঙ্গমাদির পাপহারী, মধুর-হাস্য মুখের দ্বারা ব্রজপুরবনিতাদিগের কামবর্দ্ধনকারী কৃষ্ণচন্দ্র জয়যুক্ত হউন।" আরও বলিলেন,—

নাহং বিপ্রো ন চ নরপতির্নাপি
বৈশ্যো ন শূদ্রো
নাহং বর্ণী ন চ গৃহপতির্নো বনস্থো যতির্বা।
কিন্তু প্রোদ্যন্নিখিলপরমানন্দপূর্ণামৃতাব্ধে-
র্গোপীভর্ত্তুঃ পদকমলয়োর্দাসদাসানুদাসঃ॥

—অর্থাৎ আমি ব্রাহ্মণ বা ক্ষত্রিয় রাজা নহি। বৈশ্য বা শূদ্র নহি, ব্রহ্মচারী বা গৃহস্থ নহি, বানপ্রস্থ নহি, সন্ন্যাসীও নহি; কিন্তু উদ্ভাসিত অর্থাৎ স্বয়ং প্রকাশমান অমৃত বন্যা, নিখিলপরমানন্দপূর্ণ অমৃতরস-সমুদ্রের পরাবরেশ শ্রীকৃষ্ণচন্দ্রের পদকমলের দাসানুদাস। এইপ্রকার শ্লোকাবৃত্তি পুনঃক পুনঃ প্রণাম করিতেছেন। উদ্ধত নৃত্য ও হুঙ্কার করিয়া জগন্নাথচক্রবৎ ভ্রমণ করিতে লাগিলেন। জগন্নাথ অতি দ্রুতবেগে ঘূর্ণন করিলে অবিচ্ছিন্ন জগন্নাথ চক্রবৎ দৃষ্ট হয়; বাস্তবিক তাহা জগন্নাথ চক্র নহে। সেইরূপ উদ্ধত নৃত্যকীর্ত্তনকারী শ্রীমন্মহাপ্রভু একলবিগ্রহ হইয়াও সর্ব্বস্থানে ব্যাপকভাবে পরিলক্ষিত হইতেছিলেন। উদ্ধত নৃত্য-চঞ্চল শ্রীপদযুগল যে যে স্থানে পতিত হইতেছিল তথায় সাগর, সরিৎ, স্থাবর, জঙ্গমসহ ধরিত্রীদেবী টলমল করিতে লাগিলেন। স্বেদ, কম্প, স্তম্ভ, বৈবর্ণ্য, পুলক, অশ্রু ইত্যাদি অসংখ্য ভাবাবলী শ্রীঅঙ্গে উদ্ভাসিত, ক্ষণে ক্ষণে সেই রাসাভাবভাবিতস্থবলিত হেমময় গুরু আছাড় খাইয়া ভূমিতে গড়াগড়ি যাইতেছেন। শ্রীনিত্যানন্দ প্রভু গৌড়ীয়ের প্রাণনাথ শ্রীনীলাচলকে অতি ব্যস্ততার সহিত ধরিতে প্রয়াস পাইতেছেন। শ্রীকৃষ্ণবিরহকাতর-চিত্ত নিমাই ভূমিতে পড়িয়া যায়া পাইবেন, এই ভয়ে শ্রীনীলাচল দেবতাগণের নিকট প্রার্থনা করিতেছেন,—হে দেবগণ, আমার অঙ্কের নবীন জীবনধন নিমাইকে তোমরা রক্ষা কর। কখনও স্নেহপ্রবণা জননী জগতের ব্যাকুল আর্ত্তিতে কাঁদিয়া কাঁদিয়া ধরণীদেবীর নিকট বর চাহিতেছেন,—মা ধরি, আছাড়

শ্রীধাম-প্রসঙ্গ

শ্রীচৈতন্য মঠ

শ্রীচৈতন্যমঠের অন্তর্গতাঙ্গরূপে শ্রীগৌড়ীয় মঠ প্রভৃতি শ্রীচৈতন্যমঠ হইতে অভিন্ন শ্রীগুরুপাদপদ্ম। আমার ন্যায় সংসারকূপ-দুঃসমুদ্রে পতিত কামক্রোধাদি নক্রমকর দ্বারা আক্রান্ত জনগণের নিরীহিত নিরাশ্রয় জনগণের পরিত্রাণের জন্যই পতিতোদ্ধারণ জগন্মঙ্গলকর শ্রীচৈতন্যমঠের আবির্ভাব।

বিদ্যাতপোবিত্তকুলত্রিকুলৈঃ
সভাং গুণৈঃ ষড়ভিরসত্তমেতরৈঃ।
স্খলন্তি যত্রাকৃতমানদম্ভয়ঃ
পতন্তি নাধঃ কৃতমন্যুপক্রমাঃ॥
(ভাঃ ৩।১৯।২৭)

বিদ্যা, তপস্যা, ধন, শুদ্ধবংশ, সৌন্দর্য্য ও আভিজাত্য এই ছয়টী সাধুব্যক্তিদিগেরই গুণ; কিন্তু এই ছয়টীর আধার অসাধু ব্যক্তিগণের নিকট বিপরীত ফল প্রসব করিয়া থাকে। ঐ সকল গুণের দ্বারা অভিমান হয়, ঔদ্ধত্য অপরাধীদের বিবেকজ্ঞান লুপ্ত হয়। সুতরাং তাহারা অভিমানশূন্য হইয়া মহজ্জনের ভেজ বা ধাম দর্শন করিতে পারে না।

ন যত্র বৈকুণ্ঠকথাসুধাপগা
ন সাধবো ভাগবতাস্তদাশ্রয়াঃ।
ন যত্র যজ্ঞেশমখা মহোৎসবাঃ
সুরেশলোকোঽপি ন বৈ স সেব্যতাম্॥"
(ভাঃ ৫।১৯।২৪)

"সেখানে তোমার নাহি রসের প্রচার।
যথা নাহি বৈষ্ণবজনের অবতার॥
যেখানে তোমার যাত্রা মহোৎসব নাই।
ইন্দ্রলোক হইলেও তারা নাহি চাই॥"

অতএব হে বিপক্ষবান্ধব বৈষ্ণবগণ! আপনারা কৃপা করুন যেন শ্রীগুরুপাদপদ্মাশ্রিত শ্রীচৈতন্যমঠের ক্ষুদ্রাতিক্ষুদ্র রেণুকণা স্বরূপে নিত্যকাল নিত্যানন্দাশ্রিত শ্রীগুরু পাদপদ্মসেবায় জীবন উৎসর্গ করিতে পারি।

শ্রীমদ্ভাগবতে ৩।২৪।৩৪ টীকায় শ্রীল চক্রবর্ত্তিপাদ বলেন,—

"গুরোঃ সেবায়াং প্রবৃত্তঃ সিষাঃ শ্রবণ-কীর্ত্তনাদীনাপি যোগান্ তত্তদ্যান প্রেমানন্দাদপি গুরূন্ তত্তদ্বিত-বিবিক্ত-স্থলমপি নৈরাপেক্ষ্যত—শ্রীগুরুসেবৈব সুখেন সর্ব্বসাধ্য সিদ্ধ্যর্থমিত্যু-পদেশো ব্যঞ্জিতঃ।"

যৎকিঞ্চিৎ

শ্রীযুত কৃষ্ণপ্রসাদ দাস অধিকা মহোদয়ের শ্রীধাম পুরুষোত্তমক্ষেত্রস্থ শ্রীপু যোত্তম মঠের শ্রীমন্দিরের সেবাকার্য্যে য উৎসাহ দেখা যাইতেছে। তিনি শ্রীনিমা মাধবজীউর শ্রীমন্দির নির্ম্মাণের ইতঃপূর্ব্বেই পঞ্চ সহস্র মুদ্রা আহর করিয়াছেন এবং তাঁহারই প্রস্তাবিত ভূমি ও নিষ্কুপান পরমহংস পরিব্রাজকাচার্য্য শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বা মহারাজ শ্রীরথযাত্রাদিবস ভিত্তি প্র করিয়াছেন। শ্রীমন্দির নির্ম্মাণের ইতোমধ্যেই প্রস্তরাদি সংগৃহীত হইয়ে এবং শ্রীমন্দিরের কার্য্যও আরম্ভ হ গিয়াছে। আমরা আশা করি, শ্রীযুত কৃ প্রসাদ বাবুর সেবোৎসাহে উক্ত শ্রীমন্দি নির্ম্মাণকার্য্য সমাপ্ত দেখিতে পাইব।

---

(২)

(পূর্ব্ব প্রকাশিত ১৯৪ সংখ্যার পর

স্থানীয়লু—(আনন্দ সহকারে) "এ যাই বেশ,—তোর উত্তর শুনে বড় খ হ'লাম, আমারও ঐ কথা, তবে খুলে গুলো কথা বলি। আমি যখন স্কুলে সময় · · সচিত্রির ডলাস্টিলার হ'তে যে যার কাছে ক'রেছিলাম, তখনও দেখেছি 'হাঁছাড়া গ্রাম, জন্মাষ্টমী, 'বন বিহার' 'রা যাত্রা' সব গুলি পড়েই লক্ষ্য ক'রে দেখে যে, লোকের কাছ হ'তে পয়সা আ করবার জন্য সে সময়ে সহরে অনেক নূ নূতন 'যাত্রাওলী', 'আত্রাজীর আমদানী হ আর তারা যখন আসে তখন নিয়ে আ একটা ছোট পুঁটুলি—কি ছেঁড়া জুতি আর আমার উস্থল ক'রে ফিরে যা বেলা—'মালের' কি চমকারি। ছে মেয়েদের জন্য রেশমী ফ্রক, ব্লাউ ঘোলাপী ফিতে, সাবান, 'কুন্তল কুসুম', নিজেদের জন্য সংসারের 'তালছাক 'বেলছাকা' মাদুরের বড়শী, 'বুড়ি-চাল আনা-চিরুনী, ঢাকাই শাড়ী 'বেলোয় চুড়ি' ইত্যাদি কত কি কিনিয়া কি নূতন চমৎকার ট্রাঙ্কে বোঝাই ক'রে, হ ঠাকিয়ে চলে যায়। যেন যুদ্ধ জয় ক বিকনী বাঁয়ের দল দেশে ফিরছে। কে কোন 'যাত্রাওলী ঠাকুরের' হাতে আমার হ ক'রে 'ইলিশ' মাছ খুলোনো দে জিজ্ঞাসা করেছিলাম ও ঠাকুর, তুমি সেদিন হরি হরি বলে কত কাঁদলে, লো কে কত উপদেশ দিলে, এ আবার কাণ্ড! সে বললে—"দূর ছোকরা, এ আমার জন্য নাকিয়ে, বিড়ালটা উ ক'রে আছে, তুই কি বুঝবি পাব জীবের প্রতি দয়া করতে হয়, মাছ নে খাক পায় না, তার জন্য নিচ্ছি। দু জীব ত বটে।"

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীমদ্ভাগবত কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস প্রণীত মূল, শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ-কৃত তাৎপর্য্য-নিগমটীকা, শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-কৃত সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, সূচীপত্র ও বিষয়সূচী। প্রতি স্কন্ধের আরম্ভে সেই স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ অধ্যায়ের সারমর্ম্ম বিবৃত তাৎপর্য্যাদি বিবৃত। শ্লোকসূচী, বিষয়সূচী, অধ্যায়বিবরণ, পাঠ ও স্থানসূচীসহ উত্তম কাগজে উত্তম অক্ষরে মুদ্রিত। প্রথম হইতে ১০ম স্কন্ধ পর্য্যন্ত ছাপা সম্পূর্ণরূপে শেষ হইয়াছে। ভিক্ষা প্রথম হইতে ৯ম স্কন্ধ পর্য্যন্ত ১০।০, দশম স্কন্ধ ১৲ মাত্র ১০৲।

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত অনুভাষ্যে প্রতি পয়ারে বহু শাস্ত্রপ্রমাণ সন্নিবেশিত হইয়া প্রকাশিত হইয়াছেন। শ্লোকের সান্বয়ব্যাখ্যা, বঙ্গানুবাদও প্রত্যেক পয়ারের পৃষ্ঠে সন্নিবিষ্ট অভিনবে সন্নিবেশিত। প্রত্যেক অধ্যায়-প্রারম্ভে কথাসার দেওয়া আছে। শ্লোক, পয়ার, পদ, গান, পাদ প্রভৃতির পৃথক্ পৃথক্ সূচী ও গ্রন্থকারের সম্পূর্ণ জীবনী সন্নিবেশিত এরূপ অনুপম সংস্করণ ইতঃপূর্ব্বে কোথাও প্রকাশিত হয় নাই। উত্তম কাগজে পরিপাটীরূপে ও ফুল ক্রাউনের মুদ্রণে মুদ্রিত হইয়াছে। গ্রন্থ প্রায় ১০০০ পৃষ্ঠায় সম্পূর্ণ ভিক্ষা একমাত্র ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত সূচীপত্র ভাষা, শব্দসূচী, পয়ারসূচী, বিষয়-স্থান-পাত্রাদি-সম্বন্ধে বিবিধ বিষয় সন্নিবেশ বিরাট দ্বিতীয় সংস্করণ রয়াল ক্রাউন ৺ পেজী আকার। আদিলীলা ও মধ্যের কিয়দংশ প্রকাশিত হইয়াছেন। ক্রমে ক্রমে প্রকাশিত হইতেছেন। অগ্রিম ভিক্ষা ৫৲ টাকা, আদি লীলার ভিক্ষা ৫৲।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের এরূপ অভিনব সুন্দর সংস্করণ আর কুত্রাপি প্রকাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকাংশের অন্বয়, বঙ্গানুবাদ, কথাসার, সূচী প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। মূল মোটা অক্ষরে ডবল ক্রাউন আটপেজী আকারে ছাপা হইয়াছে। মূল্য ২৲ টাকা। নদীয়া প্রকাশ ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১৲ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

—শ্রীগৌড়ীয় বৈষ্ণবাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিঠাকুর গোস্বামিকৃত সারার্থবর্ষিণী টীকাসমেত ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'প্রকাশ' নামক ভাষ্যানুযায়িনী। অধ্যায়সূচী, শ্লোকানুক্রমণিকা-সূচী, বিষয়-সূচী, গ্রন্থকারের জীবনী ও অবতরণিকা-ভাষ্যসহ-সহ উৎকৃষ্ট বাঁধাই সুন্দর সংস্করণ—এই গ্রাহকগণের ভিক্ষা ২৲ টাকা মাত্র, সাধারণ সংস্করণ—১৲ টাকা মাত্র

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের যে অমিয়া বাণীসমূহ ভক্তিসিদ্ধান্তপ্রকাশিনী ভক্তি-কাঙ্ক্ষিনন্দাদিনী ভক্তি-বাধিনী দুষ্কৃতি-নিঘ্নী—বৈষ্ণবদীক্ষা-বন্ধুমালাকে কোস্তুভমণি—সম্প্রদায় বৈভববিজ্ঞানাগারের মৌলিক সূত্র—গৌড়ীয় ও ভাগবতের সমন্বয় ভূত—মহাজন-জীবনচরিত-শিক্ষক চিত্তবিলাসচমৎকার-অচিন্ত্যাত্ত-বিচারক—ঐতিহ্য ও মহাজনবাক্যের মৌলিক গবেষণার—সমুদ্ধ, অমিয়ের ও প্রয়োজন তত্ত্বের সিদ্ধান্ত-সমূহ।

রোগী দেখাইতে হইবে। অগ্রিম পাথেয় সহ (যাতায়াত এবং আহার) পাঠাইলে নিজ বাটীর নিকট অথবা এখানে আসিলে রোগী দেখিয়া ঔষধ দেওয়া হয় আরোগ্য না হওয়া পর্য্যন্ত পারিশ্রমিক নিতে হইবে না। গরীব রোগীদের খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়। বিস্তারিত বিবরণের জন্য এক আনার ডাক টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীকিতীশচন্দ্র উকীল, যক্ষ্মা-চিকিৎসক, পোঃ বৈকাশী, বরিশাল।

অথবা নিম্ন ঠিকানায় সাক্ষাৎ করিয়া বিস্তারিত জানিতে পারেন।

শ্রীযুক্ত রামগোপাল বসু এম, এ, কৃষ্ণনগর, নদীয়া। শ্রীযুক্ত কবিরাজ বিনোদ, ১১৭, বেণিয়াটোলা ষ্ট্রীট, হাটখোলা, কলিকাতা।

একখানি পত্র! আমার স্ত্রীপুত্র গত ৬ মাস যাবৎ রাজ যক্ষ্মায় ভুগিয়া মৃতপ্রায় হইয়াছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাহার জীবনের আশা ত্যাগ করিয়া শেষ মুহূর্ত্তের জন্য অপেক্ষা করিতেছিলেন এই সময় শ্রীযুক্ত কিতীশচন্দ্র উকিল মহাশয় মাত্র ১০ দিন চিকিৎসা করিয়া সম্পূর্ণ আরোগ্য করিয়া দিয়াছেন। (সাঃ) শ্রীবীরেন্দ্র বিনোদ রায় চৌধুরী (জমিদার পালিয়া) ৪নং ষ্ট্রীট, নিউ বিল্ডিং। ৬নং পোলক ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার—গ্রন্থবিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেন গ্রাহকগণ

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কসের

এত প্রশংসা করেন

—কারণ—

এখানে যাবতীয় ছাপার কার্য্য—

গ্রন্থাদির কার্য্যই বলুন,

বিবাহের নিমন্ত্রণ পত্র, কার্ড, বিবাহের পদ্যই বলুন,

আর ৩ রং ও ৪ রংএর হাফটোন ব্লকই বলুন, সকল কার্য্যই অতি সত্বর ছাপা হয়, অথচ ছাপাইবার খরচ বাজার অপেক্ষা সুলভ।

আপনার কিছু ছাপার কার্য্য থাকিলে নিম্নঠিকানায় জানাইলেই দর পাইবেন।

ম্যানেজার - গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

২৪৯১ নং আপার সার্কুলার রোড, কলিকাতা

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে—ভক্তিকুসুম শ্রমণ মহারাজ কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

কাশী ডাকলুটের মামলা

রামদেব পরাই, নন্দী ও জয়নারায়ণ ত্রিবিধির ৩৯৭ ধারা অনুসারে দায়রা সোপর্দ হইয়াছিল। তাহাদের বিরুদ্ধে অভিযোগ ছিল—কতিপয় ডাক কর্মচারী সহ করিয়া চার মাইল যাইবার সময় তাহারা তাহাদিগকে আক্রমণ করে। তাহারা জখম সুরীতের সজ্ঞানাদিসমেত অভিযোগ গ্রহণ করিয়া আসামীদিগকে মুক্তি দিয়াছেন।

দক্ষিণ ভারতে ট্রেণ দুর্ঘটনা

মাদ্রাজ ও দক্ষিণ মহারাষ্ট্র রেলওয়ের চীফ ট্রাফিক সুপারিন্টেণ্ডেণ্ট জানাইতেছেন যে, গত ৮ই আগষ্ট ডোন্দার ষ্টেশনে ৯৫ আপ মালগাড়ী খানির ইঞ্জিন পাল্টাই করিবার জন্য পাঠাইতে বিচ্ছিন্ন করা হইলে যেমখানি গাড়ী একযোগে দ্রুতবেগে নিম্নদিকে ধাবিত হইয়া লাইনের বাঁধে আটকাইয়া উল্টাইয়া যায়। গার্ডের গার্ড, ব্রেকম্যান ও ডোন্দার ষ্টেশনের একজন পয়েন্টম্যান দুর্ঘটনার ফলে আহত হইয়াছে।

কাথীতে হাফ্যাভিষেকের উৎসব

রেলওয়ে হইতে প্রকাশ যে, ১৯শে আগষ্ট নূতন মহারাজ শ্রীযুত আদিত্যনারায়ণ সিংহের রাজ্যাভিষেক উৎসব মহাসমারোহে সম্পন্ন হইয়া গিয়াছে। এতদুপলক্ষে দরবারের মহারাজকে অভিনন্দন দেওয়া হয়।

মহারাজা আদিত্যনারায়ণ সিংহের রাজ্যাভিষেক উপলক্ষে ঘোষণা করিয়াছেন যে, তাঁহার রাজ্যে সকল প্রাথমিক শিক্ষা ও ইংরেজী বিদ্যালয়ের বেতন অর্ধেকরূপে করা হইবে।

অতিরেক উপলক্ষে মহারাজা এক লক্ষ টাকা উপঢৌকন প্রদান করিয়াছেন।

পলাতক আসামী ধৃত

আমেদনগর ডাক লুটের সম্পর্কে গ্রেপ্তার পূর্ব নামক পলাতক ব্যক্তিকে গত ১৮ই আগষ্ট করিতে কলিকাতা হইতে গ্রেপ্তার করিয়া পুনা মেলে সহকারে আনা হইয়াছে। উক্ত ডাকলুট গত জানুয়ারী মাসে হয়।

এই মামলার অপর আসামী শিনাকী-জন নাগ ইতিপূর্বে ২ বৎসরের সশ্রম কারাদণ্ডে দণ্ডিত হইয়াছে।

বর্দ্ধমান জনসভায় বন্যার সাহায্যের ব্যবস্থা।

উত্তর ও পূর্ববঙ্গে বন্যাপ্লাবিত অঞ্চলের দুঃস্থদিগের সাহায্যের উপায় নির্দ্ধারণের জন্য গত ১৮ই আগষ্ট টাউনহলে একটি জনসভার অধিবেশনে শ্রীযুক্ত শ্রীঃর্ষ মুখোপাধ্যায় সভাপতির আসন গ্রহণ করেন। একটি প্রতিনিধিমূলক সমিতির অর্থ সংগ্রহ উদ্দেশ্যে শ্রীযুক্ত শ্রীঃর্ষ মুখোপাধ্যায়কে সভাপতি ও শ্রীযুক্ত যাদবেন্দ্রনাথ পালকে সম্পাদক নির্ব্বাচিত করা হইয়াছে।

সভায় একটি প্রস্তাবানুযায়ী সভাপতি ও অপর কয়েকজন বিশিষ্ট ব্যক্তিকে ১৯১৩ সালে গঠিত বর্দ্ধমান সাহায্য সমিতির সভাপতি মিঃ ম্যাকিনটোষের সহিত সাক্ষাৎ করিয়া উক্ত অর্থ হইতে যথেষ্ট পরিমাণ বস্ত্র পীড়িতদের সাহায্যকল্পে তাঁহাকে অনুরোধ করিবার ক্ষমতা দেওয়া হইয়াছে।

স্পেনের নূতন শাসনতন্ত্র

মাদ্রিদ হইতে প্রকাশ যে, গত ১৭ই আগষ্ট রাত্রিকালে স্পেনের নূতন শাসনতন্ত্র প্রকাশিত হইয়াছে, ইহাতে বলা হইয়াছে, জাতীয় আর্থরক্ষার জন্যে সকলই সুষ্ঠু পরিচালন করিতে হইবে, সম্পত্তির উপর রাষ্ট্রশক্তি অধিকার রক্ষা করিতে হইবে। পার্লামেণ্ট মহাসভা দুই অংশে বিভক্ত হইবে না এবং নিম্ন অংশের এমন কয়েকটি সংশোধনমূলক ব্যবস্থা করা হইয়াছে, যাহার ফলে প্রজাতন্ত্রের প্রেসিডেণ্ট পার্লামেণ্টের উপর আধিপত্য বেশীরূপে পরিচালনা করিতে পারিবেন। পক্ষান্তরে স্পেনের পার্লামেণ্টের ও প্রজাতন্ত্রের প্রেসিডেণ্টের উপর প্রভুত্ব করিবার ক্ষমতা থাকিবে না।

এতদ্ব্যতিরেকে প্রজাতন্ত্র-দলেই এই ঐক্য করিলেই তাহার দলকে ভাঙ্গিয়া দিবার অভিপ্রায়ে নির্ব্বাচকমণ্ডলীর মতামত গ্রহণ করিতে পারিবে।

সর্দ্দার খড়্গ সিং

লাহোর হইতে প্রকাশ যে, সর্দ্দার খড়্গ সিং ও ২৯ জন স্বেচ্ছাসেবক ভাস্কর দোকান দখলের সম্পর্কে লিয়ালকোটের ম্যাজিষ্ট্রেট মিঃ আবদাস সাবাদের বেঞ্চের ২ সপ্তাহের বিনাশ্রম কারাদণ্ড ও ২৫ টাকা জরিমানায় অর্থদণ্ডে দণ্ডিত হইয়াছেন। জরিমানা দিতে অক্ষম হইলে আরও ২ সপ্তাহ করিয়া কারাদণ্ড ভোগ করিতে হইবে। সর্দ্দারজীকে ডি গ্রেণীতে ও অন্যান্যদিগকে সি গ্রেণীতে দেওয়া হইয়াছে।

হুগলী জেলা বোর্ডের অনুরোধ

চুচুড়া হইতে প্রকাশ যে, হুগলী জেলা বোর্ড বর্দ্ধমান বিভাগের কমিশনারের নিকট বলরূপ ধনন ও মেরামতের জন্য এক সঙ্গে ৫০০ শত টাকার সাহায্য না অধিকে রাখার ব্যবস্থা করিবার জন্য এক অনুরোধ করিয়াছেন।

কুমিল্লায় গাড়োয়ান ধর্ম্মঘট

কুমিল্লার অশ্বচালিত ভাড়াটিয়া শকটের চালকগণ গত ৩ দিন যাবৎ ধর্ম্মঘট করিয়াছে। চালকবৃন্দ যাত্রী আনয়ন করিবার জন্য ষ্টেশনে গমন বন্ধ করিয়াছে, রেল কর্তৃপক্ষ ইহার কারণ সম্যক অবগত আছেন। তাহারা ষ্টেশন প্রাঙ্গণের বাহিরে গাড়ী দাঁড় করাইবার ব্যবস্থা করিয়াছে। পুলিস গত ১৮ই আগষ্ট তাহাদের মধ্যে প্রায় ৩০ জনকে পুলিস-আইন ভঙ্গের অপরাধে গ্রেপ্তার করিয়াছে। প্রকাশ, শকটচালকগণ ষ্টেশন-প্রাঙ্গণের নিকটে গাড়ী দাঁড় করাইবার জন্য মিউনিসিপ্যাল কর্তৃপক্ষের নিকট আবেদন করিয়াছে এবং তাহাদের অভিযোগ সম্বন্ধে প্রতিকার না হওয়া পর্য্যন্ত ধর্ম্মঘট চলিবে জানাইয়াছে।

গান্ধীজীর সিদ্ধান্ত

নাগপুর হইতে প্রকাশ যে, প্রাদেশিক কংগ্রেস কমিটীর সভাপতি ব্যারিষ্টার ষ্টুয়ার্ট এম, পি, অহিংসকের সহিত সাক্ষাৎ করা হইলে তিনি গান্ধীজীর সিদ্ধান্ত সমর্থন করিয়া বলেন যে, উচ্চপদস্থ ব্যক্তির জন্য তাঁহাদের চাকরীর নিকে চাহিয়া থাকিবার কোন কারণ নাই তাঁহারা যাহা কিছু চাহেন, তাহা ভারতবর্ষের আছে। তাঁহারা এরূপ যেন মনে না করেন যে, লণ্ডন হইতে কেহ কিছু আনিতে পারিবেন। শ্রীযুত অহিংসক বলিয়াছেন যে, ইহাই কংগ্রেস আন্দোলনের সত্যাকার মূল কথা।

রাচিতে গ্রেপ্তার

বড়লাটের আগমন উপলক্ষে স্থানীয় পুলিস কর্ম্মচারী বোমেকেশের নিষেধ-ক্রমে গত ১৮ই আগষ্ট প্রাতে ৯টায় বঙ্কিমচন্দ্র মজুমদার নামক এক যুবককে আগাসিবাদে হোটেল হইতে গ্রেপ্তার করিয়াছে। গ্রেপ্তারের কারণ এখনও জানা যায় নাই। এখানে গত ১৪ দিন যাবৎ অবস্থান করিতেছিলেন। তাঁহার জিনিষপত্র তল্লাস করা ও থানায় লইয়া যাওয়া হইয়াছে। তাঁহাকেও থানায় আটকাইয়া রাখা হইয়াছে।

জালমুদ্রা প্রস্তুতের মামলা

পাটনা হইতে প্রকাশ যে, মসিরগঞ্জের শ্যামবেনান সোনার ও চুণী সোনার নামক দুই ব্যক্তি জাল মুদ্রা প্রস্তুত তৎসংক্রান্ত সরঞ্জামাদি রাখিবার অপরাধে ভারতীয় দণ্ডবিধি আইনের ২৩২, ২৩৩ ও ২৩৩ ধারানুযায়ী অভিযুক্ত হয়। ১৮ই আগষ্ট সরকারী দায়রা জজ মাসের তুষারেশ্বর পাকে এই মামলার রায় প্রদান করিয়াছেন।

সরকারী দায়রা জজ, এসেসরগণের সর্ব্ববাদিসম্মত সিদ্ধান্তের সহিত একমত হইয়া চূড়ান্তে সমস্ত অভিযোগের দায় হইতে অব্যাহতি দিয়াছেন। কি রামখেলাবনের সম্বন্ধে তাঁহাদের মতভেদ উপস্থিত হয়। রামখেলাবন সকল অভিযোগেই দোষী সাব্যস্ত হওয়ায় বিচারক তাহাকে ভারতীয় দণ্ডবিধি আইনের ২৩২ ধারানুসারে ৩ বৎসর কঠোর কারাদণ্ড এবং উক্ত আইনের ২৩৩ ও ২৩৩ ধারানুযায়ী ২ বৎসর কঠোর কারাদণ্ডের আদেশ দিয়াছেন; উভয় দণ্ড একসঙ্গে চলিবে।

রেঙ্গুনে দুর্ভিক্ষের আশঙ্কা

ব্রহ্মদেশের বহির্ভাগে লঙ্কা লাঙ্গল হইতেছে বলিয়া ও মালদহ চেলা দুর্ভিক্ষ দেখা দিবার আশঙ্কা করিয়াছে।

সাহায্য দানের ব্যবস্থা করার জন্য সাধারণ ও প্রবীণগণের সম্মতি এক সভা হইয়া গিয়াছে। উক্ত সভায় "কমিটি" গঠিত হইতে যাইয়া অবশেষে কমিটি কিম্বা অন্য কোন কার্য্যে যোগ দিতে অস্বীকার করিয়াছেন। আমদানী বন্ধ করাতেও সাহায্য না দেওয়ার ব্যবস্থা করিবার জন্য সরকারের নিকা দাবী জানান হইয়াছে। কর্তৃপক্ষ অনাহারে মরিতে বসিয়াছেন।

ব্যাঙ্কের নোট অপহরণে আসামী দণ্ডিত

গত বৎসর আগষ্ট, ১৯১৯ খৃষ্টাব্দের আগষ্ট মাসে এলাহাবাদে ব্যাঙ্ক হইতে ১৪ হাজার কলেক্সী নোট অপহৃত হয়। বর্ত্তমান বৎসরে ফেব্রুয়ারী মাসে আগ্রা, ঐ সকল নোটের কিয়দংশ সেণ্ট্রাল ব্যাঙ্ক অব ইণ্ডিয়ায় এলাহাবাদ ব্যাঙ্কের সরকারী কাগজের শ্রীযুত কানাইলাল ঝিপানের নামে আমানত করা হয়। পরে তাঁহাকে গ্রেপ্তার করিয়া কলিকাতার চীফ প্রেসিডেন্সি ম্যাজিষ্ট্রেটের আদালতে বিচারার্থ আনয়ন করা হয়। ম্যাজিষ্ট্রেট গত ২০শে আগষ্ট উক্ত মামলায় বিচার তাঁহাকে অপরাধী সাব্যস্ত করিয়া ১ বৎসর সশ্রম কারাদণ্ড ও ৫ শত টাকা অর্থদণ্ডে দণ্ডিত করিয়াছেন। জরিমানার টাকা অনাদায়ে তাঁহাকে আরও ৬ মাস সশ্রম কারাদণ্ড ভোগ করিতে হইবে।

Reg No C.1544

দৈনিক নদীয়া-প্রকাশ

ভারতের বহুল-প্রচার—নদীয়া জেলার এক মাত্র মুখপত্র

৬ষ্ঠ খণ্ড] সম্পাদক- অতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেদান্তবাচস্পতি [৪র্থ সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—৮ই ভাদ্র মঙ্গলবার.

নানা কথা

ব্রহ্মে এখনও আতঙ্ক

রেঙ্গুণ হইতে প্রকাশ যে, এখনও থারাওয়াডি হেনজাদা পাইয়েটমাইও প্রোম ও টুঙ্গু জিলা হইতে ডাকাতির সংবাদ পাওয়া যাইতেছে। থাইয়েটমাইও জিলায় ৩টি ডাকাতির মধ্যে একস্থলে নরহত্যা হইয়াছে। অপর একটী স্থলে ডাকাতেরা ২ জন পল্লীবাসীকে প্রতিভূ-স্বরূপ ধরিয়া লইয়া গিয়াছিল। পরে তাহাদিগকে ছাড়িয়া দেওয়া হইয়াছে।

ইনসিন জিলায় কয়েকজন বিদ্রোহী আত্মসমর্পণ করিয়াছে।

কেবল মুসলমান সম্মেলন

তেলীচেরী হইতে প্রকাশ যে বাবস্থা পরিষদের সদস্য মিঃ কামাল মহম্মদের সভাপতিত্বে ২২শে আগষ্ট টাউন হলে প্রথম কেরল মুসলমান সম্মেলনের উদ্বোধন হইয়াছে। কতিপয় হিন্দুও উহাতে যোগদান করিয়াছিলেন।

দুইখানি জাহাজ জলমগ্নে পাঁচ শত লোকের প্রাণনাশ

সাংহাই হইতে প্রকাশ যে, কোরিয়ার উপকূলে প্রবল ঝটিকাবর্ত্ত হইয়া গিয়াছে। এই ঝটিকাবর্ত্তে আন্দাজ পাঁচশত লোকের প্রাণবিয়োগ ঘটিয়াছে। উহাদিগের মধ্যে কয়েকজন য়ুরোপীয়ানও আছে।

রেডাক-বার্ত্তায় জানা গিয়াছে 'সিপয়' নামক ইংরাজ জাহাজ হইতে কোয়াসাং নামক ইংরো-চায়না ষ্টীম ন্যাভিগেশন কোম্পানীর ২২৮৩ টন ভারবাহী জাহাজ কুবি দ্বীপের নিকট ডুবিয়া গিয়াছে।

ব্রহ্মে এখনও আতঙ্ক

পিকেটিংয়ে ৬ জন স্বেচ্ছাসেবক দণ্ডিত

কেবল মুসলমান সম্মেলন

কাঁথি বিচ্ছেদ বিরোধী কমিটীর অধিবেশন

বিমান আবিষ্কারকের মৃত্যু

রাজপ্রতিনিধির নিকট গান্ধীজীর তার

খাদ্যদ্রব্যে ধুতুরা বিষ

জেল বয়ন-শিক্ষকের গৃহ তল্লাস

প্রবীণ উকীলের মৃত্যু

শ্রীহট্টে জাতীয় পতাকা উত্তোলন

জাহাজ খানিতে পঞ্চাশ জন লোক ছিল। পঞ্চাশ জনের মধ্যে মাত্র তিন জনের জীবনরক্ষা হইয়াছিল। কিন্তু পরে চীনা খালাসীর হস্তে পতিত হইয়াছে।

কুবী দ্বীপের নিকট সাগরজলে কয়েকটি মৃতদেহ ভাসিতে দেখা গিয়াছে। বোধ হয় উপকূলবাহী আর একখানি স্টীম জাহাজও জলমগ্ন হইয়াছে। এই জাহাজে তিনশত জন চীনা ছিল। উহাদের মধ্যে ২০০ জন চীনাকে খুঁজিয়া পাওয়া যাইতেছে না

জনসভায় ডাক্তার চৈথরাম

হায়দ্রাবাদে এক জনসভায় সিন্ধু প্রাদেশিক কংগ্রেস কমিটীর সভাপতি ডাক্তার চৈথরাম বর্ত্তমান অবস্থা সম্বন্ধে বক্তৃতা করেন। গোলটেবিল বৈঠক বর্জ্জন সম্বন্ধে কংগ্রেস ওয়ার্কিং কমিটীর সিদ্ধান্ত ব্যাখ্যা করিয়া তিনি শ্রোতৃবৃন্দকে অহিংসা ও চুক্তি সর্ত্ত পালন করিতে বলেন। এবং নির্দ্দেশ না পাওয়া পর্য্যন্ত তিনি সকলকে কংগ্রেসের গঠনমূলক কাজ করিয়া যাইতে বলেন।

সিন্ধু প্রাদেশিক কংগ্রেস কমিটী আগামী ৩০শে আগষ্ট সকল কংগ্রেস প্রতিষ্ঠানকে জাতীয় পতাকাদিবস পালন করিতে বলিয়াছেন।

যুত বিপিন গাঙ্গুলী গ্রেপ্তার

গত ২২শে আগষ্ট শনিবার সকালে ১৫ নং শাখারী টোলা লেনস্থ বাসভবন হইতে ফৌজদারী ফতবিধি আইনের ৪৪ ধারা অনুসারে ২৪ পরগণা জেলা কংগ্রেস কমিটীর সভা ও এবং কলিকাতা কর্পোরেশনের অন্যতম কাউন্সিলার শ্রীযুক্ত বিপিনবিহারী গাঙ্গুলী মহাশয় সদেহক্রমে গ্রেপ্তার হইয়াছেন। পরে তাঁহাকে ইলিসিয়াম হাউসে অবস্থিত খোয়েন্দা পুলিসের আড্ডায় লইয়া যাওয়া হয়।

প্রকাশ, রামকৃষ্ণ বিশ্বাসের ফাঁসীর সম্পর্কে গত সপ্তাহে ওয়েলিংটন স্কোয়ারের সভায় সভাপতিত্ব করার জন্যই শ্রীযুক্ত গাঙ্গুলী মহাশয়কে গ্রেপ্তার করা হইয়াছে।

বিমান আবিষ্কারকের মৃত্যু

প্যারিস হইতে প্রকাশ যে, সর্ব্ব-প্রথম বিমান আবিষ্কারক এম, মরিস ফ্লেমেণ্ট বেলাড আকস্মিক আঘাতে প্রাণ হারাইয়াছেন।

গুলীর আঘাত নিজের হাতেই হইয়াছে। একটা বন্দুক পরীক্ষা করিতে গিয়া হঠাৎ গুলী বাহির হইয়া যায় এবং সেই আঘাতেই বেলাডের প্রাণবায়ু বহির্গত হইয়া যায়।

শ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার জক

পরিব্রাজকগণের নাম	বর্ত্তমান ঠিকানা	পরিব্রাজকগণের নাম	বর্ত্তমান ঠিকানা
১। শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ	কলিকাতা	৮। শ্রীভক্তিরূপ পুরী	কটক
২। শ্রীভক্তিবিবেক ভারতী	কলিকাতা	৯। শ্রীভক্তিস্বরূপ পর্ব্বত	ময়ূরভঞ্জ
৩। শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম	শ্রীমায়াপুর	১০। শ্রীভক্তিবিলাস গভস্তিকেমি	কলিকাতা
৪। শ্রীভক্তিপ্রকাশ অরণ্য	কলিকাতা	১১। শ্রীভক্তিরঞ্জন ভক্তিসার	মাদ্রাজ
৫। শ্রীভক্তিহৃদয় বন	কলিকাতা	১২। শ্রীভক্তিরক্ষক শ্রীধর	মাদ্রাজ
৬। শ্রীভক্তিসর্ব্বস্ব গিরি	অমৃতসর	১৩। শ্রীভক্তিভূদেব শ্রৌতী	শ্রীমায়াপুর
৭। শ্রীভক্তিবৈষ্ণব সাগর	ব্রাহ্মণপাড়া	১৪। শ্রীভক্তিপ্রসূন বোধায়ন	বালেশ্বর

শুদ্ধভক্তিমঠসমূহ

শ্রীচৈতন্য মঠ

আকর মঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীধাম মায়াপুর, নদীয়া

এই মঠরাজ পারমার্থিক দৈনিকপত্র, সাহিত্য-সম্প্রদায়ের আকরস্বরূপ ও প্রাচীন গ্রন্থরাজি প্রচারকেন্দ্র 'নদীয়া-প্রকাশ' যন্ত্রের প্রতিষ্ঠিত হইয়াছেন এখানে প্রতিবৎসর শ্রীধাম-পরিক্রমানুষ্ঠান ও অগণিত ভক্তসংঘটিত কীর্ত্তন প্রভৃতিমুখে মহামহোৎসবাদি ভক্তাঙ্গ অনুষ্ঠিত হইয়া থাকে। রক্ষক—ব্রহ্মচারী শ্রীপাদ নরহরিজী। সহকারী—ব্রহ্মচারী পণ্ডিত শ্রীপাদ গৌরদাস কাব্যব্যাকরণতীর্থ, শ্রীবংশীধর, শ্রীপাদ দীনবন্ধু, শ্রীপাদ নন্দগোপাল, শ্রীসীতানাথ, শ্রীঅর্জ্জুন, শ্রীমধুগোপাল, শ্রীমুকুন্দ প্রভৃতি ভক্তবৃন্দের, ভক্তিপর, ভেকধারিণী প্রভৃতি।

(৩) যোগপীঠ শ্রীমন্দির

রক্ষক—লোকনাথানন্দ গোস্বামী ভট্টাচার্য্য প্রভু শ্রীমহাবীর। সহকারী শ্রীবিজ্ঞানানন্দ ব্রহ্মচারী, শ্রীরাধাবিনোদ ভক্তিভূষণ, শ্রীবাসুদেব ব্রহ্মচারী। শ্রীপাদ রাধা অধিকারী, ভেকধারী শ্রীদীননাথ।

(৪) শ্রীবাস-অঙ্গন

রক্ষক—শ্রীলক্ষ্মীকুমার ব্রহ্মচারী।

(৫) অদ্বৈত-ভবন

রক্ষক—শ্রীমুকুন্দেন্দু ভট্ট চার্য্য, শ্রীগোকুলদাস বাবাজী।

(৬) কাজীর সমাধিপীঠ

প্রাচীন মায়াপুর, বামনপুকুর (নদীয়া)

রক্ষক—ব্রহ্মচারী শ্রীবিনোদবিহারী।

(৭) আনন্দ সুরভি-কুঞ্জ

শ্রীযোগপীঠ, স্বরূপগঞ্জ (নদীয়া)

রক্ষক—ভক্তিকুসুম ডাক্তার ব্রহ্মচারী কৃষ্ণকান্তজী এল, এম, এফ।

(৮) শ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ

ময়মনসিংহ।

রক্ষক—শ্রীযুক্ত ভক্তিপাণ্ডী এম, এ, বি, এল, সহকারী—শ্রীউদ্ধবদাস ভক্তিপাণ্ডী, শ্রীউরুক্রম অধিকারী প্রভৃতি।

(৯) শ্রীগৌর-গদাধর-মঠ

চাঁদপাড়ী, সমুদ্রগড়, (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেরাম ব্রহ্মচারী, ভক্ত শ্রীনীলমণি দাস।

(১০) শ্রীরূপগৌড়ীয়-মঠ

কটোয়া, প্রয়াগ ঘাট, পি

রক্ষক—শ্রীসর্ব্বেশ্বরানন্দ ব্রহ্মচারী

(১১) শ্রীমাধবেন্দ্রমন্দির

মাটিয়ারি, জাগ্রণ, বর্দ্ধমান।

রক্ষক—শ্রীবংশীবিহারী ব্রহ্মবাসী, ভক্ত শ্রীগদাধর।

(১২) ভাগবত আসন

শ্রীভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।

রক্ষক—শ্রীকৃষ্ণানন্দ ব্রহ্মচারী ভক্তিপাণ্ডী

(১৩) শ্রীপ্রকাশন মঠ

গোবিন্দপুর, হালিশহর, নদীয়া।

রক্ষক—শ্রীমধুসূদানন্দ ব্রহ্মচারী। সহকারী শ্রীবলিদাস ব্রহ্মচারী, শ্রীমধুগোপাল দাস অধিকারী, ভক্ত বিশ্বনাথ।

(১৪) শ্রীমাধব-গৌড়ীয় মঠ

২০নং নবাবপুর রোড, ঢাকা।

রক্ষক—শ্রীরাধাবল্লভ ব্রহ্মবাসী, শ্রীপাদ সুন্দরানন্দ পরিব্রাজিনোদ বি-এ, শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী, শ্রীপতিতপাবন ভক্ত।

(১৫) শ্রীগোপালজী মঠ

কমলাপুর, ঢাকা।

রক্ষক—শ্রীবনমালাদাস ব্রহ্মচারী

(১৬) শ্রীগদাই-গৌরাঙ্গ মঠ

রক্ষক—শ্রীপূর্ণপ্রজ্ঞ ব্রহ্মচারী, শ্রীমতিলাল ব্রহ্মচারী

(১৭) শ্রীভাগবতজনানন্দ মঠ

চিকলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।

এখানে শ্রীরূপ-গোরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীর নিত্যসেবা বর্ত্তমান। রক্ষক—ব্রহ্মবাসী শ্রীরূপপদ্মলোচনজী।

(২) শ্রীগৌড়ীয় মঠ

১৬ নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

টেলিফোন বি, বি, ৪১১৫

মঠরক্ষক—আচার্য্যরত্ন শ্রীপাদ কৃষ্ণকিশোর বিদ্যাভূষণ। সহকারী—পণ্ডিত শ্রীপাদ অনন্তবাসুদেব পরিব্রাজকপ্রবর বি-এ, শ্রীপাদ ব্রাহ্মচারী ব্রহ্মচারী, শ্রীপাদ জগদ্বান্ধব ব্রহ্মাধিকারী বি-এ, ব্রহ্মচারী শ্রীকীর্ত্তনানন্দ, ব্রহ্মচারী শ্রীগোরীমোহন, ব্রহ্মচারী শ্রীমধুসূদনানন্দ, পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ পরিব্রাজকাচার্য্য ভক্তিপ্রসাদ সম্প্রদায়বৈষ্ণবাচার্য, শ্রীঅমরজ্ঞানদাসাধিকারী বি-এ, শ্রীভবভঞ্জনদাসাধিকারী বি-এল, শ্রীঅমূল্যধন মহাপাত্র, শ্রীবিশ্বপুর ব্রহ্মচারী, শ্রীরূপগোবিন্দ ব্রহ্মচারী প্রভৃতি।

(১৮) আমলাযোড়া প্রপন্নাশ্রম

রাজবাঁধ পোঃ বর্দ্ধমান।

রক্ষক—স্থবাসী শ্রীগতিগোবিন্দ।

(১৯) শ্রীপুরুষোত্তম মঠ

কটক, পুরী, উড়িষ্যা।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমানন্দ বিদ্যারত্ন, ব্রহ্মচারী শ্রীনন্দীশানন্দ, শ্রীপরেশানুভব ব্রহ্মচারী, শ্রীবামনানন্দ ব্রহ্মচারী, শ্রীবিমান চরণ অধিকারী, শ্রীঅনাদি পণ্ডা।

(২০) শ্রীব্রজ-গৌড়ীয় মঠ

আলবরনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীপরমেশ্বরী প্রসাদজী। সহকারী—ব্রহ্মচারী শ্রীবংশিবিহারী।

(২১) শ্রীসচ্চিদানন্দ মঠ

উড়িষ্যাবাজার, কটক।

রক্ষক—ব্রহ্মচারী শ্রীবনমালী, শ্রীরামপদ ব্রহ্মচারী, শ্রীপাদ জয়গোপাল কাব্যাধিকারী।

(২২) শ্রীসনাতন-গৌড়ীয় মঠ

৯নং জগন্নাথবল্লভপুরা, কাশী।

রক্ষক—ব্রহ্মচারী ভূগর্ভেশ্বরজী, নিতাইদাস ব্রহ্মচারী, শ্রীগণানন্দ ব্রহ্মবাসী।

(২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

শ্রীনৃসিংহবাস কুঞ্জ, শ্রীধাম বৃন্দাবন।

রক্ষক—শ্রীগণপতিনাথ ব্রহ্মচারী

(২৪) শ্রীপরমহংস মঠ

মৈথিয়াকলা, গীতাপুর

রক্ষক—ব্রহ্মচারী শ্রীনৃসিংহানন্দ ও ব্রহ্মচারী শ্রীনন্দদুলাল।

(২৫) শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ

দুবরকুণ্ডা, চিরকুণ্ডা, মানভূম।

রক্ষক—শ্রীরঘুনাথ রায়, শ্রীরামকী[illegible] সেবাধিকারী।

(২৬) ব্যাসগৌড়ীয় মঠ

রক্ষক—ব্রহ্মচারী শ্রীপুরুষজী, শ্রীননী গোপাল ব্রহ্মবাসী

(২৭) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রম-মঠ

ব্রাহ্মণপাড়া, পোঃ মাধু, কাবন্ধ

এখানে বহু কুকুষ্ঠী শ্রীগৌরাঙ্গের সেবা বর্ত্তমান। রক্ষক—স্থবাসী শ্রীপ্রাণকৃষ্ণ দাস, ভক্ত করুণাকর।

(২৮) দিল্লী গৌড়ীয় মঠ-কার্য্যালয়

৫নং গোবিন্দজন ডাক্তার লেন, নিউ দিল্লী

রক্ষক—ব্রহ্মচারী শ্রীগুরুপ্রসাদ, শ্রীসুদর্শন শ্রীরাধারমণচরণদাস

(২৯) গোয়ালপাড়া-প্রপন্নাশ্রম

রক্ষক—ব্রহ্মচারী শ্রীরাধামোহন

(৩০) মাদ্রাজগৌড়ীয় মঠ

নর্থ গোপালপুরম্, ক্যাথেড্রাল, মাদ্রাজ

রক্ষক—ত্রিদণ্ডস্বামী শ্রীমদ্ভক্তিরক্ষক শ্রীধর মহারাজ, সহকারী—ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তি জন ভক্তিসার, শ্রীপাদ জগদানন্দ ব্রহ্মবাসী, শ্রীপাদ দেবকীনন্দন ব্রহ্মচারী, শ্রীপাদ সিদ্ধস্বরূপ ব্রহ্মচারী ভক্তিপাণ্ডী ও শ্রীপাদ গৌরগুণানন্দ ব্রহ্মচারী।

(৩১) জাহাজগোপাল পাট

কাঠালপুলি, ঢাকা, নদীয়া

রক্ষক—ব্রহ্মচারী শ্রীজগদানন্দ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ



দৈনিক নদীয়া-প্রকাশ



একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম - মায়াপুর - নদীয়া

ষষ্ঠবর্ষ ২৭ শ্রীধর গৌরাব্দ ৪৪১, ৮ই ভাদ্র বঙ্গাব্দ ১৩৩৮, ২৫ আগষ্ট ইং ১৯৩১ মঙ্গলবার ১৪৮তম সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

(পূর্ব্বপ্রকাশিত ১৪৭ সংখ্যার পর)

শ্রীপাদ বনবিহারী প্রভু আরও বলেন, গুরুকৃপার সন্ধান ও কৃপালাভ, সৌভাগ্য ও কৃষ্ণকৃপা সাপেক্ষ। এই প্রসঙ্গে মহাভারত শিক্ষার প্রকৃত তাৎপর্য্য এবং শুদ্ধভক্তির কথা কিছু আলোচিত হয়।

শ্রীপাদ বনবিহারী ভক্তিশাস্ত্রী প্রভু মনোহরদাস অধিকারী মহোদয়কে সঙ্গে লইয়া গত শ্রাবণ শনিবার পাটুলী নামক এক গ্রামে তাহার মহারাজার নামের শ্রীযুক্ত রাধানাথ দে মহাশয়ের বাড়ীতে শ্রীচৈতন্য-মঠ হইতে মহাপ্রভুর সন্ন্যাসযাত্রার দিনে সকলের প্রতি কৃষ্ণভজনের উপদেশ ও প্রার্থনা পাঠ করেন। পাঠকীর্ত্তনান্তে উপস্থিত সকলকেই মহাপ্রসাদ বিতরণ করা হয়। বাবুর মহাশয়ের ভক্তিমতী মাতাঠাকুরাণীর সেবোৎসাহ ও শ্রীগৌড়ীয় মঠের প্রতি শ্রদ্ধা বিশেষ প্রশংসনীয়।

পরদিন রবিবার সন্ধ্যার লক্ষ্মণপুর গ্রামে শ্রীযুক্ত হরেন্দ্রচন্দ্র মুন্সী মহাশয়ের বাটীতে পাঠকীর্ত্তন হয়। কপিলের তাবে শ্রীপ্রভুর জননীর প্রতি জীবতত্ত্ব ও কর্ত্তব্য উপদেশ আলোচিত হয়। পাঠান্তে স্থানীয় জনৈক কবিরাজ মহোদয়ের প্রশ্নোত্তরে প্রায় ঘণ্টাকাল জীবতত্ত্ব, তাহার মায়াবদ্ধতা ও মুক্তির বিষয় আলোচিত হয়। শ্রীউদ্ধব-সম্প্রদায় সেই অঞ্চলের শুদ্ধভক্তবৃন্দ উহাতে যোগদান করিয়াছিলেন।

কটক শ্রীসচ্চিদানন্দ মঠে প্রত্যহ শ্রীহরিকথা আলাপ ও সন্ধ্যাপনিকের পর রাত্রি সাড়ে নয় ঘটিকা পর্য্যন্ত পাঠ, সংকীর্ত্তনাদি হইতেছে, অনেকেই পাঠ কীর্ত্তনে যোগদান করিয়া মুখোচ্চারের আনন্দোদয় হইবে কথা উপলব্ধি করিতেছেন।

গত ১৯ই আগষ্ট রবিবার তারিখে কটকবাসী বহু সজ্জন ও মহিলাবর্গ প্রবল-পিপাসু হইয়া শ্রীমঠে আগমন করিয়াছিলেন; শ্রেয়ঃকার্য্যে বহু বিঘ্ন উপস্থিত হইলেও ভজনোৎসাহী জনগণ তাহাতে পশ্চাৎপদ হন না। ভক্তগণের বিচার এই যে—"মেঘাচ্ছন্ন দিন দুর্দ্দিন নহে, কৃষ্ণকথা-আলাপ শূন্য দিনই দুর্দ্দিন।" সেদিন কটকবাসী ভক্তগণ ও এই আদর্শ দেখাইয়াছিলেন।

শ্রীপাদ নারায়ণদাস অধিকারী ভক্তি-শাস্ত্রী, ভক্তিসুধাকর প্রভু অপরাহ্ণে এক ঘণ্টার অধিক কাল গবেষণাপূর্ণ হরিকথা কীর্ত্তন করিয়াছিলেন। তাঁহার বক্তব্য বিষয়ের মর্ম্ম এই যে—পরমহংস বৈষ্ণবগণ দৈন্যপূর্ব্বক গৃহস্থ বা সন্ন্যাসীর বেষে অবস্থান করিলেও তাঁহারা গৃহস্থ বা সন্ন্যাসী নহেন—তাঁহারা বর্ণাশ্রমাতীত পুরুষ। আমাদের মত অযোগ্য ব্যক্তি যোগ্যতা অর্জ্জনের নিমিত্ত শ্রীগুরুদেবের ইচ্ছাক্রমে যে কোন আশ্রমে থাকিতে পারি কিন্তু তাই বলিয়া আমরাও তাঁহাদের মত আশ্রমাতীত বৈষ্ণব, এইপ্রকার অভিমান যেন না করি; কারণ, তাহা হইলেই আমরা তাঁহাদের অনুকরণ করিয়া অপরাধ সঞ্চয় করিব। অকপটদৈন্যে বৈষ্ণবকে সেবা করা যায় না, তবে আমরা প্রণিপাত ও পরিপ্রশ্নের সহিত হইয়া তাঁহাদের সেবা করিব, তাহা তাঁহাদের মহাত্মা উপলব্ধি করিতে পারিব।

সন্ধ্যারাত্রিকের পর খোলকরতাল সংযোগে কিছুক্ষণ গৌরনিত্য কীর্ত্তন এবং শ্রীশ্রীচৈতন্য ভাগবত পাঠ ও ব্যাখ্যা হইয়াছিল। শ্রীনিত্যানন্দ প্রভুর গুরুত্বাপ-লীলাভিনয়ের কথা এবং কেন নিষ্কপটে হরিগুরুবৈষ্ণব ভক্ত পিতা মাতা ত্যাগ করিলে তাহা নিষ্ফল হয়, শিশুমাতৃদ্রোহিতা বা কোন প্রকার অন্যায় আচরণ নহে ইহাই বিশেষ ভাবে আলোচিত হইয়াছিল।

গত ১৯ই আগষ্ট শনিবার (১৯৩১) তারিখে শ্রীগৌড়ীয় মঠের বার্ষিক মহোৎসব ও পারমার্থিক প্রদর্শনী সম্বন্ধে 'দৈনিক নিবাচি' পত্রিকা যাহা প্রকাশ করিয়াছেন, তাহা নিম্নে উদ্ধৃত হইল·

GAUDIYA MATH
ANNUAL EXHIBITION

On the occasion of the Annual Celebrations of the Calcutta Gaudiya Math (from the 23rd August to the 26th September, 1931) a unique exhibition is being organised on a very grand scale in the extensive Corporation lawn on Baghbazar Street near the Gaudiya Math Temple. Such an Exhibition was also held last year and it was so successful and attractive that it drew about lac of people. To avoid rush an for the facility of the public t Corporation of Calcutta has pe mitted the authorities of the Ga diya Math to hold the Exhibiti on a bigger scale this year on t piece of Corporation land know as the Baghbazar Metal Dep The Exhibition will be open on the 6th September next a will last till 23rd of September.

Corrugated iron fencing an stalls are being erected and bea tiful gates are being construct for the Exhibition. The Exh bition will be a pictorial demon tration of the abstruse principl and methods of religion and t different stages and conditions its practice in social and indi dual life. There will be a ve educative arrangement for a co parative study of religion, t stages of development of theis pitfalls and safeguards of a relig ous life and satisfactory soluti of problems of life and such oth encyclopedic informations.

The Exhibition will also co tain a Museum of various religio antiquities, articles of interest, collection of rare literature a manuscripts, pictures etc.

The exhibition will rema open to the public daily fro 7 30 a. m. to 9 p. m. No entran fee will be charged.

ধাম-প্রসঙ্গ

বঙ্গদেশের অনেক স্থানে কুলিয়া নামে এক একটী ক্ষুদ্র গ্রাম বর্ত্তমান আছে। যে কুলিয়ার বিষয় আমরা আলোচনা করিতেছি সে কুলিয়া জগতের মধ্যে একটী অতুলনীয় স্থান অধিকার করিয়াছে। কেন না, ইতিহাস সেই কুলিয়াকে বিশেষ সম্মান করিয়া উক্তি করিয়াছেন। সেই কুলিয়ার নাম শ্রীপাট কুলিয়া। সেইখানে কলিপাবনাবতার শ্রীমন্মহাপ্রভু সাত দিবস অবস্থিতি করিয়া চাপাল গোপাল নামক মহা-অপরাধদুষ্ট্রিত হীনবুদ্ধিবাসী একজন অধম পাষণ্ডকে অপরাধ হইতে মুক্ত করিয়াছিলেন। সেইখানে অনেকের বিশ্বাসের জাজ্বল্যমানিবাসী দেবানন্দ-নামক একটী ভাগবতবেত্তা পণ্ডিতের ভক্তিশাস্ত্রের ব্যাখ্যা পুরুক পবিত্র করিয়াছিলেন। সেইখানে হরিনন্দ নামক তত্ত্ববিৎ কোন পণ্ডিত বৈষ্ণবাপরাধে মহা-রোগগ্রস্ত হইয়া শ্রীমন্মহাপ্রভুর কৃপায় রোগ ও অপরাধ হইতে মুক্ত হইয়াছিলেন। এতদ্ভিন্ন চীর্ঘাবতংস কুলিয়ানগর কোথায় স্থির করিতে গেলে শ্রীমন্মহাপ্রভুর সমসাময়িক পণ্ডিতবর্গের বিরচিত গ্রন্থাবলোকন ব্যতীত অন্য উপায় কি থাকিতে পারে? কৃষ্ণনগর হইতে তিন মাইল পূর্ব্বে একটী ক্ষুদ্র গ্রামে কয়েক বৎসর হইল কুলিয়াপাটের মেলা বসিয়া একটী মেলার সৃষ্টি হইয়াছে. প্রতি বৎসর পৌষমাসে সেই মেলায় কলিকাতা ইত্যাদি নগর হইতে বহুলোক গিয়া থাকেন। এই পল্লিকে সামান্য সামান্য লোকের নিবাসটী কুলিয়ার নাম উচ্চারণ করিলে ঐ গ্রামকে কুলিয়া বলিয়া তাঁহারা বুঝিয়া থাকেন। বস্তুতঃ অপরাধভঞ্জনের পাট বা দেবানন্দের পাট বলিয়া যে কুলিয়া শ্রীচৈতন্যভাগবতে, শ্রীচৈতন্যচরিতামৃতে, শ্রীচৈতন্যমঙ্গলে, শ্রীচৈতন্যকোকসার নাটকে, শ্রীচৈতন্য-চন্দ্রোদয়কৌমুদীতে এবং প্রেমবিলাস দাস বাবাজীকৃত চক্রোদয় ভাষাগ্রন্থে উল্লিখিত আছে, সে কুলিয়া শ্রীনবদ্বীপ রোডষ্টেশন পরিদর্শন করিলে আজ বর্ত্তমান থাকিবে। শ্রীচৈতন্যভাগবতে অন্ত্যখণ্ডে ৬ষ্ঠ অধ্যায়ে দেখিতে পাই :-

কুলিয়া নগর আইলেন জ্যোতির্ময়ি।
সেইক্ষণে সকলিকে হইল মহাখনি॥
সবে এক মনে মনে নগরে কুলিয়ে।
শুনিমাত্র সকলোকে মহানন্দ হয়ে॥
যাবৎ পণ্ডিত গ্রামের যতেক লোক ছিল।
তার কেটী কেটী গুণে সকল বাড়িল॥
৭৬॥

* * * *

কুলিয়ার প্রকাশে যতেক পাপী ছিল।
উত্তম মধ্যম নীচ সবে পার হৈল॥

নীলাচলে শ্রীরথাগ্রে নৃত্য

(পূর্ব্বপ্রকাশিতের পর)

এই ঘোষের সময় লোকের ভিড় অত্যন্ত বর্দ্ধিত হওয়াতে পরিশ্রান্ত শ্রীমন্মহাপ্রভু একটী উপবনে প্রবেশ করিয়া পুষ্পবাটিকার বারান্দায় গিয়া পড়িলেন। পবনের জগৎপতির মজনকীর্ত্তনাদিজনিত শ্রম দূর করিবার মানসে শীতল, সুগন্ধযুক্ত মলয়ানিল মৃদু মৃদু ব্যজন করিতে লাগিলেন।

গৌরভক্তগণও উপবনের বৃক্ষশ্রেণীর নিম্নে উপবেশন করিয়া বিশ্রাম করিতেছিলেন। শ্রীমন্মহাপ্রভু প্রেমাবিষ্ট হইয়া পড়িয়াছেন এমত সময়ে সার্ব্বভৌমের কৃপাদেশে রাজা প্রতাপরুদ্র রাজবেশ উন্মোচন করিয়া বৈষ্ণবোচিত বেশ গ্রহণপূর্ব্বক তথায় উপস্থিত হইলেন। সমস্ত ভক্তবৃন্দের আজ্ঞা গ্রহণ করিয়া অতিভক্তিভাবে শ্রীপ্রভুর পাদপদ্মযুগল অতি নৈপুণ্যসহ হস্তে সম্বাহন করিতে লাগিলেন ও রাসলীলার স্তব পাঠ করিয়া শ্রুতি করিতে লাগিলেন। শ্রীগৌরসুন্দর রূপাবিষ্ট হইয়া প্রেমবিহ্বল অন্তরে মহারাজাকে প্রতাপরুদ্রকে কোলিঙ্গন প্রদান কৃতকৃতার্থ করিলেন। মহাপ্রভু রাজাকে বলিলেন—তুমি কে আমার পরম হিতৈষী? তুমি আমাকে মাধুরাপ্রবাহিনী কৃষ্ণলীলাকথা শ্রবণ করাইলে? রাজা বলিলেন "প্রভু, আমি আপনার দাসানুদাস। কৃপা করিয়া আপনার ভৃত্যানুভৃত্য করুন।" ভক্তবৎসল পূর্ব্বকোটী জন্মাবধি সাধকের কৃপাপূরক নিজ ঐশ্বর্য্য মধুরমূর্ত্তি অপূর্ব্ব কোন কারণে কাহারও নিকট প্রকাশ করিতে নিষেধ করিলেন। রাজা রাজবেশ

কেহই মরমে এক আসিয়া রাজন।
দুঃ কবি বলিলেন প্রভুর চরণ॥
কলিযুগে কিসের বৈষ্ণব কি কারণ।
এই মতে অনেক নিন্দিছু অনুক্ষণ॥
সংসার উদ্ধারে নিজ তোমার প্রতাপ।
বল মোর কিবা গুণ অতি ঘোর পাপ॥
বিশ্বাসে করিতে পার উচ্চ উচ্চ উদ্ধার।
জগতে প্রচার তেঁহ নামের প্রচার॥
পূর্ব্বে যাঁর যত কিছু ছিল অপরাধ।
সকলে খণ্ডিয়া প্রভু করিলা প্রসাদ॥
কৃপাসিন্ধু গৌরহরি আসে শ্রীকৃষ্ণচৈতন্য।
যেন নাহি যায় প্রভু না করিলা ধন্য॥

ঐ গ্রন্থে অন্য স্থলে নিত্যানন্দ প্রভুর নবদ্বীপে থাকার সময় এইরূপ বর্ণিত আছে,—

খাজাইড়া বড়গাছি আর কোমাইচিয়া।
অম্বুবে ওপার প্রভু যাইেন কুলিয়া॥

হইয়া পরমানন্দচিত্তে শ্রীমন্মহাপ্রভুর পদযুগলে দণ্ডবৎ করিয়া যোড়হস্তে সকল ভক্তবৃন্দের চরণবন্দনা পূর্ব্বক ভক্তগণ সহিত শ্রীমন্মহাপ্রভুর মহাপ্রসাদের জন্য প্রসাদ গ্রহণ স্থানে চলিলেন। পরে সার্ব্বভৌম, রামানন্দ ও জগানন্দের দ্বারা বলগণ্ডি ভোগের উত্তম উত্তম প্রসাদ পাঠাইয়া দিলেন।

শ্রীমন্মহাপ্রভু স্বাধেসহিত প্রসাদ ভোগ করিয়া, যে প্রসাদ বেশী হইল, তাহা সকল সংসর্গ ভক্তদিগকে দিলেন। প্রসাদ ভোজনকারী ভক্তগণ আনন্দে উচ্চকণ্ঠে 'হরিবোল হরিবোল' ধ্বনি আনন্দ জ্ঞাপন করিতে লাগিলেন। এদিকে আবার আর এক নূতন লীলা উপস্থিত; বক্রেশ্বর ও 'হরিদাস ভক্তাধমের রণ সামাইতে পারিতেছেন না। রাজা গোবিন্দসহিত তথায় উপস্থিত হইয়া মহাবলশালী বক্রেশ্বরকে এক অংশে নিযুক্ত করিলেন; কিন্তু নিষ্ফল হইল, তখন মহা মত্ত হরিদাসকে রণ টানিতে নিযুক্ত করিলেন, কিন্তু রণ একপক্ষও নড়ে না, অচল অটল হয়ে রহিয়াছে। এই সময়ে শ্রীমন্মহাপ্রভু নিজগণ সহিত সেখানে আসিয়া উপস্থিত হইলেন। তাঁহাকে দেখিয়া ভক্তগণের আনন্দের উচ্ছ্বাস উথলিয়া উঠিল। রথ কিন্তু তবুও নড়ে না, অবশেষে তাঁহারা স্বয়ং রথে উঠিয়া বসিলেন। তখন শ্রীমন্মহাপ্রভুর মনোভাব সম্বন্ধে সকলের মনে এক প্রকার ভাব উদয় হইতে আরম্ভ করিল। সকলে একত্রে মিলে শ্রীমন্মহাপ্রভুর [illegible] রথে [illegible] করিতে লাগিলেন। রথ কিন্তু তবুও নড়িতে কেবলমাত্র দুলে উঠে; তখন রথ টানিতে টানিতে ছত্র ভঙ্গ হইয়া পড়িয়াছে। এই অদ্ভুত ব্যাপারদর্শনে ভক্তগণ অত্যন্ত কণ্ঠে 'জয় জগন্নাথ' ধ্বনি করিতে লাগিলেন। রাজা নিজে নিজেই নিজের কাজ মধ্যে ঘুচিয়া যাইতে উপস্থিত হইলেন। শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রের অমানুষী লীলা দর্শনে পরমাশ্চর্য্যান্বিত লোকসকল হতবুদ্ধি হয়ে 'জয় শচীনন্দন কি জয়' 'জয় জয় জগন্নাথ জীব জয়' ধ্বনিতে শ্রীপুরুষোত্তমের পুষ্পারণ্যসকল বিকম্পিত ও দিঙ্মণ্ডল বধির করিয়া তুলিলেন। আমরাও শ্রীপাদ অরুণ কণাগুরুর কৃষ্ণচৈতন্য-নিজজন শ্রীগুরুপাদপদ্মের কৃপাবলে সমাশ্রিত হইয়া বলিতেছি—

নমো মহাবদান্যায় কৃষ্ণপ্রেমপ্রদায়তে।
কৃষ্ণায় কৃষ্ণচৈতন্যনামে গৌরত্বিষে নমঃ॥

যৎকিঞ্চিৎ

(ব্যক্তিগত)

শ্রীযুক্ত মণিনাথ বসু নামক জনৈ ভদ্রলোক কার্য্যোপলক্ষে কিছুদিন কটে বাস করিতেছেন। তিনি গত আগষ্ট তারিখে অপরাহ্ণকালে শ্রীসচ্চিদ নন্দ মঠে আসিয়া বলিলেন,—"আ কলিকাতায় থাকাকালে শ্রীগৌড়ীয় ভক্তিকথা শ্রবণ করিবার জন্য যাতায়া করিয়াছিলাম এবং কার্য্যোপলক্ষে ব পুরীতে গিয়াছিলাম, তখন শ্রীপুরুষোত্ত মঠের প্রচারকগণের শ্রীমুখে ভগবৎক শ্রবণ করিবার সৌভাগ্যও হইয়াছি সম্ভবতঃ সেই সুকৃতিফলেই আমার ই হয় যে, কোন সদ্গুরুর শ্রীচরণা করিয়া জগৎগুরুকে লাভ করি। নি আমার অসাক্ষে সে বিষয়ে কিছু করিতেছে ও নানাপ্রকার ভয় দেখাইতেছেন। নি বলিতেছেন, 'তুমি আমার গুরুর আ হইলে কখনও গোপনে অবলম্বন ক তিনি তোমাকে কৃপা করিবার জন্য পু পুনঃ আমাকে প্রকাশ করিতেছেন এ তুমি ইহাতে চলচ্ছক্তি না করিয়া নি বিশেষ ভাবিত আছেন; অতএব ম তুমি তাঁহার আশ্রয় না লইয়া অন্য ব হইতে তাঁহার কোন করিয়া তোমার সকল হইবে।' এখন আমার সময় ভিক্ষা এই যে,—আমি যদি আমার গুরুদেব অ গোপনে গোপনে অবলম্বন করি, আ কি আমার নিরয়লাভ হইবে? অ হয় বলা বড় শক্ত যে, যদি তিনি অন্তর্যা জানেন, তবে তাঁহার মনে দুঃ হইবার কথা কোথা পড়িয়া আমার কি কোন ক্ষতি হইবে?'

শ্রীমন্মহানন্দ মঠের পাচক ব্রিদণ্ডিস্বা শ্রীমদ্ভক্তি প্রকাশ পুরী মহারাজ উত্তর করিলেন যাহার মনে এই ভে এস্থলে আমি আপনাকে নিজের কু দ্বারা বিচারের কথা কিছুই বলিব না এ ঐরূপ মনোভাবের কথা কেহ বলেন, তাহাও আপনাকে বিশ্বাস করি সন্দিগ্ধ। কারণ ঐ প্রকার কথা নয়, প্রম বিপ্রলিপ্সা ও কপটাপাটবাদি দোষদুষ্ট।

শ্রীভগবান্ স্বয়ং জীবের নিত্যমঙ্গল কথা গুহ্যকে বলিয়াছিলেন। সেই নিত্য কথা স্মৃতি, শ্রুতি, পুরাণ শাস্ত্রে লিখিত আছে এবং উক্ত শ্রৌতপন্থায় আবির্ভূত হইয়া আচ হইয়াছেন। প্রতিপাদ, পরিপ্লব ও ে এই তিনটী বৃত্তি লইয়া শ্রীশ্রীগুরুপাদপ আবির্ভাব করিলে তাঁহা শ্রবণের সৌভা ঘটে। সাধুগণ শ্রীশ্রীগুরুপাদপদ্ম হই শ্রৌতপন্থাই কীর্ত্তন করেন, সুতরাং শাস্ত্র ও গুরুবাক্য অভিন্ন।

গ্রন্থ পরিচয়

শ্রীমদ্ভাগবতম্

শ্রীমদ্ভাগবত গ্রন্থের মূল, টীকা, অন্বয়-ব্যাখ্যা-কর্তা তাৎপর্য্য-নির্ণয়টীকা, টীকা-বিবরণ-প্রকাশী চক্রবর্ত্তী ঠাকুর-কৃত সারার্থদর্শিনী টীকা, বঙ্গানুবাদ, সংস্কৃত মূল ও প্রতিশব্দ, টীকা ও বিস্তৃতাধিপূর্ণ। প্রতি স্কন্ধের আরম্ভে সেই স্কন্ধের প্রতিপাদ্য কথাসার, অধ্যায়ের প্রথমে ঐ অধ্যায়ের সারমর্ম্ম ও তাৎপর্য্যাদি বিবৃত। শ্লোকগুলি বঙ্গাক্ষরে, অন্বয়বিবরণ, পাঠ ও স্থানগুলির উত্তম কাগজে উত্তম অক্ষরে মুদ্রিত। প্রথম হইতে ১ম স্কন্ধ পর্য্যন্ত ছাপা সম্পূর্ণরূপে শেষ হইয়াছে। ভিক্ষা প্রথম হইতে ১ম স্কন্ধ পর্য্যন্ত ২।৮০; দশম স্কন্ধ ১৲; সমগ্র ১০৲।

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীমদ্বৈষ্ণব গোস্বামীর কৃত 'অমৃতপ্রবাহভাষ্য' ও শ্রীমদ্ভক্তিবিনোদ সরস্বতী গোস্বামী প্রভুপাদ বিরচিত অনুভাষ্যের সহিত সমগ্র চরিতামৃত বঙ্গ শাস্ত্রপ্রথমে সন্নিবেশিত হইয়া প্রকাশিত হইয়াছে। শ্লোকের সাধুবাখ্যা, বঙ্গানুবাদ ও গ্রন্থের পূর্বে সংক্ষিপ্ত অধিকারে সন্নিবেশিত। প্রত্যেক ৪ টি গ্রন্থে কথাসার দেওয়া আছে। শ্লোক, পাঠ, পদ, পাঠ, পাঠ প্রভৃতির শুদ্ধের তালিকা ও গ্রন্থকারের বিস্তৃত জীবনী সমন্বিত হইয়া অনুপম সংস্করণ ইতঃপূর্বে প্রকাশিত হয় নাই। উত্তম কাগজে পরিষ্কার টাইপে সুন্দর অক্ষরে মুদ্রণ মুদ্রিত হইয়াছে। গ্রন্থ প্রায় ২৪০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা বর্ত্তমানে ৫৲ মাত্র।

শ্রীচৈতন্যভাগবত

গ্রন্থকারের জীবনী, প্রতি পরিচ্ছেদের কথাসার, বিস্তৃত সূচীপত্র ছাপা, শুদ্ধপত্রী, পয়ারসূচী, বৈষ্ণব-স্থান পরিচিতি সূচী, গ্রন্থোক্ত বৈষ্ণব নামাবলি বিস্তৃত নির্ঘণ্ট সংস্করণ সুন্দর ত্রাউন ৮ পেজী আকারে। আদিলীলা ও মধ্যের কিয়দংশ প্রকাশিত হইয়াছে। ক্রমে ক্রমে প্রকাশিত হইতেছে। অগ্রিম ভিক্ষা ৫৲ টাকা, আদি লীলার ভিক্ষা ৩৲।

শ্রীচৈতন্যমঙ্গল

এই গ্রন্থের এরূপ সুন্দর সংস্করণ আর কখনও প্রকাশিত হয় নাই। সংস্কৃত শ্লোকগুলির অন্বয়, বঙ্গানুবাদ, ছাপা, কাগজ, ছাপা প্রভৃতি সব বিষয়ে উত্তম প্রকাশিত হইয়াছে। মূল মোটা অক্ষরে উত্তম ত্রাউন আটপেজী বৃহদাকারে ছাপা হইয়াছে। মূল্য ২৷০ টাকা। নদীয়া প্রকাশ ও গৌড়ীয়ের গ্রাহকগণের পক্ষে ১৷০ টাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

—শ্রীগৌড়ীয় বেদাচার্য্য অপ্রাকৃত রসিকচূড়ামণি শ্রীশ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিঠাকুর গোস্বামিকৃত সারার্থবর্ষিণী টীকানুযায়ী ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত 'রসিক-রঞ্জন' নামক ভাষ্যানুযায়িনী। অধ্যায়সূচী, মাহাত্ম্যক্রম শ্লোক-সূচী, বিষয়-সূচী, গ্রন্থকারের জীবনী ও অবতরণিকাদি তথ্যবিষয়-সহ বহুল-উৎকৃষ্ট বাঁধাই তৃতীয় সংস্করণ—এই গ্রন্থ সংস্করণের ভিক্ষা ২৲ টাকা মাত্র, সাধারণ সংস্করণ—১৷০ টাকা মাত্র

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের সেই অবিদ্যা-বিধ্বংসিনী দীব্যদ্বচনসোদোধিনী রুক্ষ কাঞ্চনিনন্দাদিনী ভাবস্থ-বাণীর মুক্ত-বিপ্রক—বেদান্তসিদ্ধান্ত-রত্নমালার কৌস্তুভমণি—সম্প্রদায় বেদবিজ্ঞানাচার্য্যের মৌলিক তথ্য—পঞ্চরাত্র ও ভাগবতের সমন্বয়-তত্ত্ব—মহাজন জীবনচরিত-শিক্ষক—চিকিৎসাচিন্তামণি-রুচিকারক-বিচারক- শ্রীমদ্ভাগবতের মৌলিক গবেষণার - বহুল, অভিধেয় ও প্রয়োজন তত্ত্বের সিদ্ধান্ত-সমূহ।

১। **প্রথম খণ্ড**—বৈষ্ণবদর্শন, শ্রীগুরুতত্ত্ব, কাল-ধর্ম্ম, শ্রীমন্মহাপ্রভুর, শ্রীবাসভবনী, পাঞ্চরাত্রিকী দীক্ষা ও তার বিচার, আত্মধর্ম্ম ও মনোধর্ম্ম, শ্রীচৈতন্যদেব ও তাঁহার শিক্ষা, অপ্রাকৃত সহজধর্ম্ম ও প্রাকৃত সহজধর্ম্ম, প্রভৃতি বিশদভাবে সংক্ষিপ্ত রূপে লিপিবদ্ধ। ভিক্ষা মাত্র ৵৹

২। **দ্বিতীয় খণ্ড**—কৃষ্ণ ও বিষ্ণু ভক্তি, মনুষ্যের শ্রেষ্ঠতা কোথায়, আত্মার নিত্যবৃত্তি, শ্রীগুরু স্বামিপাদ ও মায়াবাদ, শ্রীগৌর-নিত্যানন্দতত্ত্ব, বিদ্যুতের রঙ্গ ও কৃষ্ণকীর্ত্তন, শ্রীবাসপণ্ডিতের শ্রীমহাপ্রকাশের কীর্ত্তন, শ্রীগৌর-নামের মহিমা, মহাপ্রসাদ, শ্রীগৌরাঙ্গ, শ্রীজগন্নাথদেবের পথ, শ্রীমতী ভাগীরথী, শ্রীচৈতন্যের দয়া, গৌরকথা ও রথযাত্রা-কীর্ত্তন—উপরন্তু অপূর্ব্ব মথুরিমাপূর্ণ-বক্তৃতা বিবৃতিত। ভিক্ষা ১ এক টাকা মাত্র।

৩। **তৃতীয় খণ্ড**—লোকপ্রিয়তা ও সত্যপ্রিয়তা, শ্রীবলদেব প্রভু, শ্রীকৃষ্ণাবির্ভাব, বৈষ্ণব, শ্রীগৌরাঙ্গের আবির্ভাব প্রসঙ্গ, শ্রীমন্মহাপ্রভুর সন্ন্যাস, শ্রীবাসপণ্ডিতের পুনর্বাড়ি, শ্রীনাম-সংকীর্ত্তন ও হরিসেবার নিত্যতা—এই নানা সুসাময়িক বক্তৃতাসম্বলিত। ভিক্ষা ৸৹ মাত্র।

৺ মঙ্গলগীতা

গৌড়ীয় বৈষ্ণবদার্শনিক শেখর ৺শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের বিদ্যা-পূর্ণকৃত ভাষ্য ও শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের প্রাঞ্জল বঙ্গানুবাদ বিশুদ্ধ 'বিজয়রত্ন' নামক ভাষ্যানুযায়ী অন্বয়-সূচী, বিষয়সূচী, ও প্রতি শ্লোকের প্রথম ও তৃতীয় পাদ সূচী, ভাষ্যকারের জীবনী প্রভৃতি সন্নিবেশিত। উৎকৃষ্ট বাঁধাই, সুসংস্করণ (তৃতীয় সংস্করণ) গ্রন্থের ভিক্ষা ২৲ টাকা।

শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য

(প্রমাণগত) সানুবাদ। প্রতি-স্মৃত্যাদি গ্রন্থে শ্রীনবদ্বীপের যে মহিমা কীর্ত্তিত আছে, তাহার মূল সংস্কৃত ও অনুবাদ। ভিক্ষা ৵৹ আনা।

শ্রীশ্রীনবদ্বীপভাবতরঙ্গ

শ্রীঠাকুর ভক্তিবিনোদ লিখিত। সুললিত গীতাকারে পরিক্রমার দ্রষ্টব্যাদি-বিবরক। ভিক্ষা ।৹ আনা।

ভক্তিরত্নাকর ও নবদ্বীপ পরিক্রমা

শ্রীল নরহরি চক্রবর্ত্তি-ঠাকুর-রচিত। ভক্তিরত্নাকর হইতে পরিক্রমাংশ মাত্র গৃহীত; শ্রীগৌর গোস্বামী কি প্রকারে শ্রীনবদ্বীপধামের পরিক্রমা করিয়াছিলেন, তাহাই পুঙ্খে বিবৃত। ভিক্ষা ৵৹ আনা

শ্রীচৈতন্যশিক্ষামৃত

শ্রী ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত। শ্রীচৈতন্যদেবের শিক্ষাপ্রণালী—কৃষ্ণ, কৃষ্ণশক্তি ও জীব—বদ্ধ ও মুক্ত জীব—অচিন্ত্য-ভেদাভেদ তত্ত্ব—সাধন-নির্ণয়—প্রয়োজন-তত্ত্ব, ক কাণ্ড, নামাপরাধ বিচার—বৈধী ভক্তি, ভাবভক্তি প্রেমভক্তির নামভজন-প্রণালী ও অষ্টকালীয় লীলা পরিচর্য্যাদি প্রথম শিক্ষার্থীর উপযোগী করিয়া সরল ভাষায় সমুদয় যুক্তি-প্রমাণসহ লিখিত আছে। চতুর্থ সংস্করণ মূল্য ২৲ টাকা, আধাবা ১৷০ টাকা মাত্র।

গৌড়ীয়কণ্ঠহার

শ্রীগৌড়ীয় বৈষ্ণবগণের অনুকণ্ঠে যাহাতে শ্রুতি-স্মৃতি পুরাণ-পঞ্চরাত্রাদি শাস্ত্রসমূহের প্রমাণাবলি বিসর্জিতভাবে সন্নিবেশিত হয় সেইরূপ সিদ্ধান্তের সারাময় অপূর্ব্ব প্রকাশিত হইয়াছে। ইহাতে শুদ্ধতত্ত্ব—ভাগবত—বৈষ্ণব—গৌড়—নিত্যানন্দ—অদ্বৈত—কৃষ্ণ—শক্তি—জীব—অচিন্ত্যভেদাভেদ—অপরাধ—সাধনভক্তি—বর্ণাশ্রম—আশ্রম-ধর্ম্ম—শুদ্ধনাম—প্রনাম—প্রয়োজন ও প্রমাণতত্ত্বগুলি পৃথক অধ্যায় সুন্দর শ্লোকাদি গ্রন্থের উৎকৃষ্ট এন্টিক কাগজে রো বু কাস্টে মুদ্রিত। উৎকৃষ্ট বাঁধা সোনার জলে নাম লেখা প্রায় ৪০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ভিক্ষা ২৲ টাকা মাত্র।

শ্রীনবদ্বীপধাম-প্রদক্ষিণ

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত 'নামহট্টাখ্য—নাম মাহাত্ম্যের সানুবাদ প্রমাণ গ্রন্থ—শ্রীল নরহরি চক্রবর্ত্তি ঠাকুরের নাম পরিক্রমাক্রমে—শ্রীধাম নবদ্বীপ পরিক্রমা—শ্রী হাজরা পদ্ধতি—শ্রীমৎ প্রবোধানন্দকৃত নবদ্বীপশতকম্—শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ প্রভৃতি গ্রন্থ একত্র ভিক্ষা ।৹ আনা মাত্র।

শ্রীহরিনামামৃত ব্যাকরণ

শ্রীগৌড় গোস্বামী প্রভুপাদ-বিরচিত সূত্র ও বৃত্তি সহকারে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিসুন্দর গোস্বামী মহারাজের বিস্তৃত ভূমিকা ও দুইটী প্রস্তাবনা সহ অপ্রকাশিতপূর্ব্ব গ্রন্থ। ভিক্ষা ২৲ টাকা, ডাকমাশুলে পক্ষে ২৷০ টাকা মাত্র।

বেদান্তসূত্রসার

শ্রীমদ্রামানুজাচার্য্য রচিত। বেদান্তের বিশিষ্টাদ্বৈতবাদ প্রচারক শ্রীভাষ্য প্রণেতা আচার্য্যপ্রবর বেদান্তদর্শন পাঠে উপযোগী করণার্থ এই উত্তম কার্য্য করিয়াছেন। ইহাতে বঙ্গানুবাদ ও সূচীপত্রাদি সংযোজিত করা হইয়াছে। নাম মাত্র ভিক্ষা ।৹ আনা।

শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও নবদ্বীপশতক

গৌরপার্ষদ বিরহী শ্রীমৎ প্রবোধানন্দ সরস্বতী-প্রণীত মূল, প্রভুপাদ শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ সম্পাদিত কথঞ্চিৎ ব্যাখ্যা ও বঙ্গানুবাদ সম্বলিত। নবদ্বীপতত্ত্বের শ্রীভক্তিবিনোদ ঠাকুরের গদ্যানুবাদ সহ শ্রীমদ্ভাগবতের একটী নিবন্ধপরিচিত অলৌকিক চি প্রদত্ত হইয়াছে। মুদ্রণ ও কাগজ উৎকৃষ্ট (২ খা একত্রে। ভিক্ষা ৸৹ আনা, অতি সুরম্য বাঁধাই রাজসংস্ক ১৲ টাকা মাত্র।

জ্ঞানপ্রদীপ

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-প্রণীত একমাত্র গ্রন্থ-রত্নের দান লাভ করিলে পারমার্থিক রাজ্যে কিছুতেই অজ্ঞান বা সংশয় থাকিবে না। পরম গুরুস্থানীয়ক এই কণ্ঠহার ও জগদ্বাসী গ্রন্থ এ পর্য্যন্ত প্রকাশিত হয় নাই। নিখিলগোস্বামি-পাদ-মণ্ডলেশ্বি-মণ্ডলভূমে গ্রন্থটি উচিত হইয়াছেন। আপার সুবিস্তৃত সূচী, কথামার ইত্যাদি দ্বারা বিশেষ সমৃদ্ধ করা হইয়াছে। বিরাট গ্রন্থ, সোনার জলে নাম লেখা, উৎকৃষ্ট বাঁধাই—চতুর্থ সংস্করণ মূল্য ২৲ টাকা মাত্র।

প্রেমবিবর্ত্ত

শ্রীমন্মহাপ্রভুর অনুরক্ত পার্ষদ শ্রীল জগদানন্দ প্রভু বিরচিত। এই পুস্তকে অতি সুবোধ্য ভাষায় মহাপ্রভুর কতিপয় লীলারহ বৈষ্ণবাচার, প্রকাশন ও নামভজন-প্রণালী প্রভৃতি অনেক বৈষ্ণবতত্ত্বের সুমীমাংসা দেখিতে পাইবেন। পাণ্ডিত্যপূর্ণ ভূমিকা গ্রন্থের বিষয়বস্তু ও গ্রন্থকর্ত্তার পরিচয়াদি-সম্বলিত চতুর্থ সংস্করণ মূল্য ১৷৷০ দশ আনা মাত্র।

ভজনরহস্য

ভজনকারীর নিত্যসঙ্গী ; ঠাকুর ভক্তিবিনোদের অমূল্য দান ; নিখিল শাস্ত্রের নির্য্যাস। গ্রন্থখানি না দেখা পর্য্যন্ত কেহ বুঝিতে পারিবেন না। চতুর্থ সংস্করণ মূল্য ৷৷০।

হরিনামচিন্তামণি

নামাচার্য্য শ্রীল হরিদাস ঠাকুরের মুখে শ্রীমন্মহাপ্রভু শ্রীনাম-মাহাত্ম্য, নামাভাস, নামাপরাধ প্রভৃতি বিষয়ের যাবতীয় বিচার শ্রবণ করিয়াছিলেন। এই বিষয়গুলির অতি সরল পয়ারে সংক্ষিপ্ত আলোচনা পরিপাটিভাবে মুদ্রিত। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর রচিত। পঞ্চম সংস্করণ মূল্য ৷৷০

কল্যাণকল্পতরু

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর রচিত। প্রত্যেক ভগবদ্-বিশ্বাসী ও জ্ঞানপথের পথিকের একান্ত প্রয়োজনীয় উপদেশাবলীপূর্ণ পুস্তিকাগ্রন্থ। সামান্য লেখাপড়া জানা লোকেও এই ভজনরাজ্যের পুস্তিকাসমূহের দ্বারা অনর্থনিবৃত্তি ও ভগবদ্সেবা লাভ করিবার সুবিধা পাইবেন। ষষ্ঠ সংস্করণ, মূল্য ৷৷০ আনা মাত্র।

শরণাগতি

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-রচিত। ভগবানে আত্মসমর্পণ, বিজ্ঞপ্তি, ভজনলালসা, দৈন্যবিনতি প্রভৃতি শরণাগতি ও বৈষ্ণব-লালসা-বিষয়ক পুস্তিকাপূর্ণ, মূল্য ৷৷০ আনা মাত্র।

গীতাবলী

শ্রীঠাকুর ভক্তিবিনোদ-প্রণীত। নিত্য ভজন, আরাত্রিক ও প্রভাত-গেয়াদি-বিষয়ক মধুর গীতাবলী একত্রে গ্রথিত। মূল্য ৷৷০ আনা মাত্র।

শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ও শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর প্রতি শ্রীরূপ গোস্বামীর উপদেশবাণী, ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিষয়ে সুবিচারিত সমালোচন ভাষ্য, বিস্তৃত বিবৃতি, চরিতামৃতের প্রমাণ, সাধন ব্যাখ্যা ও মহাজন-প্রণীত ভজনগীতি শ্রীমদ্ প্রত্যেক শ্লোকের সহিত সন্নিবেশিত হইয়াছে। ৩য় সংস্করণ মূল্য ৷৷০ আনা।

সাধন-কল্প

শ্রীরঘুনাথ দাস গোস্বামীর মনঃশিক্ষা, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-চরিত পদ্যানুবাদসহ। মূল্য ৷৷০ আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা

শ্রীল ঠাকুর নরোত্তমের সুপ্রসিদ্ধ 'প্রেমভক্তিবিষয়ক গানের পুস্তক। মূল্য ৷৷০ আনা মাত্র।

নবদ্বীপশতক

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপাদের সংস্কৃত নবদ্বীপশতকের সুললিত পদ্যানুবাদ। মূল্য ৷৷০ আনা মাত্র।

অর্থপঞ্চক

শ্রীল লোকনাথ রচিত। বৈষ্ণবতা-জ্ঞানের আকর পুস্তক। মূল্য ৷৷০ আনা মাত্র।

সদাচারস্মৃতি

শ্রীল মন্ত্রাচার্য-প্রণীত। বৈষ্ণবের নিত্যকর্ত্তব্য সদাচারাবলী, বঙ্গানুবাদে সহিত। মূল্য ৷৷০ আনা মাত্র।

মণিমঞ্জরী

কবিকুলকেশরী শ্রীমন্নারায়ণাচার্য্য-রচিত। শ্রীমদ্ভাগবতের সংক্ষিপ্ত ঐতিহাসিক ও মূল বৈষ্ণবধর্ম্মমত। সানুবাদ মূল্য ৷৷০ আনা মাত্র।

গৌরকৃষ্ণোদয়

প্রাচীন কবি শ্রীগোবিন্দ দেব প্রণীত শ্রীগৌরাবতারের প্রমাণাবলী-সংবলিত সংস্কৃত গ্রন্থ। মূল্য ৷৷০ আনা।

যুক্তিমল্লিকা (ঋগ্বেদীয়)

শ্রীমদ্ভাগবতাচার্য্য শ্রীমদ্বাদিরাজ স্বামিকৃত। বঙ্গাক্ষরে সানুবাদ এই গ্রন্থের প্রকাশ পারমার্থিক সাহিত্য-জগতে এই সর্ব্বপ্রথম। শ্রীমদ্ভাগবতাচার্য্য হইতে ষোড়শাধস্তন বিচার মধ্বাচার্য্য নামে খ্যাত শ্রীবাদিরাজতীর্থ স্বামী এই গ্রন্থে সাধারণ যুক্তি ও লৌকিক ন্যায়ানুসারে কিরূপ সুন্দরভাবে ভক্তিবিরোধি-মতবাদ সমূহ খণ্ডন করিয়াছেন, তাহা পাঠ করিতে করিতে আশ্চর্য্যান্বিত হইতে হয়। ইহাতে যুক্তির দ্বারা চার্ব্বাক, জৈন, বৌদ্ধ, মীমাংসক ও মায়াবাদিমত-সমূহের সুন্দর খণ্ডন রহিয়াছে। মূল্য ২৲ টাকা মাত্র।

গোস্বামী শ্রীল রঘুনাথ দাস

(ঐ বিরূপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-লিখিত ভূমিকা সহ) গৌড়প্রেম স্বরূপ-রূপের একমাত্র প্রিয়তম শ্রীল দাস গোস্বামী প্রভুর অপূর্ব্ব চরিতামৃত ও শিক্ষা অতীব প্রাঞ্জল ও সরল ভাষায় সন্নিবিষ্ট এবং পার্শ্বদেহে দাসগোস্বামী প্রভুর বিরচিত কতকটী বাঙ্গালা মধুরতম স্তব ও মনঃশিক্ষা-সম্বলিত। মূল্য বাঁধাই ৷৷০ আনা, আবাধাই ৷৷০ আনা মাত্র।

চিত্রে নবদ্বীপ

প্রাচীন নবদ্বীপের অবস্থিতি, তথা, ঐতিহ্য, শ্রেষ্ঠ ও ঐতিহাসিক প্রমাণসম্বলিত নয়টী দ্বীপের সচিত্র বিবরণ গ্রন্থ। রাজসি রাজবাটীর কুমার শ্রীযুক্ত শরদিন্দু নারায়ণ রায় এম, এ, প্রাজ্ঞ (লাহোর), দেবাত্মকৃপণ মহোদয় কর্ত্তৃক সঙ্কলিত এবং ৪৭ খানি বিভিন্ন বর্ণের অপূর্ব্ব চিত্র ও মানচিত্র-সমন্বিত ; প্রাচ্যবিদ্যামহার্ণব রায় সাহেব শ্রীযুক্ত নগেন্দ্র নাথ বসু বিদ্যাবিনোদসম্পাদক মহাশয়ের বিস্তৃত ভূমিকা সহ। উৎকৃষ্ট (ইং) মরক্কো বাঁধাই মূল্য ১৷৷০, ভিঃ পিঃ ডাকে ২৲ টাকা মাত্র।

সাধক-কণ্ঠমালা

গুরুবন্দনা, বৈষ্ণব-বন্দনা, বৈষ্ণবস্মরণ, হরিদাসের শ্রীনামনিষ্ঠা, শ্রীমন্মহাপ্রভুর অপ্রাকৃতত্ব ও নাম, অষ্টপ্রহর নামকীর্ত্তন, শ্রীনামমাহাত্ম্য, প্রেমসাধন, স্বাভীষ্টসঙ্গীত, নবদ্বীপ-মহিমা, শ্রীমায়াপুর মহিমা, শ্রীনরোত্তম-প্রভুর অষ্টক, গুরুগোস্বামীর অষ্টক, প্রেমভক্তিচন্দ্রিকার উপদেশমালা, নামভজন-প্রণালী, মহাপ্রভুর আরতি, নামাভাস, মনঃশিক্ষা, শ্রীগুরু-প্রণতি, শ্রীগুরু-পঞ্চতত্ত্ব মহাপ্রভুর বন্দনা প্রভৃতি সাধক ও সিদ্ধজীবনের নিত্যপাঠ্য বৈষ্ণবগণের কণ্ঠাশ্রিত পুষ্পমালার ন্যায় অনুক্ষণ কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ। মূল্য ৷৷০, বাঁধাই ৷৷০ মাত্র।

গৌড়ীয়-গৌরব

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয়-সম্পাদক শ্রীপাদ সুন্দরানন্দ পরবিদ্যাবিনোদ-প্রদত্ত বক্তৃতার বিবরণ গ্রন্থকারে প্রকাশিত। ইহাতে গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ের ইতিহাস সুন্দরাকারে গ্রথিত হইয়াছে। মূল্য ৷৷০ মাত্র।

গৌড়ীয় সাহিত্য

কলিকাতার সুপ্রসিদ্ধ আলবার্ট হলে গৌড়ীয় সম্পাদক শ্রীপাদ সুন্দরানন্দ পরবিদ্যাবিনোদপ্রভু প্রদত্ত বক্তৃতার বিবরণ গ্রন্থাকারে প্রকাশিত। ইহাতে সাহিত্য-সংসদের অর্থ ও গৌড়ীয়-সাহিত্যের বিষয় সুন্দরাকারে বর্ণিত হইয়াছে। মূল্য ৷৷০ আনা মাত্র।

শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা-দর্পণ

শ্রীগৌড়দেশের যে সকল স্থানে সপরিকর শ্রীমন্মহাপ্রভু এবং তদনুগ পরবর্ত্তী মহাজনগণ লীলা করিয়া গিয়াছেন সেই সব আধুনিক ভৌগোলিক পরিচয় ও সেবাপ্রকাশ পরিচয় সহ নাতাহাতের সুবিধা নির্দ্দেশ ইত্যাদি বিষয়গুলি সন্নিবেশিত আছে। মূল্য ৷৷০ আনা।

THE HARMONIST
OR SHREE SAJJANATOSHANI

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রতিষ্ঠিত এবং শ্রীল ভক্তি সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ সম্পাদিত পারমার্থিক মাসিক পত্র। একণে ইংরাজী ভাষায় অষ্টাবিংশ বর্ষ চলিতেছে। ডবলক্রাউন ৮ পেজী ৪ ফর্ম্মা আকারে প্রতি বারে ৪ নামের বিষয়-বৈচিত্র্যপূর্ণ লেখা উপহার হইতেছে। কাগজ, মুদ্রণ-পারিপাট্য ও চিত্রাদি অতীব চিত্তাকর্ষক। এই প্রকার উৎকৃষ্ট প্রবন্ধ আর কোন মাসিক পত্রিকায় দেখিতে পাইবেন না। বার্ষিক ভিক্ষা ডাকমাশুলসহ ৩ টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর নদীয়া

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনস্টিটিউট" নামে

উচ্চ ইংরেজী বিদ্যালয়

খোলা হইয়াছে।

অভিজ্ঞ ও আদর্শচরিত্র শিক্ষকগণ ছাত্রদিগকে অতি যত্নের সহিত শিক্ষা প্রদান করিতেছেন। বিদেশী ছাত্রগণের জন্য নিম্ন ব্যয়ে সুন্দর বাসস্থানের সুব্যবস্থা হইয়াছে। স্থান অতীব স্বাস্থ্যকর।

সবিস্তার সংবাদের জন্য নিম্নলিখিত ঠিকানায় পত্র লিখুন।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌স্টিটিউট্

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

—৫১ বৎসরের প্রতিষ্ঠিত—

ঔষধালয়ে প্রস্তুত বটীকা

যাবা শুক্রতারল্য, স্বপ্নদোষ, কোষ্ঠকাঠিন্য, অজীর্ণ, অম্লশূল প্রভৃতি এক রোগীর রোগ নিরাময় হইয়াছে তাহা প্রকাশ করিলে বড় বড় পুস্তক হইয়া পড়ে।

ইচ্ছা

সকল রকমের ব্যারাম চলে ও সমান ফল প্রদান করিয়া থাকে। প্রতি কৌটায় ৩২টী বটীকা থাকে।

কেবলমাত্র

প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা। ইহার নাম 'আতঙ্কনিগ্রহ বটীকা'।

অন্যান্য ঔষধের তালিকার জন্য পত্র লিখিলেই পাইবেন

প্রাপ্তিস্থান :—আতঙ্কনিগ্রহ ঔষধালয়

২১৪ নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible]

[illegible]

মফঃস্বলের সুবিধার জন্য ৩ আঃ শিশিতে ঘনীভূত অবস্থায় ছোটবোতলের ঔষধ ভাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ৪০ আনা, পাঁইট ৯৷০ আনা, বোতল ১৷০ আনা।

অফিস—১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

শ্রীভাগবত প্রেস

গোয়াড়ী ষ্ট্রীট

কৃষ্ণনগর

এখানের বিবাহের নিমন্ত্রণ-পত্র, প্রীতি-উপহার, কার্ড, গ্রন্থ এবং অন্যান্য যাবতীয় কার্য্য ছাপা হইয়া থাকে। ছাপার দর বাজার দর অপেক্ষা সুলভ। পরীক্ষা প্রার্থনীয়।

হাইড্রোসিল

বা

কোষবৃদ্ধি রোগ

ডাঃ এস, এন, ঘোষ বিনা অস্ত্রে, যাবজ্জীবনের গ্যারাণ্টি দিয়া বৈজ্ঞানিক প্রণালীতে কোষবৃদ্ধি রোগ আরোগ্য করিয়া থাকেন।

ঠিকানা—

৯৮ নং কটন ষ্ট্রীট, বহুবাজার,

কলিকাতা।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈবপ্রাপ্ত যক্ষ্মার একমাত্র মহৌষধ

পনর দিনে সম্পূর্ণ আরোগ্য

রোগী দেখাইতে হইবে। অগ্রিম পত্রের খরচ (মাশুল এবং আসার) পাঠাইলে গিয়া রোগী দেখা হয় অথবা এখানে আসিলে রোগী দেখিয়া ঔষধ দেওয়া হয় আরোগ্য না হওয়া পর্য্যন্ত পারিশ্রমিক দিতে হইবে না। গরীব রোগীদের খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়। বিস্তারিত বিবরণের জন্য এক আনার ডাক টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীক্ষিতীশচন্দ্র উকীল, যক্ষ্মা-চিকিৎসক, পোঃ নৈকারী, ধলেশ্বর।

অন্যান্য নিম্ন ঠিকানায় সাক্ষাৎ করিয়া বিস্তারিত জানিতে পারেন।

শ্রীযুক্ত রাধাগোপাল দত্ত এম, এ, কৃষ্ণনগর, নদীয়া। শ্রীযুক্ত হরিপদ সিংহ, ১১৭, বেলিয়াটোলা ষ্ট্রীট, কলিকাতা।

একখানি পত্র! আমার ভ্রাতুষ্পুত্র গত ছয় মাস যাবৎ রাজ যক্ষ্মায় ভুগিয়া মুমূর্ষুপ্রায় হইয়াছিল, কলিকাতার বিজ্ঞ চিকিৎসকগণ তাহার জীবনের আশা ত্যাগ করিয়া শেষ মুহূর্ত্তের জন্য অপেক্ষা করিতেছিলেন এই সময় শ্রীযুক্ত কিতীশচন্দ্র উকিল মহাশয় মাত্র ১০ দিন চিকিৎসা করিয়া সম্পূর্ণ আরোগ্য করিয়া দিয়াছেন। (সাঃ) শ্রীযতীন্দ্র কিশোর রায় চৌধুরী (জমিদার নাটোর) ৬নং ষ্ট্রীট, নিউ দিল্লি। কলেজোপেথিক ফার্মেসী এণ্ড ট্রিটমেণ্ট, কলিকাতা।

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৌরাব্দ ৪৪৫

মাত্র ৵১০ ডাকটিকেট পাঠাইলেই বুকপোষ্টে পাঠান হয়।

ম্যানেজার—গ্রন্থ বিভাগ

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেন গ্রাহকগণ

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কসের

এত প্রশংসা করেন

—কারণ—

এখানে যাবতীয় ছাপার কার্য্য—

গ্রন্থাদির কার্য্যই বলুন,

বিবাহের নিমন্ত্রণ পত্র, কার্ড, বিবাহের পদ্যই বলুন,

আর ৩ রং ও ৪ রংএর হাফটোন ব্লকই বলুন, সকল কার্য্যই অ সুন্দর ছাপা হয়, অথচ ছাপাইবার খরচ বাজার অপেক্ষা সুলভ।

আপনার কিছু ছাপার কার্য্য থাকিলে নিম্নঠিকানায় জানাইলেই পাইবেন।

ম্যানেজার- গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

২৪৩.২ নং আপার সার্কুলার রোড, কলিকাতা

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে—কৃষ্ণকান্তি অধিকারী অক্ষিকুসুম এস্, এন্, এল্, পঞ্চতীর্থ মুদ্রিত ও প্রকাশিত

কিশোরগঞ্জে সন্তরণ প্রতিযোগিতা

তরুণ ছাত্রদিগের অপূর্ব্ব কৃতিত্ব

গত ১৯শে আগষ্ট অপরাহ্ণ ৪ ঘটিকার সময় কিশোরগঞ্জে, নদীতে একটি সন্তরণ-প্রতিযোগিতা হইয়া গিয়াছে। এক মাইল প্রতিযোগিতা সকলের পক্ষে উন্মুক্ত ছিল। ইহাতে ২৩ জন অবতীর্ণ হইয়াছিলেন, তন্মধ্যে কলিকাতার কেন্দ্রীয় সন্তরণ সমিতির সদস্য শ্রীযুত মতিলাল রায় প্রথম হন ও কুটিয়িনীর শোন সামেদ নামক এক তরুণ যুবক দ্বিতীয় স্থান অধিকার করেন। অন্য মাইল সন্তরণ-প্রতিযোগিতায় মাত্র ছাত্রদিগকে অবতীর্ণ হইতে অনুমতি দেওয়া হয়। উহাতে ৩৩ জন প্রতিদ্বন্দ্বীর মধ্যে তাদকাদা মধ্য ইংরাজী বিদ্যালয়ের ছাত্র শ্রীমান নিখিল মজুমদার ও কিশোরগঞ্জ মধ্য ইংরাজী বিদ্যালয়ের ছাত্র সেখ বারিমদ্দি যথাক্রমে প্রথম ও দ্বিতীয় স্থান অধিকার করে। দর্শনার্থে অনেক লোকের সমাগম হইয়াছিল।

জল্লাদের হস্তে চীনা

ওয়েলিংটন (নিউজিলাণ্ড) হইতে প্রকাশ যে, ছয় জন চীনা একজন ফরাসী প্রাণ্টারকে হত্যা করিবার অপরাধে ফরাসী আদালতে অভিযুক্ত হইয়াছিল। বিচারে উহাদিগকে সর্ব্বসম্মতে হত্যা করিবার হুকুম হইয়াছে। এই সংবাদ শ্রবণে ফরাসী রিজেন্সিবাসীর প্রবাসী ইংরাজ বড়ই উল্লা প্রকাশ করিয়াছেন।

সরকারী রিপোর্টে প্রকাশ যে জন চীনা হত্যাপরাধে অভিযুক্ত হইয়াছিল; তন্মধ্যে চারিজনের যাবজ্জীবন এবং চারিজনের সাত হইতে বারো বৎসর পর্য্যন্ত কারাবাসের আদেশ হয়। বাকী ছয় জনকে ফরাসী হাসপাতালের সম্মুখে একজন কাপ্তানী হুকুম কর্ত্তৃক কাটিয়া ফেলা হইয়াছে। এই ঘটনাস্থলে কতকগুলি স্ত্রীলোক ও কতকগুলি বালক উপস্থিত ছিল। তাহারা একবাক্যে বলিয়াছে "এমন ভয়ানক হত্যাকাণ্ড আমরা কখনও দেখি নাই।"

শুনা যাইতেছে তত্রত্য অস্থায়ী বৃটিশ রেসিডেণ্ট বৃটিশ গভর্ণমেণ্টে ফাঁসীর ফরেন আফিসে প্রতিবাদ প্রেরণ করিয়াছেন।

ডাকলুঠের চেষ্টায় গ্রেপ্তার

নারায়ণপুরে যে ডাকলুঠের চেষ্টা হইয়াছিল তৎসম্পর্কে বালকাঠি থানার অন্তর্গত বারেরকাঠি নিবাসী যতীন্দ্রনাথ দাসকে গ্রেপ্তার করিয়া গত ১৯শে আগষ্ট বরিশালে আনা হইয়াছে এবং ২০শে আগষ্ট তাঁহাকে আদালতে হাজির করা হইয়াছিল। তাঁহার প্রতি হাজতবাসের আদেশ হইয়াছে।

নিহত দারোগার স্ত্রী ও কন্যাকে সাহায্যের ব্যবস্থা

পাটনা হইতে প্রকাশ যে, বিহার ও উড়িষ্যা প্রদেশের গভর্ণমেণ্ট স্থির করিয়াছেন ১৯শে জুন তারিখে বোমা বিস্ফোরণের ফলে নিহত পুলিসের দারোগা শ্রীযুত রামনারায়ণ সিংহের পত্নী মুসম্মত জানকী দেবী ওরফে মাদিনী দেবীকে তাঁহার মৃত্যু বা পুনর্ব্বার বিবাহ পর্য্যন্ত মাসিক ৪০৲ টাকা করিয়া সাহায্য করা হইবে। নিহত দারোগার কন্যা মায়াদেবীকেও বিবাহ বা বিবাহের পূর্ব্বে মৃত্যু পর্য্যন্ত মাসিক ১০৲ টাকা সাহায্য করা স্থির হইয়াছে। মায়াদেবী বিবাহযোগ্যা হইলে এক হাজার টাকা দিয়া সাহায্য করিবার কথাও গভর্ণমেণ্ট বিবেচনা করিবেন।

খাদ্যদ্রব্যে ধুতুরা বিষ

রামনন্দন ভেওয়ারী নামক নৈপালী পশ্চিম বেঙ্গে লোক ফেরার থাকায় কোনও বস্তুর কথিত বাবেলাকে মা সরাসরি করিয়া খাওয়াইয়া তাহার ছড়িয়া কারাগীন ও তাহার স্বামী রামকিষণ অজ্ঞান হইয়া সংবাদ পাইয়া পুলিস আসিয়া ধরিয়া রামকিষণকে হাসপাতালে প্রেরণ করে ডাক্তার তাহাদের অঙ্গ তাহাদের পেটের ম। হইতে ধুতুরা মিশ্রিত এট্রোপিন বিষ আবিষ্কার করেন। রামনন্দন ভেওয়ারীকে গ্রেপ্তার করিয়া তাহার বিরুদ্ধে মামলা রুজুর করা হইয়াছে।

গত ১৯শে আগষ্ট কোয়াবাগীন আদালতে অতিরিক্ত প্রধান প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট খান বাহাদুর এম, এম, করিমের এজলাসে মামলার শুনানী আরম্ভ হইয়াছিল। বিচারক আসামীকে তিন শত টাকার বণ্ডে মুক্তি দিয়াছেন। মামলা স্থগিত আছে।

কাঁথি বিচ্ছেদ বিরোধী কমিটীর অধিবেশন

গত ১৯শে আগষ্ট কাঁথি বিচ্ছেদ বিরোধী কমিটীর এক অধিবেশনে শ্রীযুত জীবনকৃষ্ণ মাইতি সভাপতির আসন পরিগ্রহ করেন। সম্পাদককে অর্থ সংগ্রহ ও ভারতের রাজপ্রতিনিধি, বাঙ্গালার লাট ও উড়িষ্যা সীমানির্দ্ধারণ কমিটীর সভাপতির নিকট আবেদন পত্র প্রেরণ করিবার ক্ষমতা প্রদান করা হইয়াছে।

পিকেটিংয়ে ৬ জন স্বেচ্ছাসেবক ধৃত
